উপনিষদ রহস্য

বা

গীতার যৌগিক ব্যাখ্যা

১ম ও ২য় অধ্যায়

31:06 1901 30-84 - CHANTAL-

উপনিষদ রহস্য

বা

গীতার যৌগিক ব্যাখ্যা

১ম ও ২য় অধ্যায়

31:46 1901 Sers- ensural-

কঃ
শ্রীকুমুদরঞ্জন চট্টোপাধ্যায়

শ্রীগুরুমন্দির—

শ্রীপ্রনিষদ্রহস্থা কার্য্যালয়

কোড়ার বাগান, হাওড়া।

নিবেদন।

গীতার যৌগিক ব্যাখ্যা প্রকাশিত চইতেছে দেখিয়া কেই যেন মনে না করেন যে, ইহা উপনিষদ্ রহস্য কার্যালয়ের অহতম নৃতন প্রস্থা। বস্তুতঃ ১০১৬ সালে এই প্রক্থানি ধারাবাহিক রূপে পঞ্চম অধ্যায় পণ্যশু বাহির হইয়াছিল। তৎপরে নানাবিধ ঘটনাচক্রে পুস্তকথানির মুদ্রন-কান্য এ্যাবৎ স্থগিত ছিল, অধুনা সহদয় গ্রাহক ও সুধীভক্তবৃদ্দেব বিশেষ অমুরে ধে গীতা পূর্ববিৎ প্রকাশিত হইতেছে।

ই ত্রি-

ত্রীকুমুদরঞ্জন চট্টোপাধ্যায়

শ্রীগুরুমন্দির—হাওড়া, মাতৃ পূজা ভিথি—: ৽ই পৌষ, ১৩৩৯।

उदमर्ग।

গীতা আমার।

আমি গীতাকে নমস্কার করি।

আমার স্বীতাকে আমারই করে সমর্পণ করিলাম।

যে আমাকে চিনিয়াছে, ভাষারই জক্ত গীতা, অক্টের জক্ত নছে।

আমি।

ভূমিকা।

গীতা লইয়া ধর্মজগতে হুলস্থুল পড়িয়া গিয়াছে। কেহ বলেন, গীতা ইতিহাসের আদর্শ ধর্মভাবযুক্ত একটা অপূর্ব্ব ঘটনা। কেহ বলেন, গীতা ঐতিহাসিক ঘটনা নহে, ইহা সম্পূর্ণ আধ্যাত্মিক বিজ্ঞান—রূপক ছলে লিখিত। কেহ বলেন, গীতা কবির আদর্শ কল্পন। কেহ বলেন, গীতা একথানি যোগশান্ত্র। নানা চক্ষে গীতা জগতের সমক্ষে নানারপে রঞ্জিত।

ধিনি আমায় গীতা শুনাইয়াছেন, তিনি আমায় এ বাগ্বিতভা হইতে রক্ষা করুন।

গীতা কি—আমি জানি না। ভাষায় গীতার সম্পূর্ণ বর্ণনা করিতে আমি অক্ষম। যতটুকু শক্তি পাইয়াছি, ছুই চারি জন সাধকের আগ্রহে তাহাই প্রকাশ করিলাম।

গীতা ঐতিহাসিক আদর্শ ধর্মভাবযুক্ত ঘটনা—ইহাও সত্য। গীতা আধ্যাত্মিক যোগবিজ্ঞান—ইহাও সত্য। কুক্দেত্র-রণাঙ্গনে যাহা ঘটিয়াছিল, তাহা বিরাট্ পুক্ষের একটা বিরাট্ লালা। যোগচক্ষুমান্ ব্যক্তি যেমন আপনার শরীরের মধ্যে সমগ্র ব্রহ্মাণ্ডের প্রতিবিশ্ব দেখিতে পান, মনুষ্যদেহকে যেমন বিরাট্ ব্রহ্মাণ্ডের একটা কুজ আদর্শ বলিয়া চিনিতে পারেন; বস্তুতঃ বিরাটে ও দেহ-ব্রহ্মাণ্ডে যেমন পরিমাণগত তারতম্য ছাড়া অন্য কোন প্রভেদ নাই, তেমনই গীতাসম্বলিত কুক্দেত্র-রণাঙ্গনের ঘটনা, এবং বিরাট্ ব্রহ্মাণ্ডের মুক্তির দিকে বিরাট্ গতি ও জীবমাত্মের ব্যক্তিগত মুক্তিপথে সঞ্চারণ,—এ তিনেও কোন প্রভেদ নাই।

বিরাই পুরুষ ঐাকৃষ্ণরূপে ধরণীতে অবতীর্ণ হইয়া কুরুক্ষেত্র-রণাঙ্গনে এমন একটা অপূর্বব লীলা দেখাইয়া গিয়াছেন, যাহা প্রত্যেক পরমাণুতে ব্যক্তিভাবে এবং সমগ্র ব্রহ্মাণ্ডে সমষ্টিভাবে অভিনাত হইতেছে। জীব ধীরে ধীরে যে প্রকারে মুক্তির দিকে অগ্রসর হয়, সমগ্র ব্রহ্মাণ্ড যে প্রকারে মুক্তির দিকে অগ্রসর হয়, সমগ্র ব্রহ্মাণ্ড যে প্রকারে মুক্তির দিকে অগ্রসর হইতেছে, সাধকপ্রবর অর্জুনকে কুরুক্ষেত্ররূপ আদর্শ-রণাঙ্গনে আদর্শ পুরুষ তাহারই একখানি আদর্শ-ছবি দেখাইয়া গিয়াছেন।

আহ্বান।

(5)

এস —এস রে করুণাপ্রার্থী আর্ত্ত, দীন, তঃস্বপ্নগীড়িত, পথশ্রান্ত,—এস চিরসাথী এস স্থা, এস প্রিয়, এস প্রবঞ্চিত। (২)

এস লুক্ত চির-সহচর এস ভীত, ধ্লি-বিলুক্তিত এস ক্কা স্থেতেন দোসর এস মন্মের ধন চিব অপেকিতে।

গাণাজিত অলিতচন্ত্র মায়াচ্ছন্ন **অংশট্কু মোর**

এস আছি অপেকায় তব — কত কাল, কত কাল, যুগ যুগাভূব : (8)

এস ফিরি আনন্দ-মন্দিরে বাঙ্কারিত প্রণবের নাদে ;—— উচ্ছ্বসিত জ্যোতিব সাগরে ধৌত করি হৃদয়ের হুবন্ত বিষাদে।

(()

হের—
চন্দ্র, সূর্যা, তারকা অনস্
চির মোরে করে প্রদক্ষিণ;
হের—জ্যোতিঃমণ্ডিত দিগ্তু
উছলি চরণে ঢালে জ্যোতিঃ চিরদিন।

(9)

27---

অমরের চির-স্তোত্র-গীতি
সিদ্ধর্ষির ওঙ্কার গর্জ্জন
ভকতের হৃদিভরা প্রীতি
প্রোমে পুজে অবিরাম পদ অরুক্ষণ।
(৭)

হের—

ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর কত চরণে—**লু**টায় নতশির— হের—বিশ্ববিন্দু শত শভ পদ আশে মুহূর্ত্তেক নহেক স্থস্থির।

(~)

এত ঐশধ্যের মাঝে আমি ব্রহ্মাণ্ডের রাজরাজেশ্বর, ভুলি নাই, ভুলি নাই তোরে ভুই মোর **এতটুকু চির্মাইচর।**

(>)

ল'য়ে হৃদিভরা ভালবাসা। আঁথিভরা প্রীতি অশুক্তল, অপেক্ষায় আছি তোর তরে— চাহি সুখ, মরমের বাঞ্জিত স্থুন্দর। (১০)

এত ডাকি শুনিতে না পাও ? নায়াঘোরে এত কি স্থুমাও ? দিব ছাড়ি নিজ সিংহাসন এস হদে কুজ জীব স্থদরের ধন।

The state of the s

উপনিষদ্রহস্য গ্রা প্রীভার মৌগিক ব্যাখ্যা।

ত্রন-খণ্ড।

मर्क्वाश्रनियम् भारत। (माम्ना (भाश्रालनम्बन:। পার্থো বংসঃ স্থণীর্ভোক্তা ত্রন্ধং গীতামূতং মহৎ ॥

বেদের সার—উপনিষং, উপনিষদের সারাংশ—গাত। । উপনিষদে যে সমস্ত রত্ন নিহিত আছে, গীতায় ভাহাই রত্বহারাকারে এথিত। গীতা মহং, গীতা শ্রেষ্ঠ, গীতা আধ্যাত্মিক জগতের দীপশিখা।

গীতা নিতা, গীতা সপৌরুষেয়, গীত। মনাদি কাল ধরির। অনাদিহৃদয়ে উচ্ছুসিত। যেখানে জীব, যেখানে মুক্তিবন্ধনরূপ জীবন-মরণ সংগ্রাম, সেইখানেই ভগবানের আবির্ভাব, সেইখানেই সাধকের অভীষ্টদিদ্ধি, সেইখানেই গীতা ভগবংকপ্তে ধ্বনিত। তুমি শুনিবে কি ?

গীতা ভগবানের মুখের আশ্বাসবাণী, গীতা—জগন্মাতার স্তনধারা, গীতা—শ্রীকৃষ্ণের পাঞ্জন্য-শঙ্খনাদ, গীতা—জীবের জীবন-প্রবাহের প্রপ্রদর্শক, গীতা—দীপ্ত আলোকশিখা, ভবার্ণবের দিক্-নিদর্শনযন্ত।

গীতায় আছে কি গু গীতায় ভগবানু কি শিক্ষা দিয়াছেন গু কোন জীব ভগবদ্লাভের জম্ম প্রকৃত ব্যাকুল হইলে, ভগবান্ তাহাকে তাহারই হৃদয়াভ্যন্তরে র্ণাকিয়া, যে যে প্রকার কর্মস্তরের ভিতর দিয়া লইয়া গিয়া আপন অঙ্গে

প্রক্ষর্যও নামে গ্রিভার মর্যটুকু প্রথমে আন্দেচিত হইবে। ভারপর ব্যাধ্যায় শ্লোকের যৌগিক স্বর্থ প্রকাশিত হইবে।

2 মিশাইয়া লয়েন, গীতায় তিনি তাহাই বলিয়াছেন। প্রত্যেক জীবাত্মার হৃদয়ে থাকিয়া সেই বিরাট্ বিশ্বসার্থী, বিশ্বকল্পনা বা মায়ার ভিতর দিয়া ঘুরাইয়া ঘুরাইয়া ভাহাকে বিরাট করিয়া তুলিতেছেন। ইহারই নাম বিশ্বরচনা। জীবকে নিজের স্বরূপ বুঝাইবার জন্ম সৃষ্টি-চক্র কল্লিত। আ**ন্ধা** যতক্ষণ নিজের নিত্যত্ব, বিশালহ, অপরিণামিহ এবং একহ বুঝিতে না পারে, ততক্ষণই তাহার জীবভাব। ইহারই সাধারণ নাম বন্ধন বা মারী বা ভ্রান্তি। বুঝিতে পারিলেই জীব শিবহ লাভ কবে—ইহাবই নাম মুক্তি। বস্তুতঃ বন্ধন বা মুক্তি বলিয়া কিছু নাই।

যাহা হউক, এই অজ্ঞান অবস্থা হইতে জ্ঞানময় অবস্থায় যাইতে হইলে, যে যে স্তর দিয়া যেমন করিয়। যাইতে হয়, তাহাবই নাম যোগ-সাধনা। জন্ম, মৃত্যু, দেহাবস্থান, নানা যোনি ভ্ৰমণ, অনস্ক য্গ ধরিয়া বিশ্বে বিশ্বে ছুটাছুটি—এ সমস্তই যোগসাধনা মাত্র। সৃষ্টি— যোগমন্দিব ব্যতীত আব কিছুই নতে। প্রতি অণু প্রমাণু-ইতাব সাধক, বিবাট বিজ্ঞানময় পুক্ষ—ইহাব দেবতা। যোগ অর্থে—বিবাট্ জ্ঞানময় পুক্ষে যুক্ত হওয়াবা নিতাযুক্ত তাব উপলব্দি কৰা। পাঠক। একবার মানস দর্পণে এই বিরাট্ যোগ-মন্দিরেব কল্পন। ফুটাইয়া ভোল একবার কল্পনাব চক্ষে দেখ—ধুলিকণা হইতে আরম্ভ করিয়া, ধুলিকণা কেন—ব্যোমপরমাণু হইতে স্চনা করিয়া বিরাট স্থা, এবং ক্ষুদ্র কীটাণু হইতে সিদ্ধর্যি পর্যান্ত সকলেই এক চিদ্ঘন, বিজ্ঞানময় যোগেশ্ববের সহিত সংযুক্ত হইবাব জনা তাঁখাবই শক্তির মঙ্গলময় আবর্ত্তনের তালে তালে ঘুবিয়া, তাঁহাকে প্রদক্ষিণ করিতে করিতে, তাঁহারই অঙ্গে লিপু হইবাব জন্ম, তাঁহারই সহিত সংযুক্ত হইবাব জন্ম, তাঁহারই সহিত একৰ লাভ করিবার জন্ম, তাঁহারই ইঙ্গিতে, তাঁহাবই শক্তির আকর্ষণে স্রোতে তৃণের মত তাঁহারই দিকে চলিয়াছে, উঠিতেছে, পড়িতেছে, মিলাইয়া যাইতেছে, আবার ফুটিয়া উঠিতেছে। কখনও হর্মে, কখনও বিষাদে, কখনও বিমারণে কখনও জ্ঞানে—স্বপ্নে, জাগরণে, সুষ্প্তিতে,—বিকাশে, স্থিতিতে, লয়ে,—এই ভাবে জীবমণ্ডলী যুক্ত হইতে চলিয়াছে। বিরাম নাই, বিচ্ছেদ নাই, বিশ্রান্তি নাই, বৃঝি বা এ মহাযোগের অবসানও নাই। এই যে গতি,—ইহাব নাম যোগ-माथना ।

. বিষাদযোগ গ

তবে যতক্ষ্ণ আমরা একৰ বুঝি না, ততক্ষণ আমরা নিকদেশভাবে জগতের ধূলিতেই জীবনের চরিতার্থতার উপলব্ধি করি। বস্তুতঃ, যোগী হইলেও তত দিন আমরা সাধারণ কথায় যোগিপদবাচ্য হই না। মনুয়জন্ম এ অবস্থার শেষ সীমা। যখন মারুষ হই তখন সেই বিরাট্ যোগেশ্বরের আকর্ষণ অনুভব করি। তথন জীব আর অপেক্ষা করিতে না পারিয়া ভগবদা*লিঙ্গনে বন্ধ* হুইবার জন্ম কাঁদিয়া উঠে। সীধারণ কথায় ইহাই যোগের প্রথম সূচনা বা যোগজ্ঞানের প্রথম বিকাশ। এই স্থল হইতে যে যে ভাবাস্তরের ভিতর দিয়া, ভগবান জীবকে আকর্ষণ করেন, সাধারণ কথায় তাহাই যোগ বলিয়া উল্লিখিত। এত দিন বিশ্বজননীর ক্রোড়ে তাঁহারই স্তনমুগ্নে পুষ্ট হইতে হইতে যুমাইয়া যাইতেছিল, এইবার জাগিয়া দেখিতে দেখিতে চলিতে শিখিল। এইখান হইতে তিনি প্রত্যেক ক্রনুয়ে তীর্থ-প্রদর্শকের মত অনন্ত এশ্বর্যাভাগ্যার দেখাইতে দেখাইতে এবং মধুরুষরে বলিতে বলিতে লইয়া যান। এইখান হইতে যাহা বলেন—যাহা করেন এবং করান, তাহাই গীতা। ভগবংলাভের জম্ম প্রাণের বিষাদময় ভাব হইতে সূচন। করিয়া সংযুক্তভাব অবধি গীতা। বিষাদ হইতে সূচনা করিয়া মুক্তি পর্য্যস্ত যে যে ভাব-পরম্পরা দারা জীব পরিচালিত হয়, গীতায় তাহাই এক একটি যোগ নানে অভিহিত হইয়াছে। কিন্তু বুঝিও, এই আকর্ষণভোণী বাজ্ময় হইয়া মনুষ্য-হৃদয়ে পর পর শুতিকানিত হয়। যখন জীব শুনিতে পায়, তখন সে বুঝিতে পারে, তার আর অধিক বিশ্বস্থ নাই।

वियान्द्याग ।

বস্তুতঃ ভগবানের জন্ম সর্ব্বপ্রথম প্রাণ যখন ব্যাকৃল হইয়া উঠে, তীব বৃশ্চিকদংশনবং জীব যখন সর্ব্বপ্রথম ভগবদ্বিরহ উপলব্ধি করে, র্থা জীবন অতিবাহিত হইতেছে ভাবিয়া, জীবের প্রাণ যখন হতাশের দীর্ঘনিশাস ছাড়িতে থাকে, সেইটা জীবের জীবনের একটা মহাসন্ধিক্ষণ। সেই সময়ে কুরুক্ষেত্র-সমরাঙ্গনে অর্জুনের মত, তাহার হাদয়রূপ রণক্ষেত্রের মধ্যস্থলে দাঁড়াইয়া এক পার্যে সংসার-সংস্কারশ্রেণী—ন্ত্রী, পুজ, পিতা, মাতা. আত্মীয়-স্বজন, দেশ প্রভৃতি পঞ্চেন্ত্রিয়-সঞ্চিত ভাব বা মায়ার মূর্ত্তিরাজ্ঞি এবং অপর পার্যে হতসর্বস্ব রাজ্যচ্যুত আত্মশক্তিকে পর্য্যবেক্ষণ করে। ধীর, বিবেচক, বীর-সাধক সেই সময়ে একবার নিজের অবহা পুত্মারূপুত্মরূপে আলোচনা করিতে গিয়া কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া পড়ে। এক দিকে প্রাণাকুল পিপাসা, অক্স দিকে মায়ার স্থান্ট বন্ধন,— এক দিকে আত্মলাভ আশার উজ্জল আলোক, অক্স দিকে পরার্থে আত্মতাগের কমনীয় ক্ষীণ জ্যোতীরেখা,— এক দিকে প্রভাত, অক্স দিকে সন্ধ্যা, সাধক এই হুই দিকু দেখিতে দেখিতে নিস্তেজ হইয়া পড়ে। তাহার উদ্যমের ধন্থ খসিয়া পড়ে, শরীর অবসর হইয়া আইসে, কণ্ঠ শুক্ত হয়, সে মায়ার ফাঁসে ক্ষক্ত হইয়া পড়ে।

অনস্ত জীবনের মায়ার বন্ধন ছেদন করিতে গিয়া, এইরূপে মায়ার দাঁস যথন শেষবারের মত তাহাকে জড়াইয়া ধরে, তথন, তাহার সেই হুর্বলতা বিজ্ঞতার ছল্পবেশ পরিধান করিয়া অর্জুনের মত ভগবান্কে বলে—আমার ভালবাসার চির অধিকারী এই সমস্ত আল্লীয়গণকে হুদ্য হুইতে উচ্ছেদসাধন করিতে হুইবে বুঝিয়া, আমি হির হুইতে পারিতেছি না, আমি সমস্ত বিপরীত দেখিতেছি। ইহাদের উচ্ছেদসাধনের আবশ্যকতা কি—আমি বুঝিতে পারিতেছি না। উহাদের জ্ঞু আত্মমঙ্গলে জলাঞ্চলি দিলে, সে মহাত্যাগের কি মহাফল নাই ? সংসার পালনরূপ মহাকর্ত্তব্য পালনে—এমন মহা স্বার্থত্যাগে কি মন্থুজ্জীবনের চরিতার্থতা হয় না ? পিতা, মাতা, ভ্রাতা, গ্রী, পুত্র, আল্লীয়-স্বজন, হুদ্য হুইতে ইহাদের উচ্ছেদসাধন করিলে আমাতে কি মহাপাপ অর্শবে না ? না—না—আমি পারিব না—আমি আত্মমঙ্গললাভরূপ স্বার্থসাধনের জ্ঞু স্বার্থত্যাগরূপ মহাধর্শকে উপেক্ষা করিতে উগ্রত হুইয়াছিলাম, আমি মহাপাপে লিপ্ত হুইতেছিলাম। সংসার-ধর্ম্ম পালনে যদি আমার জীবনাস্ত হয়, তাহাও শ্রেয়ঃ—তাহাও আমার হিতকর।

সাধকের প্রাণ সর্বপ্রথম এইরপে ভাবান্তর বা ভগবদাকর্বণে আন্দোলিত হয়। সন্দেহ-দোলায় তাহার প্রাণ এইরপে কাঁপিয়া উঠে। সংসার ছাড়া কর্তব্য, কিম্বা সংসার-ধর্ম প্রতিপালনই জ্রেষ্ঠ, এই চিস্তায় তাহার প্রাণ ব্যাকুল হয়। বিষাদে, সন্দেহে, আশক্ষায় যথার্থ যখন সাধকের প্রাণ এইরূপে দিশাহারা হইয়া যায়, তখন আর ভাবিতে না পারিয়া তার বিষাদভরা ক্লান্ত হৃদয়টুকু লইয়া সে ভগবানের দারস্থ হয়। জীবন-মরণের সঙ্গমস্থলে, মৃত্যুযন্ত্রণার মত বা ততোধিক যন্ত্রণায় কাতর হইয়া সে ভগবানের উপর ভারার্পণ করে। তাহার প্রাণ কাঁদিয়া কাঁদিয়া, ফুলিয়া ফুলিয়া বলিতে থাকে,—"পতিতের পরিঝাণ! আর ভাবিতে না পারিয়া তোমার উপর নির্ভর করিলাম, জগরাথ! দাও, পথ দেখাইয়া দাও। স্বার্থমিয় সংসারমক্র মাঝে আর ত কাহাকেও খুঁজিয়া পাই না—সব যে স্বার্থার দানাথ! স্বার্থের মদিরায় সব যে অচেতন। একা এ দ্বরস্ত মক্রর মাঝে, উর্জ আকাশের দিকে হতাশ চক্ষু ফিরাইয়া দিগ্লান্ত, অনাথ, শরণাগত, বহু দিন পরে আজ তোমায় আশ্রয়হুল বিশ্বরা চিনিতে পারিয়া কাতরে তোমায় ডাকিতেছি; আর ভাবিব না, আর কিছু করিব না। তুমি পথ দেখাইয়া দাও, তুমি আমার কর্ত্ব্য নির্দ্ধারণ করিয়া দাও। তোমার উপর সমস্ত ভার অর্পণ করিলাম।"

"বল—সংসার ত্যাগ করিব, কি সংসাব-ধর্ম প্রতিপালন করিব ? বৈরাগ্য অবলম্বন করিয়া হৃদয়রাজ্য হইতে পিতা, মাতা, ন্ত্রী, আত্মীয় স্বন্ধন উচ্ছেদন করিয়া দিয়া আন্ধরাজ্যের প্রতিষ্ঠা করিলে তবে আনি মৃক্তিলাভ করিব,—কিশা আমার জীবনের সমস্ত হার্থ তাহাদের জন্য জলাঞ্চলি দিয়া, জীবনের সমস্ত উদ্দেশ্য, ভগবৎসাধনরূপ জীবনের মহাকর্ত্তব্য,—তাহাদের চরণে বলি দেওয়ায় স্বার্থত্যাগরূপ মহাধর্ম সংসাধিত হইতেছে ভাবিয়া নিশ্চিন্তমনে মরণের জন্য অপেক্ষা করিলেই শান্তি পাইব ?"

এইরূপে সেই মহামুহুর্তে হুর্বলের একমাত্র রক্ষক, আর্তের ভরসা, বিপরের পরিত্রাতা, অনাথের বন্ধু, শরণাগতের চিরসখার শরণ লইতে হয়। জীব! তুমি কি সংসারমোহ ছেদনে উল্লোগী হইয়াছ ? তুমি কি আপনাকে আগ্নীয়ম্বজনের দারা লুন্তিতসর্বম্ব ভাবিয়া আগ্মরাজ্য উদ্ধারের জক্ত সমরায়োজনে উল্লোগী হইয়াছ ? এ সোনার সংসার তোমার চক্ষে কি লুঠন ও ছলনার লীলাভূমি বলিয়া প্রতিফলিত হইতেছে ? পত্নীর প্রেমধারা হলাহল বুঝিয়া তুমি কি আপনাকে বিষজ্জারিত ভাবিতেছ ? পুত্রপ্রেহর ছদয়গ্রাহী কমনীয়তা পাষাণের মত ভোমার বুকে কি বাজিতেছে ? আগ্নীয় স্ক্রনের কলকণ্ঠ ভোমার অবণকুহরে কি ব্জেধনির মত ঘর্ষরিত ? তুমি কি এ যন্ত্রণার

উপনিষ্দরহশ্র বা গীভার ঘৌগিক ব্যাখ্য।।

বোঝা বহিতে একান্ত অশ্বীকৃত? আপনার জীবন রুধা যাই দেখিয়া তুমি কি ব্যাকৃল? ভীষণ মায়াবর্ত্তের তরঙ্গ হইতে আপনাকে রক্ষা করিতে অশক্ত ভাবিয়া তুমি কি নিরাশ হইয়াছ? মায়ার সমর-প্রাঙ্গণে মায়াহননে উত্যোগী হইয়া তুমি কি মায়ার ছলনায় আবার ভূলিতেছ? তবে দাও, তোমার ইন্দ্রিয়-অশ্বযোজিত ছাদয়-রথের রজ্জু বিশ্বসারথীর হস্তে দাও। একবার রণক্ষেত্রের মধ্যস্থলে শুক্ত ক্ষায়ে, নিজের কর্তৃত্বরূপ ধন্ত পরিত্যাপ করিয়া, কর্যোড়ে জ্যোতির্ময় সারথীর নিকট কাঁদিয়া বল—প্রভূ! সথা! আমি বিপন্ন, আমি মায়ামূঢ্, আমি সংসারমায়া হনন করিতে ইচ্ছুক হইয়াও পারিতেছি না। আমি দ্রীপুত্রের মোহের বন্ধন কাটিতে অশক্ত—আমায় রক্ষা কর, অমায় পথ দেখাও, আমার কর্তব্য নির্দ্ধারিত করিয়া দাও।

দেখিবে, শুনিবে, তিনি নিজে স্বরূপে প্রকাশ হইয়া তোমার বিষাদ মোচন করিয়া দিবেন। গম্ভীর মন্ত্রনিনাদে তোমার হৃদয়ের অভ্যস্তরে সেই অনাথের নাথ বলিয়া উঠিবেন,—"ভীত হইও না, তোমার দৌর্বল্য পরিত্যাগ কর, আমি তোমার সহায"—

ইহাই বিষাদযোগ। অর্জুনের প্রাণে সর্বপ্রথম এই ভাব উদিত হইয়াছিল।
সাধকমাত্রেরই প্রাণে সর্বপ্রথম এই ভাব উদিত হয়। তবে অর্জুনে ও অক্সান্য
সাধকে প্রভেদ কি ? মহাসাধক অর্জ্ন—সাধকের আদর্শ, তাই অর্জ্জন ভগবান্কে
অন্ধময় বা স্থলকোষে বা জভ্দেহে উপভোগ করিয়াছিলেন, জভ্দেহে প্রীকৃষ্ণ
ক্রুকক্ষেত্র-রণান্ধনে দাঁড়াইয়া তাঁহার এই বিষাদ সর্বব্রথম বিনষ্ট করিয়াছিলেন।
আর অন্যান্য সাধক—সাধকমাত্র; তাহারা শুদ্ধ মনোময় কোষে ভগবান্কে
এইরপে সন্তোগ করিতে পায়। ভগবানের গীতা মনোময় ক্ষেত্রে মাত্র শুনিতে
পায়। আদর্শ সাধক না হইলে স্থল কোষে ভগবংসন্তোগ সচরাচর ঘটেনা।

वियानस्थान मधास्य।

माश्रार्याभ ।

Ü

সর্ব্বপ্রথম সাধকের প্রাণে যখন এইরূপ প্রশ্ন উঠে, তখন তাহাতে ভাহার মায়ার গন্ধ থাকে, সেই জন্ম ভগবান্ অগ্রে নিত্য এবং অনিত্য সম্বন্ধে চক্ষু ফুটাইয়া দেন। সমস্ত ভ্রহ্মাণ্ডের বহুরূপত্ব ঘুচিয়া গিয়া তাহার চক্ষে প্রধানতঃ ছুইটা বিষয় প্রত্যক্ষীভূত হয় অর্থাং ব্রহ্মাণ্ডটা তুই ভাগে বিভক্ত বলিয়া ভাহার ধারণা হয়। প্রত্যেক পদার্থে প্রত্যেক অণু পরমাণুতে হুই প্রকারের উপলব্ধি তাহার প্রাণে ফুটিয়া উঠে। যে কোন বস্তু তাহার ইন্সিয়গোচর হয়, তাহারই মধ্যে তাহার প্রাণ তুইটি স্তর উপলব্ধি করিতে প্রয়াস পায়। কোন ভাব বা বস্তু মনে প্রতিফলিত হইলে, তাহাতে নিতা কত্টুকু এবং অনিতা কত্টুকু, এই বিচারে তাহার প্রাণ ব্যস্ত থাকে। সে জগতের সমস্ত বিষয় সমস্ত পদার্থ উল্টাইয়া পাল্টাইয়া, চিরিয়া চিরিয়া তাহার ভিতর নিতা কতটুকু, বাহির করিতে প্রয়াস পায়। প্রত্যেক পদার্থের ভিতর তাহার প্রাণ ভগবান্কে অরেষণ করে। প্রত্যেক পদার্থকে তাহার ইন্দ্রিয়সকল পদার্থ বলিয়া যেমনি উপভোগ করে, অমনি তাহার প্রাণ মৃর্ত্তিমান্ ভগবান্কে তাহারই মধ্যে অম্বেষণ করে। প্রাকৃতিক শোভা দর্শনে, কুমুন আত্রাণে, ফুকুমার পুত্র আলিঙ্গনে, জননীর স্নেহ-সম্ভাষণে অথবা মধুর রসাম্বাদনে, সর্বাত্র তাহার প্রাণ কাঁদিয়া বলে,—"কই প্রভু! কই জগন্ধাথ! তুমি কোথায় ? কোথায় ভূমি নিত্য সর্বব্যাপী মহাপুরুষ ? কোথায় ভূমি বিশ্বপ্রসবিনী জননী ? ইহাতে তোমার অধিষ্ঠান কই ? আমি তোমায় দেখিতে পাইতেছি না কেন ? জানি তুমি ইহাতে আছ —জানি তুমি সর্বভূতে বিরাজিত, শুনিয়াছি তুমি ভূতে ভূতে প্রতিষ্ঠিত, তবে আমি তোমায় চাকুষ দেখিতে পাইতেছি না কেন 🕈 জানি তুমি স্ত্রীতে আছ, জানি তুমি পুত্রে আছ, কিন্তু আমি স্ত্রীপুত্র মাত্র দেখিতেছি কেন ? আমি যে কেবল পঞ্চূতসমষ্টি মাত্র দেখিতেছি ? ওুমি মূর্ত্তিমতী হইয়া —জননি! কেন আমার ইন্সিয়গোচর হইতেছ না ? ফুলটিকে ফুল বলিয়া আমার ইন্দ্রিয় চিনিতেছে কেন মাণ্ আমার লালায়িত প্রাণ ইহাতে যে

ভোমাকে অধিষ্ঠাতা দেখিতে চাহে, তবে কেন আমার ইন্দ্রিয় তোমাকে প্রত্যক্ষীভূত করাইতে পারে না ? ফুলে ফুলে কই তুমি মা ? পল্লবে পল্লবে, বক্ষে বৃক্ষে, পর্বতে, অরণ্যে, চল্লে, সুর্য্যে, আকাশে, পুরে, কলতে, উরণে, খাপদে, জলে, স্থলে, অনলে, অনিলে কই তুমি মা ? শীতে, উকে, আলোকে, অন্ধনারে, রোগে, সস্তোগে কই তুমি মা ? শব্দে, স্পর্শে, রুপে, রসে কই তুমি মা ? স্বেশ্ব, তুংখে, সম্পদে, বিপদে সন্তাপে, শান্তিতে কই তুমি মা ? সন্দেহে, বিশ্বাসে, সংশয়ে আশ্বয়—হতাশে, আশ্বাসে, কই—কই তুমি মা ? আমার ইন্দ্রিয় তোমায় খুঁজিয়া পায় না কেন ?" এই ভাবে তাহার প্রাণ কাঁদিতে থাকে; অর্থাৎ যেমন একটী পল্লব দেখিবামাত্র তাহার বন্ধ ও পত্র ভিন্ন জিপে বুনিতে পারা যায়, সেইরূপ সে প্রত্যক পদার্থে কোন্টুক্ ভগবান—ইন্দ্রিয়ের দারা খুঁজিয়া বাহির করিতে চেষ্টা করে। কেবল মাত্র পদার্থে নহে, ক্রমশঃ সে পদার্থের শক্তিতেও মানসিক ভাবের মধ্যে ভগবান্কে দেখিতে প্রয়াস পায়। ভগবান্কে পাইবার জন্ম অধীর হইয়া উঠে।

তথন ভগবান্ তাহার চক্ষু আরও একটু উন্মালিত করিয়া দেন। জগৎ ছাড়িয়া আপনার দিকে তাহার লক্ষ্য পড়ে। এক অভিনব বিশাল ব্যাপার তাহার হৃদ্যে আসিয়া উপস্থিত হয়। মায়ার কেন্দ্র কোথায়? মায়াব উচ্ছেদ সাধন করিছে হইলে, কার্যাতঃ কত দূর উচ্ছেদিত হয়? মায়া কত —কত দূর বিস্তৃত, তাহা সেজানিত না। এই সদ্ধিক্ষণে সে দেখিতে পার, সংসার ত্যাগ করিলেই মায়ার উচ্ছেদ হয় না। মায়া বাহিরে নহে, মায়া ভিতরে। বহির্জ্জগতে মায়া বলিয়া কিছুই নাই, মায়ার ক্ষেত্র তাহারই অন্তরে। ইন্দ্রিয়সকল বহির্জ্জগৎ হইতে যে সমস্ত জিনিয আনিয়া তাহার অন্তরে সংস্কারাকারে সাজাইয়া দিয়াছে, সেই সংস্কারগুলির সহিত তাদাত্মভাব মায়া। মায়ার উচ্ছেদসাধন অর্থে—এই তাদাক্মভাবের উচ্ছেদ। এইরূপ বুঝিয়া সে আরও কাত্র হইয়া উঠে। তবে আমি কি লইয়া থাকিব ? ইন্দ্রিয়াদি বিষয়-সকল উচ্ছেদিত হইলে, আমার আমিহের অন্তির কত দূর সম্ভবপর,—এই মহাপ্রশ্ন তাহার হৃদয়ক্ষেত্রকে বিশৃদ্ধল করিয়া তুলে। সে আপনাকে আপনারই ভিতর খুঁজিতে থাকে। তর তর্ম করিয়া আপনাকে চিরিয়া, তার আমিহেটুকু কোথায়—দেখিতে চেষ্টা করে।

এইরপ কিছু দিন অংবধণ করিতে করিতে সে সঙ্গে স্কেব্লিতে পারে, এ জগতের সমস্ত পদার্থ আর কিছুই নতে, কেব্ল এক মহাশক্তির মাজাল ভারতম্য মাত্র। সমস্ত ত্রহ্মাণ্ড প্রথমতঃ শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ, এই পাঁচ প্রকার তন্মাত্রার সমষ্টি মাত্রে পরিণত হয়। তারপর জ্ঞান উপলব্ধির আরও উচ্চ স্তবে আরোহণ করিলে সে বুঝিতে পারে, এই পাঁচ প্রকার উপলব্ধিও বস্ততঃ পাঁচ প্রকার জিনিষ নহে, একটা অনস্ভব্যাপিনী শক্তিতরক্ষের ইতরবিশেষ স্পন্দনমাত্র। যেমন সমুদ্রের ক্ষুত্র ও বহং তরক্ষের মধ্যে বস্তুগত কোন পার্থক্য নাই, কেবল স্পন্দনের ইতর-বিশেষ, তক্রপ জগতের শব্দ, স্পর্শ ইত্যাদি বিভিন্ন অনুভূতিও কেবল স্পন্দনের ইতরবিশেষ মাত্র।

সাধক বুঝিতে পারে, যেমন সুর্য্য হইতে জ্যোতিস্তরঙ্গরাশি অনস্ত যোজন ব্যাপিয়া চারি ধারে অহর্নিশ তরক্ষের পর তরক্ষে প্রধাবিত হইতেছে, জ্যোতির তরঙ্গে তরঙ্গে ঘাতপ্রতিঘাত পাইয়া যেমন অসীম, অনন্ত, ক্ষুদ্র ক্ষুদ্র তরঙ্গবিভাগে ব্যোমমণ্ডল অবিরত তরঙ্গময় হইয়া রহিয়াছে, বস্তুতে বস্তুতে সুর্য্যের সে তরঙ্গ-রাশি প্রতিহত হইয়া যেমন অনস্ত প্রকারের বর্ণরঞ্জনার অপূর্ব্ব স্ষ্টিবৈচিত্র্য সংঘটিত হইতেছে,— একই সুর্যালোক যেমন প্রতিরোধ বা আঘাতের তারতম্যে বিভিন্ন বর্ণে প্রতীয়মান হইতেছে,—যেমন জগতের লাল, নীল, পীত, হরিং, ইত্যাদি ভিন্ন ভিন্ন বর্ণবিস্থাদ বস্তুতঃ আরু কিছুই নহে, একই দুর্ঘ্যালোকরাশির নানা মাত্রার বা নানা প্রকারের তর্মভদ্মাত্র—অর্থাৎ একই সূর্য্যালোক নানা বস্তুতে অন্নবিস্তর মাত্রার ভারতম্যে নানাপ্রকারে প্রতিহত হইয়া যেমন বিভিন্ন বর্ণরাশি জগতের চক্ষে ষুটাইয়া তুলিতেছে, তেমনই কোন এক অব্যক্ত কেন্দ্র হইতে একপ্রকার স্পন্দনে এক মহাশক্তি অহর্নিশ ফুরিত। তাহার হৃদয়ে কোথায় কোনু দূর অব্যক্ত কেন্দ্র হইতে শক্তির স্পন্দন অহর্নিশ ফুরিত হইয়া, তাহার সংস্কাররাশিতে প্রতিঘাত পাইয়া অনন্ত প্রকারের তরঙ্গভঙ্গ স্ঞ্জন করিতেছে—অনন্ত বৈচিত্র্যপূর্ণ অপূর্ব্ব জড় জগদুলান্তি বা জীবহামুভূতি এই প্রকারে তাহার হৃদয়ে অহর্নিশ রচিত হইতেছে।

শুধু শব্দ-স্পর্শ-রপ-রস-গন্ধময় জড়জগং নহে—কাম, ক্রোধ, লোভ, ভক্তি, করুণা, প্রীতি ইত্যাদি মানসিক বিকারসমষ্টিও বা মনোময় জগংও বিভিন্ন প্রকারের স্পান্দনমাত্র বলিয়া সে চিনিতে পারে। জ্ঞানে ও বর্ষরতায় ভক্তি ও বিতৃষ্ণায়, করুণা ও নিষ্ঠুরতায়, দয়া ও কার্পণ্যে, অথবা কামে, ক্রোধে ও লোভে বা ভক্তি, স্নেহ ও প্রেমে,—সে বস্তুগত কোন তারতম্য দেখিতে পায় না। কেবলমাত্র প্রতিশাত বা স্পান্দন বা মাত্রার তারতম্য বলিয়া উপলব্ধি হয়। যেমন সমুত্রের একই জলে ছোট বড় তরঙ্গ, যেমন পূর্যোর একই আলোকে পীত লোহিত ইত্যাদি বিভিন্ন মা গ্রার তরঙ্গ—তেমনই এ সমস্ত মানসিক ইন্টিও সেই একই শক্তির বিভিন্ন মাত্রার স্পন্দন বলিয়া পরিলক্ষিত হয়।

বস্তুতঃ, আমরা যাহা কিছু দেখি, শুনি বা অনুভব করি, সে সমস্ত বাহিরে নহে—ভিতরে; আমার নিজের হৃদয়ে কোন এক অব্যক্ত স্থানে সে সমস্ত উপলব্ধি হয়। সাধারণতঃ আমাদের মনে হয়—বহিজ্ঞাণ যেন আমরা বাহিরে দেখিতেছি, শুনিতেছি, স্পর্শ করিতেছি, আভাণ করিতেছি বা আশ্বাদন করিতেছি; কিন্ত বস্তুতঃ হইতেছে কি ? বহিঞ্জগং আমার চন্দু, কর্ণ, নাসিকা, জ্বিন্থা এভূতি ইন্দ্রিয়-वर्रो स्पृष्ठे बहेशा जामात मःस्रातभूश्च शिशा शाका मिरउट । स्पृष्टे शाकाय सामात সংস্থারচক্র নানা প্রকারে স্পন্দিত হইতেছে। সেই নানা প্রকারের স্পন্দন রূপ, রস, শব্দ, গন্ধ, স্নেহ, ভক্তি, প্রতি, পাপু পুণ্য ইত্যাদি নানাপ্রকার অনুভব জন্মা-ইয়া দিতেছে। স্নেহ, প্রেম, ভক্তি বা ক্রোধ, কাম ইত্যাদি যেমন বাহিরে নহে, ভিতরে,—তেমনি শব্দ, স্পর্শ, রূপ, রূস ইত্যাদিও বাহিরে নহে ভিতরে। তাহা যদি না হইত, তবে একই বস্তু বিভিন্ন হৃদয়ে বিভিন্ন প্রকারে অনুভূত হইত না। তুমি তোমার স্বীয় হল্যে এক প্রকারে, পুরের ক্রদয়ে এক প্রকারে, আছীয়-দ্দয়ে অন্ত প্রকারে, শক্র-হৃদয়ে অন্ত এক প্রকারে প্রতিফলিত হও কেন ৭ তোমার স্ত্রী তোমায় দেখিলে তাহার হৃদয়ে তোমার সম্বন্ধীয় যে সংস্থাররাশি প্রচ্ছন্ন হইয়া আছে, সেইগুলি ফুটিয়া উঠিয়া স্বামিষের অনুভূতি ফুটাইয়া তোলে। তোমার পুত্রের হৃদয়ে তোমার সম্বন্ধীয় যে সংস্কাররাশি প্রক্তর আছে, তোমার দর্শনে সেই-গুলি পিতৃ-অমুভূতি ফুটাইয়া দেয়। এইরূপে একই ডুমি বিভিন্ন হৃদয়ে সংস্কারের তারতম্যে কোথাও পিতা, কোথাও জাতা, কোথাও শত্রু, কোথাও মিত্র ইত্যাদি বিভিন্ন ভাবে ফুটিয়া উঠ। এইরূপ সমস্ত—ব্রহ্মাণ্ড উপলব্ধি এইরূপে হয়। বাহিরে কিছু নাই, কেবলমাত্র এক বিশাল শক্তির নামরপক্রিয়াময় তরঙ্গভঙ্গ আছে। আর সেই শক্তিতরঙ্গরাশি, সেই শক্তিসমূদ্রের আবর্ত্তনদকল মনুষ্য, পশু, পক্ষী, কীট, পতঙ্গ প্রভৃতি ভিন্ন ভিন্ন সংস্কারপুঞ্জে বা জীবভাবে প্রতিহত হইয়া ভিন্ন ভিন্ন রূপে অনুভূত হইতেছে মাত্র।

এইরপে সে সাধক আপনার হৃদয়াভ্যস্তরে কেন্দ্রের বা নিজের স্বরূপের ঈষৎ আভাস পায়। সে নিজের ভিতরে এক অব্যক্ত আদি সনাতন অথচ কেন্দ্র— আর তাহার উপর চেত্নার বা চৈত্ত্যশক্তির অবিশ্রাম ক্যুরণ—সেই নিজ চৈত্ত্য- ফুরণের সহিত বহির্জ্জগতের বিরাট ফুরণের ঘাতপ্রতিঘাত—সেই উভয় তরঙ্গসংঘাতের ফলস্বরূপ নিজের চৈতক্যতরঙ্গের বিভিন্নপ্রকার আন্দোলন ও
তাদাখ্যবোধ—তাহাতে জগংরূপ নানা দৃশ্যের বিকাশ—পিতা, মাতা, আতা,
পুত্র, মিত্র,শক্র ইত্যাদি নানা কল্পনা-বৈচিত্র্যের মুহূর্তের ব্যক্তভাব,— এবং ক্ষণিকাল
পরে সে কল্পনারা শির অব্যক্তে মিশাইয়া যাওয়া—এইগুলির ধীরে ধীরে আভাস
পাইয়া থাকে।

কিন্তু সহসা যেন বিষ্ণ্যুতের মত আর একটা অপূর্ব্ব জ্যোতিঃ তাহার হৃদয়ে ঝলসিয়া উঠে। জন্ম-মৃত্যু-অবস্থান, এ সমস্ত কিছুই নহে—বসন পরিবর্তনের মত কেবল শক্তি বা সংস্থারের পরিবর্ত্তন মাতা। পিতা, মাতা, স্ত্রী, পুত্র, এ সব চিত্তের ভাববিপর্য্যয় ছাড়া কিছুই নহে। কি আশ্চ্যা়এ ভাবের প্রহেলিকা নিত্য জ্মাইতেছে, নিত্য লুপ্ত হইতেছে, ছুটিতেছে, নিবিয়া যাইতেছে,—ইহার জ্ঞ্য শোক কি ? ইহাতে চিম্ভার বিষয় কি আছে ? আমি এই জ্ঞানে যুক্ত হইয়া থাকি না কেন ? সংসার ছাড়ি বা সংসারে থাকি—তাহাতে আমার আসে যায় কি ? এ কি—এ আবার কি সমস্তা ! আমার আঁবার সুখ গ্রুখ কি ? লাভ অলাভই বা কি ? মায়ার উচ্ছেদ্সাধন করিলে, সংসাররণক্ষেত্রে থাকিয়া ইন্দ্রিয়-সংগ্রামে বিজয়ী হইলে, আমার আত্মরাজ্য প্রতিষ্ঠিত হইবে সত্য, যাহাদিগকে ত্যাগ করিতে কাতর হইয়া-ছিলাম, সে সকল ক্ষণস্থায়ী ইন্দ্রিয়বিকারের উচ্ছেদসাধনে আমার কোন ক্ষতি নাই সত্য, সিদ্ধি বা অসিদ্ধিতে সমান ভাবিয়া, আমি আত্মজ্ঞানের উপর নির্ভর করিয়া, ইন্সিয়গণের উচ্ছেদসাধনে যত্নপর হইতে পারি সতা; কিন্তু তাহাতে আমার থাকিবে কি? অনাম পদার্থই আত্মীয়রূপে প্রকাশ পাইতেছে— ইহাদিগের উচ্ছেদ অবশ্যই সংসাধ্য। কিন্তু এ সব ছাড়িলে আমার যাহা থাকিবে, তাহাতে সুখ কি -- আত্মস্বরূপে এমন কি প্রাপ্তি আছে, যাহার জন্ম এত প্রত্যক্ষ স্থথময় আমিছকে উচ্ছেদিত করিব গু

আত্মানাত্মবিচারকালে অজ্ঞানাচ্ছন্ন জীবের আত্মমহিমা জানা না থাকায় এইরূপ সমস্যা উদিত হইতে থাকে।

माधारमात्र ममाश्च।



প্রীসজ্ঞগবল্গীভা ৷

विवान द्याग ।

ধৃতরাষ্ট্র উবাচ।

ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেত। যুর্বুৎসবঃ। মামকাঃ পাগুবাকৈচৰ কিমকুর্বত সঞ্জয়॥ ১

ধৃতরাষ্ট্র কহিলেন,—সঞ্জয় ় মংপক্ষীয়গণ এবং পাওবেরা যুদ্ধার্থী হইয়া ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেত হইয়া কি করিলেন ?

শ্রীমন্তগবদগীতা —

ভগবদগীতা কি ?—ভগবানের গান। অনন্ত অফুরন্ত সঙ্গীতলহরী।

এ বিচিত্র ব্রহ্মাণ্ডমণ্ডল এক অপূর্ব্ব সঙ্গীতের ঝন্ধার ব্যতীত আর কিছুই নহে! সে অপূর্ব্ব সঙ্গীতশ্রোত অনন্ত কাল ধরিয়া সপ্তলোকের দিনিদগস্ত ব্যাপিয়া ধ্বনিত —অনন্তের পরমাণুতে পরমাণুতে উচ্ছুসিত। সে সঙ্গীত মহাশক্তির প্রথম অভিব্যক্তি। নাম তাহার প্রণব —আকর্ষণ তাহার স্কুর স্ষ্টিবিকাশ তাহার মূর্ছনা—লয় তাহার ভাব বা লয়। শৃদ্র, বৈশ্য, ক্ষব্রিয় তাহার তিন্টী তাল—বাক্ষণ—শৃষ্ঠ বা মান।

সে আকর্ষণ বা স্থুর ষড়্জ, ঋষত আদি সাত ভাগে বিভক্ত। সেই সাত ভাগে ষ্টঃ, ছুবঃ, স্বঃ আদি সপ্তলোক রচিত, প্রতিষ্ঠিত, অন্মপ্রাণিত। স্বষ্ট-স্থিতি লয় তাহার মাত্রা।

তোমরা সে গানের মোহন ঝন্ধার শুনিবে কি ?

সে গান প্রতি মন্থয়-ছদয়ে শুনিতে পাওয়। যায়;—সে গানের অমৃতস্রাব প্রত্যেক জীবকে অহর্নিশ অভিষক্ত করে; তবে মনুয়-ছদয়ে তাহা ফুটতর। সে গানের মোহন ঝক্কার একবার শুনিলে—সুররেখা একবার কানে গিয়া বাজিলে—আর জীব থাকিতে পারে না। চুম্বকাকৃষ্ট লোহের মৃত জীব কেন্দ্রের দিকে ধাবিত হয়। কেন না, আকর্ষণই সে মুরের ধর্ম। কোন গৃহে কতক-গুলি তারের যন্ত্র এক রকম মুরে বাঁধিয়া রাখিয়া, একটা যন্ত্রে ঝঙ্কার দিলে, যেমন সমস্ত যন্ত্রে সে ঝঙ্কার প্রতিধ্বনিত হয়, তেমনই ভগবানের সে অপূর্ববিশার ঝঙ্কার বা গান কুকক্ষেত্ররূপ প্রতি মনুষ্যন্থদন্তে অনুর্নিশ প্রতিধ্বনিত।

তুমি সে বন্ধার শুনিয়াছ কি ?

শে বন্ধারের রূপ আছে—সে বন্ধার জ্যোতির্ময়! সহস্র বিজ্বলি আলোক একত্রে দীপ্তি পাইলেও তাহার তুলনা হয় না; স্থালোক তাহার মান অংশমা । জ্যোতিঃই সে স্থুরের প্রাণ। বায়ুর তাড়নায় যেমন সাগরবারিরাশি বিশাল তরঙ্গে আন্দোলিত হয়, স্থুরেন তালে তালে সে জ্যোতির সাগর তেমনই দল্ দল্ আন্দোলিত। তরঙ্গে তরঙ্গে অপূর্ব্ব চাক্চিক্যময় অনস্ত বর্ণের বিকাশ। স্রোতে যেমন জল চক্রাকারে আবর্ত্তিত হয়, সে জ্যোতিবিস্তারে তেমনই আবর্ত্তনে আবর্ত্তনে শুল্র, পীত, হরিং, লোহিতাদি কত অপূর্ব্ব বর্ণবিশিষ্ট স্থারাশি প্রস্কৃরিত;—ফুটিতেছে, থাকিতেছে মিলাইয়া যাইতেছে। সব সেই প্রবর তালে তালে।

তোমরা সে জ্যোতির সাগর দেখিবে কি ? তবে অবহিতচিত্তে গীতা বুঝিতে চেন্টা কর।

আবার বলি—গীতা সেই জ্যোতির্ম্ম গান। ইহা তোমার হৃদয়াকাশে
গীত —ধ্বনিত। প্রতি কল্পারে তোমার হৃদয় জ্যোতির্ময় হইয়া উঠিতেছে,—
প্রতি কল্পারে তোমার প্রাণশক্তি উজ্জীবিত হইয়া উঠিতেছে। অথবা সেই
কল্পারই তোমার প্রাণ, তাই তুমি জীবিত। জীব! দেখ! দেখ! শুন! শুন!
পূর্বেব বলিয়াছি, সে গানের স্থ্র আকর্ষণ। কা'র আকর্ষণ, কিসের জন্ম
আকর্ষণ—ক্ষুল কথায় বুঝাইবার চেষ্টা করি।

সুর্যামণ্ডল হইতে কুলিঙ্গবৎ জ্যোতিষমণ্ডলসকল চারি ধারে প্রক্লিপ্ত হইয়া প্রহ উপগ্রহ আকারে যেমন তাহারই আকর্ষণে ঘুরিতেছে, এক বিরাট আকর্ষণশক্তির দারা যেমন গ্রহচক্র সুর্য্যের সহিত সম্বদ্ধ, তেমনই চৈতন্তরাজ্যে চৈতন্তময়ী
মায়ের আমার কুলিঙ্গরপ আমরা, তাঁহারই ইচ্ছায় তাঁহা হইতে প্রক্লিপ্ত
ছইয়া, তাঁহারই আকর্ষণে তাঁহার চারি ধারে প্রদক্ষিণ করিতেছি। চৈতন্তের
ক্লোত্যেক পরমাণ্ডে পরমাণ্ডে নিজের বিরাট্য উপলব্ধি করাইবার ক্লন্ত, নিজের

অপূর্ব এশগ্রেশাভা ফলাইয়া তুলিবার জন্ম, আপন অঙ্গ হইতে বিকর্ষণশক্তি বা প্রায়তি প্রভাবে প্রক্রিপ্ত করিয়া, দঙ্গে সঙ্গে আকর্ষণশক্তির দ্বারা মা আমার জীবসকলকে ধারণ করিয়া আছেন। মা যেমন শিশু সন্থানকে আনন্দিত করিছে উদ্ধে ছুঁড়িয়া দিয়া, হাত ছইটা পাতিয়া তাহাকে ধরিবার জন্ম অপেক্ষা করে, ঠিক তেমনই ভাবে বিশ্বজননা আমাদিগকে বিকর্ষণশক্তি-প্রভাবে বিক্ষিপ্ত করিয়া, জাবার ক্রোড়ে ধারণ করিবার জন্ম আকর্ষণশক্তিরপ কর পাতিয়া অপেক্ষা করিতেছেন। বিকর্ষণশক্তি ফুরাইলে আবার আমরা আকর্ষণশক্তিপ্রভাবে মাতৃ-অক্ষে সংযুক্ত হইব। সারা ব্রহ্মাণ্ডমণ্ডলে এই আকর্ষণ ও বিকর্ষণশক্তির ক্রীড়া চলিতেছে। এই ফুইটা শক্তির সাধারণ নাম প্রবৃত্তি ও নিরুত্তি বলা যাইতে পারে।

কিন্তু বৃথিও, বিকর্ষণশক্তি কিছুক্ষণ কার্য্যকরী হইলেও আকর্ষণশক্তি তাহার ভিতর দিয়াও প্রবাহিত। আকর্ষণশক্তির বিরাম নাই। স্রোতের জল যেমন ধাকা বা রোধ প্রাপ্ত হইলে, ফুলিয়া উঠিয়া, আবার স্রোতে মিলাইয়া যায়, তেমনই বিরাই হৈতক্তময়ী মায়ের আমার হৈতক্তকণা যেথানে যেখানে অহংজ্ঞানের প্রতিরোধ প্রাপ্ত হয়, সেইখানে সেইখানে দে হৈতক্ত জীবাকারে ফুলিয়া উঠিয়া, আবার সে রোধশক্তির অবসানে হৈতক্তপ্রোতে মিশিয় যায়। মায়ের আকর্ষণ-শক্তির স্রোত এইরূপে অবিরত প্রবাহিত।

পূর্বেব বলিয়াছি, এ আকর্ষণশক্তিই গীতা। প্রণবের বক্ষার জীব-হদয়রপ কুরুক্ষেত্রে গীতারপে বাজিয়া উঠে। আকর্ষণশক্তি, প্রণব, স্থুর, নিবৃত্তি—এ সব প্রায় একই কথা। এবং এই আকর্ষণ ও বিকর্ষণশক্তির বা নিবৃত্তি ও প্রবৃত্তির সংঘর্ষণই কুরুপাগুবের যুদ্ধ।

প্রতি জীব-হৃদয়ে প্রণব ধ্বনিত। গীতা—এই প্রণবের বিশ্লেষণ। জীব-হৃদয় যখন যথার্থ কুরুক্ষেত্র-রণাঙ্গনে পরিণত হয়, তথন হইতে ঐ প্রণব বিশ্লেষিত হইয়া কতকগুলি বাদ্ময় শ্রেণীবদ্ধ ভাবরাশিতে ফুটিয়া উঠে। সেইগুলি গীতায় পর পর অধ্যায় আকারে বিভক্ত।

অর্থাৎ জীব যথন আপনাকে সাধক বলিয়া চিনিতে পারে, তথন সে সর্ব-প্রথম এই প্রণব বা অনাহত নাদ শুনিতে পায়। সেই নাদ শ্রুতিগোচর হইবার পর হইতে প্রথমে বিষাদভাব, তারপর সাংখ্য বা নিত্যানিত্য বিচার বা প্রকৃতি-পুরুষ-বিচার-ভাব; এই সকল ভাবশ্রেণী পর পর ফুটিয়া উঠিতে থাকে, তাহার প্রাণ সেই সকল ভাবে মগ্ন হইয়া যায়। সে আপনাকে এরপ ভাবসমন্তি মাত্র বলিয়া প্রতাক্ষ করে। সে অনাহত নাদ যেন গীতারপ শস্ত বা স্থ্রতরক্ষে বিশ্লেষিত হইতে থাকে। বস্কারের পর ঝস্কার তাহার প্রাণকে মাতাইয়া তোলে। ভগবদাকর্ষণের প্রবল বস্থায় সে ভাসিয়া বিরাটে গিয়া পৌছায়, বিরাট্রপ দর্শনে কৃতকৃতার্থ হয়। গীতার প্রথম এগারটি অধ্যায়ে এই অবধি আছে।

তারপর—তারপর, সমূত্রে বিস্বস্ফোটনের মত ধীরে ধীরে সে সিদ্ধ সাধক মাতৃ-অঙ্কে মিলাইয়া যায়। গীতার দ্বাদশ অধ্যায় হইতে অবশিষ্ট অংশটুকু এই মিলনের স্রোত।

আবার বলি—জীব! তোমার হৃদ্যবীণাকে বাঁধ। স্থার মিলাইয়া তন্ত্রীগুলি ঠিক করিয়া যদি বাঁধিতে পার, ভগবানের আকর্ষণ-গান তোমার বুকের ভিতর কল্পার দিয়া উঠিবে। শুনিবে,—যে গানের অমৃতধারায় বিরাট্ ব্রহ্মাণ্ড প্লাবিত, যে গানে ব্রহ্মা, বিষ্ণু, মহেধর অনন্ত যুগ মগ্ন, সেই গান তোমার প্রাণ গাহিতেছে!!!

ধৃতরাপ্ত — ধৃতরাষ্ট্র কে ? যাহার দারা রাষ্ট্র ধৃত বা অধিকৃত, তাহাকেই ধৃতরাষ্ট্র বলে। পূর্বেব বলিয়াছি, এ বিশাল জগতে ছইটী শক্তির ক্রিয়া চলিতেছে। একটা আকর্ষণীশক্তি—যাহা গীতারূপে মনুশ্তহদয়ে মধুর কল্পারে ধ্বনিত হয় এবং অপর্টী বিক্র্বনীশক্তি, যাহ। প্রত্যেক জীবাহাকে বা ভগবদংশকে জ্ঞানৈশ্বর্য্য লাভের জন্ম ভগবান্ হইতে দূরে কিছু দিনের জন্ম প্রক্ষিপ্ত করে। ভগবানের প্রত্যেক অণুতে অণুতে অহংজ্ঞান যত ফুটিয়া উঠিতে থাকে, তাঁহার ইচ্ছাশক্তি নিজের যোগৈখায় দেখিবার জন্ম তত লালায়িত হয়। রাজা যেমন নিজের রাজ্য পরিদর্শন করে, তেমনি ভাবে ভগবানের প্রত্যেক ক্ষুত্র ক্ষুত্র অংশ বা জীবাত্মা নিজের অনন্ত মহিমা, অপূর্ব যোগশক্তি দেখিবার জন্ম বিরাট্ চৈতন্তময়ী ভগবংশক্তির দ্বারা নিরপ্পনভাব হইতে ভাবরপ্পনাযুক্ত সন্ধীর্ণ অহংজ্ঞানের সাকার সীমার ভিতর প্রবেশ করিতে থাকে। এই যে ভাবশৃষ্ঠ অবস্থা হইতে চৈতক্ষময় ভাবরাজ্যে প্রবেশ, ইহা ভগবানের বা জীবান্ধার বিক্ষেপশক্তির দারা হইয়া থাকে। ইহারই নাম প্রবৃত্তি বা ধৃতরাষ্ট্র। এই অন্ধ প্রবৃত্তি অহংজ্ঞানের সঙ্কীর্ণ সীমায় চৈতত্যশক্তিকে ক্রমশঃ সঙ্চিত করিয়া সাকার জড় উপাধি-বিশিষ্ট জীবে পরিণত করে। "আমি আছি", "আমি আছি", ইত্যাকার জ্ঞান জীবের রুদয়ে অহর্নিশ ক্ত্রিত হয়। "আমি আছি", "আমি আছি" বা এই আমিৰজ্ঞান যতই ক্রমশঃ ফুটতর হইতে থাকে, ততই সঙ্গে সঙ্গে আমার" "তোমার" ইজ্ঞাকার জ্ঞান পরিবর্দ্ধিত হয়। তত্তই জীব উদ্ভিদ, ক্রিনি, কীট, পতঙ্গ, পঞ্জ, পঞ্জ, পঞ্জী ইত্যাদি জন্মস্তরের ভিতর দিয়া পূর্ণ আমিষের দিকে ছুটিতে থাকে। তাহার আমিষের ত্যা প্রবল হইতে প্রবলতর হইতে থাকে— চৈতক্ত উজ্জ্বলতর হয়।

এইরপে শেষ জীব নরাকারে পরিণত হয়। এইখানে আমিছের পূর্ণবিকাশ ও বিশ্লেষণ। যেমন শিল্পী, প্রস্তরখণ্ড হইতে ইচ্ছামত কোন মূর্ত্তি খোদিত করিয়া লইয়া অবশিষ্ট অংশ দূরে প্রক্ষিপ্ত করে, তজ্ঞপ এত দিন ধরিয়া জীব আমিছ-ভাবের যে একটা স্থপ সঞ্চিত করিয়া আসিতেছিল, মমুষ্যজ্ঞানে তাহা হইতে নিজের প্রয়োজন বা প্রবৃত্তি অনুযায়ী একটা বিশিষ্ট আমিছকে খাড়া করে এবং অবশিষ্ট অংশ দূরে প্রক্ষিপ্ত করে। এইটা আমার, এইটা আমার নহে, ইত্যাদি ধারণা মনুষ্য-হদয়ে পূর্ণভাবে কার্য্যকরী হয়।

জড়দেহের সাহায্যে জীব আমিহকে ঘনীভূত করিয়া তুলিতে থাকে;—
তাহার চৈতক্তক্ষেত্রে একটা আমিহের স্থায়ী প্রতিষ্ঠা হইতে থাকে। প্রথমে এই
মনোময় ক্ষেত্রে বা মনে—যেথান হইতে আমাদের ইন্দ্রিয়সকল ক্ষুরিত - সেইখানে,
তারপর বিজ্ঞানময় কোষে বা জ্ঞানবৃদ্ধির কেন্দ্রে এই আমিহের প্রতিষ্ঠা হয়। যখন
ইন্দ্রিয়সকল নিরোধ করিয়া আমিহের অন্ধুত্র করিতে জীব সক্ষম হয়, তখন
বৃথিতে হইবে, তাহার মনোময় দেহ তৈয়ারি হইয়াছে। সাধারণ মন্ত্র্যা ইন্দ্রিয়
নিরোধ করিয়া যোগত্ব হইতে গেলে ঘুমাইয়া পড়ে; তাহার কারণ সে এখনও
ইন্দ্রিয়ের থারা তার আমিহের অন্ধুত্র করিতেছে মাত্র, মনোময় ক্ষেত্রে এখনও
সর্বাঙ্গ পৃষ্ট হয় নাই। গর্ভে যেমন শিশু থাকে, তৈমনই তার মনোময় কোষে সে
এখনও শিশু। ইন্দ্রিয় সাহায্যে পৃষ্টিলাভ করিয়া ক্রমে এই আমিহ বর্দ্ধিত, পৃষ্ট
ও সর্বাঙ্গসোষ্ঠবযুক্ত হইতে থাকে। ইহাও বলিয়া রাখি, এমন কতকগুলি প্রক্রিয়া
আছে, যাহার দ্বারা এই আমিহ শীল্প সবল ও প্রতিষ্ঠিত হয়। যেমন ব্যায়ামের
দ্বারা শরীর সবল হয়, তেমনই সেই সব মানসিক ব্যায়ামের দ্বারা মনোময়
"আমি" সবল হইয়া উঠে। সাধারণ কথায় সেগুলিকে যৌগিক ক্রিয়া বলে।

যাহা হউক, যত দিন না এইরূপে আমিছের প্রতিষ্ঠা হয় তত দিন অন্ধ প্রবৃত্তি বা তৎপুত্র মন সমস্ত ইন্দ্রিয়ক্ষেত্র অধিকার করিয়া, তাহার উপর আধিপত্য করে।

ক্রমে যথন মনোময় কোষে তার আমির ঘনীভূত ও সর্ব্বাঙ্গস্থলর হইয়া উঠে, ভূখন বিরাট্টৈতক্তময়ী আকর্ষণীশ্কি তাহাতে প্রতিঘাত প্রাপ্ত হইতে থাকে।

আকর্ষণীশক্তি এত দিন যে ছিল না, তাহা নহে; সে শক্তি সমানভাবে বহিতেছিল, তার যেমন বীণা বা সেতারের তার শ্লথ থাকিলে তাহাতে স্বরতরঙ্গ ধর্ণনিত হয় না
— স্থাকরপে তারগুলি বাঁধিলে তবে তাহা হইতে মধুর ঝন্ধার ছুটিতে থাকে, —
তেমনই এই আমিত্ব এত দিন পরে সেই অনাদি-প্রবাহিতা আকর্ষণীশক্তি বা প্রণবের
প্রতিঘাতে বন্ধার করিয়া উঠে, গীতা লহরী ফুটিয়া উঠিবার সূচনা হয়।
হিত এবং অহিত, এই বিচাররূপে নির্তি-শক্তি প্রথম ঝন্ধার দেয়—
হাদয়-রাজ্য ছুই ভাগে বিভক্ত হইয়া যায়; অর্থাৎ পাণ্ডবেরা যেন ইক্তপ্রস্কর্প
রাজ্যানী প্রতিষ্ঠা করে। ক্রুক্তেত্রের এক অংশ কোরবের বা প্রবৃত্তির এবং
এক অংশ পাণ্ডবের বা নির্ভির শাসনাধীন হয়।

নির্ভির জ্ঞানরাজ্য ক্রমে গৌরবাধিত হইয়া উটিতে থাকিলে প্রবৃত্তি পক্ষ তখন এক ভীষণ ছলনার ফাঁদ পাতিয়া একবার নির্তিপক্ষকে রাজ্যচ্যুত করে। জীব ধর্মরাজ্য প্রতিষ্ঠা করিতে গেলে প্রথমে একবার তার প্রবৃত্তি সিদ্ধিলাভের ভীষণ ছলনায় তাহাকে প্রতারিত করে। নির্তিপক্ষ রাজ্যচ্যুত ও নির্কাসিত ইয়া সিদ্ধির আশায় মৃগ্ধ হইয়া জীব প্রবৃত্তির দারা প্রতারিত হয় ও মৃক্তির পথ হইতে আবার দুরে গিয়া পড়ে।

ভারপর নানা প্রকার বাধা বিশ্ব ভাতিক্রম করিয়া, বিরাট্ চৈতন্তের সাহায্যে যখন স্বরূপে দে নিবৃত্তিপক্ষ পরিক্ষ্ট হইয়া উঠে, তথন পুনরায় কুরুক্তেত্রে প্রবৃত্তির সহিত ভীষণ সংগ্রাম স্চতি হয়। ইহাই কুরু-পাগুবসমর বা জীবের ধর্মীযুদ্ধ বা আকর্ষণ ও বিকর্ষণশক্তির অপূর্ব্ব রণাবর্ত্ত।

ধর্মকেত্র—

ধর্মক্ষেত্র কাহাকে বলে ? ধু ধা হুর অর্থ ধারণ করা। যে চৈতক্ষমরী মাতৃশক্তি সৃষ্টিরূপ অনন্তকোটি ব্রহ্মাণ্ডনকৈ স্কুলন করিয়া, ধারণ করিয়া র্যাইয়াছেল—তাঁহার নাম ধর্ম। অর্থাৎ পূর্বের যে আকর্ষণী শক্তির কথা বলিয়াছি, তাহাই ধর্ম। প্রণবই ধর্ম। আর যে ক্ষেত্রকে ধারণ করিয়া রহিয়াছেন, যে ক্ষেত্রে সেই শক্তির অপূর্বকলীলার নিত্যান্ত্র্চান হইতেছে, স্প্রীচক্রেরপ সেই শক্তার ধর্মাণ্ডসমন্তিকে ধর্মক্ষেত্র বলে।

অনম্বেনটি স্থ্য-চন্দ্র-ভারকায় শৃক্তমগুল পূর্ণ। প্রণব সেই অনম্ভ জ্যোভিক-মৃত্যান প্রাণ, আর সেই স্থ্য চন্দ্র-ভারকাপুঞ্চ সেই প্রাণ্শক্তির ইন্দ্রিয়গ্রান্ত্ বিকাশমাত্র বা দেহ। আকাশে ধেমন তড়িংশক্তি বিগ্রাদাকারে ঝলসিয়া উঠিয়া আমাদের প্রত্যক্ষীভূত হয় তেমনই আকর্ষণী ও বিকর্ষণী শক্তির ঘর্ষণে ব্রহ্মাণ্ডমণ্ডল অগ্নিকুলিঙ্গের মত ফুটিয়া উঠিয়াছে মাত্র। স্থ্য-চন্দ্র-ভারকারাশি আমার মায়ের লাবণ্যময় রূপত্রক।

আনন্দময়ী মায়ের আমার আনন্দ ফুটিয়া উঠিয়। জ্যোভির আকারে ঝরিতেছে। সেই আনন্দের প্রশ্রবণ স্থানে স্থানে আবর্তিত হইয়া সূর্যা, চক্ষা, ভারকাকারে বিরাজিত। বায়ুর আঘাতে যেমন অগ্নি হইতে ফুলিঙ্গরানিং প্রক্রিপ্ত হয়, তেমনই প্রবৃত্তির উচ্ছাদে আনন্দময়ীর আনন্দলাবণ্য উচ্ছুদিতে হইয়া ফুলিঙ্গ আকারে চারি ধারে ছড়াইয়া পড়িয়াছে—অনন্তযোজনব্যাশী ব্দ্যাণ্ডমণ্ডল রচিত হইয়াছে। এই আনন্দবিস্তৃতি বা ব্রহ্মাণ্ডমণ্ডল-সমষ্টিকে ধর্মাক্ষেত্র বলে।

এই বিরাট্ জগৎই ধর্মক্ষেত্র।

কুরুকেত্র—

যে ক্ষেত্রে "কুরু"—"কুরু" অর্থাং "কর" কর" রব প্রতিনিয়ত ধ্বনিত, তাহাকে কুরুক্ষেত্র বলে।

মহয়ের প্রবৃত্তি অহর্নিশ মহয়েকে কর্ম্মে "কুরু"— "কুরু" বলিয়। নিযুক্ত করিতেছে। কুরুপক্ষের দারা বা প্রবৃত্তির দারা মনুয়ন্তদায় সাধারণতঃ অধিকৃত—ইন্দ্রিয়ক্ষেত্রের উপর প্রবৃত্তির পূর্ণ অধিকার।

সেই জন্ম যৌগিক কথায় মনুষ্যদেহকেই কুরুক্ষেত্র বলে।

বস্তুতঃ মনুস্থান্ত্রদয় ভগবানের লীলা ভূমি—জীবাত্মা ও পরমাত্মার পূর্ণ মিলনের হিরণ্ময় মন্দির—বিরাট্ জগতের একটা আদর্শ ক্ষেত্র। বিরাটে যাহা আছে, মনুস্থাদেহে তাহাই পূর্ণরূপে প্রতিফলিত। মাতৃশক্তির প্রত্যেক ক্ষুরণ, প্রত্যেক ক্ষার মনুস্থা-হদয়ে ক্ষুরিত হয়। ফটোযয়ের ক্ষুত্র কাচখণ্ডে যেমন বিশাল আকাশের ছায়া পড়ে, তেমনই বিশাল জগতের প্রতিচ্ছায়া মনুষ্য-হদয়ে প্রচিত্রিত। লক্ষ লক্ষ ক্রোশ বিস্তৃত্ত বিশাল প্র্যা যেমন আমাদের চক্ষে একখানি ক্ষুত্র প্রতিচ্চার মত প্রতিচ্লাক্ত হয় তেমনই ভূঃ, ভ্বঃ, ষঃ আদি সপ্রকাশে মনুষ্যহদয়ে প্রতিবিশ্বিত।

यिष् कीवमात्वत्रहे क्षत्रत्कव अव्निम छेट्डिक्ट व्य, किन्छ मञ्चक्रक्तहरे

তাহার পূর্ণ বিকাশ। অফাফ জীব-দেহে ইন্দ্রিয়সকল পূর্ণভাবে অভিব্যক্ত নহে বলিয়া ইন্দ্রিয়ের উত্তেজনাও পূর্ণভাবে হইতে পায় না।

পাঠক। এ কুকক্ষেত্র যদি বুঝিতে চাও, তবে একবার স্থিরচিত্তে নয়ন মুদিত করিয়া উপবিষ্ট হও। ভাব – এক বিশাল আকাশ বাতীত আর কিছুই নাই। উদ্ধে, নিমে, সম্মুখে, পশ্চাতে, পার্শে, চারি ধারে যত দূর দৃষ্টি চলে. তোমার কল্পনার চক্ষু যত দূর তোমায় দেখাইতে পারে, ভাব-কিছুই নাই, কেবল শৃত্য! শৃত্য! শৃত্য! অনস্ত অফুরস্থ আকাশ অনস্ত দিকে বিস্তৃত, আর কিছুই নাই! পৃথিবা, জল, হল, বৃক্ষ, পশু, পক্ষী, মনুষ্য কিছুই নাই কেবল শৃক্ত, শৃক্ত — আর সেই শৃক্তে তুমি ভাসমান। আকাশে যেমন কপোতাদি উদ্ভিতে উদ্ভিতে এক একবার বায়ু-সমুদ্রের উপর ভর দিয়া হির হইয়া থাকে, মন্দ্রোতের তৃণের মত যেমন সে পক্ষী বায়ু-সমুদ্রের উপর ভাসিতে ভাসিতে, ধীরে ধীরে যায়, মনে কর—ডুমিও তেমনই ঐ আকাশ-সমুদ্রে ভাসিতেছ। আর জলস্রোতের আন্দোলনে যেমন তৃণখণ্ড তালে তালে আন্দোলিত হয়. তেমনই তুমি সেই বিশাল আকাশ-সমুদ্রে তরঙ্গে তরঙ্গে আন্দোলিত। যদি একবার এই ভাবে শৃত্য কল্পনা করিয়া, কল্পনায় শৃত্যে উপবেশন করিয়া, মন হইতে ভাবতরঙ্গরাশি মুছিয়া ফেলিতে পার, তবে দেখিবে—তোমার চিদাকাশে বিরাট জগতের ছায়া পড়িয়াছে। স্থির জলে চন্দ্রসূর্য্যের প্রতিবিম্বের মত তোমার চিদাকাশ ভূঃ, ভুবঃ আদি সপ্তলোকের প্রতিবিম্বে বিদ্বিত।

দেখিবে, তোমারই হৃদয়াভ্যস্তরে ব্রহ্মা বিফ্, মহেশ্বরাদি দেবতা যোগাসনে বিসয়া, মায়ের অনস্ত বিশাল বিরাট শক্তিতে সংযুক্ত হইয়া, স্ষষ্টি-স্থিতি-লয়াদি মাতৃকার্য্য সম্পাদন করিতেছেন—সব যোগে মগ। বিরাটে যেমন সূর্য্য, চন্দ্র, তারকা ফুটিয়া উঠিতেছে, আবার নিভিয়া যাইতেছে, ভোমার হৃদয়েও তেমনই জ্যোতির ফুরণসকল উঠিতেছে, থাকিতেছে, মিলাইয়া যাইতেছে। তারহীন বার্তাবহ যন্ত্র যেমন ঈথার বা ব্যোম-সমুজের তরঙ্গে আন্দোলিত হয়, তেমনই ভোমার মনোময় ক্ষেত্র বিরাট শক্তি ফুরণের তালে তালে আন্দোলিত হইতেছে। তোমার মনোময় ক্ষেত্রের ঐ সমস্ত তরঙ্গ আন্দোলনের নামই মানসিক বৃত্তি। ঐ তরঙ্গ-স্পন্দনসকল চক্ষু, কর্ণ, নাসিকাকারে প্রস্তুত্ত কর্ম ছাড়িয়া থাকিতে পারে মা। সেই জ্যে দেহকেই শান্ত ক্ষেত্রের বিরাট উল্লেখ করিয়াছেম।

সমবেতা যুষ্ৎসবঃ মামকাঃ পাগুৰাকৈব -

যুদ্ধেচ্ছু হইয়া সমাগত। মামকা:—অর্থাৎ প্রবৃত্তিপক্ষ এবং পাণ্ডবা: অর্থাৎ নিবৃত্তিপক্ষ। প্রবৃত্তিপক্ষ অর্থে—বিকর্ধনীশক্তি যাহা পূর্ব্বে বলিয়াছি। পাণ্ডবা:— নিবৃত্তিপক্ষ, আকর্ধনীশক্তি।

পূর্বে যে প্রণব বা আকর্ষণীশক্তির কথা বলিয়াছি, তাহাই নিবৃত্তি বা আত্মভিমুখী मिक्ति । প্রবৃত্তি বা বহিশ্বখী চাঞ্চলাঁ বিগত হইলেই উহা সম্যক্ভাবে প্রকাশ পায় । সেই শক্তির দারাই জীব পুনরায় শক্তিময়ী মায়ের আমার চরণে যুক্ত হয়। সেই জক্ত উহাকে জীবের আত্মশক্তি বলে। এ বিকর্ষণীশক্তি বা প্রবৃত্তি বা জীবভাবীয় স্বস্তা-বোধ যত দিন প্রবল থাকে, তত দিন জীব আত্মরাজ্যের প্রতিষ্ঠা করিতে পারে না। জীবাত্মা আত্মরাজ্য প্রতিষ্ঠা বা মাতৃ-অঙ্কে যুক্ত হইবার আকাজকায় চেষ্টিত থাকে, মায়ের অঙ্কে উঠিবার জন্ম লালায়িত হইয়া অহর্নিশ বিকর্ধনীশক্তিকে উক্তেদিত कतिराज প্রায়াস পায়। প্রবৃত্তির ছলনার মোহে মুগ্ধ হইয়া সময়ে সময়ে জীবকে নিশ্চেষ্ট বলিয়া মনে হয় সত্য, কিন্তু জীবের অন্তরে অন্তরে অহর্নিশ পূর্ণমিলনের প্রবল আশা উদ্দীপিত থাকে। পাণ্ডবের নির্ব্বাসন বা অজ্ঞাতবাস ফুরাইলে আবার জীবাত্মার আত্মশক্তি কুরিত হইয়া উঠিয়া প্রবৃত্তিকে ধ্বংস করিতে প্রয়াস পায়। সাধারণ মমুষ্য পাণ্ডবের নির্বাসিত অবস্থার মত প্রবৃত্তির দারা আত্মরাজ্য হইতে নির্বাসিত হইয়া আছে। তদপেক্ষা যাঁহারা ঈষৎ উন্নত, তাঁহারা নির্বাসন অবস্থা হঁইতে অজ্ঞাতবাস অবস্থায় আসিয়া পৌছিয়াছেন অর্থাৎ নিত্যানিত্য-বিবেক হইয়াছে, কিন্তু নিত্য আশ্বসত্তা তখনও উপলক হয় নাই—অজ্ঞাতই আছে। ধাঁহারা তাঁহাদিগের অপেকা উন্নত, তাঁহাদিগের হৃদয়ক্ষেত্রে সমরায়োজন স্চিত হইয়াছে। এই অবস্থায় জ্ঞানতঃ যোগের স্থচনা হয়।

পূর্বেব বলিয়াছি, আকর্ষণীশক্তি, প্রণব, নিবৃত্তি, এ সমস্ত একই কথা। এ আত্মণক্তি শরীরস্থ পঞ্চ কোষে পাঁচ ভাগে বিভক্ত। তাহাদিগকে সাধারণ কথায় পঞ্চ প্রাণ বলে। পঞ্চ পাশুব এই পঞ্চ প্রাণ; তদ্মধ্যে যে অংশটুকুর নাম প্রাণ, জীবের আত্মশক্তি তাহাতেই পূর্ণভাবে বিরাজিত। এই জন্ম জীবাত্মাকেই অর্জুন বলিয়া উল্লেখ করা হইয়াছে।

বস্তুতঃ, প্রবৃত্তি ও নিবৃত্তির সংগ্রাম অর্থে—গ্রাণ বা হৃদয় ও মনের সংগ্রাম। প্রাণপ্রতিষ্ঠাই এ সমরের উদ্দেশ্য। হায় । এখনও গৃহে গৃহে প্রতিমা আসে—এখ-নও গৃহে গৃহে দেখিতে পাই—মাতৃপূজার আয়ে।জন হৃদ্ধ, এখনও গৃহে গৃহে মায়ের মঙ্গল-ঘট সংস্থাপিত হয়, এখনও গৃহে গৃহে "মা মা" রবে সকরুণ ভক্তির উচ্ছাস ফুটিয়া উঠিতে শুনিতে পাই, গৃহে গৃহে কোথাও দশভূজা—কোথাও চতুর্ভূজা—কোথাও দিছবাহনে—কোথাও শবাসনে—কোথাও পদ্মাসনে মায়ের আমার প্রতিমা নির্মাণ করিয়া মাতৃদর্শনাকুল সন্তান মাকে এখনও দেখিতে প্রয়াস পায়। কিন্তু মায়ের প্রাণপ্রতিষ্ঠা হয় কি ? সাধক আত্মপ্রাণ প্রতিষ্ঠা করিতে না পারিলে, প্রতিমায় প্রাণপ্রতিষ্ঠা করিতে পারে না। প্রাণপ্রতিষ্ঠা না হইলে, মা প্রতিমাতে ফুটিয়া উঠিয়া দেখা দিতে পারেন না, আহুতা হইয়াও অনাহুতার মত দার হইতে মা আমার ফিরিয়া যান। কিন্তু সে অন্য কথা—

পূর্ব্বে বলিয়াছি, সাধারণতঃ জীব নির্ব্বাসিত অবস্থায় থাকে, অর্থাৎ তাহার চিং বা চৈতক্সরাজ্যের উপর মনের আধিপত্য থাকে। প্রাণশক্তি অরণ্যে অজ্ঞাত-বাসে অবস্থান করে। যোগ অবস্থার স্কুচনা হইলে জীব, মনকে—বহিন্মুখী গতিকে চৈতক্সরাজ্য হইতে দ্রীকৃত করিয়া, আত্মশক্তিকে বা প্রাণশক্তিকে চৈতক্স-রাজ্যে অধিষ্ঠিত করিবার প্রয়াস পায়।

আবার বলি, প্রণব বা আকর্ষণীশক্তি বা প্রাণশক্তির সমুত্রে জীব মগ্ন হইয়া আছে। জীবের সংস্থার সে প্রাণশক্তিপ্রোতকে অবরুদ্ধ করিয়া, সে শক্তিকে বিক্ষিপ্ত করিয়া দেয়, ভিতরে প্রবেশ করিতে দেয় না। কিন্তু জীবের সংস্থারের আবরণের ভিতর নিজের প্রাণশক্তিটুকু আছে, সেইটুকু ঐ বিরাই প্রাণশক্তিকে আকর্ষণ করিতে প্রয়াস পায়। মন বা প্রবৃত্তিপক্ষ মধ্যে থাকিয়া তাহা করিতে দেয় না। বিরাই প্রাণশক্তির আঘাতে ক্ষুক্ত হইয়া মানসিক হত্তির আকারে মন ফুলিয়া উঠে এবং নিজে বিরাই জগংকে উপভোগ করে। এই জৈব মনের অবরোধ ভাঙ্গিয়া, জীবরূপ ক্ষুদ্র ব্লহ্বাণ্ডের প্রাণশক্তিকে বিরাই বিশ্বজ্ঞননীর প্রাণশক্তিতে মিলিত করিবার চেষ্টার নামই কুরুপাণ্ডব-সমর।

কিমকুৰ্বত সঞ্জয়—

জীবাত্মা এই যোগ-সংগ্রামের স্ট্রচনা হইতে আরম্ভ করিয়া, বিষাদ আদি নানা ভাব বা যোগের স্তরের ভিতর দিয়া শেষ যখন বিরাট বিশ্বশতিকে দেখিয়া কৃতকৃতার্থ হয়, যখন দেখে—বিশাল ব্রহ্মাণ্ডের অণু প্রমাণু সে বিরাট কেন্দ্রের দিকে ছুটিতেছে, সমস্ত উপাধি ভাঙ্গিয়া লয় গ্রাপ্ত হইয়া এক বিরাট শক্তিতে মিলাইয়া যাইতেছে, দেখিয়া যখন তাহার সমস্ত সন্দেহ মিটিয়া যায়, তাহার প্রাণের আকুল পিশাসা যখন পূর্ণ পরিতৃপ্ত হয়, অপূর্বে জ্যোতির দিগ্দিগস্কব্যাপী

প্রস্রবণ দর্শনে যখন সে অগাধ শুষ্পির মত পূর্ণ শাস্তি প্রাপ্ত হয়, তখন তাহার প্রবৃত্তি প্রজ্ঞাকে সে অপূর্ব্ব দর্শনের ব্যাপার জিজ্ঞাসা করে; অর্থাৎ যোগস্থ হইয়া বিশ্বরূপ দর্শনের পর, জীবাত্মা যখন আবার জীবভাবে ফিরিয়া আসে, তখন সে দর্শনের যে ঈষৎ আভাস শ্বৃতিরূপে বর্ত্তমান থাকে, অন্ধ প্রবৃত্তি সেইটুকু শুনিবার জন্ম ইচ্ছুক হয়। যোগাবস্থার পর জীব মনে মনে আবার সেই বিষয়ে আন্দোলন করে। তার প্রবৃত্তি যেন প্রশ্ন 'করে এবং শ্বৃতি যেন সে দর্শনের আভাসটুকু সবিস্তারে বর্ণনা করিতে থাকে। প্রথম শ্লোকের ইহাই মর্ম্মার্থ।

এই অবধি যাহা বলিলাম, তাহার সারাংশটুকু আবার একবার বর্ণনা করিতেছি। কেন না, বিষয় বড় জটিল। প্রথমের এই স্কুচনাটুকু উত্তমরূপে হৃদয়ঙ্গম করিতে না পারিলে, গীতার ভিতর কেন্ধ্ন প্রবেশ করিতে পারিবেন না।

কুরুপাণ্ডব-সমর অর্থে মন ও প্রাণের সংগ্রাম ব্ঝায়। মন ও প্রাণ, এ হটী বস্তুতঃ ভিন্ন ভিন্ন শক্তি নহে, প্রাণশক্তির বহিন্দুখী অবিভারপ জীব-সংস্কারের সঙ্কর-বিকরায়ক কর্মমর গতিকেই মন বলিতেছি। প্রণব, আকর্ষণীশক্তি ও প্রাণশক্তি যেমন একই কথা, সেইরূপ সেই প্রণব বা আকর্ষণীশক্তি বা প্রাণশক্তি জীবের সংস্কোরাচ্ছন্ন হৃদয়ে প্রতিরোধ পাইয়া বহিন্দুখী যে গতি প্রাপ্ত হয়, ভাহারই নাম বিকর্ষণীশক্তি, বিক্লেপশক্তি, প্রগৃত্তি বা মন। এ কথা পুর্বের সবিস্তারে বলিয়াছি।

যথন কেহ যোগস্থ হইয়া ভগবানে যুক্ত হইতে প্রয়াস পায় মর্থাৎ চৈতক্সরাক্ষ্যে প্রাণশক্তির প্রতিষ্ঠা করিতে ইচ্ছুক হয়, তথন ডাহাকে মনেব সহিত সংগ্রাম করিয়া, তাহাকে উচ্ছেদিত করিতে পারিলে, তবে সে নিজ প্রাণপ্রতিষ্ঠায় কৃতকার্য্য হইতে পারে। এই প্রাণপ্রতিষ্ঠার নামই কুরুপাগুবের সমরে কৌরবের সংহার এবং পাগুবের রাজ্যপ্রতিষ্ঠা।

প্রাণশক্তি অর্থে এখানে কেহ বায়ু মনে করিবেন না। চৈত্রস্থানজ্বির অন্তর্মুখী গতির নামই এখানে প্রাণশক্তি।

তাহা হইলে মোটের উপর পাইলে কি ? তুমি একটি জীব, মায়ের আমার বিশাল শক্তিক্ষেত্রের বা ধর্মক্ষেত্রের মধ্যে অধিষ্ঠিত। তুমি জীবাল্পা বা বিশাল মাতৃশক্তির একটা ক্ষুদ্র সংস্থারাচ্ছন্ন অংশ নির্বাসিত পাণ্ডবের মত প্রবৃত্তির ছলনায় আত্মরাজ্য হইতে বঞ্চিত। তোমার যথার্থ স্বরূপে তুমি প্রকাশ হইতে পারিতেছ না। ইন্দ্রিয়রাশিসমন্তি মন তোমার চৈতক্সরাজ্যে প্রতিষ্ঠিত। মা তোমায় ডাকিতেছেন; বিশক্তননী মা আমার প্রণবরূপ, অমৃতময় স্নেহসন্তাবণে অহর্নিশ তোমায় ডাকিতেছেন। কিন্তু সে মাতৃআহ্বান তোমার প্রবৃত্তি ও মন কর্তৃক বিক্ষিপ্ত হইয়া, জগদাকারে সাজিয়া, অনাত্ম জগদ্ভাণ গ্রহণ করিয়া, তোমার চক্ষে প্রতিফলিত হইতেছে। মায়ের আমার স্নেহময় সন্তাষণ, জড় ফল ফুল, বৃক্ষ লতা, চন্দ্র সূর্য্য ইত্যাদিরূপে তোমার হৃদয়ে প্রতিফলিত হইতেছে।

বস্তুতঃ জড় বা অনাত্ম স্বতন্ত্র জগৎ বলিয়া কিছু নাই, ব্রহ্মাণ্ড বলিয়াও কিছু নাই, এ সমস্ত বিরাটেরই কল্পনামূর্ত্তি। সেই কল্পনায় মুগ্ধ হইয়া, মাতৃ-অংশরপ আমরা যখন মাকে হারাইয়া ফেলি, তখন হইতে এ বিরাট ব্রহ্মাণ্ডের প্রত্যেক পরমাণু অর্থাৎ আমরা "মা মা" করিয়া কাঁদিতে থাকি, আর তাহার প্রত্যুত্তরম্বরূপ মা আমার প্রণবাকারে উত্তর দেন,আমরা বুঝিতে পারি না—আমরা মায়ের সে উত্তর জনতে পাই না,—মায়ের সে আহ্বান আমাদের শ্রবণকুহরে আসিয়া পৌছায় না। তাই মা আমার নানাপ্রকারে আহ্বান করেন—যাহাতে শুনিতে পাই, এমনই করিয়া সে আহ্বানকে আমাদের ইন্দ্রিয়গ্রাহ্তরূপে পরিণত করিয়া, ফল ফুল আদি নানা সাজে সাজাইয়া, আমাদের প্রাণের ভিতর সে আহ্বানের তরঙ্গ ফুটাইয়া তুলিতে প্রয়াস পান।

তোমার প্রাণ প্রত্যেক পদার্থের উপর ছুটিতেছে, প্রত্যেক পদার্থের উপর চলিয়া পড়িতেছে, মায়ের আহ্বানবাণীর আকর্ষণে প্রত্যেক পদার্থে মাকে অন্বেষণ করিতেছে, কিন্তু তোমার মন মাতৃ-আহ্বান বলিয়া পদার্থনিচয়কে চিনিতে দিতেছে না; সে মাতৃ-আহ্বানের উপর মাত্র ফল, ফুল, রক্ষ, স্ত্রী, পুত্র ইত্যাদি নানারূপ ঐক্রজালিক ছদ্মবেশ পরাইয়া তোমার চক্ষে প্রতিফলিত করাইতেছে। অমে পতিত হইয়া তোমার প্রাণ ব্বিতেছে—উহা মায়ের ডাক নহে, উহা ফল ফুল, স্ত্রী পুত্র ইত্যাদি স্বতন্ত্র স্বতন্ত্র অনাস্থ বস্তা।

ঐ যে একটা স্থলর ফুল দেখিয়া তোমার চিত্ত মুগ্ধ হইল, তুমি অশেষ প্রকার যত্তে ফুলটা সংগ্রহ করিতে লাগিলে, যেন ঐ ফুল ছাড়া আর জগতে তোমার কোনও প্রিয় বস্তু নাই। এমনই ভাবে কিছু দিন সেই ফুল উপভোগ করিলে; তারপর দেখিলাম, আর সে ফুলের জন্ম তোমার স্পাহা নাই।

কেন এমন হইল ? যথার্থ তোমার প্রাণ কি ফুলটা দেখিয়া মুগ্ধ হইয়াছিল ? ভবে যে ফুল পাইতে একদিন তুমি প্রাণ পর্যান্ত পণ করিয়াছিলে, আজ আর ডোমার কাছে তাহার আদর নাই কেন ? তাহার সে আকর্ষণ কোথায় গেল ? ডোমার প্রাণকে আর কেন সে আকৃষ্ট করিতে পারে না ?—তাহা নহে। তোমার প্রাণ নৃতন কুল দেখিয়া মুগ্ধ হয় নাই। মাতৃ-অবেষী মৃগিশিশুর মত তোমার প্রাণ মাকে অহর্নিশ অবেষণ করিতেছে। মায়ের অমৃত্তময় আহ্বানধ্বনি চারি ধার হইতে তোমার প্রাণকে টানিতেছে। চারি ধারে তোমার প্রাণ মাতৃ-অকে উঠিবার জফ্র "মা" "মা" করিয়া ছুটিতেছে। মাতৃ-চরপ্লাভরূপ রাজ্য প্রতিষ্ঠার জফ্র তোমার প্রাণ চমকিতভাবে অহর্নিশ অপেক্ষা করিতেছে। যখনই কোন নৃতন বস্তু তোমার ইক্রিয় আনিয়া তোমার প্রাণে উপস্থিত করে, অমনই তোমার প্রাণ 'ঐ বুঝি মায়ের আহ্বান' বলিয়া, তাহার উপর ঝাঁপাইয়া পড়ে। কিন্তু হায়! তোমার প্রাণ যে মনের দ্বারা আচ্ছাদিত! সে আচ্ছাদন সে জিনিষটাকে মাতৃ-আহ্বান বলিয়া চিনিতে দেয় না। সে তাহার সংস্কার বা অজ্ঞানামুন্যায়ী সেটাকে অচিৎ জড় ফুল বলিয়া তোমার প্রাণের চক্ষে প্রতিফলিত করে। মনরপ আচ্ছাদনটী অনাত্মজানরপ আর একটী আচ্ছাদন ক্ষিত্তত করিয়া তোমার প্রাণের চক্ষের উপর একটী স্থৃদৃঢ় আবরণ ফেলিয়া দেয়। আর তুমি মাতৃ-আহ্বান বলিয়া সেটাকে চিনিতে পার না। তোমার প্রাণ, 'তবে বুঝি ইহা মাতৃ-আহ্বান নহে' বলিয়া,সে দিক্ হইতে ঘুরিয়া দাঁড়ায়। সাধারণ লোকে দেখে—ফুলের উপর আর তোমার স্পৃহা নাই, ফুল নৃতনম্ব হারাইয়া তোমার চক্ষে পুরাতন হইয়া গিয়াছে।

এইরপে মনের দারা প্রত্যেক পদার্থে তোমরা প্রবিণ্ড হইতেছ। যেখানে ন্তন, যেখানে মনের দারা তোমার চক্ষু অন্ধ নহে, সেইখানেই তোমার প্রাণ ছুটিতেছে—সেইখানেই তোমার ক্ষুধার্ত প্রাণ মাতৃ-স্তনধারা পান করিবার জক্ষ ঝাঁপাইয়া পড়িতেছে। কিন্তু হায়! গোপাল যেমন গোবংসের মুখে জাল পরাইয়া ছাড়িয়া দেয়, তেমনই ভাবে ভোমার প্রাণ মনের দারা আরত। তুমি সে ন্তন পদার্থটি নাড়িয়া চাড়িয়া, কিছু দিন তাহাতে মাতৃঅনুসন্ধান করিয়া, তারপর নিরাশচিত্তে তোমার মন কর্তৃক প্রবিণ্ডিত হইয়া ফিরিয়া পড়, আর ভাহাতে তোমার স্পৃহা থাকে না।

তন। তান। জীব। ঐ মা আমার তোমায় ডাকিতেছেন। যাহা দেখিতেছ—
যাহা তানিতেছ—যাহা আস্বাদন করিতেছ—যাহা কিছু ইব্রিয়ের দারা উপভোগ
করিতেছ, সে সমস্ত আর কিছুই নহে, আনন্দময়ী মায়ের আমার স্বেহময় আহ্বান।
বিকারাছের সন্তানকে তাহার মন অনুযায়ী প্রিয় জিনিষের নাম করিয়া, শ্যাপার্শে
অনিমিষ লোচনে বসিয়া, মা যেমন বলেন, "বংস। একবার চাহিয়া দেখ। ডোমার
প্রিয় বস্তু আনিয়াছি, একবার—একবার মা বলিয়া আমায় সন্তাধণ কর," কিয়া

প্রিয় জিনিষের নাম করিয়া, যেমন তাহাকে ঔষধ পান করান, তেমনই ভাবে তোমার মন অনুযায়ী অনাশ্ববিলাস ধরিয়া মা তোমায় ডাকিতেছেন, জ্ঞানৌষধ পান করাইতেছেন। শুন! দেখ! চন্দ্র—চন্দ্র নহে,—মাতৃআহ্বান, স্থ্য—স্থ্য নহে,—মাতৃ-আহ্বান, জগং—জগং নহে,—মাতৃ-আহ্বান। মাতা পিতা, দ্বী পুত্র — মাতা-পিতা-দ্বী-পুত্র মাত্র নহে—মাতৃ-আহ্বান। ঈর্ষা—ঈর্ষা নহে—মাতৃ-আহ্বান, ভালবাসা—ভালবাসা নহে, মাতৃ-আহ্বান, করুণা—করুণা নহে—মাতৃ-আহ্বান, স্নেহ—স্নেহ নহে—মাতৃ-আহ্বান, হিংসা—হিংসা নহে—মাতৃ-আহ্বান। অনন্ত দিক্ হইতে অনন্তরূপে মা তোমায় ডাকিতেছেন—অনন্ত দিক্ হইতে সে আহ্বানের সঙ্গে প্রাণশক্তিরূপ স্তনধারা ঢালিয়া দিতেছেন। মাতৃ-অন্থেষী শিশু! মায়ের আমার রক্তচরণে কে শির লুটাইতে চাহ—ছুটিয়া আইস! মাতৃস্তনধারা কে পান করিতে চাহ—ছুটিয়া আইস! মাতৃস্তনধারা কে পান

কিন্তু মন তোমায় সে আহ্বান শুনিতে দিতেছে না—মন তোমায় সে আহ্বানের অমৃতময় আশ্বাদন হইতে প্রবঞ্চিত করিয়া রাখিয়াছে—মন সে আহ্বানকে নিজ ইচ্ছান্ত্র্যায়ী উপভোগ করিতেছে; তোমাকে স্ট্যপ্রতি দিতেছে না। ঐ মনকে দমিত কর—মনের বিপক্ষে সমর ঘোষণা কর; তুমি জয়ী হইবে। মায়ের বিশ্বরূপ দর্শনে কুতার্থ হইবে।

তখন তোমার অন্ধপ্রবৃত্তি তোমার সঞ্চিত জ্ঞান বা স্মৃতিকে সাগ্রহে অথচ বিষয়চিতে, বিষাদে অথচ সবিস্ময়ে জিজ্ঞাসা করিবে,—

> ধর্মক্ষেত্রে কৃকক্ষেত্রে সমবেতা যৃষ্ৎসবঃ। মামকাঃ পাগুবালৈচব কিমকুর্বতে সঞ্চয়॥

রণস্থলের সংবাদ বল ত ? আত্মপ্রতিষ্ঠালাভের জন্ম পাগুবরূপ প্রাণশক্তি, আমার পুত্র হুর্য্যোধনাদির বিপক্ষে যে সংগ্রাম সূচনা করিয়া, দেহরূপ কুরুক্ষেত্রে সমবেত হইল—হইয়া করিল কি ? প্রাণ যখন যোগস্থ হইবার জন্ম চেষ্টা করিল, এবং মন তাহাতে বিশ্ব প্রদানে অগ্রসর হইল, তখন উভয় পক্ষের মধ্যে কি ঘটিল ? দেহরূপ কুরুক্ষেত্ররণাঙ্গনে পঞ্চ প্রাণরূপ পঞ্চ পাগুবই বা কি করিল, এবং মনরূপ হুর্য্যোধনই বা কি করিয়াছিল ?

এখানে আবার বলি, কেছ যেন মনে না করেন, গীতা পুরাণের রূপকচ্ছলে লিখিত একটা যোগবিজ্ঞান মাত্র; বস্তুতঃ বুঝি কুরুপাণ্ডবযুদ্ধের কোন ঐতিহাসিক ভিত্তি নাই। কুঞ্পাণ্ডবসংগ্রাম একটা সম্পূর্ণ সত্য ঐতিহাসিক ঘটনা। শুধু সভ্য নহে, একটি চিরসভ্য, সনাতন, ঐশবিক নিয়ম, আদর্শ ঐতিহাসিক ঘটনারূপে সংঘটিত হইয়াছিল। ভগবান্ প্রভাবে জীবকে মুজির দিকে লইয়া যাইবার জম্ম তাহার হৃদয়ক্ষেত্রে অবতীর্ণ হইয়া, জীবাস্থার সার্থ্য স্থীকার করিয়া যেমন তাহাকে লইয়া যান. তেমনই ভাবে তিনি কুরুক্ষেত্ররণাঙ্গনে অবতীর্ণ হইয়া, অর্জুনের সার্থ্য স্থীকার করিয়া, পাণ্ডবপক্ষকে কৃতকৃতার্থ করিয়াছিলেন। কুরুপাণ্ডব-সমর কল্পনা নহে। পাঠককে ভূমিকা দেখিতে অনুরোধ করি।

একটা জীব যে এশবিক নিয়মে মুক্ত হয়, সমগ্র ব্রহ্মাণ্ড সেই একই নিয়মে মুক্তিলাভ করে। শুধু তাহা নহে, জীবের প্রত্যেক কার্য্যটি বিশ্লেষণ করিয়া দেখিলে, চক্ষুমান্ ব্যক্তি তাহার ভিতর সেই একই নিয়মপ্রবাহ দেখিতে পান। কুরুক্তেত্রেও সেই নিয়ম ঐতিহাসিক ঘটনারূপে ফুটিয়া উঠিয়াছিল।

সঞ্জয় উবাচ। গুৰানীকং বাঢ়ং দুৰ্যোধ

দৃক্ত্। তু পাগুৰানীকং বৃঢ়েং ছুর্য্যোধনস্তদা। আচার্যামুপদঙ্গম্য রাজা বচনমত্ত্রবীৎ॥ ২

সঞ্চয় কহিলেন,—তথন রাজ। ছুর্য্যোধন পাগুবগণকে ব্যহিত দেখিয়া, আচার্য্যের নিকট গমন করিয়া কহিলেন।

Uttarpara Jaik ishna Public Library হর্যোধন— Acon, No................. Date

যাহার সহিত যুদ্ধ করা ত্ঃসাধ্য, তাহাকে তুর্ঘ্যোধন বলে। তুর্ঘ্যোধন অর্থে

—মন। মনকে জয় করার মত ত্ঃসাধ্য কর্মা নাই বলিলেও অত্যুক্তি হয় না।
রণক্ষেত্রে একজন বীর শত শস্ত্রধারীকে পরাজিত করিতে পারে, সেরপ বীরকাহিনীতে মনুয়ের ইতিহাস পরিপূর্ণ; কিন্তু মনকে জয় করিয়াছে, এরপ বীরের
পরিচয় অতি অল্লই শুনিতে পাওয়া যায়। জগতের সর্ববর্কম অপেক্ষা মনোজয়ই
সমধিক ত্ররহ। মনের শরীর লৌহময়। এবং জীবের হদয়ক্ষেত্রে মনরপ
ত্র্যোধনেরই একাধিপত্য। এই মন বা ত্র্যোধনকে মারিবার একটা মাত্র
কৌশল আছে। সে কৌশল—তাহার উক্তভঙ্গ করা বা চলচ্ছক্তি রহিত করা।
ত্র্যোধনের উক্তভঙ্গই ভারতমুদ্ধের অবসান ইইয়াছিল। মনের চলচ্ছক্তি রোধ
করিতে পারিলেই জীবের হাদয়রপ কর্মক্ষেত্রের মহামুদ্ধের অবসান হয়।

ত্র্যাের প্রার্থিকের জীবের হাদয়রপ কর্মক্ষেত্রের মহামুদ্ধের অবসান হয়।

ত্র্যাের প্রার্থিকের জীবের হাদয়রপ কর্মক্ষেত্রের মহামুদ্ধের অবসান হয়।

ত্র্যাের ক্রমিলার জীবের হাদয়রপ কর্মক্ষেত্রের মহামুদ্ধের অবসান হয়।

বস্তুতঃ মনের মত চঞ্চল আর কিছুই নহে। মনের চঞ্চলতা যত দিন না রোধ হয়, যত দিন না মন ভগ্নপদ হইয়া চলচ্ছক্তিহীনভাবে হৃদয়ক্ষেত্রে নিস্তেজ হইয়া পড়িয়া থাকে, তত দিন পাণ্ডবের বা প্রাণশক্তির সমরবিজয় সম্পূর্ণরূপে সংসাধিত হয় না। মন যত দিন না স্থির হয়, তত দিন জীবের আত্মপ্রতিষ্ঠা স্থানুরপরাহত। মন স্থির হইলে বা মনকে ভগ্নপদ করিতে পারিলে, আপনা হইতেই সে মৃত্যুমুখে পতিত হয়। লোহময় মনের মৃহ্যু—চরণে! উর্ক ভাঙ্গিতে না পারিলে, মন মরে না। মনকে মারিতে হইলে, তাহার উরুদেশ বা তাহার গতিশক্তির উপর আঘাত করিতে হয়।

চঞ্চলতাই মনের জীবন। ঐ চঞ্চলতা যতক্ষণ না রোধ হয়, ততক্ষণই কুরুক্ষেত্র-সংগ্রাম। সাধনার পথে অগ্রসর হইতে হইলে, সর্বপ্রথম সাধকের ইন্থাশক্তিকে মনের গতি রোধ করিবার জম্ম দৃঢ় প্রতিজ্ঞায় বন্ধ করিতে হয়। লাঞ্ছিতা জৌপদী রাজসভায় হুর্যোধনের উরুভক্ষের জম্ম ভীমকে প্রতিজ্ঞাপাশে বন্ধ করিয়াছিলেন। ভীম—উদাননামক কণ্ঠস্থ উদ্ধাভিমুখী প্রাণশক্তি। এই কণ্ঠস্থ প্রাণশক্তির জপরূপ গদা বা অস্ত্রের আঘাতে মনরূপ হুর্যোধনের উরুভাঙ্গিতে পারিলে তবে হুর্যোধনরূপ মন মৃত্যুমুধে পতিত হয়।

সাধক। যদি আত্মপ্রতিষ্ঠা লাভ করিতে চাহ, তবে যেন তোমার ইচ্ছা-শক্তিরপ জৌপদীর উত্তেজনায় কঠম উদাননামক প্রাণাংশ, জপরূপ গদাঘাতে মনকে ভগ্নোক্র করিবার জন্ম প্রতিজ্ঞাপাশে বদ্ধ হয়। সমরস্থানার পূর্বে মনের উক্লভঙ্গের জন্ম দৃঢ়প্রতিজ্ঞ হও। কিন্তু জপরহন্ম পরে বলিব।

পাণ্ডবানীকং ব্যুঢ়ং দৃষ্ট্বা —

পাশুবদৈক্তদিগকে বৃাহিত দেখিয়া।

পূর্ব্বে বলিয়াছি, আমাদিগের প্রাণশক্তি পঞ্চ কোষে পাঁচ ভাগে বিভক্ত—সেই পঞ্চ প্রাণকেই বা প্রাণের অংশকেই পঞ্চ পাণ্ডব বলে। যুধিন্তির, ভীম, অর্জুন, নকুল, সহদেব, পাণ্ডবেরা যেমন এই পাঁচ নামে পরিচিত, তেমনই আমাদের প্রাণশক্তির পাঁচ বিভাগকেও যথাক্রমে ব্যান, উদান, প্রাণ, সমান ও অপান নাম দাও। অপান ও সমান নামক অংশবয়কে অশ্বিনীকুমার্ব্বয় বা নকুল সহদেব বলিয়া অভিহিত কর। প্রাণ নামক হৃদয়স্থ অংশ অর্জুন, উদান নামক কণ্ঠস্থ অংশ ভীম, এবং ললাটকেক্সস্থ ব্যান নামক অংশের নাম যুধিন্তির।

সাধারণ কথায় ব্যান, উদান, প্রাণ, সমান ও অপান নামক পঞ্চ বায়ু বা মহ্যাদেহের পাঁচ প্রকারের স্নায়ুপ্রবাহকেই পঞ্চ প্রাণ বলা হয়। কিন্তু আমরা এখানে ঠিক সে ভাবে লইতেছি না। মুখ্য প্রাণশক্তির স্ক্ল হইতে স্কুল প্রকাশ অবধি অবস্থানবিভাগ লক্ষ্য করিতেছি। চিতিশক্তির গতিই প্রাণ এবং উহা প্রথম ব্যাপ্তি, পরে উর্দ্ধমুখী, পরে উর্দ্ধনিম্নাকারে প্রবহমান, পরে উর্দ্ধাধভাববিহীন আবর্ত্তন ও পরে নিম্নমুখী—এইরূপ ক্রিয়াশীলা থাকে; উহাই এখানে লক্ষ্য করিতেছি।

আমি পূর্ব্বে বলিয়াছি, সাধারণ মনুষ্মের প্রাণশক্তি নির্বাসিত অবস্থায় অবস্থান করে; অর্থাৎ অন্তররাজ্য হইতে মনের দ্বারা প্রবিশ্বত হইয়া শরীরের স্থূলাংশ অবলম্বন করিয়া থাকে। যত দিন সেই নির্বাসন অবস্থায় থাকে, অর্থাৎ যত দিন মনুষ্য যোগস্থ হইতে না পারে, তত দিন প্রাণশক্তিগুলি ঐ সাধারণ সায়ুপ্রবাহরূপে পরিচিত থাকে। এবং এই জ্মাই "কলির জীব—অন্নগতপ্রাণ" বলিয়া পরিচিত আছে। ব্যান বায়ুও সর্ব্বে শরীরে ব্যাপ্ত বলিয়া পরিচিত, কিন্তু সাধনাপথে অগ্রসর হইলে ঐ প্রাণশক্তিগুলি স্ব স্ব কেন্দ্রে পুনরধিকার লাভ করে। এবং ব্যান নামক অংশ ললাট-সিংহাসনে অধিষ্ঠিত হয়।

ক্ষিতি, অপ্. তেজ, মরুং, ব্যোম ও মন, এই ছয়টী তত্ত্বের মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপুর, অনাহত, বিশুদ্ধ ও আজ্ঞা, এই ছয়টী চক্র বা কর্মকেন্দ্র। শব্দ, স্পর্শ, রপ, রম, গদ্ধ, এই পঞ্চ তন্মাঞা লইয়া মন ললাটস্থ চক্রে বসিয়া, অর্থাৎ যুধিন্ঠিরের স্থায়া প্রাপ্য সিংহাসনে বসিয়া ভোগ করে। মন—মূলাধার ছাড়া অস্থান্থ পাঁচটী চক্র হইতে পঞ্চ প্রাণকে বহিঃশরীরে নির্বাসিত করিয়া দিয়া, আপনি উপভোগ করিতে থাকে। কেবল মূলাধারে প্রাণশক্তির অন্থ একটী অংশ স্বতঃ ক্রিয়াশীল থাকে। সেটীর নাম কর্ণ। কর্প—প্রাণশক্তিরই অংশ, পঞ্চ পাশুবেরই সহোদর; কিন্তু মনের পক্ষে থাকিয়া কার্য্য করে। প্রাণশক্তির এই একাংশের সহিত মনের সংগ্রতা না থাকিলে, মনের উপভোগদ্ধপ ক্রিয়া সাধিত হইতে পারিত না। সমগ্র অন্তর্বরাজ্যের মধ্যে মূলাধার নামক অঙ্গরাজ্যুকু প্রাণশক্তির একটী অংশ অধিকার করিয়া থাকে। এবং মনকে আত্মরাজ্য অধিকার করিয়া রাখিবার পক্ষে সহায়তা করে। মূলাধারকে অঙ্গরাজ্য বলিবার কারণ—জীবদিগের অঞ্চাদির উপর এই অংশ.সমধিক কার্য্যকারী।

কিন্ত আমাদিগের এ সমস্ত চিতিশক্তির বিভাময় ও অবিভাময় প্রকাশ বিশেষণের এখন তত প্রয়োজন নাই। সুলভাবে শুধু মন এবং প্রাণ, এই উভয় পক্ষ বুঝিয়া গেলেই গীতা বুঝিবার পক্ষে আমাদিগের যথেষ্ট হইতে পারে। তথু সাধকদিগের কৌভূহল নির্বত্তির জন্ম একটু আভাস দিলাম।

ঐ পঞ্চ প্রাণশক্তি বা পঞ্চ পাণ্ডব একমাত্র ক্রোপদীর বা ইচ্ছাশক্তির প্ররোচনাতেই আত্মরাজ্য ফিরিয়া পান। ক্রোপদী—জীবের উর্জ বা অন্তর্মুখী ইচ্ছাশক্তি। ক্রপদরাজার কন্যাকেই ক্রোপদী বলে। "ক্র" অর্থে উর্জ, পদ – গতি। উর্জমুখী গতির নামই ক্রপদ; এবং তৎকন্যা উর্জ বা অন্তর্মুখী ইচ্ছাশক্তির নাম ক্রোপদী।

জীব উন্নতিলাভের জন্ম প্রয়াসী হইলে দ্রুপদরাজার লক্ষ্য ভেদ করিয়া, অর্থাৎ অস্তর্গতি লক্ষ্য করিয়া, ইচ্ছাশক্তিকে সহধর্মিণীরূপে গ্রহণ করিতে হয়। উন্নতির সর্বপ্রথম উপাদার্ন-উচ্চ লক্ষ্য। লক্ষ্যহীন মনুষ্যজীবন পশুজীবন বলিলেও অত্যুক্তি হয় না। সাধারণ মনুষ্যমগুলী লক্ষ্যহীন বলিয়াই সংসার এত বিষাদাপ্লুত —ছঃখের কাহিনীতে সংসার পূর্ণ। উচ্চ লক্ষ্যে প্রাণকে বাঁধিতে পারিলে আর সংসারকে হস্তর বলিয়া বোধ হয় না। সংসারে শত সহস্র ঝঞাবাত অবলীলাক্রমে অবহেল। করিয়া জীব নিজ গস্তব্য পথে অগ্রসর হইতে পারে। উর্জলক্ষ্য স্থির হইলে, তবে জীব অন্তমুখী ইচ্ছাশক্তি লাভ করিতে সমর্থ হয়। সেই ইচ্ছাশক্তিকে সমগ্র প্রাণটুকুর একান্ত প্রিয় করিয়া ভূলিতে হয়। তাই পাওবেরা পঞ্চ ভ্রাতাতেই জ্রৌপদীকে বিবাহ করিয়াছিলেন। অন্তমুখী লক্ষ্যজ্ঞাত প্রবল ইচ্ছাশক্তির সাহায্য না পাইলে, কি লইয়া জীব জীবনের চরিতার্থতা লাভ করিতে সমর্থ হইবে ? সাধক! যদি উন্নতিলাভে অগ্রসর হইতে চাহ, তবে মীনরূপী ভগবান্কে লক্ষ্য করিয়া, তোমার উত্তম-ধনুতে কর্ম্ম-শর যোজনা করিয়া, ভাঁহার দৃষ্টির দিকে লক্ষ্য স্থির কর। সে মংস্থের নিম্নে ভাঁহার বিরাট্ মায়াচক্র বিঘ্র্ণিত। মীনরূপী ভগবানের চক্ষ্রূপ দৃষ্টির দিকে প্রাণের লক্ষ্য স্থির কর। তিনি উর্কে মায়াচক্রের অন্তরালে অবস্থিত, নিম্নে সংসাররূপ মায়াজলাধারে তাঁহার মায়া-চক্রের প্রতিবিম্ব প্রতিফলিত। সেই মায়াচক্রের কেন্দ্রের ভিতর দিয়া তাঁহার চকু তোমার দিকে অনিমিষে চাহিয়া আছে, তুমি সংসাররূপ মায়াচক্রের কেন্দ্র অম্বেষণ কর, দেখিতে পাইবে। কাতরপ্রাণে অতি দীনভাবে তাঁহার শরণাগত হইয়া, সেই চকু-এডিবিম্বের এতি চাহিয়া, কাঁদিয়া বল, দীননাথ! দীনের লক্ষ্য স্থির করিয়া দাও, এ অনাথের জীবনপ্রবাহ তোমার স্ত্রেহ দৃষ্টির দিকে যেন স্থির লক্ষ্য রাথিতে পারে। মায়াচক্রের আবর্তনে

ঠেকিয়া, আর্মার কর্ম-শর যেন তোমার দৃষ্টিভ্রন্ট হইয়া ফিরিয়া না পড়ে।
সংসারাধারে প্রতিবিশ্বিত মাতৃদৃষ্টির দিকে চাহিয়া কাতরভাবে এমনই করিয়া বল;
দেখিবে—সবিশ্বয়ে দেখিতে পাইবে—মায়ের আমার নবঘনশ্রাম ব্রহ্মগোপাল রূপ
সেই মংশ্রের উপর আবিভূতি। তোমার উত্তম ধন্তু হইতে কর্ম-শর আপনি
ছুটিয়া মায়াচক্ররূপ স্থদর্শনের কেল্রের মধ্য দিয়া, * মীনরূপী আত্মার দৃষ্টিতে যুক্ত
হইয়া যাইবে। তোমার সকল কর্ম ভগবানের চক্ষুর উপর সংসাধিত হইতেছে
বলিয়া মনে হইবে। যথন তুমি অন্তর্দিকে মুখ ফিরাইবে, তখনই দেখিতে
পাইবে—বিশালাক্ষী মায়ের আমার বিশালায়ত নেত্র হইতে স্বেহজ্যোতিঃ ঝর্ ঝর্
ঝরিয়া, অনবরত তোমায় অভিষক্ত করিতেছে। তোমার কর্মক্লান্তি দূর হইবে।
নব উৎসাহে, নব আনন্দে, নবশক্তিতে তোমার কর্মক্লান্তি আসিয়া তোমার
গলদেশে বরমাল্য অর্পণ করিবে।

সাধক হইতে হইলে এইরূপে সর্বাত্তে ইচ্ছাশক্তিকে সংগ্রহ করিতে হয়। এই ইচ্ছাশক্তি আমাদিগের সাধনাপথে একমাত্র সহধর্মিণী।

যাহা হউক, সাধারণ মানুষমাত্রেই লক্ষ্য করিয়া থাকিবেন, সময়ে সময়ে এমন মানসিক অবস্থা ঘটে, যখন প্রাণ কোন কাজ করিতে না চাহিলেও সংস্থারাচ্ছ্র মন আমাদিগকে সেই কার্য্যে নিযুক্ত করিয়া ফেলে। সেই মুহুর্র্তের মানসিক অবস্থা বিশ্লেষণ করিয়া দেখিলে, হুর্য্যোধনের রাজসভায়, অক্ষক্রীড়ায় পাওবের পরাজয়—জৌপদীর লাঞ্ছনা এবং দলিতকণা কণিনীর মত সেই সভামধ্যে তাঁহার লোমহর্ষণ ভীষণ প্রতিজ্ঞার প্রতিচিত্র, প্রাণের ভিতর দেখিতে পাওয়া যায়। সময়ে সময়ে প্রত্যেক মানুষেরই হাদয়ে এইরূপ ঘটে। প্রাণকে ছলনায় ভূলাইয়া মন যখন নিজ অভ্যাসানুযায়ী অকর্ত্তব্য কার্য্যে আমাদিগকে নিযুক্ত করে, আমাদিগকে ইচ্ছাশক্তি তখন একান্ত রোধ করিলেও আয়াভিমানরপ হৃঃশাসনের দ্বারা লাঞ্ছিতা ও অবমানিতা হয়; এবং মনকে ধিকার দিতে দিতে আমরা সেই সময়ে যেন আয়াভিমানের ধ্বংসের জন্ম ইচ্ছুক ও দৃঢ়প্রতিজ্ঞায় বদ্ধ হই। জৌপদীর দারুণ অবমাননা এবং তজ্জনিত তাঁহার ভীষণ প্রতিজ্ঞাই—কুরুক্তব্যসমরের একটা প্রধান

শ্বামাদের প্রাণপ্রবাহে আয়ারপ ভগবান্ মীনরপে বিচরণ করিতেছেন। প্রাণাধামের বারা উহার দিকে লক্ষ্য
 শ্বির হয়। প্রাণায়াম অর্থে—কেই হঠ-প্রাণায়াম বৃঝিবেন না। এ কথা পরে স্বিস্তারে আলোচিত হইবে। পূর্ব্বোক্ত
 প্রাণ-বিভাগের কথা সেইখানে বিশদভাবে বলিবার ইচছা রহিল।

গৌণ কারণ। তেমনই সাধক-হৃদয়ে ইচ্ছাশক্তির এইরূপ অবমাননা এবং তাহার আগ্নাভিমান নাশের ভীষণ প্রতিজ্ঞাই তাহার আত্মরাজ্য লাভের একটী প্রধান কারণ বলিতে হইবে।

ইচ্ছাশক্তি আমোষ। ইচ্ছাশক্তিকে সমগ্র প্রাণের সহিত প্রণয়স্থতে আবদ্ধ করিতে না পারিলে, জীব কখনও উন্নতিলাভ করিতে পারে না। সাধন-সংগ্রামে প্রবিষ্ট হইতে হইলে, আগে প্রবল ইচ্ছাশক্তি সংগ্রহ করিতে হয়। সে কথা পূর্বেব বিলয়াছি।

যাহা হউক, মনুষ্য যখন ইচ্ছাশক্তির সাহায্যে ভগবল্লাভের জন্ম সচেষ্ট হয়—
যখন তাহার প্রাণে সমস্ত বিষয়ের উপর বৈরাগ্য আসিয়া উপস্থিত হয়,—ভগবান্
ছাড়া যখন মন্ম জিনিষকে তাহার প্রাণ চাহে না—যখন তাহার প্রাণ, তাহার
হৃদয়স্থ কোন গৃঢ় নির্জ্জন স্থানের অন্বেষণ করে—শান্তি বা আত্মরাজ্য প্রতিষ্ঠার
জন্ম যখন তাহার প্রাণ ইচ্ছাশক্তির প্ররোচনায় চারি দিক্ হইতে কৃঞ্চিত হইয়া,
আপনা আপনি বুকের ভিতর চুকিতে প্রয়াস পায়, তখন তাহার মন নিজ
সংস্কারান্থ্যায়ী নানাপ্রকারে তাহার সে শান্তিলাভে বিল্ল ঘটায়। তাহার মন তখন
জ্যোণাচার্য্যের অর্থাৎ কর্মকাণ্ডের শরণাগত হয়।

আচার্য্যমুপসঙ্গম্য রাজা বচনমত্রবীৎ। ডোণাচার্য্য –

ইনি কে । যজ্ঞাদি শান্ত্রীয় কর্মকাণ্ড। কৌরব এবং পাণ্ডব বা মন এবং প্রাণ উভয়েরই শিক্ষাগুরু। আমাদিগের কর্মকাণ্ড যদিও আমাদিগের আছি ক উন্ধৃতির আকাজ্ঞা করে, কিন্তু মনের দাসত্ব করাই তাহার অভ্যাস। তাহার আন্তরিক উদ্দেশ্য না হইলেও, তাহাকে বাধ্য হইয়া মনের প্ররোচনা অনুযায়ী মানসিক বৃত্তি-সকলেরই চালনাকার্য্যের নায়কত্ব করিতে দেখিতে পাই। জোণাচার্য্য উভয় পক্ষের গুরু হইলেও তুর্য্যোধনেরই সেনানায়করূপে নিযুক্ত ছিলেন। কিন্তু যজ্ঞাদি ক্রিয়াকাণ্ডের নিকট হইতেই সর্ব্যপ্রথম আমাদিগের প্রাণ সমরকৌশল বা আত্মোন্নতি লাভের জ্ঞান শিক্ষা করে। যজ্ঞাদি ক্রিয়াকাণ্ডজ্ঞানের শিক্ষাই আমাদিগের আত্মরাজ্ঞান প্রথম প্রথম সহায়।

সাধকের মন যখন দেখে—তাহার প্রাণ আত্মরাজ্যলাভের জন্ম উদ্যোগী হইয়াছে, তথন সে যজ্ঞাদি ক্রিয়াকাওের মায়ায় তাহাকে জড়াইয়া রাখিতে প্রয়াস পায় অর্থাৎ শুধু দ্রী, পুত্র, আশ্বীয় স্বজ্বনের মায়া যখন সে সাধককে ভুলাইয়া রাখিতে পারে না, তখন মন ক্রিয়াকাণ্ডের মায়ার অন্তরালে আশ্বীয়-স্বজ্বনাদি সংসারের মায়া সাজাইয়া প্রাণশক্তির বিপক্ষে—সাধকের আশার বিপক্ষে দণ্ডায়-মান হয়; অর্থাৎ সাধকের মন তখন যেন এই রক্ষ বৃষাইতে চেষ্টা করে—সংসারাশ্রমে থাকিয়া সংসারাশ্রম-সংশ্লিষ্ট ধর্ম অর্থাৎ সংসার প্রতিপালন এবং শাস্ত্রীয় ক্রিয়াকাণ্ডসাধন, শুধু ইহাতেই ভগবল্লাভ হইবে বা হইতে পারে। মন যেন ক্রিয়াকাণ্ডের মায়ার নিকটে গিয়া নিম্লাখিতরূপে উভয় পক্ষের অনুকৃল ও প্রতিকূল শক্তি বিশ্লেষণ করিয়া দেখাইতে থাকে।

পশ্যেতাং পাণ্ডুপুত্রাণামাচার্য্য মহুতীং চমূম্। ব্যুঢ়াং দ্রুপদপুত্রেণ তব শিষ্যেণ ধীমতা॥ ০

আচার্য্য। তব ধীমতা শিয়োণ ক্রপদপুত্রেণ ব্যুঢ়াং পাণ্ডুপুঝাণাং এতাং মহতীং চমুং পশ্য।

হে আচার্য্য ! আপনার ধীমান্ শিষ্য ক্রপনপুত্রের দ্বারা রচিতব্যুহ পাগুবদিগের মহতী সেনা দর্শন করুন।

ক্রপদপুত্রেণ অর্থে সঙ্কল্পের দারা। সর্ব্বপ্রথমে সাধক রণস্ক্রনার অর্থাৎ মনের সহিত সংগ্রামের প্রারম্ভে আত্মশক্তিকে সঙ্কল্পের দারা ব্যহিত করে, অর্থাৎ আমি আত্মরাজ্যপ্রতিষ্ঠার জন্ম যত্নবান্ হইব, এইরূপ দৃঢ়সঙ্কল্পে সংবদ্ধ হয়। ইচ্ছাশক্তির সহোদর—সঙ্কল্প। ক্রপদপুত্র—ক্রোপদীর ভ্রাতা।

সকল কর্মের অব্যবহিত পূর্বের সঙ্কল্লের একান্ত প্রয়োজন। সঙ্কল্লের গণ্ডির ভিতর শক্তি স্থচারুরূপে সমবেত না করিলে, কোন কার্য্যে অগ্রসর হওয়া যায় না। এ জন্ম শাল্রে পূজা, ব্রত, যজ্ঞাদি অমুষ্ঠানের পূর্বের সঙ্কল্লের বিধান আছে। যে সাধক যত আগ্রহ সহকারে এবং স্থচারুতাবে সঙ্কল্ল করিতে সক্ষম হইবে, তাহার কার্য্য তত স্থসম্পন্ন হইবে। শাশ্রীয় সঙ্কল্ল প্রণালীর ভিতর আত্মশক্তি চালনার কৌশল নিহিত আছে। এখনও পূজা, ব্রতাদি কার্য্যের পূর্বের সঙ্কল্ল প্রিত হয় সত্য, কিন্তু উহা প্রাণহীন মৃতদেহের মত; স্থতরাং ফলও প্রায় তত্ত্রপই হইয়া থাকে। শুধু বাচনকি সঙ্কল্লে কাজ হয় না, এ কথা ইদানীস্তন পূজকেরা একেবারে বিশ্বত। যে সঙ্কল্লের উপর নির্ভর কবিয়া পূর্বের বান্ধানেরা ভগবান্কে যজ্ঞাক্তের মৃর্তিমান্ হইয়া অবতীর্ণ করাইতে সক্ষম হইতেন, যে সঙ্কল্লের প্রভাবে

দেবতাগণ সাধারণ লোক-চক্ষু সমক্ষে স্বস্বরূপে প্রকাশ হইয়া যজ্জভাগ গ্রহণ করিতেন, এখনও সঙ্কল্লের সেই মস্ত্র বা বাক্যবিন্যাস আছে, কিন্তু সাকারে দেবতার আবির্ভাব হয় কি ? হায়। আমরা পক্ষী ছাড়িয়া দিয়া শুধু পিঞ্চর ধরিয়া বসিয়া আছি। কিন্তু সে অশু কথা।

যাহা হউক, যখন সাধকের প্রাণ এইরূপে সঙ্কল্পবৃদ্ধ হয়, তখন হুর্য্যোধন বা মন, কর্মকাণ্ডের মায়াকে লক্ষ্য করিয়া প্রাণশক্তি কিরূপ দৃঢ় সঙ্কল্পে আত্মরাজ্য প্রতিষ্ঠায় অগ্রসর, সেইটা বর্ণনা করিতে থাকে; এবং সংসারের স্ত্রী-পুত্রের মায়ায় মৃদ্ধ নহে দেখিয়া, সংসার প্রতিপালনাদি শাস্ত্রাহ্মমোদিত কর্মকাণ্ডের মায়ায় তাকে ভুলাইয়া রাখিতে প্রয়াসী হয়। হুর্য্যোধন বা মন যেন জোণাচার্য্যের বা ক্রিয়াকাণ্ডের শরণাগত হয়।

পূর্বেব বলিয়াছি, ক্রিয়াকাণ্ড হইতে জীব যদিচ আত্মোরতি লাভ করে, কর্মমার্গ যদিও জীবের শিক্ষাগুরু, কিন্তু সাধারণতঃ সংসার-মায়াচ্ছন্ন মনের অধীনরূপে উহা অবস্থিত। অর্থাৎ সংসার পালন ও সংসারাশ্রমের কর্মাদি যেন ঐরপ কার্য্যানুষ্ঠান মাত্র, উহার অহ্য কোন অন্তর্লক্ষ্য নাই, এমনই ভাবে সাধারণতঃ অনুষ্ঠিত হয়। সাধকের প্রাণ যখন ভগবান্কে অম্বেষণ করে, তথন তাহাকে ঐ কর্মাংশের সহিত সংগ্রাম করিতে হয়। অর্থাৎ কর্মের ভিতর কর্মাংশ বস্তুতঃ কিছুই নহে, জ্ঞানাংশই উহার সার—কর্মাংশ তাহার রক্ষণী মাত্র : সাধককে এইরূপ বুঝিতে হয়। যতক্ষণ না বুঝিতে পারে, ততক্ষণই কর্ম্মাংশ তাহার বিপক্ষে দণ্ডায়মান থাকে। সাধকের প্রাণ শুষ্ক কর্ম্মে মুগ্ধ থাকিতে চাহে না। তাই যেন মন, আচার্য্য বা ক্রিয়াকাণ্ডকে লক্ষ্য করিয়া বর্ণনা করে, কিরূপ সন্ধরে সাধকের প্রাণ তাহাদিণের হননে উত্যোগী হইয়াছে। এই কর্ম্মাংশ বা ক্রিয়াকাণ্ডের মায়া জীবকে অতি কঠোরভাবে আবদ্ধ করিয়া রাখে এবং অন্তমুখী দৃঢ় সঙ্কল্প না জনিলে, ইহার হাত হইতে পরিক্রাণ পাওয়া যায় না। মহাভারতে আছে, ক্রুপদ রাজা জোণাচার্য্যের বধের জক্ত যজ্ঞ করিয়াছিলেন। সেই যজাগ্রির মধ্য হইতে ধৃষ্টগৃত্ম ও কৃষণা বা দ্রোপদী জন্মগ্রহণ করিয়াছিল। এবং সেই সময়ে দৈববাণী হইয়াছিল এই ধৃষ্টগুমুই জোণাচার্য্যকে বধ করিবে, এবং কৃষণ হইতে কুরুকুল ধ্বংস হইবে।

বস্তুতঃ উদ্ধর্থী গতিরূপ ক্রপদ রাজার কন্যা, জৌপদী বা অস্তুর্মুখী ইচ্ছাশক্তি হইতেই জীব আত্মপ্রতিষ্ঠা লাভ ক'র, ইহা পূর্কে বলিয়াছি। এবং অস্তুর্মুখী দৃঢ় সম্বন্ধর প ধৃষ্টিছান্দ না হইলে, যজ্ঞাদি ক্রিয়াকাণ্ডের বাহ্য বা কর্মাংশরপ দোণাচার্য্য নিহত হয় না। জীবের অন্তমুখী গতি এবং যজ্ঞাদি ক্রিয়া বা কর্মমার্গ, ইহারা পরস্পর সখ্যভাবাপন্ন হইলেও—অরি। জীবের অন্তমুখী গতি হইতেই কর্মমার্গের প্রতিষ্ঠা হয়, আবার ঐ অন্তমুখী গতিজাত দৃঢ় সম্বন্ধের দারাই নৈশ্যে লাভ হয়। মহাভারতে দোণাচার্য্য ও ক্রপদরাজকে এই জন্ম প্রথমে সখ্যভাবাপন্ন এবং পরে অরিভাবাপন্ন দেখিতে পাই।

অত্র শ্রা মহেদ্বাসা ভীমার্জ্ব্নসমা বৃধি।

যুষ্ধানো বিরাটশ্চ ক্রপ্রদশ্চ মহারথঃ ॥ ৪

ধৃষ্টকেতৃশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বার্য্যবান্।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥ ৫

যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমোজাশ্চ বার্য্যবান্।
সৌভদ্রো জৌপদেয়াশ্চ সর্ব্ব এব মহারধাঃ ॥৬

অত্র শ্রাঃ মহেম্বাসাঃ যুধি ভীমার্জ্নসমাং, যুযুধানঃ, বিরাটশ্চ মহারথঃ ক্রপদশ্চ ধৃষ্টকেতৃঃ, চেকিতানঃ বীধ্যবান্ কাশিরাজশ্চ, পুরুজিং কৃষ্টিভোজশ্চ নরপুঙ্গবঃ শৈব্যশ্চ, বিক্রান্তঃ যুধামন্ত্যশ্চ বীধ্যবান্ উত্তমৌজাশ্চ সৌভজ্ঞঃ, জৌপদেয়াশ্চ সর্কে এব মহারধাঃ ॥৪-৬

পাওবগণের ঐ ব্যুহমধ্যে ভীমার্জ্নসমান মহা ধন্থরির বীরসকল, সাত্যকি, বিরাট, মহারথী ক্রপদ, ধৃষ্টকেতু, চেকিতান্, বীর্যাবান্ কাশিরাজ, পুরুজিং, কুন্তিভোজ, নরশ্রেষ্ঠ শৈব্য, বিক্রমশালী যুধামন্ত্য, বীর্যাবান্ উত্তমৌজাঃ, অভিমন্ত্য এবং ভৌপদীতনয়গণ—ইহারা সকলেই মহারথ।

যুযুধান-

যুষ্ধান অর্থে সাত্যকি। সাত্যকি—শ্রীকৃষ্ণের সারথী, সত্য অন্বেষণই—সাত্যকি। সত্যই ভগবান্কে বহন করে। ভগবান্ জীবের সারথী; সত্য—ভগবানের সারথী। যেমন বিদেশযাত্রা করিতে হইলে যান বা বাহনের প্রয়োজন হয়, তক্রপ এই সংসারক্ষেত্র উত্তীর্ণ হইতে হইলে ভগবান্রপ সারথীর প্রয়োজন। তিনি ছাড়া দম্যসঙ্কুল মায়াক্ষেত্রের পথভেদ করিয়া কেহ আমাদিগকে লইয়া যাইতে পারিবে না। আবার তাঁহাকে আনিতে হইলে সত্য অন্বেষণরপ সারথী ছাড়া আর কেহ পারে না। সত্য— সাধকের

একান্ত সহায়। সভ্যাবেষণই সাধনার মূলমন্ত্র। সভ্যস্বরূপ ভগবান্কে আনে বলিয়াই, সভ্যাবেষণের নাম সাভ্যকি।

বিরাট -

বহিজ'গং—বিরাট নামে অভিহিত। এই বিরাটের গৃহেই জীবের অজ্ঞাতবাস হয়। অর্থাৎ সাধক বা প্রাণশক্তি-সম্বলিত জীবের আত্মরাজ্যচ্যুত হইয়া নির্বাসিতভাবে অবস্থান করিবার পর ও সাধনাপথে অগ্রসর হইবার স্ট্রনায় তাহাকে কিছু দিন অজ্ঞাতভাবে বাস করিতে হয়। মনের ছলনায় যত দিন আমরা প্রবঞ্চিত হইয়া আত্মরাজ্য প্রতিষ্ঠার চেষ্টায় বঞ্চিত থাকি, তত দিনই আমাদের নির্বাসন, ইহা পূর্বে বলিয়াছি। ইহাই সাধারণ জীবের অবস্থা। তারপর ক্রমশঃ যখন প্রাণের অস্তমুখী গতি আরম্ভ হয়, ভগবল্লাভের জন্ম প্রাণ যখন বিচঞ্চল হইয়া উঠে, তখন সে সাধক বিরাট জগৎচিন্তায় নিবিষ্ট হয়। অনন্ত সৃষ্টি-বৈচিত্র্য, সৃষ্টির অনন্ত বিশাল ভাব, তাহাকে আত্মহারা করিয়া ফেলে। বিশাল পৃথিবী. সমুদ্রের অসীম জলবিস্তার, প্রাণশক্তির আধার বিরাট্ বায়ুমগুল, বিরাট্ আকাশ, বিরাট চম্দ্রসূর্য্য, বিরাট্ ভারকাপুঞ্জ, স্বষ্টেশক্তির বিরাট্ মহিমরাশি— এই সমস্ত চিস্তায় তাহার প্রাণ নিযুক্ত থাকে, সে আপনাকে সেই বিরাট চিস্তা-সমুদ্রে হারাইয়া ফেলে। বিরাটের অনন্ত মহিমায় তাহার **নিজ অ**স্তিম যেন ছড়াইয়া পড়ে। বিরাটশক্তির বিরাট উদার বিস্তৃতির মধ্যে, সে আপনাকে সেই বিরাট চিস্তাসমূত্রে হারাইয়া ফেলে। বিরাটের অনস্ত মহিময় তাহার নিজ অন্তিছ যেন ছড়াইয়া পড়ে। বিরাটশক্তির বিরাট উদার বিশ্বতির মধ্যে, সে আপনাকে সেই বিরাটের তুলনায় অতি দীনহীন, বিরাটশক্তির ক্রীড়নক বলিয়া অনুভব করিতে থাকে। তাহার উত্তম-ধনু, কর্মা-শর ইত্যাদি আরশের প্রচ্ছুয় রাখিয়া, সে সেইরূপ কিছুদিন বিরাট চিস্তায় বিভোর থাকে। প্রাণে উৎসাহ থাকে না, কর্ম্মে উদ্যম থাকে না, আত্মচেষ্টা বলিয়া তাহার প্রাণে কোন ভাব স্থান পায় না। সে বিরাটশক্তির বিরাট ক্ত্রণে মুহুমূহ আপনাকে বিরাটশক্তি-স্রোতের একটা তৃণথগু বলিয়া উপলব্ধি করে—ইহাই অন্ত্রশন্ত্র প্রাক্তরভাবে রাখিয়া বিরাটের গৃহে পাণ্ডবের অজ্ঞাতবাস বলিয়া প্রসিদ্ধ।

অর্থাৎ যথার্থ সাধন-সংগ্রাম স্ট্রনা ইইবার পূর্বের, জীব স্থুলজগতের বিরাই, বিশাল ভাবে মুগ্ধ হয়। স্থুলজগতের বিরাই বিশাল ভাব প্রাণের ভিতর চুকিয়া ভাহার প্রাণকে উদার ও বিশাল করিয়া তুলে। স্থুল জড়শ জির

বিশালতায় যখন সে এইরূপে আপনাকে হারাইয়া ফেলিতে থাকে, জড়শক্তির কাছে, যখন সে শক্তিহীন নগণ্য বলিয়া আপনাকে বিবেচনা করে, সেই সময়ে, প্রাণের সেই ছুর্বলভাবাপন্ন অবস্থায় এক অভূতপূর্বব ঘটনা তাহার প্রাণের ভিতর ঘটিয়া যায়। নাস্তিকতা আসিয়া তাহার ইচ্ছাশক্তিকে গ্রাস করিতে উদ্যোগী হয়,—ইহাই কীচককর্তৃক জ্রৌপদীর লাঞ্জনা।

খুলিয়া বলি,—জীব যত শক্তিকে উপলব্ধি করিতে থাকে, শক্তির অনস্ত মহিমায় যত তাহার প্রাণ বিভার হইতে থাকে—এক বিশাল শক্তির দারাই স্থিকার্য্য সমাধা হইতেছে বলিয়া, যতই তাহার প্রাণ সে শক্তিচর্চায় ছড়াইয়া পড়ে, যতই তাহার বুদ্ধি, শক্তি-বিজ্ঞানের ভিতর চুক্তিতে থাকে, ততই ধীরে ধীরে তাহার অজ্ঞাতভাবে না স্তিকতারূপ একটা দম্মভাব উজ্জীবিত হয়। "এই জড়শক্তি ছাড়া স্বতন্ত্র ঈশ্বর আবার কি ? চৈতক্স বলিয়া আমরা যাহা অম্বভব করি, ইহাও বুনি, এই জড়শক্তিজাত একটা অহায়ী বিকাশ," এইরূপে ভাব তাহার প্রাণের ভিতরে চুকিতে থাকে। "শক্তির বিশাল রাজ্যে শাক্তর অতীত আবার চৈতক্স বলিয়া কোন নিত্য জিনিব কি করিয়া থাকিতে পারে ? অনন্ত মহিমময়ী বিরাট্ শক্তির চৈতক্সক্রণও একটা অহায়ী উন্মেয মাত্র। যেমন একাধিক জ্ব্যবিশেষ একত্র মিশ্রিত করিলে, তাহাতে অগ্নি উৎপাদন হয়, চৈতক্সও বুনি তেমনই শক্তিসংমিশণে ফুরিত হয়।"—এইরূপ ভাব তাহার প্রাণের ভিতর আদিতে থাকে। আত্মা আবার কি ? এ অনস্ত মহিমময়ী শক্তিরই একটা মহিমময় অস্থায়ী ফুরণ। জড়শক্তিতে জন্মিয়াছি, জড়শক্তিতেই মিলাইয়া যাইব,—এই ভাবে সে আত্মহারা হয়।

বস্তুতঃ, সুল জগতের এবং সুলশক্তির আলোচনা যদিও সর্বপ্রথম সাধকের প্রাণে উদার ভাব ফুটাইয়া দেয়, যদিও সঙ্কার্ণতা ঘুচাইয়া দেয়, কিন্তু সঙ্গে এইরপ ভাবের একটা মহাপরীক্ষা তাহার উপর আসিয়া পড়ে। অনেক মনীষী এইরপে নাস্তিক হইয়া গিয়াছেন, আত্মোপলন্ধির পথ হইতে এইরূপে বঞ্চিত হইয়াছেন, সাধনার পথ হইতে এইরূপে কিছুদিনের জন্ম অনেক দূরে পড়িয়াছেন। এই অবস্থা হইতে পরিত্রাণের একমাত্র উপায়—জপ। আমাদের প্রাণের অন্তর্মুখী ইচ্ছাশক্তি যখন কীচকরূপ নাস্তিকতার ধারা এইরূপে স্পৃষ্টা হইতে থাকে, তখন কণ্ঠস্থ ভামরূপী উদাননামক প্রাণশক্তির ভগবন্ধামজপরূপ

অন্ত্রাঘাতে সে নাস্থিকতাকে ধ্বংস করিতে হয়—ইহাই বিরাটগৃহে ভীমকর্তৃক কীচক-বধ।

জীব! সর্বব্রথম ভগবদেরেষণের সূচনায়, যখন ভগবংশক্তির স্থুল বিকাশে মুগ্ধ হইবে, যখন তোমার উদার প্রাণ, শক্তিবিস্তারে ছড়াইয়া পড়িবে, অথচ এই স্থূলশক্তিই যে চৈতক্সময়ী,—এ ধারণা প্রাণের ভিতর আসিবে না, সেই সময় হইতে সাবধান! সেই সময় হইতে ভগবন্ধামজপ যেন ভোমার কপ্তে অহর্নিশ চলিতে থাকে। নতুবা শক্তির অনন্ত বিস্তারে জুমি আপনাকে হারাইয়া ফেলিবে, ভুমি আত্মহারা হইবে; শেষে নাস্তিকতার কঠোর কবলে তোমার অন্তমুখী ইন্ছাশক্তি চিরদিনের জন্ম বন্দিনী হইয়া থাকিবে।

সাধারণ কথায় যাহাকে শক্তি-বিজ্ঞান বলে,সেই শক্তিবিজ্ঞান বা প্রকৃতি-বিজ্ঞান জীবের প্রাণে যথন প্রথম উন্মেষিত হয়, তথন হইতে তাহার সহিত ভগবন্তাব সংমিশ্রিত করিয়া না রাখিলে, জীব যথার্থ ই নাস্তিক হইয়া যায়। কেন না, সাধনাস্টনার সেই আদি অবস্থায় সাধারণতঃ জীব প্রমাণের সাহায্যে অগ্রসর হইতে প্রেয়াস পায়। সে অবস্থায় আত্মার অস্তিত্ব সম্বন্ধে প্রত্যক্ষ প্রমাণ পাওয়া যায় না। সাধনার উচ্চ স্তবে আরোহণ করিতে না পারিলে, আত্মা প্রত্যক্ষীভূত হন না; স্ক্রোং জড়শক্তির অতীত আত্মাকে সীকার করিতে তাহার জড়শক্তি সম্বন্ধীয় জ্ঞান, তাহাকে শিক্ষা দিতে পারে না। সাধারণ জগৎ জড়শক্তি বলিয়া যাহা বুঝে, তাহাই যে চৈতক্সময়ীর বিকাশ,—এ জ্ঞান তখন জীবের হয় না। স্ক্তরাং জীবের ইহা একটী সম্বটাপন্ন অবস্থা বলিয়া বুঝিতে হইবে।

যাহা হউক, ভগবনাম-জপরপ ভাম নামক কণ্ঠস্থ প্রাণশক্তির ক্রিয়া এই নাস্তিকতাকে বিচ্পিত করে, অন্তমুর্থা ইচ্ছাশক্তিকে লাঞ্চনার হাত হইতে পরিপ্রাণকরে। এবং সেই সময়ে, সেই নাস্তিকতা বিনষ্ট হইবার সঙ্গে সঙ্গেই তাহার আত্মপরিচয়ের বিমল আভাস ঈষং ফুটিয়া উঠে। অর্থাৎ জড়শক্তি—জড়শক্তি নহে, এক বিরাট চৈতন্তময় পুরুষের শক্তিপ্রবাহ, এবং আমিও সেই রিরাট চৈতন্তময় পুরুষের অংশ, স্বতরা শক্তিমান্ বিরাট পুরুষ—এই জ্ঞানের নব উম্মেষ ভগবান্ তাহার প্রাণে ফুটাইয়া দেন। আত্মরাজ্য প্রতিষ্ঠিত না হইলেও, জীব বিরাটের গৃহে বিরাট্ভাবে আত্মপ্রকাশ করে। কিন্তু সেটুকু আত্মপ্রকাশের বাছ আভাস মাত্র। এইরপ বিরাট্ভাবাপক্র হইয়া, তারপর মনের সহিত্ত সাধন-সংগ্রাম স্টিভ হয়।

তাহা হইলে প্রাণশক্তি ও ইচ্ছাশক্তি ব্যতীত মোটের উপর আমরা এই ছুইটা জিনিষ পাইলাম। সত্য অন্নেষণ ও আত্মা সম্বন্ধে বিরাট্ট ভাব।

জ্ৰুপদ — উদ্ধিমুখী গতি, — পূৰ্বে বলিয়াছি। চেকিতান × কিত যঙ্লুক্ + চানশ = চেকিতান — তীক্ষ জ্ঞান ; বাচনিক জ্ঞান নহে। সাধারণ কথায় যাহাকে জাঁন বলি, তাহা জ্ঞানের বাচনিক অংশ মাত্র। কিন্তু যথন জ্ঞেয় বস্তু অন্তরের ভিতর প্রত্যক্ষ দেখা যাইতেছে বলিয়া অনুভব হয়, তখনই সে বস্তু সম্বন্ধে যথাৰ্থ জ্ঞান লাভ হইয়াছে বুঝিতে হয়। জীবাত্মা যখন সাধনার পথে অগ্রসর হইতে চাহে, তখন তাহার প্রাণের ভিতর, মাঝে মাঝে শাগ্রীয় জ্ঞানের সারাংশসকল প্রত্যক্ষ-ভাবে ভাসিয়া উঠিতে থাকে। বিহাতের মত এ জ্ঞানসকল জ্যোতির্ময় আকারে থাকিয়া থাকিয়া চমকিয়া উঠে। যথন প্রাণের ভিতর কেনি সন্দেহ জাগে, যথন তাহার মীমাংসা করিতে ন। পাইয়া, সাধকের প্রাণ অস্থির হয়, তথনই ভগবানের করুণা ঐরপ আনাকারে প্রাণের ভিতর চম্কিত হয়। বস্তুতঃ, সাধককে জ্ঞান-রাশি শাস্ত্র হইতে বড় একটা সংগ্রহ করিতে হয় না। তাহার যখন যেরূপ জ্ঞানের অভাব বা প্রয়োজন হয়, সে মহামূর্থ হইলেও, ভগবান্ তখনই তাহার প্রাণের ভিতর সেই সেই জ্ঞান উন্মেষিত করিয়া দেন। সে সবিস্ময়ে উগ সত্য কি না, জানিতে প্রয়াসী হইলে, সহসা একদিন কোন মহাপুরুষের মুখে বা কোন শাস্ত্রগ্রস্থে অবিকল সেইরূপ জ্ঞানোপদেশ পাইয়া দেখে, তাহার প্রাণে যাহা উদয় হইয়াছিল, তাহ। একান্ত অভ্রান্ত। তাহার শরীর রোমাঞ্চিত হয়, আনন্দে প্রাণ পূরিয়া যায়, সে ভগবচ্চরণে বার বার নমস্কার করিতে থাকে। আবেগে তাহার প্রাণ **ফু**লিয়া উঠে। সাধক বা জ্ঞানেচ্ছুমাত্রেই এরূপ অব**স্থা প্র**ত্যক্ষ করিয়াছেন।

এইরূপ জ্ঞানবিকাশকেই চেকিতান বলে। এরূপ জ্ঞানজ্যোতিগুলি বিজ্ঞানময় মহাপুরুষ মহেশরের অঙ্গজ্যোতিঃ বলিয়া মহাদেবকেও চেকিতান্ বলে।

সোভদ্র— স্বভ্রাতনয় অভিমন্তা। অ-ভি + মন্তা = অভিমন্তা। মরণে নির্ভীকতা এবং তজ্জনিত অহঙ্কার,—ইহাই অভিমন্তা শব্দের মৌলিক অর্থ। নির্ভীকতা— সাধনাপথের একটা প্রধান সহায়। প্রাণশক্তি—ইহার জনক। যাহার প্রাণ যত দৃঢ় এবং বলশালী, তাহার নির্তীকতা তত বেশী। কিন্তু আবার, সে নির্তীকতা সাধারণতঃ একটু অহঙ্কার-জড়িত হয়। নির্তীকতা যত বাড়ে, সঙ্গে সঙ্গে অহঙ্কারের আভাস তাহার হৃদয়ে আসিয়া উপস্থিত হয়। "আমি সাধনাপথে অগ্রসর হইতেছি—আমি সাধক", এইরপ একটু অহঙ্কারের আবরণ তাহাকে মায়াচ্ছর করে। এই সময়ে ঐশ্বরিক শক্তি লাভের মায়া তাহার প্রাণকে কিছু-ক্ষণের জন্ম চঞ্চল করে। ইহাই মহাভারত-ক্থিত অর্জ্জুনের সহিত নারায়ণী সেনার সংগ্রাম। সাধক যেন সেই সময়ে ঐ ঐশ্বরিক শক্তিলাভের মায়ারূপ নারায়ণী সেনা জয় করিতে, কুরুক্তের হইতে একটু দ্রাস্তরে যায়। ঐশ্বরিক শক্তিলাভের আশা, তাহাকে কিছুক্ষণের জন্ম সাধন-ক্ষেত্র হইতে শ্বানাম্বরিত করে। সঙ্কটাপর অবস্থায় ক্রিয়াকাণ্ডের মায়া ছর্ভেন্ত চক্রবৃহ রচনা করিয়া প্রাণশক্তিকে বিপর্যান্ত করিতে প্রয়াকাণ্ডের মায়া ছর্ভেন্ত চক্রবৃহ রচনা করিয়া প্রাণশক্তিকে বিপর্যান্ত করিতে প্রয়াস পায়।

কর্মের মায়া সেই সময়ে সাধককে জড়াইরা ধরে। ঐশ্বরিক শক্তি লাভের মায়া প্রাণের ভিতর তিলমাত্র উজ্জীবিত হইলে, সঙ্গে সঙ্গে কর্মের মায়া আসিয়া পড়ে। কেন না, কর্ম দারাই শক্তি লাভ হয়। সাধক ভগবংকপায় সেই ভীষণ সঙ্কটাপন্ন অবস্থা হইতে পরিব্রাণ পাইয়া ক্ষুক্ত হয়। ঐশী শক্তিলাভের মায়া ক্ষন্ম হইতে দূর করিয়া দেয় সতা, কিন্তু অন্তাপে তাহার প্রাণ জর্জ্জরিত হয়। তাহার সাধক বলিয়া অহস্কার চিরদিনের জন্ম লুপ্ত হয়। আবার মায়ার ফাঁদে পড়িতেছিলাম, আবার অধঃপতনে যাইতেছিলাম, আবার মন কর্কি পরাজিত হইতেছিলাম— এইরূপ অন্ত্রাপে কিছুদিন সে পুড়িতে থাকে। ইহাই অভিমন্ত্রবধ এবং অর্জ্ঞনের পুত্রশোক।

সাধক! সাধক হইয়াছ বলিয়া অহস্কার করিও না। সাধনা-পথে অগ্রসর হইয়াছ, আর পতন হইবে না, এরপে নির্ভীকতাকে হৃদয়ে স্থান দিও না। যোগশক্তি লাভের মায়ায় মুগ্ধ হইও না। সাধনা যোগশক্তি লাভের জন্ম নহে— ভগবল্লাভের জন্ম, এ কথা যেন তোমার মর্ম্মে মর্ম্মে অঙ্কিত থাকে। যোগশক্তি সাধনাপথের ধূলি মাত্র। পথ চলিতে গেলে যেমন পথধূলি পদতলে লিপ্ত হয়, ভগবং-সাধনা-পথে গতি লাভ করিলে যোগশক্তিও তদ্রুপ আপনা হইতে তোমার অঙ্কে লিপ্ত হইবে। উহার মায়ায় মজিও না পথ হারাইবে!

কিন্তু উহা আসে। নির্ভীকতা, সাধকত্বের অভিমান ও যোগশক্তি লাভের

মায়া, এ সব ন্যনাধিক মাত্রায় না আসিয়া থাকে না। তথন তুমি ভগবান্কে ভূলিও না। ভগবানের চরণ দৃঢ় করে ধরিয়া থাকিও, যোগশক্তির মায়াকে দূর করিয়া দিতে যদ্বান্ হইও; তোমার সেই মায়াক্রান্ত অবস্থায় যোগমায়া জগলাতা তোমায় কর্ম্মবিপাকে ফেলিয়া তোমার চির-মঙ্গলের জন্ম অভিমানাদি বিনষ্ট করিয়া দিবেন। তুমি আত্ম-নির্ভরতা ছাড়িয়া পূর্ণভাবে ভগবানে নির্ভর করিতে শিক্ষা করিবে। বস্তুতঃ অভিমন্থা-বধ একটা বিশ্বয়কর ঘটনা, ইহা ভগবান প্রীক্ষেত্র একটা অপূর্ব্ব লীলা। "আমি সাধক হইয়াছি, আব আমি নায়াকে ভয় করি না" জীবাল্লা এইরূপ নিভীকতাটুকু হারাইয়া এই সময়ে যথার্থ ঈশ্বর-নির্ভরতা শিক্ষা করে।

জৌপদেয়াশ্চ—জৌপদীপুত্রগণ। প্রতিবিদ্ধা, শুত্রদাম, শ্রুতকীর্ত্তি, শতানীক ও শ্রুতসেন। উর্দ্ধুখী ইচ্ছাশক্তির গর্ভে এবং পঞ্চ প্রাণশক্তির প্রত্যেকের উরসে এক একটা করিয়া, ঐ পাঁচ প্রকারের আয়চরিতার্থতারূপ পুত্র জন্মগ্রহণ করে। অভিমন্ত্যবধ অপেক্ষাইহা আরও বিশ্বয়াবহ ঘটনা। মহাভারতে আছে, ভগ্নোরু তুর্ব্যোধনের সন্তোববিধানার্থ জোণাচার্য্যের পুত্র অপ্রথানা পঞ্চ পাণ্ডবের শিরশ্ছেদের জন্ম প্রতিজ্ঞাবদ্ধ হইয়াছিলেন। রজনীর অন্ধর্থানা পঞ্চ পাণ্ডবের শিরশ্ছেদের জন্ম প্রতিজ্ঞাবদ্ধ হইয়াছিলেন। রজনীর অন্ধর্যার তন্ত্ররের মত অপ্রথামা তাহাদের শিবিরে প্রবেশ করিয়া. জৌপদীর পঞ্চ পুত্রের শিরশ্ছেদ্র করিয়াছিলেন। পুত্রশোকবিহ্বলা জৌপদীর উত্তেজনায় মহাবীর ভীম অশ্বখামাকে বন্দী করিয়াছিলেন এবং ধুমুর্দ্ধর অর্জ্জ্ন অশ্বখামার শিরোদেশন্থ মণি শির হইতে বিচ্ছিন্ন করিয়া লইয়া, শোকাকুলা দৌপদীকে অর্পণ করিয়া, তাঁহার সন্তোধবিধান করিয়াছিলেন।

অশ্বত্থামা—লোণাচার্য্যের পুত্র। জন্মমাত্র অশ্বের মত উচ্চ চীৎকার করিয়াছিল বলিয়া, উহার নাম অশ্বত্থামা হইয়াছিল। পূর্ব্বে বলিয়াছি, শান্ত্রবিহিত ক্রিয়াকাণ্ড বা সাধকের কর্মমার্গের মায়াই জোণাচার্য্য নামে অভিহিত; কীর্ত্তি বা কর্ম্মণোষণা ইহার আত্মজ্ঞ। যজ্ঞাদি কর্ম্মের ঘোষণা অবশ্যস্তাবী; অতি সহর ইহা লোকমূথে চারি ধারে প্রচার হইয়া পড়ে। লোকচক্ষুকে কাঁকি দিয়া কর্মমার্গে অবস্থান অসম্ভব। কর্ম্মী বলিয়া কীর্ত্তি একবার জন্মাইলে, অশ্বন্ধ্যনির মত চারি দিকে তাহা বিস্তৃত হইয়া পড়ে। সেই জন্ম অশ্বথামা জন্মমাত্র অশ্বের মত চীৎকার করিয়াছিল

বলিয়া কথিত আছে। ঘোষণা, যশোরূপ মণি শিরে ধারণ করিয়া সাধককে বিচঞ্চল করিয়া তুলে। সাধকের পক্ষে কীর্ত্তিঘোষণা অতীব প্রবল শক্ত। কত সাধক এই লাদে বন্ধপদ হইয়াছে —কত সাধক শ্বলিতচরণ হইয়া ধরণীতলে লুক্তিত হইয়াছে —যশের মোহে পড়িয়া কত সাধক যুগ যুগান্তরের জন্য সাধনার পথ হইতে বিচ্যুত হইয়াছে, তাহা কে বলিতে পারে ? কীর্ত্তিঘোষণায় একবার মুগ্দ হইলে, যশের করতালি একবার চিত্তকে আকৃষ্ট করিলে সাধনার পিচ্ছিল সোপান হইতে শ্বলিতচরণ হইয়া সাধক বহু নিয়ে আসিয়া পড়ে। কর্ম ও ঘোষণা, এ ছুইটি পিতাপুত্র সম্বন্ধে অর্থাং অতি ঘনিষ্ঠ সম্বন্ধে আবন্ধ। "ঘোষণা চাহি না" এরূপ প্রতিশ্রুত হইলে, কর্ম্ম যেন হ্র্বল শক্তিহান, বিযাদাচ্ছন্ন হইয়া পড়ে। ঘোষণা র পথ রোধ করিলাম বা ঘোষণাকে মারিলাম, এরূপ ভাব প্রাণে উজ্জীবিত হইলে কর্ম্ম যেন শক্তিহীন, নিরন্ত হইয়া যায়—যাগযজ্ঞাদি কর্মের মায়া যেন নিশ্চেষ্ট হইয়া আইসে; এবং সাধকেব অন্তমুর্থী দৃচসম্বন্ধ সেই মুহুর্তে তাহার প্রাণনাশ করে।

বস্ততঃ ঘোষণা কখনও মরে না। একবার জন্মিলে উহা অমর তুল্য হইয়া থাকে। কিন্তু কর্মকাণ্ডের মায়া হইতে পরিত্রাণ পাইতে হইলে বা জোণাচার্য্যের প্রাণনাশ করিতে হইলে "অশ্বখামা হত" অর্থাৎ "ঘোষণা চাহি না বা ঘোষণা মরিল" প্রাণে এইরূপ ভাব ফুটাইয়া তুলিতে হয়। ক্রিয়াকাণ্ডের মায়ারূপ জোণাচার্য্য তাহা হইলে নিশ্চেষ্ট হইয়া পড়ে; এবং সেই সময় অন্তমুখী দৃঢ় সঙ্কল্প বা ধৃষ্টভাঙ্গ তাহাকে দিখণ্ডিত করে।

"ঘোষণা সাধকের অজ্ঞাতসারে তাহার প্রাণের ভিতর প্রবিষ্ট হয়। গভীর
নিশায় সাধক যথন নিশ্চিন্ত হইয়া নিজা যায়, অর্থাৎ সাধকের প্রাণশক্তি, ইচ্ছাশক্তি, সঙ্কল্ল এবং আল্লচরিতার্থতারূপ মোহ, ইহারা সকলে যথন নিশ্চেষ্ট থাকে,
সেই সময়ে যশঃশীর্ষক অথখামা তস্করের মত শিবিরে প্রবেশ করে। মনের সহিত
সংগ্রামে মনপক্ষকে বিধ্বস্ত করিয়া, মনকে ভগ্নোরু করিয়া, সাধক যথন "আমার
সঙ্কল্ল প্রায় পূর্ণ হইয়াছে," এইকপ ভাবাপন্ন হয়—এইরূপ ঈয়ৎ আত্মপ্রাণার
মোহে আচ্ছন হইয়া পড়ে সেই সময়ে কীর্ত্রিঘোষণার মায়া তাহাকে শেষবারের
মত বিধ্বস্ত করে, অজ্ঞাতসারে তাহার প্রাণের ভিতর চুকিয়া, তাহার প্রাণের
আত্মচরিতার্থতা বা আল্লক্তিরূপ পুরুগণকে দিবগুতি করিয়া ফেলে। সহসা
মোহনিজাভঙ্কে সে দেখে—যশোঘোষণা তাহাকে শুন্তিত করিয়া ফেলে।

বিপর্য্যস্ত করিতে উত্তত হইয়াছে—যশের মায়া তাহাকে সাধনার পথ হ**ইতে** বিচ্যুত করিতেছে।

তাহার অন্তর্মুখী ইচ্ছাশক্তি "দাধক হইয়াছি" এইরপ আত্মৃত্ হারাইয়া কাঁদিয়া উঠে; ইচ্ছার আকুল ক্রন্দনে প্রাণের মোহচ্যুতি ঘটে। আবার প্রাণশক্তি জাগিয়া উঠে;—কার্ত্তি-ঘোষণাকে মারিবার জন্ম দাধকের প্রাণ সচেষ্ট হয়। কিন্তু যে ঘোষণা হইয়া গিয়াছে—তাহা অমর, ঘোষণার মৃত্যু নাই। প্রাণঘোষণার মন্তক হইতে যশোরপ মণিটুকু কাটিয়া বাহির করিয়া লইয়া ইচ্ছাশক্তিকে কথঞ্চিৎ সন্তন্ত করে অর্থাৎ উচ্চ ঘোষণার প অশ্বত্থামার শিরে যশোরপ মণি যেন আর তাহার চক্ষে প্রতিভাত না হয়, এইরপ ভাবাপন্ন হয়। যশই ঘোষণার শক্তি। কীর্ত্তি-ঘোষণার শিরে যশঃশ্বরপ মণি থাকে বলিয়াই উহা সাধকের বিদ্ধাধনে সমর্থ। সেইটুকু কাটিয়া বাহির করিয়া দিতে পারিলে, কীর্তিঘোষণা আর সাধকের অনিষ্ট করিতে পারে না। উচ্চঘোষণার শিরে যশের মায়া আছে বলিয়াই সাধককে সাবধান হইতে ঽয়।

ইহাই অশ্বত্থামার মণিহরণ; এবং চরিভার্যতা বা আত্মতৃপ্তিরূপ জৌপদী-তন্মগণের নিধন।

সম্বর্গপ ধৃষ্টগ্রায় ঐ সময়ে নিহত হয়। অর্থাং মনোজয় হইলে এবং যশের মায়া বর্জন করিলে, আর সম্বল্প বলিয়া সাধকের কিছু থাকে না; এবং চরিতার্থতা অচরিতার্থতা, তৃথ্যি ও অতৃথ্যি বলিয়াও কিছুই থাকে না। যে যশটুকু একবার হইয়া গিয়াছে, সেইটুকু অপরিহার্য্য; ইচ্ছাশক্তি যেন আয়চরিতার্থতারূপ পুত্র হারাইয়া সেইটুকু লইতে বাধ্য হয়। সেই জন্য মহাভারতে দেখিতে পাই—অর্জ্বন অশ্বত্থামার মণি জৌপদীকে অর্পণ করিয়া তাঁহাকে প্রীতা করিয়াছিলেন।

সাধক! আবার বলি যশের মায়ায় ভুলিও না— জগতের করতালি শুনিবার জন্ম তোমার শ্রবণকুহর বাড়াইয়া রাখিও না। কীর্তিঘোষণার শির হইতে যশঃ (মণি) কাটিয়া বাহির করিয়া দাও। জয়-ঘোষণার উচ্চ রোল আসিয়া যত তোমায় ভাসাইয়া লইয়া ঘাইতে প্রয়াস পাইবে, তুমি ততই সঙ্কৃচিত হই না স্থান্ট ভাবে ভগবচ্চরণ স্মরণরূপ অবিচল স্তম্ভ ধারণ করিও—প্রাণের ভিতর হইতে "মা" "মা" রব উত্তিত হইয়া, জগতের করতালি ও কোলাহলকে যেন ঢাকিয়া ফেলে। যত করতালি আসিতে থাকিবে, ততই তোমার "মা" "মা" আহ্বান যেন উচ্চ হইতে উচ্চতর হইতে থাকে—নতুবা মজিবে। সেই করতালির স্বোত, কোথায় তোমায় ভাসাইয়া লইয়া গিয়া—চক্রা বর্তনে ফেলিয়া—ভ্রতলতলে নিমগু করিবে।

যাহা হউক, আমরা মোটের উপর পাণ্ডবপক্ষে এই কয়টী প্রধান প্রধান সেনানী পাইলাম। মনোঝপ ছুর্যোধন, জোণাচার্য্যরূপ ক্রিয়াকাণ্ডের মায়াকে পাণ্ডবপক্ষের এই কয়টা প্রধান প্রধান সেনানীর কথা বলিলেন,—

- ১। যুযুধান—সাত্যকি—স্ত্যান্থেষণ।
- ২। বিরাট-জভশক্তিচিন্তা।
- ৩। জ্রপদ –উদ্ধগতি (বা জীবের ক্রমবিকাশ)।
- ৪। ধৃষ্টগ্রাম -- দৃত সঙ্কল্ল
- ৫। চেকিতান-সাধকের শ্বতঃ প্রস্থৃত জ্ঞান।
- ৬। সৌভদ্র—সাধকের নির্ভীকতা এবং তজ্জনিত অহংকার।
- ৭। জৌপদেয় -- সাধকের সাধনাজনিত আত্মচরিতার্থতা বা আত্ম-তৃপ্তির মোহ।

তারপর বিপক্ষারে স্নালোচনা কবিয়া, তথ্যোধনরূপ মন নিজ পক্ষের সৈশুসমাবেশ ভোণাচার্য্যের নিকট বর্ণনা করিতেছেন,—

অস্মাকন্ত বিশিক্টা যে তানিবোধ বিজ্ঞানতম।
নায়কা মম সৈত্যস্ত সংজ্ঞাৰ্থং তানু ব্ৰবামি তে ॥৭
ভবানু ভাষাক্ত কৰ্ণক কুপাক সমিভিঞ্জয়:।
অৱধামা বিকর্ণক সৌমদভিন্তবৈধৰ চ ॥৮
অন্তে চ বহবঃ শুরা মদর্থে ত্যক্তজীবিতাঃ।
নান শন্ত্রপ্রহরণাঃ সর্বেষ্ঠ যুদ্ধবিশারদাঃ ॥৯

দিজোত্ম ! তে (তব) সংজ্ঞার্থং (গোচরার্থং) তান্ ব্রবীমি, অস্মাকং যেতু বিশিষ্টা মম সৈনস্থ নায়কাঃ তান্ নিবোধ । ।

ভবান, ভীম্মন্চ, কর্ণন্চ, সমিতিঞ্লয়ঃ কৃপ্রন্চ, আশ্বখামা, বিকর্ণন্চ, তথৈব চ সৌমদন্তিঃ মদর্থে ত্যক্ত-জীবিতাঃ নানাশন্তপ্রহরণাঃ অন্তে বহবঃ শ্রাশ্চ (সম্ভি); (তে) সর্বেব মুদ্ধবিশারদাঃ। ৮।১। দিজোত্তম। আপনাকে জানাইবার জন্ম বলিতেছি, আমাদিগের দলে যাঁহারা বিশিষ্ট ও আমার সৈক্মবাহিনীর নায়ক, তাঁহাদিগকে অবগত হউন।

(আমার দলে) আপনি, ভীন্ম, কর্ণ, রণজয়ী কুপ, অব্যামা, বিকর্ণ, সৌমদন্তি (ভূরিশ্রবাঃ) এবং আমার জন্ম মরণে কৃতসঙ্কল্প বিবিশ্ধ অন্তর্শবধারী আরও অনেক শূর আছেন; তাঁহারা সকলেই রণবিশারদ।

ভবান—জোণাচাধ্য বা যজাদি ক্রিয়াকাণ্ডের মায়া (পূর্বের বলিয়াছি)।

ভীম—(ভী+ম, ধ—আগম) বক্ষচর্য্য। ব্রহ্মার্থে পরিচর্য্যার নাম ব্রহ্মচর্য্য। ইনি উভয় পক্ষেরই পিতামহ। মন, প্রাণ যাহা কিছু, ব্রহ্মচর্য্য হইতেই পুষ্ট হয়— ব্রহ্মচর্য্যের অক্ষেই পরিবর্দ্ধিত হয়—ব্রহ্মচর্য্য হইতেই শক্তি সঞ্জাত হয়—ব্রহ্মচর্য্য হইতেই জীবের অস্তিহ। সাধারণ কথায় ব্রহ্মচর্য্য অর্থে—কামাদি ইন্দ্রিয়দমন. আত্বসংযম ইত্যাদি; কিন্তু এ সকল এক্ষচর্য্যের বহিরঙ্গ মাত্র। জীবাত্মামাত্রেরই ব্রহ্মলাভার্থে স্পুহা, ব্রহ্মের সহিত সন্মিলনের আকজ্ঞা কন্তঃপ্রবাহিত আছে: উহাই ব্রহ্মচর্য্যের অন্তর্জ বা উহাই যথার্থ ব্রহ্মচর্য্য। অন্নবিস্তর মাত্রায় ঐ ব্রহ্মচর্য্য এত্যেক জীবাত্মারই আছে। তাহারই বলে, জীবপ্রবাহ মুক্তির পথে ধীরে ধীরে অগ্রসর হইতেছে। ঐ অভ্যপ্রবাহই যেন ব্রহ্মচর্য্যের প্রাণ, এবং ইন্দ্রিয়দমন, আত্মসংযম ইত্যাদি ব্রহ্মচর্য্যের দেহ। ব্রহ্মচর্যারূপ ভীম্ম বস্তুতঃ পাণ্ডবরূপ প্রাণ-শক্তিরই মঙ্গল কামনা করে, জীবাত্মার সহিত ভগবন্মিলনের আশা প্রাণে প্রাণে পোষণ করে; কিন্তু বাহাতঃ মনোরূপ হুর্য্যোধনের অধীনেই ইহা পবিচালিত হয়। ইন্সিয়দমন, আত্মসংসম, এ সব মনের দারাই চালিত হয়। সাধকের প্রাণ ভগবল্লাভের জন্ম যথন ব্যাকুল হয়, তখন এই ইন্দ্রিয়-দমন, আত্মসংযম ইত্যাদির মায়া সাধককে ব্যতিব্যস্ত করে। সাধক ইহার মায়া সহসা ছাড়িতেও পারে না, অথচ গুধু ইহাতে ভগবৎলাভ হয় না বুঝিয়া, তাহার প্রাণ উহার গণ্ডীর মধ্যে অবস্থান করিতে চাহে না। ইহার মায়াই সাধককে সর্বাপেক্ষা দৃঢ়ভাবে জড়াইয়া ধরে। ভীম্মদেব পাগুবপক্ষকে যুদ্ধে সমধিক বিপর্য্যন্ত করিয়াছিলেন। সাধনার পথে অগ্রসর হইতে জীবের প্রাণ যথন কাঁদে,—অতৃপ্ত প্রাণ যখন মরুমাঝে তৃষ্ণার্ত পথিকের মত ভগবল্লাভের জন্ম চারি ধারে ছুটাছটি করে, মন তথন তাহাকে— "ইন্দ্রিয় দমন কর---আত্মসংযম কর" ইত্যাদিরূপ উপদেশ দেয়। উহা হইতে শক্তিলাভ হয় বুঝিয়া, এবং হয় ত এরূপ করিলেই ভগবল্লাভ হইতে পারে, এইরূপ জনমুক্তম করিয়া, উহার মায়াও ছাড়িতে পারে না, অথচ জগব-

য়াভের এবল আশা, উহাতেও তাহাকে স্থির থাকিতে দেয় না। তাহার প্রাণ যাহাকে জিজ্ঞাসা করে,—সাধু, যোগী, মহাত্মা বলিয়া পরিচিত যে কোন লোকের কাছে যুক্তি প্রার্থনা করে, সকলেই প্রায় "ইন্দ্রিয় দমন কর" এইরূপ উপদেশ দিয়াই তাহাকে কান্ত করিতে প্রয়াস পায়। হায় রে। ভগবংরূপা না হইলে যে ইন্দ্রিয়-দমন হয় না, এ কথা আগে তাহাকে কেহ বলে না; ভগবংরূপার আস্বাদ প্রাপ্তি ঘটাইয়া, তাহার প্রাণকে কেহই স্থির, সংযত করিয়া দেয় না। জগং—কাঁদ পাতিয়া ভগবান্কে ধরিতে চাহে। জগং পাখী পাইয়া পিঞ্জরের অধ্যেণ করে না, পিঞ্জর লইয়া পাখীর জন্ম অপেক্ষা করে।

এই ভীশ্বচরিত অতি অপূর্ব্ব, দ্রোণাচার্ঘা-চরিত অপেক্ষা অধিক বিম্ময়কর। বস্তুতঃ শাগ্রবিহিত কশ্মাদিরূপ জোণাচাধ্যের মত ভ্রহ্মচর্ষ্যের বহিরঙ্গরূপ ইব্রিয়দমন, আত্মসংযম ইত্যাদিকে সাধক তত উপেক্ষা করিতে পারে না। ভগবান স্বয়ং যতক্ষণ না ভীম্মের বিপক্ষে অন্ত্রধারণ করিয়া রণস্থলে অবতীর্ণ হন, যতক্ষণ না ব্রহ্মচর্য্যরূপ ভীমের ব্রহ্মপুহারূপ প্রাণ ভগবংশক্তির আশ্বাদন পায়, ততক্ষণ ভীম্মদেব সমর ত্যাগ করেন না। অর্থাৎ সাধক ব্রহ্মচর্য্য-পালনে ঐশী শক্তির অনুভব পাইয়া চরিতার্থতা লাভ করে, অথচ ভগবদুশ্বেষণের জন্ম উহার মায়ায় আর ভুলিয়া থাকিতে পারে না। এইরূপ উভয় সঙ্কটে পড়িয়া সাধক যখন কিংকত্তব্যবিমৃঢ় হইয়া পড়ে, তখন ভগবানু এক অপূর্ব্ব ভাব তাহার প্রাণের ভিতর ফুটাইয়া দেন: সে ভাব প্রাণের ভিতর ফুটিয়া উঠিলে, কামাদি ইব্রিয় আপনা ২ইতে দমিত হইয়া যায়। ভাষারূপ এক্ষচর্য্যের মায়া আপনা হইতে অন্ত্র-শন্ত্র পরিত্যাণ করে। কামাদি দমনরূপ ব্রহ্মচয়ে)র বহিরঙ্গে আর সাধকের এয়োজন হয় না। অক্ষচর্য্য তথন রূপান্তর গ্রহণ করে, অক্ষচর্য্যের বহিরঙ্গ নিশ্চেষ্ট হইয়া যায়, শুধু ত্রন্ধচর্য্যের প্রাণ শান্তিপূর্ণভাবে সাধকের মঙ্গল সম্পাদন করিতে থাকে। পূর্বেব বলিয়াছি, ত্রহ্মম্পৃহাই ত্রহ্মচর্যোর প্রাণ, এবং কামাদি ইন্সিয়-দমনই ব্রহ্মচধ্যের বহিরঙ্গ বা দেহ।

সে ভাবটী কি । কোন্ ভাব প্রাণের ভিতর উদিত হইলে, কামাদি জয়ের জন্ম আর সাধককে ব্যস্ত থাকিতে হয় না— ব্রহ্মচর্য্যের বহিরঙ্গের মায়া আর ভাহাকে ভুলাইয়া রাখিতে পারে না । সে ভাবতা গ্রী-পুরুষ-অভেদ ভাব। কামেপ্রিয় জয়ের ইহাই সর্বাপেক। খুগম উপায়। ব্রহ্মচর্য্যের বহিরঙ্গকে নিশ্চেষ্ট করিবার বা নিপ্রয়োজন ভাবিবার আর দ্বিতীয় উপায় নাই। স্ক্রী-পুরুষে অভেদ

জ্ঞান জনিলে, কামেন্দ্রিয় দমনরপ বন্ধচর্য্যের আর আবশ্যকতা থাকে না। ইহাই অর্জ্ঞানের রথে দ্রী-পুরুষরাণী শিখণ্ডীর আবির্ভাব। দ্রী-পুরুষরাণী শিখণ্ডীকে সম্মুখে রাখিয়া অর্জ্ঞ্ব ও শ্রীকৃষ্ণ ভীমদেবকে জয় করিতে গিয়াছিলেন। তাহাকে দর্শন মাত্রেই ভীমদেব নিরম্ন হইয়া রণ পরিত্যাগ করিয়াছিলেন; এবং অর্জ্ঞ্মের শরজালে নিজ শয্যা রচনা করিয়া, শান্ত্রিপূর্ণ চিত্তে তাহাতে শায়িত থাকিয়া, পাশুবপক্ষের মঙ্গলের জন্ম প্রাণে প্রাণে ভগবান্কে ডাকিয়াছিলেন। অপ্র্বিধর্মোপদেশ দিয়া, যুধিষ্টিরাদি পাশুবদিগের হৃদয়ে বিমল জ্ঞানজ্যোতিঃ ফুটাইয়া দিয়াছিলেন।

শিখণ্ডী (যাহাতে স্ত্রী ও পুরুষ-ভেদ নাই) বা দ্রী-পুরুষে অভেদ জ্ঞান, দ্রুপদ রাজারই অম্যতম পুত্র।

সাধক! যদি দ্রী-পুরুষে অভেদজ্ঞানের সাধনা করিতে পার, দেখিবে—
তোমার ব্রহ্মচর্য্য আপনা হইতেই সংসাধিত হইয়া যাইবে। ব্রহ্মচর্য্যধর্ম অতীব
কঠোর—আজিকালিকার দিনে পালন করা অতীত স্থৃত্কর, এইরপ ভাবিয়া
তোমায় হতাশ হইতে হইবে না; এবং ব্রহ্মচর্য্যের বহিরঙ্গ পালন হইল না বলিয়া,
বৃষি ভগবংলাভ হইবে না, এরপ নিরাশার কৃহকে তোমায় ভূবিতে হইবে না।
ব্রহ্মচর্য্যের অন্তরঙ্গ পালনে অধিক যন্তবান্ হও। "কামাদি জয়ের মায়া আমার
বড় বিদ্ন সাধন করিতেছে—আমার চিত্ত এই দিকেই প্রধাবিত—তোমার
অ্যেবণে তত ব্যাকুলতা প্রকাশ করিতেছে না" এইরপ ভাবে কাঁদিয়া
ভগবানের শরণাগত হও। মাতৃশক্তি তোমার প্রাণে ফুটিয়া উঠিবে—স্ত্রীপুরুষ
বলিয়া আকৃতির ধান্ধা, তোমার চক্ষ্ হইতে জন্মের মত তিরোহিত হইবে,
তখন তোমার অন্তরের ব্রহ্মচর্য্য স্বাধীনভাবে তোমার মঙ্গলপথে আলোক
দেখাইবে।

ইহাই ভীমের শরশযা। বস্তুতঃ ব্রহ্মচর্য্য—সাধনার পক্ষে একান্ত প্রয়োজনীয়, ব্রহ্মচর্য্যই সাধনার শক্তি; কিন্তু তাই বলিয়া কামেন্দ্রিয়দমনরূপ ব্রহ্মচর্য্যর বহিরঙ্গ-সাধন যত দিন না হইবে, তত দিন বুঝি আমার ভগবংসাধনা হইবে না, এরূপ ব্রান্ত ধারণার বশবর্তী হইও না। মোহে পড়িয়া সময়ের অপব্যবহার করিও না। ভীম্মচরিত্র বিশ্লেষণ করিয়া দেখ—অর্জ্জুনের ভীম্মবিজয় বুঝিতে চেষ্টা কর, তোমার উভয় কামনা পূর্ণ হইবে।

সাধক। "ত্রী-পুরুষ" শুধু পোষাকের বিভিন্নতা মাত্র। পোষাকের মোহ

ভূলিতে চেষ্টা কর, ব্রহ্মচর্য্য আপনি সংসাধিত হইবে। ব্রহ্মচর্য্যের অপূর্ব্ব শক্তিতে তোমার প্রাণ ভরিয়া যাইবে। কিন্তু এ মন্ত্রের সাধনা প্রয়োজন। কিছুদিন যত্মসহকারে তোমার চিন্তাস্রোভকে এই "ব্রীপুরুষ হুভেদ" জ্ঞানের উপর প্রবাহিত রাখিতে হইবে। তথন তোমার অধ্যবসায় বিফল হইবে না। "ব্রী" ও "পুরুষ"— তোমার এ আকৃতিগত ভেদজ্ঞান মিলিয়া এক হইয়া যাইবে; লিঙ্গ-শরীরের যথার্থ জ্ঞান তোমার প্রাণের ভিতর জ্ঞলিয়া উঠিবে। লিঙ্গজ্ঞান কি, তথন তুমি ব্বিতে পারিবে।

কর্ণ—পূর্বেব বলিয়াছি, প্রাণশক্তিরই একাংশের নাম কর্ণ। উহা মূলাধার চক্রে থাকিয়া আমাদিগের দেহ পোবণ করে এবং সাধারণ কথার আমরা যাহাকে জীবনের মায়া বলি, উহা ঐ প্রাণশক্তিটুকুরই জন্ম। ঐ প্রাণশক্তিটুকুর সাহায্য গ্রহণ করিয়া আমাদিগের মন, ইন্দ্রিয়াদির ভিতর দিয়া দেহ এবং জগৎ উপভোগ করে; সেই জন্ম উহার মায়ায় আমরা এত মুগ্ধ;—তাই জীব মরণে এত ভীত,—শরীর রক্ষার জন্ম এত ব্যস্ত ! ঐ প্রাণশক্তি মৃত্যুর মায়া কল্পনা করিয়া জীবজগৎকে অহর্নিশ শক্ষিত করিয়া রাখিয়াছে; মৃত্যুত্মের করাল মুখব্যাদান হইতে আত্মরক্ষাব চিকারপ গভার অশান্তি মৃহূর্তে সূহূর্তে জীবের হৃদয়ে ফুটিয়া উঠিতেছে।

সাধনা-পথে মৃত্যুভয় একটা প্রবল শক্র; আবার সাধনার পথে মৃত্যুভয় একটা প্রবল সহায়। মৃত্যুভয় না থাকিলে সাধারণ জীব উচ্চুঙ্খল হইয়া যাইত, ধর্মের দিকে জীবের মতি ফিরিত না; কিন্তু আবার, সাধনার পথ দেহের পক্ষে কষ্টদায়ক এবং "ভোগ হইতে জীবকে বঞ্চিত করে"—এইরপ ভ্রান্ত ধারণা আছে বলিয়া ও দেহ নষ্ট হইবার আশস্কাতে উহা সাধনা-পথে বিম্নকর। অভয়—সাধনার একটা লক্ষণ। আমাদের এই প্রাণশক্তির মায়া, মৃত্যুভয়রূপ কবচ-কুণ্ডল ধারণ করিয়া, আমাদিগকে সাধনাপথে অগ্রসর হইতে দেয় না। মৃত্যুভয় — হাদয়কে সন্কৃতিত করে—প্রাণের উদারতা নষ্ট করে —প্রাণকে জগতের বিশাল বিস্তারে মিশিতে না দিয়া, সংকীর্ণ ভোগ-গণ্ডীর মধ্যে আবদ্ধ করে জন্ম-মরণ-ভ্রান্তি-জাল রচনা করিয়া, জীবান্থাকে জন্ম-মৃত্যুরহিত, নিত্যু, নির্বিকার অবস্থার আস্বাদন হইতে বঞ্চিত করিয়া রাখে।

মহাভারতে আছে, কর্ণ-সূর্য্যের পুত্র। বস্তুতঃ, কর্ণরূপ এই প্রাণশক্তি টুকুর জন্ম এ জগৎ সূর্য্যের নিকট ঋণী। সূর্য্য-জীবনীশক্তির আধার। ঐ যে সূর্য্য হইতে জ্যোতির্ম্মর রশ্মিতরঙ্গরাশি অহর্নিশ চারি ধারে প্রবাহিত হইতেছে, জ্যোতির তরঙ্গতঙ্গ অবিরত দিন্দিগন্ত প্লাবিত করিয়া ছুটিতেছে—উহার নিকট আমরা সর্বাংশে ঋণী। জগতের বস্তুনিচয়ে রক্ত, পীত, নীল আদি বর্ণবিক্যাস—জগতের বিচিত্র রূপমাধুরী প্র্যাকিরণের মহিমাতেই রচিত হয়। নিবিড় অন্ধকার নাশ করিয়া, পৃথিবী চন্দ্র প্রভৃতি গ্রহ উপগ্রহকে কুন্মগুচেছর মত ফুটাইয়া তুলেন বলিয়া, এবং আমাদিগকে চক্ষ্রিন্দিয় প্রদান করিয়া, জগডোগে সাহায্য করেন বলিয়া ইহার নাম জগচেক্ষঃ। কিন্তু ইহা অপেক্ষা আর একটা মহামূল্যবান্ বস্তুর জ্ব্যু আমরা সূর্যের মুখাপেক্ষী। প্র্যোর কনককিরণধারা অবলম্বন করিয়া, প্রাণ-শক্তির অফ্রন্ত প্রস্ত্রবণ জীবজগংকে বাচাইয়া রাখে; তাই সূর্যা জগতের প্রাণ-স্র্যা আমাদিগের প্রাণ—সূর্যা জগতের প্রাণ-সূর্যা আমাদিগের প্রাণ—সূর্যা জগতের প্রাণ—সূর্যা আমাদিগের প্রাণ—সূর্যা জগতের প্রাণ—সূর্যা আমাদিগের প্রাণ—সূর্যা জগতের প্রাণ—সূর্যা জগাতের জীবনকেন্দ্র।

বস্তুতঃ, সূর্য্য না থাকিলে আমরা বাচিতাম না – সূর্য্য চৈতক্সময়ী মায়ের আমার নয়নমণি: স্নেহময়ী জননীর স্নেহধারার মত জীবনীশক্তির অনস্ত প্রবাহ **এ** সূর্য্য হইতে আমাদের শিরে ঝরিতেছে—আমাদিগকে মগ্ন করিয়া রাথিয়াছে। সমুদ্রে যেমন জলচর জীব বাস করে, আমরাও তেমনি সূর্য্যপ্রস্ত জীবনীশক্তি-রূপ মাতৃমেহের বিরাট্ সমুদ্রে নিমজ্জিত। স্থায়ের জ্যোতিঃধারা ধরিয়া জীবনী-শক্তি অনবরত আমাদিগের দেহে প্রবেশ করিতেছে; সুর্যাকিরণের ভিতর দিয়া সম্ভানকে স্তনধারা দিবার মত মা আমাদিগকে প্রাণশক্তির ধারা ঢালিয়। দিতেছেন। সেই প্রাণশক্তিপ্রবাহের সাহায্যে আমাদের মন জ্গৎকে ভোগ করে। ভোগের ব্যয়ম্বরূপ সেই প্রাণশক্তি ব্যয়িত হয়। আমরা জগদ্ধোগে যত প্রাণশক্তি ব্যয় করিয়া থাকি, এই বিরাট প্রাণশক্তির প্রবাহ ততই আমাদিণের সে অভাব পূরণ করে। যে পরিমাণে প্রাণশক্তি আমাদের দেহে প্রবিষ্ট হয়, তদপেক্ষা অল্প পরিমাণে যদি আমরা জগদ্যোগের জন্ম বায় করিতে সক্ষম হই. তাহা হইলে আমাদের দেহভাণ্ডারে প্রাণশক্তি অনেক পরিমাণে সঞ্চিত হয়, এবং আমরা দীর্ঘ জীবন লাভ করিতে পারি। কিম্বা যদি বায় অপেক্ষা অধিক পরিমাণে এই প্রাণশক্তি বহির্জগৎ হইতে আকর্ষণ করিয়া লইতে পারি তাহা হইলেও জীবনকে দীর্ঘকালব্যাপী করা যাইতে পারে। অধিক পরিমাণে প্রাণ-শক্তি বহির্জগৎ হইতে আকর্ষণ করিতে পারিলে, এবং পন্থা জানা থাকিলে, আমরা অক্ত কোন ব্যক্তির দেহে উহা প্রয়োগ করিয়া, তাহাকে রোগ হইতে মুক্ত করিতে পারি: এমন কি, মৃতদেহ অবধিতেও জীবন সঞ্চার করা যায়।

এইরপ অধিক পরিমাণে প্রাণশক্তি আকর্ষণ করিবার অতি সুন্দর উপায় আছে; কিন্তু সে উপায় প্রকাশ করা যোগনীতিবিক্তম। কারণ, সাধারণে সে ভাবে প্রাণশক্তি আকর্ষণ করিবার চেষ্টা করিলে, তাহাতে বিত্ন ঘটিতে পারে! প্রাণশক্তিপ্রবাহ এত পর্যাপ্ত পরিমাণে সহসা দেহের ভিতর প্রবেশ করিতে পারে—সূর্য্যের রশ্মিতরঙ্গ ধরিয়া, এ প্রাণশক্তির প্রবাহ এত প্রকারেণে আমাদের দেহে আসিতে পারে যে, অনভ্যস্ত দেহের মূলাধারাদি চক্রসকল সেশক্তির বেগ ধরিয়া কেন্দ্রগত করিয়া রাখিতে পারে না,—প্রাণশ্রবাহ দেহ পরিপ্লাবিত করিয়া দিয়া বস্থাতরঙ্গ বা বিহ্যুচ্ছটার মত আমাদের ব্রহ্মরক্ত্র বা অন্ত কোন চক্ষুরাদি ইন্দ্রিয়ের ভিতর দিয়া, বহির্গত হইয়া মূহুর্ত্তে আমাদের মৃত্যু ঘটাইতে পারে; অথবা স্বায়ুপথ বিকৃত করিয়া দিয়া উন্মাদ প্রভৃতি রোগগ্রস্ত কবিতে পারে। তবে শাস্ত্রসঙ্গত পন্থা অবলম্বন করিয়া ঐরূপে বিরাট হইতে প্রাণশক্তি আকর্ষণ করিলে সে ভয় আর থাকে না।

এই জন্ম কর্ণকে স্থাপুত্র বলিয়া শাস্ত্রে উল্লিখিত হইয়াছে। সকল কথা প্রকাশ করা চলে না, সংক্ষেপে বিরাট্ প্রাণপ্রবাহের কথা বলিলাম। মায়ের এক একটা করুণার কথা বলিতে গেলে, এক একখানি বিরাট্ গ্রন্থ হইয়া পড়ে—ব্ঝি তাহাতেও বলা চলে না। যাহা হউক, এই শক্তি জীবদেহে প্রবেশকালীন একটি জ্যোতির্ময় সূত্রবং ধারা অবলম্বন করিয়া প্রবেশ করে এবং জীবের মৃত্যুকালে এরূপ সূত্রধারা অবলম্বন করিয়া বহির্গত হইয়া, পঞ্চ প্রাণশক্তিবিশিষ্ট জীবাত্মার দেহ হইতে বহির্গমনের জন্ম পথ ও আধার গ্রন্থত করে; এই জন্মই কর্ণকে স্তপুত্র বা স্ত্রধর বলিয়া উল্লেখ করা হইয়াছে।

কর্ণরপ প্রাণশক্তির মৃত্যুভয় ও জগদ্ভোগের মায়ারপ কবচকৃগুল অপহৃত হইলে তবে কর্ণ মরে; অর্থাৎ সাধকের হৃদয় হইতে মৃত্যুভয় ও জগদ্ভোগের মায়া দ্রীকৃত হইলে, ঐ প্রাণশক্তি—বিরাট্ প্রাণশক্তিতে মিলিয়া য়য়য় মন আর উহার সাহায়্য লইয়া জগদ্ভোগে জীবকে মুয় করিয়া রাখিতে পারে না; অর্থাৎ যেমন সমুজোখিত তরঙ্গ সমুজে মিলাইয়া গিয়া প্রশান্ত ভাব প্রাপ্ত হয়, তজ্রপ উহা বিরাট্ প্রাণসমুজে মিলিত হয়। য়াহা হউক, স্হ্যুন্সাধনা শিক্ষা করিলে, এই প্রাণশক্তির রহস্ত হদয়ঞ্চম হয়়—কিন্ত সে অন্ত কথা। সাধক! যদি মায়ের আমার ঐ প্রাণশক্তিরপ স্বেহধারা-পরিপ্রত স্ব্যারাপ

নয়নের চিন্তা করিতে পার—যদি হৃদয়ঙ্গম করিতে পার, তুমি মাতৃক্রোড়ে উপবিষ্ট হইয়া আছ, এবং তোমার শিরে মাতৃচক্রু হইতে স্নেহের ধারা ঝরিতেছে, তাহা হইলে তোমার জীবনীশক্তির ভাণ্ডার ফুরাইবে না। মা অনিমেষ লোচনে তোমার দিকে চাহিয়া আছেন, তুমিও যদি অনিমেষ লোচনে সেই মাতৃ-দৃষ্টির দিকে চাহিয়া থাকিতে পার, তোমার মৃত্যুভয় রোধ হইবে। এস়া চাহিয়া দেখ! মায়ের অমৃতময়ী স্তনধারা অনবরত তোমাকে নিময় করিয়া চারি ধারে ঝরিতেছে—তোমাকে পরিপ্লাবিত করিয়া সেই স্তনধারাপ্রবাহ দিন্দিরস্তে প্রবাহিত হইতেছে; পান করিয়া কৃতার্থ হও। মাতৃ স্তনের ক্ষীরধারায় পুই হইয়া শক্তিমান্ হও। মনকে জগৎ উপভোগের জন্ম সে শক্তির অপচয় করিতে না দিয়া, পঞ্চপ্রাণযুক্ত আত্মার জন্ম আধার পূর্ণ কর। "স্তনধারা দাও মা—স্তনধারা দাও মা" বলিয়া কাদ! মাতৃস্তনে হৃদ্ধ উছলিয়া উঠিবে—স্বর্গের স্ক্রধূনী, আকাশ-গঙ্গারূপে তোমার শিরোদেশে ঝরিবে, তোমার মস্তকের স্নায়ু-জটাজাল নিষিক্ত করিয়া ভাগীরথীরূপে তোমার সর্বাঙ্গ পরিপ্লাবিত করিবে; তুমি কৃতার্থ ইইবে। তোমার শিবমূর্ত্তি তুমি আপনি দেখিয়া আত্মহার। ইইবে।

সৌমদন্তি—সোমদন্তের পূত্র ভ্রিশ্রবা। ভ্রি = ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর ইত্যাদি, শ্রব = খ্যাতি; যাহা হইতে ব্রহ্মার বিষ্ণুর ইত্যাদির মত খ্যাতিলাভ হইতে পারে, তাহাকে ভ্রিশ্রবা বলে; অর্থাৎ হঠযোগকে ভ্রিশ্রবা বলে। সত্যাদ্বেষণের ইহাই সর্বাপেক্ষা প্রবল রিপু। সাধক সত্যাধ্যেণের জন্ম যখন সাধনাপথে প্রবেশ লাভ করে—ভগবান্কে খুঁজিবার জন্ম প্রাণে যথন আকুল পিপাসা জাগিয়া উঠে, সেই সময়ে যোগ অর্থাৎ হঠযোগ শিক্ষার মায়া কোথা হইতে আসিয়া তাহার হৃদয় অধিকার করে। ভগবান্কে খুঁজিতে গিয়া, ভগবদ্বিভূতি লাভের কৌশল-সকল শিক্ষার জন্ম প্রাণ বাস্ত হয়। প্রচলিত কথায় যাহাকে যোগী বলে, সাধকের সেইরূপ যোগী হইবার সাধ প্রবল হইয়া উঠে। হঠযোগের অন্তর্গত আসন, প্রাণায়াম, মুজা ইত্যাদিতেই তাহার চিত্ত অধিক অভিনিবিন্ট হয়, সে ভগবান্ ভূলিয়া ভোজবাজী শিক্ষায় যত্মবান্ হয়। তাহার সত্যান্মেশনের নির্মাল উপ্রম কিছু দিনের জন্ম বিশ্বস্ত হয়। এই জন্মই মহাভারতে ভ্রিশ্রবার হস্তে সাত্যকির লাঞ্ছনা দেখিতে পাই। জনেক সাধক, ভগবান্ খুঁজিতে গিয়া, এইরূপে বাজীকর হইয়া গিয়াছেন।

বস্তুত: হঠসমাধিতে ভগবান্ লাভ হয় না—যোগবাশিষ্ঠে বশিগুদেব,রামচন্দ্রকে ইহা অতি স্থুন্দুর্ব্ধপে বুঝাইয়া গিয়াছেন। রামচন্দ্রের রাজসভামগুপে, তাঁহাকে শিক্ষা দিবার জন্ম তিনি একদিন কোন নির্দিষ্ট স্থান খনন করিতে বলিয়া-ছিলেন। বশিষ্ঠদেবের আদেশারুযায়ী সেই স্থলটা খনিত হইলে, একটা মনুষ্যদেহ দেখিতে পাওয়া গিয়াছিল। বৃশিষ্ঠের আদেশে সেই দেহটা সভামগুপে আনীত হইলে, প্রক্রিয়া-বিশেষের দ্বারা তিনি তাহার চৈতন্ম সম্পাদন করিয়াছিলেন। সেই দেহে চৈতন্ম সম্পাদিত হইবামাত্র, সে উঠিয়া সভাসদ্বর্গকে অভিবাদন করিয়া পুরস্কার প্রার্থনা করিল। সভাসদ্গণ কৌতৃহলাক্রান্ত হইয়া বশিষ্ঠদেবকে ইহার সবিশেষ করান্ত জিজ্ঞাসা করিলে তিনি বলিলেন, এ লোকটি একজন যাহকর। রাজসভায় কুন্তকাদি নানা ভোজবিদ্যা দেখাইতে দেখাইতে সহসা সমাধিস্থ হইয়া গিয়াছিল। উহার সহচরের। মৃত্যু হইয়াছে এইরূপ কল্পনা করিয়া দেহটি প্রোথিত করিয়া রাখিয়া চলিয়া গিয়াছিল। 'নুপতির নিকট হইতে প্রস্কার লইব' এইরূপ প্রকারই প্রার্থনা করিতেছে।

বস্ততঃ এরপ হঠ-সমাধিতে বাজী দেখান ছাড়া অন্ত কোন বিশেষ কাজ হয় না। ইন্দ্রিয়বিশেষের কৌশলে ভগবান্কে পাওয়া যায় না, তবে চিত্তক্ষেত্রকে স্থির করিবার পক্ষে অনেকটা সহায়তা করে, এই পর্যাস্ত। যথার্থ সমাধি অন্ত প্রকারে হয়, সমাধি আপনা হইতে আইসে। সমাধি হইতে ভগবান্ লাভ হয় না—ভগবংলাভ হইতে সমাধি আইসে; কিন্তু উহা এখন আমাদের বিচার্যা নহে। যোগ বুঝিবার সময় এ কথা বিস্তৃত্রূপে আলোচন। করিব।

যাহা হউক, অনেক সাধক এই যোগক্রিয়ার মায়ায় মুগ্ধ হইয়া ভগবান্কে হারাইয়াছে, অনেক সাধকের সভ্যায়েষণ এই ভ্রিপ্রারার দারা প্রতিনির্ভ হইয়াছে। হায়। এইরপ যোগের দুই একটি সাধারণ বিভৃতি দেখিয়া, এমন কি, ললাটে সামান্ত জ্যোতির্গোলক দর্শন করিয়াও অজ্ঞ জীবপ্রবাহ মুগ্ধ হইয়া যায়। অজ্ঞ জীব উহাকেই তাহাদের জীবনের চরিতার্থতা মনে করে; জানে না, ওরূপ জ্যোতির্গোলক দেহের পদন্ধর হইতে শিরোদেশ অবধি পুঞ্চে পুঞ্চে বিস্তৃত। আকাশের চন্দ্র, স্থ্যা, তারকার মত, আমাদিগের শরীরস্থ ব্যোমান্দ্র বিস্তৃত। আকাশের চন্দ্র, স্থ্যা, তারকার মত, আমাদিগের শরীরস্থ ব্যোমান্দ্র বিস্তৃত। আকাশের চন্দ্র, স্থা, তারকার মত, আমাদিগের শরীরস্থ ব্যোমান্দ্র বিস্তৃত। আকাশের চন্দ্র, স্থা, তারকার মত, আমাদিগের শরীরস্থ ব্যোমান্দ্র বিস্তৃত। আকাশের চন্দ্র, স্থা, তারকার মত, আমাদিগের শরীরস্থ ব্যোমান্দ্র বিস্তৃত। উহারা চক্ষু মুদিত করিয়া ললাটের জ্যোতির্গোলক দেখিবার জন্ম মৃদিয়া তারা চক্ষু মুদিত করিয়া ললাটের জ্যোতির্গোলক দেখিবার জন্ম মৃদিয়া—ক্রেরপ আগ্রহে "মা কোথা— মা কোথা" করিতে পারিত—বৃথি ভাহা হইলে ওরূপ গোলকপুঞ্বের অনস্ত

বিস্তার দেখিয়া ফুতকৃতার্থ হইত। উহাদিগের বুঝা উচিত, উহা ভগবৎসাধনা-পথে সহায় মাত্র, যথার্থ চরিতার্থতা নহে।

কিন্তু আদে, ওরূপ যোগবিভূতির মায়া না আসিয়া থাকে না। কেন না, ওরূপ যোগবিভূতি দর্শনে ভগবল্লাভ না হইলেও, অন্ত একটা বিশেষ উপকার সংসাধিত হয়। ভগবল্লাভের আকাজনা প্রাণে প্রবল থাকিলে উহা জীবকে ভগবল্লাভের জন্ম আরও সচেষ্ট করিয়া তুলে। যথার্থ সাধনেচ্ছা প্রাণে প্রবল থাকিলে, ভগবান্ আপনি এইরূপ সন্ধটাপর অবস্থায় অন্থলি নির্দ্দেশে সাধককে সাবধান করিয়া দেন। সাধকের সত্যাবেষণ বিপর্যান্ত হইবামাত্র ভগবান্ জীবশক্তিকে যেন বলিয়া উঠেন, "ওুমি সাবধান হও, ভোমার সত্যাযেষণ বিভূতিমায়ার করে নিপীড়িত, তুমি উহাকে রক্ষা কর।" কুরুক্ষেত্রে প্রীকৃষ্ণকে এই কথাই বলিতে শুনিয়াছি। সাত্যকি যখন ভ্রিশ্রবার দারা আক্রান্ত ও বিপর্যান্ত হইয়াছিল, সেই সময় ভগবান্ অর্জুনকে বলিয়াছিলেন,—"অর্জুন্। সাবধান! সাত্যকিকে রক্ষা কর—ভ্রিশ্রবার কর হইতে সাত্যকিকে পরিত্রাণ কর।" অর্জুন ভূরিশ্রবার বাহুছেদন করিয়া, সাত্যকিকে মুক্তি দিলে, ভূরিশ্রবা স্থ্যা চক্ষু ও চন্দ্রে মন স্থাপন করিয়া, যোগাবলম্বনে প্রাণত্যাগে প্রয়াসী হইয়াছিল; এবং সেই সময়ে সাত্যকি বড়োর দারা ভাহার শিরশ্রেদন করিয়াছিলেন।

আমরা উভয় পক্ষের এই পর্যন্তই সমালোচনা করিলাম। প্রত্যেক চরিত্র বর্ণনা করিতে গেলে, অতিরিক্ত জটিলতা আসিয়া পড়িবে: সাধারণ লোক এ সকল যোগবিজ্ঞান শুধু গ্রন্থপাঠে সম্পূর্ণরূপে আয়ন্ত করিতে পাবিধে না। গ্রন্থপাঠে সাধনেচ্ছা যথার্থ প্রবল হইয়া উঠিলে প্রাণের ভিতর এ সমস্ত তত্ব আপনি কৃটিয়া উঠিবে। সদ্গুরু আবিভূতি হইয়া সমস্ত তত্ব কুটাইয়া দিবেন। সাধক। তত্ব ব্ঝিবার জন্ম ব্যস্ত হইও না, ভগবল্লাভের জন্ম ব্যস্ত হও —তত্ত্ব আপনি কৃটিবে; সদ্গুরু খুঁজিও না—সংশিশ্য হও— গুরু আপনি মিলিবে; ভগবংশক্তির অন্থেষণ করিও না, ভগবানে আসক্তি ঢালিয়া দাও—শক্তি আপনি আসিবে। মাতৃত্তন অন্থেষণ করিও না—"মা" করিয়া কাঁদ— মা আপনি মুখে স্তনদান করিবেন।

এইরপে ছুর্য্যোধন উভয় দিক্ বিশ্লেষণ করিয়া জোণাচার্য্যের নিকট যাহ। বর্ণনা করিয়াছিলেন, অর্থাৎ সাধন-সংগ্রামের সূচনায় মন শান্তবিহিত কর্মাদির মায়াকে লক্ষ্য করিয়া, উভয় দিক্ বিশ্লেষিত করিয়া যেরূপ দেখিতে পায়, তাহা রূপকাকারে বলিলাম।

যাহা হউক, মন এইরূপে উভয় দিক্ দেখিতে দেখিতে বিমর্থ হঠিয়া পড়ে; প্রাণের পর্যাপ্ত আয়োজন দেখিয়া সে সঙ্কৃচিত হয়। "বুঝি প্রাণের গতি সংসারা-শ্রমাচিত ধর্ম-সকল লজ্ফন করিয়া উন্মার্গগামী হয়" এই ভাবিয়া সাধকের মন বিষন্ধ হয়। সাধকের প্রাণ ত বিলম্ব সহিতে পারে না। সে চাহে মুহূর্ত্তে ভগবানের আলঙ্কন;—প্রতি মুহূর্ত্তে তার প্রাণ ভগবান্কে পাইবার জন্ম ব্যত্রা; প্রতি মুহূর্ত্তে তাহার প্রাণ ভগবান্কে চাক্ষ্ম দেখিবার জন্ম লালায়িত; প্রতি মুহূর্ত্তে তাহার প্রাণ ভগবচ্বণে লুক্তিত হইবার জন্ম ব্যাক্ল;—তার কি বিলম্ব সহে? শান্ত্রাধ্যয়ন—ব্রক্ষচর্য্য—যাগয়জ্ঞ—এত বিলম্ব সে কি সন্ম করিতে পারে? বংসহারা গাভার মত তার প্রাণের গতি—সে কি অপেক্ষা করিতে পারে? ভৃণগুড্ছাদি খাইয়া বল সঞ্চয় ক্রিতে করিতে বংসের অন্বেষণ কর—এ কথা কি মায়ের প্রাণ শোনে? সমূন্তের আকর্ষণ পড়িয়াছে—নদীর জল কি স্থির খাকিতে পারে?

কিন্তু মন তাহা চাহে না। মন চাহে জ্ঞান,—মন চাহে যশ, মন চাহে শক্তি, মন চাহে সংসার, মন চাহে স্বর্গ, মন চাহে ভোগ। স্কুতরাং মন, প্রাণের এই এক্মুখী স্রোত দেখিয়া চিন্তিত হয়। দে বলে,—

> অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্। পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্॥১০

ভীমাভিরক্ষিতম্ অস্থাকং তং (তাদৃশবীরসম্বিতম্) বলং অপ্র্যাপ্তং (প্রতিযোদ্ধুম্ অসমর্থং) তু ভীমাভিরক্ষিতম্ এতেধাং ইদং বলং প্র্যাপ্তম্।

ব্যবহারিক অর্থ। ভীমাভিরক্ষিত আমাদিগের তাদৃশ বীর্যুক্ত বলও পাওবদিগের সহিত প্রতিযুদ্ধ করিতে অসমর্থ; কিন্তু ভীমাভিরক্ষিত পাওবসৈত্ত পর্যাপ্তঃ।
যৌগিক অর্থ।—ব্রহ্মার্গরির দ্বারা মনের বল রক্ষিত হইলেও এবং
নানা প্রকার শক্তি, জ্ঞান ও ভোগিশ্বর্যোর আশা থাকিলেও, উহা প্রাণের গতিকে
রোধ করিতে বুঝি অসমর্থ। ভীমাভিরক্ষিত অর্থাৎ ভীমের কাতর আহ্বানরূপ
জপদ্বারা রক্ষিত প্রাণশক্তি যেরূপ সবল বলিয়া প্রতীয়মান হয়,—প্রাণের কাতর
ভগবদাহ্বান যেরূপ উন্নাদনার ভাব প্রকাশ করে, তাহাতে মন যে তাহাতে
আশ্রমোচিত ধর্মাশৃত্বলার ভিতর ধরিয়া রাখিতে পারিবে—এরূপ কল্পনা করিতে
পারে না।

ভীমাভিরক্ষিত বলিবার কারণ কি ? বস্তুতঃ মনের তেজ ব্রক্ষচর্য্যের দারাই সংরক্ষিত হয়। যাগযজ্ঞাদি ধর্মকর্ম ও বেদপাঠাদি জ্ঞানামূশীলন ব্রক্ষচর্য্যের দারা রক্ষিত ও পুষ্ট হয়, এ কথা পূর্বে বলিয়াছি। ব্রক্ষচর্য্যের দারাই জীব বীর্যাবান্ হইয়া উঠে; সেই জন্ম সর্বাপেক্ষা অধিক দিন ব্রক্ষচর্য্যের মায়ার সহিত্ত সাধককে যুদ্ধ করিতে হয়, অর্থাৎ ব্রক্ষচর্য্য দারা আক্রান্ত থাকিতে হয় বা ব্রক্ষচর্য্য পালন করিতে বাধ্য হইতে হয়।

পাওবপক্ষকে ভীমাভিরক্ষিত বলিবার কারণ—সাধককে সর্ব্বপ্রথম কণ্ঠস্থ উদাননামক প্রাণাংশের জ্পশক্তির আশ্রয় গ্রহণ করিতে হয় বা সর্ববিধ্য সাধকের প্রাণের ভগবদ্বিরহ উপলব্ধি কণ্ঠেই অভিব্যক্ত হয়। "কোথা তুমি—কোথা তুমি মা; কোথা তুমি মা আমার জীবনের প্রবতারা, কোথা তুমি, আমার ত্ষিত প্রাণের শাস্তি-বারি, কোথা তুমি, আমার জাধার হৃদয়ের দীপ্ত মণি!"— সাধকের কাতরতা এই ভাবে কণ্ঠে সর্ব্বপ্রথম জপাকারে ক্ষ্রিত হয় এবং সেই জন্ম সাধনা-পথের প্রথম সহায়—জপ। জপের মত ক্রিয়া আর নাই। ভগবান্ নিজেই বলিয়াছেন,—"যজ্ঞানাং জপযজ্ঞোহন্মি"। কিন্তু জপ-রহস্ম বলিবার সময় জপের প্রণালী বিশেষ করিয়া বলিব; পাঠক বুঝিতে পারিবেন, একমাত্র জ্বপ অবলম্বন করিলেই তাহা হইতে সর্ব্বকাম অতি সহজে সিদ্ধ হইতে পারে।

যাহা হউক, মন সকল মায়াকে কেন্দ্রীভূত করিয়া ব্রহ্মচর্য্যের মায়াকেই প্রবল করিয়া তোলে। পরের শ্লোকে তাই বলিতেছেন,—

অয়নেযু চ সংর্বেষু যথাভাগমবস্থিতা:।
ভীপ্সমেবাভিরক্ষন্ত ভবন্ত: সর্ব্ব এব হি॥ ১১

সর্কেষু অয়নেষ্ (ব্যুহমার্গেষু) যথাভাগং অবস্থিতাঃ (সন্তঃ) ভবস্তঃ সর্ক এব হি ভীম্মমেব অভিরক্ষন্ত।

বৃ।হমার্গে স্ব স্ব বিভাগানুসারে অবস্থান করিয়া আপনারা সর্বপ্রকারে ভীম্মদেবকেই রক্ষা করুন।

মোট কথা, সাধকের মন যেন ব্রহ্মচর্য্য ব্রহ্মচর্য্য করিয়া পাগল হইয়া উঠে। প্রাণ ভগবান্ ভগবান্ করিয়া ছুটিলে, মন সর্বপ্রথম ব্রহ্মচর্য্যকেই ধরিয়া বসে— ইহাই উক্ত শ্লোকের মর্ম।

তক্ত সংজনয়ন্ হর্ষং কুরুরুদ্ধঃ পিতামহ:। সিংহনাদং বিনতোচিচ: শব্ধং দর্গ্বো প্রতাপবান্॥১২

প্রতাপবান্ কুরুবৃদ্ধঃ পিতামহঃ তস্ত হর্ষং সংজনয়ন্ উচ্চৈঃ সিংহনাদং বিন্ত শৃদ্ধাং দধ্যে।

ব্যবহারিক অর্থ।—প্রতাপবান্ কুরুর্দ্ধ পিতামহ ভীষ্ম, ত্র্যোধনকে উৎফুল্ল করিয়া, উচ্চ সিংহনাদ করিয়া শত্মধ্বনি করিলেন ।

যৌগিক অর্থ। - ভ্রন্মচর্য্যের প্রতি মনের এইরূপ লক্ষ্য পড়িলে, সংযম সজাগ হইয়া উঠে, এবং উহার শভা বুকের ভিতর বাজিয়া উঠে। শভা কি ? আমাদিগের মন ও প্রাণশক্তির প্রত্যেক বৃত্তির বিশেষ বিশেষ প্রকার ধ্বনি আছে। পূর্মের বলিয়াছি, মন ও প্রাণ বস্তুতঃ একই শক্তির উভয় প্রকার গতি মাত্র। সেই আদিশক্তি—প্রণব, এ কথাও বলিয়াছি। এ আদিশক্তি যত বিভিন্ন প্রকারে আমাদিগের দেহের ভিতর বিশ্লিষ্ট হয়, ঐ প্রণবের নাদও তত প্রকারে বিশ্লেষিত হইয়া, বিভিন্ন বিভিন্নকপে শ্রুতিগোচর হয়। যোগীরা এ সকল নাদ নতে পান—এ সকল নাদ সাধকমাত্রেরই শ্রুতিগোচর হয়; সাধকমাতেই জানেন, আমাদিগের প্রাণ ও মনের বৃত্তিসকল উত্তেজিত হইবামাত্র তাহাদিগের বিশিষ্ট বিশিষ্ট প্রকারের ধ্বনি শুনিতে পাওয়া যায়। মনুষ্য ক্রোধাবিষ্ট হইলে এক বিশেষ প্রকারের ধ্বনি উদ্ভূত হইতে থাকে। কামাবিষ্ট হইলে অন্থ এক প্রকার, লোভে এক প্রকার, আবার করুণার্ভ অবস্থায় এক প্রকার, ভক্তি-ভাবাপন্ন অবস্থায় এক প্রকার, জ্ঞানেচ্ছু হইলে এক প্রকার, এইরূপ বিভিন্ন বিভিন্ন প্রকারের ধ্বনি দেহের ভিতর শুনিতে পাওয়া যায়। কিন্তু আবার বলি, ও সকল ধ্বনি ওঙ্কারের বা প্রণবের রূপান্তরিত তরঙ্গভঙ্গ মাত্র। যখন যেরূপ বৃত্তি চিৎক্ষেত্রকে অধিকার করে, তখন সেই রকমের ধ্বনি শ্রুতিগোচর হয়। জ্বপ অবলম্বন করিয়া, সাধক উপবিষ্ট হইলে, এ সকল ধ্বনি অনায়াসে শুনিতে পাইতে পারে। হিন্দু-পল্লীতে সন্ধ্যাসময়ে গৃহে গৃহে শৃষ্ম বাজিয়া উঠিলে, সেই সন্মিলিত শব্ধাধানি যেমন একটা নিথর শব্দস্পান্দনে দিগস্তে শ্রুত হয়, ধ্বনির ষেমন একটা মধুর তর-তর প্রবাহ দিক্প্রাস্ত ব্যাপিয়া বহিতে থাকে, সেইরূপ আমাদিগের বৃত্তিসকলের ধ্বনিও দেহের অভ্যস্তরে তর-তর প্রবাহে ं 🗷 বাহিত হইয়া সাধককে মুগ্ধ করে। সে অঞ্চতপূর্ব্ব ধ্বনির আনন্দ-হিল্লোল লিখিয়া ব্যক্ত করা যায় না। দূরাগত শব্থধানিপ্রবাহের মত, উহা প্রাণকে আলোড়িত করে বলিয়া, ঐ ধ্বনিগুলিকে শব্দনাদ বলিয়া উল্লিখিত করা হইয়াছে।

বস্তুতঃ আমাদিগের বৃত্তিগুলির বিষয় আলোচনা করিলে, প্রাণ মুগ্ধ হইয়া যায়। আমাদিগের বৃত্তিসকলের বিভিন্ন বিভিন্ন প্রকারের বর্ণ বা রূপ আছে—বিভিন্ন বিভিন্ন প্রকারের আকৃতি আছে, এবং বিভিন্ন প্রকারের ধ্বনি আছে। যোগচক্ষুখান্ সাধক দেহের অশুসন্তরে এই সকল বিভিন্ন আকারের বর্ণবিস্থাস, বিভিন্ন শব্দের কন্ধার দর্শন ও শ্রবণ করিয়া মোহিত হয়। কিন্তু এ সকল বর্ণ-বৈচিত্রোর কথা পরে আলোচনা করিব।

যাহা হউক, যখন এই প্রকারের কোন বৃত্তি প্রাণে উজ্জীবিত হয়, সেই সময়ে সেই বৃত্তির বিশিষ্ট শব্দতরক্ষ অস্থান্য শব্দ-তরক্ষে প্রতিহত হইয়া, প্রথমে নামারূপ মিশ্রিত একটা শব্দকোলাহল রচনা করে। যেমন নদীর স্রোতে কোন বিশেষ প্রবল তরক্ষ উথিত হইলে, অস্থান্য তরঙ্গের সহিত ঘাত-প্রতিঘাতে নান প্রকারের তরক্ষরাজি রচিত হয়, তেমনই প্রাণের ভিতর বৃত্তিবিশেষ প্রবলতর হইলে, ক্ষুত্র ক্ষুত্র প্রচলিত শব্দ-তরক্ষ-সকল প্রহত হইয়া, নানা প্রকারের শব্দ-তরক্ষ স্থলন করে। সেই জন্ম পরশ্লোকে পণবানক আদি শব্দ-সকলের কথা বলা হইতেছে।

ততঃ শহ্মাশ্চ ভেষ্যশ্চ পণবানকগোমুখাঃ। সহসৈবাভ্যহন্মস্ত স শব্দস্তমুলোহভবৎ॥ ১৩

ততঃ শখাঃ চ ভেষ্যঃ চ পণবানকগোমুখাঃ চ সহসা এব অভ্যহন্তম্ভ ; স শকঃ তুমুলঃ অভবং।

তথন শখ, ভেরী, পণব, আনক, গোমুখ প্রভৃতি সহসা বাজিয়া উঠিল, এবং সে শব্দ-ভরঙ্গ তুমুল হইল।

> ততঃ খেতৈৰ্হয়ৈয়ু ক্তে মহতি স্থান্দনে স্থিতে। মাধৰঃ পাগুৰদৈচৰ দিৰ্য্যো শঙ্খো প্ৰদশ্ম ছুঃ॥ ১৪

ততঃ শ্বেতঃ হয়ৈঃ যুক্তে মহতি স্থান্দনে (রথে) স্থিতো মাধবঃ পাণ্ডবশ্চ এব দিব্যো শন্ধো প্রদধ্যতঃ।

যৌগিক অর্থ।—তখন খেতাশ্বযুক্ত মহারথে অবস্থিত শ্রীকৃষ্ণ এবং অর্জ্জুন দিব্য শব্দধনি করিলেন অর্থাং তখন শ্বেতজ্যোতিশ্বণ্ডিত হৃদয়-রথে বিরাজিত জীবাত্মা ও ভগবান দিব্য শব্দধনি করিলেন। এই শ্লোকে শুল্র জ্যোতিকেই শ্বেতাশ্ব বলিয়া উল্লিখিত করা হইয়াছে। সূর্য্য হইতে সপ্তপ্রকার বর্ণবিশিষ্ট রশ্মিজাল প্রক্ষিপ্ত হয় বলিয়া, সূর্যাদেবকেও সপ্তার্থ-সম্বলিত-রথশালী বলিয়া শান্ত নির্দেশ করেন। হদয়ের ভাবসকলের জ্যোভিঃ নির্মাল বলিয়া হদয়ের সাধারণ জ্যোভিঃ শুল্র—রজতদ্রবং অথবা মধ্যাহ্নমার্তওবং। হৃৎকোষ দর্শন হইলে এ জ্যোভিঃ প্রত্যক্ষণগোচর হয়। হদয়ে শুল্র জ্যোভির একান্ত প্রয়োজন। বাঁহারা জ্যোভিস্তত্ত্ব জানেন, তাঁহারা অক্লেশে বৃঝিতে পারিবেন, শুল্র জ্যোভিস্তরক্ষ কি প্রকারে অক্যাত্ত জ্যোভিস্তরক্ষকে প্রত্যাখ্যান করিয়া দেয়, ভিতরে চুকিতে দেয় না। পূর্বেব বিলয়াছি, আমাদের বৃত্তিমাত্রেরই বর্ণ বা জ্যোভিঃ আছে। যদি রূপাময়ী মা আমার বৃপাবশে হাদয়কে শুল্র জ্যোভিন্তরক্ষ হালয়ে প্রবেশ করিয়া, হাদয়কে স্বাধীনভাবে ভাবসকল প্রকাশ করিতে দিত না; প্রাণের ভাবসকলকে মিশ্রিত ও মলাময় করিয়া দিত। হাদয়ের উপর শুল্র জ্যোভিঃ মণ্ডিত থাক।য়, মানসিক বৃত্তিসকলের নানা বর্ণের তরক্ষ হৃদয়ের ভিতর প্রবেশ করিতে পায় না। শুল্র জ্যোভিঃ অপর জ্যোভিঃকে প্রত্যাখ্যাত করে। শুল্র কারণেই আমাদের হৃদয়-রথ শুল্র জ্যোভিঃ বা শেতাখ্বিশিষ্ট।

পূর্ব্বে বলিয়াছি, প্রাণশক্তির প্রাণনামক মুখ্য অংশ-সম্বলিত জীবাত্মা হৃদয়ে অবস্থান করেন, এবং ইনিই সর্জ্জ্ন বলিয়া উল্লিখিত। সর্ব্বময় ভগবান্ সর্ব্ব্যাপী হুইলেও বিশিষ্টভাবে জীবাকাতেই অবস্থিত — জীবহৃদয়েই বিশেষরূপে প্রতিফলিত। সেই জন্ম অর্জ্জ্নের রথে ভগবান্কে সার্থিরূপে দেখিতে পাই; "যেখানে জীব, সেইখানে শিব'' এই মহাবাক্য সেই জন্মই শাস্ত্রে শুনিতে পাই।

বস্তুতঃ মা আমার হৃদয়েই প্রকাশিতা—সার্থিরূপে হৃদয়-রথেই অধিষ্ঠিতা।
"হৃদি চৈততে তিষ্ঠতি"—হৃদয়রূপ ক্ষেত্রই মায়ের লীলাভূমি। হৃদয়-রথে সার্থিরূপে
প্রতিষ্ঠিতা আছেন বলিয়াই, জীবপ্রবাহ মুক্তির পথে অগ্রসর হইতেছে। মূর্ত্তিমতীরূপে হৃদ্যে বিরাজিতা হন বলিয়াই জড়ভাবাপন্ন জীব নিরাক্রার চৈত্যনের
সন্ধান পায়।

শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধাদি বা ক্ষিতি, অপ্, তেজঃ মরুৎ, ব্যেম অ দি স্থুল ভাবে জীব মুগ্ধ থাকে বলিয়াই, জননী আমার সগুণা, সাকারা হইয়া— শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধময়ী হইয়া, ক্ষিতি-অপ্-তেজ-মরুৎ-ব্যোমরচিত স্থুল আকার

 ^{&#}x27;মা আমার কা'ল কেন?' পৃত্তিক। ব এ ভ্র বিশবভাবে আলোচিত হইয়াছে।

পরিগ্রহণ করিয়া, নিরাকারা জননী আমার সাকারা হইয়া— সর্বেবিস্ত্রেরজিতা মা আমার সর্বেবিস্তার্বিশিষ্টা হইয়া—ভাবশুহা মা আমার ভাবময়ী হইয়া — অরূপা জননী আমার সর্বসৌন্দর্য্যময়ী হইয়া — চিদ্ধন বন্ধময়ী আমার আনন্দময়ী হইয়া—এলায়িত কেশ্জাল পুঠে ত্বলাইয়া — কটিতটে পীত বসনাঞ্চল সংবদ্ধ করিয়া — ভাবরূপ অশ্বের বন্ধা করে লইয়া —রক্ত চরণে চরণ দিয়া—জ্যোতিতে চারি দিক আলোকিত করিয়া—মধুর হাসিতে প্রাণ মাতাইয়া, তোমার হৃদ্যুর্থে সার্থিবেশে ঐ দেখ, মা আমার দাঁড়াইয়:। এমন মোহিনী-বেশে মা যদি না দাঁড়াইতেন, এত রূপে রূপময়ী হইয়া, মা যদি না প্রাণকে আলোকিত করিতেন, প্রাণের ভিতর আলোকমালা জ্বালিয়া না দিতেন, তাহা হইলে কি আমরা সগুণত্ব ছাড়িয়া নিগুণতে পৌছিতে পারিতাম ? আনন্দের প্রস্তবণ চারি দিকে খুলিয়া দিয়া, আনন্দময়ী মা আমার আনন্দময়ী বেশে, যদি এমনই করিয়া হৃদয়ে না দাঁডাইতেন, তবে কি তুঃখ-ক্লেশ-সন্তাপ-জর্জ্জরিত আমরা কখনও আনন্দের সন্ধান পাইতাম ? এত ভাবে ভাবময়ী হইয়া, মা যদি না বুকের ভিতর এমনই করিয়া দাডাইতেন, তবে কি জীবভাবমুগ্ধ আমবা কখনও শিবর লাভের আশা করিতে পারিতাম ? এত দয়ায় দয়াময়ী ইইয়া মা যদি সার্থিবেশে এমনই করিয়া আমার ভাবরূপ অধের বল্লা গ্রহণ না করিতেন, তবে কি আমরা সংসারের এ কর্কশ, অসমতল, তুর্গম পথে রথ চালনা করিয়া, মঙ্গলপুরের দিকে অগ্রসর হইতে পারিভাম প

তাই মা আমার দাঁড়াইয়া! নিরাকারের সন্ধান জানি না বলিয়াই, মা আমার সাকারা হইয়া বুকের ভিতর দাঁড়ান! নিগুণ অবস্থার সন্ধান জানি না বলিয়াই, মা আমার সর্বপ্তণে গুণময়ী হইয়া বুকের ভিতর দাঁড়ান! ভাবশৃত্য অবস্থার কল্পনা করিতে পারি না বলিয়াই, মা আমার ভাবময়ী—আনন্দময়ী হইয়া দাঁড়ান! ইন্দ্রিয়পরিশৃত্য অবস্থার আম্বাদে বঞ্চিত বলিয়াই, মা আমার ইন্দ্রিয়বিশিষ্টা হইয়া বুকের ভিতর দাড়ান! অনন্তবিস্তৃত চৈতত্যসমুদ্রের ধারণা করিতে পারি না বলিয়াই, মা আমার ক্ষুত্র দাঁড়ান! হিরম্ময়-মন্দিরের সন্ধান জানি না বলিয়াই, মা আমার সার্থিবেশে হৃদয়-রথে আরুঢ়া হইয়া, তাঁহার আনন্দ-মন্দিরের দিকে আমাদিগকে রথ চালাইয়া লইয়া যান! তোমার বলিয়া যাহা আছে— যাহা লইয়া তুমি তোমার তুমিছের গণ্ডী

রচনা কর—যাহা লইয়া তুমি অহর্নিশ তুলিয়া থাক, সেইগুলিই লইবার জন্ত, তাহাতেই পরিতৃষ্ঠা হইবার জন্ত - তাহারই ভিতর তোমাকে পথ দেখাইবার জন্য, তোনারই ভাবান্থসারে মা আমার এমনই করিয়া তোমারই হৃদয়ে বিরাজিতা। তোমায় কিছুই করিতে হইবে না, কিছুই ভাবিতে হইবে না; হৃদয়-রথের ভাবাশ্ব-সকলের বল্লা করে গ্রহণ করিয়া ঐ দেথ—মা দাঁড়াইয়া! তুমি শুধুদেথ। দেখিয়া কৃতার্থ হও! আশ্বাসে প্রাণ প্রিয়া যাক্, অভয়ে প্রাণ নাচিয়া উঠ্ক, আনন্দে দিগস্ত ভরিয়া যাক। চরণে পড়িয়া লুয়িত-মিরে, অথবা মাতৃমুখ চাহিয়া কৃতাঞ্জলিপুটে, মুয়নেত্রে, গদগদ কঠে বল—"কৃছ্ জানি না মা— কিছু জানি না, তুমি আমায় লইয়া চল।" অথবা বল—"তুর্বল, পতিত, পীড়িত, শক্তিহীন আমি মা—তুমি আমায় লইয়া চল।" অথবা বল,—

জানামি ধর্মাংন চমে প্রবৃত্তিঃ জানাম।ধর্মাংন চমে নিবৃত্তিঃ। তথা হয়ীকেশ হুদি স্থিতেন যথা নিযুক্তোহিম্মি তথা করোমি॥

সাধক! নিয়াকার নিরাকার করিয়া ব্যস্ত হইও না। নিরাকার অভি
দ্রের কথা, আগে সাকারে মাকে দেখ; তুমি সুলে আছ—আগে সুলে মাকে
প্রভ্যক্ষ কর। ইন্দ্রিয়ভাবয়য় তুমি, আগে ইন্দ্রিয়বিশিষ্টা মাতৃমূর্ত্তি দর্শনে রুতরুতার্থ হও, তারপর নিরাকারের সন্ধান পাইবে। আগে ভোমার ভাবরূপ খড়মাটি যেমন আছে, ভাহাতে মাতৃমূর্ত্তি ফুটিয়া উঠুক, ইন্দ্রিয় উপচারে পূজা করিয়া
প্রসাদ লাভ কর, তারপর ইন্দ্রিয়াতীতা জননীকে বুঝিতে পারিবে। আগে মাকে
রক্ত-মাংস-জ্যোতি-ইন্দ্রিয়-মন- প্রাণময়ী তোমার একার মা বলিয়া প্রত্যক্ষ কর,
ভারপর তাঁহাকে বিশ্বজননীরূপে রক্ত-মাংস-জ্যোতি-ইন্দ্রিয়-মনঃপ্রাণময়ী বিরাট্
জীব-প্রবাহের জননীরূপে দেখিতে পাইবে; তারপর নিরাকার অবস্থার উপলব্ধি
ইইবে। আগে ভোমার হুদয়-রথের সার্থিরূপে মাকে দেখ। তারপর মায়ের
বিশ্বরূপ দেখিয়া চরিতার্থ হইবে; তারপর নিরাকারের আভাস পাইবে।—
নিরাকার কথার কথা নহে।

বস্তুতঃ মায়ের এই সার্থিরূপ দর্শন না করিলে, মাকে সার্থিরূপে দেখিতে না পাইলে, এ ছরস্ত সংগ্রাম জয় করা যায় না। এ তত্ত্ব অতি অপূর্ব্ব! মায়ের সার্থ্যরূপ অপূর্ব্ব ব্যাপার বৃ্ধিতে পারিলে আর বৃ্ধিবার কিছু বাকি থাকে না।

আমাদের প্রকৃতি বা আমাদিগের প্রাণের আবেগ যখন যে দিকে ধাবিত হইতে চাহে, করুণাময়ী মা আমায় তখনই সেই দিকে লইয়া যাইতেছেন। স্থপথে. কুপথে—প্রাণের আগ্রহ যথন যে দিকে ছুটিতেছে, সেই দিকেই মা আমাদিগকে চালনা করিতেছেন। কাম, ক্রোধ, লোভের দিকেই হউক বা দয়া, ভঞ্জি. শ্লেহের দিকেই হউক—ভোগের দিকেই হউক বা বিরতির দিকেই **হউক,**— নরকের দিকেই হউক বা স্বর্গের দিকেই হউক,—স্ত্রী পুত্র, সংসারের দিকেই হউক বা জ্ঞান বৈরাগ্য ভক্তির দিকেই হউক ;—দম্যুতা, স্বার্থপরতা, লম্পটতার দিকেই হউক বা সাধুতা নিঃস্বার্থতা সচ্চরিত্রতার দিকেই হউক—যথন মায়ের কাছে যে আন্দার করিতেছি, যে দিকে যাইবার জক্য—যাহা পাইবার জন্ম প্রাণ কাঁদিয়া উঠিতেছে, "কু" "তু" বিচার না করিয়া—বুঝি ভাল মন্দ বিচারের অপেক্ষা না রাখিয়া, স্নেহমুগ্ধা মায়ের মত, আজ্ঞাবহ সার্থির মত, আমাদিণের ইচ্ছামুযায়ী আম।দিগকে সেই দিকেই লইয়া যাইতেছেন—তাহাই প্রদান করিতেছেন। প্রবলতর ইচ্ছার সহিত যখন যাহা মায়ের কাছে চাহি, তথনই ডিনি তাহাই দিয়া আমার প্রাণে স্বাধীনতার আভাস ফুটাইয়া দিতেছেন। দস্মতা, সাধুতা, অর্থ, ধন, যখন যাহার সাধনা করিতেছি, তখনই তজ্ঞপ সিদ্ধি প্রদান করিয়া, আমার প্রাণের তৃষ্ণা মিটাইয়া দিতেছেন। জীবভাবাপন্ন আমরা মনে করিতেছি, বুঝি আমরা স্বাধীন—বুঝি আমাদিগের ইচ্ছা স্বাধীন। স্বাধীন ইচ্ছায় যখন যে দিকে যাইতে চাহিতেছি—বুঝি তথন সেই দিকেই যাইতেছি। তাই আমরা বলিয়া থাকি, "যাদৃশী সাধনা যস্তা সিদ্ধিভ্বতি তাদৃশী।"

কিন্তু আমার ক্ষুদ্র হৃদয়ের সারথিরপে তিনি একদিকে যেমন আমার স্নেহময়ী জননী, তেমনি আবার বিশাল ভুবন ব্যাপিয়া বিরাট্ রাজরাজেশরী জননীরপে তিনি অধিষ্ঠিতা। একদিকে যেমন তিনি আমার সকল আবার মিটাইতেছেন, অন্ত দিকে দেখিলে বুঝা যায়—সেগুলি বস্তুতঃ আমার আবার নহে—মায়েরই মঙ্গলেচ্ছা। এক দিকে পূর্ণ জ্ঞানময়ী বিরাট্ রাজরাজেশরীরপে মঙ্গলাজ্ঞা চালনা করিতেছেন; অন্ত দিকে সেগুলি যেন আমারই ইচ্ছা—এমনই ভাবে প্রতিফলিত করিয়া, স্নেহমুগ্ধা জননীর মত মিটাইয়া দিতেছেন। এইরূপে স্বাধীন সম্বোগে আমাদিগকে ধীরে ধীরে অভ্যস্ত করিয়া তুলিয়া, তাঁর পূর্ণ স্বাধীনতার নিত্য সনাতন ক্ষেত্রের দিকে আমাদিগকে লইয়া ঘাইতেছেন। একদিকে মা ক্ষুণ্থ আমার সারথি, অন্ত দিকে সেই মা আমার বিরাট্ রাজরাজেশ্বরী। এক দিকে মা

শুধু আমার হৃদয়েশ্বরী, অন্থ দিকে সেই মা আমার ব্রহ্মাণ্ডেশ্বরী। এক দিকে মায়ের আমার আমিই কেবল একমাত্র আদরের পুতলী, অন্থ দিকে অনস্তকোটি বিশ্ববন্ধ সেই মায়ের আমার চরণ-ভিখারী। এক দিকে মা কেবল আমাকে লইয়া ব্যস্ত, অন্থ দিকে কোটি কোটি হরিহরব্রহ্মাদি সেই মায়ের পদসেবার জন্ম লালায়িত। এক দিকে মা আমার ইচ্ছার ক্রীড়ণক, অন্থ দিকে আব্রহ্ম-শুশ্ব দায়েরই আমার ইচ্ছার ইঙ্গিতে চার্লিত, রচিত, কল্পিত। হায় জীব! ধন্য তুমি! ধন্য আমি! মাকে সার্থিরূপে পাইয়া আমরা ধন্য! কে দেখিবে জীব! দেখ! মায়ের আমার সার্থিরূপ দেখিয়া কুতার্থ হও।

পাঞ্জন্তং হুষীকেশো দেবদত্তং ধনঞ্জয়:। পোগুং দধ্যো যহাশহাং ভীমকর্মা রুকোদর:॥১৫

হৃষীকেশঃ পাঞ্চজন্তং, ধনপ্রয়ঃ দেবদত্তং, ভীমকর্মা বুকোদরঃ মহাশঙ্খং পোত্রং দধ্যো।

ব্যবহারিক অর্থ।—দ্রধীকেশ পাঞ্চজন্ত শব্ধ, ধনঞ্জয় দেবদত্ত নামক শব্ধ এবং ভীমকর্মা বুকোদর পৌগু নামক মহাশব্ধ বাজাইলেন।

যৌগিক অর্থ।—ভগবানের শশ্বের নাম পাঞ্চলক্ত। প্রণন্থই ভগবানের শশ্ব্যকনি। ক্ষিতি, অপ্, তেজঃ, মকং, ব্যোম—এই পঞ্চ তরের বা সমস্ত ব্রহ্মাণ্ডের প্রত্যেক পদার্থের ভিতর ওতঃপ্রোতভাবে এই শব্দ প্রবাহিত বলিয়া বা পঞ্চীকরণে উদ্ভূত সমস্ত পদার্থ এই শব্দ হইতে উৎপর হয় বলিয়া, ইহার নাম পাঞ্চলক্ত। ভগবানের এই শব্ধকনি প্রত্যেক হাদয়ে শুত হয়। দেবদত্ত—অর্চ্জুনের বা মুখ্যপ্রাণ্যুক্ত জীবাত্মার শব্ধ। দেবতা বা গুরুদত্ত বীজকে দেবদন্ত শব্ধ বলে। গুরুমুখ হইতে মন্ত্র ভাইয়া, সেই মন্ত্র হৃদয়ে প্রতিষ্ঠিত করিতে হয়। সেই মন্ত্র জীবকে নিজের নাদ করিয়া ভূলিতে হয়। সেই মন্ত্র হৃদয়ের ভিতর অহর্নিশ যাহাতে ধ্বনিত হয়, তক্ষপ সাধনা করিতে হয়। রীতিমত মন্ত্র সাধনা করিতে পারিলে, এ মন্ত্র হৃদয়ের ভিতর প্রত্ত হয়। ভগবানের পাঞ্চলক্ত শব্ধকিন বা প্রণবের সহিত ঐ দেবদত শব্ধ বা গুরুপ্রদত্ত বীজ মিলাইয়া শুনিতে হয়। ঐ উভয় শব্দ মিলিত হয়া, শব্দ-তরন কঠে আসিয়া প্রতিঘাত করিলে, কঠদেশে উহা পুণ্ডু বা বেত-পদ্মাকারে ফুটিয়া উঠে এবং এই জক্ত উহাকে ভামের পৌণ্ডু নামক মহাশব্ধ বলে। সাধক যথম জপ করিতে বসে, তথম প্রথমতঃ তাহাকে পাঞ্চলক্ত-শব্ধ বা প্রণব-ধ্বনি তরক্তমালা সমগ্র দেহ ব্যাপিয়া

প্রবাহিত হইতেছে, এরপ শুনিতে পাইলে, তাহার সহিত নিজের বীজরপ শখ্যধ্বনি সমতানে মিলাইয়া দিতে হয়। প্রণবের শব্দ-তরঙ্গে এরপ ভাবে বীজ
প্রাক্তিপ্ত করিলে, একটা অপূর্বে শুভ তরঙ্গ উছলিয়া উঠিয়া, কঠে আসিয়া, কঠন্থ
প্রাণশক্তির দ্বারা উদ্দীপ্ত হইয়া, শ্বেতপদ্মবং একটা আবর্ত্তনে উহা আবর্ত্তিত হয়।
এবং উহা বাহিরে আসিতে না দিলে, অর্থাৎ কঠন্থ বায়ুর সহিত মিলিয়া মুখে
উচ্চারিত হইয়া না পড়িলে, বহুক্দণ এরিপ প্রাকৃটিত পদ্মের আকারে শ্বির থাকে।
তখনই সাধকের প্রকৃত জপ হয় এবং সমস্ত চক্তে চক্তে সেই বীজ নানা প্রস্কৃত্ত আকারে ফুটিয়া উঠে। সেই ফুলদল মায়ের চরণে ঢালিয়া দিতে হয়, সেই
ফুলদলে মাতৃপূজা করিয়া মাকে সাজাইতে হয়, সেই ফুলদলে ফুলময়ী করিয়া,
প্রফুল্লা জননীকে উৎফুল্লা করিতে হয়। আলোক-বাঁজীতে আমরা যেমন নানা
প্রকারের ফুল ফুটিয়া উঠিতে ও মিলাইয়া যাইতে দেখি, প্রকৃত জপ করিতে
পারিলে প্রত্যেক বীজ প্রক্ষেপে বা প্রতিবার বীজ জপে আমাদিগের প্রাণময়
কোষে বা প্রাণময় দেহটীতে এরপে ফুলদল ফুটিয়া উঠে। মাতৃচরণে বীজ
অর্পণমাত্রে ফুলে দেহ ভরিয়া যায় এবং জপের প্রবলতা অনুসারে ইহা স্থায়িত
লাভ করে।

পুস্তকে আর অধিক প্রকাশ করা চলে না, তবে জপ-তব্ব বলিবার সময়ে আরও একটু রহস্ত বলিবার ইচ্ছা রহিল। যাহা হউক, ইহাই পাগুবপক্ষের শঙ্কাসকলের ধ্বনি।

অনন্তবিজয়ং রাজা কৃত্তীপুত্রো যুখিন্ঠির:।
নকুলঃ সহদেবশ্চ স্থযোষমণিপুষ্পাকো ॥১৬
কাশ্যশ্চ পরমেম্বাসঃ শিখণ্ডা চ মহারথ:।
ধৃষ্টভূয়ান্নো বিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিত: ॥১৭
ক্রুপদো ক্রোপদেয়াশ্চ সর্বাশঃ পৃথিবীপতে।
সোভদ্রশ্চ মহাবান্ত: শন্থান্ দধ্যু: পৃথক পৃথক্ ॥১৮

হে পৃথিবীপতে! কুন্তীপুত্র: রাজা যুথিষ্ঠির: অনন্তবিজয়ং (দথো), নকুলঃ সহদেবশ্চ স্থাবামণিপুস্পকো (দথাতুঃ), পরমেম্বাসঃ (মহাধমুর্দ্ধরঃ) কাশ্যশ্চ, মহারথঃ শিখণ্ডী চ ধৃষ্টতান্তঃ, বিরাটশ্চ, অপরাজিতঃ সাত্যকিশ্চ ক্রুপদঃ

জৌপদেয়াশ্চ, সহাবাতঃ সৌভজশ্চ—সর্ববশঃ (সর্বেব এব) পৃথক্ পৃথক্ শঙ্খান্ দগ্মঃ।

ব্যবহারিক অর্থ।—কুন্তীপুত্র রাজা যুধিষ্ঠির অনন্তবিজয় নামক শছা বাজাইলেন, নকুল ও সহদেব সুঘোষ ও মণিপুষ্পক নামক শছারয় বাজাইলেন; এবং মহাধমুর্দ্ধর কাশিরাজ, মহারথ শিখণ্ডী, ধৃষ্টগ্রায়, বিরাট, সাত্যকি, ত্রুপদ, ত্রৌপদীপুত্রগণ এবং অভিমন্ত্যা, ইহারা সকলে পৃথক্ পৃথক্ শছা বাজাইলেন।

যৌগিক অর্থ।—এইরপে শঙ্খ বাজাইতে হয়। মন সাধককে বিপথে চালিত করিতে উত্যত হইলে, মনের বৃত্তি বাজিয়া উঠিলে, সে শব্দকে প্রতিহত করিতে, মনের সে বৃত্তিকে নির্জীব করিতে, এইরপে শঙ্খাধনি করিতে হয়, এইরপে ধ্বনির ফুলে সমগ্র দেহ সাজাইয়া তুলিতে হয়। যথনই প্রাণকে বিপথে চালিত করিবার জন্ত মন উত্যত হয়, এইরপে সাধককে মনের বিপক্ষে সিংহনাদ ছাড়িতে হয়—মনঃপক্ষের হদয়ে ব্যথা দিয়া, বিজয়-ভেরী বাজাইতে হয়।

স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ। নভশ্চ পৃথিবীঞিব তুমুলো ব্যন্তনাদয়ন্॥১৯

নভশ্চ পৃথিবীঞ্চিব ব্যন্তনাদয়ন্ তুমুলঃ সঃ ঘোষঃ (শঙ্খনাদঃ) ধার্ত্তরাষ্ট্রাণাং ফদয়ানি ব্যদারয়ং।

ব্যবহারিক অর্থ।—আকাশ এবং পৃথিবীকে প্রতিধ্বনিত করিয়া, সেই ভূমূল ধ্বনি ধৃতরাষ্ট্রপুত্রদিগের হৃদয় বিদীর্ণ করিল।

যৌগিক অর্থ।—ভাহা হইলে আমরা এই বৃঝিলাম যে, প্রথমে প্রণবন্ধনি বা ভগবানের পাঞ্চজ্জ শঙ্খনাদ দেহাভাস্তরে শুনিয়া, সেই শন্দে—সেই অপূর্বর সঙ্গীত-বন্ধারে দেহের চারি দিক্ প্লাবিত হইতেছে, এইরূপ উপলব্ধি করিয়া লইয়া, তার পর সাধকের নিজের নাদ বা গুরুপ্রদত্ত বীজ, সেই শন্দসমূত্তে প্রক্ষেপ করিতে হয়। ঐ বীজ বা জীবের নিজন্ম শন্দ ঐ বিরাট্ শন্দে মিপ্রিত হইবামার উহা হইতে একটা আবর্ত্তন উঠিয়া, শ্বেতপদ্মাকারে কণ্ঠদেশ আলোকিত করে এবং তখন সঙ্গে সঙ্গে দেহের প্রত্যেক চক্রে চক্রে শন্দ-কৃত্মসসকল ফুটিয়া উঠিয়া দেহকে কৃত্ময় করিয়া ভুলে। তথন মনের বৃত্তিরাজি ব্যথিত ও সঙ্ক্চিত হয়।

কিন্ত জীবের এই নিজস্ব বীজ পাওয়া একটু ছল্ল'ভ। ভগবানের জন্ম একাস্ত আগ্রহ প্রাণের ভিডর বম্বাতরঙ্গ স্তজন করিলে, সদ্গুরু-প্রাণ্ডি হয় এবং নিজস্ব বীজের সন্ধান তথনই পাওয়া যায়। সদ্গুরু অর্থে—ভগবান্। ভগবান্ই সদ্গুরুরপে প্রদয়াভাস্তরে শিবস্বরূপে প্রকৃতিত হইয়া দীক্ষা প্রদান করেন। বস্তুতঃ দীক্ষা প্রাণের ভিতর হয়। শিবরূপে প্রদয়াভাস্তরে বা সহস্রারে প্রকৃতিত হইয়া জীবকে যথন মা আমার দীক্ষিত করেন, তথনই ব্ঝিতে হয়—সাধকের প্রকৃত দীক্ষালাভ হইয়াছে। তৎপূর্বের্ব কাহারও কাহারও ভাগ্যে মন্তুযারূপে সদ্গুরুকে লাভ হয়; কিন্তু এই মন্ত্যারূপী সদ্গুরু ইচ্ছা করিলে, তাঁহাকে শিষ্যের কর্নিলে দীক্ষা দিতে হয় না। মন্ত্যারূপী সদ্গুরুর নিকট দীক্ষা লাভার্থে সমাহিত্তিত্ত হইয়া উপবিষ্ট হইলে, এবং সেই পুরুষ যথার্থ ইচ্ছুক হইলে, তিনি ভাহার প্রাণের ভিতর দীক্ষা প্রদান করেন। নিজ শক্তি দারা শিষ্যের প্রাণশক্তিকে মুগ্ধ করিয়া বা স্মুপ্তবং করিয়া, সেই প্রাণশক্তির পর্য্যালোচনা করিয়া দেশ্যেন এবং সেই প্রাণশক্তি তথনই শাস্ত, নিজিত এবং নিস্তরক্ষ ভাবাপর হইয়া পড়ে। তথন বীজ বা সাধকের নিজ শব্দ আপন হইতে ভাহার হাদয়ে ফুটিয়া উঠে। সাধক নিজের প্রাণের ভিতর বীজের সন্ধান পাইয়া কৃতকৃতার্থ হয়।

কিন্তু আনেকেরই ভাগ্যে এতটা ঘটিয়া উঠে না। সংশিশ্ব না হইতে পারিলে এতটা প্রত্যাশা করা যায় না। উহা অপেক্ষা নিম্নস্তরের সাধক প্রাণের ভিতর এরপ বীজের ক্ষুরণ, দীক্ষিত হইবার সময় দেখিতে পায় না সত্য, কিন্তু তার পর সেই সদ্গুরু তাহার হৃদয়ে যে বাজ দর্শন করিয়াছেন, উহা কর্ণে বিলিয়া দিবামাত্র তখন যেন অনেক দিনের পুরাতন স্মৃতি জাগিয়া উঠিল, শিশ্বের এমনই মনে হয়। ঘরে নিজেরই বাজের মধ্যে রত্ম ছিল, সদ্গুরু যেন সেইটা খুঁজিয়া বাহির করিয়া দিলেন, এইরপ প্রতীয়মান হয়। অর্থাৎ প্রথম স্তরের শিশ্বদিগের আর কর্ণমূলে কিছু বলিতে হয় না। প্রাণের ভিতরই উহা গুরুক্বপায় দেখিতে পাইয়া শিয়্য কৃতক্তার্থ হয় এবং দিতীয় স্তরের সাধকদিগের কর্ণমূলে বিলয়া দিবার পর উহা প্রত্যক্ষণাচর হয়। কিন্তু শিষ্য যদি প্রাণের ভিতর ঐ বীজ প্রত্যক্ষ করিতে না পারে, তাহা হইলে ব্রিতে হইবে, তাহার সদ্প্রক লাভ হইল না।

যাহা হউক, প্রথম স্তরের শিষ্য না পাইলে, তাহাকে প্রকৃত দীক্ষা দেওয়া উচিত নহে। তবে বাহা দ্বারা সংশিষ্য হওয়া যায়, তত্রপ পস্থা তাহাকে দেখাইয়া দেওয়া যাইতে পারে। কিন্ত ইহা প্রকৃত দীক্ষা নহে। সাধক মনুষ্যরূপী সদ্গুরুর নিকট প্ররূপে দীক্ষিত হইবার পর ভাগ্যক্রমে জগদ্গুরু হাদয়ে আবিভূ'ত হইয়া, ঐ বীজে তাহাকে অভিষিক্ত করিয়। দিলে, তথন দীক্ষা

বস্তুতঃ সংশিষা হইলে গুরুর অভাব থাকে না। জগদ্যাপী শিবস্বরূপ সদৃগুরু ব্রহ্মাণ্ড ব্যাপিয়া অবস্থান করিতেছেন। সংশিষ্য হইলে প্রাণের ভিতর তিনিই দীক্ষা প্রদান করেন; অথবা কোন শিবতৃদ্য সিদ্ধ পুরুষের ভিতর দিয়া, তাহাকে তাহার বীজ দেখাইয়া দেন। যথার্থ দীক্ষা লাভ হুইলে আর জীবের পতনের ভয় থাকে না। জীবনের সার্থকতা পদে পদে উপলব্ধ হয়। দীক্ষা লাভ হইলে তখন শুধু সস্তোগ। পরিশ্রম থাকে না। যত পরিশ্রম, দীক্ষা লাভের পূর্বের। দীক্ষিত হইবার জন্মই খাটিতে হয়। দীক্ষিত হইলে সে পরিশ্রমের চরিতার্থতা বা সম্যোগ হয়। যেমন পূজার আয়োজন যতক্ষণ না হয়, ততক্ষণ পরিশ্রম। পূজার সময় শুধু চরিতার্থতা, শুধু দেবসান্নিধ্যের অপূর্বে সম্ভোগ—ইহাও তক্ষপ। বীজরূপ পুন্প যত দিন আহরণ না হয়, তত দিন অক্লান্ড পরিশ্রমে তাহার সন্ধান করিতে হয়। পুন্প আহত হইলে, তখন আর পরিশ্রম নহে—শুধু মাতৃপূজা—শুধু সম্ভোগ—শুধু আনন্দের পূর্ণ পরিতৃপ্তি।

কিন্তু ঐরপে দীক্ষিত না ইইলে, ত্রভাগ্যবশতঃ শিবস্বরূপ সদ্গুরুলাভ না হইলে, অথবা মনুষ্যরূপী সদ্গুরুর কুপা না পাইলে, তত দিন কি আমাদিগের সাধনা ইইবে না ? তত দিন সার্থিরূপিণী মায়ের আমার পাঞ্জক্ত শঙ্খনাদের সঙ্গে কোন্ শব্দ মিলাইব ? কোন্ শঙ্খবিনি করিয়া সংগ্রাম-ক্ষেত্রে মনঃপক্ষের হাদ্য় বিদীর্ণ করিব ? হুদ্য়াভ্যস্তরে প্রণবের অপূর্ব্ব ঝক্ষার শুনিয়া, আমার প্রাণ পুলকিত ইইয়া কোন্ শব্দ অভিব্যক্ত করিবে ? কোন্ শব্দ-ঝক্ষারে সে অনাদি নাদকে তরক্ষিত করিয়া তুলিবে ? মাতৃ-শঙ্খের মধুর নির্ঘোষে কোন্ শব্দ মিলাইয়া, কপ্রে

সাধক এই প্রথম অবস্থায় অর্থাৎ সদ্গুরুর দ্বারা দীক্ষিত হইবার পূর্বের যে কোন শব্দ গ্রহণ করিতে পারেন। তবে প্রণব অথবা মায়ের যে কোন একটি নাম লওয়াই প্রশস্ত। প্রণবই সর্ব্বাপেক্ষা অধিক স্থ্রিধাকর। এইরূপে প্রণব বা মাতৃনাম প্রথম অবস্থায় নিজের দেবদত্ত শন্থরূপে গ্রহণ করিয়া, হৃদয়স্থ অনাদি বঙ্কারের সহিত মিলাইয়া দিয়া, কঠে পৌশু, নামক শ্বেতপদ্ম ক্ষ্রিত করা চলে। ভাহাতে বিশেষ অস্থ্রিধা হয় না। কৃপাময়ী মা আমার সার্থিরূপে হৃদয়ে থাকিতে আমাদিগের নিরাশ হইবার কোন কারণ নাই। কিছু না পার, প্রাণের ভিতর

"মা" "মা" ধ্বনি ফুটাইয়া তুল—প্রাণের ভিতর "মা" "মা" করিয়া ডাকিতে শিখ, তোমার সকল সাধ মিটিবে।

সাধক স্মরণ রাখিও, কণ্ঠস্থ ঐ শ্বেতপদ্ম— বাণ্টেবীর চির-প্রিয় আসন। কণ্ঠে ঐ শ্বেতপদ্ম থাকে বলিয়াই, আমরা শব্দ উচ্চারণ করিতে সক্ষম হই। কণ্ঠের ঐ শ্বেতপদ্মের সাহায্যেই আমাদের প্রাণের ভিতর ভাব শব্দাকারে পরিফুট হয়। আমরা পরস্পার হাদয়ের ভাবের আদান প্রদান করিতে পারি।

> অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্য ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ। প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধকুরুত্তম্য পাণ্ডবঃ। স্বীকেশং তদা বাক্যমিদমাহ মৃহীপতে॥২০

হে মহীপতে ! অথ শত্ত্রসম্পাতে প্রবৃত্তে (সতি) কপিধ্বজঃ পাণ্ডবঃ (অর্জুনঃ) ধার্ত্তরাষ্ট্রান্ ব্যবস্থিতান্ দৃষ্ট্রা ধনুঃ উভ্নম্য (উত্তোল্য) তদা হ্বনীকেশং ইদং বাকাং আহ ।

ব্যবহারিক অর্থ।—রাজন্। শস্ত্র-সম্পাত-প্রারম্ভে কপিধ্বজ অর্জুন কৌরবপক্ষকে যুদ্ধোগোগী দেখিয়া, ধরু উত্তোলনপূর্ব্বক শ্রীকৃষ্ণকে এইরূপ কহিলেন।

যৌগিক অর্থ।—সাধককে কিছু দিন এইরপ নাদ শ্রবণে ও জপে অভ্যস্ত হইবার পর, নিজের কর্ত্তব্য অবধারণ করিয়া লইতে হয়। এরপ অপূর্ব্ব নাদ শ্রবণ করিয়া এবং এরপ জপে নিজেকে কৃতার্থ বোধ করিয়া, তখন সাধক নিজের কর্ত্তব্য, কি করিলে ওরপ জপ ও ঈশ্বর-সাধনা আর প্রতিহত হইবে না, কি করিলে চিরদিন ভগবংসাধনারপ অপূর্ব্ব পরিতৃপ্তি অহর্নিশ উপভোগ করিতে পাইব, এইরপ প্রশ্ন তাহার প্রাণে ধূটিয়া উঠে। ভগবংসাধনা করিতে বসিলে সন্দেহরাশির আক্রমণ হইতে চিত্তের শান্তি রক্ষার জন্ম কোন্ পন্থা অবলম্বন করিতে হয়, সাধকের প্রাণ তখন তাহা জানিতে চাহে। কাহার সহিত আগে যুদ্ধ করিব, কাহাকে কাহাকে দমন করিতে হইবে, কিরূপ ভাবে জীবন-যাত্রা নির্বাহ করিব, ইত্যাদিরপ সমালোচনা তাহার প্রাণে ক্মরিত হইতে থাকে। বার বার সাধনা করিতে বসিলে, নানা চিত্তর্গত্তি সে সাধনায় বিদ্ধ প্রদান করে, সাধনা অধিকক্ষণ স্থায়ী হইতে দেয় না, সাধনা সর্বাঙ্গ-স্থুন্দর করিয়া ফুটাইয়া তুলিবার অবসর দেয় না—এইরপ বিদ্বসকলের হাত হইতে ক্রিরপে পরিত্রাণ পাইব, কোন্ বিশিষ্ট উপায় অবলম্বন করিলে, সাধনায় অহর্নিশ নিযুক্ত থাকিতে পারিব—এই প্রকারের সমালোচনা তাহার প্রাণে আসিতে থাকে।

এই অবস্থায় হৃদয়বিত সার্থিরূপী ভগবানের শরণাপন্ন হইয়া, তাঁহার উপদেশ গ্রহণ করিতে হয়। উভাম-ধন্ম করে তুলিয়া লইয়া, ধীর, স্থির সংযত ভাবে হৃদয়স্থ মাতৃসমূথে দাঁড়াইয়া, তাঁহাকে বলিতে হয়,—

সেনয়োরভায়োর্মধ্যে রথং স্থাপয় মেইচ্যুত॥ ২১

অচ্যুত, উভয়োঃ সেনয়োঃ মধ্যে মে রথং স্থাপয়। উভয়োরপি সেনয়োঃ
সামিছিতয়োর্শ্মধ্যে মদীয়ং রথং স্থাপয়েত্যর্জ্জ্বন্ন সারথ্যে সর্কেশরো নিযুজ্যতে,
কিং হি ভক্তানামশক্যং যদ্ভগবানপি তিরিয়োগ অমৃতিষ্ঠতি; যুক্তং হি ভগবতো
ভক্তপারবশ্যং, অচ্যুত ইতি সম্বোধনতয়া ভগবতঃ স্বরূপং ন কদাচিদপি প্রচ্যুতিং
প্রাপ্লোতি ইত্যুচ্যুতে।

হে অচ্যুত। উভয় সৈহাণ্ডোনীর মধ্যে আমার রথ একবার স্থাপন কর।

এই কর্ত্তব্য নির্দ্ধারণের পূর্ব্বে, নিজের জীবনের গতি স্থির করিয়া লইবার সময়ে —কি করিব, জগতে কি ভাবে বিচরণ করিব,—ব্রহ্মচর্য্য, সংসার, সন্ন্যাস, ইত্যাদি বহিজীবনের অবস্থা-সকলের মধ্যে কোন্টি অবলম্বন করিব, ভগবংসাধনের উন্নতি-কল্লে কোনু পত্বা ধরিয়া থাকিব, এই সকলের ইতিকর্ত্তব্যতা স্থির করিয়া লইতে হইলে, আগে ভগবান্কে অচ্যুত নামে সম্বোধন করিতে হয়; অচ্যুত বলিয়া তাঁহাকে চিনিতে হয়, তাঁহার অচ্যুভাবস্থার ধ্যান করিতে হয়। আমি কুপুথে ঘাই বা স্থপথে যাই, পাপের দিকে কিম্বা পুণ্যের দিকে যাইতে চাহি, আঁধারের দিকে বা আলোকের দিকে যাইতে কামনা করি,—নরকের ক্রিমি-কীটসঙ্কুল ভীষণ গহবরে, কিম্বা অর্গের পারিজাত-গন্ধানোদিত ভোগক্ষেত্রে, य मिरक यांटेरा आमि कामना कति—आमात ऋष्यतथरक स्य मिरक **ठालना** করিতে সঙ্কল্প করি, সারথিরপে তিনি আমায় সেই দিকেই লইয়া যাইতেছেন; —নরকমধ্যে আসিয়া পড়িয়াছি দেখিয়া বা যন্ত্রণার ক্ষেত্রে গিয়া উপস্থিত হইতেছি ব্ঝিয়া, তিনি হৃদয়-রথ হইতে মুহূর্তের জ্বন্থ নামিয়া ত যান না! স্বর্গে যাই—সেখানেও তিনি আমার সার্থিরূপে অবস্থিত, নরকের তুর্গদ্ধময় পুরীষ-ক্ষেত্রে—সেখানেও তিনি সেইরূপ ধীর, স্থির, সার্থির মত আমার সংকল্পের জক্ত অপেক্ষা করিয়া ২নয়রথে অধিষ্ঠিত; "তুমি নরকের মধ্যে গিয়া পড়িতেছ – তুমি মোহাচ্ছন্ন হইয়া অধো^{দি}েক ধাবিত হইতেছ—্তুমি পাপপঙ্কে অমুদ্রিপ্ত হইতেছ, আর আমি তোমার সার্থা করিতে পারিব না; তুমি অপবিত্র হইয়াছ, আর ভোমার এ অপবিত্র রথে অবস্থান করিতে পারিব না ; তুমি জ্বরত ইক্তিয়পরায়ণ

নীচাশয় হইয়াছ,—আর আমি তোমার সার্থা করিব না, তুমি অক্স সার্থি অবেষণ কর" এ কথা ত তিনি জানেন না। "রে মদমত জীব। তুই স্বইচ্ছায় শৃখলাবদ্ধ হ'ইতেছিমৃ, তোর রথচক্র প্রকৃতি গ্রাস করিতেছে, তোর ছাদয়-রথ গতিশৃত্য অথবা নিমগতি প্রাপ্ত হইতেছে—আর আমি থাকিব না, আমি তোর রথ হইতে অবতরণ করিয়া চলিলাম"—এ কথা ত তিনি কখন বলেন না! অথবা 'রে পৌভাগাবান্ জীব! তোকে তোর ইচ্ছাসুযায়ী স্বর্গের সিংহাদনে পৌছাইয়া দিয়াছি—কুই এখন আত্মচরিতার্থতা সম্ভোগ করিতে থাকু, আমি এখন তোর রথ ছাড়িয়া চলিলান"—এ কথা ত তাঁর মুখে কখন ফোটে না! ধার, স্থির, আজ্ঞাবহ সার্থির মত তিনি যে অহর্নিশ অশ্ববরা করে গ্রহণ করিয়া, আমার সঙ্কল্পের অপেকা করিতেছেন; রথচ্যুত তিনি ত একবারও হন নাই—আমার হৃদয় রথ হইতে মুহূর্ত্তের জগ্য ত অবতরণ করেন নাই! অশ্বচালনা করিয়া ক্লাস্তির অনু-শোচনা কখনও ত তিনি করেন নাই! র্থ-চ্যুত হইতে কখনও ত তাঁহাকে শুনি নাই। সেই হাসিমাথা মুথ-সেই উল্লাসপূর্ণ বঙ্কিম ঠাম-সেই আনন্দাকুল স্থূন্দর বপু—দেই স্নেহভরা চক্ষু, তাহাতে কখনও ত বিষাদের ছায়া দেখি নাই! দেই ধীর, স্থির, আশ্বাসপূর্ণ আমার জন্ম মুখাপেকা, তাহাতে কথনও ত ভাব-বিচ্যুতি প্রত্যক্ষ করি নাই!হে অচ্যুত!হে অচ্যুত সার্থি ! তোমার এ ত সার্থ্য নহে—এ যে প্রেম, তোমার এ ত আজ্ঞা পালন করা নহে—এ যে স্থ্য! হে প্রেমময় সার্থি! হে স্থা!হে অচ্যুত স্থা! আমি যেন তোমার অচ্যুত ভাব অমুভব করিয়া—তোমার এ চ্যুতিহীন সখ্যের উপলব্ধি করিয়া, অচ্যুতভাবে উর্দ্ধগতি শাভ করিতে পারি। হে অচ্যুত। তোমার সারথ্যের যেমন চ্যুতি নাই, আমিও তেমনই তোমার অৱেষণ হইতে যেন বিচ্যুত না হই। হে অচ্যুত। তুমি যেন চিরদিন এমনই অচ্যুতভাবে আমার হৃদয়-রথে অবস্থিত থাকিয়া, আমার রথ চালন। কর ; হে অচ্যুত! আমার ভাববিচ্যুতি যেন কখনও না ঘটে।

এই ভাবে সার্থিকে অচ্যুত বলিয়া চিনিতে হয়। অচ্যুতভাবে তিনি স্থান্মন রথে অবস্থান করিতেছেন, এই ভাব উপলব্ধি করিতে হয়—এই অচ্যুত-মন্ত্রের উপাসনা করিতে হয়, এবং এইরূপ অচ্যুতভাবে তাঁহাকে দেখিতে দেখিতে অচ্যুত বলিয়া ভাঁহাকে সম্বোধন করিয়া, তাঁহাকে বলিতে হয়,—

সেনয়েকভয়োশ্মধ্যে রথং স্থাপয় নে>চুতে। একবার উভয় সেনার মধ্যে আমার রথ স্থাপন কর ও। প্রবৃত্তি ও নির্ত্তিপক্ষের সৈষ্ঠসভ্যের মধ্যস্থলে অর্থাৎ অন্তম্মূখী ও বহিন্দুখী শক্তিরূপ উভর পক্ষ হইতে দ্রে, অথচ উভর দিক দেখা যায়, এমন স্থলে হদয়রথ লইয়া চল । উভয় দিকে রণোল্লাসমত্ত সৈষ্ঠসমূত্র সংঘর্ষণপ্রয়াসী হইয়া দণ্ডায়মান, পরস্পর রক্তপানে অগ্রসর; এক দিকে প্রবৃত্তিপক্ষ আমায় রাজ্যচ্যুত, হুতসর্বব্দ করিয়া—আমার আত্মপ্রতিষ্ঠার বিরুদ্ধে দণ্ডায়মান, অষ্ঠ দিকে নির্ত্তিপক্ষ আমায় আত্মপ্রতিষ্ঠার বিরুদ্ধে দণ্ডায়মান, অষ্ঠ দিকে নির্ত্তিপক্ষ আমায় আত্মপ্রতিষ্ঠার পথে অগ্রগামী করিতে কৃতিসঙ্গল—এই বিপুল বাহিনীর্মের মধ্যস্থলে দাড়াইয়া উভয় দিক্ পর্যাবেক্ষণ করিব। একবার রথ মধ্যস্থলে লইয়া চল ত।

সাধককে সর্বপ্রথম এইরূপে বাহিনীদ্বয়ের মধ্যস্থলে অবস্থিত হওয়া অভাস করিতে হয়। প্রবিতিদিন প্রাতে একবার রুত্তি-সকলের কাগ্যারস্কের পুর্বেব বা রণ-স্টুনার প্রারম্ভে হিরভাবে উপবিষ্ট হইয়া, সমরপ্রয়াসী উভয় পক্ষ হইতে দুরে, অথচ উভয় পক্ষের মধ্যস্থলে হাদয়রথে অবস্থিত হইতে অভ্যাস করিতে আমাদের শাহসম্মত প্রাতঃক্রিয়ার ইহাই উদ্দেশ্য। প্রতি প্রভাতে মাকে বলিতে হয়,---"মা! এ সমর-ফুচনার পূর্কে একবার আমায় উভয় পক্ষের মধ্যস্থলে, তোমার সম্মুখে লইয়া স্থির হইয়া দাড়াইতে দাও। রণকোলাহল হইতে একটু অপশ্যত হইয়া চল মা! একবার মাতাপুত্রে একটু নির্জ্জনে গিয়া দাঁড়াই, উভয় দিকু দেখিয়। কর্ত্তব্য অবধারণ করিতে একবার মধ্যস্থলে অবস্থিত ষ্ট।" এইরূপ প্রার্থনা হদয়ে লইয়া প্রত্যহ আত্মহৈর্ঘ্যের অভ্যাস করিতে এরপ খিরতার অভ্যাস হইতে আরম্ভ করিয়া, যতদিন না সাধক বুঝিতে পারে, যাহা কিছু কার্য্য হইতেছে—যাহা কিছু আমি করি, সে সমস্তই মাতৃ-ইচ্ছা— সে সমস্তই মাতৃ-পূজা, তত দিন জীবনের গতির পথে যোগরূপ রণ-সূচনা বিশেষ ফলদায়ক হয় না। যতক্ষণ না এরূপ হিরভাবে হৃদয়স্থ হইয়া দাঁড়াইয়া বুঝিতে পারি বা বলিতে পারি,—"প্রাতঃ এভৃতি সায়ান্তং সায়ান্তাৎ প্রাতরন্ততঃ। করোমি জগনাতস্তদস্ত তব পূজনম্।" ততক্ষণ যোগরূপ সমরে নিযুক্ত হইতে নাই। যতক্ষণ না ব্ঝিতে পারি – মাগো। প্রভাত হইতে সন্ধ্যা অবধি, সন্ধ্যা হইতে প্রভাত পর্যান্ত যাহা কিছু করি, সে সমস্ত তোমারই ত পূজা মা – সে সমস্ত তোমারই ত সলল পূরণ—সে সমস্ত তোমার্ই ত মঙ্গল ইচ্ছা, ততক্ষণ ঐরপ স্থিরভাবে মাকে সমূথে লইয়া, কুঞ্জেতের মধ্যত্বলে হুদয়-রথকে হাপিত করিবার জন্ম মাকে অমুযোগ করিতে হয়।

যাবদেতানিরীক্ষেহহং যোদ্ধুকামানবস্থিতান্। কৈর্মায়া সহ যোদ্ধর্মস্মিন্ রণসমুগ্রমে॥ ২২ যোৎস্থমানানবেক্ষেহহং য এতেইত্র সমাগতাঃ। ধার্ত্তরাষ্ট্রস্থা তুর্ববুদ্দেযুদ্ধি প্রিয়চিকীর্ষবঃ॥ > ৩

যাবং অহং ধোদ্ধুকামান্ অবস্থিতান্ এতান্ নিরীক্ষে, অস্মিন্ রণসমুত্যমে কৈঃ সহ ময়া যোদ্ধব্যম্; যুদ্ধে (চ) হুর্ব্বুদ্ধেঃ ধার্ত্তরাষ্ট্রস্থ প্রিয়চিকীর্ষবঃ যে এতে অত্র সমাগতাঃ (তান্) যোৎস্থামানান্ অহং অবেক্ষে (তাবং) উভয়োঃ সেনয়োঃ মধ্যে মে রথং স্থাপয় (ইতি ভাবঃ)।

এতান্ প্রতিপক্ষরেন প্রতিষ্ঠিতান্ ভীন্মজ্যোণাদীনশাভিঃ সার্দ্ধং যোদ্ধ্য আপেকাবতো যাবং গরা নিরীক্ষিতুম্ অহং ক্ষমঃ স্থাং, তাবতি প্রদেশে রথস্ত স্থাপনং কর্ত্তবাম্ ইতার্থঃ। কিঞ্চ প্রবৃত্তে যুদ্ধ-প্রারম্ভে বহবো রাজ্ঞানোহমুষ।।ং যুদ্ধভূমাবুপলভান্তে, তেষাং মধ্যে কিঃ সহ ময়। যোদ্ধবাং চ ধার্ত্তরাষ্ট্রস্ত ত্র্যোধনস্ত ত্র্বেদ্ধিঃ স্বরক্ষণোপায়ম্ অপ্রতিপত্তমানস্ত যুদ্ধায় সংরম্ভং ক্র্বেতো যুদ্ধভূমো স্থিয়া প্রিয় কুর্ব্ মৃ ইচ্ছবে। রাজানঃ সমাগতা দৃগুতে, তেন তেযান্ উপাধিকম্ অস্ত্রং প্রতিযোগিরম্ উপপন্ম ইতার্থঃ।

যতক্ষণ আমি যুদ্ধ কামনায় অবিষ্ঠিত ইহাদিগকৈ নিরীক্ষণ করি এবং এই যুদ্ধে কাহার সহিত আমায় সংগ্রাম করিতে হইবে ও হুর্ব্বৃদ্ধি হুর্য্যোধনের গ্রিয়া-চরণ বাসনায় যাঁহারা এখানে সমাগত হইয়াছেন, তাঁহাদিগকে অবলোকন করি, (তভক্ষণ সৈক্তমধ্যে রথ স্থাপন কর) অর্থাৎ যত দিন না সাধক কর্ত্ব্য স্থির করিয়া লইতে পারে, কোন্ মার্গে, কোন্ ভাবে—কর্ম্ম, ভক্তি, জ্ঞানাদি বিভিন্ন ভাবাপন্ন সাধনাপথের কোন্ পথটা অবলম্বন করিবে, যত দিন না স্থির হয়,—কোন্ কোন্ বৃত্তি বিপক্ষে এবং কোন্ কোন্ বৃত্তি স্বপক্ষে কার্যা করিতেছে, যত দিন না উত্তমন্ধপে পর্যালোচনা করিতে পারে, তত দিন সাধককে এইরপে হৈর্য্যলাভের অভ্যাস করিতে হয়।

এই স্থৈগান্ত্যাস হইতেই সমস্ত আশা মিটিয়া যায়—এইরপ স্থৈগান্ত্যাস হইতেই বিশ্বরূপ দর্শন হয়—এইরপ স্থৈগান্ত্যাসের স্চনা হইতেই এ জগংকে এক বিরাট পূজা-মন্দির বলিয়া চিনিতে পারা যায়। এইটি হইল আদিসাধনা বা সাধকের প্রথম অবলম্বনীয় পস্থা।

সঞ্চয় উবাচ।

এবমুক্তো ছষীকেশো শুড়াকেশেন ভারত।
সেনয়োক্রভয়োর্গ্যে স্থাপয়িত্বা রথোত্যম্॥ ১৪
ভীপ্মদ্রোণপ্রমুখতঃ সর্বেষ্য মহীক্ষিতাম্।
উবাচ পার্থ পশ্যৈতান্ সমবেতান্ কুরুনিতি॥ ২৫

সঞ্জয় উবাচ। হে ভারত। গুড়াকেশেন বিজিতনিজেন অর্জ্নেন এবম্ উক্তঃ হৃষীকেশঃ উভয়োঃ সেনয়োঃ মধ্যে ভীম্মজোণপ্রমূখতঃ সর্কেষাঞ্চ মহীক্ষিতাম্ (সমুখে) রুখোত্তমং স্থাপয়িষা "হে পার্থ! এতান্ সমবেতান্ ক্রন্ পশ্য" ইতি উবাচ।

সঞ্জয় কহিলেন,—বিজিতনিত অর্জন কর্তৃক হৃষীকেশ এইরূপ অভিহিত হইয়া, ভীম্মদ্রোণপ্রসূথ সমুদয় রাজ্যতার্বের সম্মুখে রথ স্থাপন করিয়া কহিলেন,—হে পার্থ! সমবেত কুরুগণকে অবলোকন কর।

পূর্বে বলিয়াছি, এই স্থৈয় অভ্যাসই সাধনার প্রথম পন্থা। এই সাধনা অভ্যাস করিতে করিতে জীব বিজিতনিত্র হয় অর্থাৎ নিত্রা বা তমঃ ধ্বংসীভূত যথন জীব গুড়াকেশ অর্থাৎ বিজিতনিদ্র হয়, তখনই ফ্র্যীকেশ উভয় সেনার মধ্যে রথ স্থাপন করেন। গুড়াকেশ কথাটা দিবার ইহাই উদ্দেশ্য। নতুবা সাধারণ সমরক্ষেত্রস্থ বীরকে গুড়াকেশ বলিবার কারণ নাই; वीव, সাহসী ইত্যাদি কোন বিশেষণ দিলেই চলিত। यादा হউক, यত দিন না সাধক এইরূপ অভ্যাস করিতে করিতে নিদ্রাকে জয় করিতে পারে, তত দিন ছদয়-রথকে মধাস্থলে স্থিরভাবে দাঁড় করাইতে পারে না। সাধকমাত্রেই জানেন, সাধনা-পথে নিদ্রা প্রথম অস্তরায়। চিত্ত অভিনিবিষ্ট করিতে উদ্গত হইলে বা চিত্তকে কেন্দ্রস্থ করিতে প্রয়াসী হইলে নিক্রা আইসে। চিত্ত একট স্থিরভাবাপর হইবামাত্র তমসাচ্ছন্ন সাধারণ জীব ঘুমাইয়া পড়ে। সাধারণ মহয়ের তমোগুণ—চিত্ত শাস্তভাবাপন্ন হইবামাত্র তাহাকে আক্রমণ করে। এই জন্ম যত দিন না এই নিজাকে জয় করা যায়, তত দিন হৃদয়-রথ ঠিক কেন্দ্রগত করা যায় না। বিজিতনিজ হইবার পর, তবে ভগবানু আমাদিগকে কেব্রুস্থ হইতে দেন। বিজিতনিত্র ইইয়া রথ কেন্দ্রস্থ করিবার জ্বন্থ ভগবানের নিকট প্রার্থনা করিলে, তবে রথ কেন্দ্রস্থ হয়—তবে কেন্দ্রগত হইয়া জীব উভয় পক বিশ্লেষণ করিতে, কর্ত্তব্য নির্দ্ধারণ করিতে ও সার্থি বা দ্বন্ধীকেশ দর্শনে কৃতকৃতার্থ ইইতে পারে।

श्वरीत्कम अर्थ हेक्षिय वा ভाव-ভवत्नत ठानक। श्रवीकांगाः हेक्षियांगाः ঈশঃ হাষীকেশঃ। ইন্দ্রিয় ও ভাবভবন বস্তুতঃ একই কথা। প্রধান প্রধান ভাবের পূর্ণ পরিকুট অবস্থার নান ইন্দ্রিয়। ভাবসমণ্টি প্রধান প্রধান গুচ্ছে বিভক্ত হইয়া ও স্থূলতা লাভ করিয়া ইঞিয় নামে পরিচিত হইয়াছে। যোগীরা চক্ষু কর্ণাদি ইন্দ্রিয় ছাড়া, ভাবকে ঘনীভূত করিয়া আরও ইন্দ্রিয় ফুটাইতে পারেন এবং তদ্বারা অলৌকিক কার্যাসকল সম্পন্ন করিতে পারেন। চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ বা বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ, এ সকল ভাবেরই কার্য্যকারী ক্ষেত্র বলিয়া ইন্দ্রিয় নামে পরিচিত। এই স্থলে ইন্দ্রিয়-কার্য্য সম্বন্ধে একটু বলি—প্রত্যেক কার্য্য বিশ্লেষণ করিয়া দেখিলে, তাহার ভিতর তিনটী স্তর দেখিতে পাওয়া যায় : এ তিনটী স্তরের নাম জ্ঞান, ইচ্ছা ও কর্ম্ম বা ভাব. ভক্তি ও কর্ম। প্রথমে বস্তুসংক্রান্ত জ্ঞান বা ভাব প্রাণের ভিতর ফুটে; সেই ভাব ফুটতর হইলে, সেই বস্তুর দিকে প্রাণ ছুটিতে থাকে বা তাহাতে আসক্তি বা ভক্তি জন্মে এবং আসক্তি বা ভক্তি আরও এবল হইলে, উহা কার্য্যে পরিণত হয়। বস্তুতঃ এ তিনটা একই শক্তির বিভিন্ন স্তর মাত্র। আমাদের চক্ষুরাদি ইন্দ্রিয়ে দর্শনাদি ভাবসকল কার্য্যে পরিণত হয় বলিয়া, উহারা ইন্দ্রিয় নামে পরিচিত। "বদন বাক পশ্যংশ্চকুঃ শৃথস্থোত্রং"—ভিনি কথা কহিয়া বাগিন্দ্রিয় হইলেন,দর্শন করিয়া চক্ষু হই-লেন. শ্রবণ করিয়া শ্রোত্র হইলেন—শ্রুতিতে এইরূপে ভাব হইতে ইন্দ্রিয় উৎপত্তির কথা আছে। কর্মযোগ বলিবার সময় এ কথা ভাল করিয়া বুঝাইব। এই ভাবরূপ অশ্ব-সকলকে ভগবান সার্থিরূপে চালনা করেন বলিয়া তাঁহার নাম স্বীকেশ। আর একটী কথা বলি—আমি পূর্ব্বে মায়ের সার্থিক্রপ বর্ণনার সময়ে এলায়িতকেশী বলিয়া তাঁহাকে বর্ণনা করিয়াছি। বস্তুতঃ তিনি এলায়িতকেশীরূপে হৃদয়ে অবস্থান করেন এবং তাঁহার হৃষীকেশ নাম প্রাপ্তির ইহা অম্যতম কারণ। ভগবান্ বলিয়াছেন,—

"স্থ্যাচন্দ্রমসোঃ শশ্বং অংশুভিঃ কেশসংজ্ঞিতৈঃ।
বোধয়ং স্বাপয়চৈত্র জগত্ত্বভিত্ততে পৃথক্।
বোধনাং স্বাপনাচৈত্র জগতো হর্ষণং ভবেং॥
অগ্নীসোমকৃতিরের কর্মাভিঃ পাগুনন্দন।
হৃষীকেশোহহুমীশানো বরুদো লোকভাবনঃ॥"

চন্দ্র-সূধ্য-কিরণসমূহ কেশ নামে অভিহিত। এই কিরণসমূহ দ্বারা জাগরণ ও নিজা হইয়া থাকে। এইরপ জাগরণ ও নিজার দ্বারা জগতের হর্ষণ ও সমস্ত ক্রিয়া সংসাধিত হয় বলিয়া, আমি হ্যবীকেশ নামে অভিহিত।

মা হৃদয়-রথে চন্দ্র-স্থ্য-কিরণরপ কেশজাল এলাইয়া দিয়া অবস্থিতা থাকেন বলিয়া, আমাদিগের প্রাণশক্তি গতি প্রাপ্ত হয় এবং সমস্ত কার্য্য সম্পাদন হয়। মায়ের চরণচৃষ্ণী কেশরাশি চারি ধারে ছড়াইয়া পজিয়া, আমাদিগকে কখনও জাগ্রত, কখনও স্থপ্ত, কখনও কর্মনিযুক্ত, এইরূপ ভাবে কৃষ্ট করেন বলিয়া, মায়ের অহাতম নাম হৃষীকেশ।

যাহা হউক, স্থিরতার অভ্যাস করিয়া ক্রমশঃ বিজিতনিত্র হইয়া, এবং ভগবান্
অচ্যত ও স্বীকেশ বলিয়া পরিজ্ঞাত হইলে পর, তখন ভগবান্ রথকে কেন্দ্রস্থ
করেন এবং সমরোমুখা পক্ষদয়কে বিশ্লেষণ করিয়া দেখিবার অবসর দেন।
অচ্যুত, হুয়াকেশ, গুড়াকেশ—এই তিনটা শব্দই এখানকার সাধনা-রহস্থ। এই
তিনটা বাক্য,—প্রথম স্তরের সাধক কিরূপে হইতে হয়, তাহাই শিক্ষা দিতেছে।
প্রথমে ভগবান্কে অচ্যুতরূপে চিনিতে হয়, তিনি হৃদয়-রথ হইতে কখনও বিহ্যুত
হন না, এই ভাবটা উপলব্ধি করিতে হয়; তার পর ভাব-সকলের বলা তাঁহার
করে দিতে হয় বা তিনি ভাবরূপ অধ্বলা করে গ্রহণ করিয়া আছেন—এই তর্
ব্বিতে হয়; এবং এইরূপ উপলব্ধি করিতে করিতে করিয়ে বিজ্ঞানিত্র হইয়া কেন্দ্রস্থ
হইবার জন্ম সন্ধন্ন করিলে, তিনি হৃদয়রথকে কেন্দ্রস্থ করিয়া দেন। প্রথম
অধিকারীদিগের ইহাই সাধনা।

ভত্রপেশ্রৎ স্থিনি পার্থঃ পিত্নথ পিতামহান্।
আচার্যান্মাতুলান্ ভাত্ন্ পুত্রান্ পৌত্রান্ সখীংস্তথা।
শৃশুরান্ স্কদকৈত্ব দেনয়োরভয়োরপি॥ ২৬

অথ পার্থঃ তত্র সেনয়ের ভয়োরপি স্থিতান্ পিতৃন্ পিতামহান্, আচার্য্যান্, মাহুলান্, আহুন্, পুতান্, পৌতান্, তথা সখীন্, খশুরান্, স্থুক্দদৈবে অপশ্তং।

তখন পার্থ সেইখানে উভয় সেনাদলে অবস্থিত পিতৃব্য, পিতামহ, আচার্য্য, মাতৃল, ভাতা, পুত্র, পৌত্র, সথা, শশুর ও স্থৃহদাদি সকলকে অবলোকন করিলেন।

চিত্ত এরপ স্থির হইলে বা হৃদয়-রথকে কেন্দ্রস্থ করিতে পারিলে, তথন উভয় দিক্ স্থন্দররূপে দেখিতে পাওয়া যায়। তখন দেখিতে পাওয়া যায়—এক দিকে ইন্দ্রিয় ও সংসারের মায়ারাশি, জীবন, জ্ঞান, যশঃ, বিদ্ধার ইত্যাদির মায়া সঙ্গে লইয়া, আমাদিগের প্রাণশক্তিকে গণ্ডীর ভিতরে আবদ্ধ করিয়া রাখিবার জন্ম প্রয়াদী হইয়া দণ্ডায়মান; অস্থাদিকে বিরাট চিন্তা, সত্যায়েষণ, উর্দ্ধগতি ও ভজ্জনিত দৃঢ়সঙ্কল্প প্রভৃতি প্রাণশক্তির সাহায্যকারী বৃত্তিসকল আত্মপ্রতিষ্ঠার পথে সাহায্য করিতে কৃত্ত-সঙ্কল্প হইয়া রণসাজে সজ্জিত। এক দিকে বহিশ্ম্থী শক্তি জগড়োগে ভূলাইয়া রাখিতে প্রয়াদী, অন্থা দিকে প্রাণ বা অন্তর্শ্ম্থী শক্তি ভগবৎসম্ভোগের জন্ম জগড়ভোগকে পদদলিত করিবার জন্ম প্রতিজ্ঞাবদ্ধ।

কিন্তু ইহারা কাহারা ? কে আমার সাধনা-পথের সহায় এবং কেই বা সাধনার অন্তরায় ? সাধক স্থির হইয়া দেখিলে বুঝিতে পারে—ইহারা সকলেই তাহার স্বজন। সকলের সহিত সাধক আত্মীয়তাসূত্রে সম্বজ্ধ। যাহাদিগকে শক্র বলিয়া জানে—যাহাদিগের বধের জন্ম কৃতসঙ্কল্প হইয়া সমরক্ষেত্রে সাধক অগ্রসর হয়, তাহারাও বস্তুতঃ আত্মীয়। কেন—তাহা বলিতেছি।

বস্ততঃ জাব, ইন্দ্রিয়াদি ও তংপক্ষীয় জ্ঞান, কর্মা ইত্যাদির দ্বারা চিরদিন পালিত—একত্রে পুষ্ট হয়। এক্ষচর্য্যের অঙ্কে জীব বর্দ্ধিত ও জ্ঞানসম্পন্ন হয়। নানা জন্ম ধরিয়া উহাদের ভিতর দিয়া বহুদর্শিতা লাভ করিয়া, তবে ত একদিন আত্মপ্রতিষ্ঠায় উত্যোগী হয়। যেমন জীব মাতৃগর্ভে জন্মগ্রহণ করিয়া, যত দিন না বহির্জগতে বাসোপযোগী শক্তি লাভ করে, তত দিন মাতৃগর্ভেই বাস করে এবং পরে যত শক্তিমানু হইতে থাকে, তওই ক্রমশঃ গর্ভ হইতে বহির্গমনের জ্ঞা সচেষ্ট হয় এবং অবশেষে বহির্গত হয়: তক্রপ জীব এই সকল ইন্দ্রিয়াদির ভিতর থাকিয়া, তাহা হইতে আত্মশক্তি সংগ্রহ করিয়া, তারপর তাহাদিগের কবল হইতে নিষ্কৃতি পাইবার জন্ম ব্যস্ত হয়। প্রথমাবস্থায় জীবের উন্নতি ইন্দ্রিয়াদির সাহায্যেই হইয়া থাকে। শুধু সাহায্য নহে - ইন্দ্রিয়সকল লইয়াই প্রথমাবস্থায় আমাদের চৈত্ত্য উন্মেষিত হয়: অথবা ইন্দ্রিয়সকলই আমাদের চৈতন্য অভি-ব্যক্তির প্রথম বিকাশ। প্রথমাবস্থায় ইঞ্রিয়ের সাহায্য লইয়া, তবে জীব তাহার "আমিছে"র উপলব্ধি করে, ইন্সিয়বিচ্ছিন্ন হইলে তমে আচ্ছন্ন, বিকাশহীন, অজ্ঞান অবস্থার মত অবস্থা প্রাপ্ত হয়। অর্থাৎ জীব প্রকৃতি-ক্ষেত্রে যখন প্রথম আত্মোপ-লবির জন্ম সচেষ্ট হয়, জীবের চৈতন্মের প্রথম ক্রুবণ প্রকৃতি-ক্ষেত্রকে যখন আলোকিত করে, প্রকৃতিক্ষেত্রে যখন চৈতক্ত স্কুটিয়া উঠে, তখন সে চৈতক্ত প্রকৃতির

প্রত্যেক প্রমাণুর ভিতর ফুটিয়া উঠিবার চেষ্টা করে; এবং সেই ধারাবাহিক চেষ্টার ফলম্বরূপ যে যে দিকে সে চেষ্টার স্রোভ প্রবাহিত হইয়াছিল, সেই সেই দিকে এক একটা পথ প্রস্তুত করিয়া ফেলে: সেই পথগুলিকে আমরা ইন্দ্রিয় বলি। প্রকৃতি-ক্ষেত্রের শব্দ, স্পর্শ, রূপ, রদ, গন্ধ, এই পাঁচ প্রকার গুণ, চৈত্রভাকে পাঁচ প্রকারে স্ব স্ব ক্ষেত্রের উপর প্রতিফলিত করিবার জম্ম যেন ভুলাইতে থাকে এবং চৈত্রেও তাহাদের উপর প্রতিফলিত হইবার জন্ম প্রতিনিয়ত যদবান্ হয়। শ্রীমতী দর্শনে শ্রীকৃষ্ণের আকুলতার মত চৈতক্মের এই আকুলতা উভয়মুখী। শ্রীমতীকে দেখিবার জন্ম শ্রীকৃষ্ণের আকুলতা কিম্বা শ্রীমতীকে দেখা দিবার জন্ম শ্রীকৃষ্ণের আকুলতা—দে কথা বুঝি ঠিক বলা যায় না। প্রেমের সে গভীর তল অবেষণ করিবার এখন আমাদের সময় নহে, তবে ফলে এই দেখাদেখির জন্ম-এই মিলনের মধুর আস্বাদনের জন্য-এই প্রকৃতিপুরুষের একত্সাধনের মঙ্গলসূচনার জম্ম—এই রাধাকুঞ্চের যুগলমিলনের জন্ম—গুপ্তভাবে যাতায়াতের ফলস্বরূপ রাধারুষ্ণের পদচিহ্নান্ধিত ইন্দ্রিয়নামীয় এই পথগুলি তৈয়ারি হইয়া যায়। তুণাচ্ছাদিত প্রান্তরের উপর পথিকের পদাঁচফে যেমন একটা শীর্ণ পদরেখা অঙ্কিত হয়, তদ্রুপ এই প্রণয়িদ্বয়ের যাতায়াতে ইন্দ্রিয়রূপী এই পুরগুলি তৈয়ারী হইয়া যায়। হায়। আমরা যদি ইন্দ্রিয়গুলিকে সাধারণের গমনাগমনের পথ নতে—প্রেমিকযুগলের গুপু মিলনের গুপু পথ বলিয়া চিনিতাম ও পথের ধারে অপেক্ষা করিয়া, নিশীথে বসিয়া থাকিয়া তাহাদের যাতায়াত লক্ষ্য করিতে পারিতাম।

যাহা হউক, এইরপে ইন্দ্রিয়সকল ফুটিয়া উঠে, এবং তাহাদের সাহায্যে জীব নিজের অন্তিত্ব বলিয়া একটা জিনিষ উপলব্ধি করে। এইরপে প্রকৃতি-ক্ষেত্রে জীবের আমিত্ব সঞ্চাত হয়। যত দিন না জীবের এই "আমিত্ব" পূর্ণভাবে ক্ষুটিত হয়—যত দিন না যথার্থ "আমিত্ব", বস্তুতঃ "আমি কে" এ তত্ত্ব উদ্ভাসিত হয়, তত দিন শুধু ওই ইন্দ্রিয়াদির উপরেই "আমিত্ব" উপলব্ধি চলিতে থাকে। প্রথমাবস্থায় এই যথার্থ "আমিত্ব" অতি ক্ষীণ, কোমল, বায়ুবৎ তরল আকারে সঞ্জাত হয়; এবং উহা সমগ্র জগংময় বা প্রকৃতি-ক্ষেত্রে ছড়াইয়া থাকে। দিন দিন যত আমাদের এই "আমিত্ব" পূর্ণত্ব লাভ করিতে থাকে, তত্তই আমরা বহির্বস্ত ছাড়িয়া আমার দিজের ভিতর আমিত্বের অন্তত্ব করিতে থাকি। পশুর "আমিত্ব" মন্ত্র্যাপেক্ষা অনেক কম বলিয়া, পশুরা সমগ্র জগংটাই তাদের নিজন্থ বলিয়া মনে

করে। এটা অস্তের, এটা অপরের জ্বগু, এটা আমার নহে, এরপে জ্ঞান পশুর নাই। মন্ত্রয়জীবনে জীবের এই "আমিষ" কুটতর হইয়া উঠিয়াছে বলিয়া, এই আমিত দৃঢ়, কেক্সমুখী ও ঘনীভূত হইয়াছে বলিয়া, মহুয় এটা আমার, এটা আমার নহে, এরূপ বিচার করিতে সমর্থ হয়। মানুষ সমগ্র জগংটাকে সাধারণতঃ নিজের বলিয়া দেখে না; যত উন্নত অবস্থায় আরোহণ করে, মনুয়া বহিঃক্ষেত্রকে তত সংকীর্ণ হইতে সংকীর্ণতর করিয়া আনে; এমন কি, তখন নিজের দেহকেও আর আমার বলিয়া জ্ঞান করে না। জীব নিজেকে চারি ধারে খুঁ জিয়া খুঁ জিয়া এবং তাহা হইতে বহুদর্শিতা লাভ করিয়া করিয়া, শেষ যেন ক্রমশঃ নিজের ভিতর আমিছের সন্ধান পায় ও সেইখানে ক্রমশঃ গুটাইয়া আসিতে থাকে। কুম্ভকার যেমন প্রতিমা নির্মাণের জম্ম মৃত্তিকারাশি সংগ্রহ করে, এবং প্রতিমা নির্মাণোপযোগী পরিষার মৃত্তিকাটুকু লইয়া, তাহাতে প্রতিমা গড়িতে থাকে ও নিপ্পয়োজনীয় অংশ-সকল পরিত্যাগ করে, তদ্ধপ জীবের আমিত্ব যত দিন না ঘনীভূত ও প্রতিষ্ঠিত হয়, তত দিন "আমির" ও "আমার" জ্ঞানটা চারি ধারে ছড়াইয়া থাকে: জগৎসঙ্গ হইতে সংস্কাররাশি সঞ্চয় করিয়া যত তার ইব্রিয়-সকল ফুটিয়া উঠিতে থাকে এবং যত পূর্ণভাবে সে জগতের বস্তুনিচয়কে ভোগ করিতে ক্রমশঃ সক্ষম হয়, তত তার "আমিছ" জগৎ ছাড়িয়া ক্ষুত্র সংসারের গণ্ডীর মধ্যে আবদ্ধ হয়। তারপর তার আত্মিক আমিহ আরও ফুটতর হইলে, তখন আর সংসার বা ধ্রীপুত্র ইত্যাদিতেও আমিছ বা আমার জ্ঞান ছড়াইয়া থাকিতে চাহে না: এবং তত সে নিজের ভিতর প্রবেশ করে ও ক্রমশঃ ইন্দ্রিয়াদিতে "আমিহ" উপলব্ধি করে না—ইন্দ্রিয়াদি ছাড়া আমির সন্ধান করে। ভাল করিয়া বলি-একটা পশুর আত্মপর জ্ঞান নাই এবং একজন মুক্ত

ভাল করিয়া বাল—একটা পশুর আছপির জ্ঞান নাই এবং একজন মুক্ত পুরুষেরও আত্মপর জ্ঞান নাই; তবে বস্ততঃ উহারা উভয়েই কি সমত্লা ? তাহা নহে। পশুর আমিষ এখনও স্টারুরপে গঠিত হয় নাই; আর মুক্ত পুরুষের মায়াদেহ স্থানর প্রতিত হইয়া, তারপর আবার পরিত্যক্ত হইয়াছে। মুক্ত পুরুষের সংস্কার-নির্মিত আমিষ রচিত হইয়া, তাহা হইতে যথার্থ আমিষ উপলব্ধি হইয়া গিয়া, তারপর সে সংস্কার-নির্মিত আমিষ পরিত্যক্ত হইয়াছে। পশুর এখনও প্রতিমা নির্মাণ হয় নাই। মুক্ত পুরুষের প্রতিমা নির্মাণ হইয়া গিয়া, তাহাতে দেবতার আবির্ভাব হইয়া গিয়াছে। দেবতাপূজায় সিদ্ধিলাভ করিয়া মুক্ত পুরুষ সে প্রতিমা বিদর্শ্বন দিয়াছে।

· >

যাহা হউক, ইন্দ্রিয়াদি এই আমিজ বিকাশের সঙ্গে সঙ্গে পরিকৃটি হয় এবং
আবার ওই ইন্দ্রিয়াদির দ্বারা আমিজ আরও বিকশিত হইতে থাকে। পরস্পর
এইরূপে পরস্পরকে পুষ্ট ও সাহায্য করিতে থাকে। ইন্দ্রিয়সকল অহর্নিশ বহিবস্তঃ
হইতে সংস্কাররাশি লইয়া জীবের আমিজ উপলব্ধিকে জাগাইয়া রাখে। অহর্নিশ
এইরূপে ইন্দ্রিয়ের দ্বারা উদ্দীপিত না হইলে, আমরা অবীচি অবস্থা কিম্বা
তমসাচ্ছয় অজ্ঞান অবস্থায় পড়িয়া থাকিতাম। জগতের অনন্ত এম্বর্যা-ভোগও হইত
না এবং আত্মোপলব্ধিও ঘটিত না। আমাদের মন অহর্নিশ চঞ্চল বলিয়া, আমরা
সময়ে সময়ে আপনাকে ধিকার দিই। আমরা বলিয়া থাকি, মন বড় চঞ্চল,
মুহুর্তের জন্ম আমাদিগকে স্থির হইতে দেয় না, ভগবচ্চিন্তা করিতে গেলে অক্য
দিকে মন ছুটিয়া পালায়। কিন্তু বস্তুতঃ আমাদের বুঝা উচিত, সাধারণ মন্তর্যের
মন এইরূপ চঞ্চল না হইলে—এরূপ ক্রতভাবে চারি ধারে কার্যা না করিলে,
আমরা অজ্ঞান অবস্থা প্রাপ্ত হইতাম। যত দিন না আত্মিক আমিছ ঘনীভূত ও
স্কুলতর হয়, তত দিন মন সেই জন্ম চঞ্চল থাকে। যে মাত্রায় আনিছ দ্টাভূত হয়,
সেই মাত্রায় মনের চঞ্চলতা কমিয়া আসে। মনের চঞ্চলতা, ভগবানের মঙ্গল
আশীর্কাদ, পরীক্ষাময় অভিশাপ নহে।

পশুজীবনে পাপ নাই বলিয়া একটা প্রবাদ আছে। আমরা সে বিচারে এখন প্রবৃত্ত হইব না। তবে এইটুকু বলি, মৃত্যুর পর মন্তুয়ের মত সকল পশুর প্রেতলোক ও স্বর্গাদি জ্ঞানতঃ ভোগ ঘটে না। তাহারা তাহাদের ঘথাসম্ভব ইপ্রিয়যুক্ত স্থুলদেহে যতক্ষণ ইপ্রিয়ের উত্তেজনা পায়, ততক্ষণ আমিষের উপলব্ধি করিতে পারে। স্থুল শরীর ও স্থুল ইপ্রিয় পরিত্যাগের পরে, তাহাদের মনোময় দেহে স্ক্র্ম ইপ্রিয় স্থনির্মিত হয় নাই বলিয়া, আমিষ হারাইয়া তমসাচ্ছন্ন হইয়া পড়ে; সে অবস্থায় তাহাদের ভোগ ঘটিয়া উঠে না। মন্তুয়ের আমিষ ঘনীভূত হইয়া গিয়াছে বলিয়া, স্থুল দেহ ও স্থুল ইপ্রিয়ে পরিত্যাগের পর মনোময় বা স্ক্র্ম-দেহে, স্ক্র্ম ইপ্রিয়ে জ্ঞানতঃ এেত ও স্বর্গলোক ভোগ হয়। কিন্তু সাধারণ মন্ত্র্য স্বর্গের উর্ক্তম লোকসকল আর ভোগ করিতে পায় না। যোগী পুরুষেরা—ঘাহাদের আঝিক আমিষ আরও পরিক্ষ্ট এবং আরও হৈতন্ত্রক্ট্টনম্পন্ন,তাহারা স্বর্গাপেক্ষা স্ক্রম তপঃ, সন্ত্রে আদি অন্তান্থ লোকসকল সন্ত্রোগ করিতে সমর্থ হন। মৃত্যুর পর আন্ধা মাজেই বিজ্ঞানময় কোয় বা সত্যলোক অবধি যায়, তবে স্ব স্থ আমিষ্কের দৃঢ়তার তারতম্য অনুসারে সজ্ঞানভাবে বা অজ্ঞানভাবে লোকসকল অতিক্রম করিতে হয়।

যাহা হউক, ইহা হইতে আমরা এইটুকু ব্ঝিলাম যে, ইন্দ্রিয়-সকল প্রথম আমাদের মিত্রস্থানীয়; যত দিন আমাদের সৃক্ষা দেহ সৃক্ষা ইন্দ্রিয়যুক্ত না হয়, যত দিন আমাদের সৃক্ষা দেহ সুলা দেহের মত কার্য্যকরী শক্তি লাভ করিতে না পারে, তত দিন ইন্দ্রিয়াদির প্রয়োজন; তারপর ধাফার্যা যেমন পলাল পরিত্যাগ করে, তদ্রপভাবে সমস্ত পরিত্যাজ্য।

আমরা সাধারণ জীব প্রধানতঃ চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্না, রক্, এই পাঁচটা ইশ্রিয় জানি। কিন্তু বস্তুতঃ আরও তুইটা ইশ্রিয় আছে, যাহার সন্ধান আমরা এখনও মন্থ্যজীবনে পাই নাই। সাধকেরা তাহার সন্ধান পান, এবং সেই ইশ্রিয়ের সাহায্যে অলোকিক কার্য্যসকল সম্পাদন করিতে পারেন। আমরা যোগীদিগেরঅ লোকিক কার্য্য দেখিয়া বিশ্বিত হই, এবং কেমন করিয়া ওরূপ কার্য্য সম্পন্ন হয়, তাহা ভাবিয়া পাই না। কিন্তু দর্শনাদি ব্যাপারের মত যোগীদিগের পক্ষে উহা একান্ত সহজসাধ্য।

যাহা হউক. প্রথম অবজায় সাধক বর্থন সমস্ত ত্যাগের জন্ম বা আয় প্রতিষ্ঠার জন্ম বন্ধন হয়, তথন এই সকল তন্ধ তাহার প্রাণের ভিতর ফুটিয়া উঠে। সেদেখে, বস্ততঃ এখন ইন্দ্রিয়নকল পরিত্যাগ করিতে গেলে নিজের অস্তিম অবধি হারাইয়া যায় এবং শান্ধবিহিত কর্মা, জ্ঞান, ব্রহ্মচর্য্য ইত্যাদি না থাকিলে ইন্দ্রিয়নকল পরিত্যাগ করিব ও কার্য্যাক্ষম হইয়া পড়ে। তথে কেমন করিয়া উহাদিগকে পরিত্যাগ করিব ও ইহারা যে আল্লীয়, ইহারা যে উপকারা । ইন্দ্রিয়সকল না থাকিলে নিজের অস্তিম কি প্রকারে থাকিবে ও ইন্দ্রিয় ছাড়া নিজের অস্তিম প্রথম অবস্থায় উপলব্ধি হয় না, তাই সাধক নিজের ইন্দ্রিয়শ্ব্য অবস্থার কল্পনা করিতে পারে না। সাধনার স্কারায় যাহাদিগের ধাংসের জন্ম সচেই ইইয়াছিল, সাধনা-প্রারম্ভে তাহাদিগের স্বরূপ ও কার্য্যসকল পর্যাবেক্ষণ করিয়া, তাহাদিগকে আ্রায় বিলিয়া সাধক বুঝে।

তান্ সমীক্ষ্য স কোন্তেয়ঃ সর্কান্ বন্ধূনবস্থিতান্। কুপয়া প্রয়াবিটো বিধীদন্নিদমত্রবীৎ ॥ ২৭

তান্ সর্কান্ বন্ধূন্ অবস্থিতান্ সমীক্ষ্য প্রয়া কপ্যা আবিষ্টঃ বিষীদন্ (সন্) স কোষ্টেয়ঃ ইদং অব্রবীং। সেই সকল বন্ধুগণকে অবস্থিত দেখিয়া, অতিশয় কৃপাবিষ্ট ও বিষাদাখিত হুইয়া অৰ্জুন এই কথা বলিলেন।

অর্থাৎ সাধক তাহাদিগকে আত্মীয় বলিয়া চিনিয়া বিষাদযুক্ত হইয়া পড়ে।
সাধক ভাবে, বস্তুতঃ ইহারাও আমার আত্মীয়, অথচ আমার সাধনাপথে আমার
অন্তরায় কেন ? ইহারা চিরদিন আমার আপনার বলিয়া পরিচিত, অথচ এখন
আমরা পরস্পর শক্রভাবাপর; ছই বিরুদ্ধ ভাব এক সঙ্গে উদিত হইয়া সাধককে
চঞ্চল করে। এক দিকে ইহাদের দ্বারা যেমন আমি আত্মপ্রতিষ্ঠায় শক্তিশালী
হইয়াছি, অন্ত দিকে উহারাই আবার এখন আত্মপ্রতিষ্ঠার বিরুদ্ধে দণ্ডায়মান।
সাধক কিংকর্ত্তবাবিস্ট্ ইইয়া পড়ে, তাহাব হৃদেয় বিষাদভারাক্রান্ত হয়। উহাদের
উপর কুপা আসিয়া উপস্থিত হয়। কুপায় ও বিষাদে সাধক চঞ্চল হইয়া
উঠে।

অৰ্জুন উবাচ।

দৃক্তে মান্ স্বজনান্ কৃষ্ণ যুযুৎসূন্ সমবস্থিতান্। সাদন্তি মম গাত্রাণি মুগঞ্প পরিশুগতি॥ ২৮

অর্জ্জুন এতক্ষণ অচ্যুত, হুষীকেশ বলিয়া সম্বোধন করিতেছিলেন, এখন কৃষ্ণ বলিয়া সম্বোধন করিলেন।

হে কৃষ্ণ ! যুদ্দেন্ত হইয়া সন্মুখে সমবেত এই সমস্ত স্বজনগণকে দেখিয়া আমার সর্বাঙ্গ অনুসর হইতেছে—মুখ শুষ্ক হইয়া যাইতেছে। কৃষ্ণ বলিয়া সম্বোধন করিবার কারণ—বিষাদে হৃদয় অভিভূত হইলে, হৃদয় ঘোর ঘনকৃষ্ণ বিষাদ-মেঘে আপ্লুত হইলে, জীব সেই সময়ে যেন চারি ধারে অন্ধকার দেখে - দিশাহারা হইয়া যায়। তার গতি শ্বির করিতে পারে না—পথ খুঁজিয়া পায় না। সেই দারুণ সময়ে যখন অন্ধকারে জ্ঞান, বৃদ্ধি, মন, ইল্রেয়, সমস্ত আচ্ছয়, জ্যোতিহীন হইয়া যায়—জীবনের সেই তুরস্ত সহট-মুহুর্তে তৃমি যদি ভগবংশক্তির সাহায়্য অন্বেষণ কর—তবে তৃমি কি করিবে? ভগবান্কে কিরূপে তখন ভাবিবে? কোনও রূপ তোমার তাৎকালীন গাঢ় কালিমাময় প্রাণে প্রতিফলিত হইবে না; কালিমায় যে চারি ধার প্লাবিত। কাল ছাড়া তখন আর কিছু ত তুমি দেখিতে পাইবে না। তখন যাহা ভাবিবে—যাহা প্রাণে ফুটাইয়া তুলিতে চেন্টা করিবে—কালিমাতে সবই যে ভুবিয়া যাইবে। তাই সেই ভয়ত্বর মুহুর্তে

ভোমার জীবনের একমাত্র স্থ্রহং—ভোমার হৃদয়-রথের একমাত্র সার্থি—ভোমার জীবন-মরণের একমাত্র চিরসহচর—আর্তের আশা—বিপরের ভরসা—ভগবান্কে কাল দেখিও—কৃষ্ণ বলিয়া সম্বোধন করিও। ভোমার হৃদয়ের নিবিড় কালিমায় ভূমি তখন কাল হইয়া গিয়াছ, ভোমার সে সারথিও তখন যে কাল, ভোমার বিষাদই যে তাঁর বিষাদ—ভোমার সন্তাপই যে তাঁর সন্তাপ—ভোমার ব্যাক্লতা যে তাঁরই ব্যাক্লতা। ভূমিই যে তাঁর সব। তাঁর নিজের হাসিকারা নাই। ভোমার হাসিতেই তিনি হাসেন, ভোমার কারাভেই তিনি কাঁদেন। ভোমার কালিমায় তিনি কৃষ্ণ কাচে আরত দীপ-শিখার মত প্রতিফলিত হয়েন। তাই সেই সময়ে আর্তের পক্ষে, বিধাদাপারের পক্ষে—ভিনি কৃষ্ণ।

পূর্ব্বে বলিয়াছি, আগে ভগবান্কে অচ্যুত বলিয়া ধারণা করিতে হয়, তারপর সারখ্যের কথা ভাবিতে হয়। তারপর তিনি যখন মানস নয়নে সর্ব্বপ্রথম প্রতিভাত হয়েন, তখন কৃষ্ণ-জ্যোতিবিমণ্ডিত বলিয়া বোধ হয়। আকাশের গভীর নীলিমার স্লিয় কান্তির মত সে কৃষ্ণ-জ্যোতিঃ প্রাণেব সকল অবসাদ মুছিয়া দেয়। তাই অর্জুন এই দারুণ বিষাদের সময়ে প্রথম 'কৃষ্ণ' বলিয়া সম্বোধন করিলেন।

বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে। গাণ্ডীবং অংসতে হস্তাৎ ত্বক্ চৈব পরিদহুতে॥ ২৯

মে শরীরে বেপথুঃ (কম্পঃ) চ রোমহর্ষঃ জায়তে, হস্তাৎ গাণ্ডীবং স্রংসতে ত্বক্ চ এব পরিদহাতে ।

আমার দেহে কম্প ও রোমহর্ষ হইতেছে, হস্ত হইতে গাণ্ডীব খসিয়া পড়িতেছে, সর্বাঙ্গ যেন বিদগ্ধ হইতেছে।

> নচ শক্ষোম্যবস্থাতুং ভ্ৰমতীব চ মে মন: । নিমিক্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব॥ ৩০

কেশব (অহং) অবস্থাতুং চন শক্ষোমি, মে মনঃ চ ভ্রমতি ইব, বিপরীতানি নিমিত্তানি চ পশ্যামি।

কেশব। আমি আর অবস্থান করিতে পারিতেছি না, আমার মন ঘুরিতেছে, আমি বিপরীত লক্ষণ-সকল দেখিতেছি।

বস্তুতঃ. সাধুকের তথন ঠিক এই অবস্থাই হইয়া থাকে: তাহার উষ্ঠম অধ্যবসায় তিরোহিত হয় –তাহার প্রাণ কাঁপিতে থাকে—তাহার শরীরে দাহ উপস্থিত হয়। কি করি! কি করি! পঞ্চত্ত্ব ছাড়িয়া কেমন করিয়া থাকিব. এই চিন্তায় প্রাণের ভিতর অহরহঃ জ্বলিতে থাকে। আবার যোগ হ হইতে গেলে, অর্থাৎ সাধক যখন হৃদ্যের ভিতর ভগবানের দারখ্যের পরিচয় পাইয়া, ভাঁহাতে যুক্ত হইবার প্রয়াস পায়, তথন সর্ববিথম প্রাণের ভিতর যেন শৃষ্ঠ হইয়া যায়, শব্দ, স্পর্শ, রূপ, রূদ, গন্ধ ইত্যাদি যেন আর কিছু থাকে না; বিজিতনিত্ত সাধকের হাদয় সেই সময়ে কাঁপিয়া উঠে, আর তুরীয় মুখে অগ্রসর হইতে সাধকের সাহস হয় না, সাধক যেন নিজের অস্তিত্ব হারাইয়া ফেলিতেছে, এইরূপ অনুভব করে। আর একটু অএসর, আর একটু কেন্দ্রস্থ হইতে পারি**লেই স**মাধি আসিয়া যায়, কিন্তু প্রথমাধিকারী সাধক আরু পারে না। চিরদিন শব্দাদি ত্মাত্রার সহিত থাকিয়া, এবং তদবস্থায় অভ্যস্ত হইয়া, জাব নিজেকে শদাদি-গঠিত বলিয়া ধারণা করিয়া থাকে, স্মৃতরাং সর্ব্বপ্রথম সেই অমূলক ভাব নষ্ট হইবার সময়ে, দেই শৃক্তর অগ্ড অন্তির ভাবের আস্বাদনের পূর্বের, সাধক শব্দাদির মায়া এড়াইতে পারে না। তাহার প্রাণ কাঁদিরা উঠে। সে তথন আবার সব বিপরীতভাবে দর্শন করিয়া, আর সমাধিপথে না অগ্রসর হইয়া, তাহা হইতে প্রতিনিরত্ত হয়।

সেই অবস্থায় বিপবীত লক্ষণ-সকল গ্রতিভাত হইতে থাকে। যেগুলি
সাধনার অন্তরায়, আত্মপ্রতিষ্ঠায় যাহা বিরোধী,—সেইগুলি তখন প্রয়োজনীয়
বলিয়া বিবেচিত হইতে থাকে। যেগুলি নিমিত্তপর্যুগ হইয়া সাধককে আত্মপ্রতিষ্ঠার জন্য সচেট্ট করিয়াছিল, এখন সেইগুলি বিপরীত ভাবে প্রতীয়মান
হয়। কিরূপে হয়,—তাহা পরে বর্ণিত হইতেছে।

নচ শ্রেমেহিনুপশ্যামি হত্তা স্বজনমাহবে। ন কাজ্যে বিশ্বয়ং কৃষ্ণ নচ রাজ্যং স্থথানি চ॥ ৩১

আহবে স্বজনং হলা শ্রেয়ঃ চ (অহং) ন অনুপশ্যামি; রুষণ। (অহং) বিজয়ং রাজ্যং স্থানি চন কাজ্যে।

যুদ্ধে আত্মীয় বধ করিয়া মঙ্গল দেখিতে পাইতেছি না। হে কৃষ্ণ। জ্বয়, রাজ্য, সুখ, এ সকল আমি চাহি না।

কিং নো রাজ্যেন গোবিন্দ কিং ভেটোজীবিতেন বা।
যেষামর্থে কাজ্যিক গোরাজ্যং ভোগাঃ প্রথানি চ॥ ৩২
ত ইমেহবস্থিতা যুদ্ধে প্রাণাংস্ত্যক্তবা ধনানি চ।
আচার্যাঃ পিতরঃ পুত্রাস্তবৈব চ পিতামহাঃ॥ ৩৩
মাতুলাঃ ইশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ সম্বন্ধিনস্তথা।
এতান্ ন হস্তমিচ্ছামি নতোহপি মধুসূদন॥ ৩৪
অপি ত্রৈলোক্যরাজ্যস্ত হেতোঃ কিন্তু মহীকৃত্তে।
নিহত্য ধার্তরাষ্ট্রান্ নঃ কা প্রীতিঃ স্থাজ্জনার্দন॥ ৩৫

গোবিন্দ! আচার্য্যাং, পিতরং, পুরাং, তথা পিতামহাং এবচ, মাতুলাং, শ্বশুরাং, পৌরাং, শ্যালাং, তথা সম্বন্ধিনঃ যেবান অর্থে নং রাজ্যাং ভোগাং স্থানিচ কাজ্যিতং, তে ইমে প্রাণান্ ধনানি চ ত্যক্তা যুদ্ধে অবস্থিতাঃ; নং রাজ্যেন কিং ভোগৈং জীবিতেন বা কিন্? মধুস্দন! মহীকৃতে কিংলু, ত্রৈলোক্যরাজ্যন্ত হেতোং অপি লতং অপি এতান্ন হন্তন্ ইচ্ছামি; জনার্দিন, ধর্ত্রাথ্রান্ নিহত্য নং কা প্রীতিঃ স্থাৎ।

হে গোবিন্দ। আচার্গা, পিত্বা, পুত্র, পিতামহ, মাতুল, শশুর, পৌত্র, শালা ও অক্সান্ত আত্মীয়গণ—যাহাদের জন্ম রাজ্যতোগ, সুথ ইত্যাদি অভীপিত, তাহারাই ধন ও প্রাণের মায়া পরিত্যাগ করিয়া যুদ্ধার্থে অবস্থিত; স্থৃতরাং আমাদেব ভোগেই কি, রাজ্যেই কি এবং জীবনেই বা কি ? হে মধুস্দন! পৃথিবী ত কুচ্ছ, ত্রৈলোক্যরাজ্যের জন্ম হইলেও এবং ইহারা আমায় বধ করিলেও, আমি ইহাদিগকে মারিতে পারিব না! ধার্তরাষ্ট্রিদিগকে মারিয়া আমাদের কি স্থুখ হইবে ?

ইন্দ্রিয়াদি যদি উচ্ছেদিত হ'ইয়া গেল, তবে ভোগ কি প্রকারে সত্তব হাইবে ? ইন্দ্রিয়াদির উদ্দেশ্যেই জীব ভোগ কামনা করে। কিন্তু দেইগুলিই যদি ধ্বংস হইয়া যায়, যদি সেইগুলিই ছাড়িয়া দিয়া, তবে যুক্ত হইতে হয়, তবে ত সে অবস্থায় ভোগ বলিয়া কিছু থাকে না। সে আবার কি শৃত্যবং অবস্থা! সাধক ভীত হয়। বস্তুতঃ সাধক তথন জানে না যে, সে অবস্থা "সর্কেন্দ্রিয়গুণাভাসং সর্কেন্দ্রিয়বিবর্জিতম্। অসক্তং সর্কিভ্নিতব নিগুণং গুণভোক্ত চ।" সে

অপূর্বে অবস্থার আস্বাদ সাধক তখনও ড পায় নাই, সেই জ্বন্ত এইরূপ মায়িক আশকায় উদ্বেলিত হয়। সে "কিছু নাই, অথচ সব আছে" অবস্থার উপলব্ধি যত দিন না হয়, তত দিন সাধক অনুমান বা কল্পনার দ্বারা তাহার আস্বাদন পাইতে পারে না। স্থতরাং ইন্দ্রিয়ভোগযুক্ত অভ্যস্ত অবস্থা হইতে শৃ্স্তবং নৃতন অবস্থায় যাইতে হইলে তাহার প্রাণ কাঁপে। মেঘমুক্ত সূর্ব্যের মত সে অবস্থা যে অপূর্ব বিকাশমণ্ডিত সর্বান্ধকারভেদী, সে ত তখন তাহা জানে না। সে তখনও জীব, তাহার চক্ষে তখনও হুই দিক্ আছে, আলো ও অন্ধকার আছে, সুধ ও হঃৰ আছে, পাপ ও পুণ্য আছে, জ্ঞান ও অজ্ঞানতা আছে, হিত ও অহিত আছে, মিলন ও বিভেদ আছে। স্বতরাং সে অবস্থাতীত অবস্থার আভাস জীব তখন পায় না। তাই সে কাতর হয়। সে ভাবে, জগতে সাধারণ কথায় যাহাকে আমরা স্থুখ বলি, যাহাকে তৃপ্তি বলি, যুক্ত অবস্থায় বুঝি সে সুখ, সে তৃত্তিটুকুও থাকিবে না। সে ত জানে না, যথার্থ পূর্ণমাত্রায় স্থ্য, পূর্ণমাত্রায় তৃত্তি, একমাত্র সেই অবস্থাতেই সম্ভবপর; এবং সেই পূর্ণতার জন্মই তাহ। সুখত্ংখের অতীত অবস্থা। জলাশয় যতক্ষণ অপূর্ণ থাকে, ততক্ষণ চারি ধার হইতে জলস্রোত ভাহাতে প্রবেশ করিতে থাকে ; পূর্ণ হইয়া গেলে আর যেমন সেখানে স্রোতঃ কিছু থাকে না, তদ্রপ সে যুক্ত অবস্থায় স্থ্যহঃখরূপ স্রোত থাকে না সত্য; কিন্তু তা বলিয়া সেখানে ভোগরূপ শান্তিবারির অভাব নাই। ভোগের পূর্ণতাই **মুধহ**:খ-রূপ স্রোত নিরাকরণের কারণ, ভোগের অভাব তাহার কারণ নহে। পূর্ণতাই শৃত্যান্ত ভূতি—শৃত্য বলিয়া কিছু নাই। শৃত্যবাদ পূর্ণবাদেরই নামান্তর; শৃশুকে ধাঁহারা পূর্ণ বলিয়া হৃদয়ঙ্গম করিতে পারেন না--তাঁহারা শৃশ্যের প্রকৃত त्रहस्र भान ना । किन्न ७ इतन छेश आमारमत्र आत्माठा नरह । यादा दछक, माधक প্রথম অবস্থায় এই পূর্ণভাকে শূন্যভা বলিয়াই কল্পনা করে, এবং সেই জন্মই ব্যাকুল হয়। বস্তুতঃ ব্যাকুল হইবারই কথা। লক্ষ লক্ষ জন্মের অনস্ত অধ্যবসায়, অনস্ত উন্নম, যে সকল ইক্রিয়াদির ও জ্ঞানকর্মাদির শক্তির সঞ্চয়ে ব্যয়িত হইয়াছে, যেগুলিকে পাইতে লক্ষ লক্ষ জন্ম আমাদিগকে অহর্নিশ অক্লান্তভাবে পরিশ্রম করিতে হইয়াছে, লক্ষ লক্ষ জন্ম ধরিয়া যে যন্ত্র নির্মাণ করিয়া তুলিয়াছে, আঞ সহসা যদি কেহ বলে, উহা ধারা কোন কাজ হইবে না, উহা ভাঞ্চিয়া ফেল, তবে था। कि ताकून रग्ना । कि ह तकुछः य धेर यन-मारायार यथार्थ मकन जा আদিবে, সে কথা সাধক তখন ব্ঝিতে পারে না।

পাপমেবাপ্রায়দস্মান্ হবৈতানাততায়িন:।
তস্মামার্হা বয়ং হস্তং ধার্ত্তরাষ্ট্রান্ স্ববাদ্ধবান্।
স্বজনং হি কথং হত্বা স্থাধিন: স্থাম মাধব ॥ ৩৬

এত ন্ আততায়িনঃ হলা পাপম্ এব অশ্বান্ আশ্রয়েং, তন্মাৎ বয়ং শ্বাদ্ধবান্ ধার্তবাষ্ট্রান্ হস্তং ন অহাঃ ; মাধব, হি স্বজনং হলা কথং সুধিনঃ স্থাম।

এই আততায়ীদিগকে হত্যা করিলে, পাপই আমাদিগকে আশ্রয় করিবে; সেই জন্ম আমরা স্ববান্ধব ধার্ত্তরাষ্ট্রদিগকে বিনাশ করিতে পারি না; পরস্ত স্বজন বধ করিয়া আমরা কিরূপে সুখী হইব।

সাধক প্রথমাবস্থায় পাপপুণাাদি গণ্ডীর মধ্যে থাকে, স্থতরাং ইন্সিয়াদির উচ্ছেদ সাধনকে সে পাপ বলিয়া মনে করে। বস্তুতঃ আত্মোন্ধতি যাহাতে ক্ষণকালের জন্মও রোধ প্রাপ্ত হয়, তাহাকেই পাপ বলে। সাধক কিরুপে ইঞ্রিয়াদির দারা উপকৃত হয়, এই অবস্থায় যথন তাহা বুঝিতে পারে, তখন ইন্দ্রিয়াদির ত্যাগ পাপ বলিয়া মনে করে। তন্তুকীট যথন প্রথম অবস্থায় নিজ লালার দ্বারা গুটিকা নির্মাণ করিতে থাকে, এবং ধীরে ধীরে তাহার ভিতর আপনাকে আবদ্ধ করে, সেই প্রথম অবস্থায় এইরূপে নিজেকে আবদ্ধ না করাই তাহার পক্ষে পাপ : কেন না, ক্ষুত্র কীট যদিও ভাবে নিজ লালায় আবদ্ধ না হইত, যদি এইরূপে নিবিড় অন্ধকারময় সংকীর্ণ গহরমধ্যে অবরুদ্ধ না হইত, **তাহা হইলে, তাহা হইতে নি**ফৃতি পাইবার জ্বন্ত তাহার প্রাণে ত প্রব**ল** আগ্রহ উন্মেষিত হইত না; তাহার প্রাণ ত বন্ধনের দারুণ যন্ত্রণা অমুভব করিতে পাইত না ও তাহা হইতে মুক্তি পাইবার জন্ম সচেষ্ট হইত না; **হুর্গমে যে পরিত্রাণ** করে. সম্ভটে যে উদ্ধার করে, হতাশকে যে আশাস দেয়, তাহার কুপার পরিচয় ত পাইত না: তুর্গা বলিয়া প্রাণ ত কাঁদিতে শিখিত না। সেই নিজ দেহের আয়তনের মত ক্ষুত্র, অন্ধকার, জীবশৃষ্ঠ গহররটুকুর মধ্যে আবদ্ধ হইয়া, তম্ভকীট মুক্তির জন্ম কাঁদে; নিজের সমস্ত চেষ্টা হইতে বিচ্যুত হইয়া, আর তার অঙ্গ সঞ্চালনেরও উপায় নাই দেখিয়া, সে আত্মসমর্পণ করে। অন্ধকুপাবদ্ধ কুরু কীটকে উদ্ধার করিতে ত্রিভুবনে তবে কি কেহ নাই ? অবোধ ক্ষ্ জীবের কাতর ক্রন্দন শুনিয়া তাহাকে রক্ষা করে, এমন কি কেহ নাই ? এই গহরে স্মামার প্রাণের দারুণ যন্ত্রণা অমুভব করিতে, আমার যন্ত্রণায় দয়ার্ড হইতে, আমার

অশ্রুজনে দ্রবীভূত হইতে, অগতির গতি, অনাথের নাথ, পীড়িতের পরিক্রাতা কেহ কি নাই ? ভস্তকীটের সে ক্রন্দন ত্রিভূবনের অস্থ্য কেহ শুনিতে পায় না— তাহার সে আত্মসমর্পণ আর কেহ লক্ষ্য করিতে পারে না—তাহার সে সঙ্কটাপন্ন অবস্থা আর কেহ দেখিতে পায় না;— শুধু একজন—যার নয়ন সর্বত্ত চাহিয়া আছে, সেই দেখে; শুধু একজন—যার শ্রবণ সর্বত্ত প্রস্থত, সেই শুনে; সেই সে যন্ত্রণা অমুভব করে; শুধু একজন, যে সেই অন্ধকৃপে, সেই তম্তুকীটের সৃহিত আবদ্ধৰং হইয়া আছে,— সেই প্রত্যক্ষ করে; সে গুপ্ত স্থাকে ফাঁকি দিয়া জীব ত কোথাও যাইতে পারে না—সে গুপ্ত মুখাপেক্ষীকে ফাঁকি দিয়া, জীব ত কোন কাজ করিতে পারে না; জীব আপনাকে বদ্ধ করিবার প্রারম্ভ হইতে, সে যে তার ভিতর প্রবিষ্ট হইয়া রহিয়াছে, সে যে ক্রোড় বিস্তার করিয়া অপেক্ষা করিতেছে; —সেই অন্ধক্পের ভিতর, অন্ধক্প অপেক্ষা অন্ধকার তার প্রাণের ভিতর,— সেই গুপ্ত স্থা, সেই গুপ্ত মুখাপেক্ষী, সেই স্লেহময়ী মা আমার অমনি ছলিয়া উঠেন, আকুল হইয়া উঠেন, তন্তকীটের আত্মসমর্পণ অন্তভ্তব করিবামাত্র, অমনি ছুর্গা-মূর্ত্তিতে সে হুর্গমে আবিভূতি। হয়েন ; কীটের ক্ষুদ্র অঙ্গে অপূর্ব্ব সৌন্দর্য্য-মণ্ডিত হুইখানি পক্ষ কোথা হইতে আনিয়া সংলগ্ন করিয়া দেন। সহসা কীট দেখে, সে স্বাধীনভাবে বিচরণ করিতে সক্ষম; স্বাধীনভার অপূর্বে আভাস তাহার প্রাণকে মাতাইয়া ভোলে। তাহার শরীর নববলে বলীয়ান্ হইয়া উঠে, মুহুর্ত্তে সে গহুর বিদীর্ণ করিয়া বহির্গত হইয়া স্বাধীনভাবে ভ্রমণ করিতে থাকে।

ওই তন্ত্রকটিবং আমরাও আবদ্ধ হইতেছি; আমরাও অবিছা-কৃপ রচনা করিয়া, তাহার দারা আমাদের চেষ্টাশক্তিকে সঙ্কীর্ণ করিয়া আনিতেছি, আমরাও ক্রেমশঃ আমিদের গণ্ডী গুটাইয়া গুটাইয়া একটী স্থৃদ্ট অন্ধকৃপ নির্মাণ করিতেছি। যথন কৃপ নির্মাণ শেষ হইবে,—যথন নিজের আর অঙ্গ সঞ্চালনের উপায় নাই বলিয়া নিজেকে প্রভাক্ষ করিব—নিজের চেষ্টাশক্তি বস্তুতঃ কিছুই নহে ব্ঝিয়া, মায়ের উপর নির্ভর করিতে শিখিব—আত্মসমর্পণ ছাড়া আর গতি নাই ব্ঝিয়া, যখন ভগবানের উপর আত্মসমর্পণ করিব—যথন প্রাণ-বন্ধনের স্থভীব্র যন্ত্রণায় কাতর হইয়া মুক্তির জন্ম লালায়িত হইব, তখন দেখিব, বস্তুতঃ আমি স্বাধীন, স্বাধীনভারূপ পক্ষ আমার অঙ্গে সংলগ্ন। জ্ঞানক্রপ দন্তের দ্বারা অবিছ্যাকৃপ ভেদ করিয়া, আমি মহাশৃন্তে ভ্রমণশীল হইব। কিন্তু আগে অবিছ্যা-কৃপ চাই, আগে অবিছ্যা-কৃপ সংরক্ষণ না করাই পাপ।

পুর্বেব বিলয়াছি, আমাদিগের আন্মোন্নতির পথে যাহা অবরোধ করে, তাহাই পাপ; বস্তুতঃ পাপ-পুণ্য বলিয়া কিছুই নাই। একই জিনিব অবস্থাভেদে পাপ বা পুণ্য বলিয়া গণ্য হয়। এক অবস্থায় যাহা আন্মোন্নতির জক্ষ গ্রহণীয়, অবস্থাস্তরে তাহা পরিত্যাজ্য—এক অবস্থায় যে কার্য্য আমাদিগকে মাতৃসন্নিধানে অগ্রসর করে, অবস্থাস্তরে তাহাই আবার আমাদিগকে ভাসাইয়া লইয়া যায়। কার্য্যে কোন গুণ নাই, গুণ আমাদের স্ব স্ব অভ্যন্তরে। যতক্ষণ নিজের কর্তৃত্ব ছাড়া অক্ষ কোন কর্তৃত্ব দেখিতে না পাইব, যতক্ষণ না নিজের চেষ্টা থামিয়া গিয়া, ভগবংশক্তির উপর নির্ভর করিতে শিখিব, ততক্ষণ ইন্দ্রিয়াদির মায়া আমাদিগের উপকারী। ঈশ্বর-নির্ভরতা আসিয়া গেলে, স্বাধীনতার বিমল স্থাথর জন্ম প্রাণ যথার্থ কাঁদিয়া উঠিলে, অগতির গতি বলিয়া মথার্থ তাঁহাকে হৃদয়ক্ষম করিতে পারিলে, তথন আর ও মায়ার আবশ্যকতা নাই। তুমি যদি আপনাকে যথার্থ মায়াবদ্ধ বলিয়া অন্থত্ব করিয়া থাক, যদি তুমি বুঝিয়া থাক, ভোমার কর্তৃত্ব কিছু নাই, তবে বুঝিবে, তোমার মুক্তির দিন সন্ধিকট। কিন্তু এই নিজের কর্তৃত্বহীনতা বা মাতৃক্রোড়ে আন্মসমর্পণ পূর্ণভাবে হওয়া চাই, সম্পূর্ণ হতাশ ভাবে মাতৃ-চরণে লুটাইয়া পড়া চাই।

যাহা হউক, আততায়ী হত্যায় ব্যবহারিক জ্ঞানে পাপম্পর্শের সম্ভাবনা নাই, অথচ অর্জুনের পাপের ভয় হইবার কারণ কি ? কারণ, তাহারা স্ববান্ধব। শুধু আততায়ী হইলে পাপের তত আশক্ষা অর্জুনের প্রাণে উঠিত না; আততায়ী অথচ আত্মীয়, শত্রু অথচ মিত্র, এরপ উভয় সম্বন্ধ-সম্পন্ন বলিয়াই ব্যবহারিক জ্ঞানসম্পন্ন অর্জুনের পাপের আশক্ষা এবং সেই জন্মই বিশিষ্টভাবে "এতান্ আততায়িনঃ" বলা হইয়াছে।

আত্মোন্ধতির বিরোধী কার্যাকেই পাপ বলে, এ কথা পূর্ব্বে বলিয়াছি। কোন কার্য্য স্টনা করিলে, তাহা পাপজনক, কি পুণ।জনক, ইহা কার্যাবিচারে নির্দ্ধারণ করা স্মৃকঠিন। স্বতরাং সাধারণ জীবকে পাপ-পূণ্য বিচারের জগু শান্তের সাহায্য গ্রহণ করিতে হয়। শান্তে যে কার্য্য পাপযুক্ত বলিয়া নির্দিষ্ট হইয়াছে, তাহাই পরিত্যাজ্য এবং যাহা পুণাপ্রস্থ বলিয়া কথিত, তাহাই গ্রহণীয়। কিন্তু যোগ-চক্ষুমান্দিগের পক্ষে আর শান্তের সাহায্য তত প্রয়োজন হয় না। কার্য্য পাপযুক্ত, কি পুণাযুক্ত হইল, স্ক্রদেহ বা প্রাণময় কোষের কার্য্যকালীন অবস্থা দেখিলেই তাহা স্পষ্ট প্রতীয়মান হয়। যে কার্য্য সম্পাদন করিলে, আমাদিগের

প্রাণময় কোষ সঙ্কৃতিত ও মলিন বর্ণসম্পন্ন হয়, সেইগুলি পাপ বলিয়া পরিত্যাজ্যা এবং যেগুলি করিলে প্রাণময় কোষ ক্ষুরিত, পুষ্ট ও সমধিক বিস্তৃত হয়, তাহাই গ্রহণীয় বা কর্ত্বয়। যোগীরা প্রাণময় কোষ দেখিয়া অনায়াসে বলিয়া দিতে পারেন, কার্য্য কিরূপ কল প্রসব করিল। ৰস্তুতঃ সাধারণের পক্ষে পাপ-পুণ্য বা কর্ত্বয় অকর্ত্বর্য বিচার অতীব ত্রহ। সেই জন্তই সাধারণকে পদে পদে শান্ত্রের সাহায্য গ্রহণ করিতে হয়। এবং যত দিন না যোগচন্দু উন্মেষিত হয়, তত দিন শান্ত্রাম্বন মোদিত পদ্বা অবলম্বন করিয়া থাকিতে হয়। আজকাল অনেকেই ব্রহ্মজ্ঞানের ক্ষাং বাচনিক আভাস পাইয়াই, পাপ-পুণ্য কিছু নাই বলিয়া বসিয়া থাকেন এবং উচ্ছৃত্বলভাবে জীবনযাত্রা নির্বাহ করিতে কৃষ্টিত হন না; বরং শান্ত্রাম্বরত নিরীহ সাধারণ সমাজকে অজ্ব বলিয়া উপেক্ষা করেন। তাহাদিগের জন্মই আমি এইগুলি বলিলাম। পাপ-পুণ্যের বিচার বস্তুতঃ কত সৃক্ষ্ম—জীবের আত্মিক স্থারের কত অভ্যন্তরে প্রতিফলিত হয়—কত সৃক্ষ্মভাবে পাপ-পুণ্যের বিচার করিতে হয়, নিম্নলিধিত উপাধ্যানসীতে তাহার কতকটা আভাস পাওয়া যায়।

এক সময়ে কোন এক পুণাবান্ গৃহস্থেব প্রমা সাধ্বী দ্রী ছিলেন। তাহার মত সতী ও স্বামিপরায়ণা স্বা হল ত বলিয়া তাহাব সতীঃ-গরিমা চারি ধারে ছড়াইয়া পড়িয়াছিল। স্বামিসেবা ও ঈশ্ববারাধনা ব্যতীত দে স্তার আর অভ্য কোন কর্ম ছিল না। স্বামিসেবা করিয়া যে অবসবটুকু পাইতেন, ঈশ্ববারাধনায় ভাহা যাপন করিতেন। নিত্য নারায়ণ পূজা করিয়া কৃতাঞ্চলিপুটে তাঁহার নিকট প্রার্থনা করিতেন,—"হে গোলোকবিহারি। দেহত্যাগের পর আমি যেন তোমায় স্বামিরপে পাই। হে প্রভো। হে প্রাণেশ। তুমি আমার মনস্কামনা পূর্ণ করিও।" এইরপে বছদিন পুণ্যচরিত্রা রমণী জাবন যাপন করিবাব পর একদিন কালনিয়োগে **তাঁহার মৃত্যু হইল।** স্বামী, পত্নীবিয়োগে কাতর হইয়া, সংসারাশ্রম পরিত্যাগ করিয়া, কোন তীর্থক্ষেত্রে গিয়া তপস্থায় নিযুক্ত হইলেন। মৃত্যুর অব্যবহিত পরে সে সাধ্বীর বিষ্ণুলোকে গতি হইল; বিষ্ণুলোকের অনস্ত মহিমময় অপূর্ব জ্যোতিশ্বণ্ডিত প্রাসাদাবলীর মধ্যে স্থান প্রাপ্ত হইয়া, তাঁর মরজাবনের স্বামিসেবা সার্থক হইয়াছে বলিয়া অমূভব করিলেন, এবং নারায়ণ স্বামিরূপে তাঁহার প্রাসাদে **আসিয়া উাহাকে** চরিতার্থ করিবেন বলিয়া আশায় উৎফুলা হইয়া র**হিলেন।** ব**ছ দিন ভাঁহা**কে অপেক্ষা করিতে হইন না। নারায়ণ সেই সতীর বৈকুণ্ঠস্থ গৃহে আসিয়া একদিন দেখা দিলেন এবং আসন গ্রহণ করিয়া কুশল জিজ্ঞাসা

করিলেন। আনন্দে বিভোরা হইয়া সভী কৃতাঞ্চলিপুটে কৃতজ্ঞতা প্রকাশ করিলেন, এবং তাঁহার কৃপা হইতে আর যেন বঞ্চিত না হন, এরূপ প্রার্থনা করিলেন। তার পর স্থবর্গ-ভূঙ্গার ভরিয়া মিশ্ব স্থান্ধি বারি আনিয়া নারায়ণকে পদধৌত করিয়া দিলেন এবং নানাবিধ আহার্য্য ও পানীয় আনিয়া নারায়ণকে গ্রহণের জন্ম প্রার্থনা করিলেন। গোপীবল্লভ নানারূপ মিষ্ট সম্ভাবণে তাঁহাকে পরিভূষ্টা করিয়া, গন্তীর স্বরে বলিলেন,—"এান্ধণি। তুমি স্ত্রীরূপে আমার সহবাস প্রার্থনা করিয়াছিলে, আমি তোমার সেই আশা পূর্ব করিতে আসিয়াছি; কিন্তু আমি তোমার জলগ্রহণ করিতে পারিব না— তুমি অসভী।"

রমণীর মাথায় যেন বজ্রাঘাত হইল। নারায়ণের চরণে বিলুটিতা হইয়া, সাঞ্জোচনে দীনা পাগলিনীর মত বলিলেন, "কেন নাথ! এরূপ কঠোর বাক্য কেন প্রয়োগ করিতেছেন ? চিরদিন কায়মনোবাক্যে স্বামিদেবা করিয়া আসিয়াছি, মুহুর্ত্তের জন্ম অন্ম কোন চিস্তা হৃদয়ে স্থান দিই নাই, অসতী কেমন করিয়া হইলাম, জগরাথ।" ভগবান্ জলদ-গম্ভীর স্বরে রমণীকে সম্বোধন করিয়া বলিলেন, "কামিনি! তুমি স্বামিদেবা করিয়াছ সতা, কিন্তু অন্তচিত্তে কর নাই। তুমি চিরদিন স্বামিসত্ত্বও আমাকে স্বামিরূপে পাইবার জন্য প্রার্থনা করিয়াছ! তোমার স্বামাকে অবহেলা করা ইইয়াছে—তোমার পরপুরুষ ভজনা করা হইয়াছে। তুমি যদি তোমার সেই এাক্ষণ স্বামীকে নারায়ণ ভাবিয়া বা আমার মুর্ত্তিমান্ অবতার ভাবিয়া, তাঁহারই কাছে তোনার প্রাণের বাসনা জানাইতে, তাহা হইলে আজ তোমাকে সহধর্মিণী বলিয়া আমি তোমার জল গ্রহণ করিতে পারিতান। তুমি তাহা না করায়, স্বামী ও নারায়ণ, ছই বিভিন্ন পুরুষ বিবেচনা করায়, ভোমার সভীত-ধর্ম কালিমান্ধিত হইয়াছে। আমার আরাধনার ফল-ম্বরূপ তুমি বৈকুঠে মান পাইয়াছ, এবং তুমি ইচ্ছা করিলে বৈকুঠের বেশ্যাম্বরূপ এখানে বসবাস করিতে পার। কিন্তু যদি সতীত্বের অমুপম ফল ভোগ করিবার ভোমার বাদনা হয়, ভাহা হইলে পুনরায় মর্ত্তে গিয়া স্বামিসেবা করিতে হইবে, এবং অনন্যচিত্তে স্বামিভক্তি-রূপ মহাত্রত পালন করিতে হইবে। ভোমার ভক্তিতে আমি প্রীত হইয়াছি সত্য, কিন্তু তোমার সেই ব্রাহ্মণ স্বামীর ধর্মে বিদ্ন ঘটিয়াছে। ঐ দেখ। ভোমার সে স্বামী তপজায় নিবুক্ত; কিন্তু ভাঁহার স্ক্ দেহের বামার্দ্ধ কিরূপ জ্যোতি:হীন—কালিমামগ্ন।"

নারায়ণের কৃপায় রমণী সেই বৈকুণ্ঠ হইতে মর্ত্রলোকস্থ স্বীয় স্বামীকে দেখিতে পাইলেন। স্বামীর স্ক্রাদেহ জ্যোতিঃহীন দেখিয়া, তাঁহার চক্ষে জলধারা বহিল; রমণী নারায়ণের পদপ্রান্তে পড়িয়া ক্ষমা ভিক্ষা করিলেন এবং পরজন্মে যেন তিনি সতীত্বরূপ মহাধর্ম স্থচাকভাবে সম্পন্ন করিতে পারেন, এইরূপ প্রার্থনা করিলেন।

ধর্মের গতি বস্তুতঃ এতই অন্তন্তলবাহিনী;—এতই পুঞ্চামুপুঞ্জারেপ বিশ্লেষণ করিয়া, তবে কর্মা নির্দ্ধারণ করিতে হয়। অর্জুনও সেই জন্ত খুব সৃক্ষভাবে পাপের বিশ্লেষণ করিতেছেন। সাধকমাত্রকে এইরূপ কর্মা বিশ্লেষণের জন্ত সচেষ্ট হইতে হয়। কর্মা, অকর্ম ও বিকর্মা বুঝাইবার সময়ে এ কথা বিশেষ করিয়া বলিব।

যত্তপ্যেতে ন পশ্যস্তি লোভোপহতচেত্রস:।
কুলক্ষয়কূতং দোষং মিত্রজে হে চ পাতকম্॥ ৩৭
কথং ন জ্যেমস্মাভিঃ পাপাদস্মান্নিবর্ত্তিভূম্।
কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যন্তির্জনার্দন॥ ৩৮

লোভোপহতচেত্সঃ এতে কুলক্ষয়কৃতং দোষং মিত্রন্তোহে পাতকং চ যছপি ন পশুন্তি, হে জনাদিন! কুলক্ষয়কৃতং দোষং প্রপশুদ্তিঃ অস্মাভিঃ অস্মাৎ পাপাৎ নিবর্ত্তিত্বং কথং ন জ্ঞেয়ম্।

লোভে হতবুদ্ধি হইয়া ইহারা কুলক্ষয়কৃত দোষ এবং মিত্রজোহের পাপ যদিও লক্ষ্য করিতেছে না, হে জনার্দ্দন! কুলক্ষয়কৃত দোষ দেখিয়াও আমাদের এই পাপ হইতে নির্ত্ত হইবার জন্ম জ্ঞান কেন না হইবে ?

ইন্দ্রিয়াদির উচ্ছেদে কুলক্ষয়ের আশক্ষা সাধকের প্রাণে জাগিয়া উঠাই যুক্তিসঙ্গত। ব্যবহারিক অর্থে জ্ঞাতিবধে যেমন মিত্রবধ ও কুলক্ষয়ের সম্ভাবনা আছে, তদ্রূপ যৌগিক অর্থে ইন্দ্রিয়াদিরূপ আত্মীয়বধে কুলক্ষয় অবশুস্তাবী। কুল অর্থে—চতুর্বিংশতি তব্ব বা প্রকৃতি। আত্মা প্রকৃতি অবলম্বন করিয়া অবস্থান করেন বলিয়া, প্রকৃতিকে কুল বলে। ইন্দ্রিয়াদির উচ্ছেদ ও কুলক্ষয় একই কথা।

পূর্বে বলিয়াছি, প্রথম অবস্থায় আমাদের আত্মিক আমিছের পূর্ব পরিক্টনের জন্ম প্রকৃতির বা ইন্দ্রিয়াদির প্রয়োজন। স্কুরাং সে অবস্থায় ইন্দ্রিয়াদির উচ্ছেদ পাপযুক্ত বলিয়া সাধকের ধারণা হয়। কুলক্ষয়ে প্রণশ্যন্তি কুলধর্দ্মা: সনাতনা:। ধর্ম্মে নফ্টে কুলং কুৎস্মধর্দ্মোহভিভবত্যুত॥ ৩৯

কুলক্ষ্যে সনাতনাঃ কুলধর্মাঃ প্রণশ্বন্ধি; ধর্মে নফে অধর্মঃ কুৎস্নম্ উত্ত কুলম্ অভিভবতি।

কুলক্ষা হইলে সনাতন কুলধর্ম্ম নষ্ট হয়, এবং ধর্মা নষ্ট হইলে অধর্মা সমূদ্যা কুলকে অভিভূত করে।

কুল-ধর্ম অর্থে—জীবের স্বাভাবিক ধর্ম। যে শক্তি বিরাট্ এল্লাণ্ডকে ধারণ করিয়া রাখিয়াছে, তাহাই ধর্ম নামে অভিহিত, এ কথা পূর্ব্বে বিলয়াছি এবং ঐ শক্তি জীবের দেহরূপ ক্ষুদ্র এল্লাণ্ডকে যে ভবে ধারণ করিয়া রাখে, তাহাকে কুল-ধর্ম বিলিয়া বিশিষ্টভাবে উল্লেখ করা হয়। উহা আকর্ষণীশক্তি বা প্রণব, এ কথাও পূর্ব্বে বিলয়াছি। যেমন সূর্য্য স্বীয় শক্তি-প্রভাবে পৃথিবীকে ধারণ করিয়া আছে এবং পৃথিবী তহুপরিস্থ বস্তুনিচয়কে আকৃষ্ট করিয়া রাখে, তদ্রপ বিরাট্ প্রণব-শক্তি জীবান্ধাকে এবং জীবান্ধা দেহকে ধারণ করিয়া থাকেন। কুলক্ষয় হইলে অর্থাৎ ইন্দ্রিয়াদি উচ্ছেদিত হইলে, ঐ কুল-ধর্ম হইতে আমরা বিচ্যুত হই। ইন্দ্রিয়াদিই আত্মাকে বহিঃপ্রকৃতির সহিত সংযুক্ত করিয়া রাখে। ইন্দ্রিয়াদির উচ্ছেদে সে সংযোগ বিনষ্ট হয়; স্থুতরাং শন্দ, স্পর্শ, রূপ, রঙ্গ, কন্ধ আদি আকারে সে বহিঃপ্রকৃতি আমাদিগের কুলে বা জীবভাবাপন্ন অবস্থায় আর প্রতিফলিত হইতে পারে না—সে কুল-ধর্ম উচ্ছেদিত হয়। আমরা কি প্রকারে জীব-ভাবাপন্ন বা প্রকৃতিকো্যে অবস্থান করিতেছি, একটু খুলিয়া বলি।

পূর্বেব বলিয়াছি, এক বিরাট্ আকর্ষণীশক্তির দারা এই বিশাল ব্রহ্মাণ্ড থ্ড হইয়া রহিয়াছে। জীব-সংস্কার ইন্দ্রিয়াদি প্রস্তুত করিয়া, শব্দ, স্পর্শ, রপ, রস, গন্ধরূপে সেই বহিঃপ্রকৃতি বা ব্রহ্মাণ্ডকে উপভোগ করে, অর্থাৎ বহিঃপ্রকৃতি ইন্দ্রিয়াদির দ্বারা জীবসংস্কারে প্রতিফলিত হইয়া, শব্দ, স্পর্শ, রপ, রস, গন্ধ আকার ফুটাইয়া তোলে। এ শব্দ, স্পর্শ, রপ, রস গন্ধও এ প্রণবের বা আকর্ষণীশক্তির রূপান্তর। উহাই কুল-ধর্মরূপে জীবকে অর্হর্নিশ ধারণ করিয়া রাখে। এগুলির সন্তাতেই অন্মরা আমাদের আমিত্ব উপলব্ধি করি। জীবক্দেহরূপ মাতৃ-মন্দির, ঐগুলির দারাই ব্রচ্ত এবং এগুলিই মাতৃ-পূজার

উপাদান। উহা হইতে বিচ্যুত হইলে সাধারণ জীব, নিজের অস্তিত্ব উপলব্ধি করিতে পারে না। সেই জন্ম প্রণবের এরপ রূপাস্তরগুলি জীবের পক্ষেক্ল-ধর্ম বলিয়া উল্লিখিত হইয়াছে। যেমন কাচের কলম রোজের দিকে ধরিয়া দেখিলে, সে রৌজে বা স্থ্যালোকে সপ্তবর্ণবিশিষ্ট দেখায়, তেমনই জীবের সংস্কারে এ বিরাট্ আকর্ষণীশক্তি প্রতিফলিত হইয়া শব্দ, স্পর্শ, রূপ, রুস, গন্ধাদিকর পরিজিত হয়। আমাদিগের সংস্কার যেন এ কাচের কলম, বহিঃপ্রকৃতি যেন স্থ্যারশ্মি, এবং এ স্থ্যালোকের বর্ণরাশি যেন শব্দ, স্পর্শ, রূপ, রুস, গন্ধ ইত্যাদি। যদি আমরা ইন্দ্রিয়াদি উচ্ছেদিত করি, তাহা হইলে শব্দ, স্পর্শ, রূপ, রুস, গন্ধাদিরপে প্রবল শক্তিপ্রোত আসিয়া আর আমাদিগকে আকর্ষণ করিতে পারে না; এবং বিরাট্ স্প্রির সহিত আমাদিগকে সংযুক্ত করিয়া বা ধরিয়া রাখিতে পারে না,—স্তরাং ধর্ম্ম নষ্ট হয়। কেন না, এইরূপ ধারণ করিয়া রাথে বলিয়াই আকর্ষণী শক্তির নাম ধর্ম।

আরও খুলিয়া বলি। প্রণব বা আকর্ষনী শক্তি সমগ্র ভুবন ওতপ্রোতভাবে পরিপ্লাবিত করিয়া, আকাশগঙ্গারূপে প্রবাহিতা। আকর্ষণী শক্তির আকুল প্রবাহ, সংস্কাররূপ উপকৃলে সজ্যাত করিতে করিতে, কালরূপ মহেশ্বরের জটাজাল ভেদ করিয়া, অনন্তকাল ধরিয়া চলিতেছে। সংস্কার-উপকৃলে সে আকুল প্রবাহ প্রতিঘাত প্রাপ্ত হইয়া শব্দ, স্পর্শ, রূপ, রুস, গন্ধ আদি তরঙ্গভঙ্গে উद्यांत्रिछ। क्रीयमध्नी मक, म्लर्भ, जल, तम, नज्ज आकारत स्म ध्यवाद छात्रिया দিয়া মাতৃপূজা সমাপন করিতেছে। যেন সমুক্ততীরে সাধকমগুলী উপবিষ্ট হইয়া, করাঞ্চলি ভরিয়া সাগরবারি তুলিয়া, ভগবছদেশে আবার সাগরে ঢালিয়া দিতেছে। এ আকাশ-গঙ্গা তিন লোক ব্যাপিয়া প্রবাহিতা বলিয়া, ইহাকে ত্রিধারা বা ত্রিপথগা বলে। স্থ্রধ্নী, ভাগীরথী ও ভোগবতী, এই ত্রিলোকবাহিনীর তিনটা কল্পিত নাম। সব্, রঙ্কঃ ও তমঃ বা জ্ঞান, ভক্তি ও কর্ম, এই তিনরূপ স্রোভ ইহাতে প্রবাহিত ; তাই ইহার অস্ত নাম তিস্রোভা। এই আকাশ-গঙ্গায় আকণ্ঠ নিমজ্জিত হইয়া, উদ্ধিমুখে চাহিয়া, অনস্ত জীবমণ্ডলী করাঞ্চলি ভরিয়া, তিন প্রকারে এ আকুল প্রবাহ পরিদর্শন করিতেছে। যাহারা তমোগুণরূপ স্রোতে নিমজ্জিত, পাতালস্থ সেই জীবমগুলীর করাঞ্চলিতে তাহারা শব্দ, স্পর্শ, রূপ, রস, গদ্ধ আদি ভোগরূপে তুলিয়া লইতেছে। তাই পাতালস্থ সে প্রবাহের নাম ভোগবজী। রক্তোগুণরূপ স্রোহত নিময় জীবমধলী সে

প্রবাহ হইতে করাঞ্চলি ভরিয়া, ঐ শব্দ, স্পর্শ, রূপ, রদ, গন্ধরূপ তরঙ্গকে অদৃষ্ট বা ভাগ।ফল বলিয়া গ্রহণ করিতেছে; তাই মরলোকে ইহার নাম ভাগীরথী। সব্বস্রোতস্থ জীবমণ্ডলী এ স্রোভকে অমৃত প্রবাহরূপে জ্ঞাত হয় বলিয়া, সে भूतरमारक देशांत नाम भूतधूनी वा अभृज ध्रमायिनी । जीव ! এकर शक्रांत এकरे প্রবাহ ত্রিলোকে এই তিনরূপে পরিগৃহীত হইতেছে। শব্দ, স্পর্শ, রূপ, রূদ, গদ্ধপা তরঙ্গভঙ্গগুলিকে কেহ উপভোগ বলিয়া গ্রহণ করিতেছে এবং নিজে ভোকা সাজিতেছে; কেহ কর্মফল বা অদৃষ্টলিপি বলিয়া, তাহাতে ভোগমুখ না দেখিয়া, বিরা**ট্ শক্তি**র বিরাট্ তরঙ্গ-তাড়না বলিয়। অনুভব করিতেছে এবং তাহ। হইতে নিষ্কৃতি পাইবার জন্ম উদ্ধে নয়ন ফিরাইতে শিথিতেছে ;—কেহ বা সেই শদ-স্পর্ণাদি তরঙ্গকে অমরপুরের অমৃতপ্রবাহ বলিয়া চিনিয়া, অমরনাথ মহেশবের মৃত্যুঞ্জয়-রূপ উপলব্ধি করিয়া, অমরতের আস্বাদন পাইতেছে বা মৃত্যঞ্জয় হইতেছে। জীব। তুমি শেষোক্তরূপে আকাশ-গঙ্গার এ তরঙ্গ-প্রবাহকে দেখ ৷ শব্দ, স্পর্শ, রূপ, রূস, গন্ধকপে সে আকাশগঙ্গার প্রবাহ তোমার সংস্কাররূপ কুলে লাগিয়া যে তরঙ্গভঙ্গ স্জন করিতেছে, তাহাতে ভোগ হইলেও, ভোগ বলিয়া গ্রহণ করিওনা, কর্মকল হইলেও, তাহাতে নিরাশ হইওনা। উহাকে অমৃত-প্রবাহ বলিয়া পরিজ্ঞাত হও; অমৃত-প্রবাহের অমৃতবারি শব্দ, স্পূর্ণ, রুস, গদ্ধগুলিকে অমৃতাঞ্চলি বলিয়া গ্রহণ করিয়া, মৃত্যুঞ্গয়ের চরণ উদ্দেশ্যে উর্নমুখে চাহিয়া, সে অমৃত-প্রবাহে ঢালিয়া দাও। স্রোভ উর্নমুখী হইবে —গা ভাসাইয়া চলিয়া যাও, মৃত্যুঞ্জয়ের চরণে গিয়া ঠেকিবে। তুমি উপকুল ছাড়িয়া কুল পাইবে।

ইহাই কুল-ধর্ম। এইরপে জগন্তোগকে পরিদর্শন করাই আমাদের সনাতন ধর্ম। কেন না, এ অকুল পাথারে কুল পাইতে হইলে, এইরপে যতক্ষণ না জগন্তোগকে উপলব্ধি করা যায়, ততক্ষণ বালুকাময় ইতস্ততঃসঞ্চারি সংস্কাররূপ উপকুলে থাকিতে হয়। ততক্ষণ স্রোত ফেরে না বা ততক্ষণ উর্দ্ধমুখী স্রোতের সন্ধান পাওয়া যায় না।

ইন্দ্রিয় না হইলে, এ অমৃতাধাদের সম্ভাবনা নাই বলিয়া, তাই যতক্ষণ না উর্ন্ধ্রোতের সন্ধান পাওয়া যায়, ততক্ষণ উপকূলে থাকিতে হয়, ততক্ষণ সে কুলের ক্ষয় করিতে নাই —ততক্ষণ সে কুল ক্ষয় করিলে, সনাতন কুল-ধর্ম নই হইয়া যায়।

এরপ ধর্ম নষ্ট হইলে বা সংস্কারজনিত ইন্দ্রিয়রপ উপকুল ভঙ্গ করিলে, যন্তপি শুধুধর্ম নট হইয়া ক্ষান্ত হইত, তাহা হইনেও জীবের অনেকটা আশ্বাসের সম্ভাবনা ছিল। কিন্তু তাহা হয় না—ধর্ম নষ্ট হইলেই অধর্ম আসিয়া পড়ে। ধর্ম হইতে বিচু_'ত হইলেই অধর্মের কবলে জীবকে পড়িতে হয়। স্রোভিষি<mark>নীর</mark> জলে জীবের ধির হইয়া দাড়াইবার উপায় নাই। হয় উর্দ্ধে, নতুবা নিম্নে—গতি এক দিকে হইবেই হইবে। আলোক অথবা ^{*} অন্ধকার—স্থুথ অথবা তঃখ—হর্ষ অথবা বিষাদ –পাপ অথবা পুণ্য –ধর্ম অথবা অধর্ম,স্রোতে যতক্ষণ থাকিবে, গতি ততক্ষণ হইবেই। পাপও নাই, পুণাও নাই-—ধর্মও নাই, অধর্মও নাই—হর্মও নাই, বিষাদ্ত নাই, সে অবস্থা কুল না পাইলে হয় না। সেই জম্মই ইন্দ্রিয়াদি বা সংস্থার-রূপ উপকুল ধরিয়া বসিয়া থাকিতে হয়। উদ্ধর্মুখী স্রোতের সন্ধান যত দিন পাৎয়া না যায়, তত দিন স্রোতে গা ভাসাইতে নাই। মাতৃ-আকর্ষণের উর্দ্ধমুখী বস্থাতরঙ্গ আসিয়া, যত দিন না উর্ন্ন দিকে ভাসাইয়া লইয়া চলিয়া যায়, ডত দিন উপকুলকে অবংলা করিও না ৷ তত দিন মায়া বালুকারচিত উপকুলে বসিয়া, বহার অপেকা কর। নতুবা শুধু ধর্ম নই হইবে না- সধর্মও আসিয়া জুটিবে। আবার পাতাল-পুরে ভোগবতীর জলে গিয়া প্রক্রিপ্ত হইবে। অনেক দিন ভাসিয়া ভাসিয়া— অনেক স্রোতে হার্ডুরু খাইয়া— অনেক বালুবান্য চরে ঠেকিয়া, মনুষ্যরূপ ইন্দ্রিয়কুটসপার উপকুলে আসিয়া পৌছিয়াছ। ভোগবতীর এল ছাড়িয়া ভাগীরণীর জলে আসিয়া পৌছিয়াছ। ভোগ ছাড়িতে ও কর্ম্মকল, অদৃষ্ট, ভাগ্য বলিয়া চিনিতে শিথিয়।ছ। ভাল করিয়া শিকা কর। কর্তানয় ভাগীর্থী-কুলকে কর্মক্ষেত্র বলিয়া দেখ, ভোগবতীর ভোগময় কুল বলিয়া দর্শন করিও না। এবং মুরধুনীর কুলে পৌছাইবার জন্ম অপেকা কর। এখন আমরা উর্দ্ধিশ্রোতের সন্ধান পাই নাই—এখন নিম্নমুখী স্রোতের খরতর প্রবাহ হইতে উঠিয়া আক্লাস্টচরণে এই চরে ঠেকিয়াছি মাত্র। এখন সহসা চর ছাড়িয়া জলে পা দিলে, পাছে থাবার নিম্নংস্রাতে গিয়া পড়ি, এই ভয়ে অহরহঃ সতর্ক থাকিতে হয়।

ইহাই কুল-ধর্ম। তত্ত্বে ইহারই আচার পদ্ধতি কুলাচার বলিয়া কথিত হইয়াছে। ইড়া, পিঙ্গলা, সুষ্মা—ইহারই তান্ত্রিক নাম। আজ্ঞাচক্রেই উপকুলরূপে বর্ণিত। সহস্রার—কুলরূপে লিখিত। নিম্নাধিকারী সাধক যখন এই আজ্ঞাচক্রের সন্ধান পায়—এই আজ্ঞাচক্রে গিয়া যখন উপবেশন করিতে পারে, তখন সেইখানে ভাহাকে উন্সোতের অপেক্যা করিতে হয়। নিম্নাধিকারীরা আ্ঞাচক্রে উঠতে পারে সত্য, কিন্তু অধিকক্ষণ অবস্থান করিতে পারে না। ক্ষণপরে ভোগবতীর টানে পড়িয়া আবার নিম্নস্থ হয়—আবার ভোগক্ষেত্রে আসিয়া পডে এবং জগন্তোগে পূর্ববিৎ মাতে। এইরূপে বার বার অভ স্ত হইবার পর, বার বার আজ্ঞাচক্রে গিয়া ও তাহা হইতে পুনঃ প্রক্ষিপ্ত হইয়া, শেষ এক সময়ে সে চক্রে অবস্থান করিবার শক্তি পায় ও সেখানে উর্দ্ধ স্রোভের জন্ম অপেকা করিতে সক্ষম হয়। শুরু সাধক নহে, প্রয়ত্তাক মন্থ্যাই আজ্ঞাচক্রে বার বার স্পর্শ করিয়া ফিরিয়া আসে। যখন মন্থ্য কোন কাজ সম্পন্ন করে, আজ্ঞাচক্রের স্পর্শ বিনাসে কাজ সম্পন্ন হইতে পারে না। যে কোন কাজ করিতে হইলে মনোময় ক্ষেত্রে বা ঐ আজ্ঞাচক্রে তংসম্বন্ধে ঈষৎ সমাধির প্রয়োজন। ঈষৎ সমাধি হইয়া, সেই কার্য্য-সম্বন্ধীয় জ্ঞানের ঈষৎ আভাস গ্রহণ করিয়া, তবে মন্থ্য কার্য্যে হস্তক্ষেপ করিতে পারে। কার্য্যমাত্রেই যোগ—কার্য্যমাত্রেই বড়ঙ্গ যোগ সম্পাদিত হয়—কার্য্যমাত্রেই আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধান ও সমাধি আছে। প্রত্যেক কার্য্যের ভিতর এ ছয়নী স্তর স্পন্ত প্রতীয়নান হয়। এ ছয়নী স্তরের সাহায্য বিনা কোন কাজ সম্পাদিত হইতে পারে না।

যে কোন কার্য্য সম্পাদন করিতে হইলেই, সেই সেই কার্য্যাপযোর্গা আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান ও শেষ সমাধিলাভ হইয়া তবে কার্য্য সম্পাদিত হয়। মনে কর, তুমি একখানি পত্র লিখিবে। লিখিতে হইলে বেরূপভাবে উপবেশনে অভ্যন্ত, প্রথম সেইরূপে তোমায় উপবেশন করিতে হইবে। দৌড়াইবার মত বা কলহ করিবার সময়ের মত বা নিদ্রা ঘাইবার মত অঙ্গানির অবস্থা হইলে লেখা স্থল্ডর; স্তরাং লিখিবার উপযোগী ভাবে অঙ্গভঙ্গ না করিলে লেখা হয় না। তোমার লেখারূপ কার্য্য সম্পাদনের পক্ষে উহাই আসন। আসন অর্থে কার্য্যকে স্থগম করিবার পক্ষে উপযুক্তরূপে অঙ্গ সকলকে সম্বন্ধ করা। যেরূপে অঙ্গপ্রত্যঙ্গ স্থাপন করিলে কার্য্য স্থেবা অনায়াসে সম্পাদনের পক্ষে সহায়তা করে—তাহাই স্থাসন। যোগশান্তে আসন শব্দের ইহাই উদ্দেশ্য।

যাহা হউক, তার পর প্রাণায়াম। বিশেষ বিশেষ কার্য্যোপযোগী ভাবে শ্বাস-প্রশাসের সংঘ্যানকে প্রাণায়াম বলে। আমাদের শ্বাসপ্রবাহ একভাবে সকল সময়ে চলে না। আহারের সময়ে এক রক্মে, চলিবার সময়ে এক রক্মে, নিজার সময়ে এক রক্মে, বাক্যালাপের সময়ে এক রক্ষে, ক্রোধোজেকের সময় এক রক্ষে, ভক্তিভাবের উচ্ছাসের সময় এক রকমে, প্রতি কার্য্যের সময়ে বিশেষ বিশেষ ভাবে পরিবর্ত্তিত ভ তৎকার্য্যাপযোগিরূপে প্রবাহিত হয়। নিজার সময়ে যে ভাবে খাস-প্রখাস বহে, লিখিব।র সময়ে সে ভাবে খাস বহে না। লিখিবার সময়ে খাসের গতি অফ্ররুপ। অর্থাৎ মানসিক অবস্থা যে ভাবে যখন পরিবর্ত্তিত হয়়, খাসবায়ুও সে মানসিক পরিবর্ত্তনের সঙ্গে সঙ্গে ভাবে পরিবর্ত্তিত হয়য়া পড়ে এবং তক্রপ ভাবে খাস প্রবাহিত হওয়াই সেই সময়ের উপযোগী প্রাণায়াম। ঈশ্বরচিন্তার সময়ে যে ভাবে খাস-প্রখাসকে অনুশাসিত করিবার ব্যবস্থা আছে, সাধারপতঃ তাহাকেই প্রাণায়াম বলে ; এবং পাতঞ্জলদর্শনে সেই অবস্থার কথাই উল্লিখিত হইয়াছে ; কিন্তু যোগদর্শনের চক্ষে প্রত্যেক কার্য্যপ্রবাহের সঙ্গেস তত্তংকার্য্যোপযোগী ভাবে খাস-প্রবাহের পরিবর্ত্তনের ও অনুশাসনের নামই প্রাণায়াম। যাহা হউক, লিখিবার কালে যেমন লিখনোপযোগী ভাবে অঙ্গাবস্থিতি বা আসন রচিত হয়, খাসপ্রবাহও তক্রপ লিখনোপযোগী ভাবে পরিবর্ত্তিত হইয়া যায় ও উহাই লিখিবার প্রাণায়াম।

এইরপ প্রত্যাহার, ধারণা, ধ্যান প্রভৃতি প্রত্যেক যোগাঙ্গ সম্বন্ধে বুঝিতে হাইবে। প্রত্যেক কার্য্যের স্ব স্ব অভাবানুষায়ী চিত্তকে চারি ধার হইতে প্রত্যাহরণ করিতে হয়; ঈশ্বরচি হা করিবার সময়ে মন নিমন্ত্রণের চিন্তায় ব্যস্ত থাকিলে, জিহ্বার স্থকরনা ছাড়া আর কিছু হয় না। ইফটদেবতার চরণকমল ধারণা করিতে গিয়া, রমগোল্লার মুখকমল ফুটিয়া উঠে। লিখিবার সময়ে মানসিক ভাব লিখন সম্বন্ধে প্রত্যাহত না হইলে কলম হাতেই থাকে, কালি খরচ আর বড় একটা করিতে হয় না। যখন লেখা সম্পন্ধ হইতেছে দেখিবে, তখন বুকিতে হয়বে, প্রত্যাহার ঠিক হইয়াছে।

এই ভাবে প্রত্যাহার ধারণা, ধান ও শেষ লিখনভাবের উপর একটু মানসিক সমাধি আসিয়া, তারপর কি লিখিবে—কিন্নপে লিখিবে, সেটা স্থির হইয়া যায় ও তারপর অক্ষরসকল অঙ্কিত হইয়া থাকে।

এইরপে প্রত্যেক কার্য্য সম্পাদনেই আমাদিগকে আজ্ঞাচক্র স্পর্শ করিতে হয়। যোগ বুঝাইবার সময় ইহা সবিস্তারে আলোচনা করিব।

ষাহা হউক, ইন্সিয় উচ্ছেদ করিলে, কি প্রকারে আমরা প্রকৃতির সহিত সংযুক্ত থাকারণ কুলধর্ম হইতে বিচ্যুত হই, তাহা বুঝা গেল। এবং কুলধর্ম নষ্ট হইলে অধর্ম আসিয়া আমাদিগকে আক্রমণ করে কেন, তাহাও আলোচিত ইইয়াছে। যাঁহা আমাদিগকে ক্ষেত্রে ধারণ করিয়া রাখিয়া ক্ষেত্রজ্ঞ করিয়া দেয়, যাহা আমাদিগকে মাতার মত ক্রোড়ে করিয়া লালন পালন করিয়া, তারপর পদ্মীর মত আমাদের অধীনতা-পাশে আবদ্ধ হয়. যাহা শক্তিরূপে আগে সঞ্চিত ইইয়া, তারপর মুক্তিরূপে আমাদিগের কল্লিত বন্ধনরাশি উল্লুক্ত করিয়া দেয়, তাহাই ধর্ম এবং তদ্বিপরীত যাহা, তাহাই অধর্ম। যেখানে - যে কার্য্যে ধর্ম এরপে ক্রিয়াণীল নহে, তাহাই অধর্ম অথবা যেখানে বা যে কার্য্যে এরূপ ধর্মের অভাব পরিদৃষ্ট হয়, তাহাই অধর্ম। ধর্মহীন হাই অধর্ম। আনেকে মনে করেন, ধর্মজনক কার্যা না করিলে অধর্ম হয় না। অধর্মজনক কার্য্য করিলেই তবে অধর্ম হয়; কিন্তু বন্তুতঃ তাহা সত্য নহে। ধর্মজনক কার্য্য না করাই অধর্ম। অধর্মজনক বা ধর্ম্মজনক কার্য্য করিলে অধর্ম ত হইবেই, কিন্তু ধর্মজনক কার্য্য না করিলে সংগ্রাল করেনে না। আমাদিগের ভিতর যে সমস্ত স্ক্রম সাত্রিক গুণ প্রচ্ছন্নভাবে আছে, ধর্মজনক কার্য্য করিলে সেওলি ক্রেত ইয়া উঠে; অধর্মজনক কার্য্য করিলে বা ধর্মজনক কার্য্য না করিলে, এই উভয়েতেই সে শক্তি ক্রুরিত ইইতে পায় না; স্কুতরাং সে শক্তিগুলি অবরুদ্ধ থাকিয়া জড়ে পরিণত হয়। সেই আশক্ষায় অর্জুন বলিতেছেন,—

অধর্মাভিভবাৎ কৃষ্ণ প্রছয়তি কুণস্তিয়:। স্ত্রীযু চুক্টাহ্ম বাফের জায়তে বর্ণসঙ্করঃ॥ ৪০

কৃষ্ণ! অধশ্যাভিভবাৎ কুলন্তিয়ঃ প্রহয়ন্তি; বাষ্ণের। দ্রীষ্ হুঠান্থ বর্নকরঃ জায়তে।

অধর্মে অভিভূত হইলে কুলম্বীগণ দ্বিত হয়; হে বাঞ্চেয়। কুলম্রী দ্বিত। হইলে বর্ণসঙ্কর জন্মে।

কুল্বী অর্থে—কুলশক্তি বা জগৎসম্বন্ধে আবদ্ধ থাকিয়া যে সকল শক্তি আমাদের অভ্যন্তরে আপনা হইতে সঞ্চিতা হয়, তাহাদিগকে কুল্ট্রী বলে। আমরা ইন্দ্রিয়ধর্মে থাকিয়া এবং ইন্দ্রিয়-সকলের সদ্যবহার দ্বারা আধ্যাত্মিক শক্তি লাভ করিতে থাকি। ইন্দ্রিয়ধর্মে থাকিয়াই আমরা দ্য়া, প্রেম, স্নেহ, ভক্তি, জ্ঞান, বিবেক ইত্যাদি বিবিধ শক্তিসম্পন্ন হইয়া থাকি। কিন্তু এগুলি ছাড়া আরও কতকগুলি আধ্যাত্মিক শক্তি আমাদিগের ভিতর ধীরে ধীরে ফুটিয়া উঠে। সেগুলির কার্যা আরও উচ্চ অবস্থায় পরিলক্ষিত হয়। ইন্দ্রিয়া উচ্ছেদিত

হইলে এ শক্তিগুলি আর অুরিত হইতে পায় ন ; ক্রমশঃ দ্যিত হইয়া যায়।
যেমন তরবারি ব্যবহার করিলে এবং তাহাকে তীক্ষ করিবার জন্ম প্রকৃষ্ট উপায়ে
ঘর্ষণ করিলে, ভাহার তীক্ষতা পরিবর্দ্ধিত হইতে থাকে, কিন্তু অন্থায়রূপে ব্যবহার
করিলে বা অন্থায়রূপে ঘর্ষণ করিলে, কিন্তা ব্যবহার একেবারে বন্ধ করিয়া দিলে
তাহার তীক্ষতা নই হইয়া যায়, এবং তাহাকে কার্যাক্ষম করিয়া ফেলে, তক্ষপ
ধর্মকার্য্য করিলে বা ইন্দ্রিয়-সকলের সদ্ধ বহার করিলে, আমাদিনের উক্ত আধ্যাদ্বিক শক্তিগুলি ফুটিয়া উঠে; এবং অধ্যাজনক কার্য্য করিলে বা ইন্দ্রিয় উচ্ছেদিত
করিয়া কার্য্য একেবারে বন্ধ করিয়া দিলে, সে শক্তিগুলি একেবারে নই হইয়া
যায়। অর্থাং আমাদিনের ঐ কুলন্ধী বা কুলশক্তি-সকল দ্বিত হয়। যত দিন
লা আমাদের আধ্যান্মিক শক্তির তাক্ষতা উত্তমরূপে সম্পাদিত হয়, তত দিন
আমাদিগকে প্রাকৃতিক কার্য্যে নিযুক্ত থাকিতে হইবে। যত দিন না আনরা পূর্ণ
ঐশ্বর্যানয় হইয়া উঠি, তত দিন আমাদিগকে ইন্দ্রিয় ধর্ম্যে নিযুক্ত থাকিয়া
কার্য্যক্রেরে বা ধর্মান্ধেরে অবস্থান কবিতে হইবে।

আর কুলশক্তি দূষিতা হইলে বর্ণসঙ্কর হয়। প্রত্যেক জীবের বর্ণ বা জ্যোতিঃ আছে। যে যেমন গুণান্বিত, তাহার জ্যোতিঃ সেই**প্র**কার বর্ণের ; যোগ**চকুমান্** ব্যক্তি জাবের সে জ্যোতিঃ দেখিতে পান। সাধারণতঃ সান্তিকভাবাপন্ন জীবের বর্ণ শুল্র। রাজসিক ভাবাপন্ন জাবের জ্যোতিঃ রক্তবর্ণ। রজঃ ও তমোগুণান্বিত জীবের জ্যোতিঃ গীত এবং তমে আচ্ছন্ন জাবের জ্যোতিঃ ধূমবর্ণ। **আমাদিগের** আধ্যাত্মিক দেহের এই প্রকার বর্ণ-বিভিন্নতাই হিন্দুর জাতিভেদের মূল কারণ। সেই জন্ম জাতিবিচারের প্রশস্ত নাম—বর্ণ-বিচার। আবার এই সমস্ত বিভিন্ন বলীয় জাব যথন ভিন্ন ভিন্ন ভাবে মগ্ন হয়, অর্থাৎ যথন ভাহাদের প্রাণে যেরূপ ভাবের উদয় হয়, তাহাদিগের এই ছটার উপর ভিন্ন ভিন্ন বর্ণ প্রতিফলিত হইতে থাকে। ক্রোধের সময় এক একার, দয়ার সময় এক প্রকার, ভক্তির সময় এক প্রকার, এইরূপ ভাবাস্তরের সঙ্গে সঙ্গে বর্ণাস্তর আমাদিগের স্কল্প দেহকে রঞ্জিত করে। আবার সে ভাব বিদ্রিত হইলে, সে অস্থায়ী জ্যোতিঃ বিলুপ্ত হইয়া যায়। এইরূপ অহর্নিশ নানাপ্রকারের জ্যোতির তরঙ্গে ক্ষুব্র হইয়া, আমাদিগকে এক-প্রকার সাধারণ স্থায়ী জ্যোতিশ্বণ্ডিত বলিয়া অমুমিত হয়। সাত্ত্বিক জীবের প্রাণে অহর্নিশ পবিত্র ভাব সকল উল্লেষিত হয় বলিয়া, তাহার দেহের বর্ণ-বিশাসকে সাধারণতঃ শুল, মধাকুনার্ত্তবং দেখায়। রাঙ্গদিক ব্যক্তির আধ্যা- শিক দেহ অহর্নিশ ক্রোধ, চঞ্চলতা আদি রাজসিক বৃত্তির রক্তবর্ণীয় তরঙ্গে আপুত হয় বলিয়া, রাজসিক ব্যক্তিদিগকে সাধারণতঃ রক্তবর্ণীয় দেখায়। রজঃ ও তমোগুণ-মিশ্রিত ব্যক্তিগণ সাধারণতঃ বৈষয়িক বৃদ্ধিবৃত্তিতে নিবিষ্ট থাকে বলিয়া, তাহাদিগকে পীতবর্ণের দেখায়। এবং তানসিক ভাবাপন্ন জীব-সকলকে ধুমবর্ণের বলিয়া প্রতীতি জন্মে।

যাহা হউক, আমাদিগের পূর্বেন ল্লিখিত কুলশক্তিসকল যদি ক্লুৱিত হইবার অবসর না পায়, তাহা হইলে তাহারা বৃত্তি-সকলকে পরিচালিত করিতে এবং স্ব বর্ণে আমাদিগের আধ্যাত্মিক দেহকে রঞ্জিত করিতে পারে না। স্ক্তরাং আমাদিগের স্থায়ী বর্ণরঞ্জনা সম্যক্ ক্লুরিত হইতে পায় না ও অক্স বর্ণে দৃষিত হয়। মনে কর, তুমি সত্ত্বাধিত ব্যক্তি, তুমি সাধারণতঃ দেখিতে শুলবর্ণের; ভোমার প্রাণে সর্বিদা সাত্মিক ভাবসকল উদ্দীপিত থাকে বলিয়া, সাত্মিক-ভাবের শুল্র জ্যোতিতে তুমি নিমজ্জিত থাক। কিন্তু যদি কোন কারণে তোমার প্রাণে সাত্মিক ভাব আর উদ্দীপিত না হয় এবং তংপরিবর্তে রাজসিক ভাব সমধিক প্রবল হয়, তাহা হইলে তোমার সে স্থায়ী শুল্র বর্ণের সহিত রক্তবর্ণ মিশ্রিত হইয়া, বর্ণসন্ধর উৎপন্ন হইবে।

্ এই বর্ণ-সঙ্কর অতীব দূষ্ণীয়, এবং নরকের ছার-স্বর্প। কিন্তু আগে বর্ণসকল কি প্রকারে ফুরিত হয়, বুঝাইয়া বলি; নতুব। সঙ্কর-দোষ বুঝিতে পারা যাইবে না।

তড়িদ্বিজ্ঞানবিদেরা জানেন, এ বিশাল ব্রহ্মাণ্ড সাধারণতঃ তড়িংশক্তির আধার। সেই তড়িংসমুন্ত কোন প্রকারে সংঘর্ষিত বা প্রতিহত হইলে, উহা ছই প্রকারে বিচ্ছিন্ন হইয়া যায় এবং ছই প্রকারের তড়িং-শক্তি ক্রিয়াশীল হয়। একটার নাম ধন-তড়িং বা পিতৃশক্তি, অক্টার নাম খন-তড়িং বা মাতৃশক্তি। এই ছই প্রকারের তড়িংশক্তি ছই দিকে বিচ্ছিন্ন হইয়া, আবার পরস্পার পরস্পারকে আকর্ষণ করে ও মিলিত হইবার জন্ম যত্নশীল হয়। উভয় তড়িং-শক্তির এই মিলনেছাই স্ষ্টি-বৈচিত্রোর মূল। ইহাদিগের মিলনের তারতম্যেই স্ষ্ট পদার্থের এত তারতম্য।

যাহা হউক, আমাদিগের প্রাণশক্তিও তজ্ঞপ তড়িদাধার মাত্র। সেই প্রাণ-শক্তিরূপ তড়িংসমূজ শ্বাস-প্রশ্বাসরূপ স্বাভাবিক সংস্কারজাত ক্রিয়ার দ্বারা অহর্নিশ প্রতিহত ও সংঘৃষ্ট হইতেছে। এবং সেই প্রতিঘাতের ফলস্বরূপ

পিতুশক্তি ও মাতৃশক্তি বিচ্ছিন্ন হইয়া যাইতেছে ও পুনরায় মিলিবার জন্ত সচেষ্ট হইতেছে। এইরূপ ঐ পিতৃশক্তি ও মাতৃশক্তির বিচ্ছেদ ও পুনর্মিলনের ফল-স্বরূপ আমাদিগের প্রাণে ভাবরাশিএপ সৃষ্টি-বৈচিত্র্য অংনিশ স্চিত হইতেছে ও সেই ভাবসকল ঐ তড়িং-ফুরণের জ্যোতিতে বা বর্ণে রঞ্জিত হইতেছে। মেঘ-রাশির সঞ্চালনে যেমন শৃক্তস্থ বা ঐ মেঘস্থ লুকান তড়িং বিহ্যাদাকারে ঝলসিয়া উঠে ও মনুষ্য-চক্ষে প্রতিভাত হয়, তক্ষপ আমাদিগেরও তড়িং সক্রিয় হইয়া, ভালকপে জ্যোতিঃ বা বর্ণ-বিশিষ্ট হইয়া, আমাদিগের আধ্যাত্মিক দেহে বর্ণবিস্থাস রচনা করে। ভাবরূপ বিহু।মেখলা অহনিশি চমকিত থাকিয়া, আমাদিগের প্রাণময় কোষটীকে জ্যোতির্মণ্ডিত করিয়া রাখে। বিরাট্ জগতে অনস্ত কোটি জ্যোতিক্ষণ্ডলী মাতৃপ্রাণের ভাবস্বরূপে ফুটিয়া রহিয়াছে। মহাশক্তির ভাবস্কল অসীম শক্তিসংযুক্ত বলিয়া, তাহা ঘনীভূত হইয়া জড়াকারে ফুটিতে সক্ষম; আমরা হুৰ্নল বলিয়া আমাদের ভাৰসকল ভাবৰূপেই থাকে ও মিলাইয়া যায়, ঘনীভূত হইয়া জড়াকারে বা আমাদের ইন্দ্রিয়গ্রাই হইয়া ফুটিয়া উঠিতে সক্ষম হয় না। আমরা শক্তিমান হইলে, আমাদের ভাবসকলও মায়ের প্রাণের ভাবগুলির মত ইন্সিয়গ্রাহরপে ফুটিয়া উঠিতে পারিত বা আমরা জড়বস্তু-সকল নির্মাণ করিতে সক্ষম হইতাম। ভাব—শক্তির চৈতক্সময় বিকাশ, স্থুল জগৎ সেই ভাবের পূর্ণ ঘনীভত বিকাশ। ভাবে ও সুল-জগতে পরিমাণের তারতম্য ছাড়া অশু কিছু প্রভেদ নাই। আমাদিগের প্রাণে যখন যে প্রকারের ইচ্ছাশক্তি ফুরিত হয়, আমরা শক্তিমান ইইলে, ইচ্ছার সঙ্গে সঙ্গে সেই সকল বস্তু শুজিত হইতে পারিত। স্থুলজগৎ ভাবেরই ঘনীভূত বা ইব্রিয়গ্রাহ্য অবস্থা মাত্র।

যাহা হউক, আমাদিগের ভাব-সঞ্চাত প্রাণময় কোষের ঐ বর্ণ-রঞ্জনা আমাদিগের পরস্পরের স্বাতন্ত্র্য রক্ষা করে। আমাদিগের দেহ ঐরপ বর্ণ-ছটায় রঞ্জিত না থাকিলে বা আমাদিগের দেহ হইতে ঐরপ বর্ণালোক অহনিশি ক্ষুরিত না হইলে, অপরের ভাবসকল অনায়াসে নির্কিন্দে আমাদিগের প্রাণে প্রবিষ্ট হইত এবং সেই সকল মিশ্রিত ভাবের দ্বারা আমরা পরিচালিত হইতাম; আমাদিগের স্ব স্ব ভাবসকল ফুটিয়া উঠিবার অবসর পাইত না। বহির্জ্জগতের জীবসমষ্টির ভাবস্রোত আমাদিগের প্রাণকে অহনিশি প্লাবিত করিত। স্থূল ক্থায়, আমাদিগের ভাবের স্বাতন্ত্র্য কোন ক্রমেই রক্ষা হইত না। কোন গৃহে যদি প্রদীপ বা কোন আবরণ-হীন আলোক জলে, সেই গৃহে অন্থ একটী আবরণ-

হীন সালোক জালিয়া লইয়া গেলে, উভয় আলোক-তরঙ্গ সহজে মিশিয়া যায়; কিন্তু লাল, পীত, হরিং ইত্যাদি কোন আবরণের ভিতর দিয়া যদি ঐ গৃহস্থ আলোকটির জ্যোতিঃ বাহির হইত বা ঐ গৃহের আলোকটী যদি কোন বর্ণা-বরণে আবৃত থাকিত, তাহা হইলে গৃহটি সেইরপ লাল অথবা পীত বর্ণের আলোকে আলোকিত হইত; এবং সেই গৃহে অন্ত কোনকপ বর্ণের আবরণে আবৃত আলোক লইয়া আসিলে, সে উভয় আলোক সহজে মিশ্রিত হইত না।

মনে কর, একটী লাল ফানস-সংযুক্ত আলোক কোন গৃহে জ্বলিতেছে, এবং গৃহটী রক্তবর্ণের দেখাইতেছে। যদি ঐ ঘরে একটা নীল আবরণে আবৃত ক্ষীণ আলোক লইয়া আসা যায়, তাহা হইলে ঐ গৃহটীর লাল বর্ণ-রঞ্জনা সহজে তিরোহিত হয় না, ঐ লাল ও নীল বর্ণ-তরঙ্গ পরস্পর বিরুদ্ধ-ভাবাপর বলিয়া, পরস্পর পরস্পরকে অভিভূত কবিধান প্রাস্থ পায় এবং স্বস্থ শক্তি অনুযায়ী সাত্র্যা রফা করিতে স্ক্রম হয়।

এইরপ স্বাতন্ত্র রক্ষণের জন্মই আমাদিগের প্রাণময় কোষের উপর বর্ণবিচ্যাস রচিত; এবং সেই জন্মই হিন্দুরা বর্ণ বিচারের জন্ম এত আগ্রহ প্রকাশ করেন। নিজের স্বাতন্ত্র রক্ষা করিয়া যাইতে না পারিলে, উন্নতিব পথে অগ্রসর হওয়া যায় না। উন্নতির পথ সাধারণতঃ চারি ভাগে বিভক্ত; সেই চারি প্রকার অবস্থায় চারি প্রকার বর্ণ জীব প্রাপ্ত হয়। শৃদ্রত্ব বা ধূম-বর্ণীয় অবস্থা হইতে ব্রাহ্মণর বা শুক্রবর্ণ লাভ করিতে হইলে, পীতর ও লোহিতর বা বৈশ্যর ও ক্রিয়ের, এ গুইটা অবস্থার ভিতর দিয়া যাইতে হয়। কিন্তু আগে শুক্রব লাভের আবশ্যকতা কি. তাহা বলি।

যেমন স্বাতন্ত্র্য রক্ষার জন্ম প্রত্যেকের দেহে বর্ণ-রঞ্জনা প্রয়োজন, তেমনই আবার শুক্লবর্গ স্বাতন্ত্র্য-রক্ষার প্রকৃষ্ট উপায়। শুক্লবর্গ অন্য কোন বর্ণ-তবঙ্গকে ভিতরে প্রবেশ করিতে দেয় না—সকল প্রকার বর্ণ-রঞ্জনাকে শুক্লবর্গ প্রত্যাখ্যান করে। এবং অপরের সহিত মিঞ্জিত হইবার ভয় হইতে শুক্লবর্গ আমাদিগকে সর্ব্বাপেক্ষা মৃদৃঢ়ভাবে রক্ষা করে। একবার শুক্লবর্গায় ভাব-সকল যত দিন না প্রাণের ভিতর অহর্নিশ ফুটিতে থাকে বা যত দিন না আমরা শুক্লব বা বাহ্মণত্ব লাভ করি, তত দিন ভগবতত্ব বা বর্ণ-শৃত্যুত্বরূপ মহাতত্ব প্রাণে ফুটে না। এবং তত দিন মুক্তি মৃদূর-পরাহত। মুক্তির পূর্বেণ

শুক্লত লাভ করিতে হইবেই। জাতি-বিচার আলোচনার সময় এ তত্ত্ব আরও বিশ্বরূপে বিহুত করিব।

মোটের উপর আমরা এই বুঝিলাম, শুক্লন্থ লাভ আমাদিগের একান্ত প্রয়োজন, শুক্লন্থ আমাদিগের স্বাতম্ব্য স্থৃদৃঢ়ভাবে রক্ষা করে ও মুক্তির জন্ম আমাদিগকে প্রস্তুত করিয়া দেয়।

তাই বর্ণহীনা মা আমার রজত-শুভ্র মহেশ্বরের বুকে দাঁড়াইয়া, দেখিতে পাই। তাই* মহেশ্বর যোগীর চক্ষে রজত-কল্প-গিরিসদৃশ প্রতীয়মান হন। তাই শ্রীকৃষ্ণের পাশে বলরামের শুভ্র বপু পরিশোভিত।

আমরা আমাদিণের এই ইক্রিয়-সকলের ও আধ্যাত্মিক শক্তি-সকলের দ্বারা অনুশাসিত হইয়া, আমাদিণের অবস্থানুযায়ী ক্রমশঃ ধূমবর্ণ হইতে পীত, লোহিত, এই ছই স্তব ভেদ করিয়া, ধীরে ধীরে শুক্রারের দিকে অগ্রসর হইতেছি। এবং আমাদিণের শাস্ত্র ওইতে স্তরান্থরে যাইবার শুগম পদ্মাসকল জাতিধর্মারূপে নির্দেশ করিয়া গিয়াছেন। যাহাতে এক স্তর হইতে অস্ত্র স্তরে বর্ণসঙ্কর-দোমে দ্বিশেষ দ্বিত না হইয়াও পন্তুর্মুক্ত তীরের মত যাওয়া যায়, তাহাই তাহারা যোগশক্তির সাহায্যে পরিদর্শন করিয়া, ততুপযোগী ব্যবস্থা করিয়া গিয়াছেন। তাহারা মানব-প্রকৃতির ক্রমোন্মেয-সূচক গতি লক্ষ্য করিয়া এবং সেই গতির পশ্চাদন্ত্রসরণ করিয়া, তাহারই সাহায্যার্থে বিধিনিষেধ-সকল লিপিবদ্ধ করিয়াছেন। আজ আমরা সকলেই ভৌম পণ্ডিত হইয়া বসিয়াছি, এবং কথায় কথায় শাস্ত্রের সমালোচনা ও তাহার দোষ-গুণ বিশ্লেষণ করিত্তেও কুঠিত নহি। কিন্তু যোগচক্ষ্ না পাইলে শাস্ত্রের সমালোচনা করা চলে না, এ কথা আমরা একেবারে বিশ্বত।

যাহা হউক, ইন্দ্রিয়-ধর্ম বা ইন্দ্রিয়-সকল হইতে উচ্ছেদিত হইলে, আমাদিগের আধ্যাত্মিক শক্তিসকল নষ্ট হইয়া যায় এবং আমাদিগের পিণ্ডদেহের বর্ণ প্রেলিজ স্তর অবলম্বন করিয়া থাকিতে না পারিয়া, ঐ শক্তি-নাশের তারতম্য অনুসারে মিঞ্জিত বর্ণে প্রতিফলিত হইয়া উঠে; আমরা স্বাভাবিক শৃঙ্খলাবন্ধনময় স্তর-পথ হইতে বিচ্যুত হইয়া, সন্ধরদোয়ে দৃ্যিত হইয়া, পথভ্রম্ভরূপে বিচর্ণ করিতে থাকি।

 [&]quot;শিবেৰ বুকে শু।মা কেন ।" পাঠ কর।

সঙ্করো নরকাষ্ট্রেৰ কুলন্থানাং কুগস্ত চ। পতন্তি পিতরো ছেষাং লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ॥ ৪১

কুলত্মানাং কুলস্থা চ সঙ্করঃ নরকায় এব (ভবতি), এষাং লুপুপিগ্রোদকক্রিয়াঃ পিতরঃ পতন্তি হি ।

কুলন্নদিগের বুলের বর্ণসঙ্কর নরকবাসের জম্ম হইয়া থাকে। ইহাদের পিতৃগণ লুগুপিণ্ডোদক হইয়া পতিত হয়।

বর্ণ-সঙ্কর নিম্নতাতির কারণ। একবার মিশ্র বর্ণ প্রাপ্ত হইলে, উন্নতির পথ হইতে কিছু দিনের জন্ম বিসূত হইতে হয়; এবং পিছুলোক তাহার সাহায্য হইতে বঞ্চিত হয়। আমাদিণের সহিত পিতৃলোকের বিশেষ সম্বন্ধ আছে, এবং আমাদিগের সাহায্যে আমাদিগের পিতৃগণের উদ্ধর্গতি-প্রাপ্তি অসম্ভব নহে। যদি আমাদিগের সূঝাদেহ বা পিওদেহ সঙ্কর-দোবে দূষিত হয়, তাহা হইলে আমরা পিতৃতপ্ণাদি-ক্রিয়া বারা পিতৃলোকে আমাদিগের সুক্ষ শক্তি চালনা করিয়া, তাঁহাদিগকে সাহায্য করিতে পারি না। আনাদের বর্ণসঙ্করবশতঃ সে শক্তি-স্রোত পিতৃগণের সহিত সমবর্ণীয় না হওয়ায় প্রত্যাহত হয়। পিতা অপেকা পুত্রের পিওদেহের বর্ণ উর্ন্তরীয় হইলে, পিতৃলোকের পক্ষে অত্যন্ত সুখকর ও সাহায্যকারী হয় ; কিন্তু বর্ণ যদি নিম্ন স্তর প্রাপ্ত হয়, তাহা হইলে সে পুত্রের দারা পিতার কোন সাহায্য হইতে পারে না। মনে কর, তুমি ক্ষত্রিয়-কুলে জন্মগ্রহণ করা সত্ত্বও কর্মান্ত্রসারে তোমার পিণ্ডদেহের বর্ণ শুভাই বা ব্রাহ্মণহ লাভ করিয়াছে। তুমি বাহিরে জন্ম হিসাবে ক্ষত্রিয় হইলেও, তুমি বস্তুতঃ বাহ্মণ হইয়াছ এবং পরজনে নিশ্চয়ই বাহ্মণ-কুলে জনগ্রহণ করিতে সক্ষম হইবে। এরূপ অবস্থায় তোমার তর্পণাদি তোমার ক্ষাত্র পিতৃগণকে তাঁহাদিগের উর্ন্ধগতি লাভের পক্ষে বিশেষভাবে সহায়তা করিতে সমর্থ। কিন্তু যদি স্বীয় কর্মদোষে তুমি ক্ষতিয়-কুলে জন্মগ্রহণ করিয়াও শৃত্তৰ বা বৈশ্যৰ প্রাপ্ত হইয়া থাক, অর্থাৎ ক্ষত্রিয়ের রক্তবর্ণ হইতে চ্যুত হইয়া, যদি পীতত্ব বা কৃষ্ণত্ব লাভ করিয়া থাক, তাহা হইলে তুমি ক্ষত্রিয়-কুলে জন্মগ্রহণ করিয়াও বৈশ্রন্থ বা শৃদ্রন্থ প্রাপ্ত হইয়াছ বুঝিতে হইবে এবং পরজন্ম বৈশ্য-কুলে কিম্বা শৃত্ত-কুলে তোমার জন্ম অবশ্যস্ভাবী। এবং ভোমার পিতৃগণ তোমার বর্ণ-নিম্নতাবশতঃ তোমার দ্বারা বিশেষরূপে উপকৃত হইতে পারেন না, স্মৃতরাং পিণ্ডোদক বিলুপ্ত-প্রায় হয়,

ভাঁছারা পতিত হইতে পারেন। দেবযান ও পিতৃযান বুঝাইবার সময়ে এ তয় বিশ্বদ্ধপে আলোচিত হইবে।

এইখানে আর একটু বলিয়া রাখি, আমাদিগের ভাষার অক্ষর-সকলও এই কারণে বর্ণ বলিয়া পরিচিত। শব্দ—ভাবের অভিব্যক্তি মাত্র; ভাবশৃত্য শব্দ হইতে পারে না; অক্ষর বা বর্ণ সমগ্রীভূত হইয়া শব্দ হয়; এক, ছই বা ততোধিক অসম্পূর্ণ ক্ষুদ্র ক্ষুদ্র ভাব পুঞ্জীভূত হইয়া, একটি•পূর্ণ ভাব—পূর্ণ শব্দ-তরঙ্গ স্কুল ক্ষুদ্র ভাব পুঞ্জীভূত হইয়া, একটি•পূর্ণ ভাব—পূর্ণ শব্দ-তরঙ্গ স্কুল ক্ষুদ্র ক্ষুদ্র ভাব অভিব্যক্তির সময়েও বর্ণ-তরঙ্গ উদ্বেলিত হয়; সেই জন্ত ভাষা বর্ণতব্যের অন্তর্গত ও অক্ষর-সকল বর্ণ বলিয়া পরিচিত। একই ভাব বিভিন্ন মন্ত্র্যা-সমাজের দারা ভিন্ন ভিন্ন শব্দে যে অভিব্যক্ত হয়, ভাহার কারণ—আমাদিগের স্কুল্ম দেহের বর্ণ-বিভিন্নতা। যেমন তরঙ্গসকল জলের বর্ণের অন্তর্নপ বর্ণ প্রাপ্ত হয়, অর্থাৎ যেমন রক্তবর্ণের তরল জব্য তরঙ্গিত হইলে, রক্তবর্ণের তরঙ্গ উৎপন্ন হয় বা পীতবর্ণীয় কোন তরল জব্য আন্দোলিত হইলে, পীতবর্ণেরই তরঙ্গ রিভিত হয় অর্থাৎ যেমন একই বায়ুহিল্লোলে পীতবর্ণীয় ও লোহিতবর্ণীয় তরল জব্যদ্বয় তুই প্রকার বিভিন্ন বর্ণের ওরঙ্গ উৎপাদন করে, তেমনই একই ভাব ভিন্ন ভিন্ন বর্ণীয় মনুয়্যের কণ্ঠে ভিন্ন ভিন্ন রূপে উচ্চারিত হয়।

ভাবই স্ষ্টি-বৈচিন্ত্রের মূল। অরপ ভাব উদ্দীপ্ত হইয়া, রূপময় বা বর্ণময় হইয়া উঠে ও রূপ-জগৎ রচনা করে। আমাদের স্থুলদেহও ভাবসকল ঘনাভূত হইয়া রচিত হয়, এ কথা পূর্বে বলিয়াছি। এ জন্মই আমাদের
শাস্ত্রে ভাব-সংযমের নানাপ্রকার ব্যবস্থা আছে। আচার, খাছাবিচার, নিষ্ঠা,
উপাসনা, প্রস্কাচর্য্য- এ সমস্ত ঐ ভাব-সংযমের জন্মই বিধিবদ্ধ হইয়াছে। ভাবসংযমের জন্মই কর্মবিচার—ভাব-সংযমের জন্মই জাতিবিচার—ভাব-সংযমের
জন্মই সমাজ সংগঠিত। ভাব হইতে বর্ণ, বর্ণ হইতে কর্মা, কর্ম হইতে শরীর।
আবার শরীর হইতে কর্মা, কর্ম হইতে বর্ণ, বর্ণ হইতে ভাব। শক্তির এই
উভয়মুখী গতি যে সম্যক্রপে ফাদয়ঙ্গম করিতে সমর্থ, তাহাকেই যথার্থ বিদ্ধান্
বলা যায়। এ সম্বন্ধে একটী উপাখ্যান বলি।

এক সময়ে কোন দেশে এক পশুভাষাভিক্ত নৃপতি ছিলেন। তিনি এক দিন প্রভাতে নিজ প্রাসাদের দার-সমাপে একটা কুকুর দাড়াইয়া রাহয়াছে দেখিতে পাইলেন। রাজাকে দেখিতে পাইয়াই কুকুরটা চাংকার করিতে আরম্ভ করিল। রাজা বৃঝিলেন—কুকুরটা বলিতেছে, সেই নগরের কোন এক ব্রাহ্মণ তাহাকে অযথা ভাবে ও অক্সায়রূপে প্রহার করিয়াছে। কুকুর সেই জন্ম রাজ-সমীপে বিচারপ্রার্থী হইয়া আসিয়াছে। কোতৃহলাক্রান্ত হইয়া, রাজা সেই ব্রাহ্মণের অবেষণের জন্ম চারি দিকে লোক প্রেরণ করিলেন।

ক্ষণকাল পরে, সে ব্রাহ্মণ আসিয়া রাজসমীপে উপস্থিত হইলেন এবং রাজাকে আশীর্কাদ করিয়া আহ্বানের কারণ কি, জিজ্ঞাসা করিলেন। রাজা বলিলেন, "আপনি অন্তায় ভাবে, বিনা দোষে এই কুকুরটাকে প্রহার করিয়াছেন বলিয়া বিচারপ্রার্থী হইয়া কুকুর আমার নিকট উপস্থিত হইয়াছে। আপনি উহাকে কি কারণে প্রহার করিয়াছেন, জানিতে, ইচ্ছা করি।" ভাদ্মণ উত্তর করিলেন "আমি আমার গুরুদেনের পূজার জন্ম পুসাদি আহরণ করিয়া আসিতে আসিতে কুকুরটীকে পথ অবরোধ করিয়া শায়িত থাকিতে দেখিয়া, স্পুষ্ট হইবার ভয়ে পথ হইতে সরিয়া যাইতে বলিয়াছিলাম। কিন্তু কি কারণে জানি না, আমার আজ্ঞামত আমাকে সে প্র ছাডিয়া দেয় নাই। আমি অঙ্গদশালনা করিয়া, উহাকে সরাইয়া দিতে উত্তত হইলে, কুকুরটা আমাকে স্পর্শ করিয়াছিল এবং তজ্জ আমার পূজার দ্রব্য-সকল নট হইয়। গিয়াছিল। উহার সেই অবিমৃত্য-কারিতার জন্ম আমার হৃদয়ে ক্রোধোল্রেক হইয়াছিল এবং সেই জন্ম আমি উহাকে প্রহার করিয়াছিলান।" কুকুরটি বলিল, "আমি প্র প্রাটনে সভান্ত ক্লাস্ত হইয়া পড়িয়াছিলাম এবং সেই জন্ম আমার সরিতে বিলম্ব হইয়াছিল ও চলিতে গিয়া অসাবধানতাবশতঃ ব্রাহ্মণের অঙ্গ স্পর্শ করিয়াছিলাম। অজ্ঞ প্রাহ্মণ আমার মনোভাব না বুঝিয়াই আমাকে প্রহার করিয়াছেন, স্থতরাং উনি দোষী।" রাজা উভয়ের বাক্য শুনিয়া বলিলেন,—"ব্রাক্ষণ! আপনার দোষ হইয়াছে এবং আপনি রাজাত্মাদনে শাস্তি লইতে বাধ্য।" কুকুর বলিল, "আপনার বিচারে ত্রাহ্মণ যথার্থ দোষী বলিয়া যদি বিবেচিত হন, তাহা হইলে আমার অভিলাষ অমুসারে শান্তি দিন। উহাকে কুলপতিপদে বরণ করুন।" বাহ্মণ শুনিয়া আশ্চধ্যাধিত হইলেন, রাজাও হাসিয়া বাহ্মণকে জিজ্ঞাসা করিলেন,—"ব্রাহ্মণ! আপনার বোধ হয়, শাপে বর হইল; আপনি ইচ্ছা করিলে, আমি আপনাকে কুলপতিপদে বরণ করি।'' ব্রাহ্মণ নিজের মঙ্গল হইবে বুঝিয়া বলিলেন, "আমি ঐ পদ গ্রহণে সম্মত আছি, কিন্তু আমার গুঞ্র বিনা অনুমতিতে

পারিব না।" এই বলিয়া রাজার অনুমতি লইয়া, ব্রাহ্মণ সানন্দে গুরুগৃহাভিমুখে প্রস্থান করিলেন, কুকুরটাও তাঁহার সঙ্গে দলেল। গুরুসমীপে উপস্থিত হইয়া, সমস্ত বিষয় বর্ণনা করিবার পর, ঠাহার গুরুদেব তাঁহাকে বলিলেন,—"বংস! তুমি যে পদ-প্রাপ্তির আশায় আনন্দিত হইয়াত, উহা বস্তুতঃ আনন্দস্চক নহে। এই কুকুরটাও এক সময়ে কুলপতি ছিল এবং ঐ কুলপতিপদই উহার কুকুরছ লাভের কারণ। প্রভুর তোষামোদ, মনস্তান্তি, হিতাহিতজ্ঞানশৃত্যভাবে প্রভুর কুকার্য্য সমর্থন প্রভৃতি দোষে সাধারণতঃ ভৃত্য-সকল দৃষিত হয়, বিশেষতঃ কুলপতিপদ। এবং ঐরপ অবিম্যাকারিতার ফলস্বরূপে পরিণত করে। দাসত্ব, বিশেষতঃ কুলপতিপদ। এবং ঐরপ অবিম্যাকারিতার ফলস্বরূপে পরিণত করে। দাসত্ব, বিশেষতঃ কুলপতিক কুকুরর্গ্তি বলিয়া জানিও। ঐ কুকুর সেই হিসাবেই তোমাকে কুলপতি করিবার জন্ম রাজার নিকট প্রার্থনা করিয়াছে। যদি কুকুরত্ব চাও, তবে ঐ পদ লইতে স্বীকৃত হইও।" ব্রাহ্মণ শুনিয়া, কুকুরের নিকট ক্ষমা ভিক্ষা করিয়া তাহাকে সন্তিপ্ত করিবলন।

বস্তুতঃ কর্ম হইতে ভাব, ভাব হইতে পুনরায় বর্ণ ও বর্ণ হইতে কিরূপে কর্ম অনুষ্ঠিত হয়, এই উপাখ্যানটীতে তাহা স্থুন্দর হৃদয়ঙ্গম হয় ।

> দোধৈরেতৈ: কুলম্বানাং বর্ণসঙ্করকারকৈ:। উৎসাতত্তে জাতিধর্মা: কুলধর্মাশ্চ শাশ্বতা:॥ ৪২

কুলত্মানাং এতৈঃ বর্ণসঙ্করকারকৈঃ দোষেঃ শাশ্বতাঃ জ্বাতিধর্মাঃ কুলধন্মাশ্চ উৎসাক্তন্তে।

কুলম্বদিগের এই বর্ণসঙ্কর-দোষ সনাতন জাতিধর্ম ও কুলধর্ম উচ্ছেদিত করে।
কুলধর্ম ও জাতিধর্মের কথা পূর্বে বলিয়াছি। মাতৃশক্তি সাধারণতঃ
সমষ্টিভাবে জগংকে যে ক্রেমোয়তির পথে লইয়া যাইতেছেন, সেই প্রাকৃতিক
ধর্মকেই কুল-ধর্ম বলে এবং সেই কুল-ধর্মকে সাহায্য করিবার জন্ম আমাদিগের
আধ্যাত্মিক দেহের বর্ণরঞ্জনার বিজ্ঞানসম্মত অমুশাসনকে জাতিধর্ম বলে। জাতিধর্ম ও কুল-ধর্মের ইহাই স্থুল মর্মা।

কুলত্ম হইলে অর্থাৎ ইন্দ্রিয়-ধর্মা উচ্ছেদিত করিলে, বর্ণসঙ্কর প্রাপ্ত হইয়া কুল-ধর্মা ও জ্বাতিধর্মা উচ্ছেদিত হইতে পারে এবং সেই আশঙ্কায় সাধকের প্রাণ চঞ্চল হইয়া উঠে। যাহারা মায়ার প্রলোভনে পড়িয়া ইন্দ্রিয়-ধর্মের আপাতভোগ- মাধুর্ষ্যে মুগ্ধ হইয়া, শুধু নিজের ইন্দ্রিয়-বৃত্তির চরিতার্থতার জন্ম মৌখিক যুক্তি অবলম্বনে ইন্দ্রিয়-ধর্মে থাকিতে চাছে, সে সকল নগণ্য জীবের কথা বলিতেছি না। যাঁহারা যথার্থ ভগবদশ্বেধী—মাতৃ অন্বেষণে বস্তুতঃ যাঁহারা কৃতসঙ্কল্প - ধাঁহাদিগের প্রাণ "মা" "মা" করিয়া অনবরত কাঁদিতে শিখিয়াছে, এবং শুধু মাকে পাইবার জন্ম কোন পন্থা অবলম্বনীয়, সেই পন্থা বিচার করিয়া, বাঁহারা ইন্সিয়-ধর্মে থাকিতে চাহৈন, তাঁহাদিগের কথাই বলিতেছি। প্রথমতঃ সেই সমস্ত যথার্থ মাতৃঅবেষীর প্রাণে এই সমস্ত ইন্দ্রিয়-ধর্মের গুণ ফুটিয়া উঠিতে থাকে। সমাজে বৈজ্ঞানিক যুক্তি-সম্বলিত শাগ্রান্ধশাসন যদি পরিত্যাব্য, তবে এত করিয়া সমাজ-শৃঙ্খলা করিবার উদ্দেশ্য কি এবং গৃহ-ধর্ম পালনের উদ্দেশ্য কি ? তবে কি শুধু সমাজের শৃঙ্গলা-স্থাপনের জন্ম শাস্ত্র, সমাজ-ধর্ম লিখিয়া গিয়াছেন ? কেন, ইহার ভিতর এই সমস্ত অপূর্ব্ব যুক্তি—অপূর্ব্ব ধর্মোনোষের পদ্বা—অপূর্ব ভগবংসান্নিধাের উপায়-সকল ত রহিয়াছে, তবে আমি কেন এ ধর্ম পরিত্যাগ করিব—কেন এ কুল হারাইয়া অন্ত কুল অনুন্তমণ কবিব ? তাহাতে জাতিধর্ম ও কুল-ধর্ম হইতে বিচ্যুত হইয়া অধোগতি প্রাপ্তির আশন্ধা ত রহিয়াছে। যাহাতে পতনের আশন্ধা, তাহা হইতে কিরূপে আত্মকল হইবে ? এইরূপ মুক্তি-তর্ক সাধককে প্রথমাবস্থায় বড়ই চঞ্চল করিয়া তোলে।

সাধনার প্রথম অবস্থায় সাধকের কোমল প্রাণ বড়ই বিপর্যান্ত হয়। যতক্ষণ না সাংখ্যজ্ঞানে সাধক-হৃদ্য় আলোকিত হয়, ততক্ষণ সাধকের মনঃপীড় র বৃঝি অবধি নাই। তারপর শক্তিজ্ঞানের বিমল আভাস প্রাণে ফুটিয়া উঠিলে, তখন সে কালিমা দ্রীভূত হইয়া যায়—তখন সে জগন্ময় ভগবান্কে প্রত্যক্ষ করে। সে মৃহুর্ত্তের জন্ম আর ভগবানের সঙ্গছাড়া হয় না। এক সময়ে জনৈক সাধককে কেহ জিজ্ঞাসা করিয়াছিল,—"আপনি ভগবান্কে দেখিয়াছেন ?" সাধক উত্তর করিয়াছিলেন,—"ভগবান্কে কে না দেখিয়াছে ? তুমিও ভগবান্কে দেখিয়াছ ও দেখিতেছ, আমিও ভগবান্কে দেখিয়াছি ও অহর্নিশ দেখিতেছি। তবে তুমি দেখিয়া তাঁহাকে চিনিতে পারিতেছ না, আমি চিনিতে পারিয়াছি, প্রভেদ এইটুকু।"

বস্তুতই প্রভেদ এইটুকু। সকলেই তাঁহাকে দেখে, তবে উপলব্ধি করিতে পারে না; সাধক তাঁহাকে দেখে ও উপলব্ধি করে। ইহা ছাড়া অন্য পার্থক। আমি বুঝি না। যাহা হউক, সাংখ্য-জ্ঞানের বিমল আলোক-প্রাপ্তির পূর্বে চিত্তের সঙ্কীর্ণতা ও মলিনতাবশতঃ সাধক, জাতিধর্ম ও কুল-ধর্ম প্রভৃতি বিশ্লেষণ করিয়া, তাহা নষ্ট হইবার আশঙ্কায় বড়ই বিত্রত হইয়া পড়ে ও পাছে ইন্দ্রিয়-ধর্ম পদদলিত করিয়া উন্মার্গগামী হইলে—ভাবের আবেশে সমস্ত ভাদাইয়া দিলে, ভ্রমবশতঃ অধাগতি প্রাপ্তি হুয়, এই আশঙ্কায় সাধক অধীর হয় ও সাধনার পত্তা নির্দ্ধারণ করিতে পারে না।

তাহা হইলে, পুলতঃ আমরা সাধকেব প্রাণের আ**শস্কাগু**লি **এইরূপে** দেখিতে পাইলাম।—

- ১। ইন্দ্রিয়-ধর্ম উপ্ছেদ করিলে ভোগ বলিয়া আর কিছু থাকে না। ভোগ যদি না রহিল, তবে সে শৃশুবং অবস্থার প্রয়োজন কি ?
- ২। ইন্দ্রি-ধর্ম উচ্ছেদিত করিলে **কুলক্ষয় ও মিত্রদোহরূপ মহাপাতকের** দারা আক্রান্ত হইতে হয় ।
- ৩। কুলক্ষ্ম করিলে, জীবের স্বাভাবিক ক্রমোরতির পথরোধ হইয়া যায় বা গ্রকৃতির ধর্মান্ট হয়।
 - ৪। প্রাকৃতিক ধর্ম নষ্ট হইলে অধর্ম সঞ্চারিত হয়।
 - ৫। অধর্ম হইলে, আমাদিগের আধ্যাত্মিক শক্তি**গুলি দূষিত হ**য়।
 - ৬। আধ্যাত্মিক শক্তি বা কুলন্ত্রী দৃষিতা হইলে, আমরা বর্ণসঙ্কর প্রাপ্ত হই।
- ৭। বর্গপদ্ধর ২ইলে, আনরা আর পিতৃলোকের সম্ভোষ-সাধনে সমর্থ হইতে পারি না ও তাহাদিগের মনঃপীড়ার কারণ হইয়া, তাঁহাদিগের অভিশাপ প্রাপ্ত হই এবং তাঁহাদিগের উর্ক্যতির পথে সাহায্য করিতে পারি না।
- ৮। এরপ সঙ্কর অবস্থায় বর্ণসঙ্করবশতঃ জাতিধর্ম বা বর্ণ-ধর্ম উপেক্ষিত হয় ও তাহা হইতে আমরা ভ্রম্ট হইয়া পড়ি ও প্রাকৃতিক ক্রেমোন্নতির পথ আরও ভাবকক হয় বা আমরা কুল-ধর্ম হারাইয়া বসি।

উৎসন্নকুলধর্মাণাং মনুষ্যাণাং জনার্দ্দন। নরকে নিয়তং বাসো ভবতীত্যকুশুশ্রুম॥ ৪৩

জনার্দ্দন! উংসন্নকুল-ধর্মাণাং মনুস্থাণাং নিয়তং নরকে বাসঃ ভবতি ; ইতি অনুভ্ঞাম।

জনার্দ্দন! এইরূপ শ্রুতি আছে—কুলধর্ম নষ্ট হইলে, মনুষ্য-সকলের নিয়ত নরকে বাস হয় । নিমগতিকে নরক বলে। যেখানে লোকসকল উর্দ্ধণতি হারাইবামাত্র নীত হয়, তাহাকে নরক বলে। ন=লওয়া+অক, এইরপে নরক শক্রের উৎপত্তি। উর্দ্ধগতি হারাইবামাত্র লোক-সকলের গতিচ্যুতি হয়; এবং সেই জক্মই উহা নরক বলিয়া অভিহিত। পূর্ব্বে উল্লিখিত হইয়াছে, ধর্মকার্য্যের অভাব হইলেই অধর্ম সঞ্চারিত হয়; এবং অধর্ম হইতে নরক-প্রাপ্তি অবশ্যস্তাবী; ধর্মকার্য্য করিব না, অধর্মও করিব না, এরূপ হইতে পারে না, এ কথা পূর্বেব সবিস্তারে বৃঝাইয়াছি। স্থতরাং কুল-ধর্ম উচ্ছেদিত হইলে বা প্রাকৃতিক ক্রমোন্তির পথ হইতে বঞ্জিত হইলে, গতিচ্যুতি বা নরক-লাভ যে অবশ্যস্তাবী, তাহা স্পষ্ট বৃঝা যাইতেছে।

জনার্দন বলিয়া সম্বোধন করিবার কারণ—জনার্দন শব্দের অর্থ—শ্রস্টা ও প্রালয়কর্তা। জন অর্থে—জন্মান বা স্কলন করা এবং অর্দ্দন অর্থে—সংহার বা নাশ। যিনি স্কলন ও প্রলয়ের কর্তা, তাঁহাকে জনার্দন বলে। আমাদিগের এই উদ্ধাতি ও নিয়গতি— আমাদিগের স্প্রতি ও ধ্বংসের কারণ বলিয়া, সেই স্পৃত্তি ও ধ্বংস যাঁহার ইচ্ছায় সংসাধিত হয়, ভগবান্ যে রূপে স্কলন ও ধ্বংস করেন, অর্জ্ঞন সেই রূপ সারণ করিয়া নরকবাসের কথা বলিলেন।

প্রতি মৃহূর্ত্তে আমরা মরিতেছি—প্রতি মৃহুত্তে আমরা ন্তন হইয়া জন্মাইতেছি। আমাদিগের প্রাণশক্তি প্রতি শ্বাসগ্রহণে সংঘৃষ্ট ও উদ্দীপিত নূতন বর্ণরঞ্জনায় অভিব্যন্তঃ হইয়া আমাদিগের দেহকে তদন্ত্যায়ী ভাবে গঠিত করিতেছে; এবং পুরাতন ভাবটুকু প্রশ্বাসের দঙ্গে সঙ্গে ধ্বংসীভূত হইয়া, বহির্গত হইয়া যাইতেছে—সঙ্গে সঙ্গে তাহার স্থুল ও স্ক্রা দেহের পরমাণুগুলি বিনষ্ট হইতেছে। এইরূপে মৃত্যু ও জন্ম আমাদিগের স্থুল ও স্ক্রাদেহের উপর অনবরত আধিপত্য করিতেছে। যথন আমরা সাজিক গুণের দারা পরিচালিত হই, তথন এই স্ক্রন বা পোষণ অধিক মাত্রায় হইতে থাকে; এবং সেই পোষণ-শক্তি-প্রভাবে আমরা উর্দ্ধেগতি লাভ করিতে থাকি। রক্ষঃ ও তমঃশক্তি দারা পরিচালিত হইলে, আমাদিগের মৃত্যুরূপ ধ্বংসকার্য্য সম্পন্ন হয় ও এ ধ্বংসশক্তিপ্রভাবে আমাদিগের নিম্নগতি হয়। অহর্নিশ এইরূপ উর্দ্ধ নিম্নগতির প্রভাবে ও অনুপাতে আমরা একটা স্থায়ী ভাবের উর্দ্ধ বা নিম্নগতি প্রাপ্ত হই। এইরূপে আমরা ভগবানের যে শক্তির দারা গতি লাভ করিতে থাকি, তাহাকে জনার্দ্দিন বলে।

যাহা হউক, আমাদিগের এই গতিকে কুল-ধর্ম বছ পরিমাণে সাহায্য করে। আমাদিগের কুল ঐক্নপ গতির একটা স্থায়ী অবস্থা বা স্তর মাত্র। যেমন কোন ত্তিতল প্রাসাদে আরোহণ করিতে হইলে, সোপানে সোপানে শ্রমণ করিয়া এক একটা তল পাওয়া যায় এবং সেই তলে কিছুক্ষণ অবস্থান করিয়া, আবার সোপান বহিয়া উর্দ্ধতন তলে আরোহণ করিতে হয়, তদ্রপ আমাদিগের প্রাকৃতিক ক্রমোন্নতি যেন এরপ সোপান এবং মহয়, পশু, পক্ষী বা শৃত্ত, বৈশ্ব, ব্রাহ্মণ, ইত্যাদি যেন এক একটি তল। এই তলগুলির শান্ত্রীয় নাম—কুল।

কুলের দ্বারা আমাদিগের এই গতি বিশেষ সাহায্য প্রাপ্ত হয়। যেমন বেগবান্ পশু লক্ষ্ প্রদানের সময় ধরণীর উপর ভর দিয়া, ধরণীর প্রতিরোধ-শক্তির সাহায্যে লক্ষ্ণরূপ ক্রিয়াটী বেগে সম্পাদন করিতে সমর্থ হয়, মাটির উপর বেগে দমক না দিলে, যেমন লক্ষ্ প্রদান অসম্ভব হইয়া উঠে, তদ্রেপ আমাদিগের গতিও এক একটা স্থায়ী কুলে ভর দিয়া নব বেগ প্রাপ্ত হয় এবং ধর্মা বা উর্দ্ধগতিজনক কার্য্য সকল সময় করিতে না পারিলেও সহসা নিম্নগতি-প্রভাবে সে কুল ছাড়িয়া নিম্নতর কুলে গতি হয় না। অবশ্য বহুল পরিমাণে নিম্নগতি প্রাপ্ত হইলে কুল ছাড়িয়া অস্থ কুলে গতি হয়, কিন্তু সহসা স্বল্পমাত্র নিম্নগতির দ্বারা আমাদিগকে ক্রল ছাড়িয়া যাইতে হয় না; কুলের গতিরোধশক্তি কিছুক্ষণ আমাদিগকে ধরিয়া রাখিতে সমর্থ। এই প্রকারে কুল বা আমাদিগের গতির স্তর উর্দ্ধগতিকে সাহায্য ও নিম্নগতিকে প্রতিরোধ করে। কিন্তু কুল-ধর্ম পালন না করিলে কুল উৎসন্ন হয় ও তাহার এরপ উপকারিতা হইতে আমরা বঞ্চিত হইয়া নিম্নমূণে অথবা নরকে নীত হই।

তবে সাধকের প্রাণে ইন্দ্রিয়-ধর্ম পরিত্যাগের জন্ম এত আগ্রহ আসে কেন ? ভগবংলাভের ত্যা আসিলে, ইন্দ্রিয়ের উপর বৈরাগ্য হয় কেন ? বেদে আছে,—
"পরাঞ্চি খানি ব্যক্তণং স্বয়ম্ভঃ

তশ্বাৎ পরাক্ পশ্যতি নাহস্তরাত্মন্।"

ইন্দ্রিয়াণ পরের অনুগত হইল দেখিয়া, স্বয়স্তৃ তাহাদিগকে অভিশপ্ত করিয়াছেন। অথবা স্বয়স্তৃ ইন্দ্রিয়গণকে বাহাদৃষ্টিসম্পন্ন করিয়াছেন বলিয়া স্বস্তুরাত্মাকে তাহারা দেখিতে পায় না।

বস্তুতঃ তথন সাণকের প্রাণ যাহা খুঁজিতেছে, তাহা ত ওতপ্রোতভাবে সমগ্র ব্রহ্মাণ্ড ব্যাপিয়া অবস্থিত। ভগবানের অভাব কোথায় ? ইন্দ্রিয় যাহা বহন করিয়া আনে, তাহাও ভগবান্; তবে ইন্দ্রিয় সেগুলিকে ভোগ্য বিষয় বলিয়া গ্রহণ করে ও তাহার অনুগত হইয়া পড়ে বলিয়া, তাহারা ভগবান্কে ভগবান্ বলিয়া চিনিতে পারে না ও প্রাণকে চিনিতে দেয় না। তাই প্রাণ ইন্দ্রিয়-ধর্ম পরিতাগের জক্ম লালায়িত হয়। তাই সাধকের প্রাণ ইক্সিয়-সকলকে বিশ্বাস্থাতক ভাবিয়া, তাহাদিগের উচ্ছেদসাধনে যত্মবান্ হয়। কিন্তু তারপর বিচার ও তত্ত্ব-বিশ্লেষণের দারা ইন্দ্রিয়-ধর্মের উচ্ছেদে পূর্ব্বোক্তরূপ ধর্মনাশের আশকা দেখিয়া, সে সাধক উভয়-সক্কটে পড়ে; কি করিবে, বির করিতে পারে না। ভাবে—ইন্দ্রিয় ছাড়িলে মহাপাপ হইবে।

অহো বত মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্। যদ্রাজ্যস্থালোভেন হস্তুং স্বজ্বমুগুতাঃ॥ ৪৪

অহো বত বয়ং যৎ রাজ্যস্থলোভেন স্বজনং হস্তম্ উন্নতাঃ (তস্মাৎ) মহৎ পাপং কর্তুং ব্যবসিতাঃ।

হায়! আমরা যখন রাজ্যস্থলোভে স্বজন-বধে উভত হইয়াছি, তথন মহা-পাপ করিতে যত্নবান্ হইয়াছি (বুঝিতে হইবে)।

স্বার্থান্ধ হইয়া আত্ম-প্রতিষ্ঠার জন্ম সমস্ত ভাসাইয়া দিয়া, আশ্রম-ধর্মকে অবহেলা করিতে উন্নত হইয়া, নিশ্চয় মহাপাপের দিকে অগ্রসর হইতেছি।

যদি মামপ্রতীকারমশস্ত্রং শস্ত্রপাণয়:। ধার্ত্তরাষ্ট্রী রূপে হকুয়স্তক্ষে ক্ষেমতরং ভবেৎ॥ ৪৫

যদি রণে অপ্রত[া]কারম্ অশস্ত্রং মাং শ**রপাণয়ঃ ধার্তরাট্রা হয়ুঃ, ডৎ মে** ক্ষেমতরং ভবেৎ।

যদি যুদ্ধে প্রতিরোধ-বিমুখ অশস্ত্র আমাকে সশস্ত্র কৌরবগণ বধ করে, তাহা
আমার পক্ষে পরম মঙ্গলকর।

প্রকৃতি আমাকে কুলে কুলে ভাসাইয়া লইয়া চলিয়াছে, আমিও পূর্ব্ব পূর্ব্ব জন্মবৎ বিনা রোধে, বিনা প্রতীকারে তেমনই ভাসিয়া ভাসিয়া যাইব। শাত্তের অবমাননা করিয়া ইন্দ্রিয়-ধর্মা পরিত্যাগ করিব না। এত জন্ম ধরিয়া যে সমস্ত ইন্দ্রিয়-জ্ঞান ফুটাইয়া তুলিলাম, আজ সহসা তাহার উচ্ছেদ-সাধনে যত্ববান্ হইব না। তাহাতে আমার অমঙ্গল সাধিত হয় হউক।

সঞ্চয় উবাচ এবমুক্ত্বাৰ্জ্জ্ব: সংখ্যে রথোপস্থ উপাবিশৎ। বিস্কৃত্য সশরং চাপং শোকসংবিগ্নমানসঃ॥ ৪৬ এবম্ উক্ত্রা শোকসংবিগ্নমানসঃ (সন্) সংখ্যে সশরং চাপং বিস্ঞা অর্জ্নঃ রখোপস্থে উপাবিশং।

সঞ্জয় বলিলেন,—এইরূপ কহিয়া শোকাকুল-চিত্তে রণস্থলে ধমু শর পরিত্যাগ করিয়া, অর্জ্জুন রথোপরি উপবেশন করিলেন।

বছ দিন ধরিয়া বৈরাগ্যে কৃতনিশ্চয় হইয়া, নানা প্রকারে সমরায়োজন করিয়া, তার পর রণপ্রাস্তরে অরি-পক্ষের সম্মুথে দাঁড়াইয়া, এইরূপে অরি হনন করিব না বিলিয়া অন্ত্র-শন্ত্র পরিত্যাগ করা অতি বিচিত্র। এমন অপূর্ব্ব ভাব বুঝি আর নাই। সব ছাড়িয়া, শুধু কবিহ হিসাবে দেখিতে গেলেও ইহার তুলনা নাই। কত দিনের আশাকে—কত দিনের আকাজ্ঞাকে মুহুর্ত্তের মোহ এইরূপে হৃদয় হইতে বিতাড়িত করিতে প্রয়াস পায়।

শুধুইহা নহে। মায়ার রহস্ত ভেদ করা অসম্ভব। পলকে পলকে যাহার নির্যাতনের জন্ত প্রতিজ্ঞাবদ্ধ হইয়াছি—পলকে পলকে যে মায়াকে লোহ-কারা ভাবিয়া, বাহির হইবার জন্ত অবিরাম পরিশ্রম করিয়াছি,—অক্লান্ত অধ্যবসায়ে যে মায়ার বাঁধন ছিঁ ড়িয়া ফেলিতে অহর্নিশ যত্ন করিয়াছি—যে মায়াকে রাক্ষনী ভাবিয়া, পলকে পলকে আমার রক্তশোষণ করিতেছে ভাবিয়াছি—যে মায়ার বক্ষে পদাঘাত করিয়া, মেঘমুক্ত সুর্যোর মত স্বাধীন স্বপ্রকাশ ভাবে দাঁড়াইব বলিয়া বছ দিন হইতে হুদয়ে আশা পোষণ করিয়া আসিয়াছি, আজ সহসা সমস্ত আয়োজন পূর্ণ করিয়া—সমস্ত শক্তি সংগ্রহ করিয়া, সে রাক্ষনী বধের জন্ত তাহার সম্মুখে উপস্থিত হইয়া দেখিলাম—এ কি । এত রাক্ষনী নহে, এ যে স্নেহের মোহিনী মূর্ত্তি—এ যে মাতৃ-হৃদয়ের স্নেহকক্ষণার মূর্ত্তিময় বিকাশ—এ ত বিমাতা নহে, এ যে শ্বাংশ্বার স্বিশ্ব পরশ।

এ কি ! আমি কি করিতেছিলাম ! বিশ্বাসী প্রভুতকে ভৃত্যকে কৃতন্ন ভাবিতেছিলাম—গুরুকে বধ্য ভাবিতেছিলাম—ভাতাকে শত্রু ভাবিতেছিলাম ! সব ভাসাইয়া দিয়া, সর্বস্থাধ জলাঞ্চলি দিয়া, এরূপ ভাবহীন আত্ম-প্রতিষ্ঠায় প্রয়োজন কি ?

কেন আমি ইন্দ্রিয় ছাড়িব ? ইন্দ্রিয় সাহায্যে জগংকে যেমন প্রত্যক্ষ ভাবে উপভোগ করি, তেমনি প্রত্যক্ষভাবে ইন্দ্রিয় সাহায্যে কেন ভোমায় ভোগ করিতে পাইব না ? ভগবন্। আমার এই চশ্মচক্ষু কেন ভোমায় দেখিতে পাইবে না ? আমার শ্রবণদ্বয় কেন ভোমার মধুময় স্নেহের আহ্বান শুনিয়া কৃতার্থ হইবে না ?
আমার করদ্বয় কেন ভোমার রক্তচরণ স্পর্শ করিয়া অভ্তপূর্ব্ব স্পর্শস্থ অমুভব
করিবে না ? আমার ইন্দ্রিয়সকল স্ব স্থাক্তি অমুযায়ী ভোমার আলিঙ্গনাস্বাদ
কেন পাইবে না ? আমায় যেমন ইন্দ্রিয়ময় করিয়া তৃলিয়াছ, তৃমিও ভেমনি
ইন্দ্রিয়ময় হইয়া কেন আমার সম্মুখে আসিবে না ? তা যদি না আসিবে, কেন
আমায় ইন্দ্রিয়-ধর্ম্মে অভ্যস্ত করিয়া তৃলিলে ? তা যদি না আসিবে, তবে কেন
আমায় ইন্দ্রিয়সকল ফুটাইয়া তৃলিতে জন্ম জন্ম ধরিয়া নানা যোনিতে ঘুরাইয়া
ঘুরাইয়া এত যন্ত্রণা দিলে ? তা যদি না আসিবে, তবে এত করিয়া সমাজ-ধর্মসকল বিধিবদ্ধ করাইয়াছ বেন ? আজ সহসা আবেগে পড়িয়া সমস্ত কেমন
করিয়া পরিত্যাগ করিব ? আজ সহসা স্থা ভাবিয়া, কেমন করিয়া সব মুছিয়া
কেলিব ? সত্য যদি সব স্থাবৎ, তবে স্বপ্নেই আমি ভোনায় ভোগ করিতে চাহি।
সব যদি নিথ্যা, তবে এই মিধ্যারই মাঝে ভোমায় আমি প্রভ্যাঞ্চ করিতে চাহি।

যে আত্ম-প্রতিষ্ঠায় তোনায় মা বলিয়া সম্বোধন করিতে বাক্য থাকিবে না, যে আত্মপ্রতিষ্ঠায় তোনার সঙ্কে ঝাঁপাইয়া পড়িয়া, তোনার কণ্ঠ জড়াইয়া ধরিবার জন্ম বাহুদ্বয় থাকিবে না, যে আত্মপ্রতিষ্ঠায় তোনার স্নেহভারনম কোমল মনোমুগ্ধকারী বঙ্কিম নয়ন দেখিবার জন্ম চক্ষু থাকিবে না, যে আত্মপ্রতিষ্ঠায় চক্ষের
ভিতর দিয়া আকর্ষণের প্রবল তড়িং ছুটিবে না, যে আত্মপ্রতিষ্ঠায় মিলনের
ত্ম্থসস্তোগের জন্ম হাদয় থাকিবে না, সে আত্মপ্রতিষ্ঠায় প্রয়োজন কি ?

যথার্থ ইন্দ্রিয় ধর্ম পরিত্যাগে কৃতসঙ্কল্ল হইলে, প্রাণে এইরূপ আশক্ষা আসে, এইরূপ নোহ হৃদয়কে অভিভূত করে। ইন্দ্রিয়তত্ব উত্তমরূপে জাত না থাকায় অজ্ঞ, নিয়াধিকারী সাধকের প্রাণ এইরূপে কাঁপিয়া উঠে—এইরূপে বিষাদ-বিমণ্ডিত হয়।

বস্তুতঃ আক্সপ্রতিষ্ঠা যে ইন্রিয়ের উচ্ছেদ নহে, ইন্রিয়ের পূর্ণ অভিব্যক্তি, ত.হা তখন সে জানে না। আত্মপ্রতিষ্ঠায় ইন্রিয় উচ্ছেদিত হয় না, ইন্রিয়-সকলের অবয়ব মাত্র উচ্ছেদিত হয়, অথচ তা্হাদিগের কার্য্যকারিতা অটুট থাকে; বরং ফুটতর হয়। আমরা দিন দিন যত শক্তিমান্ হইতেছি, আমাদিগের ইন্রিয়-সকলও তত স্থুল ও জড় ভাব হারাইয়া, স্ক্র ও ব্যাপকরূপে কার্য্যকারী হইতেছে। স্থুল কোষে সংযুক্ত থাকিয়া ও তাহাতে কার্য্য করিয়া শক্তি যত বলবতী হইতে থাকে, স্থুলের সাহায্য ততই আমরা ক্রেমে ক্রেমে পরিত্যাগ করি। ক্রমণঃ এমন

সময় আইসে, যখন স্থূল অংশ না থাকিলেও আপনি স্থূলের বিনা সাহায্যে কার্য্য করিতে সক্ষম হই। এবং ঐ অবস্থাই নিরবয়ব অথচ সম্পূর্ণ বিকাশময়— নিরাকার অথচ স্থপ্রকাশ—কার্য্যহীন অথচ শক্তিময়—সর্ব্বেক্সিয়-বর্জ্জিত অথচ সর্ব্বেক্সিয়ের গুণাভাসযুক্ত অপূর্ব্ব অবস্থায় পৌছাইয়া দেয়।

আমাদিণের উদ্ধ'ণতি অর্থে—ছুলের সাহায্য ব্যতীত কার্য্যকারিতার অভি-ব্যক্তি। যে যত দেহের সাহায্য ব্যতীত ইন্দ্রিয়-কার্য্য সম্পন্ন করিতে সমর্থ, তাহার তত উদ্ধাণতি হইতেছে ব্রিতে হইবে। এরপ কার্য্যকারিতার অনুসারে লোক হইতে লোকান্তরে জন্মপরিগ্রহণ ও বসবাস হয়। আমার যে পরিমাণে এরপ শক্তির সঞ্চয় হইয়াছে, সেই পরিমাণে সেই শক্তি যে লোকে ক্রিয়াশীল, সেই লোকে আমার জন্ম হইবে, ইখা স্থির সিদ্ধান্ত। এইটা সুল দৃষ্টান্ত দিয়া ব্ঝাই।

মনে কর, তুমি যোগ অভ্যাস করিতেছ। যোগ অভ্যাস করিলে, দেহ বায়ুবং লঘু হয়। এমন কি, খুব ছর্বল মন্তুয়াও তোমার দেহকে তুলিতে সক্ষম হয়; অবশ্য কোন যৌগিক শক্তির সাহায্যে তুমি দেহকে পর্ববতবং গুরু করিয়া তুলিতে পার ; এবং সেই শক্তির সাহায্যে তুমি খুব শক্তিমান্ পুরুষকেও তোনার দেহ চালনে অসমর্থ করিতে পার; কিন্তু সাধারণতঃ কোন শক্তি প্রয়োগনা করিলে, যোগীর দেহ লঘিমা প্রাপ্ত হয়। তোমার চক্ষুও জ্যোতিমান হইয়া উঠে। আমরা যে সূর্য্যের দিকে এক মুহুর্ত্ত চাহিতে পারি না, ভূমি অনায়াদে সেই সূর্য্যের দিকে বছক্ষণ স্থিরদৃত্তে চাহিয়া থাকিতে সমর্থ হও। তোমার প্রবণশক্তিও তীক্ষতর হয়। তুমি অহর্নিশ জগদ্ব্যাপী প্রণব-নাদ শুনিতে পাও। এ পৃথিবী বায়ু-মণ্ডলের মধ্যে থাকিয়া নিয়ত ঘুরিতেছে বলিয়া, সেই গতি হইতে একটা গভীর ত্মমধুর রব অহনিশ বারুমণ্ডলে সঞ্চারিত আছে। সে শব্দ যোগাভ্যাস করিলে ত্রনিতে পাওয়া যায়। তোমার প্রাণও তীক্ষতর হয়, সাধারণ মহয়ু যে পরিমাণ বায়ু না পাইলে শ্বাস অবরোধের কষ্ট পায়, তুমি তাহা অপেক্ষা বহু পরিমাণে অল্প বায়ুতে জীবন ধারণ করিতে সক্ষম হও। তোমার নাসিকা জগতের স্থগন্ধের আভাণ পায়। পৃথিবীর একটা সুগন্ধ আছে, সাধারণ মনুষ্য তাহা পায় না, জন্মকাল হইতে তাহাতে অভ্যস্ত না থাকায় সাধারণ মহুয়্যের আণেক্সিয় আর সে গন্ধামুভূতি মনে জনাইতে পারে না; কিন্তু যোগাভ্যাসনিরত ব্যক্তি অনায়াসে থাকিয়া থাকিয়া সে গদ্ধের আত্রাণে বিমুগ্ধ হয়। যোগশক্তির পরিচালনে তোমার এমন অভ্যাস হইয়াছে যে, বহু দূরে কেহ তোমাকে কোন খাছজব্য উৎসর্গ করিয়া দিলে, কিন্তা কোন খাছাজবা দেখিবামাত্র তুমি তোমার জ্বিহ্বায় তাহার আন্বাদ পাইয়া থাক; এবং তোমার স্পর্শনজি তীক্ষতা লাভ করে; তোমার অনতিদ্বে কাহারও অঙ্গে কোনরূপ আ্বাভ করিলে, তোমার অঙ্গে সে আ্বাভ অন্তভ্ব করিতে পার। এ সব শক্তির দৃষ্টাস্তের অভাব নাই।

যাহা হউক, এখন যদি তুমি এই অবস্থায় দেহত্যাগ কর, তাহা হইলে ছুলভাবে দেখিতে গেলে ও ভোমার পূর্বে পূর্বে কর্ম অনুকূলে থাকিলে স্পষ্ট বুঝা যায়, ভোমার সূর্য্যলোকে জন্ম হইবে। ভোমার লঘিমাবশতঃ স্থালোকে আর লঘুতা অন্তভ্তর থাকিবে না। সূর্য্যের মাধ্যাকর্ষণী শক্তি পৃথিবীর মাধ্যাকর্ষণী শক্তি অপেক্ষা বহু পরিমাণে অধিক। যদি পৃথিবীর একটা সাধারণ বলশালী ব্যক্তি কোনক্রমে এই দেহ লইয়া সূর্যালোকে যাইতে পারে, তাহা হইলে সেখানে তাহার চলচ্ছক্তি এককালে রোধ হইবে । সুর্য্যের প্রবল মাধাকর্ষণী প্রভাবকে পরাস্ত করিয়া, পদচালনা করিবার সামর্থা তাহার নাই। সেথানে তাহাকে স্থাণুভাবে থাকিতে হইবে; অথবা এথানে দৌড়াইতে হইলে যেরূপ বেগ প্রদান করে. দেখানে দেইরূপ বেগ প্রদান করিয়া হয় ত ছু এক পাদ সংক্রমণ করিতে সমর্থ হইবে। আবার স্থ্যলোকের জীব যদি পৃথিবীতে আদে, তাহা হইলে সেখানে পদচালনা করিতে যেরূপ শক্তি প্রয়োগ করে, এখানে সেইরূপ শক্তি প্রয়োগমাত্র হয় ত সে অর্দ্ধ ক্রোশ দূরে নীত হইবে। সূর্য্যের প্রবল মাধ্যাকর্ষণী শক্তিতে বিচরণে অভ্যস্ত বলিয়া, পৃথিবীর স্বল্প মাধ্যাকর্ষণী শক্তি, তাহার দেহের পক্তে তুর্বল বলিয়া বিবেচিত হইবে। স্থতরাং পৃথিবীতে তুমি লঘিমাসিদ্ধি লাভ করিলে, সেই শক্তির সামঞ্জস্ত রক্ষা করিতে সূর্যালোকই উপযুক্ত স্থান। অর্থাৎ मकातिनी मक्ति पूर्वारलारक वनवारमाभय्क श्रेशार् विनया व्विर७ श्रेरव।

তোমার চক্ষুর জ্যোতিধারণশক্তির তীক্ষতাবশতঃ উহাও স্থালোকের উপযোগী হইয়াছে। যদি পৃথিবীর সাধারণ কোন মনুষ্য স্থালোকে যায়, তাহা হইলে স্থ্যের প্রচণ্ড জ্যোতিতে তাহার দৃষ্টিশক্তি তৎক্ষণাৎ নফ হইয়া যাইবে। কিন্তু স্থালোকস্থ কোন জীব এখানে আসিলে, হয় ত ছই ক্রোশ দূরবর্তী পদার্থ তাহার নয়নে স্পষ্ট প্রতিফলিত হইবে; তীক্ষ জ্যোতির সন্নিধানবশতঃ তাহার দর্শনেব্দিয় এত তীক্ষ হইয়াছে; মুতরাং তোমার যোগশক্তির দারা যদি দর্শনেব্দিয় প্রবল হইয়া থাকে, তাহা হইলে উহা স্থালোকে কার্য্যকারী হইবার উপযোগী হইয়াছে বুঝিতে হইবে এবং তোমার স্থালোক-প্রাপ্তি ম্নিশ্চিত।

তোমার প্রাণধারণের জন্ম পৃথিবীর ঘন বায়ুমণ্ডল আর তত প্রয়োজন হয় না, তুমি যোগ চর্চায় রত থাকায় তোমার খাস-প্রশাস নাসাভ্যস্তরচারী হইয়াছে। স্বতরাং সূর্য্যমণ্ডলের মত বায়ুহীন বা অল্পমাত্র বায়ুচাপযুক্ত স্থানেও প্রাণকার্য্য সম্পাদনে তুমি উপযুক্ত হইয়াছ বুঝিতে হইবে। স্বতরাং এরপ সংস্থার প্রাপ্তিবশতঃ পরজন্ম তোমার এরপ স্র্য্যাদি লোকে গতি সম্ভব।

তোমার প্রাণশক্তির তীক্ষতাবশতঃ তুমি বায়ুর সাহায্য ব্যতীতও শুনিতে পাও বলিয়া, তোমার ইন্দ্রিয়-সংস্কার ঐরপভাবে রচিত হইয়াছে; স্ক্তরাং বায়ুশৃয়্য় বা স্ক্রমাত্র বায়ুবেষ্টিত স্র্গমণ্ডলেও তুমি অনায়াসে শব্দাদি শুনিতে সক্ষম হইবে। এবং এই জন্ম তোমার ঐ সংস্কার নিজশক্তির উপযুক্ত কার্য্যকারী ক্ষেত্র স্র্গ্যবৎ লোকে তোমায় লইয়া যাইবে, ইহা স্থানিশ্চিত। এইরপ সকল ইন্দ্রিয়ের সম্বন্ধে ব্রিতে হইবে। সংস্কার হইতে ইন্দ্রিয় জন্মে। পরজন্মে এ দেহ থাকিবে না; তবে এ দেহের শক্তি পরজন্মে কিরূপে কার্য্যকরী হইবে, এ আশঙ্কা কেহ করিবেন না। কার্য্য—দেহ করে না, কার্ম্য—সংস্কার করে। সংস্কার কার্য্যোপযুক্ত দেহ নির্মাণ করিয়া লয়।

যাহা হউক, ইহা হইতে স্পষ্ট বুঝা গেল, ইন্দ্রিয়কার্য্য স্থকৌশলে সম্পাদিত হইলে, কি প্রকারে উহা স্ক্ষতা অথবা প্রবল কার্য্যকরী শক্তি লাভ করে ও আমাদিগকে উদ্ধণতি প্রদান করে। কালে ইন্দ্রিয় নিরবয়বন্থ লাভ করিলেও, তাহার কার্য্যকরী শক্তির আভাস চিরবর্ত্তমান থাকে।

কিন্তু নিম্নাধিকারী সাধক এ তত্ত্ব বুঝিতে পারে না বলিয়া, ইন্দ্রিয় হারাইবার ভয়ে ভীত হয়। বৈরাগ্যকে ইন্দ্রিয়ের উচ্ছেদ বলিয়া মনে করে ও ইন্দ্রিয়শক্তি হারাইবে বুঝিয়া পূর্ব্বোক্তরূপ বিষাদে তাহার মর্ম্ম গীড়িত হইতে থাকে। ইহাই সাধকের প্রথম অবস্থা বা প্রথম যোগ।

বিষাদযোগ সমাপ্ত।

শ্রীসভগবদগীতা।

দ্বিতীয় অধ্যায়।

.

সাথ্যাথেশাগ !

→--|-|- **→-**-

সঞ্চয় উবাচ। তং তথা কুপয়াবিকীমশ্রুপূর্ণাকুলেক্ষণম্ । বিষীদন্তমিদং বাক্যমূবাচ মধুসূদনঃ॥ ১

তথা কৃপয়া আবিষ্টম্ অঞ্পূর্ণাকুলেক্ষণং বিষীদন্তং তং মধুস্দন ইদং বাক্যম উবাচ।

ব্যবহারিক অর্থ।—সেইরূপ কুপাবিষ্ট, অঞাপূর্ণ আঁথি, বিষাদযুক্ত অৰ্জুনকে মধুস্দন এই কথা বলিলেন।

ষৌগিক অর্থ।—বিষাদের গভার অন্ধকারে সাধকের হৃদয় পরিপ্রিত হইয়া উঠিলে, মায়ার মায়ায় প্রাণশক্তি আচ্ছয় হইলে, এক দিকে ভগবদ্বিরহের কাতরতা, অন্থ দিকে ইল্রিয়াদির মায়া, এইৣউভয়-সয়টে সাধকের প্রাণ বিজড়িত হইলে, সেই সময়ে ভগবছপদেশ শুনিতে পাওয়া য়য়। ভগবচ্চিস্তা করিছে উপবিষ্ট হইয়া, ক্রমশঃ মন চারি দিক্ হইতে প্রত্যাহৃত হইলে—প্রাণশক্তি কেন্দ্রীভূত হইলে, সেই মহামুহুর্ত্তে সাধকের হৃদয়ে এক অপূর্ব্ব ব্যাপার সংঘটিও হয়। সেই সময়ে ইল্রিয়প্রাম ছাড়িয়া, ভাবগ্রামে বা চিৎরাজ্যে প্রবেশ করিতে ভাহার প্রাণ কাঁপিয়া উঠে। অন্ধকারময় সংকীর্ণ ইল্রিয়-পথে বিচরণ করিয়া, প্রাণ সংকীর্ণতা প্রাপ্ত হইয়া থাকে; মুতরাং সহসা চিৎরাজ্যের আলোকময় বিশাল বিস্তারে প্রবেশ করিতে সে ভীত, সঙ্কুচিত, বিষাদগ্রস্ত হইয়া পড়ে।

যোগের পথে আর অগ্রসর হইতে পারে না। সেই সময়ে সেই সঙ্কটাপন্ন সাধকের প্রাণে সর্বপ্রথম ভগবান্ যে ভাবগুলি ফুটাইয়া দেন—যে ভাবেব ও জ্ঞানের আশাসবাণী প্রাণকে উৎসাহিত ও তুবীয়ের ক্লিকে অপ্রসর করিয়া দেয়—প্রথম যে ভাবের দ্বারা প্রাণশক্তি সাহায্য প্রাপ্ত হয়, উহাকে সাংখ্যযোগ বলে। কিন্তু বিষাদের গভীর অন্ধকারে প্রাণ পূর্ণ না হইলে, এ সাংখ্য অবস্থার আখাদ পাওয়া যায় না। আজকাল অনেকেই যোগতর শিখিবার জন্ম আগ্রহ প্রকাশ করেন, এবং সদ্গুক্তর অভাবে কিছু হইল না ভাবিয়া, বিমৃত্ হইয়া আপনাকে ও কালকে ধিকার দেন। কিন্তু যে জিনিব হইলে সদ্গুক্ত লাভ হয়—যে পাছ্যপ্রদান করিলে ভগবংকুপাব সন্ধান পাওয়া যায় —যোগেব যাহা মূল উপাদান—মাতৃলাভের যাহা সর্ববিশ্রেষ্ঠ উপায, তাহা ভাঁহাদিগেব ভিতব খুঁজিয়া পাওয়া যায় না। প্রাণে বিচ্ছেদের উপলব্ধি, আকুল পিপাদা ও মায়েব সন্ধান পাইতেছি না বলিয়া হতাশের দীর্ঘাস যতক্ষণ না আসিবে, ততক্ষণ সাধনার প্রয়াস বিভন্ননা মাত্র। চলচ্ছক্তি যাহার নাই, পথেব সন্ধান লইয়া ভাহাব লাভ কি ? জলম্রোত আপনি আপনাব পথ বাহির কবিয়া লয় ও প্রণালী কাটিয়া দিলে স্থগমে সাগব লাভ কবে; কিন্তু স্রোত না থাকিলে শুক্ত প্রণালী পডিয়া থাকে।

প্রীভগবাছবাচ।

কৃতস্তা কশালমিদং বিষমে সমুপস্থিতম্। অনাধ্যজ্উমস্বৰ্গ্যমকাৰ্তিকরমৰ্জ্বন ॥ ২

প্রমান কুতঃ ইদ্য অনাগ্নপ্রইন্ অন্নর্গ্যন্ অকীর্ক্তিকরং কথালং বিদ্রুত্ব হা ক্রমুগ্রন্থিকেন্।

র্মেরারিক ক্মর্থ।—হে আর্ক্ন। কোথা হইতে এইরূপ অনাধ্যন্ত্র নিরমুখী ক্লাইনির্কির মোহ, এই সঙ্কট সময়ে ভোমার হৃদয়ে উপস্থিত হইল।

্যৌগিক আর্ম।—পূর্ব্বোক্তরাপ সম্কটাপর অবস্থায় কিছু দিন অবস্থিতির পর, মালা নিশান্তে উবার আলোকের মত শক্তির নবরাথ প্রাণে জাগিয়া উঠে। প্রাণের ভিক্তর কে যেন বলিতে থাকে,— কেন ভূমি এরপ মোহাক্রান্ত হইছেছ । এইটাই মহাসম্কটাপর অবস্থা। এই রিষম অবস্থা হইতে উত্তার্ণ হইলে, তোমার প্রাণ স্বাধীনভার আন্ধানন পাইরে। এ সময়ে কেন ভূমি এত মুহ্মমান ?'

ক্লৈব্যং মান্দ্র গম: পার্ধ নৈতৎ ত্বয়ূপপত্ততে। ক্ষুদ্রং হদয়দৌর্বল্যং ত্যক্তোতিষ্ঠ পরস্তপ॥ ০

পার্থ! ক্রৈব্যং মাম্ম গমঃ, এতং ছয়ি ন উপপদ্ধতে; পরস্তপ! ক্রুমং ক্রম্মেই দৌর্ববলাং ত্যক্তা উত্তিষ্ঠ।

ব্যবহারিক অর্থ।—পার্থ। কাতর হুইও না; কাতরভা ভোমার উপযুক্ত নহে; হে পবন্তপ। ভুচ্ছ ক্রময়দৌর্বেল্য পরিত্যাগ করিয়া উপিত হও।

যৌগিক অর্থ।—ভগবান্ সাধককে এ স্থলে পরস্তুপ বলিয়া সম্ভাষণ করিলেন।' পরস্তুপ কথাটাতে যেন তিনি এই বলিতেছেন, জীব! তুমি পরমতেজঃশালী, দৌর্বল্য তোমার ধর্ম নহে। তুমি ভোমার গুপু, শক্তিসকলেব ব্যবহার কর্ম, তোমার শক্তি ক্ষুরিত হইলে, তোমার পক্ষে কিছুই অসম্ভব নহে। তুমি বাহা এখন সম্কট বলিয়া বিবেচনা করিতেছ, উহা বস্তুতঃ সম্কট নহে, উহা দৌর্বল্য-মাত্র। এইরূপ দৌর্বল্যে অভিভূত হইলে, তুমি ক্লীবহ প্রাপ্ত ইইবে।

বস্তুতঃ পূর্ব্বাক্তরূপ বিষাদ হৃদয়-দৌর্বল্য ছাড়া আর কিছুই নহে। মায়া, জ্ঞানের ছদ্মবেশ পবিগ্রহণ করিয়া, ঐরূপে জীবকে জড়াইয়া রাখিবার চেফা করে। ঐ অবস্থায় একমাত্র নিজেকে তেজঃশালী, শক্তিমান্ পূরুষ বলিয়া চিন্তা করিয়া, আরও অন্তর্মুথে অগ্রসর হইতে হয়, কিন্তু নিম্নাধিকারী সাধক ভাহা পারে না।

পূর্ব্বে যে পিতৃশক্তি ও মাতৃশক্তির কথা বলিয়াছি, সেই শক্তিদ্বয়ের কোনটা যখন কার্য্যকরী না হয়, তখন ক্লীব অবস্থা। এরপ অবস্থাকেই ক্লৈব্য বলে। চিত্তের তুর্বলতাবশতঃ কর্ত্ব্য কর্ম্ম হইতে প্রতিনিবৃত্ত হওয়া ক্লীবন্থের লক্ষণ।

অৰ্জুন উবাচ।

কথং জীম্মকং সংখ্যে দ্রোণঞ্চ মধুসূদন। ইযুজ্ঞি শ্রতিযোৎস্থামি পূঞ্জার্ছাবরিসূদন॥ ৪

অবিস্থান মধুস্দন। অহং সংখ্যে পূজাহো ভীন্ম জোণক প্রতি কথা ইব্ভি: বোংশ্রামি।

বাঁবহারিক অর্থ ।—হে মধুসূদন। আমি কেঁমন করিয়া পূজনীয় ভীম ওঁ ডোলৈর সহিত রণগালৈ বাণসমূহ বারা মৃদ্ধ করিব; অর্থাৎ যাঁহাদিগের সহিতি মুদ্ধ করিব বলা অনুষ্ঠিত, ভাইাদিগাকৈ বাণের দারা কিরুপে বিদ্ধ করিব। যৌগিক অর্থ।—ব্রহ্মচর্য। বা ব্রহ্মান্থেষণ এবং শান্ত্রবিহিত কর্মাদি দারা আমরা জীবিত আছি। সাধকের প্রাণ যত দিন না মায়ের সন্ধান পায়, তত দিন মাতৃ-অন্থেষণে ফিরিবার জম্ম শক্তিসংগ্রহ ও মাতৃ-উদ্দেশ্যে শান্ত্রবিহিত কর্মাদি করিছে থাকে। তার প্রাণের প্রবল উৎকণ্ঠা মাতৃ-উদ্দেশ্যে কর্মাদি করিয়া কর্থকিং শান্তি লাভ করে। সে কর্মের উচ্ছেদসাধনে তার প্রাণ কি সন্তুই হয় ? কর্মাই তাহার গুরু, ব্রহ্মান্থেবণই তাহার প্রাণ, সে কি উহা পরিত্যাগ করিতে পারে ? সে কি আজ সহসা কর্মসকল জলাঞ্জলি দিতে পারে ? শান্ত্রবিহিত কর্ম আমাদের গুরু। কেন না, কর্ম হইতেই আমরা জ্ঞান লাভ করি। কর্মের সেবা না করিলে জ্ঞান উজিক্ত হয় না; ব্রহ্মান্থেবণরূপ মহাব্রতের সেবায় নিযুক্ত না থাকিলে, সে জ্ঞান প্রাণময় হয় না; স্বতরাং ব্রহ্মান্থেবণ ও কর্ম সাধকের গুরুন্থানীয়; তাহাদের বিপক্ষে সাধকের প্রাণ কি দাড়াইতে চাহে ? তাই পরশ্লোকে বলিতেছেন,—

শুরূনহত্বা হি মহানুভাবান্ শ্রেয়ো ভোক্তুং ভৈক্ষ্যমপীহ লোকে। হত্বার্থকামাংস্ত শুরূনিহৈব ভুঞ্জীয় ভোগান্ রুধির-প্রাদিশ্বান্॥ ৫

মহামুভাবান্ গুরুন্ অহতা হি ইহ লোকে ভৈক্ষ্য অপি ভোকুং শ্রেয়ঃ, গুরুন্ হতা তু ইহ ক্ধির-প্রদিগ্ধান্ এব অর্থকামান্ ভোগান্ ভূঞ্জীয়।

ব্যবহারিক অর্থ।—মহামুভব গুরুজনের হত্যা না করিয়া ভিক্ষার ভোজন করাও ভাল; কিন্তু গুরুবধ করিলে, আমাদিগকে তাঁহাদিগের ক্লধিরলিপ্ত অর্থ-কামরূপ ভোগ্যসকল উপভোগ করিতে হইবে।

যৌগিক অর্থ।—চিস্তাই আমাদিগের মনোময় দেহের আহার, এ কথা পূর্ব্বে বলিয়াছি। অন্নরসাদির দারা যেমন আমাদের দেহ পুষ্ট ও কার্য্যকারী হয়, চিস্তা দারা তেমনই আমাদিগের মনোময়কোষ পুষ্ট ও কার্য্যক্ষম হয়। কর্ম্ম ও ব্রহ্মান্থেষণরূপ গুরুবর্গ হইতে আমরা সংচিহারূপ আহার মনোময়কোষের জ্বস্থ সংগ্রহ করিতে পারি। কর্ম্ম আমাদিগকে ক্রমশঃ চিস্তাশক্তিপরায়ণ করিয়া ভূলে এবং সেই চিস্তাশক্তি-প্রভাবে আমাদের মনোময়কোষ অলৌকিক কার্য্য-সকল করিতে সমর্থ হয়। সেই জন্ম সাধক ব্রহ্মান্থেষণ ও শান্তাদিবিহিত যক্তাদি হইতে বিরত হইতে চাহে না। তাহার প্রাণ উহাদিগকে মনোময়কোষের স্করণতা বুঝিয়া, উহাদিনের প্রতি অতিরিক্ত সন্মান প্রদর্শন করে; এবং কৃতজ্ঞতাপ্রবশ হইয়া ভাবে, যদি ভিক্ষান্ধের দ্বারাও জীবনযাত্রা নির্ব্বাহ করিতে হয়,
ভাহাও শ্রেয়া, তথাপি গুরুহত্যা করিতে পারিব না; অর্থাৎ আশ্রমবিহিত কর্ম্মের
দ্বারা যদি জ্ঞান সম্যক্ পরিপুষ্ট নাও হয়—মন্ত প্রকারে সংচিন্তা সংগ্রহ করিয়া
যদি মনোময়কোষকে পুষ্ট করিতে হয়, তাহাও শ্রেয়া, তথাপি কর্ম্মবধ করিতে
প্যারিব না। কর্ম্মবধ করিলে আমাদিনের মনোময় দেহ ক্ষীণ ও রুধির-প্রদিশ্ধ
হইয়া যায়; অর্থাৎ যদি কর্ম্ম ছাড়িয়া অন্ত কোন উপায়েও আমাদিনের বাসনা
পূর্ণ হইত, তাহা হইলে উহাও কর্মের অভাববশতঃ হায়িত্ব লাভ করিতে পারিত
না, ক্ষরিত হইয়া নির্গত হইয়া যাইত।

ক্ষধির-প্রদিশ্ধ বলিবার অর্থ কি ? আমাদিগের মনোময়দেহে ভোগসকল রুধির প্রদিম্ব কি প্রকারে হইতে পারে ? আমাদিগের স্থুলদেহ যেমন সাপ্ত-কৌষিক# অর্থাৎ রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা, স্নায়ু, এই সাত প্রকার উপাদানে গঠিত, তক্ষপ আমাদের মনোময়দেহও এরপে সপ্ত উপাদানে রচিত হয়। নিষ্ঠা ইহার অন্তি, কর্ম ইহার মাংস, ভাব ইহার রক্ত, চিন্তা ইহার রস, জ্ঞান ইহার মেদ, বুদ্ধি ইহার মজ্জা ও ব্রহ্মায়েষণ ইহার প্রাণ। স্থুলদেহে যেমন অমবস হইতে রক্ত নির্ম্মিত হয়, তেমনই মনোময়দেহে স্থুল কর্ম হইতে ভাবরূপ রক্ত নির্মিত হইয়া আমাদিগের মনোময়দেহকে সজীব করিয়া রাখে। যেমন আমাদিগের স্থুলদেহের কোন হান বিচ্ছিন্ন হইলে, সে স্থানে রুধির প্রবাহিত হইতে থাকে, তজ্ঞপ আমরা স্থল কর্ম ত্যাগ করিলে, আমাদিগের মনোময়দেহ বিচ্ছিন্ন হয় ও ভাবসকল আবিত হইয়া যায়। ত্বতরাং কর্ম ত্যাগ করিয়া অস্ত কোনরূপে মনোময়দেহে আহার অর্পণ করিলেও উহা সঞ্চিত না হইয়া, স্রাবিত হইয়া যাইতে থাকে,ও মনের পুষ্টিসাধনে কৃতকার্য্য হয় না। শুধু এই কারণে আমাদিগের শাস্ত্র মন্ত্রগুপ্তির কথা বার বার বলিয়াছেন। মন্ত্ৰ প্ৰকট হইলেই ধ্বংস হুইয়া যায়। ভাব প্রকটিত হওয়া ও স্থুলদেহ হইতে কৃধির আবিত হওয়া একই জিনিব। সাধনার কথা যে যত গুপু রাখিতে পারে, তাহার মনোময়দেহের বল ভত অধিক সঞ্চিত হয়; এবং যে যত প্রকাশ করিয়া ফেলে, তাহার সাধনা তত অকৃতকার্য্য হয়। মন্ত্রগুপ্তি সিদ্ধির উপায়, প্রকটে সাধনার বিনাশ, এ কথা যেন সাধকমাত্রেরই মনে থাকে।

[•] यञास्तत (प्रस्क वाह्रे कि वरन।

যাহা হউক, কর্ম বিচ্ছিন্ন হইলে, যেমন মনোময়কোরের ভাবরাপ কবির স্রাবিত হইয়া যায়, তর্জপ আবার বহিন্দেইে রক্তৈর সহিত প্রাণশন্তি কয়িউ হইবার মত, মনোময়দেহের ত্রন্ধাধেষণরূপ প্রাণ, ভাবরূপ রুধিরের সঁজে নির্মন্ত হইয়া যায়; অর্থাৎ যেমন আমাদিগের ফুলদেই ইইতে অধিক পরিসাণে রউ निःश्ड इंटेर्जि, पाँर खानशैन इटेर्ड भारत, एक्क्म मत्नीमग्रंकीर इटेर्ड डॉर्फ-मक्न ध्वकान वा विनिर्शेष रहेशा (गतन, बंकी खरनज्ञभ जांहात खान के करिए रहेरी विकारिक्षण मानामग्राकारिक श्रीन. ध कथा र्यंन ग्रीतनं पीर्टक । আমাদিগের ত্রনাবেষণই সমস্ত কর্মের ও দেইধারণের মূল। ত্রনাবিষ্পের জ্ঞাই জগতে এত ক্রিয়া সম্পাদিত হইতেছে। অপরিন্টিরা মহাশিতি জীবে कोरत अवश्विण शार्किया, बन्नारक्षे<mark>र्वभन्न</mark> भाष्मरन' स्थाष्ट्रिण करेंग्री, ठाति वीरंत' क्षेत्रिण হইতিছে ও আপনি ঘনী হৃত ইইয়া, দেহ ইন্দ্রিয়াদি আকারে পরিণত ইইয়া, বাঁশ সন্দর্শনের জন্ম অপেকা করিতেছে। জীবের যত কিছু চেষ্টাশক্তি—ঘউ কিছু क्रिया, बक्तारवर्गरे रेशेव गृल काँत्रण-अक्तारवर्गाय केर्यरें कीँरवर कीँगंडोर्घ-ব্রহ্মাদ্বেরণের জন্মই জীব, জীবরূপে পরিণত। পুতরাং ভাব বাঁক্যে প্রকশি হইয়া গেলে, ব্রহ্মান্থেষণরূপ শক্তি ক্ষয়িত হইয়া যায়। এমন কি, সে শক্তির অভাবৈ জীবের স্থলদেহ পর্যান্ত অকালে মৃত্যুমুধে পতিত হইতে পারে। **জার্মরা অনৈক** মহাপুক্ষকে অকালে দেহত্যাগ করিতে ভ্রমিয়াছি। ভার্হার ভৌভিক কার্মী আর কিছুই নহে, অধিক পরিমাণে ব্রহ্মক্ষরণ। জগভের হিতার্থে ইচ্ছা করিয়া হউক, অথবা ভাবের আবেগে অলক্ষ্য ভাবেতেই হউক, কিন্ধা অজ্ঞাভবিশিউই হউক, স্থান, কার্ল, পাত্রাদি বিচার না করিয়ী. ব্রশ্নীসন্তার ভবিস্টল অধিক পরিমাণে বাক্যাকারে ক্রিড করিবার ক্রা, তাহাদিলের মনোমরকোর অশারিকিউ ভাবে ক্ষরীভূত ও এমন কি, ভূলদেহ পর্যান্ত ভজ্জ অকালে নিপতিট হইয়াছে। আমাদিগের শাব্র এই সকল কারণে স্থান, কাল, পাব্রেও নানাপ্রকার কর্মের আবরণের ভিতর দিয়া, ব্রুদারতা আপোচদার উপদেশ দিয়াটেন। কিন্তু এ সকল কথা কর্মযোগ আলোচনার সময়ে বিক্তভার্টিক বঁলিব।

আমরা সুঁলত: এই ব্রিলাম ধ্রে, কর্ম হলন করিলে ও ঐরাধিনগর্মণ শর্জি হত হালে, আমাদিগের চিন্তাসকল ক্ষিক্র রঞ্জি কা ক্যপ্রান্ত হয়।

> ন চৈত্ৰিদা: কতর্মো গরীয়োঁ বৰা ক্রিশ যাঁদি বা নো ক্রেল্ডে:।

• क्षेत्रसिक्त्यक्ष्यं या नीवात त्योगिक नामा।

সালেৰ হয়। দ্বিক্সীবিধাদঃ তেহৰ ছিডা: প্ৰমুখে ধাৰ্তৱাপ্তা: ॥ ৬

বং বা জয়েম যদি বা নঃ জয়েরুং, (এতয়োর্শ্বধ্যে) কতরং নঃ গরীয়ঃ এতং চ ন বিশ্বঃ ; যান্ হছা নৈব জিজীবিষামুং, তে ধার্তরাষ্ট্রাঃ প্রমূখে অবস্থিতাঃ।

ব্যবহারিক অর্থ।—আর আমরা জয়ী হই কিম্বা বিজ্ঞিত হই, ইহার মধ্যে কোন্টা গরীয়ান্, তাহাও আমরা বুঝিতে পারিতেছি না। যাহাদিগকে বধ করিয়া আমরা জীবিত থাকিতে চাহি না, সেই কৌরবগণই আমাদিগের বধ্যরূপে অর্ক্তিত রহিয়াছে।

যৌগির অর্থ।—ইব্রিয়দিগকে বধ করে বা ইব্রিয়কর্ত্বক বিক্রিত হয়, এই উভয়ের মধ্যে কোন্টী গুরুতর, কোন্টী অভীঙ্গিত, সাধক এই উভয়সঙ্কট অবস্থায় তাহা বৃথিয়া উঠিতে পারে না।

জাহার প্রাণ যেন বলিতে থাকে, ইন্দ্রিয়গণকে বধ করিয়া আমি বাঁচিতে ইচ্ছা করি না, এবং সেই ইন্দ্রিয়গণই রধ্যরূপে আমার সন্মুখে অবস্থিত।

> কার্শণ্যদেখেপহতস্বভাব: প্রামি স্থাং ধর্মসংমূল্ডেতা:। যাহে সং স্থামিশ্চিতং ক্রহি তাম শিষ্যন্তেহহং শাধি মাং স্থাং প্রপন্ম ॥ ৭

কার্পর্যুদ্ধোবাপ্রভন্নভাবঃ ধর্মসংমূঢ্চেডাঃ (অহং) রাং পুজামি ; যং মে শ্রেষ্ট স্থাং, তং নিশ্চিতং ক্রহি। অহং তে শিয়া, যাং প্রপন্নং মাং শাধি।

ব্যরহারিক অর্থ।—মনের মংকীর্ণতা ও কুলক্ষয়াদি দোষ আশক্ষায় আমার কিছু অভিত্ত হইয়ছে; ধর্ম মহবে আমার জান বিমৃত, তাই আমি তোমায় জিক্ষারা করিছেছি, ঘাহা আমার পকে ঝেয়ং, তাহা নিশ্চয় করিয়া বল । আমার আমার শিক্ষা দাও। এমন অপূর্ব চরিত্র-ক্ষান্তর আর কেহ কোগাও দেখে নাই। রণহলে শত্রসমুশে দাড়াইয়া, শেক্ষারে ভীত হইয়া ভগবচরণে এমন করিয়া কাতরভাবে সুটাইয়া পড়িভে আর কাহাকেও দেখি মাই। উভয় দিকে নর-সমুস্ত রগোলানে উন্ধন্ধ, মন্ত্র-শত্ত-স্কার কাহাকেও দেখি মাই। উভয় দিকে নর-সমুস্ত রগোলানে উন্ধন্ধ, মন্ত্র-শত্ত-স্কার কাহাকেও দেখি মাই। উভয় দিকে নর-সমুস্ত রগোলানে উন্ধন্ধ, মন্ত্র-শত্ত-স্কারকারের শব্দে দিগন্ত মুখনিত, সমর-এক্ষর প্রামানের প্রক্রিয়ুক্তের মত বোর

গম্ভীর করাল বিভীষিকাময়—সাম্রাজ্য আশা দু টুল্টীপ্ত আতৃরন্দ আত্মীয়তা বিশ্বত হইয়া শত্রুভাবে পরস্পর পরস্পরকে হননের জন্ম দণ্ডায়মান—মোহান্ধতার বিকট অন্ধকার-মৃত্তি যেন তত্রস্থ জীবসকলকে গ্রাস করিয়া রাখিয়াছে, আরু সেই অন্ধকারের মধ্যে, সেই আত্মরিক ভাবোলাসের মধ্যহলে, সেই প্রলয়কলোলের ঘাত প্রতিঘাতকে মৃহুর্ত্তের জন্ম স্তব্ধ করিয়া, যেন হিংসা-রাক্ষসীর দশনপঙ্কিদ্বরের মধ্যে দাঁড়াইয়া, সাধকপ্রবর ভগবচ্চরণে লুটাইয়া পড়িয়া বলিতেছে,—

"শিশুক্তেইহং শাধি মাং বাং প্রপন্নম্।"

আপনাকে এমনই করিয়া বিশ্লেষণ করিয়া দেখিয়া, এমনই উত্তেজনার অবস্থায়, এমনই উত্তেজনাপূর্ণ স্থানে, এমনই উত্তেজনাপূর্ণ সময়ে, এমনই করিয়া অধর্মা-শক্ষায় ভগবচ্চরণে লুটাইয়া পড়িতে জগতে কেহ কখন কাহাকেও দেখে নাই। গীতার সমস্ত ছাড়িয়া দিয়া শুধু এই স্থানের কাব্যাংশটুকু দেখিলেও গীতা জগতে অতুলনীয়।

যৌগিক অর্থ।—পূর্ব্বোক্তরূপে উভয় দিক্ চিস্তা করিতে করিতে সাধক অন্ত কিছু ৰ্ঝিতে না পারিলেও সে বোঝে—তাহার চিত্ত ধর্মসংমূঢ় হইয়া গিয়াছে । ধর্ম কি, অধর্ম কি, বিচার করিতে বসিয়া, সে ভাহার ক্ষুদ্র শক্তিকে হারাইয়া ফেলিয়াছে। কর্ত্তব্য সম্বন্ধে তাহার জ্ঞান তমসাচ্ছন্ন হইয়া পড়িয়াছে। তাহার শক্তি কার্পণ্য বা সংকীর্ণতা প্রাপ্ত হইয়াছে। তখন সাধক আর নিজের উপর নির্ভর না করিয়া ভগবানের শরণাপন্ন হইয়া পড়ে। নিজের ক্ষুত্ত শক্তি দারা ছুরস্ত সঙ্কট হইতে পরিত্রাণের উপায় নাই বুঝিয়া, বিরাট শক্তির নিকটে সাহায্যপ্রার্থী হইতে হয়। এই নির্ভরতাটুকু আনাইবার জন্মই এত বিষাদ। বিষাদ না হইলে নির্ভরতা আসে এ মহামুহূর্তেই সাধক সম্পূর্ণভাবে মাতৃশক্তির উপর নির্ভর করিতে শিক্ষা করে একান্থরপে মায়ের চরণে লুটাইয়া পড়িতে প্রয়াসী হয়। বিষে থেমন অমৃত প্রচ্ছন্ন থাকে, সমুদ্রে যেমন বাড়বানল থাকে, বিপদের ভিতর তেমনই মহাসম্পদ লুকায়িত; সাধনার এ সঙ্কটের ভিতর তেমনই নির্ভরতা লুকান। ফাহাকে লইয়া ধর্ম অধর্ম ? মায়ের জন্ম ত। কিসের জন্ম প্রবৃত্তি নিবৃত্তি ? মায়ের হ্বন্ম ত : কিসের জন্ম বিচার আকাক্ষা 🕈 মায়ের জন্ম ত ! সে সব ঘাতপ্রতিঘাত মাকে পাইবার জন্ম ত ৷ তবে মাধক ৷ তোমার ঐ বিচার ও সন্দেহের মধ্যস্থলে মা ত নিশ্চয়ই রহিয়াছেন, নতুবা এত আকর্ষণ কোথা হইতে আইসে ? মহা-কেন্দ্রের আকর্ষণ না হইলে এমন করিয়া আশকে টানে কেরে! তুমি বিলয়

করিও না; যখন বিষাদ আসি ুছ—যখন মহান্সোতের আকর্ষণ অসুভব করিয়াছ, তখন আর তোমার কিসের ভাবনা! তুমি তোমার ঐ আলোও অন্ধকারের মধ্যস্থলে মাকে দর্শন কর—তোমার ঐ বিচার ও আশঙ্কার মধ্যস্থলে মাকে দর্শন কর—তোমার ঐ আগ্রহ ও অত্মবিধার মধ্যস্থলে মাকে দর্শন কর— জ্ঞান ও বুদ্ধির মধ্য হলে মাকে দুর্শন কর: — বিচার বিতর্কের মধ্য হলে — সংশয় সিদ্ধাস্তের মধ্যস্থলে মাকে পরিদর্শন কর ;— চক্ষুর পার্শ্বনৃষ্টি ফিরাইয়া মধ্যস্থলে দৃষ্টি নিক্ষেপ কর। যে সার্থিরূপে তোমার আজ্ঞাবহ ভূত্যের মত আজ্ঞার জন্ম অপেক্ষা করিতেছে, তাহার মুখের দিকে একবার সতৃষ্ণ নয়নে চাহ, তাহার চরণে লুটাইয়া পড়। দিবা ও রাত্রির সঙ্গমস্থলে উষা যেমন সূর্য্যচরণে নতশির হয়, তেমনই ভাবে ভোমার ঐ আলোক ও অন্ধকারের সঙ্গমন্থলে হৃদয়স্থ দীপ্ত-মার্ত্তের চরণে শরণাগত হও। ''মা'' ''মা'' করিয়া প্রাণের ভিতর তোমার প্রাণের প্রাণের চরণ জড়াইয়া ধর-আর বল-"শিষ্যস্তেইহং শাধি মাং জাং প্রপন্ম।" আমি তোমার শিষা, শরণাগত, আমি অন্ত কাহাকেও জানি না, তুমি আমায় শিক্ষা দাও। হৃদয়স্থ মহাকাশে তোমার সে কাতর সম্ভাষণ যেন তরঙ্গিত হয় ; হর্ম্য মাঝে শব্দ যেমন প্রতিধ্বনিত হয়, তেমনি ভাবে তোমার বুকের ভিতর চারি ধারে যেন প্রতিধানি শুনিতে পাও—''শিষ্যস্তেইহং শাধি মাং দাং প্রপরম।"

এই মহামস্থের সাধনা যত দিন না সুচারুরূপে সম্পন্ন হয়, তত দিন সাধনার পথে অগ্রসর হওয়া ছরহ। এমনই ভাবে নিজ ব্রহ্মসন্তায় গুরুবোধ যত দিন না আসে, তত দিন সাধনার দিতীয় বা সাংখান্তরে আরোহণ করা যায় না। এমনই করিয়া যত দিন না নিজের জীবভাবকে নিজের ব্রহ্মভাবের শিষ্যুহে নমিত করা যায়, তত দিন সাধনার পথ রুদ্ধ থাকে। মাকে বুকের ভিতর দাঁড় করাইয়া যত দিন না তাঁহাকে গুরুহে বরণ করা যায়, তত দিন সাধনার আশা র্থা।

ভগবান্কে গুরুরপে দেখিয়া, তাঁহার চরণে আত্মনির্ভর করাই সাধনার দিতীয় স্তর। এইরপে গুরুপ্রতিষ্ঠা না করিলে সংশয়, বিচার, সন্দেহের হাত হইতে পরিত্রাণ পাওয়া যায় না। নির্ভরতা না আসিলে শক্তির সন্ধান পাওয়া যায় না। পৃথিবী যেমন স্রোত আকারে তাহার জলরাশি সমুদ্রে ঢালিয়া দিয়া, তৎপরিবর্তে বর্ষণ প্রাপ্ত হয়—পৃথিবীর জল, নদ নদী আকারে পৃথিবীস্ত সমুদ্রে গড়াইয়া পাড়ে, এবং সেই সমুদ্র হইতে জলরাশি বাপাকারে উথিত হইয়া যেমন শতশুণে

পৃথিবীর সে বারি-উপহারের পুরস্কার দেয়, তেমনই করিয়া তোমার শক্তি-শ্রোত তোমারই হুদয়স্থ শক্তি-সমূদ্রে ঢালিয়া দাও; সে সাগর তোমার সে উপহার বিশ্বভ্বনব্যাপী অন্তরীক্ষে প্রেরণ করিবে। সে অন্তরীক্ষ, সে আকাশের আকাশ, সে শৃষ্মের পূর্ণ, তোমার সে উপহার শতগুণে গুণিত করিয়া তোমায় প্রত্যর্পণ করিবে।

গুরু-প্রতিষ্ঠা ও কেন্দ্রস্থ হওয়া একই কথা। যদি সাধক হইতে চাহ, তবে পরমুখাপেক্ষী হইও না— পরের আশায় থাকিও না। প্রাণে যখন যাহা সংশয় আসিবে, অমনই হৃদয়স্থ গুরুকে সে সংশয়ের মীমাংসার জন্ম প্রার্থনা করিবে। দেখিবে—অপৌরুষেয়, অল্রান্ত বেদে সে সন্দেহের যেরূপ মীমাংসা আছে, তোমার মত ক্ষুদ্র প্রাণীর হৃদয় হইতেও সেই মীমাংসা স্বতঃ উদ্ভূত হইবে। প্রাণের ভিতর যখন যে সংচিন্তা উদিত হইবে, অমনি তাহা গুরু-চরণে অর্পণ করিবে, দেখিবে— তাহা অমৃত্রুয় হইয়া গিয়াছে। প্রাণের ভিতর যখন যে অসং ভাবের আবির্ভাব হইবে, অমনই উহা গুরু-সকাশে লইয়া যাইবে, দেখিবে—উহা মাতৃ-খঙ্গো দিখণ্ডিত হইয়াছে।

আবার বলি, তোমার ক্ষুদ্র মুথের ক্ষুদ্র মুংকার যেমন শন্ধান্ধ্যে প্রবিষ্ট হইয়া বহুদ্রবিস্তৃত এক উচ্চ শব্দ-রোল স্ক্রন করে, তেমনই তোমার ক্ষুদ্র শক্তি যদি হাদয়স্থ গুরুকে অর্পণ করিতে পার, তাহা হইলে উহা শতগুণে শক্তিসম্পন্ন হইয়া, তোমাকে শক্তিময় করিয়া তুলিবে। আবার বলি, যেমন তরুতলে সাধারণ ক্ষুদ্রেস্টারে পরিশোভিত হইয়া তোমায় চরিতার্থ করে, তেমনই তোমার সাধারণ শক্তি হাদয়স্থ গুরু-উদ্দেশ্যে অর্পণ কর; দেখিবে,—সে কল্পতরুক ফলফুলময় হইয়া তোমার হাদয়-কানন স্থান্থতি করিয়াছে। আবার বলি,—স্থ্য-কিরণ অয়স্থান্তমণির উপর পড়িলে বা ভর দিলে যেমন উহা কেন্দ্রস্থ হইয়া অগ্নি উৎপাদন করে, তেমনই তোমার শক্তি যদি তোমার হাদয়স্থ সে অয়স্থান্তমণির উপর বাঁপাইয়া পড়ে, অর্থাৎ যদি তুমি নির্ভর করিতে শিক্ষা কর, তাহা হইলে উহা আলাময়া অগ্নিশিথা সদৃশ ঝলসিয়া উঠিবে। ক্রিক্রভা না হইলে কিছু আ্লিবে না, নির্ভর্বতা না আসিলে শক্তির সন্ধান পাইবে না। সেই জ্বান্থ এত করিয়া বিল্লাম।

এই স্থলে গুরু সম্বন্ধে একটু বলিব। গুরু কি ় গুরু ভগবংশক্তির বিকাশী কেত্র। ভগবংশক্তির স্রোভ অনম্ভ দিকে প্রবাহিত—দিগদিগন্তে বিস্তৃত, পদাৰে

পদার্থে অমুস্যত। আব্রহ্ম-স্তম্বপর্যান্ত সমস্ত পদার্থের ভিতর ও বাঁহিরে ভগবং-শক্তি প্রবাহিত। কিন্তু যেমন নদীতে জাল নিক্ষেপ করিলে, জলরাশি জালখানিকে ভিজাইয়া, অনায়াসে বিনা প্রতিরোধে তাহার ভিতর দিয়া চলিয়া যায়, তক্ষপ প্রত্যেক জীব ও প্রত্যেক পদার্থের ভিতর দিয়া সে মাতৃশক্তি ৬ধু আমাদিগকে সঞ্জীবিত রাখিয়া, গ্রায় বিনা প্রতিরোধে চলিয়া যাইতেছে। কেবল মায়ের শক্তিশালী সম্বান সিদ্ধবিৱা সে শক্তিস্রোত প্রতিরোধ করিতে বা ধরিয়া রাখিতে সমর্থ। সাধারণ জীবের ভিতর দিয়া সে শক্তিস্রোত্থেমন করিয়া বহিয়া চলিয়া যায়, তাঁহাদের ভিতর দিয়া তেমনই করিয়া বহিয়া চলিয়া যাইতে পারে না। সুৰ্য্যালোক যেমন দৰ্পণে প্ৰতিফলিত হইয়া জোতিরাশি প্ৰক্ষিপ্ত করে. এবং নিজেও সূর্য্যবং জ্যোতিয়ান দেখায়. তেমনই ঐ সমস্ত দিদ্ধবি আদি গুরুশ্রেণী, সেই ভগবং-শক্তিতে নিমজ্জিত হইয়া জ্যোতিশ্বয় হইয়া রহিয়াছেন ও চারি দিকে জ্যোতিঃ প্রক্রিন্ত করিতেছেন। গুঠের ভিতর সূর্যালোক প্রবেশ করিবার পথ না পাইলেও যেমন দর্পণের দ্বারা সে আলোককে সে গৃহমধ্যে প্রক্লিপ্ত করা যায়, তজ্ঞপ সাধারণ জীবশ্রেণী এরপে গুরুসন্নিধানে উপস্থিত হইলে তাঁহাদিগের অঙ্গ হইতে প্রতিফলিত জ্যোতিঃ হাদয়মধ্যে প্রতিফলিত হইতে পারে। এ সমস্ত গুরুবুন্দ, চুম্বক যেমন লোহখণ্ড আকর্ষণ করে তেমনই ভাবে ভগবংশক্তি আকর্ষণ করিয়া লয়েন, এবং সেই আকৃষ্ট শক্তি জগতের হিতার্থে নিয়ত প্রক্ষেপ করেন। যেমন সুর্য্যের দিকে আমাদিগের চক্ষু চাহিতে পারে না, কিন্তু সুর্য্যালোকে অনায়াসে কার্য্যকারী হয়, তদ্ধপ নিমস্তরীয় সাধকবৃন্দ অনস্তপ্রস্ত ভগবংশক্তি আকর্ষণ করিতে বা তাহার দিকে চাহিতে সক্ষম হয় না; কিন্তু সেই ভগবদালোকে উজ্জ্বলিত ঐ সমস্ত মহাপুরুষদিগের আলোকে আপনাদিগকে আলোকিত করিতে পারে। এই জন্মই সাধারণ জগৎ ও ভগবৎসত্তার মধ্যস্থলে গুরুরূপে মহাপুরুষেরা অবস্থিত।

জীব, ভগবংপ্রাপ্তির জন্ম কাতর হইলে, তাহার কাতরতা ও শক্তির অমুপাতে ভগবান্ তাহাকে গুরু দেখাইয়া দেন। যাহার যেরূপ আগ্রহ, যাহার যেরূপ আরুলতা, সে তদমুসারে গুরু লাভ করে। আগ্রহের অমুসারে ভগবান্ তাহার নিকট সাধারণ কুল-গুরুরূপে বা সাধকাকারে সদ্গুরুরূপে বা জীবমুক্ত সিদ্ধপুরুষ-রূপে আবিভূতি হন। প্রাণে অল্প তৃষ্ণা জাগিলে সাধারণ গুরু, তৃষ্ণা প্রবল্ভর হইলে কোন উচ্চপ্রেণীর সাধক ও প্রবল্ভম হইলে জীবমুক্ত সিদ্ধপুরুষ গুরুরূপে

ভাহার নিকট উপস্থিত হয়েন এবং তৃষ্ণা অনুযায়ী ভাহাদিগকে শক্তি ও জ্ঞান দান করেন। উচ্চ স্তরের সাধক হইলে, জীবন্দুক্ত পুরুষদিগের সাক্ষাং লাভ হইতে পারে। আমাদিগের পুরাণ-কথিত নারদ, সনক, সনাতনাদি ঋষিবৃন্দ গুরুরপে আবিভূতি হইয়া, তাঁহাদিগের জ্যোতিতে হৃদয় আলোকিত করিয়া দেন। ঐ সকল জীবন্দুক্ত মহাপুরুষ কখন ব্যক্তিবিশেষের গুরুরপে এবং কখনও বা জগদ্গুরুরপে আবিভূতি হইয়া থাকেন। মনুষ্য-জগতের যখন যে অংশ যেরপ ভাবে মলিনতা প্রাপ্ত হয়য় ও তক্ষনিত অন্ধলারে আলোকের জন্ম আকুল হয়, মনুষ্য-জগতের সেই অংশে সেইরপ ভাবে অন্ধলার দ্র করিবার জন্ম, ঐ সিদ্ধ পুরুষরো মনুষ্যাকারে অবতীর্ণ হইয়া, জগতে অবতার বলিয়া পরিচিত হয়েন। জগৎ তাঁহাদিগের চরণে "শিষ্যস্তেইহং শাধি মাং বাং প্রপন্নম্" বলিয়া বাঁপাইয়া পড়ে। মাতৃশক্তির অলৌকিক লীলা কিছু দিন জগতে প্রকাশ করিয়া, জগতে এক আনন্দোজ্বাসের স্কলন করেন এবং জগতের মলিনতা কিছু দিনের জন্ম ধৌত করিয়া দিয়া যান।

এইরপে যখন যেথানে অভাব অনুভূত হয়, সেই স্থলেই গুরু আদিয়া আবিভূতি হয়েন। কি ব্যক্তিগত ভাবে, কি সমষ্টিভাবে, অভাব অনুসারে তৃষ্ণা অনুসারে, আদক্তি অনুসারে—গুরুলাভ হইয়া থাকে। ভগবৎশক্তি প্রাপ্তির জন্ম প্রাণ কাঁদিলেই অগ্রে গুরুলাভ অবশ্যপ্তাবী। তথন তৃষ্ণা অনুসারে যে গুরু তোমার নিকট উপস্থিত হউন না কেন, তুমি তাঁহাকে ভগবৎপ্রেরিত বলিয়া বুঝিয়া লইবে। গুরুরপে সাধারণ মনুষ্যই হউন, শক্তিমান্ কোন সাধকই হউন, অথবা সোভাগ্যবশতঃ কোন জীবনুক্ত মহাপুরুষই হউন, যিনিই আস্থন—তুমি বুঝিবে, তিনিই ভোমার ভগবান্ মূর্ত্তিমান্ ভগবংশক্তি তোমার সম্মুখে উপস্থিত। তোমার তৃষ্ণা অনুযায়ী ক্ষুদ্র আধারে অথবা বৃহৎ আধারে করিয়া সেই একই পানীয় প্রেরিত হইয়াছে। শিশুর তৃষ্ণায় কেহ কুম্ভ ভরিয়া জল দেয় না, অথবা বৃহ্ণ ব্যক্তি পিপাসিত হইলে, কেহ তাহাকে গণ্ড্যমাত্র জল দিয়া সম্ভূত করিতে চাহে না। কিন্তু উভয়েই জল পায়, এ কথা যেন স্মরণ থাকে।

তাই বলিতেছি, গুরুর বিচার করিও না—নিজের তৃষ্ণার বিচার কর, গুরু-প্রাপ্তির জন্ম প্রস্তুত হও; গুরুশ্রেণী স্তরে স্তরে সজ্জিত, তুমি তৃষ্ণা বাড়াইয়া গ্রহণ কর। ভগবানের চরণে লুটাইতে শিখ, ভগবংদ্ত আপনি আসিবে; আসিলে বঞ্চিত হইও না, সে জন্ম প্রস্তুত হও। "শিষ্যতেইহং শাধি মাং ত্বাং প্রপন্নম্"বলিয়া ভগবচ্চরণে অশুজল চাল। "হে গুরো! হে জগদ্ভরো! আমি ভোমার শিষ্য —দীন শরণাগত তুমি আমায় শিক্ষা দাও" বলিয়া কাঁদ—গুরু আদিবেন ও আদিলে তুমি বঞ্চিত হইবে না। ভোমার তৃষ্ণা ভিলমাত্র উদ্রিক্ত হইলেই গুরু আদিয়া উপস্থিত হয়েন। কিন্তু হায়! সন্দেহ, সংশয় ভোমার সে তৃষ্ণাকে হাদয়ে অধিকক্ষণস্থায়ী হইতে দেয় না; মুভরাং গুরু পাইয়াও ভোমার গুরুলাভ হয় না। চরণে লুটাইতে না শিখিলে গুরু-শক্তি অনুভূত হয় না, গুরু পাইয়া ভোমার লাভ কি ।

তাই আবার বলি, চরণে লুটাইতে শিখ। তোমার প্রাণ অহর্নিশ কাঁত্ক,—
"শিশুন্তেইহং শাধি মাং তাং প্রপন্নম্"; তোমার মর্শ্মে ক্রন্দনের রোল
উঠিতে থাকুক,—"শিশুন্তেইহং শাধি মাং বাং প্রপন্নম্"; তোমার হৃদয়ে অহর্নিশ প্রতিধ্বনিত হউক,—"শিশুন্তেইহং শাধি মাং বাং প্রপন্নম্।" তবে তুমি গুরু
আসিলে চিনিতে পারিবে।

বহিশ্চকে গুরু চিনিবার উপায় নাই। হয় ত ভোমার তৃষ্ণা প্রবল হইয়াছে ও ভদমুসারে কোন মহাপুরুষ ভোমার সম্মুখে উপস্থিত হইয়াছেন; কিন্তু ভোমার মলিন চিত্ত বহিল কণ বিচাবে অভ্যস্ত বলিয়া, তুমি সেই পুরুষে কোন সিদ্ধি বা মহদ্বের লক্ষণ আছে কি না, জানিবার জন্ম ব্যস্ত হইয়া পড়িকে, এবং ভোমার মলিন জ্ঞান সেরপ কোন বহিল কণ দেখিতে না পাইয়া সিদ্ধান্ত করিয়া লইল.—ইনি সাধারণ মনুষ্য। স্কুতরাং তন্ম্থিনিঃস্ত উপদেশ ভোমার হৃদ্যে আস্থা পাইল না, তুমি বঞ্চিত হইলে।

সামান্ত কথায় বলি, একজন তম্বরকে বা অণরাধীকে যদি প্রহার কর, তবে সে নিঃশব্দে হয় ত সে প্রহার সহ্য করিবে। নিরপরাধী সাধারণ মন্ত্র্যু হইলে তজ্জ্ঞ্চ ক্রোধ প্রকাশ ও তাহার প্রতীকারের জ্ঞ্চ বাস্ত হয়; কিন্তু অপরাধী স্বীয় অপরাধ বৃঝিয়া নিঃশব্দে সে অত্যাচার সহ্য করে। আবার কোন মহাপুরুষকে বিনা কারণে যদি তৃমি প্রহার কর, তিনিও হয় ত নিঃশব্দে সে অত্যাচার সহ্য করিবেন। জোমার মলিন জ্ঞান হয় ত প্রক্রপ নিঃশব্দে প্রহার সহ্য করিবার নিমিত্ত সেই মহাপুরুষকে অপরাধী ভাবিয়া লইবে—নিঃশব্দে অপরাধ সহ্য করা ত্রুরের লক্ষণ বলিয়া তাঁহাকেও তন্ধর মনে করিবে; স্থৃতরাং মহাপুরুষ পাইয়াও তৃমি চিনিতে পারিবে না।

তাই বলিতেছি, বহিল'কণ দেখিয়া গুরুবিচার করিও না। কাতরতারূপ

বারিতে হুদয় পূর্ণ না হইলে গুরুর গুরুষ অন্যুভূত হয় না! "শিষ্যক্তেইং শাবি মাং খাং প্রপন্নম্" বলিতে না পারিলে, গুরু-শক্তির বিকাশ অসম্ভব।

বত মহাপুরুষ জনগ্রহণ করিয়াছেন, স্বার্থান্ধ মনুষ্য-জগতে কত নির্যাত্তন সহা করিয়া স্বলোকে প্রস্থান করিয়াছেন; জগতে অবস্থিতিকালে তাঁহাদের কেহ চিনিতে পারে নাই, তিরোধানের পর জগং তাঁহাদের জহা কাঁদিয় আকুল হইয়াছে, এরূপ বহু দৃষ্ঠান্ত দেখিতে পাই। তাই বলি, তুমি সেই স্বার্থান্ধ জগতের জীব—
তুমিও জগতের মত গুরু পাইয়াও যেন গুরু হারাইও না, সাবধান! *

এই শিষাজের লক্ষণ কি ? চিত্তের কি প্রকার অবস্থ। হইলে বুঝিব, তৃমি শিষাজের জন্ম প্রস্তুত হইতেছ ? তোমার মানসিক গঠন কিরূপে গঠিত হইলে বুঝিব, তৃমি গুরুলাভে অধিকারী হইয়াছ ?

যখন দেখিবে, ভোমার কার্য্য-সকল জগতের উদ্ধি-লোকস্থ জীব-সকলের সম্থোষ বিধানে যত্নবান্, তখন ব্বিবে, তুমি ক্রেমশঃ শিষ্যাহের অধিকারী হইতেছ। সাধারণ জীব! ভোমার কার্যাসকল আত্মীয়, কজন, সমাজ অথবা এই ক্ষুক্ত বিশের মঙ্গল লইয়াই অনুষ্ঠিত হয়: কিন্তু বিশাল স্ক্র্যু-জগৎ ভোমার সে কার্য্য কিরপ চক্ষে দেখে, তুমি কার্য্য করিবার সময় সে দিকে একবারে লক্ষা রাথ না। তুমি অস্থায় কার্যা করিবার সময় মন্ত্র্যা-জগতের চক্ষে লুকাইয়া রাখিবার চেষ্টা করিয়া থাক, কর্ত্রব্য কাজ করিবার সময় শুধু মন্ত্র্যা-জগতেরই হিতের দিকে দৃষ্টি রাখিয়া কর; কিন্তু ভোমার প্রত্যেক কার্য্য এ ক্ষুক্ত মন্ত্র্যা-জগৎ অপেক্ষা বিশাল স্ক্র্য-জগতে কিরপে প্রতিফলিত হয়, সে দিকে একবারও দৃষ্টি রাখ না। তুমি স্কুল-জগতের সন্থোধ-বিধানেই অহরহ যত্নবান্, স্ক্রেজগতের অক্তিত তুমি কার্য্যতঃ একেবারে বিশ্বত—তুমি অন্ধ।

যদি যথার্থ শিষা হইতে চাহ, তবে সৃদ্ধ-জগতের দিকে দৃষ্টি রাখিয়া কার্য্য করিবে। এই সুল-জগতের গোটাকয়েক চক্ষ্র দিকে চাহিয়া ভূলিয়া থাকিও না। স্ক্র্ম-জগতের অসংখ্য মহাপুরুষের দীপ্তিমান্ চক্ষে তোমার প্রতি কার্য্য প্রতিফলিত হইতেছে। শশক যেমন তৃণগুভুমধ্যে মুখ লুকাইয়া, সে লোকচক্ষ্র অস্তরালে আসিয়াছে ভাবে, তুমিন তক্ষপ এই সুল জগংরূপ তৃণগুচেছ লুকায়িত বলিয়া

[#] লগতে কোন মহাপুরুষ শীন্তই স্বতার্থ ইংবেন। পাছে অক্সাক্ত মহাপুরুষের মত তিনিও লগতে আসিয়া
ভ্রমনাদৃত হয়েন, এই ভয়ে অনেক সাধকরুল তাঁহাকে সমাদর ও সাহাব্য করিবার জন্ম প্রকৃত ইইতেছেন।

আপনাকে অনুমান করিতেছ। তোমার এই শশকসদৃশ ব্যবহারে তুমি আধ্যা**স্থিক** জগতে হাস্তাম্পদ হইতেছ মাত্র।

যদি শিশ্য হইতে চাহ, তবে আধ্যাত্মিক জগতের দিকে চক্ষ্ ফিরাও। তোমার প্রত্যেক কার্যা স্ক্ষ-জগতের দিকে কিরূপে প্রতিফলিত হইতে পারে, সে দিকে লক্ষ্য রাথিয়া কাজ কর। মহাপুরুষদিগের কার্য্যসকল পর্যালোচনা করিলে দেখিতে পাইবে, সাধারণতঃ উহা সমাজের পক্ষে বিপরীত ভাবাপির বলিয়া পরিগণিত হয়; এবং সেই জন্ম অনেক সময়ে তাঁহাদিগকে নির্যাতন ভোগ করিতে হয়। কিন্তু তব্ তাঁহারা সে দিকে লক্ষ্য না হাথিয়া কার্য্য করিয়া চলিয়া যান। তাহার কারণ আর কিছুই নহে, কেবল আধ্যাত্মিক জগতের দিকে দৃষ্টি থাকে বলিয়া বহির্জগতে সে কার্য্য কিরূপে রঞ্জিত হইতেছে, সে দিকে তাঁহারা লক্ষ্য করেন না।

কত সিদ্ধ পুরুষ আমাদিগের নিকট দিয়া চলিয়া যান, চক্ষুর অভাবে আমরা দেখিতে পাই না, তাঁহাদিগের শরণাগত হইতে পারি না। "শিগুতেইহং শাধি মাং ছাং প্রপন্নন্" মন্ত্রের সাধনা না থাকায় তাঁহাদিগের চরণ স্পর্শ করিতে পারি না। কত সিদ্ধ পুরুষ যুগ্যুগান্তর ধরিয়া জগতের হিতার্থে অনবরত বেদ রক্ষা করিতেছেন ও জীবজগতের ভিতর দিয়া যাতায়াত করিতেছেন; তাঁহাদিগের অঙ্গের জ্যোতির ছই এক পরমাণু মান জীব-হৃদয়ে প্রবেশ করিয়া, মুর্থকে বিজ্ঞা, কুরকর্মাকে দয়ালু, অভক্তকে ভক্ত করিয়া তুলিতেছে। আমাদিগের অজ্ঞাতে আমরা সেই সকল মহাপুক্ষদিগের নিকট হইতে কত সাহায়া প্রাপ্ত হইতেছি, আমরা তাহা বুঝি না।

তাহার কারণ আর কিছুই নহে, শুধু ঐ "শিষ্যস্তেইহং শাধি মাং বাং প্রপন্নম্" মন্তের সাধনা নাই বলিয়া।

ন হি প্রপশ্যামি মমাপমুতাৎ
যচেহাকমুচ্ছোষণমিন্দ্রিয়াণাম্।
অবাপ্য ভূমাবদপত্রমূদ্ধং
রাজ্যং স্করাণামপি চাধিপত্যম্॥ ৮

ভূমৌ অদপদ্ধ ঋদ্ধং রাজাং প্রাণাম্ অপি আধিপত্যাং চ আহ্বাপা যথ মন ইন্দ্রিয়াণাম্ উচ্ছোষণং শোকম্ অপর্তাৎ (তৎ) নহি প্রপশ্যামি। বাবহারিক অর্থ।—ধরণীতে নিষ্কণ্টক সমৃদ্ধ রাজ্য কিম্বা স্থরগণের উপর আধিপত্য পাইলেও আমি এমন কিছু দেখিতেছি না. যাহা আমার ইন্দ্রিয়গণের পরিশোষণকারী এই শোক অপনোদন করিতে পারিবে।

যৌগিক অর্থ।—হে গুরো! আমি আত্মরাজ্য স্থাপনে ইন্সিয়ের শোষণ ছাড়া আর কিছুই দেখিতে পাইতেছি না। এবং আমি সেই হননের আশকায় শোকাভিভূত হইতেছি। এমন কিছুই আছে বলিয়া আমার বিবেচনা হয় না, যাহা ইন্দ্রিয় অপেক্ষ। আমার প্রিয় হইতে পারে।

বস্তুতঃ, ইন্দ্রিয়দকলই জীবের চৈতন্য-শক্তির প্রকাশক। প্রকাশধর্মী আত্মা ইন্সিয়রপে ফুরিত হইয়া জগতের সহিত সম্বন্ধবদ্ধ হয় ; এবং সেই প্রকাশ-শক্তিকে অন্তর্শ্মুখী করিতে গেলে, নিজের জীবভাব সঙ্কুচিত হইয়া পড়ে; ত্বতরাং সাধক ভীত হয়। ইন্দ্রিয়ের মায়া সাধারণতঃ মুখে আমরা যে ভাবে উপেক্ষা করিতে সমর্থ হই, কার্য্যতঃ সে ভাবে পারি না। যদি যথার্থ কেহ সাধক হয়, তাহা হইলে সে বুঝিতে পারে, অর্জুন্তুলা তেজঃশালী হইলেও তাহাকে ইন্সিয়ের মায়ায় অভিভূত হইতে হয়। পাঠকদিগের মধ্যে যদি কেহ ইন্দ্রিয় নিরোধে সচেষ্ট হইয়া থাকেন, তাহা হইলে অনায়াদে বুঝিতে পারিবেন, যখন প্রত্যাহরণ করিতে করিতে চিত্তাকাশ শৃত্যবৎ হইয়া যায়, তখন কিরূপ ত্রাস প্রাণের ভিতর উদিত হয় ও জ্রুত আবার বহিশ্মুথে মন প্রস্তুত হইয়া স্বচ্ছন্দতা অনুভব করে। ইন্দ্রিয়-সকল জগতের সঙ্গে এত স্থুদুভাবে ঘনিঠতা স্থাপন করে বলিয়াই, এবং সংস্কার সে সম্বন্ধ সহসা ভূলিতে চাহে না বলিয়াই মৃহ্যুরূপ বিস্মৃতি পরিকল্পিত হইয়াছে। মৃত্যু বস্তুতঃ কিছুই নহে; বাল্য, যৌবন ও বাৰ্দ্ধক্য প্ৰভৃতি অবস্থার মত একটা অবস্থামাত্র। সে বিষয়ে পরে বলিব। শুধু পার্থক্য ঐ বিশ্বতিটুকু। ঐরপভাবে বালকদিগের ধূলার বর ভালিয়া ফেলার মত বিশ্বতিরূপ মৃত্যু আসিয়া যদি আমা-দিগের থেলার ঘর ভাঙ্গিয়া না দিত, তাহা হইলে আমরা একই অবস্থায় একই খেলা লইয়া চিরদিন মত্ত থাকিতাম; এবং ক্রমশঃ সংকীর্ণ হইতে সংকীর্ণতর গণ্ডির মধ্যে প্রবেশ করিতাম। অবশ্যস্তাবী মৃত্যুর আশঙ্কা সত্ত্তে সাধারণ লোক যে ভাবে মায়ায় জ্ব ভাইয়া পড়ে, মুগু ন। থাকিলে বন্ধন-কল্পনা যে আরও স্থুদৃঢ় ছইত, তাহা অনায়াসে বুঝিতে পারা যায়। যাহা হউক, অর্জুনের মত সাধক হইলেও ইন্দ্রিয় উক্তেদের বিপক্ষে তাহার হৃদরের স্বৃদ্য বৈজ্ঞানিক যুক্তিদকন যে একবারে সায়া প্রান্ত নহে, এ কথা বলা যায় না।

তাই সাধক বলিতেছেন,—"ভূমে (পৃথিব্যাম্) অসপত্নং রাজ্যং স্থরাণাম্ অপি আধিপত্যম্ (ইন্দ্রহং) অবাপ্য যং মম ইন্দ্রিয়াণাং (উচ্ছোষণজনিতং) শোকম্ অপরুত্তাৎ, তং নহি প্রপশ্যামি।"

ইন্দ্রিয়গণ উচ্ছেদিত হইলে তজ্জনিত শোক ইন্দ্রহ পাইলেও অপনীত হইবে না, সাধক মায়ায় অভিভূত হইয়া এইরূপ আশস্কা করে। অর্থাৎ ভগবংসাধনা করিতে গেলে ইন্দ্রিয়সকল উচ্ছেদিত হয়, এবং ভগবান্ ভজ্জ্য ইন্দ্রহ আদি পদ সাধককে প্রদান করিতে পারেন; কিন্তু ইন্দ্রিয়াদি অপেকা এ সকল পদ অধিক ইপ্সিত নহে, সাধক এইরূপ ধারণা করে।

অর্থাৎ মোটের উপর তুই রকমের আশঙ্কা সাধকের প্রাণে উদিত হয়।

- ১। ব্রহ্মচর্যা, কর্ম ইত্যাদির দ্বারা ও ইন্দ্রিয়াদির দ্বারা আমার অস্তিষ্থ অন্তত্তব করি, শুতরাং উহারা উচ্ছেদিত হইলে, নিজের অস্তিষ্থ কি প্রকারে থাকিতে পারে। (এই আশঙ্কা প্রথম অধ্যায়ে বিবৃত হইয়াছে।)
- ২। যদি সামি এইরপে আয়রাজ্য প্রতিষ্ঠার জন্ত ইন্দ্রিয়াদি হনন করি, তাহা হইলে এরপ উত্তোগও যথন কর্মা, তথন নিশ্চয়ই তাহার ফল আছে। সেইরপে যোগ বা আয়বাজ্য প্রতিষ্ঠার উত্তোগরূপ কর্মের ফলম্বরপে ভগবান্ ইন্দ্রহ আদি পদ আমাকে অবশ্য প্রদান করিতে পারেন এবং তাহা হইলেও ত আমি কর্ম্মফলে বন্ধ হইলাম—এক বন্ধন হইতে অন্থ বন্ধনে আবন্ধ হইলাম। কেন না, কর্মমাত্রেরই ফল অবশ্যস্তাবী। (এই আশঙ্কাই এই শ্লোকে স্কুম্পষ্ট); নতুবা এ ভাবের শ্লোকের পুনকল্লেখের প্রয়োজন ছিল না।

ভাল করিয়া বলি, কর্মমাত্রেরই ফল আছে; সেই জন্ম সাধকের প্রাণে এইরূপ আশস্ক। হয় যে,যেমন কর্ম-বন্ধনের হাত হইতে পরিত্রাণ পাইবার জন্ম কর্ম-সকলকে ও ইন্দ্রিয়সকলকে রোধ করা উচিত, তেমনই সে কর্মবন্ধন মোচন করিতে যোগাদি যে সকল কর্মের অনুষ্ঠান করিতে হইবে, তাহাও ত কর্মা; স্মৃতরাং তাহার ফল আছে এবং কর্মফলম্বরূপ যদি ইন্দ্রয়ও লাভ হয়, তাহাও বন্ধন; স্মৃতরাং তাহাও সাধকের অভীপ্রিত নহে।

এই উভয় প্রকারের আশঙ্কায় সাধক ভীত হয়, এবং এই জন্ম কিছুই করিব না, সাধকের প্রাণের অবস্থা এইরূপ হয়। তাই পরশ্লোকে বলিতেছেন,—

সঞ্জয় উবাচ

এবমুক্ত্বা ছয়ীকেশং গুড়াকেশঃ পরন্তপঃ। ন যোৎস্ম ইতি গোধিন্দমুক্ত্বা তৃষ্ণাং বভূবহ॥ ৯

পরম্বপঃ গুড়াকেশঃ জ্বীকেশং এবম্ উল্কান যোগংস্তে ইতি গোবিন্দমূক্ত্রা ভূকীং বভূব হ।

ব্যবহারিক অর্থ।—তপঃপ্রভাবশালী বিজিতনিজ অর্জন হামীকেশকে এইরূপ বলিয়া, তার পর আমি যুদ্ধ করিব না এই কথা গোবিন্দকে বলিয়া তৃষ্ণীস্তৃত হইলেন।

যৌগিক অর্থ।—এই শ্লোকটীতে "হুবীকেশং উক্তৃ।" এবং "গোবিন্দমুক্তৃ।" এইরপে 'উক্তৃ।' কথাটা চুইবার ব্যবহৃত হইয়াছে। পূর্বোক্তরূপে হুবীকেশকে আশস্কার কথা বলিয়া,তারপর সাধক ভগবানের গোবিন্দ-মূর্ত্তিকে স্মরণ করিয়া "আর যুদ্ধ করিব না" এইরপ বলিয়া কিছুক্ষণের জন্ম কর্মবিরত হয়। জীব-হুদয়ে সূর্যাও চক্ররশ্ম আকারে বা দিবা ও রাত্রিরূপে রশ্মিরূপ কেশজাল বিস্তৃত করিয়া যিনি আমাদিগের স্মুও কু বা উদ্ধিও অধঃ গতিসকল নিয়মবদ্ধ করেন, আমাদিগের হৃদয়স্থ থাকিয়া যিনি আমাদিগের সার্থিরূপে আমাদের ইন্দ্রিয়রূপ কেশজাল বিস্তৃত করিয়া বাসনাসকল পূরণ করেন,—যিনি আমার একার মা—যিনি আমার একার সারথি—যিনি আমার একার প্রিয় সহচর, তিনিই হুবীকেশ নামে অভিহিত, এ কথা পূর্বেব বলিয়াছি। এবং যিনি বিশ্বসকলকে জানেন—যিনি বিশ্বসমূহকে পালন করেন—যিনি বিশ্বসমূহকে চালনা করেন—যিনি বিশ্বের জননী—যিনি বিশ্বের সারথি—যিনি বিশ্বসমূহকে নিয়ন্ত্রিত ও পরিচালিত করেন, তিনিই গোবিন্দ্ধ নামে অভিহিত। গো অর্থে বিশ্বসমূহ বা বেদ, বিন্দু—যিনি জানেন।

সাধক বিষাদ-পীড়িত হইবার পর যখন উভয় দিক্ বিচারে প্রবৃত্ত হয় এবং বিচারের ভার নিজের উপর গ্রহণ করিয়া যখন চারি দিক্ অন্ধকার দেখে, কর্ত্তব্য অকর্ত্তব্য নির্ণয় করিতে না পারিয়া যখন শেষ হৃদয়স্থ ভগবং-শক্তিকে গুরু বলিয়া সন্থাবণ করে, ঠিক সেই ব্রাহ্ময়ুহর্ত্তে তাহার প্রাণ হৃদয়স্থ শক্তিকে লক্ষ্য করিয়া, নিজের জ্ঞানামুযায়ী বিচার বিশ্লেষণ করিয়া, তারপর বিরাট বিশ্বব্যাপী শক্তির দিকে চাহিয়া কর্ম্মে একবারে পূর্ণরূপে নিরস্ত হইতে চাহে। নিজ হৃদয়স্থ ভগবানের দিকে যভক্ষণ লক্ষ্য থাকে, অর্থাৎ মাকে যভক্ষণ সে তার একার মা বলিয়া দেখে

বা হৃষীকেশ বলিয়া দেখে, ততক্ষণ তাঁহার নিকট মঙ্গল অমঙ্গল বিচার করিতে সাধক যত্নবান্ থাকে। তার পর যখন আর নিজের বিচার করিতে সমর্থ না হইয়া. সেই তার একার মায়ের চরণে "শিষ্যস্তেইহং শাধি মাং বাং প্রপন্নম্" বলিয়া জড়া-ইয়া ধরে—যঋন নিজের জীবভাবের দারা কর্ত্তব্য নির্দ্ধারণের উপায় নাই বুঝিয়া হৃদয়স্থ মাকে জাগাইতে, গুরু বলিয়া তাঁহার চরণে লুটাইয়া পড়ে, তখন দেখে, বস্তুতঃ যাহাকে একার মা বলিয়া চিনিতেছিল, সে ত একার মা নহে, দে যে বিশ্বের মা! যাহাকে হৃদয়স্থ বলিয়া ভাবিতেছিল, সে ত তার একার হৃদয়স্থ নহে, বিশ্ব ভুবনের প্রত্যেক ভূতে ভূতে প্রতিষ্ঠিত – যাহাকে ক্ষুদ্র জীবের ক্ষুদ্র হাদয়স্থ গুরু বলিয়া বসাইয়াছে, সে ত তার একার গুরু নহে, সে যে বিশ্বগুরু—বিশ্ব চরাচরের মন্ত্রদাতা। ব্রহ্ম হইতে তৃণ পণ্যন্ত প্রত্যেক হৃদয়ে অবস্থিত থাকিয়া একই মন্ত্রে প্রত্যেককে দীক্ষিত করিতেছেন - একই ভুবনবিনোদন মন্ত্রে বিশ্বভুবন নিনাদিত করিয়া ধূলিকণা হইতে মহেশ্বর অবধিকে শিক্ষা দিতেছেন—একই অনাদি মন্ত্র-তর**ঙ্গ** তাঁহারই এীমুখ হইতে বিনির্গত হইয়া হৃদয়ে হৃদয়ে প্রতিধ্বনিত হইতেছে। সেই হুষীকেশ তার একার হুষীকেশ নহে, তিনি গোবিন্দ —তার একার গুরু নহেন — জগদ্গুরু। তবে সে বিশাল শক্তির ইড্ছায় যাহা হয় হউক, আমার কুত্র জ্ঞান সে শক্তির গতি কিরূপে বিচার করিতে সমর্থ হইবে। আর ভাবিব না,—অমঙ্গল হয় হউক, আর ভাবিতে পারি না, আর কিছু করিব না; "ন যোৎস্তে"—যে দিকে চাহিতেছি —যেমন করিয়া বিচার করিতেছি, কোন দিকেই মঙ্গল দেখিতেছি না। বন্ধনের শৃষ্থল উন্মোচিত হইবার কোন উপায়ই খুঁজিয়া পাইতেছি না—কর্মের বা যুদ্ধের পক্ষে কোন সদ্যুক্তিই প্রাণে উদিত হইতেছে না, তার উপর আবার দেখিতেছি, অনন্ত ভুবনমণ্ডলমধ্যে একই গুরুশক্তি অহর্নিশ ক্রিয়াশীল ; অহর্নিশ একই অনন্তশক্তি ভুবনসকলকে নিয়ন্ত্রিত করিতেছে; সূর্য্য, চন্দ্র, তারকামগুল একই গুরুশক্তির মহামন্ত্রে উজ্জীবিত হইয়া স্পান্দিত হইতেছে. ফুটিতেছে,মিলাইয়া যাইতেছে; একই গুরুশক্তির মহাঝক্ষারে দিগন্ত ব্যাপিয়া একই তালে বিশ্ব-ভূবন নাচিতেছে—একই মহাগুরুকে বেষ্টন করিয়া হরি, হর, ত্রন্ধা হইতে কুমি, কীট, পতঙ্গ অবধি একই মন্ত্র গাহিতে গাহিতে প্রদক্ষিণ করিতেছে। তবে আর কেন ? সে আবর্ত্তনের মহাতালের বিপক্ষে আমি কি তাল জাগাইব! দীন ক্ষুত্র শক্তি-বিশিষ্ট জীব আমি, আমি সে বিরাট্ শক্তি-তরঙ্গে মিলিয়া যাওয়া ব্যতীত আর কি क्तिएं ममर्थ इहेर ! याक्, मर याक्-- अम्बन द्य रुष्ठेक, -- मक्न द्य रुष्ठेक, आमि

কর্ম করিব না; আমার চেষ্টা-শক্তি চালিত করিয়া আত্মপ্রতিষ্ঠার জন্ম প্রাম করিব না। ইন্দ্রিয়াদি, শাস্ত্রজ্ঞান, শাস্ত্রবিহিত কর্ম থাকে থাক্, তাহারা আমায় নির্বাসিত করিয়া রাথে রাথুক, যাহা হয় হউক, আমি নিরাশ হইয়াছি—আমার উভ্যমরূপ ক্ষুদ্র তরণী মহাসমুদ্রে ভাসিয়া আসিয়া পড়িয়াছে; ড্বিতে হয় ডুবুক। আমি কর্ণ ছাড়িয়া সে বিরাট শক্তির তরঙ্গ-মর্ত্রন শুধু দেখিতে থাকি।

এইরপে ভগবান্কে গুরু বলিয়া চিনিবার পর সাধকের প্রাণ ভগবংশক্তির বিশালত্ব অনুভব করিয়া স্বীয় চেষ্টাশক্তিকে তাহাতে ভাসাইয়া দিবার সঙ্গল করে। সে গুরু বলিয়া গাঁহার শরণাগত হইয়াছে, সমস্ত প্রস্নাণ্ড তাঁহারই অনুশাসিত বুঝিয়া সে স্তব্ধ হইয়া পড়ে! মহতের সম্মুখে উপস্থিত হইলে ক্ষুদ্র যেমন আপনা হইতে নমিত হইয়া পড়ে, ভেমনি ভাবে সে নিজ চেষ্টা-শক্তিকে হারাইয়া ফেলে। ভবে ইহাকে নির্ভরতা বলিয়া বুঝিও না—ইহাকে আসক্তি বা ভক্তির আত্মত্যাগ বলিয়া মনে করিও না; সে অবহা আসিতে এখনও বিলম্ব আছে। ইহা অসমর্থের আত্মসমর্পণ—ইহা অশক্তের নির্ভরতা—ইহা দিগ্লান্ত নাবিকের গ্রুবতারার জন্ম আবাশে দৃষ্টিনিক্ষেপ।

ইহাই সাধনার দ্বিতীয় অবস্থার উন্মেষণ। সাধনার স্চনায় সাধক যখন সর্ববিধান উত্যোগী হইয়া আত্ম-প্রতিষ্ঠার জন্ম ক্বতসঙ্কল হয়,তখন ইন্দ্রিয়াদি ও কর্মাদির সায়া তাহার প্রাণে একবার বলবতী হইয়া উঠে ও সাধককে বিষাদ-ভাবাপন্ন করিয়া ফেলে; সাধক কিংকর্ব্যবিমৃত্ হইয়া পড়ে। তার পর নিজের ক্ষুক্ত জ্ঞানে ইন্দ্রিয়াদির উচ্ছেদ করিলে আত্ম-প্রতিষ্ঠা হয় না—এইরপ ভাবিয়া ও সে সকল পরিত্যাগে নিম্নগতি হইতে পারে ব্রিয়া,শেষ হৃদয়ন্ত ভগবংশক্তির শরণাপন্নহয়; এবং একই ভগবংশক্তি সমস্ত ভ্বনের অনুশাসক ব্রিয়া নিজেকে শক্তিহীন অনুভব করে; কিন্তু ব্রিতে হইবে,তখনও তার অন্তরে আত্মপ্রতিষ্ঠার ইচ্ছা বলবতী আছে।

আত্মপ্রতিষ্ঠার ইচ্ছা রহিয়াছে, অথচ যুক্তি ও সহজ জ্ঞান মায়াবিজড়িত হইয়া তাহার হৃদয়কে তদ্বিক্দে উত্তেজিত করিতেছে, এইরূপ সঙ্কটে পড়িয়াই দে সাধক তথন ভগবানে আত্মসমর্পণ করিতে সঙ্কল্প করিতেছে—কূল পাইতেছে না বলিয়াই সে স্রোতে গা ভাসাইয়া দিতেছে, ইহাকে যথার্থ নির্ভরতা বলে না। ভগবানে আত্মসমর্পণ, প্রাণে অফ্ম কোন ইচ্ছা বলবতী থাকিতে, অফ্ম বস্তুর উপর পূর্ণ আসজি থাকিতে আসে না। আমি আত্ম-প্রতিষ্ঠা লাভ করিব, এইরূপ উদ্দেশ্য অভ্যন্তরে নিহিত থাকায় আত্ম-কর্তৃত্ব আসিয়া পড়ে। প্রাণ উদ্দেশ্যশৃষ্ম হইয়া যথন ভগবানে

নির্ভর করে, তখনই যথার্থ ভগবানে আত্ম-সমর্পণ করা হয়। সে অবস্থা সাধকের হইতে বিলম্ব লাগে। বিষাদের পর দ্বিতীয় অবস্থায় আমির-শক্তির ত্ববিল্ডা ব্ঝিয়া, ভগবংশক্তির প্রবল স্রোতের মুখে দাঁ ঢ়াইতে অক্ষম জানিয়া, সাধক যেন কুল্লভাবে ভগবানে আত্মসমর্পণ করে। ইহা অক্ষম ব্ঝিয়া আত্মত্যাগ।

যাহা ইউক,এরপ মাত্মতাগেরও মহাফল আছে। এই ভয়ে ভক্তি হইতে যথার্থ ভক্তি ক্রমণঃ আসিতে পারে। এবং এই দ্বিভীয় অবস্থায় তাহাই সঙ্গত বলিয়া বুঝিতে হইবে। পূর্ণ নির্ভরতা শক্তিশ্রোতের অমুভব না করিলে আসে না। ভগবংশক্তির অমুভব ধীরে ধারে যত গাঢ় হইতে গাঢ়তর হয়, নির্ভরতাও সেই অমুপাতে ক্রমণঃ ঘনীভূত হইতে থাকে। স্রোতস্থ পদার্থ সমুদ্রের যত নিকটস্থ হয়, ততই যেমন সমুদ্রের প্রবল আকর্ষণ অমুভব করে, তক্রপ জীব যত ভগবংসান্নিধ্য লাভ করে, ততই তাঁর বিরাট্ আকর্ষণী-শক্তিতে আকৃষ্ট হইতে থাকে; এবং সেই পরি-মাণে তার নির্ভরতাও প্রবল হইতে প্রবলতর হয়।

নির্ভরতা ভগবংশক্তি অমুভবের সঙ্গে সঙ্গে আপনি আইসে, নির্ভরতা শিখিতে হয় না। এবং ঐ নির্ভরতার আরম্ভ সঙ্কটাপন্ন অবস্থা হইতে স্চিত হয়। যেমন পৃথিবীর অন্তর্গত মহাশক্তি-তরঙ্গ ভূমিকম্পের সময় অমুভূত হয়, জীব-জীবনের সঙ্কট-সকলকেও তদ্ধপ ব্ঝিতে হইবে। সঙ্কট ভগবংশক্তি অমুভূতির জন্ম মাসিয়া উপস্থিত হয়। জীবন-সঙ্কটে না পড়িলে ভগবদমুভূতি হয় না।

এই জন্মই যখনই শোন মঙ্গলশক্তি জগতে কার্যের সূচনা করে, সঙ্গে সঙ্গে তদ্বিরুদ্ধ শক্তিও উজ্জাবিত হইয়া তাহার প্রতিবন্ধকতা সম্পাদন করিতে প্রয়ান পায়। বিপরীত শক্তি জাগিয়া উঠে বলিয়াই শক্তি কার্য্যকরী হয়; অবরোধ না পাইলে শক্তি উদ্রিক্ত হয় না। জগতে দৈবী শক্তির অবতারণা হইলেই আ খ্রিক শক্তি চারি দিক্ হইতে সম্মিলিত হইয়া তদ্বিরুদ্ধে দণ্ডায়মান হয়। কি ব্যঞ্জিতিবে, কি সমষ্টিভাবে এই শক্তিরহস্ত সর্ব্বিত্র পরিলক্ষিত হইয়া থাকে।

এই জন্মই জ্ঞানের পার্শ্বে সন্দেহ, দয়ার পার্শ্বে রূপণতা, ভক্তির পার্শ্বে দ্বেষ, সহাত্মভূতির পার্শ্বে হিংসা, সাধকের পার্শ্বে ভণ্ড দেখিতে পাই।

> তমুবাচ হুষীকেশঃ প্রহুদন্দিব ভারত। দেনয়োরুভয়োম ধ্যে বিষীদস্তমিদং বচ:॥ ১০

হে ভারত! স্বধীকেশঃ প্রহসন্ ইব উভয়োঃ সেনয়োঃ মধ্যে বিধীদস্তং তম্ ইদং বচঃ উবাচ। ব্যবহারিক অর্থ।—হে ভারত। তথন হুষীকেশ হাস্ত করিতে করিতে সেই উভয় সৈক্তশ্রেণীর মধ্যে বিষণ্ণ অর্জ্জ্বনকে এইরূপ কহিলেন।

যৌগিক অর্থ। - জীব এই সময়ে চেষ্টাশক্তির পরাধীনতা ও বিরাট শক্তির সর্ববিত্র অক্ষুণ্ণ আধিপত্য বুঝিতে আরম্ভ করে। তখন তাহার প্রাণ উদাস হইয়া পড়ে। উদাসীন ভাব, সর্ব্ব বিষয়ে অনাস্থা, চিত্তের নির্জীবতা, বিষয়তা, এই সকল এই অবস্থার লক্ষণ। পূর্বের বলিয়াছি, ইহা বৈরাগ্যের আভাস মাত্র—বৈরাগ্য নহে। পুরুষকার শ্লথ হইয়া পড়ে, অদৃষ্টবাদ প্রবল হয়। তাহার কর্ত্তব্য আছে বলিয়া কিছু খুঁজিয়া পায় না; খুঁজিয়া পাইলেও করিতে প্রবৃত্তি হয় না। অদৃষ্টবাদের ফলে হিন্দুগণের অধোগতি হইয়াছে বলিয়া ঘাঁহারা মত প্রকাশ করেন, তাঁহারা সাধারণতঃ এইরূপ অবস্থার লোক বা বহিঃক্ষেত্রে বিষয়-ব্যবসায় সম্বন্ধে এইরূপ ভাবাপন্ন লোকদিগকে লক্ষ্য করিয়াই বলিয়া থাকেন। কিন্তু অদৃষ্টবাদ বা পুরুষকার যে একই জিনিষের অগ্রপশ্চাৎ ভাবমাত্র, এ কথা তাঁহারা বুঝেন না। এবং এইরূপ অবস্থায় অদুটে নির্ভরশীল মনুষ্যসকলও তাহা হৃদয়ঙ্গম করিতে পারে না। যে যথার্থ অদৃষ্টবাদ হৃদয়ঙ্গম করিয়াছে, তাহার চিত্ত উদাস ও বিষয় ভাব পাইতে পারে না। পুক্ষকারবাদী অপেক্ষা সমধিক সত্তভাবাপন্ন, হর্ষোৎফুল, কর্ম্মে আগ্রহ-যুক্ত; এবং কর্মের অবশ্রস্তাবী কৃতকার্য্যতা ব্ঝিয়া সে ক্লান্তি অনুভব করে না। অদৃষ্টবাদ কি ? পুরুষকারের পুঞ্জীভূত সঞ্চিত শক্তিই অদৃষ্ট। যখন আমাদের কুত কর্মসকল মহাশক্তি উজ্জীবিত করিয়া আমাকে বহিয়া লইয়া যাইতেছে, তখন আমি যে কর্মই করি, আমার দারা যে কর্মই অনুষ্ঠিত হটক, উহা যে আমারই সেই পুঞ্জীভূত শক্তিকে আরও বর্দ্ধিত করিবে, সে বিষয়ে সন্দেহ কি **? অদুষ্টবাদ** অর্থে—কোন মহাশক্তির নিকট আত্মসমর্পণ নহে—সে মহাশক্তি আমারই শক্তি বুঝিয়া তাহাকে আরও ট্দ্দীপিত করা। পুরুষকারবাদ সর্থে—খণ্ড শক্তিবাদ। অদৃষ্টবাদ অর্থে—পূর্ণ শক্তিবাদ। সাধারণতঃ মানব-প্রবৃত্তি ও প্রচেষ্টার মধ্যে বিবাদ দেখিতে পাওয়া যায়,—আমরা কোন সংকার্য্য করিতে গেলে হয় ত প্রবৃত্তি সে দিকে আমাদিগকে সাহায্য না করিয়া, অন্ত দিকে ফিরাইয়া দেয়। তাহা আর কিছুই নহে, ঐ একই শক্তির আবর্ত্তন মাত্র-ছুই বিভিন্ন শক্তির সংঘর্ষণ নহে। ষেমন জলস্রোত চক্রাকারে আবর্ত্তিত হইয়া, আবার ঋজুভাবে প্রবাহিত হয়, উহাও তজ্ঞপ বৃথিতে হইবে।

যাহা হউক, সাধারণ কর্ম সম্বন্ধে যেমন অদৃষ্টবাদ ও পুরুষকার—শক্তির

পূর্ণত্বের ও খণ্ডত্বের নামান্তর মাত্র ও যথার্থ অদৃষ্টবাদ যেমন পূর্ণশক্তির করে আত্মসমর্পণ নহে, সে পূর্ণশক্তিকে আত্মশক্তি বলিয়া পরিচিত হওয়া, সাধনক্ষেত্রেও
তদ্ধেপ বৃঝিতে হইবে। কিন্তু সাধনার যে স্তরের কথা বলিতেছি, ঐ স্তরের সাধক
এ তত্ত্ব সমাক্ হৃদয়ক্ষম করিতে পারে না। তার আত্মসমর্পণ যেন কোন প্রবল্প
বিরুদ্ধ শক্তির নিকট বাধ্যতামূলক, আত্মসমর্পণ বলিয়া সে অনুভব করে। ঐ বিশ্বব্যাপিনী মহাশক্তি ও সে নিজে যেন হুইটী ভিন্ন ভিন্ন শক্তি, এইরূপে তাৎকালিক
অবস্থা তাহার মনে প্রতিফলিত হয় হৃদয়স্থ হুয়ীকেশকে বিশ্বগুরু বৃঝিয়া ও তাঁহার
বিশালত অনুভব করিয়া, মাতা যেমন কন্সাকে শশুরালয়ে প্রেরণ করিতে হর্ষ ও
বিষাদশীভিত হয়, তক্ষপভাবে হর্ষ-বিষাদযুক্ত হইয়া সে তার নিজের আমিহকে
সেই বিশালের কর্ত্তরাধীনে প্রেরণ করে।

এই স্থলে বুঝিতে হইবে,সে সাধক তখনও উভয় শক্তির একর ক্রদয়ঙ্গম করিতে পারে নাই। ভৌতিক জগতে অদৃষ্ট ও পুরুষকার তুইটা বিভিন্ন শতি বলিয়া সাধারণ লোকে ভাবে,আধ্যাত্মিক ক্ষেত্রেও ঠিক তদ্রপ—আমির ও বিরাট্ ছুইটি বিভিন্ন বলিয়া বিবেচিত হয়। এবং সেই কারণে সাধারণ অদৃষ্টবাদী যেমন পুক্ষকারকে ছুচ্ছ ভাবিয়া উপেক্ষা বরে, সেইরূপ ভাবে সে সাধক আমিরকে তুচ্ছ বোধ করে ও অবশেষে হর্ষ-বিষাদয়ক্ত হইয়া আত্ম-বিসর্জনে অগ্রসর হয়।

কিন্তু এরপ আন্ধতাগ যে সরল আন্মত্যাগ নহে, ভাষা পূর্ব্বে বলিয়াছি। সে সাধক নিজ বিচারশক্তি দারা, ইন্দ্রিয়নিরোধে পাপ হইবে, এইরূপ বিচেনা করিয়া, তার পর আপনাকে উভয়সস্কটাপন্ন দেখিয়া, তবে ভগবানের শরণাপন্ন হয়। যদি তার বৃদ্ধিশক্তির দারা সে বৃঝিতে পারিত যে, ইন্দ্রিয়-নিরোধ কর্ত্ব্য, তাহা হইলে হয় ত সে আর ভগবানের উপর আন্ধনির্ভর কার্য্যতঃ করিয়া উঠিতে পারিক্ত্বনা; আমিরের বশীভূত হইয়াই কার্য্য করিতে থাকিত।

যেরপে হউক,ভগবানে নির্ভরতা স্থৃচিত হইলে সে বিরাট্ শক্তি প্রসন্ধা হন এবং স্থান্য জ্ঞানালোক উজ্জীবিত করিয়া দেন। শুধু প্রসন্ধা নহেন—মা হাসেন, তাঁহার দিগন্ত-মুখরিত হাস্ত হৃদয়ে প্রতিধ্বনিত হয়, তাই এই শ্লোকে "প্রহসন্" কথাটী উল্লিখিত হইয়ছে। তোমরা মায়ের হাসি কখনও শুনিয়াছ ? দিগন্তব্যাপিনী মহাশক্তির আনন্দোল্লাস কখনও দেখিয়াছ ? আনন্দময়ীর আনন্দ-নিকেতন কিরপ হাস্তকলোলে পূর্ণ, কখনও কি তাহার সন্ধান পাইয়াছ ? তোমাদের মূখে যেমন হাস্তরপে আনন্দ ফুটিয়া উঠে, আনন্দময়ীর সর্বাঙ্গ হইতে সেইরপ আনন্দাল্লাস

ঝরিতে কখনও প্রত্যক্ষ করিয়াছ ? তাঁহার উচ্চ হাস্তরোল গগনে গগনে কেমন করিয়া নাচিয়া বেড়ায়—সে হাস্তের তালে তালে রুজেদকল কেমন করিয়া নাচে—সে হাস্যের স্থরে স্থরে সিদ্ধর্ষিরা কেমন করিয়া ত্ব মিলায়—সে হাস্যের মধুর বস পান করিয়া দেবভারা কেমন করিয়া অমর হন —কখনও দেখিয়াছ ? যদি না দেখিয়া থাক—না শুনিয়া থাক, বুঝিবে, ভোমার জীবন বুথা যাইতেছে।

বিরাট্ভাবে সে অপূর্ব্ব দৃশ্য দেখিবার স্থযোগ হওয়া স্বত্র্লভ সত্য,কিন্তু আংশিক ভাবে ইহা দেখিতে ও শুনিতে পাওয়া যায়। পূর্ণ শক্তির পূর্ণ লালা পূর্ণভাবে প্রত্যক্ষ করিতে পারে,এমন শক্তিমান্ নাই সত্য; তবে অধিকারী হিসাবে আংশিক ভাবে ইহা সকলেই অন্নভব কুরিতে পারেন। মহাগুরুরন্দ কিম্বা মহামানবরুন্দ— তাঁহারা যে ভাবে দেখিতে পারেন, সাধারণ মন্ত্র্য্য অবশ্য সে ভাবে এখন দেখিবার আশ। করিতে পারে না,তবে সাধারণ সাধকের পক্ষে যতটুকু সম্ভব,তাহা বলিতেছি। চারি পাঁচ জন সাধক একত্রে প্রতাহ চক্র করিয়া বসিতে হয়। সংহারমন্ত্রে দীক্ষিত হইয়া, সংহারিণীশক্তির উপাসনা করিবার জন্ম সাধকেরা এইরূপ চক্রে অভ্যস্ত হইলে, রজনীর ঘোর অন্ধকারে দীপশৃত্য কোন গৃহমধ্যে অথবা কোন নির্জ্ঞন স্থানে বা শাশানে চক্র প্রতিষ্ঠা করিয়া, মন্ত্র সহকারে প্রতঃহ অগ্নিতে আহুতি দিতে হয় ও সমগ্র ব্রহ্মাণ্ড এক সংহারিণী শক্তির দারা অহর্নিশ তাডিত হইতেছে, এইরূপ চিন্তা করিতে হয়। আত্মার বিনিশ্মক্তির জন্য—মা যেমন সন্তানের গায়ের আবর্জনা মুছাইয়া দেন, তেমনই ভাবে সেই সংহারিণী শক্তি আমাদের প্রবৃত্তিস্কল বা এই বিশাল ব্রন্থাও সংহার করিতেছেন, এইরূপ চিন্তা করিতে হয়। গুরুপদিউ ভাবে এইরূপ চিম্ভা ক্রমশঃ গাঢ়তর হইলে সংহারের স্বরূপ হৃদয়ে প্রন্দররূপে প্রতিফলিত হইতে থাকে ও সাধকেরা সংহারের সারপ্য লাভ করে। তথন সাধকদিগের বহিম্মূর্ত্তি এক অপূর্ব্ব নির্ম্মুক্ত ভাবাপন্ন হয় ও সাধকসকল উচ্চ হাস্ত করিতে থাকে। তাহাদিগের হাস্যরোল ক্রমশঃ উচ্চ হইতে উচ্চতর হয় ও তখন ত'হারা শুনিতে পায়—এক বিকট অট্ট অট্ট হাস্য গগন ব্যাপিয়া মুখরিত। বিশাল অন্ধকারের মধ্যে তাহাদিগের সে হোমশিখা নির্কাপিত হইয়া যায় –তাহাদিগের ·**অঙ্গ** হইতে বন্ত্ৰসকল শ্বলিত হয়, উলঙ্গ হইয়া সে সাধক সকল উন্মত্তের মত শুধু হাসিতে থাকে ও মায়ের অট অট হাসির সঙ্গে সে বিকট হাসি মিশাইয়া যাইতে থাকে। সে হাসির স্রোত সহসা থামে না। নির্ম্মুক্ত ভাবের অপূর্বে আনন্দে বিভোর হইয়া, সমর-বিজয়ী বীরের মত তাহাদিগের সে হাসি বিজয়স্চক।

তাহাদিণের চকু হইতে তেজোব্যঞ্চক দৃষ্টি নির্গত হইতে থাকে। আপনাদিগকে বিশাল শক্তিমান্ ও কায়িক সংকীর্ণতাশৃষ্ঠ বা বিদেহী বলিয়া তাহারা বিবেচনা করে। বাহিরের কোন মন্ত্রগ্থ সে সময়ে তাহাদিণের দৃষ্ঠ দেখিলে, কভকগুলি রণবিজয়ী সৈক্ট বিজয়োলাস করিতেছে, এইরপ মনে করে।

এ চক্রের ব্যাপার অতি অপূর্বে । এ চক্রে একবার স্থৃদৃঢ় অভ্যস্ত হইলে সাধ-কের প্রাণে অন্য ভাব জাগরিত হয় না। জগং তাহাদিগের চক্ষে অস্তিম হারাইয়া ফেলে। মৃত্যু বলিয়া কোন জিনিষ তাহারা কল্পনা করিতে পারে না। একটা তৃষ্ঠ তৃণ উৎপাটনে ও একটা মনুগ্র হননে তাহারা পার্থক্য দেখিতে পায় না। তাহারা বিশ্বময় শুধু এক সংহারের লীলা অহর্নিশ দেখিতে থাকে।

এক সময়ে এরূপ একটা চক্র কোন স্থানে প্রতিষ্ঠিত হইয়াছিল। তাহাতে পাঁচ জন সাধক উপবিষ্ট ছিলেন। অমাবস্যা-রজনীর গভীর অন্ধকারে এক জনশৃষ্ঠ প্রান্তর মাঝে চক্র প্রতিষ্ঠা করিয়া তাঁহারা সাধনা করিতেছিলেন। অন্ধকারে তাঁহাদিগের হোমাগ্রি-শিখা থাকিয়া থাকিয়া লকু লকু করিয়া জ্বলিয়া উঠিতেছিল ও তাঁহা-দিগের মন্ত্রধ্বনি মাঝে মাঝে সে স্থলের নির্জীবতা ভাঙ্গিয়া দিতেছিল। কিছুক্ষণ পরে তাঁহাদিগের যিনি নায়ক,তিনি সহসা দণ্ডায়মান হইয়া উঠিলেন। তাঁহার অঙ্গ হইতে বস্ত্র খলিত হইল। তিনি অক্স সাধকদিগকে সম্বোধন করিয়া বলিলেন, —"বংসগণ! আমাদিগের সাধনায় ভাবান্তর ঘটিয়াছে। গুরুশক্তির সাহায্য বিনা আজিকার সাধনা বিফল হইবে। এত দিন ধরিয়া যে চক্র প্রতিষ্ঠা করিতেছিলান,গুরুর উপ-দেশ সম্মৃত্তাবে বুঝিতে না পারায় আমাদিগের অজ্ঞাতে তার সঙ্গে একটা জম সংসাধিত হইয়া আসিতেছে। এত দিন বুঝিতে পারি নাই,এখন সহসা আমার মনে উদিত হুইল। গুরুদের ব্যতীত সে অম এ সময়ে আর কেহ সংশোধন করিতে পারিবে না। এত দিনের উভাম শেষ মুহুর্তে বোধ হয় ব্যর্থ হইয়া গেল।" তথন সকলে যুক্তি করিলেন, অম হইয়া থাকে হউক, সাধনা ছাড়িব না। আমাদিগের সাধনা যেরূপ চলিতেছিল, চলুক। তথন সেই উলঙ্গ পুরুষ—সেই চক্রের নায়ক— উপবেশন করিয়া, আহুতি গ্রহণ করিয়া, ভাঁহাদিগের গুরুদেবকে সম্বোধন করিয়া বলিয়া উঠিলেন,—"অন্তর্য্যামিন! আমরা যদি অকপটভাবে সাধনা করিয়া থাকি, তবে আমাদিগের ভ্রম সংশোধনের জন্ম — আমাদিগের পরিশ্রমের চরিতার্থতার জন্ম ুজাপনি উপায় বিধান করুন।" এইরূপ বলিতে বলিতে অগ্নিনিখায় সে আহুতি অর্পিড হইল। লিখি ডে শরীর রোমাঞ্চিত হয়, দেহ কাঁপিয়া উঠে, সহসা অগ্নিবৎ

জ্যোতির্ময় অঙ্গবিশিষ্ট এক বিশাল পুরুষ তাঁহাদিগের প্রত্যক্ষীভূত হইল। সে মূর্ত্তি
দর্শনে একমাত্র সেই নায়ক ব্যতীত অন্তান্ত সকলে বজ্রাহতের মত হুর রহিলেন।
তথু সেই নায়ক "জয় গুরু,জয় গুরু" বিলয়া তাঁহার চরণে প্রণত হইয়া পড়িলেন।
তার পর আর কিছু দেখা গেল না; হোমশিখা নির্বাপিত হইয়া গেল, মন্ত্রশব্দ রোধ হইয়া গেল। সেই পাঁচ জন সাধকের উচ্চ হাস্তে সে নির্জ্জন প্রান্তর
মুখরিত হইতে লাগিল। তাঁহাদিগের গুরু-কুপায় ভ্রম সংশোধন হইয়া যাওয়ায়,
তাঁহারা বিরাট হাসির সন্ধান পাইলেন।

এইরপে হাস্তযোগ অমুষ্ঠিত হয়। আমি প্রকাশের ভয়ে হাস্তযোগ নাম দিয়া এ সাধনা সম্বন্ধে যভটুকু উল্লেখযোগ্য, বলিলাম। ইহা অপেক্ষা অধিক পুস্তকে প্রকাশ করা চলে না।

বিরাট জননীর বিরাট হাসি, সংহারিণী শক্তির উপাসনায় যেমন অট্ট অট্ট ভাবে শুনিতে পাওয়া যায়, তত্রপ স্কলন ও পালন-শক্তির আরাধনায় স্মধুর মৃত্
হাস্ত সাধক অমুভব করিতে পারে। কিন্তু পুর্নেব বলিয়াছি, সে বিরাট জননীর
সহিত সম্বন্ধ স্থাপন করিতে না পারিলে সাধক হওয়া যায় না ও সাধক হইতে না
পারিলে তাঁধার লীলা-তরক্ষ উপলব্ধি করা যায় না।

হাসিই বিশের প্রাণ—হাসিই বিশের জীবন—হাসির জন্টই বিশ্বস্থজন কল্লিত।

এ হাসি যে না শুনিল,—জগৎপালিনীর মধুময় হাসি যে না শুনিল—সংহারিণীর

অট্ট অট্ট হাসি যে না শুনিল, তাহার মনুশ্বর এখনও সুদুরে।

কথায় কথায় অনেক দ্বে আসিয়া পড়িয়াছি। যাহা হউক, আনরা এই পর্যাস্ত পাইলান, ফ্রদয়স্থ শক্তিকে বা হ্রনীকেশকে বিশ্বব্যাপিনী শক্তি বা গোবিন্দ বলিয়া অমুভব করিলে, সে শক্তি প্রসনা হয়েন; এবং সেইরূপ দায়ে পড়িয়া নির্ভরতার অবস্থা হইতে পূর্ব, সরল নির্ভরতায় তিনি পৌছাইয়া দেন। এই শ্বল হইতেই জীবের জীবন-গতির বিকাশ; এই মুহুর্ত্ত হইতেই তাহাকে ভগবানের সহিত সম্বন্ধ করতে পারা যায়। জীবনাত্রেই সাধক ও তাঁহার সহিত সম্বন্ধ করতে পারা যায়। জীবনাত্রেই সাধক ও তাঁহার সহিত সম্বন্ধ করতে পারা যায়। জীবনাত্রেই সাধক ও তাঁহার সহিত সম্বন্ধ কুল, সে হিসাবে আমি বলিতেছি না; তবে এত দিন অজ্ঞাতভাবে সাধক ও সম্বন্ধ কুল ছিল, এইবার জ্ঞাতভাবে সাধক ও সম্বন্ধ কুল হইল। বিধাদের পালা ঘুচিয়া িয়া এইবার আনন্দের পালা পড়িল। ক্রন্দনের রোল থামিল—হান্তের তরঙ্গ-হিল্লোলে সাধকের হ্রন্ম পূর্ব হইতে চলিল।

শ্ৰীভগৰামুবাচ।

আশোচ্যানম্বশোচত্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষদে। গক্তাসূনগভাসুংশ্চ নাসুশোচন্তি পণ্ডিতাঃ॥১১

ছম্ অংশাচ্যান্ অন্ধানিঃ প্রক্ষাবাদান্ চ ভাষসে; পণ্ডিভা: গভাস্ন্ অগভাস্ন্ চ ন অনুশোচন্তি।

ব্যবহারিক অর্থ।—অশোচ্যদিনের জন্ম তুমি শোক করিতেছ ও বিজ্ঞের মত কথা কহিতেছ। মৃত বা জীবিত, ইহার জন্ম পণ্ডিতেরা কখনও শোক করেন না।

যৌগিক অর্থ।—মৃত বা জীবিত, হত বা আহত, পণ্ডিতদিগের শোকের কারণ এ সকল নহে। পণ্ডিতদিগের লক্ষ্য এ দিকে নিবন্ধ নহে। পণ্ডিতদিগের বা সাধকদিগের নিমাবস্থায় যদি কিছু শোকের কারণ থাকে, তবে তাহা ঈশ্বরবিচ্ছেদ উপলন্ধি। এ অবস্থায় যখন জ্ঞান হাদয়স্থ হয় নাই, শুধু কণ্ঠস্থ হইয়াছে মাত্র, অর্থাৎ জ্ঞানের যখন ঈবং আভাসমাত্র ফুরিত হইয়াছে,—যখন জ্ঞান কেবলমাত্র বাক্যকে অনুশাসিত করিতে সক্ষম —কার্যাকে পারে না, সেই সমরে জীবের শোকের কারণ ঐ একমাত্র ভগবদ্বিরহ। মৌথিক বা আভাসিক জ্ঞানে সে বুঝিয়াছে, ঈশ্বর এবং সে একই পদার্থ; কিন্তু কার্যাতঃ নিজের হীনতা, অক্ষমতা, সর্ববিষয়ে ঈশ্বরের সহিত পার্থক্য অনুভব করিয়া সে শোক করে। অনুশোচনায় তাহার হাদয় পুড়িয়া যায়। ভাবে —আমি যদি ঈশ্বর বা তদংশ বা স্বরূপ, তবে আমি তন্দ্রপ শক্তি উপলব্ধি করিতে পারি না কেন ? এ অবস্থায় সাধকের এইটুকুমাত্রই শোকের বিষয়। নত্বা দেহ ও ইন্দ্রিয়াদি যাক্ বা থাক্, এ সকল সাধকের শোকের বিষয় নহে।

সাধকের এই বিশিষ্ট অবস্থাটুকুই এই শ্লোকে ক্ষৃটিত। এ অবস্থায় মানুষ প্রাজ্ঞের মত কথা কহে, কিন্তু প্রাজ্ঞের মত কার্য্যান্ত্রপান করিতে পারে না। ব্ঝিতে হইবে,জ্ঞান এখনও কার্য্যকে অনুশাসিত করিবার উপযুক্তভাবে ঘনীভূত হয় নাই; ঈষং আভাসমাত্র চিত্তক্ষেত্রকে ক্ষীণ আলোকযুক্ত করিতেছে, তাহার ভাবসকল সেই আলোকে ঈষং আলোকিত হইয়া বাক্যাকারে প্রকাশ পাইতেছে।

তাই ভগবান্ এই সময়ে এই ভাববৈষম্যময় অবস্থার প্রতি সাধকের দৃষ্টি আকর্ষণ করেন। কার্য্য ও বাক্যে যাহাতে সমতা আইসে, এই অবস্থায় সাধকের সেই। দিকে লক্ষ্য করা উচিত। অবশ্য বাক্য চিরদিনই কার্য্যের অগ্রসর, মনুয়োর কার্য্য কোন দিনই বাক্যের সহিত সমবেগে যাইতে পারে না। ভাব চিরদিনই বাক্যাকারে কার্য্যের আগে আগে যায়, কার্য্য ক্রমশং তার পশ্চাদ্ধাবন করে মাত্র। তবে

যাহাতে বাক্য হইতে কার্য্য অধিক পিছাইয়া না পড়ে—যাহাতে বাক্যের সহিত কার্য্য
সম অমুপাতে অগ্রসর হইতে পারে, এই অবস্থায় সাধকের সেইটা প্রধান লক্ষ্য
হওয়াউচিত। তাই ভগবান্ ঐ বিশিষ্ট অবস্থাকে লক্ষ্য করিয়া হাস্য করেন। যাহার
কার্য্যে ও বাক্যে বিরোধ নাই, জ্ঞান উন্মেষের সঙ্গেল ভাব ও বাক্যসকল যেমন
উন্নত হয়, সেই দিকে লক্ষ্য রাখিয়া কার্য্যকে তদমুপাতে যে উন্নত করিতে পারে,
সেই যথার্থ এই শ্রেণীর সাধক। নতুবা ছায়াবান্ধীর মত জ্ঞান একবার বাক্যাকারে চারি ধারে ক্রুরিত হইয়া, লোকচক্ষ্ চমংকৃত করিয়া চিরদিনের মত নির্ব্বাপিত হইয়া যায়। কিন্তু কার্য্যকে সে ভাবের পশ্চাং পশ্চাং উদ্ধিমুখী করিতে
পারিলে, কার্য্য সেই ভাবন্ধপ শক্তিকে নিজ পোষণের জন্ম আবদ্ধ করিয়া রাখে,
বাক্যাকারে ফুটিয়া উঠিয়া ছায়াবান্ধীর মত মিলাইয়া যাইতে দেয় না। ঐ পন্থাতেই
সাধকের শক্তি বাড়িতে থাকে, তাই ভগবান্ সাধকের এই ভাববৈষম্যময় অবস্থা
লক্ষ্য করিয়া বলিতেছেন,—জীব। তুমি বিজ্ঞের মত কথা কহিতেছ, কিন্তু অজ্ঞের
মত ক্রিয়া করিতেছ।

ন ত্বেৰাহং জাতু নাসং ন হং নেমে জনাধিপা: । ন চৈব ন ভবিষ্যাম: সর্কেব ৰয়মতঃ পরম্ ॥ ১২

অহং জাতু ন আসম্ ইতি তু নৈব, হং ন (আসীঃ ইতি ন), ঈমে জনাধিপাঃ ন, অতঃপরং সর্বেে বয়ং ন ভবিত্যামঃ (ইতি) চন এব।

ব্যবহারিক অর্থ।—আমি যে কখনও ছিলাম না, এমন নয়, তত্ত্বপ তুমিও যে ছিলে না, ভাহাও নহে,এই জনাধিপসকল, ইহারাও যে ছিল না, এমনও নহে, ইহার পর আমরাও যে থাকিব না, ভাহাও নহে।

ষৌগিক অর্থ।—জীবের পক্ষে এমন আশ্বাদের বাণী বুঝি আর নাই। প্রাণে অন্তর কাগাইয়া দিতে, এমনই করিয়া অমৃত-প্রোত ঢালিয়া দিতে, প্রাণকে চির অক্তিবের আভাসে আলোকিত করিতে, মৃত্যুশক চিরদিনের জন্ম বুকের ভিতর হইতে মুছিয়া দিতে ভগবান্ এই ভাবের আশ্বাসবাণী হাদয়ে প্রতির্মনিত করেন। জীব যাহা কিছু দেখিতেছে—যাহা কিছুর অন্তির উপদ্বিক করিতেছে, আছে বলিয়া

যাহা কিছু ব্বিতেছে—এ সমস্তই চির সত্য—জন্ম-মৃত্যুহীন। কিছু কখনও ছিল না, নৃতন হইয়াছে, অথবা নৃতন করিয়া হইবে, এমন নহে। ভাবিও না—তুমি নৃতন হইয়াছ, ভাবিও না—তুমি কখনও ছিলে না, ভাবিও না—তুমি কখনও থাকিবে না। ভোমার অস্তিত্বের কখন লোপ হয় নাই, কখন লোপ হইবে না, কখনও হইতে পারে না। আমি চিরবর্ত্তমান, তুমিও চিরবর্ত্তমান। এই ইন্দ্রিয় ভাবাদি যাহাদিগের হননে তুমি কাতর হইতেছিলে, যাহারা বিনষ্ট হইবে ব্বিয়া তুমি শোকাচ্ছন্ন হইতেছিলে —এ সকলও চিরবর্ত্তমান; এবং ঐ ইন্দ্রিয়সম্বন্ধে সম্বন্ধ্যুক্ত যে সকল পদার্থের জন্ম তুমি মায়াক্রান্ত, সে সকলও চিরবর্ত্তমান।

তুমি ইন্দ্রিয় নিরোধ করিয়া যোগস্থ হইতে গেলে প্রাণ যে ইন্দ্রিয়গ্রামে বার বার প্রত্যাবর্ত্তন করে, নিজের অপ্তিম হারাইয়া ফেলিবার ভয়ে ভীত হইয়া আবার মায়ার ক্ষেত্রের দিকে লক্ষ্য ফিরায় অথবা তোমার জীবন-প্রবাহ ক্রমশঃ মায়ার দিক হইতে ফিরাইয়া ভগবানের দিকে লইয়া যাইতে গোলে বার বার উহা যে সায়ার দিকে ঘুরিয়া দাঁড়ায়, কুলধর্ম আদি বিনষ্ট হইবার আশঙ্কা করে, এই উভয় পক্ষেই তোমার বুঝা উচিত, তোমার আশস্কার কোন কারণ নাই। কেন না. কোন পদার্থ কখন অস্তিত্ব হারাইতে পারে না। বস্তু বল,ভাব বল,শক্তি বল,ইন্দ্রিয় বল—সমস্তই চির অস্তিত্বময়—চির বর্ত্তমান—চির সভ্য। যাহা কিছু দেখি, যাহা কিছু শ্রবণ করি, ইন্সিয় সকলের দ্বারা যাহা কিছুর অন্তিম অনুভব করি, বৃঝিও —বিরাট্ অস্তিতে সমস্তেরই সতা বর্তমান—সমস্তই সত্য। চন্দ্র, সূর্য্য, আকাশ, বৃক্ষ, তৃণ, পর্বত, সমুদ্র,—সমস্ত সত্য—সমস্ত অস্তিহরূপ সত্ত্যে গঠিত। কাহারও অন্তিখের কখনও বিচ্ছেদ হয় না, অন্তিখ কাহারও কখনও হাস প্রাপ্ত হয় না. অস্তিত্ব কাহারও কথনও বিলুগু হয় না। তুমি আজ ঐ যে একটী অঙ্কুরকে মৃত্তিকা ভেদ করিয়া উঠিতে দেখিতেছ, এবং কিছু কাল পরে যে উহাকে এক বৃহৎ বৃক্ষাকারে পরিণত হইতে দেখিবে, ভাবিও না—এ বৃক্ষটি ছিল না, আজ নৃতন হইয়া জন্মাইতেছে; অথবা ঐ যে বৃক্ষটিকে নির্জীব শুক্ষ হইয়া ক্রমশঃ ধ্বংস হইয়া याहेरा प्राचित्र , जावित्र ना - जेहा जात शाकिरत ना - विनष्टे हहेगा याहेराजर । ঐ যে মাতৃগর্ভে রেতোবিন্দু পুষ্ট হইয়া শিশুরূপে জগতে অবতীর্ণ হইল এবং কিছু কাল পরে বর্দ্ধিত হইয়া যুবক আকারে পরিণত হইবে, ভাবিও না—উহার অञ्चिष कथन । किन ना, वाक नृष्ठन कतिया शहेन। व्यथन के त्य मृत्रामधान জরাজীর্ণ বৃদ্ধ মনুষ্যটা শায়িত রহিয়াছে, ভাবিও না – উহা আর রহিল না – বিনষ্ট হইয়া গেল। তোমার প্রাণে যে পিতা, মাতা, মন্থ্য, পশু, বৃক্ষ, ক্রোধ, ভর্তিইত্যাদি ভাবসকল বিকাশ পাইতেছে, ভাবিও না—উহারা ছিল না, আজ ন্তন জন্ম পরিগ্রহণ করিতেছে, অথবা বিশ্বতির সঙ্গে সঙ্গে উহারা চিরদিনের জন্ম অস্তিহ হারাইয়া ফেলিতেছে।

তবে হইতেছে কি ? এই মৃহূর্তে যাহা দেখিতেছি, পর মুহূর্তে তাহা দেখিতে পাই না কেন ? আজ যে ভাব আমার প্রাণের ভিতর ফুটিয়া উঠিয়া মিলাইয়া গেল, ইহ জীবনে আর সে ভাবের সন্ধান পাই না কেন ? প্রাণ দিয়া মাহাকে ভালবাসিলাম, ফদয়ের সমন্ত রুত্তি যাহার সেবায় অর্পণ করিলাম, যাহার সঙ্গ মহ্বা-জীবনের পূর্ব চিক্তার্থতা ভাবিয়া মুহূর্ত্তের জক্ত ছাড়িতে চাহিতাম না, কিছুবাল পরে আর সেই মন্ত্যারূপী গুরুকে সমগ্র জগৎ অনুসন্ধান করিয়াও খুঁজিয়া পাই না কেন ? প্রাণপণে কঠোর পরিশ্রম করিয়া মাতৃরূপ ধ্যান করিতে বসিলাম, বহু কঠে বহু আরাধনায় মূর্ত্তি ফুটাইয়া তুলিলাম, মুহূর্ত্তের জক্ত মাতৃনয়নের স্বেহ-ভরা চাহনি স্থান্য স্থেহের ধারা ঢালিয়া দিল, তার পর চবণে লুটাইতে গিয়া আর ত তাঁহাকে খুঁজিয়া পাইলাম না। সম্প্র জীবন ব্যাপিয়া "না" "মা" করিয়া কাঁদিলাম; কই, আর ত তাঁহাকে দেখিতে পাইলাম না ? প্র যে ব্রত্তীর শিরে বিমল হাসি হাসিয়া ক্ষুত্র কুমুম্টি উঠিল, কত সৌরভ বিতরণ করিল, কত নয়নে সৌন্দর্যোর মোহ বিকীর্ণ করিয়া ধীরে ধীরে ঝরিয়া পড়িল, আর ত তাহাকে রাখিতে পারিলাম না!

কেন এমন হয় ? যদি সবই চিরস্থায়ী, তবে আমাদের চক্ষে সকলি অস্থায়ী কেন ? যদি সকলই অপরিণামী, তবে আমরা জগংকে এত পরিণামী দৈখিতেছি কেন ? বস্তু বল, ভাব বল, এই মুহুর্তে যদ্রপ দেখি, পর মুহুর্তে ঠিক তদ্রপ দেখিতে পাই না কেন ? তাহার উত্তরে ভগবান্ বলেন,—

> দেহিনোহস্মিন্ যথা দেহে কৌমারং যৌবনং জরা। তথা দেহান্তরপ্রাপ্রিধীরস্তত্র ন মুহুতি॥ ১০

দেহিন: যথা অম্মিন্ দেহে কৌমারং যৌবনং জরা, দেহান্তরপ্রাপ্তিঃ তথা, ধীর: তত্র ন মুহুতি।

ব্যবহারিক অর্থ।—দেহীদিগের দেহে যেমন কৌমার, যৌবন ও বার্দ্ধক্য, দেহান্তর-প্রাপ্তিও ভজ্ঞপ ; ধীরত্ব প্রাপ্ত হইলে আর এ সকলে ভাহাকে মুগ্ধ হইতে হয় না । যৌগিক অর্থ।—এই শ্লোকটীতে এবং পর শ্লোকে সমগ্র স্থিতিত্ব ব্যক্ত হইয়াছে।
এই ছইটী শ্লোক ভেদ করিতে পারিলে স্থিতিত্ব স্থান্দররূপে উপলব্ধি হয়। এত
সংক্ষেপে বিশাল ব্রহ্মাণ্ডতত্ব আর কোথাও ব্যক্ত হইয়াছে বলিয়া মনে হয় না।
এবং এ ছই শ্লোকের মর্ম্ম স্থান্দররূপে উপলব্ধি করিতে পারিলে সাংখ্যযোগে
অধিকারী হওয়া যায়।

দেহ কাহাকে বলে ? আধারের নাম দেহ। অনস্ত শক্তির সমুত্র বিভিন্ন প্রকারে বিভিন্ন স্তরে উপলিনি হয় ও বিভিন্নরূপে ক্রিয়া করে। সেই ভিন্ন ভিন্ন স্তরে যে সকল ভিন্ন ভিন্ন রূপে যে শক্তি পরিদৃষ্ট ও উপলিনি হয়, সেইগুলিকে দেহ বলা যায়। বিরাট শক্তি সাধারণতঃ সপ্ত প্রকারে প্রতিফলিত। সেই সপ্ত স্তর বিরাট শক্তির সপ্ত দেহ বলিয়া পরিচিত। সাধারণতঃ এই সপ্ত দেহ সপ্ত লোক নামে বর্ণিত হইয়াছে; কিন্তু এই স্থলে বিশেষ করিয়া বুঝা উচিত, একই জিনিব সাত স্থলে সাত রক্ষে পরিদৃষ্ট হয় মাত্র। জিনিষের প্রত্যবায় হয় না, দর্শনের রূপান্তর হয় মাত্র। যেমন একই নক্ষত্র চক্ষে এক আকারে এবং যত্র সাহায্যে অক্ত প্রকারে পরিদৃষ্ট হয়, তক্ষপ একই শক্তি-সমুত্র এ সপ্ত স্থলে সপ্ত প্রকারে পরিদৃষ্ট। স্থল কথা, বিশাল ব্রহ্মাণ্ড জিনিষের তারতম্য নহে, শুধু চক্ষের তারতম্য।

যাহা হউক, ইহা হইল প্রথম স্তরের কথা অর্থাৎ প্রথম স্তরে ব্রহ্ম এইরপে পরিদৃষ্ট হন। দিতীয় স্তর বা সাংখ্যন্তরে যে প্রকারে উপলব্ধি হয়, তাহা এইবার বলিব। বিশাল তৈত্যশক্তি পূর্ণ ঘনাভূত অবস্থা পাইয়া প্রকাশিত হইলে যেরপ অবস্থা প্রাপ্ত হয়, তাহার নাম দেহ। তৈত্য-শক্তির প্রত্যেক কয়িও অণু এইরপ সাত সাত্রী দেহে পরিব্যাপ্ত। বিরাই হইতে অণু পরমাণু অবধি এই হিসাবে সকলেই দেহী।

বস্ততঃ দেহে ও দেহীতে যেন কিছু পার্থক্য নাই। যেমন অমিশিখা তাপের দেহ, অমি-শিখার প্রত্যেক অণুটা উত্তাপ ছাড়া আর কিছুই নহে এবং সেই প্রত্যেক উত্তাপ-কণা রূপ বা জ্যোতিবিশিষ্ট, কিন্তু বহু উত্তাপ-কণা একত্র সম্বদ্ধ হইয়া তবে মানবচক্ষে রূপবিশিষ্ট সাব্য়ব বলিয়া প্রভাত হয়, তক্রপ প্রত্যেক পদার্থ সম্বদ্ধে বৃষিত্তে হইবে। চৈতক্তশক্তিই সর্বত্ত এইরূপ অণু আকারে এইরূপে সাব্য়বহু পরিগ্রহণ করে। বিশাল ব্রহ্মাণ্ডের প্রত্যেক পর্মাণুই এইরূপে চৈতক্ত-বিশিষ্ট—হৈতত্তে গঠিত ও চৈতক্তের ঘনাত্ত বিকাশ বা দেহী। সাধক হইতে হইলে দেহকে যাহাতে দেহা নহে বলিয়া চিনিতে পারা যায়, তক্ষপ জ্ঞান

সাধনা করিতে হয়। এবং এরপে সাধনার নামই সাংখ্যযোগ। আধারকে আধেয় নহে বলিয়া পরিজ্ঞাত হওয়াই প্রকৃতি-পুরুষ জ্ঞান। সাধারণতঃ লোকে ভাবে, প্রকৃতি ও পুরুষ যেন তুইটা বিভিন্ন জিনিষ, এই প্রকৃতি হইতে পুরুষকে পরমার্থতঃ বিচ্ছিন্ন করিয়া দেখাই যেন বিবেক এবং এইরূপে মায়াবিজ্ঞতি হইয়া তাহাদের ঘৈতবাদের পোষকতা করে। কিন্তু শান্তে প্রকৃতি হইতে পুরুষকে মুক্ত করার যে উল্লেখ তোমরা দেখিতে পাও, উহার অর্থ এরপ নহে। উহার প্রকৃত অর্থ — প্রকৃতি ও পুরুষ বা দেহ ও দেহা ভিন্ন করিয়া দেখিয়া, পরে ব্রহ্মজ্ঞানে একীকরণ। এই একীকরণের উদ্দেশ্যেই প্রথম বিবেক।

এই একীকরণের জন্ম প্রকৃতিকে বা দেহকে বা আধারকে বিশ্লেষণ ও বিভিন্ন করিয়া প্রথমে দেখিতে হয় ও পুষ্মানুপুষ্মরূপে তাহার ভিতরকার মূল অপরিণামী সন্তাকে লক্ষ্য করিয়া নিজ শক্তির প্রেরণা করিতে হয়। তাহা হইলে স্পষ্টতঃ পরে দেখিতে পাওয়া যায়, বস্তুতঃ একই চিতিশক্তি বিশেষ বিশেষ স্থলে তত্তৎ-স্থলীয় সন্ধীর্ণতাবশতঃ বিশেষ বিশেষ গুণাক্রান্ত বা ভাবাক্রান্ত বা আধার বলিয়া প্রতিপন্ন হইতেছে ও তন্মধ্যে আধেয়রূপে এক চিৎসরূপ আত্মাই রহিয়াছেন। এই চিতিশক্তি ও চিৎ, পরে এক বলিয়া জানা যায় ও উহাই ব্রহ্মবাদ।

পরমাত্মা অর্থে—সর্বপ্রকার অস্তিষ অনমুভবনীয় এক কিন্তৃত কিমাকার কল্পনার জিনিষনহে; পরমাত্মা অর্থে—সর্ব অণুর, সর্বব মহতের, সমস্তের অবিচ্ছিল্ল কেন্দ্র বা পূর্বেবাক্তরূপ ভাব বা গুণ বা আধাররূপ সংকীর্ণতামুক্ত নিতা সর্বব্যাপী অক্তিষ।

মনে কর, একটা বিন্দু। বিন্দু বলিলে কি বুঝায় ? ব্যান্তিশৃত্য অন্তিত ; যাহা বিভাজ্য নহে, তাহাকে বিন্দু বলে। ব্যাপ্তিশৃত্য অন্তিত কিরপে সম্ভবপর ? যাহার অন্তিত আছে, তাহারই ব্যাপকতা অবত্যন্তাবী ; এবং ব্যাপকতা থাকিলেই তাহা বিভাজ্য, স্তরাং ব্যাপ্তিশৃত্য ও অবিভাজ্য অন্তিত কি প্রকারে স্থাসন্ধ হইতে পারে ? অথচ যেমন বিন্দুর অন্তিত অন্বীকার করিলে বস্তুমাত্রেরই অন্তিত অন্বীকার করিতে হয়, বিন্দুর অন্তিত যেমন স্বতঃশিদ্ধ ও বিন্দুর অন্তিতেই যেমন পদার্থমাত্রের অন্তিত, অবিভাজ্য ব্যাপ্তিশৃত্য বিন্দুই যেমন বিভাজ্য ও ব্যাপ্তিময় জাব্যাকারে পরিণত, এ সমগ্র ব্রহ্মাণ্ডত্বের মূল উপাদানও সেইরপ বুঝিতে হইবে।

ভার পর মনে কর, সেই বিন্দু যে কোন জবোর থে কোন ছলে যে কোন অবস্থায় যেমুন উপলব্ধি হয় ;—এমন কোন স্থল থাকা সম্ভব নহে, যেখানে বিন্দুর অস্তির অস্বীকার করিতে পারা যায়; স্কুতরাং বিন্দুকে যেমন সর্বব্যাপী অথচ অপরিণামী বলিয়া বৃঝিতে পারা যায়, চৈতক্তমাজিকে সেইরপ বিন্দু অথচ মহান্—ব্যাপকতাশৃত্য অথচ সর্বব্যাপী—গুণশৃত্য অথচ গুণময় বলিয়া বৃঝিতে পারা যায়। এই যে ব্যাপ্তি ও গুণবিশিষ্ট ভাব, ইহাই চন্দ্র বা দেহ বা আধার বা বিরাট্ ব্রহ্ম। আর ঐ ব্যাপ্তিশৃত্য অস্তিম্বই বিন্দু—দেহী বা আধার বা নিগুণ ব্রহ্ম।

যাহা হউক, মোট কথা এই ৮ চন্দ্র ও বিন্দুর মধ্যে অর্থাং জড় ও হিরণার পুরুষের মধ্যে পাঁচটী স্তর বর্ত্তমান। ত্রহ্মাণ্ডের প্রত্যেক পরমাণুর ভিতর দিয়া এই পাঁচটী স্তর অনুসূতে। জড় ও হিরণায়কোষ লইয়া সর্বসমেত সাত প্রকার ক্ষেত্র প্রস্তা। সাত প্রকার অর্থে সাতটী বিভিন্ন জিনিষ নহে। একই জিনিষের স্ক্ষ্ম ও ঘনীভূত অবস্থাভেদ মাত্র। আর প্রত্যেক পরমাণু বা জীব এই সপ্তকোষসম্বলত ও এই প্রকারে অস্তিষ উপভোগ করিতে ক্রমশঃ সমর্থ হয়।

জীব বহিন্ম্থী গতিপ্রভাবে যত শক্তিমান্ হইতে থাকে, তত তাহার স্থুল দেই ক্রমশঃ সর্ব্বেশিষ্ট মনুষ্যখের দিকে অগ্রসর হইতে থাকে ও তার পর অস্তর্ন্ম্বী গতি স্থিতি হইলে ভিতরের ঐ সপ্ত কোষ ক্রমশঃ দেহে পরিণত ও তাহাতে কার্য্য করিতে সক্ষম হয়। সাধারণ মনুষ্য তাহাদের এই বাহিরের স্থুল দেহে কার্য্যপটু; কিন্তু দিতীয় অস্তন্তরে বা মনোময় কোষে শিশুসদৃশ— দেখানে এখনও তাহাদের ইন্দ্রিয়সকল কোটে নাই। উন্নত পুরুষেরা মনোময় কোষে পূর্ণ কার্য্যক্ষম এবং স্থুলদেহের মত মনোময় দেহেও স্থুচাক্রন্নেপ সর্ব্ব কার্য্য সম্পাদন করিতে সমর্থ।

মনোময় কোষে জীব কার্যাকারী হইলে ভ্বর্লোক পর্যান্ত স্বচ্ছন্দে পরিদৃষ্ট হইতে পারে। এইরপে জীব যত স্ক্র কোষ-সকলকে স্ক্র দেহে পরিণত করিতে পারে, ততই স্ক্র হইতে স্ক্রতর ক্ষেত্রের সহিত সে সম্বন্ধবদ্ধ হয় ও অবশেষে হিরগ্নয় কোষ বা মায়ের আমার আনন্দমন্দিরের সন্ধান পায়।

এইরপে সুল হইতে স্ক্ষতর কোষে কার্যাক্ষম হইতে যে সময় লাগে, সাধারণতঃ তাহা চারি ভাগে কল্লিত —কলি, দাপর, ত্রেতা ও সত্য। মনুযুকুলে আসিয়া
পৌছিবার পূর্ববিধি সত্য, ত্রেতা, দাপর ও কলি, এই প্রকার ক্রমাবলম্বনে শক্তি
উন্মেষিত হয় ও তার পর গতি অস্তম্মুখী হইলে বিপরীত ক্রম অর্থাৎ কলি, দাপর,
ত্রেতা ও সত্য,এই ভাবে গতিপ্রবাহ চলিতে থাকে। শক্তি যখন শায়িত বা প্রচ্ছর,
তখন তাহাকে কলি বলে, শক্তির উপবিষ্ট অবস্থার নাম দাপর, উপান অবস্থার
নাম ত্রেতা ও পূর্ণ কার্যাকরী অবস্থার নাম সত্য।

সাধারণ জীবদেহে সভ্য, ত্রেভা, দ্বাপর ও কলি, এইরূপ ভাবে কালপ্রবাহ চলে, অর্থাৎ স্থলদেহে অন্তন্মুখী গতি উন্মেষণ হওয়া বশতঃ জীব ক্রমশঃ উদ্ধ-স্তরীয় কোষে প্রবিষ্ট হয়। কিন্তু সেই কোষে প্রবিষ্ট হইয়া বহিম্পুখী গডিপ্রভাবে তার অন্তমুখী গভি রুদ্ধপ্রায় হইয়া পড়ে ও ক্রমশঃ সেই কোষামুযায়ী ইক্সিয়-সকল পরিপুষ্ট হইয়া জীব-কোষের ভোগে মগ্ন হইয়া পড়ে। ইন্দ্রিয়সকল যত কুটতর হইতে থাকে, বহিন্দু খী ভোগেচ্ছার তত চরিতার্থতা ঘটিতে থাকে ও তাংার অন্তন্মু ৰী গতি ততই ধীরে ধীরে সঞ্চালনশীল অবস্থা পরিত্যাগ করিয়া শায়িত হইয়া পড়ে বা কলি আক্রাস্ত হয়। তখন বিরাট্ স্লেহময়ী মাতৃশক্তির স্লেহ-দৃষ্টি ভাহাকে—ভাহার অস্তম্মুখী গভিকে পুনরায় উন্মেষিত করিতে দেহাস্তর আশ্র করিতে বাধ্য করে। ইহারই সাধারণ নাম মৃত্যু। সভ্য, ত্রেভা, থাপর ও কলি, এই চারি অবস্থা, পরমাণু হইতে সাধারণ মহুয় অবধি এই সমস্ত জীব-ক্ষেত্রে কৌমার, যৌবন, জরা ও দেহাস্তরপ্রাপ্তি, এই চারিরূপে প্রকটিত হয়। কিন্ত সাধক হইতে হইলে এই চারিটিকে ঘুরাইয়া বা বিপরীত ক্রম করিয়া লইতে হয়; অর্থাৎ যে ভাবে সাধারণ মনুষ্য বাঁচিয়া থাকে, সেইটিকে মৃত্যু অবস্থা বা অন্তশ্ম্ খী শক্তির শায়িত অবস্থা বলিয়া ধানণা করিয়া লইতে হয়। এবং যাহাতে সেই শায়িত অবস্থা হইতে অন্তমুখী গতি ক্রমশঃ উপবেশন, উত্থান ও সঞ্চারণশীল অবস্থায় পরিণত হয়, তদমুযায়ী ভাবে জীবনের গতি ফিরাইয়া লইতে হয়।

সে ফিরাইবার উপায় বিরাট্ চৈতক্তগক্তিকে উপলব্ধি করা বা প্রকৃতিকে চেনা। সগুণা জননীর গুণসকলের বিশ্লেষণ করিতে করিতে যভই অগ্রসর হওয়া যায়, ততই ক্রমশ: নিজের গুণ বা শক্তি সেই মহাশক্তিতে বিলীন হইতে থাকে। স্রোত্যেমন সমুদ্রে মিলায়,বাষ্পা যেমন আকাশে ব্যাপ্ত হইয়া পড়ে, তেমনি ভাবে আত্মশক্তি মাতৃক্রোড়ে মিশাইয়া যাইতে থাকে ও তথন মাতা ও পুত্র, প্রকৃতি ও পুক্রম, চক্র ও বিন্দু, আধার ও আধেয়, নিগুণ ও সগুণ এক হইয়া যায়।

আগে হইতে নিশুণ নিশুণ করিও না,নিশুণ কথার অর্থ ব্ঝিতে এখনও অনেক বিলম্ব আছে। আজ ব্রহ্মবাদের ঘনঘটায় পৃথিবী ছাইয়া ফেলিতেছে—আপামর সাধারণ "ব্রহ্ম" "ব্রহ্ম" শব্দে দিগস্ত মুখরিত করিতেছে—আজ মা আমার বাদ্ময়ী-রূপে দেশে অবতীর্ণা—অভাগিনী হৃদয়ে আশ্রয় না পাইয়া কঠে আশ্রয় লইয়াছে। যদি দেখিতে চাও, তবে কঠ হইতে মাকে হৃদয়ের মধ্যে লইয়া যাও—দেখিতে পাইবে।

আগে আধার বুঝিতে চেষ্টা কর—আগে বৃক্ষ লভা. তৃণ ব্ঝ—আগে রক্ত মাংস মেদ ব্ঝ—আগে ক্ষিভি, অপ্, ভেজ, মরুং, ব্যোম ব্ঝ,ভার পর প্রাণ বুঝিবে —ভার পর আত্মা বুঝিবে।

জানি, বুঝিবার শক্তি ভোমার নাই; তাই ব্রহ্মশক্তির আশ্রয় লও; অসুমান ছাড়িয়া প্রত্যক্ষের দিকে চাহ,—মাথা ঘামাইতে হইবে না, যাহা দেখিতে শুনিতে পাইতেছ, ইন্দ্রিয়ের দারা যাহা স্পর্শ করিতে অধিকারী হইয়াছ, তাহাই ভাল করিয়া স্পর্শ কর, তাহাই ভাল করিয়া দেখ, শুন—বুঝিতে পারিবে।

যাহা হউক, পূর্বেব বলিয়াছি, আধারের চারি প্রকার অবস্থা – কৌমার, যৌবন, জরা ও দেহান্তরপ্রাপ্তি। শক্তির উন্মেষের ক্রম হিসাবে এই চারিটী অবস্থা দেহী বা জীবমাত্রেরই দেহে ফুটিয়া উঠে। দেহান্তর-প্রাপ্তি কৌমার, যৌবন, জরার মত একটা অবস্থা মাত্র ; উহা আর নৃতন কিছু নহে । অস্তম্মুখী শক্তির শায়িত অবস্থার নাম দেহাস্তরপ্রাপ্তি; শক্তির বিনাশ নহে। মনে কর, একটি আধারে এক দিক্ দিয়া জ্বপ্রবাহ প্রবিষ্ট হইভেছে ও অগু দিক্ দিয়া অস্তু একটি প্রণালী বহিয়া সে জল নির্গত হইয়া যাইতেছে। আর সে আধারটী এমন ভাবে গঠিত যে, ইচ্ছাতুযায়ী তাহার দারা জল অধিক পরিমাণে আকৃষ্ট করিতে ও অল্প পরিমাণে প্রক্ষেপ করিতে কিম্বা অল্প পরিমাণে টানিয়া লইতে ও অধিক পরিমাণে বাহির করিয়া দিতে সমর্থ হওয়া যায়। তুমি সেই যন্তে যত অধিক পরিমাণে জল টানিয়া লইতে সমর্থ হইবে বা সংগ্রহ অপেক্ষা যত অল্প পরিমাণে ব্যয় করিবে, তত সে জলের বহির্গমন-বেগ বৃদ্ধিত হইতে থাকিবে এবং ইহার বিপরীত ক্রমে বহিম্মুখী বেগও মাত্রামুষায়ী হ্রাস পাইতে থাকিবে। জীব-শক্তি যৌবনের প্রারম্ভ অবধি অধিক পরিমাণে অন্তমু্থী ও অল্প পরিমাণে বহিম্মুখী থাকে বলিয়া, বহি-শ্ব্বী চঞ্চলতা বৃদ্ধি ও কর্ম্মেন্দ্রিয়াদির পুষ্টি অধিক মাত্রায় হইতে থাকে। যথন শক্তি অন্তমুথে ও বহিমুথে সমান পরিমাণে ক্রিয়া করে, জীব তথন তাহাকে যৌবন तरम এবং यथन भक्ति असमूर्य अर्भका विष्युर्व अधिक कार्या करत, उसन ब्लीए, জরা ও অবশেষে দেহাস্তরপ্রাপ্তি আদি পরিবর্ত্তন ঘটে।

যেমন পূর্বোক্ত আধারট তে সংগ্রহ অপেক্ষা ব্যয় অধিক হইলে, জল সঞ্চাপের ন্যুনতাবশতঃ বহিন্মুখী নল দিয়া জল-বহিন্ধার হ্রাস হইয়া পড়ে ও সে নল স্থিতি-স্থাপকতা গুণবিশিষ্ট হইলে ক্রমশঃ সন্ধীর্ণ হইতে থাকে, তজপ যৌবনের পর শক্তির অন্তন্মুখী ক্রিয়ার হ্রাস প্রাপ্তির জন্ম সঞ্চাপ হ্রাস প্রাপ্ত হয় ও ইপ্রিয়াদি বিশুক, শীর্ণ হইয়া পড়িতে থাকে। ইহাই প্রোচ ও বার্দ্ধকট ইত্যাদি শারীরিক বিকলভার কারণ।

এই যে অন্তন্মুখি বা বহিন্মুখে ক্রিয়াশীলতা, ইহা জীব নিজ সংস্কারামুখায়ী সম্পাদন করে। সাধারণতঃ বহিন্মুখে বিষয়াদি ভোগের জন্ম যত ব্যস্ততা প্রদর্শন করে এবং অন্তন্মুখের দিক হইতে লক্ষ্য ফিরাইয়া বহিন্মুখের দিকে লক্ষ্য স্থাপিত করে, তত সঞ্চয় অপেক্ষা ব্যয়ের পরিমাণ অধিক হইয়া পড়ে।

এইরপ অন্তর্ম্ ধ হইতে বহিন্মুথে অধিক ক্রিয়া হইলে, তাহার সঙ্গে সঙ্গে আর একটি আভ্যন্তরিক ঘটনা ঘটিতে থাকে। এই অন্তন্মুখী ও বহিন্মুখী গতির ক্রিয়ার অধিক পরিমাণে মাত্রা-বৈষম্য হইলে, উভয় দিকেরই সাধারণ কার্য্যকরী শক্তি হ্রাস হইয়া পড়ে। • শক্তি প্রতিরোধ না পাইলে ক্রিয়াশীল হয় না, ইহা শক্তির একটা ধর্ম। শক্তির অন্তন্মুখী গতি বহিন্মুখী গতিতে প্রতিঘাত প্রাপ্ত হয় ও বহিন্মুখী গতি অন্তন্মুখী গতিতে প্রতিঘাত পাইতে থাকে এবং এই জন্মই সংগ্রহ ও ব্যয় বা অন্তন্মুখী গতিতে প্রতিঘাত পাইতে থাকে এবং এই জন্মই সংগ্রহ ও ব্যয় বা অন্তন্মুখি ও বহিন্মুখি শক্তি কার্য্যকারিতা প্রকাশ করে। মুভরাং যখন শক্তির এক দিকের গতি অন্ত দিকের গতি অপেক্ষা বহুল পরিমাণে অধিক হইয়া পড়ে, তখন ঐ হুর্বল শক্তি প্রবলতর শক্তিটিকে প্রয়োজনামুযায়ী প্রতিরোধ দিতে সমর্থ হয় না, মুভরাং উহারও কার্য্য রুদ্ধ হইয়া আসিতে থাকে। এই অবস্থাকেই দেহাস্তরপ্রাপ্তি বলে।

দেহাস্তরপ্রান্তি বা যাহাকে সাধারণতঃ মৃত্যু বলে, উহা কার্য্যতঃ অন্তন্মুখী শক্তির অতিরিক্ত হ্রাসপ্রান্তি ও তজ্জনিত বহিন্মুখী গতির প্রায় রুদ্ধাবস্থা। মৃত্যু এইরপ জীবের ক্রিয়াশীলতার তারতম্য ছাড়া আর কিছুই নহে। যেমন একটি বৃক্ষের ত্বক্ ক্রমশঃ উপরিভাগ হইতে জীর্ণ হইয়া আসিয়া আসিয়া নীরস হইয়া পড়িতে থাকে ও শেষে সে ত্বক্সপ বৃক্ষের আবরণখানি খসিয়া পড়ে, মৃত্যুও তত্রপ একটি স্থুল আবরণের পরিত্যাগ ছাড়া আর কিছুই নহে। যেমন স্বয়ন্তু পুপোদ্ধিদ (ভূইচাপা গাছ) মৃত্তিকা ভেদ করিয়া বিকশিত হইয়া, পুস্পাদি প্রদান করিয়া, তার পর ক্রমশঃ জীর্ণ হইতে থাকে, পত্রসকল ও দণ্ড রসহীন হইয়া ধীরে ধীরে শুকাইয়া যায় ও অবশেষে একবারে আমাদিগের নয়নের অদৃশ্য হইয়া পড়ে, অথচ আমরা জানি যে, সেই স্থলে ঐ স্বয়ন্ত্ উদ্ভিদ আছে আবার কালে প্রকাশ হইবে, তত্রপ আমাদিগের দেহান্তরপ্রান্তিও বুঝিতে হইবে। এ সম্বন্ধে পরে

ধীরত্ব লাভ হইলে আর এই দেহান্তর প্রাপ্তি বিভীষিকা আকারে প্রাণকে ভীত করিতে পারে না। এই স্থলে শক্তির আর একটি রহস্ত আমাদিগকে বুঝিতে হইবে। শক্তি প্রতিরোধ না পাইলে ক্রিয়াশীল হইতে পারে না—ইহা পূর্বেব বলিয়াছি। শক্তি-বিজ্ঞান ঘাঁহারা জানেন, তাঁহারা এ তব্ব সহজেই বুঝিতে পারিবেন এবং এই রহস্টী বুঝিতে পারিলেই একই জিনিষ বহুরূপে—বহু আকারে কেমন করিয়া ফুটিয়া •উঠে, কেমন করিয়া এই স্প্রীবৈচিত্রা হয়, তাহা বুঝিতে পারা ঘাইবে।

কোন বস্তুর উপর শক্তি প্রয়োগ করিলে, সেই বস্তুর নিজ শক্তি সে শক্তিকে প্রতিরোধ করে বলিয়াই বস্তু সঞ্চালিত বা গতি প্রাপ্ত হয়। প্রতিরোধ করা কার্যাতঃ শক্তিকে স'গ্রহ করা মাত্র; সেই সংগ্রহ যখন পূর্ণমাত্রায় হয়, অর্থাৎ প্রতিরোধশক্তি ছাপাইয়া যথন কোন শক্তিপ্রবাহ অধিক মাত্রায় আইসে, তখনই সে জিনিষ গতিশীল হয়। যেখানে প্রতিরোধ, সেইখানেই ক্রিয়া, জড়-বিজ্ঞান ইহা আমাদিগকে শিখায়। এই বিজ্ঞানটি বিশ্লেষণ করিয়া দেখিলে ইহার মধ্যে শক্তির তিনটি অবস্থা পরিলক্ষিত হয়। প্রথম অস্তিত বা সতা উদ্দীপনা ধিতীয় আভ্যন্তরিক আণবিক গতি, তৃতীয় সে গতির বাহ্য প্রকাশ বা সমষ্টি গতি। ইহারই শান্ত্রীয় নাম সম্ব, রজঃ ও তমঃ। এই তিনটি অবস্থা প্রতি শক্তি-অণুর যেন অঙ্গ বা দেহ। যেখানে শক্তির অন্তিম্ব, সেইখানেই এই তিনটি গুণ প্রকটিত। এই তিনটি গুণ অবলম্বন করিয়াই যত কিছ কার্যা বা পরিণাম সংঘটিত হয়। এই তিনটি গুণ সংক্ষুদ্ধ না হইলে কার্য্য বা পরিবর্ত্তন সংঘটিত হইতে পারে না। কিন্তু ইহা ছাড়া আর একটি অলৌকিক গুণ আমরা শক্তি-অণুতে দেখিতে পাই। যদি কতকগুলি অণু একত্রে পর পর সংলগ্নভাবে রক্ষিত হয়, আর যদি সই শ্রেণীবদ্ধ অণুর এক প্রান্তে নৃতন কোন শক্তি আঘাত করে, তাহা হইলে মধ্যস্থ সমস্ত অণুশ্রেণীর ভিতর দিয়া সে শক্তি প্রবাহিত হইয়া গিয়া, সর্কশেষস্থ অণুটীকে সঞ্চালিত করে, আর সমুদায় অণু স্ব স্ব স্থানচ্যত হয় না। বালক্দিগকে সময়ে সময়ে এইরপ ক্রীড়া করিতে দেখা যায়। কতকগুলি পয়সা শ্রেণীবদ্ধরূপে পার্ষে পার্শে পরস্পর সংলগ্ন করিয়া সাজাইয়া, তাহারা অপর একটি পয়সা দিয়া সেই শ্রেণীটীর এক প্রান্তে ভাড়না করে; সেই ভাড়না বা আঘাভঙ্কনিত শক্তি সমগ্র শ্রেণীর ভিতর দিয়া তাহাদিগকে অবিচল রাখিয়া বহিয়া চলিয়া যায়. অপর প্রাম্বস্থ বা শেষের পয়সাটী শ্রেণী হইতে দূরে গিয়া পড়ে। এই শ্রেণী হইতে দূরে

গিয়া পড়া, ঐ পূর্ব্বোক্ত তিনটি অবস্থার পরিণাম। শক্তির ঐ পূর্ব্বোক্ত যে তিনটি অবস্থার কথা বলিয়াছি, উহার শেষটি সম্যক্রপে অহ্য কোধাও প্রকাশিত না হইয়া, ঐ শেষস্থ পয়সাটি—্যেটির একটি মুখ শ্রেণীতে লুকান নাই, যেটি স্বাধীনভাবে একটী মুখ শ্রেণী হইতে বাড়াইয়া বসিয়া আছে, তাহার উপরই প্রকাশ পায়। সেই পয়সাটির উপরই প্রথমে অস্থিত্ব বা সব্ত গুণ,তার পর প্রতিরোধ বা আভ্যন্তরীণ গতি বা রজ্যোক্তণ, তার পর তর্মালন বা তমোগুণ সম্যক্রপে প্রকাশ পাইয়া তাহাকে চতুর্থ বা অবস্থান্তরে প্রেরণ করে। এই যে চারিটি অবস্থা পাইলাম, ইহারই নামান্তর কোমার, যৌবন, জরা ও দেহান্তরপ্রাপ্ত।

পয়সার দৃষ্টান্টে যেটা বুঝাইলাম, বিরাট্ শক্তিতে এই ক্রিয়াটা অনবরত ঘটিতেছে। জাবসকল বা শক্তির অণুসকল জীবাকারে স্বাধীন বহিন্দুখী অবস্থা কল্পনা করিয়া লইয়া, বিরাট্ হইতে একটি মুখ কল্লিত স্বাধীনতার দিকে বাড়াইয়া আছে ;—ভোগেচ্ছাপ্রণোদিত হইয়া, বিরাট্ অক্তিঃ ভূলিয়া, ব্যষ্টি স্বাধীনতার মোহে মুগ্ধ হইয়া, সমষ্টি হইতে বাহিরে যেন মুখ বাড়াইয়া আছে। সেই জন্ম বিরাটের তরঙ্গ প্রবাহিত হইয়া তাহাদিগের উপর ঐ চারিটি গুণ প্রকটিত করিতেছে। তাই জীব সব, রজ, তম অবস্থায় চালিত হইয়া কৌমার, যৌবন জরা সম্ভোগ করিয়া, শ্রেণী হইতে শ্রেণ্যস্তরে প্রবেশ করিতেছে। হায় জীব! যদি এ অবস্থার হাত এড়াইতে চাহ—যদি সব, রজ, তমোগুণের বিকাশ হইতে মুক্তি চাহ—যদি কৌমার, যৌবন, জরা, দেহাস্তরপ্রাপ্তির কবল হইতে নিষ্কৃতি চাহ--যদি জনমৃত্যুর স্রোত হইতে পরিত্রাণ পাইতে চাহ, তবে মায়ের বুকে মুখ লুকাও। অমন করিয়া বাহিরে মুখ বাড়াইয়া থাকিও না—জননীর ক্রোড়ে থাকিয়া জননীকে ভুলিও না – বিরাটে সংযুক্ত থাকিয়া বিরাটকে বিশ্বত হইও না—বহিশ্ব্ৰী হইও না —বাহিরে মূখ বাড়াইও না, স্নেহময়ী মায়ের স্নেহধারাপূর্ণ স্তনে মুখ সংলগ্ন করিয়া রাখ, বিরাটের তরঙ্গ ভোমার উপর দিয়া অপ্রতিহত-ভাবে চলিয়া যাইবে—বিরাটের উদ্বেলিত শক্তি তোমায় ভাসাইয়া লইয়া যাইতে পারিবে না—ক্রোড় হইতে তুমি বিচ্যুত হইবে না—তুমি ধীরছ লাভ করিবে, স্রোত্তে পর্বতের মত তুমি অটল থাকিবে ; অবস্থার চক্র ডোমায় স্পর্শ করিবে না।

শুন, ধীর হও, "মুখ লুকাও"। অন্তর ও বহিঃ নামক তোমার কল্পিত ছই বাছ দিয়া মাকে জড়াইয়া ধর। জড় বলিয়া কিছু নাই, চৈতক্তময়ীর বিরাট্ চৈতক্ত-সমূজ আমরা জড় ও চৈতক্ত বলিয়া ছই ভাগে বিভক্ত করিয়া লইয়া-ছিলাম। যখন মনুষ্যকুলে প্রবেশ করিয়াছ—যখন মানবোচিত ইন্দ্রিয়াদি লাভ করিয়াছ—যখন মাকে খুঁজিতে চলিয়াছ, তখন আর ও কল্লিত দিক্রচনায় ভোমার প্রয়োজন নাই। মায়ের বিরাট্ সন্তা জড় ও চৈতক্তের ভিতর সমানভাবে অনুসূতে দেখ। লবণকণা যেমন জলে মিলাইয়া যায়—বরফথও যেমন দ্রবীভূত হইয়া জল হইয়া যায়, তৈমনি ভাবে মিলাইয়া যাও—দ্রবীভূত হইয়া যাও; ভোমার সর্বাঙ্গ মাতৃত্যক্ষে মিশাইয়া যাইবে—প্রতিঘাতের ভয় থাকিবেনা, অন্তর্বাহ্ন এক হইয়া যাইবে।

শুন! মুখ লুকাও—মরীচিকা দূরে যাইবে। এখন তোমাদের গতি বলিয়া একটা কল্পনা আছে—উপ্তম বলিয়া জিনিষ তোমরা না বুঝিয়া থাকিতে পার না, তাই ক্রতগমনশীল যানে আরোহণ করিয়া বাহিরের দিকে চাহিলে যেমন দিগস্তে বর্ণশ্রেণী ঘূর্ণিত দেখায়, যানের বা নিজের গতি উপলব্ধি হয় না, — তক্সপ তোমরা পূর্ণ বিরাট্থের দিকে যাইতে যাইতে বাহিরের দিকে চাহিয়া আছ ও বাহুকে তোমরা জন্ম, মৃত্যু, কৌমার, যৌবন, জরা, জন্মান্তরাদিরূপে ঘূরিতে দেখিতেছ। মুখ লুকাও—দৃষ্টি ভিতরে টানিয়া লও, নিজের বিকাশ প্রত্যক্ষ হইবে—ঘোর ছুটিয়া ঘাইবে।

মুখ লুকাও। স্বেহময়ীর বিরাট চক্ষে, যেখানে অনন্ত শক্তি প্রবাহিত—যেখানে অনন্ত জ্যোতিঃ উদ্বেলিত—যেখানে অনন্ত আনন্দ নিত্য প্রকটিত—বিকাশ যেখানে লয়হীন—ক্ষুরণ যেখানে বিরামহান—অন্তিষ্ঠ যেখানে শঙ্কাহীন, সেইখানে তোমার মুখ ফিরাও—সেই দিকে—তোমার শক্তির যে প্রান্ত বাহিরের দিকে বাড়াইয়া রাখিয়াছ, সেই প্রান্ত ঘুরাইয়া ধর—ভয়, মোহ দ্রীভূত হইবে।

মুখ লুকাও —মায়ের গুণ বুঝিবে; মুখ লুকাও —মায়ের নিগুণি বুঝিতে পারিবে; মুখ লুকাও—তুমি ধীর হইবে!

ধীরত্ব প্রাপ্তি হইলে আর কোমার, যৌবন, জ্বরা, দেহাস্তরপ্রাপ্তি ইত্যাদিতে মুগ্ধ হইবে না।

আর সেইরূপ ধীরত্ব লাভ হইলে, তার পর তোমার ঐ উল্লম বা গতিকল্পনা দূরীভূত হইবে। তখন বুঝিবে—তাহার পূর্বে কোন প্রকারেই নহে—ভধু তখন উপলব্ধি হইবে, তোমার গতিও নাই—বিরাটের দিকে ভোমার যাইতে হয় না—বিরাট মাতৃষক্ষীভূত হইয়াও তুমি স্থির। বাপ্পধান পূর্ণগতিতে যাইবার

সময়ে পথপাথে কৈহ দাঁড়াইয়া সেই দিকে চাহিলে সে যেমন দেখে, যানশ্রেণী যাইতেছে না, পৃথিবীখানা তাহাকে লইয়া বেগে ছুটিয়া চলিয়াছে, তক্ত্রপ এত দিন নায়া-শক্তির যানকে তোমার পাশ দিয়া ছুটিতে দেখিয়া অবিভাবশে তাহাতে নিজ গতি কল্পনা করিতেছিলে; চাহনি ঘুরাইয়া লইয়া দেখিবে, অবিভা দূর হইয়াছে; দেখিবে মায়াশক্তির চিত্রাবলী বেগে ঘুরিয়া যাইতেছে, মা তোমায় বক্ষে লইয়া ছুটিতেছেন অথচ তুমি অপরিণামী —স্থির—নিত্য।

ভার পর ভৃতীয় বা ব্লান্তর। দেখানে দেখিবে, সব সন্তণ হইয়াও নিশ্রণ, তোমার স্বতন্ত্র শক্তি আর থাকিবে না, স্বতরাং শক্তি তোমার উপর দিয়া বহিবে না, স্বপ্রকাশ তুমিই স্বয়ংশক্তি। অবিল্যা ও গতি কিছুই লক্ষ্য হইবে না। কিন্তু এখন — যখন গতি, উল্লম, দেহী ও দেহ ইত্যাদি জ্ঞান আছে, ততক্ষণ অবিল্যাকে বা জীবছকে উড়াইতে যাইও না। আগে মায়া কি বুঝ, আগে কেমন করিয়া আমাদের চিংক্ষেত্র নানারূপে রঞ্জিত হয়, তাহা উপলব্ধি কর—কেমন করিয়া স্বাধ হংখ, হর্ষ বিষাদ, জল স্বল, জ ড় চৈতল্য, শীত উঞ্চ, পীত হরিং ইত্যাদি অন্ত্র্ণ আইদে, সেই প্রণালী হৃদয়ঙ্গম কর, অবিল্যা বুঝ, তার পর মহামায়ার সন্ধান পাইবে। তার পর ব্লাহ্ন।

এই মহামায়ার মায়া—এই জগৎ উপলব্ধির প্রণালী কিরূপ, সাংখ্যস্তরে ভাহাই জ্ঞাতব্য এবং ভগবান্ প্রশ্লোকে ভাহাই বলিয়াছেন। কেন এক নিত্য অপরিণামী আত্মায় এত বৈচিত্র্য পরিলক্ষিত হয়, তাহার উত্তর—

মাত্রাম্পর্শাস্ত কৌন্তেয় শীতোফত্বগ্রঃখদাঃ। আগমাপায়িনোহনিত্যাস্তাংস্তিতিক্ষপ্ত ভারত॥ ১৪

কৌস্তেয়। মাত্রাস্পর্শাঃ তু শীতোঞ্চমুখহঃখদাঃ, আগমাপায়িনঃ অনিত্যাঃ, ভারত। তান্ তিভিক্ষর।

ব্যবহারিক অর্থ।—মাত্রাম্পর্শ ই শীতোঞ্চাদি স্থ্যতঃখারুভূতির কারণ। সে স্পর্শসকল যাতায়াতধর্মী অনিত্য। ভারত! (এইরূপ পরিজ্ঞাত হইয়া) সে সকলে ক্ষবিচলিত থাক।

যৌগিক অর্থ।—মাত্রাম্পর্শ কি ? মাত্রা কাহাকে বলে ? মাত্রাশব্দ পরিমাণ বা ছেদ অর্থবোধক। এই মাত্রাশব্দটীতে সমগ্র ব্রহ্মাণ্ডের স্পন্দনতত্ত্ব বা দেবতাতত্ত্ব বর্ণিত হইয়াছে। বেদ বলেন, স্পন্দনই ব্রহ্মাণ্ডের কারণ—স্পন্দনই দেবতা— স্পান্দনই প্রকাশ, চৈতত্তোর ঈক্ষণ বা অভিব্যক্তি। স্থতরাং ব্রহ্মাণ্ডের প্রত্যেক পরমাণুই স্পলনধর্মী। স্পল্পনের জন্মই চৈতত্ত উপলব্ধি ও পরমাণুরূপে সংগঠিত বা অনুভূত হয়। আমাদের দেহের যেমন নিজা ও জাগরণ ছইটা অবস্থা, প্রভােক প্রমাণুতে বা হৈতক্মশক্তির আণবিক দেহে তদ্রপ আকুঞ্চন ও প্রসারণ, এই ছইটা ধর্ম পরিলক্ষিত হয়। এই আকুঞ্ন প্রসারণ ব্যণ্ডিও সমণ্ডিভাবে সর্হত ক্রিয়াণীল। আমাদের হৃৎপিণ্ড যেমন একবার ^{*}আকৃঞ্চিত ও একবার প্রসারিত হয়, আমাদের দেহের প্রত্যেক পরমাণুই—মাংস,রক্ত,মেদ, রস আদি সমস্ত বা ক্ষিতি, অপ্, তেজ আদি সমস্ত প্রমাণু তদ্ধপ তালে তালে আকুঞ্তিত ও প্রসারিত হইতেছে। ব্রহ্মা-ণ্ডের সমস্ত পদার্থ ই এইরূপ। সূর্য্যও সমষ্টিভাবে এইরূপে একবার আকুঞ্চিত ও একবার প্রদারিত হইতেছে। আমাদের হৃংপিওের আকুঞ্ন ও প্রদারণে যেমন রক্তপ্রবাহ নিয়ন্ত্রিত ও সর্ব্বশরীরে পরিচালিত এবং সংশোধিত হয়, সুর্যোর সেই স্পান্দন তক্ষপ জীবাণু ও জীব-সকলের ভিতর দিয়া প্রাণপ্রবাহ নিয়ন্ত্রিত ও প্রবাহিত করিতেছে। আবার এইরূপ কোটি কোটি সূর্য্য তারকা আর এক মহান্ কেন্দ্রের আকুঞ্চন ও প্রসারণের দারা প্রাণপ্রবাহে পরিপুষ্ট হইতেছে। সেই মহান্ কেন্দ্রকেই আমরা আদিত্য বলি ও বিরাট্ দেবতা বলিয়া সম্বোধন করি। সেই মহান্ কেন্দ্রের দিকে লক্ষ্য করিয়াই অধিকাংশ মন্ত্র প্রয়োগ করেন।

যাহা হউক, চৈতন্তময়ী সর্ববিপ্রথম নিজ স্পান্দনে যথন স্পান্দিতা বা ঈক্ষণময়ী হন—সর্ববিপ্রথম কম্পনে যথন সেই ঈক্ষণশক্তি হইতে সব, রক্ষ, তংমাগুণ সাম্যা-বস্থাচাত হইয়া পরস্পর বিশ্লিষ্ট হইয়া পড়ে, অর্থাৎ বেদান্তের কথায় যথন সর্ব-প্রথম সংস্বরূপ ঈক্ষণময় হন, তথন তাঁহাতে অহং জ্ঞান ফুরিত হয়। এই প্রথম কপ্পন বা স্পান্দন বিরাট ব্রহ্ম নামে অভিহিত। তার পর সেই অহংজ্ঞানের সঙ্গে সেই কম্পন দিক্ বা মহাশৃত্য ও কাল—এই হুই কল্পনায় আপ্রনাকে কল্পিত করে। অর্থাৎ আপ্রনাকে যেন মহাকাল ও মহাশৃত্য বলিয়া পরিজ্ঞাত হয়। সে কম্পন তথন ঘনীভূত হইতে থাকে ও নিরবয়ব ছেদহীন কালাভীত চৈত্ত সেই অহংজ্ঞান আকারে ঐ দিক্ ও কাল কল্পনা সাহায্যে ঘন হইয়া উঠিতে থাকে ও তথন সর্বব্য ও সর্বক্ষণ সেই অহংজ্ঞান স্বাধীনতার আনন্দ সজ্ঞোগে সর্বকাল ও সর্ব্যাপী হইয়া পড়ে।

তার পর সে সর্কবাল সর্কাদিগ্ব্যাপী চৈতক্ত সেই স্পন্দনে ভাবপূর্ণ হইয়া

পড়েন বা হৃদয়য়য় হন। এই ভাবই পৌরাণিক বিষ্ণুতব। ভাবই ভগবানের চরণ
—ভাবই ভগবানের গতি। এই জন্ম বিষ্ণু বিরাটের চরণরপে বর্ণিত। এই ভাবই
বন্ধাও ধারণ করিয়া রহিয়াছেন। ভাবই অস্তিছবোধক। ভগবানের চরণ চিস্তা
অর্থে—ভগবানের ভাব চিস্তা। প্রাণে যথন ভগবদ্ভাব উদিত হয়, বৃঞ্জিও, ভগবান্
চরণ বাড়াইয়া দিয়াছেন, য়েছ তাঁহার সম্বর্জনা করিও। ভাবে ভাবে ভগবান্ চরণ
বাড়াইয়া দেন—ভাবে ভাবে হৃদয়ে প্রবেশ করেন; ভাবের সমাদর করিও—ভাব
তাঁহার পদবিক্ষেপ। ভাব প্রাণে ফুটিতেছে বর্লিলে আমি বৃঝি য়ে, মা আমার এক
একটা পদ বিক্ষেপ করিয়া হৃদয়ে নামিতেছেন। হায়। ময়ৄয়য়য়র য় য় প্রাণে য়ে
সমস্ত রত্ন মতঃ ফুটিয়া উঠে, য়িদ ময়ু করিয়া হৃদয়ে তাহাদের আসন দিতে পারিত
—য়িদ সেমস্ত রত্ন সঞ্চয় করিতে পারিত, তাহা ইইলে ভিথারীর মত মায়ুয়কে
পরের স্বারে ফিরিতে ইইত না। কিন্তু ও কথা যাউক।

স্পন্দন এইরপে ভাবাকারে ঘনীভূত হইবার পর ক্রমশঃ অহংতত্ত্ব হইতে শব্দ, স্পর্শ, রপ, রস, গন্ধতত্ব প্রকৃতিত হয়। পূর্ব্বোক্ত স্পন্দনের ক্রম িকাশের ভিতর সংক্ষেপে আমি পাঁচটি স্তর বলিয়া গিয়াছি। সেই পাঁচটি স্তরই ঐ শব্দ, স্পর্শ, রপ, রস, গন্ধ আদি তন্মাত্রারূপে প্রকাশিত হয় ও ব্রান্ধী স্থাই এইখানে স্কৃতিত হয়। কাল অবলম্বন করিয়া তন্মাত্রা ও জ্ঞানেন্দ্রিয় এবং দিক্ অবলম্বন করিয়া পঞ্চতত্ব ও কর্মেন্দ্রিয়ের বিকাশ হয়; এবং উভয় অবলম্বনে মন স্পৃষ্ট হয়। এইরপে বিরাই ব্রহ্মাণ্ড রচিত, করিত ও অনুভূত হয়। এক কম্পনে বিভিন্ন ভাবের প্রকট হয়।

কিন্ত সে পূর্ণ সাধীন অহংজ্ঞানের জাগরণ এরপ সমষ্টিভাবে স্বাধীনতা সংগ্রাগে নিশ্চিম্ব হয় না। পূর্ণ স্বাধীনতার স্পন্দন চিদাকান্দের প্রভ্যেক অণুতে অণুতে স্পন্দিত হইতে থাকে, প্রভ্যেক স্মাণু ঐরপ স্বাধীনধর্মী বলিয়া প্রভ্যেক পরমাণুতে ঐরপ অহংজ্ঞান ক্রমশং ফুটিয়া উঠিতে থাকে ও প্রভ্যেক পরমাণু বিরাট্ সর্বব্যাপী মহান্ হৈতক্ত হইয়াও থও থও আণবিক স্বাধীন ভোগের জক্ত ঐরপ আণবিক বা জৈবিক অহংজ্ঞানের সঞ্চাপে ঘনীভূত ও সাবয়ব এবং মন, ইন্দ্রিয়, তন্মাত্রা ও দেহ বা আধারবিশিষ্ট হইয়া পড়ে। এইরপ ব্যক্তি জীব বা ভোক্তা হওয়া বিরাটের সর্বশক্তিমতার একটা শ্রেষ্ঠ পরিচয়। নিগুণ হইয়াও সন্তণ, নিরাকার হইয়াও সাকার, ইন্দ্রিয়বজ্জিত হইয়াও ইন্দ্রিয়ময়. ভাবাতীত হইয়াও ভাবগ্রাহী, অপরিমেয় হইয়াও পরিমিত, এক হইয়াও বন্ধ।

খাহা হউক, মায়ার স্পান্দন হইতে এইরপে ব্রহ্মাণ্ড কল্পিড ও জীব রচিত বা অমুভূত। এই আমি ঈশ্বর গড়িয়া ফেলিলাম —তিন কথায় ব্রহ্মাণ্ড রচনা করিয়া দিলাম।

ঈশ্ব-গড়া, জগং-গড়া পণ্ডিত পথে ঘাটে মিলে; স্থুতরাং আমিও না গড়িব কেন ? বাল্যকালে বিভালয়ে পণ্ডিত মহাশয় একদিন "ভগবান্ এই সমস্ত ব্রহ্মাণ্ড নির্ম্মাণ করিয়াছেন" এইরূপ একটা পাঠ পড়াইতেছিলেন; আমি জিজাসা করিয়াছিলাম,—পণ্ডিত মহাশয়। ঈশ্বর সমস্ত গড়িয়াছেন—ঈশ্বরকে গড়িয়াছে কে ? অহ্য একটা বালক মূহূর্ত্তে গাস্তীর্য্যের সহিত উত্তর দিয়াছিল—"কুম্বকার।" কুছ-কারের প্রতিমা নির্মাণ আমার সে সমপাঠীরপ্রাণে এই ধারণা জন্মাইয়া দিয়াছিল।

বস্তুতঃ কুস্তুকারের ঈশ্বর নির্দ্মাণ আর ভাষায় আনাদের স্থিতিও অঙ্কিত করা সমান কথা। কুস্তুকারের প্রতিমা যেনন নির্দ্ধীব পুত্তলিকা মাত্র, সাধারণ লোকের পক্ষে শান্তের অঙ্কিত ঈশ্বরাদিও তত্রপ বৃঝিও। সাধক হইলে এবং সেই প্রতিমায় প্রাণপ্রতিষ্ঠা করিতে পারিলে, তবে যেমন কান্ধ হয়, প্রতিমা গঠনের ইতরবিশেষে যেমন তাহার ক্ষতি হয় না; এবং শুধু প্রতিমা যেমন সাধক ছাড়া অত্যের নিকট পুত্তলিকা ভিন্ন অত্য কিছু নহে—এই সমস্ত ঈশ্বর-তথাদি অঙ্কনও প্রায় তত্রপ। তব্জ্ঞান জন্মিলে, সাধনার দ্বারা হৃদয়ে তব্সকল উন্মেষিত হইলে, তবে ইহা প্রতিমার মত সাহায্যকারী—নতুবা পুত্তলিকা মাত্র।

সাধক! তোমাকে শুধু প্রতিমা দেখাইয়া রাখিলাম। যদি সাধনায় প্রাণপ্রতিষ্ঠা শিক্ষা করিয়া থাক—যদি তরোদ্মেষের জন্ম ভগবংশক্তি তোমার হৃদয়ে সংগ্রহ হইয়া থাকে, তবে এ প্রতিমায় তাহা প্রয়োগ করিয়া কৃতার্থ হও; প্রতিমা যেমনই ভাবে গঠিত হইয়া থাক, ফলের ইতরবিশেষ হইবে না। কিন্তু যদি প্রাণ তোমার তর্বাষেধী অবস্থায় বা সাংখাস্তরে প্রবেশ করিয়া না থাকে,তবে র্থা প্রতিমা লইয়া খেলা করিও না। প্রতিমা লইয়া পুরোহিত মহাশয়েরা খেলা করিয়া আমাদিগকে নির্জীব পুতলিকার উপাসক করিয়া ভূলিয়াছেন। "ব্রহ্ম" লইয়া খেলা করিয়া আমরা নির্জীব "ব্রহ্মবাদী" হইয়া পড়িয়াছি। যে "ব্রহ্ম" শব্দ স্মরণে প্রথির অসাম আনন্দে নয়নে অশ্রু প্রবাহিত হইত, ফ্রদয়ে শক্তিসমুক্ত আকণ্ঠ ফুলিয়া উঠিত, এখন সেই ব্রহ্ম-ধানে সাধকপুস্ববেরা নিজিত হইয়া পড়েন, নাসাধ্বনি ব্রহ্মের অক্তির স্থাপন করে। হায়, আমরা উভয় দিকে আক্রান্ত হইয়াছি। যাহা হউক, আমি পূর্বের বলিয়াছি, তুমি সাংখ্যস্তরে প্রবিষ্ট কি না, ভাহা

আগে বুঝিয়া লইতে হয়; এবং তাহা উপলব্ধি করিবার একটা হুন্দর উপায় আছে। অবশ্য প্রত্যেকে স্ব স্ব জ্ঞানের বিচার করিয়া অনায়াসে নিজ অবস্থা বুঝিতে পারেন, কিন্তু প্রাণময়কোষের স্পন্দন অনুভব যখন কাহারও অনুভূতিতে আসে, তখন বুঝিতে হইবে, তিনি সাংখ্যস্তরের সাধনাব উপযোগী। ভগবচ্চিন্তা করিতে বসিয়া এ স্পন্দন অনুভবে আসে। প্রণালী অনুযায়ী ক্রিয়া স্থচনা করিলে বুঝিতে পারা যায়, শরীরের কেন্দ্রে চকলে, মণিপুর বা নাভিদেশে অথবা অনাহত চক্রে বা হৃদয়ে, যেখানে শক্তি গুটাইয়া লওয়া যায়, সেই স্থল হইতে রশ্মি যেমন আলোক হইতে চারি ধারে ক্ষুরিত হয়, তেমনি ভাবে চারি ধারে একটা স্পান্দন স্ফুরিত হইয়া যাইতেছে অথচ আমি স্থির আছি এবং শরীর হইতে আমার সতা ভিন্ন। এরপ অনুভব আসিলে বুঝিবে,তুমি সাংখ্যস্তরীয় সাধনায় অধিকারী। এইবার স্পন্দন হইতে কেমন করিয়া স্থখহঃখানুভূতি হয়, তাহা বলিব। পূর্বে বলিয়াছি,স্পন্দনের ক্রম হিসাবে পঞ্চ তন্মাত্রা, পঞ্চ ভূত ও একাদশ ইন্দ্রিয় রচিত হয়; **অথবা এই সমস্ত তর স্পন্দনে**রই স্ক্র ও ঘনীভূত অবস্থার ক্রেম মাত্র। মনুয়া-দেহের পঞ্চ তত্ত্বের প্রত্যেকের দ্বিমুখী গতি ইহতে তুইটা করিয়া ইন্দ্রিয় রচিত হয়। অন্তমুৰী গতি বা আকুঞ্চন দারা জ্ঞানেব্রিয় ও বহিমুখী গতি বা প্রদারণ হইতে কর্মেন্দ্রিয় রচিত। ব্যোমতত্ত্ব শব্দগুণাত্মক অর্থাৎ শব্দতন্মাত্রিক স্পান্দন ব্যোমাকারে বিকশিত। শব্দাস্থক স্পন্দন যেন ব্যোমের আত্মা—আধেয়, এবং ব্যোম যেন

অন্তমুখা গতি বা আকুঞ্চন ঘারা জ্ঞানেন্দ্রিয় ও বহিমুখা গতি বা প্রদারণ হইতে কর্ম্মেন্দ্রিয় রচিত। ব্যোমতত্ত্ব শব্দগুণাত্মক অর্থাৎ শব্দকান্ত্রিক স্পান্দন ব্যোমাকারে বিকশিত। শব্দাত্মক স্পান্দন যেন ব্যোমের আত্মা—আধ্যে, এবং ব্যোম যেন তাহার দেহ বা আধার। এই ব্যোমতত্ত্বের জ্ঞানেন্দ্রিয় বা আকুঞ্চন—শ্রবণ এবং কর্ম্মেন্দ্রিয় বা প্রদারণ — কণ্ঠ। শব্দ —কর্ণের ঘারা শ্রবণ বা ভিতরে গ্রহণ করি এবং কণ্ঠে প্রসব করি। শব্দ শ্রবণ করিলাম অর্থে আমার দেহস্থ ব্যোমতত্ত্ব আকুঞ্চিত হইল; শব্দ করিলাম অর্থে দেহস্থ ব্যোমতত্ত্ব শ্রহারিত হইল। আমরা বাহিরে পুব শব্দসত্ত্বও সময়ে সময়ে শুনিতে পাই না কেন? যখন শব্দ শ্রবণের ক্ষম্ম আমার ব্যোমনামীয় তন্মাত্রা বা স্পান্দন-তরক্ষ আকুঞ্চিত না হয়, তথন বাহিরে শব্দ-ব্যোমতত্ত্বের যতই তরক্ষ প্রবাহিত হউক, শব্দান্তভূতি আমার হইবে না। এই-খানে বিলয়া রাখি, শব্দ স্পার্দ, রূপ রস গদ্ধ, এই তন্মাত্রাসকল বাহিরের জিনিষ নহে, ভিতরের জিনিষ। শব্দ অর্থে আমার নিজের এক প্রকারের স্পান্দন, এক প্রকার মাত্রা বা তালের বা পরিমাণের তরক্ষান্তভূতি বা অভিঘাত। স্পার্শ কর্থে আমার নিজের অভ্যন্তরের অন্ত একপ্রকার ঘনতর মাত্রার স্পান্দনানুভূতি। রূপ অর্থে আর এক মাত্রার স্পাননানুভূতি।

প্রকারের স্পন্দন আছে, আর বাহিরের ভিন্ন ভিন্ন তরঙ্গ সেই পাঁচ প্রকার স্পন্দনকে পাঁচ প্রকারে অভিঘাত করিতেছে।

যাহা হউক, ব্যোমতত্ব – যাহার আত্মা শব্দতনাত্রা, তাহার যেমন আকুঞ্চন বা জ্ঞানেন্দ্রিয় প্রবণ এবং প্রসারণ বা কর্ম্মেন্দ্রিয় কণ্ঠ, মরুৎতত্ত্বর তদ্রুপ আকুঞ্চন বা জ্ঞানেন্দ্রিয় তক্ ও প্রসারণ বা কর্ম্মেন্দ্রিয় হস্ত। তেজস্তত্ব—রূপতনাত্রা যাহার প্রাণ, তাহার আকুঞ্চন বা জ্ঞানেন্দ্রিয় চক্ষ্ এবং প্রসারণ বা কর্ম্মেন্দ্রিয় চরণ বা গতি। অপ্তবের প্রাণ – রস, তাহার জ্ঞানেন্দ্রিয় বা আকুঞ্চন জিহুরা এবং কর্ম্মেন্দ্রিয় উপস্থ। ক্ষিতিতত্ত্বর প্রাণ গন্ধ, তাহার জ্ঞানেন্দ্রিয় নাসিকা, কর্ম্মেন্দ্রিয় পায়ু। আর এই সকল আকুঞ্চন ও প্রসারণ বা জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয় যে কেন্দ্র হাতে প্রস্ত, অর্থাৎ এই সকল তরঙ্গ যে স্থলে আঘাত করিলে অনুভূতি জন্মায়, তাহার নাম অন্তর। এই কেন্দ্র যখন এই সকল প্রণালীর ভিতর দিয়া স্বীয় স্পন্দন প্রবাহিত করে, তখনই আমাদের এ ইন্দ্রিয়সকল বা স্পন্দনসকল অনুভূতি জন্মা-ইতে সক্ষম হয়।

আমি এক স্থলে বলিয়াছি, ভগবংচরণ অর্থে—ভগবদ্ভাব। কেন বলিয়াছি, এইবার ভোমারা তাহা বুঝিতে পারিবে। তেজস্তত্ত্বের কর্মেন্দ্রিয় চরণ, যাহার দ্বারা গ তি প্রকাশ পায়। প্রাণে কোন ভাব উদিত হইয়াছে বলিলে এই বুঝায় যে, সেই জিনিষ হৃদয়ে অবতীর্ণ হইয়াছে; স্মৃত্রাং ভগবদ্ভাব প্রাণে উদয় হইয়াছে বলিলে বুঝিতে হইবে, ভগবানু হৃদয়ে অবতীর্ণ হইয়াছেন বা চরণ নিক্ষেপ করিয়াছেন।

যাহা হউক, এই মাত্রা হইতে আমাদের ইন্দ্রিয় ও দেহাদি সমস্ত রচিত বলিয়া মাত্রাজ্ঞান হইলে দেহকে বা বস্তুকে যথেচ্ছভাবে গঠিত ও পরিবর্ত্তিভ করিতে পারা যায়। মাত্রাজ্ঞানকে হুদয়ে কার্য্যকারী করিতে পারিলে, বিরাট্ শক্তিপ্রবাহের তাল বা মাত্রা বুঝিতে পারিলে স্বচ্ছন্দে অলৌকিক কার্য্যকল সংঘটিত করিতে সক্ষম হওয়া যায়। সহসা কোন স্থল হইতে অন্তর্হিত হওয়া, সহসা কোণাও আবিভূতি হওয়া ইত্যাদি কার্য্যসকল এই মাত্রাজ্ঞান চর্চার সিদ্ধি। ছিত্রহীন প্রাচীবের ভিতর দিয়া কর প্রসারণ করিয়া গৃহাভান্তর হইতে কোন দ্রব্য স্বচ্ছন্দে এইরূপ পুরুষ আনিতে পারেন। মুহুর্ত্তে পৃথিবীর অন্য প্রান্তে গিয়া ইচ্ছান্মযায়ী কাহারও সহিত সাক্ষাৎ করিয়া, আবার স্বস্থানে প্রভ্যাগত হইতে অনেক মহাপুরুষকে শুনা গিয়াছে। এ সবল মাত্রাজ্ঞান ও তদনুযায়ী কোশল অবলম্বনের ফল।

ভবে মোটামুটি বুঝিলাম, মাত্রা অর্থে মায়া বা পরিমিভিময় স্পন্দনের পরিমাণ,

ভাল, আকৃঞ্ন প্রসারণরূপ ব্যবচ্ছেদ। এই মাত্রাই অনুভূতির কারণ; স্ত্রাং মাত্রার দারা আমরা সাধারণতঃ আমাদের অস্তির বা চৈ হল্য অনুভব করি, মাত্রার প্রভাবেই অবিচ্ছিন্ন চৈত্র বিচ্ছিন্ন ও বছধা হয়; মাত্রার প্রভাবেই এক বিশাল ব্যাপ্তি বছ জীবাকারে রচিত হয়। মাত্রার প্রভাবেই জীবাত্মা শক্তিমান্ বলিয়া আপনাকে জ্ঞাত হন ও সেই সকল শক্তি ক্রেমশঃ আপনাতে ক্রেড করিয়া লন। মাত্রা হইতে সমস্ত। মাত্রার তারতম্যই—ব্লাপ্ত বিচিত্ররূপে সন্ত্ত হইবার কারণ। আবার মাত্রার স্পর্শ তারতম্যই অবিদ্যা বা অনুভূতি—মাত্রার তারতম্যই শীতোক স্থতঃখদ।

এই সকল মাত্রা-স্পর্শান্মভূতি আগমাপায়ী, স্থৃতরাং অনিত্য ; মরীচিকা যেমন স্বতন্ত্র অস্তিহশৃত্য, স্পান্দিত তেজ প্রবাহাকারে এরপ পরিদৃষ্ট হয়, এ সকল অসুভূতিও বস্তুতঃ তেজপ ; সাধারণতঃ এ অনুভূতিগুলি আলুস্করপ বলিয়া অনুমিত হয় ; স্বতরাং সাংখ্যস্তরে এগুলির বিচার বিশ্লেষণ আবশ্যক।

এ স্পন্দন বিশ্লেষণ করিতে সর্ব্বপ্রথম এগুলিকে আগমাপায়ী—আগম ও নিগম গুণবিশিষ্ট বা উৎপত্তি ও নাশবিশিষ্ট বলিয়া বৃঝিতে পারা যায়; স্কৃতরাং ইহাদের কোথাও নিত্য অস্তিহ অসম্ভব, তাই ইহা অবিভা। আকুঞ্চন ও প্রসারণ, এই ছই প্রকারে উৎপত্তি ও নাশ একটিত হয়।

যখন এ আকুঞ্চন ও প্রসারণ অনিত্যগুণী, তখন উহার বশীভূত হওয়া কর্ত্তন্য নহে। ইহা থাকে না; যাহা থাকিতে পারে না, তাহাতে মুগ্ধ হওয়া কর্ত্তন্য নহে। তবে কি করিব ? তবে কি এ স্পান্দনাভিবাত রোধ করিয়া দিব ? এই স্পান্দনের আকুঞ্চন ও প্রসারণ হইতে আমার ইন্দ্রিয়াদি রচিত। আকুঞ্চন হইতে জ্ঞানেন্দ্রিয় ও প্রসারণ হইতে কর্মেন্দ্রিয় গঠিত, তবে কি সে সকলকে হনন করিব ?

ভগবান্ বলিতেছেন, তাহা হইতে পারে না। তাহাদের আসা যাওয়া রোধ করিবার শক্তি কাহারও নাই। ইন্দ্রিয়াদি বা ভাবাদির উচ্ছেদ সাধন অসম্ভব। তাহারা আগমাপায়ী—আসা যাওয়াই উহাদের ধর্ম। তবে এ সকলের তিতিক্ষা অভ্যাস করাই তোমার পক্ষে যুক্তিসঙ্গত।

তিতিক্ষা অভ্যাস অর্থে—এ সকল উৎপত্তি ও নাশ বা যাতায়াতের মধ্যে থাকিয়া উহাদিগকে অপ্রতিহতভাবে যাইতে আসিতে দেওয়া। সাধারণতঃ লোকে তাহা পারে না। মনে কর শীত। শৈত্যামুভূতি হইলেই আমরা তাহার বশীভূত হইয়া পড়ি এবং তাহা হইতে পরিত্রাণের জন্ম তৎক্ষণাৎ উত্তাপ সং 2 হের

জন্ম বস্ত্রাদি ব্যবহার করিতে বাধা হই। কিন্তু যদি উহাতে আমার তিতিক্ষা থাকিত, তাহা হইলে শীত আমাতে ঐরপ অনুভূতি প্রকাশ করিতে সমর্থ হইত না, এবং আমিও তাহার প্রতিরোধ করিতে যত্নবান্ হইতাম না। আমি যদি শীতের মধ্যে কিছু দিন থাকিয়া, তাহাতে কোন অনুভূতি আমার প্রাণে জন্মিতে না দিতাম বা জন্মিলেও তাহা গ্রাহে না আনিতাম, তাহা হইলে ওরপ অনুভূতি আমাকে ব্যথিত করিতে, আমাকে তহিরুদ্দে প্রতিরোধ-শক্তি ফুটাইবার জন্ম সচেষ্ট করিতে সমর্থ হইত না।

এইরূপ প্রপঞ্চমাত্রে যদি তিতিক্ষা অভ্যস্ত হইয়া যায়. তাহা হইলে আর আমার প্রাণে কোনরূপ অনুভূতি আসিবে না এবং আসিলেও আমায় বিচলিত করিতে সমর্থ হইবে না। স্পন্দন-সকল আসিবেই; কিন্তু স্পন্দনের বশীভূত হইও না। স্পন্দন যাহাতে অনুভূতি জন্মাইতে না পারে, তহুপযুক্ত কৌশল অবলম্বন কর।

সে কৌশল কি, তাহা পূর্বের্ব বিলয়ছি। জড়-বিজ্ঞানে বুঝিতে পারা যায়, কোন পদার্থের মধ্যস্থ পরমাণু সকল দিকে সমান ভাবে আকৃষ্ট বা স্পৃষ্ট থাকে বলিয়া, তাহারা অচ্ছন্দে স্বাধীনভাবে অবস্থান করে। তাহারা তরঙ্গে বা স্পন্দনে তরঙ্গিত বা স্থানবিচ্যুতি ইত্যাদি কোন প্রকারে বিকার প্রাপ্ত হয় না। জড়ে ও আত্মিক রাজ্যে এই একই নিয়ম কার্য্যকারী। যদিতৃমি বাহিরে না থাকিয়া বিরাট্ বিশাস্তায় অর্থাৎ এ সমস্ত আত্মারই স্পর্শ, এই জ্ঞানের মধ্যে অবস্থান করিতে থাক, তাহা হইলে স্পন্দন সংঘাত অপ্রতিহত ভাবে তোমার উপর দিয়া বহিয়া চলিয়া যাইবে। তুমি যদি মাতৃঅঙ্কের মধ্যে আপনাকে রক্ষা করিতে সমর্থ হও, মাতৃঅঙ্কে গা ঢালিয়া দাও, ও স্পন্দনসকল তোমায় বিচলিত করিতে বা তোমার স্বাধীন অবস্থানে বিল্ল ঘটাইতে সমর্থ হইবে না। এবং এরূপ অবিচলিত অবস্থা প্রাপ্ত হইলে, তবে তুমি স্পন্দন বিশ্লেষণে সমর্থ হইবে। অথবা মায়ের এ লীলাময় চঞ্চল স্বরূপ হইতে সবলে দৃষ্টি ফিরাইয়া, তন্মধ্যস্থ স্থির আত্মস্বরূপ সত্তা লক্ষ্য কর, তাহাতেও হইবে।

ইহাই তিতিক্ষা অভ্যাসের নিয়ম। সবিত্র সর্ব্ব স্পান্দনে মাতৃসন্তা অন্থভব কর।
আকাশে বায়ুতে, সুর্য্যে চক্রে, জলে স্থলে, অথবা শদে, স্পর্শে, রূপে, রসে, গন্ধে,
অথবা স্পান্দনে স্পান্দনে, সংঘাতে সংঘাতে বিশাল মাতৃশক্তি প্রবাহ দর্শন কর,
ভাবে ভাবে মাতৃশক্তি উপলব্ধি কর; ভাবকে ভাব বলিয়া বৃঝিও না—বিরাট্
অনস্ত শক্তিপ্রবাহের অমৃত-বারি বলিয়া বৃঝ; প্রপঞ্চকে প্রপঞ্চ বলিও না—

আনন্দময়ীর আ নন্দক্ষ্রণ বলিয়া প্রত্যক্ষ কর; এইরপে অভ্যুপ্ত হও—এইরপে চিন্তাকে ফিরাও; এইরপভাবে মগ্ন হইতে যত্মবান্ হও, তিতি ক্ষা আসিবে। অথবা জড়ের বাহ্য অণুসকলের মত বিচলিত, ক্ষ্ম হইতে হইবে না; তন্মধ্যস্থ স্থির সন্তালক্ষ্য কর; অণুমধ্যস্থ পর্মাণুর মত অসংক্ষ্ম, স্থির, স্বাধীন হইবে।

ইহাই যোগের আসন। এইরূপে মাতৃঅঙ্কে বসিতে না পারিলে সাধনা হয় না। এইরূপে অবিচল, রোধহীন, ক্লেশগৃত্ত স্থাসন করিতে না পারিলে মাতৃস্মেহের রসাস্বাদ করিতে সক্ষম হওয়া যায় না। চলিতে ফিরিতে, বসিতে দাঁড়াইতে মায়ের কোল হারাইও না; জানিও,ইহাই সিদ্ধাসন। অত্য শারীরিক অঙ্গাদির সংযমনাত্মক যে সমস্ত পদ্মাসন প্রভৃতির কথা জান, তাহা এরূপ ভাবযুক্ত না হইলে অঙ্গ-পীড়ন মাত্র। যাহাতে স্থিরভাবে ও স্থথে অবস্থান করা যায়, তাহাই যোগশাস্ত্রে আসন নামে অভিহিত। তুমি এইরূপ স্থখাসন পাতিতে যত্মবান হও—স্থির হইবে।

তাহা হইলে মোটের উপর আমরা এই পাইলাম যে, এক বিরাট্ স্পান্দনশক্তি অনস্ত দিক্, অনস্ত কাল ব্যাপিয়া স্পন্দিত হইতেছে ও আমরা সেই স্পান্দন-সমুদ্রে নিমজ্জিত। তাহারই ঘাতপ্রতিঘাত শব্দ-স্পর্শাদি প্রপঞ্জপে প্রকাশ পায় ও অনুভূত হয়। এই সকল অনুভূতিই স্থগ্যথের কারণ; এবং এ সকল অনুভূতিতে তিতিক্ষা অভ্যস্ত হইলে, আর ইহারা স্থগ্যধ্রদ হইতে পারে না। আর—

যং হি ন ব্যথয়ন্ত্যেতে পুরুষং পুরুষর্গভ।
সমতঃখন্থখং ধীরং সোহমূতভায় কল্পতে॥ ১৫

হে পুরুষর্বভ! এতে সমত্ঃধত্বখং ধীরং যং পুরুষং ন ব্যথয়ন্তি, সঃ হি অমৃতত্বায় করতে।

ব্যবহারিক অর্থ।—হে পুরুষপ্রেষ্ঠ! এই সকল স্পন্দন বা মাত্রা স্থ-চুঃথে সমভাবাপন্ন যে ধীর পুরুষকে ব্যথা দিতে না পারে, তিনিই অমৃতত্ব প্রাপ্ত হয়েন।

যৌগিক অর্থ।—যখন আত্মা এই সকল স্পান্দন পূর্ব্বোক্তরণে বিনা প্রতিরোধে সহ্য করিতে পারেন, অর্থাৎ যিনি বিরাট স্পান্দনমধ্যে আপনাকে অথবা পরমাত্মার স্থির সন্তাকে চিস্তা করিতে পারেন, তাঁহার জড় পদার্থের মধ্যস্থ পরমাণুর মন্ত স্বাধীনতা প্রাপ্তি হয় বা স্পান্দন-তরঙ্গ বিনা প্রতিরোধে তাঁহার উপর দিয়া

প্রবাহত হইয়া যায়, তাহাদের আগম নিগম বা উৎপত্তি বিনাশ তাঁহার অমুভবে আর আইসে না। তখনই তিনি ধীর পুরুষশ্রেষ্ঠ নামে অভিহিত হয়েন এবং তখন গে পুরুষ আপনার অমরত অমুভবে সমর্থ হন। অমরত জ্ঞান আসিবার কারণ কি ? মৃত্যুজ্ঞান পূর্ববিস্থায় থাকে বলিয়া। মৃত্যুভয়ে অহনিশ আমরা ভীত বলিয়া সর্বপ্রথম যখন স্বাধীন ভাব উদ্মেষিত হয়, নিত্যু অস্তিত্বের অনির্বচনীয় আস্বাদ সর্বপ্রথম যখন বিরাটে সংযুক্ত হইয়া অথবা তন্মধান্ত স্থিরসতা লক্ষ্যুকরিয়া জীব অনুভব করে, তখন মৃত্যু আশঙ্কার কবল হইতে মৃক্ত হয় বলিয়া এবং ভীতিবন্ধন সর্বোপেক্ষা দৃঢ় বলিয়া উহারই উদ্মোচন অমুভৃতিটা প্রাণকে আরত করে। বিরাট স্পন্দনে সংযুক্ত হইয়া, বিরাট তরঙ্গের অভ্যন্তরে প্রবেশ করিয়া যখন জীব নিজের অবিন্তার স্পান্দন হারাইয়া ফেলে, তখন বুঝিতে পারে, বস্তুতঃ এ সব অমুভৃতি তাহার স্বরূপ নহে, তাহার উপর আগত রঞ্জনা মাত্র। কর্মনায় নিজ অবিতা জন্মজন্মান্তর ধ্বিয়া রচনা করিয়া, বিরাটের স্পন্দনে প্রতিঘাত প্রদান করিয়া, এরপ স্পন্দনে আপনাকে অমুভব করিতেছিল।

নাসতো বিহাতে ভাবো নাভাবো বিহাতে সত:। উভয়োরপি দৃষ্টোহস্তস্থনয়োক্তত্ত্বদর্শিভি:॥ ১৬

অসতঃ ভাবঃ ন বিভাতে, সতঃ অভাবঃ ন বিভাতে; তত্ত্বদর্শিভি: তু অনয়োঃ উভয়োঃ অপি অস্তঃ দৃষ্টঃ।

ব্যবহারিক অর্থ।—অসং ভাব বা বস্তু নাই অথবা অসতের উৎপত্তি নাই,এবং নিত্য ভাব বা নিত্য বস্তুর কখনও অভাব বা লোপ হয় না। তত্ত্বদর্শিগণ এই উভয়ের যাহা অন্তু, তাহা দেখিয়াছেন।

যৌগিক অর্থ।—তত্তদর্শী হইলে ঐ স্পান্দনসকল দেখিতে ও তাহার বিশ্লেষণ করিতে সমর্থ হওয়া যায় ও তথন বুঝিতে পারা যায়, যেমন সমুদ্রে ও তরঙ্গে কোনও বিভেদ নাই, তত্রপ এ ব্রহ্মাণ্ডমণ্ডলে ও ব্রহ্মে বস্তুতঃ কোন পার্থক্য নাই। ব্রহ্মই ব্রহ্মাণ্ডরূপে পরিলক্ষিত হইতেছেন, ব্রহ্মাণ্ড বলিয়া স্বতন্ত্র কোন জিনিষ নাই। কনকবলয়ে যেমন স্বর্ণ ছাড়া অন্থ কোন পদার্থ নাই, তত্রপ এ নিত্য সত্য অস্তিত্ব সর্বিত্র বর্ত্তমান; বলয় ভাঙ্গিয়া হার, হার ভাঙ্গিয়া নৃপুর করিতে পারা যায়, কিস্তু তাহাতে স্বর্ণের সত্তা যেমন লোপ হয় না, অথবা তাহার আকারগ্রহণ-শক্তি লুপ্ত

হয় না, তজ্ঞপ এক নিত্য চৈতত্তময় অস্তিত্ব নানারূপে প্রতিবিধিত হইলেও উহার নিত্যত্বের কোনও বিকার ঘটে না।

পূর্ব্বোক্ত প্রকারে ধীরত্বপ্রাপ্তি হইলে এ বিরাট্ ব্রহ্মাণ্ডমণ্ডলকে এইরপে নিত্য চৈতক্তময় অন্তিত্ব বলিয়া ব্রিতে পারা যায়। আর তৎপূর্ব্বে ব্রিতে পারা যায়, এই যে নানারূপ পরিবর্ত্তন দেখিতে পাই—জগতের এই যে বিচিত্র পদার্থসকল ভিন্ন জিলে আমাদের প্রত্যক্ষীভূত হয় এবং আবার পরিবর্ত্তিত ও নৃতন পরিণাম প্রাপ্ত হয়, উহাতে বস্তুতঃ সেই নিত্য সত্তার কোন অভাব ঘটে না। প্রতি পদার্থে প্রথমে সাধারণতঃ হুইটা জিনিষ দেখিতে পাওয়া যায়—একটা নিত্য ক্রষ্টা ও একটা শক্তি, দৃশ্য বা নিত্যা প্রকৃতি।

মনে কর, একটা পুষ্প রহিয়াছে। সেই পুষ্পটা মনুষ্যচক্ষে পুষ্প বলিয়া, পশুর প্রাণে আহার্য্য বলিয়া এবং বাঁহারা কখনও পুষ্প দেখেন নাই, তাঁহাদের চক্ষে একটী নৃতন জিনিব বলিয়। প্রতিফলিত হইতেছে। এই বিভিন্ন অনুভূতিগুলি সে পুষ্পাটীর ধর্ম নহে, ওগুলি দর্শকদিণের গুণতারতম্য মাত্র। একই পুষ্প হইতে এক প্রকার স্পন্দন চারি দিকে ফুরিত হইতেছে এবং দেই স্পন্দন-তরঙ্গ নানা পদার্থে নানা রূপের তরঙ্গ বা অনুভূতি উৎপাদন করিতেছে মাত্র। এই বিভিন্ন অনুভূতি-গুলি বাদ দিলে বস্তুতঃ সেখানে থাকে কি ? সেখানে আমরা ছইটা জিনিষ দেখিতে পাই,--প্রথম,কিছু একটা আছে,এইটা ফ্রনয়ঙ্গম হইয়া থাকে; দ্বিভীয়,সেই সস্তিহ কোন প্রকারে আমাদের অনুভূতিতে আসিতেছে, এইটুকু বুঝিতে পারি। এই তুইটী সাধারণ ধর্ম প্রত্যেক পদার্থে পরিল্ফিত হয়। একটা অন্তির এবং অক্সী তাহার স্পন্দন, ক্রিয়া বা শক্তি, যাহার দ্বারা উহা চারি ধারে অনুভূতিরূপ তর্দ-ভঙ্গ রচনা করে। যদি তরঙ্গ রচনা না করিত, তাহা হইলে উহার অস্তিত্ব আমাদের উপলব্ধিতেই আসিত না। যতক্ষণ ঐরপে উহা হইতে তরঙ্গ রচিত হইবে, ততক্ষণ আমরা উহার অক্তির ভূলিতে পারিব না। এমন অবস্থায় ক্রমণঃ ঐ ফুলটী গিয়া পড়িতে পারে, যখন উহা আর আমাদিগের মত জীবের হৃদয়ে তরঙ্গাভিঘাত বা অহুভৃতি জন্মাইতে না পারে; কিন্তু আমাদিগের অপেক্ষা সূল্ম ইন্দ্রিয়যুক্ত প্রাণে উহার তরঙ্গান্তভুতি জন্মাইতে বা উহার অস্তিত্ব প্রত্যক্ষীভূত করাইতে সমর্থ হয়। ফুলটা শুকাইয়া গেলে আমাদিগের মত সাধারণ জীব মনে করে, উহার অস্তিত বুঝি আর নাই; কিন্তু আমরা দেরূপ ইন্দ্রিয়বিশিষ্ট হইলে বা আমাদিগের **শীরত্ব লাভ হইলে,** উহার স্ফুটিত অবস্থার স্থায় বুঝিতে পারিতাম যে, উহার

অস্তির যেমন ছিল, তেমনই আছে। তরঙ্গভঙ্গ বা স্পান্দন উহা হইতে পূর্বে যেরূপ ফুরিত হইতেছিল, তেমনই ফুরিত হইতেছে না, শুধু সেই তরঙ্গের ইতরবিশেষ হইয়াছে মাত্র—লয়াকারে রহিয়াছে।

প্রতি পদার্থ ধীরর লাভের পর এরপ ছই ভাগে বিভক্ত হইতে দেখিতে পাওয়া যায়;—একটা অস্তিষ ও তাহার শক্তি এবং এই অস্তিষ্ঠার জন্টা এক চেতনা, ইহা বুঝিয়া লইলেই আমাদ্বের সংখ্য বুঝা হয়।

যাহা হউক, ঐ ফুলটার বিশ্লেষণ হইতে আমরা এই পাইলাম যে, উহার এক-কালীন বিনাশ কখনও হইতে পারে না—উহার অন্তিকের কখনও অপলাপ হয় না; এবং উহা যে কখনও আমাদিগের অনুভূতিতে আমে এবং কখনও আমে না, উহা ঐ ফুলটার ধর্ম নহে—আমাদিগের ধর্ম। উহার ভিতর একটা জিনিষের শুধু অপলাপ হয় মাত্র; সেটা মাত্রা বা স্পান্দনের পরিমাণ ও স্পার্শভেদ। মুহুর্ত্তে পরিমাণের এমন পরিবর্ত্তন হইতেছে এবং উহাই মৃহ্য বা দেহাস্তরপ্রান্তি, ভাহা আমি পূর্ব্বে বলিয়াছি।

স্থুলতঃ আমরা ছই । জিনিষ পাইলাম; এবং এই ছইটা জিনিষ লইয়া আমাদিগকে সাংখ্যস্তর বৃঝিতে হইবে। সাংখ্যস্তর ভেদ হইলে ব। ত্রহ্মন্তরে উপস্থিত
হইলে, তবে চিং ও চিতি-শক্তির একর বৃঝিতে পারা যাইবে। এখন উহা বৃঝাইতে
চেষ্টা করা বিজ্পনা মাত্র।

সে ছইটা জিনিয় পূর্ণের বলিয়াছি; একটা নিত্য অস্তিহ, উহার স্পাদন, শক্তি বা গুণ বা দেহ এবং দিতীয় তাহার জন্তা। আর বুঝিয়াছি যে, ঐ শক্তির বা দেহের মাত্রার যেরূপই পরিণাম হউক না কেন, উহাদি গের এককালীন লোপ হয় না। এই অস্তিহ ও শক্তি ভ্রহ্মাণ্ডের সর্বপদার্থের, ক্ষুজ্ঞ পর্মাণু হইতে হরি হর ভ্রহ্মাণ্ড সকলকার সাধারণ সম্পত্তি। এই ছইটী-শৃত্য পদার্থ হইতে পারে না— এই ছইটী-শৃত্য ভাব হইতে পারে না।

এই যে চেতনা, ইনি ঐ শক্তির কোলেই অভিব্যক্ত হন। যেখানে ঐ শক্তি যতচুকু পরিমাণে ক্ষৃতিত, চেতনাও সেখানে সেই পরিমাণে অভিব্যক্ত। চেতনের অন্তিছকে ফুটাইবার জন্মই যেন শক্তিসন্তার প্রকাশ বা আবির্ভাব। যেমন জগদাদি পদার্থনিচয় না থাকিলে স্থ্যালোক প্রতিফলিত হইতে পায় নাও আলোক বলিয়া কোন পদার্থ বুঝিতে পারা যায় না, তদ্ধপ এই শক্তির রঞ্জনা না পাইলে অনু চেতন বা জীব ষীয় অন্তিছ উপলব্ধি করিতে পারে

না। চিন্ময়ী শক্তি মাতৃষরপিণী হইয়া এই অস্তিহকে বীৰে ধীরে ফুটাইয়া ভুলেন।

মনে থাকে যেন, আমরা সাংখ্যস্তরের কথা বলিতেছি। সাংখ্যস্তরে সাধারণতঃ আত্মা বহু বলিয়া বিবেচিত হয়। আত্মার একত্ব উপলব্ধি সাংখ্যস্তরে হয় না; মুতরাং যতক্ষণ আত্মার একত্বজ্ঞান জীবের না আদে, ততক্ষণ তাহাকে সাংখ্যস্তরীয় জীব বলিয়া বুঝিতে হয়; এবং ততক্ষণ প্রতি আত্মা মাতৃক্রোড়ে শিশুর মত ঐ পরমাত্মরূপিণী শক্তির ক্রোড়ে অনুমিত হইতে থাকে। তার পর চিন্ময়ী মা আমার ক্রমশঃ বহুত্ব ঘুচাইয়া, এক অদ্বিতীয়ারূপে প্রতিফলিত হয়েন এবং মাতাপুত্র এক হইয়া যায়—আত্মা ও শক্তি, তুই বিভিন্ন ভাব বিলুপ্ত করিয়া দিয়া, একত্বের প্রবল প্রবাহে বিশ্বব্রক্ষাণ্ড নিময় করিয়া দেন।

শক্তির সহিত জীবের এই মাতাপুত্র সম্বন্ধ মুহুর্ত্তের জন্ম বিশ্বত হওয়া উচিত নহে। স্তক্তপায়ী শিশুর মত এই বিশ্বমাতার স্তনপান করিতে করিতে নিজ বিশাল বিভু অস্তিত্ব উপল্কির দিকে জীব অগ্রসর হইতেছে। শিশু সন্থান যেমন মাতৃ-রক্তকে স্তনত্থাকারে পাইয়া নিজ রক্তে পরিণত করিয়া লয়, সেইরূপ আমরাও শক্তিময়ী জননীর শক্তি আহরণ করিয়া, শক্তি ও নিজ অস্তির এই হয়ে মিশাইয়া এক করিয়া ফেলিতেছি। আগে এই শক্তিকে নিত্য, অপরিণামী, চিন্ময়ী বলিয়া পরিজ্ঞাত হও, তার পর নিজের নিত্যর বুঝিতে পারিবে। চন্দ্র সূর্য্য,আকাশ তারকা, জ্বগৎ,বৃক্ষ লতা,জীব জড়, যাহা কিছু দেখিতে পাও,সর্বত্ত দেখ,এক নিত্যা, অপরি-ণামী চিন্ময়ী শক্তির ক্রোড়ে এক নিত্য চিৎসত্তা প্রতিফলিত। বস্তুর মাত্র বস্তুর ভুলিয়া যাও, শুধু এক অপূর্ণৰ বিশ্বমাতার বিশ্বমূর্ত্তি পরিদর্শন কর। আমি বৃক্ষে বৃক্ষ দেখি না; দেখি, এক অনন্ত সৌন্দর্যাময়ী স্নেহভারনম। জননী বৃক্ষরূপ সন্তান ক্রোড়ে দণ্ডায়মানা। আমি মহুত্তে মন্তুত্ত দেখি না; দেখি, এক বিশাল শক্তিময়ী, স্নেহের আধার মা, মানব শিশুমুখে স্তন ঠেকাইয়। দণ্ডায়মানা। আমি সুর্য্যে সুর্যা দেখি না; দেখি, এক অনম্ভ স্নেহময়ী মা অনম্ভ শক্তিধারায় সন্তানকুলকে নিমগ্ন করিয়া দণ্ডায়মানা। ধূলিকণা হইতে দেবতালোক পর্যান্ত সর্বত্ত সব্ব অণুতে আমি এইরূপ এক স্নেহময়ী জননীকে স্ম্ভান ক্রোড়ে করিয়া দাঁ ড়াইয়া থাকিতে দেখিতে পাই। ভোমরা যদি মাকে দেখিতে চাহ, তবে বস্তুর বস্তুহ ভূলিয়া, তাহার অভ্যস্তরস্থ এক নিতা অপরিণামী মূর্ত্তি দর্শন কর; দেখিবে — অসং বলিয়া কিছু নাই, সতের কোথাও প্রত্যবায় হয় না; অনিত্য মাত্রাস্পর্শ এই উভয় সতের পরশপ্রবাহ। এবং দেই স্পর্শান্ত্রসারে আপনাকে মাত্র তন্ধং বলিয়া বোধ করা, ইহাই অনুপ্রবিষ্ট জীব বা অণু আত্মার অবিভা। ওই অবিভাই সতে গঠিত অসংরূপা। অসং ্ বস্তুতঃ অসং নহে। ইহাই সং ও অসং কর্মনার চরম সিদ্ধান্ত ।

> অবিনাশি তু তদিদ্ধি যেন সর্বনিদং ততম্। বিনাশমব্যয়স্থাস্থ ন কশ্চিৎ কর্ত্তুমুহতি॥ ১৭

যেন ইদং সৰ্বং ততং, তং তু অধিনাশি বিদ্ধি; কশ্চিং অস্ত অব্যয়স্ত বিনাশং কতুং ন অহতি।

ব্যবহারিক অর্থ।—এইরূপে যিনি এই সকল ব্যাপিয়া আছেন,তাঁহাকে অবি-নাশী বলিয়া জানিও। সেই অব্যয়ের কেহ বিনাশ করিতে পারে না।

যৌগিক অর্থ।—এ যে মাত্মূর্ত্তির কথা বলিলান, উহার কুরাপি অপলাপ হয় না। সমষ্টিভাবে অথবা ব্যক্তিভাবে, যে দিকে দৃষ্টি নিক্ষেপ কর, যাহার উপর চিম্না পরিচালনা কর, সর্বত্র এই সর্বব্যাপিনা মহামূর্ত্তির অক্তির উপলব্ধি হইবে। বস্তু উৎপন্ন হয়, থাকে, আবার লোপ হইয়া যায়, দেহ গঠিত হয়, পরিপুষ্ট হয়ও বিলয় হইয়া যায়; কিন্তু এ অস্তিরের কথনও পরিবর্ত্তন ঘটে না। স্থকোমল শয়ায় শায়িত হইয়া, স্বগে যেমন জীব শরশয়ায় শায়িত আছি ভাবিয়া য়য়ৣঀায় অধীর হয়, সেই স্থকোমল শয়াই তাক্ষ শররাশির য়ায় অক্তে বিদ্ধ হইতেছে বলিয়া যেমন সে অনুভব করে, তক্রপ মাতৃমঙ্গের স্থকোমল আলিঙ্গনে বদ্ধ থাকিয়াও আমরা উহাকে তাক্ষ শৃঙ্খলের নিপীড়ন বলিয়া ভাবিতেছি—স্মেহের পীড়নকে কউকশয়াবিলয়া কাতর হইতেছি—মাতৃবক্ষকে অসিশয়া ভাবিয়া, আপনাকে বিকলাঙ্গ অনুভব করিতেছি—খণ্ডমুগ্ধ অনুপ্রবিষ্ট বলিয়া।

তবে কিসের বিনাশ হয় ? বিনাশ বলি কাহ'কে ? পরিবর্ত্তনই বিনাশ শব্দে অভিহিত। স্পান্দনমাত্রার ইতরবিশেষই বিনাশ। স্পান্দনের মাত্রাই দেহ বা আধার-রূপে পরিকল্পিত ও উহারই পরিবর্ত্তন মৃত্যু বা দেহান্তর নামে অভিহিত, ইহা আমি পুর্বেব বলিয়াছি। অর্থাং সৌর কররাশি যেমন স্পান্দনামুক্তমে মরীচিকারপে পরিদৃষ্ট হয়, উহাকে সভ্যও বলা যায় না, অসত্যও বলা যায় না, নিত্যের একটা অনিত্য রূপ বলিতে হয়; তক্রপ অনুভূতিকে সভ্যনহে, অসত্যও নহে, নিত্যের একটা অনিত্য রূপ বৃক্তিতে হইবে। মরীচিকার অপলাপে যেমন সৌর করের অপলাপ হয় না, তক্ষপ অবিভার অপলাপে উহার উপাদান নিত্য সর্বব্যাপী পদার্থের অপলাপ হইতে পারে না।

কিন্তু অনুভূতিকে এরূপ মরীচিকাবৎ বলিগা হৃদয়ঙ্গম করিতৈ সাধারণ লোক জ্ঞানের সাংখ্যন্তর অভিক্রেম না করিলে, এরপ ধারণা আনিতে পারা যায় না। যাহা কিছু দেখিতেছি প্রত্যক্ষ বলিয়া অনুভব করিতেছি এ সদস্তের আক্সা হইতে স্বতন্ত্র অপ্তিম্ব নাই, সাধারণ লোকের পক্ষে ইহা এক প্রকার অসম্ভব বলিয়া মনে হয়। ইহা হইল চৰম জ্ঞানের কথা—জ্ঞানের সর্ব্বোচ্চ অবস্থায় অনুভাব্য। এই জ্ঞানে পৌছিতে হইলে, মাগে মফাত্য প্রকার জ্ঞানের ভিতর দিয়া যাইতে হয়। এই ব্রহ্মজ্ঞান লাভ করিয়া যে জ্ঞানপত্থা অবলম্বন করিয়া জীবের ধারণাশক্তি ধাবিত হয়,সেই সমস্ত পন্থাটীকে সাধারণকঃ ছয়টী বা সাতটী ভাগে বিভক্ত দেখিতে পাওয়া যায়; এবং সেই এক এক ভাগের আদর্শবিকাণ এক একথানি দর্শনশান্ত্র হিন্দুর ধর্মজগৎকে আলোকিত করিয়া রাখিয়াছে। আমরা এইখানে সেই ষ্ট্রদর্শনের একটু সংক্ষেপে আলোচনা করিব। ইহা হইতে স্পষ্ট প্রতীতি হইবে যে. আমাদিগের ষড্দর্শনের ভিতর যে মতভেদ দৃষ্ট হয়, উহা বস্তুতঃ সোপানশোগীর সোপানে সোপানে যেকপ ভেদ, ভদ্ৰূপ মাত্ৰ। অৰ্থাৎ যেমন কোন উচ্চ স্থানে আরোহণের জন্ম সোপানশ্রেণী বিনিশ্মিত হয়, এবং সে শ্রেণীর প্রত্যেক সোপানই সেই উচ্চ আহোহণের লক্ষ্যে গঠিত—প্রত্যেক সোপানেবই লক্ষ্য উদ্ধে আরোহণ. এবং প্রত্যেক সোপানই একটা সাধারণ তলে সম্বদ্ধভাবে গঠিত, অথচ যেমন একটী হইতে আর একটা সমধিক উচ্চ, এই দর্শনশাস্ত্রসমূহও তদ্ধপ। দর্শনশাস্ত্র-প্রণেতারা যিনি যে দিক্ দিয়া অহুভব করিয়াছেন বা দেখিয়াছেন, তিনি ততটুকু মাত্র লিপিবন্ধ করিয়া গিয়াছেন। তাঁহারা স্বাস্থ্য দর্শন অমুযায়ী মত—বিশেষ বিশেষ ক্ষেত্ৰজ্ঞান স্থাপন করিয়া গিয়াছেন সত্য: কিন্তু কার্য্যতঃ স্থাপ্পষ্ট বুরিতে পারা যায়, তাঁহাদিগের দর্শনের ক্রম হিসাবে ভগবানু যেন তাঁহাদিগের ভিতর প্রবিষ্ট হইয়া, জ্ঞানটিকে এইরূপ ছয়টী স্তরে বিভাগ করিয়া দিয়াছেন: অথবা একটী ছয়-সোপানবিশিষ্ট শ্রেণী নিমাণ করিয়া দিয়াছেন। দর্শনশাম্র-প্রণেতারা নিজ নিজ ইচ্ছায় স্ব স্ব জ্ঞানকে সাধারণের উপকারার্থ উচ্চ ও নিম ক্রম হিসাবে সাজাইয়া গিয়াছেন, তাহা বলিতেছি না। তবে কোন এক অদুষ্ট মহাশক্তি যেন তাঁহাদিগের ভিতর দিয়া সাধারণের কল্যাণ কামনায় এরপ সোপানশেণী গঠিত করাইয়াছেন, এইরূপ মনে হয়।

আমরা এই দ্বিতীয় অধ্যায়ে সাংখ্যযোগের কথা বুঝিতে চেষ্টা করিতেছি;
মুতরাং এই স্থলে জানেচ্ছুদিগের মুবিধার্থ সে ছয়খানি দর্শনশাল্লের সার মর্ম্ম

লিপিবদ্ধ করিতেছি; এবং উহা হইতেই প্রতিপন্ন হইবে, আমি যে শান্ত্রগুলিকে উচ্চ নিম্ন ক্রমান্ত্রসারে সজ্জিত বলিয়াছি, তাহা অসঙ্গত নহে।

প্রধানতঃ আমাদিগের ছয়খানি দর্শনশান্ত আছে; তাহাদিগের নাম,— স্থায়, বৈশেষিক, সাংখ্য, পাতঞ্জল, পূর্ব্বমীমাংসা ও উত্তরমীমাংসা। আমি এক এক-খানির ইতিহাস বা মর্ম্ম ভিন্ন ভিন্নশ্ধণে নিম্নে দিতেছি ও তাহাদিগের সহিত সাধারণ জীবপ্রবাহের গতির কিরূপ সম্বন্ধ, তাহা দেখাইতেছি।

আর একটা কথা। আমি পূর্বের্ব বিলয়াছি, জীবকে ভগবংসারিধ্য লাভ করিতে যে জানগতির ভিতর দিয়া যাইতে হয়, তাহাই গীতা। ত্বতরাং দর্শন-শাস্তগুলিকে গীতারই অংশবিশেয বলিলে অত্যুক্তি হয় না। এ হলে অনেকে মনে করিতে পারেন, পীতা ভগবনুথে ব্যক্ত হইবার পূর্বের দর্শনশাস্তগুলি রচিত হইয়াছে; ত্বতরাং ও কথা বলা ভ্রান্তিগূলক। কিন্তু 'আমি গীতাকে অপৌক্ষেয় বলিয়া জানি। গীতা অনাদিকাল পৃষ্টি, হিতি, প্রলয়কে অভিক্রম করিয়াও বিরাজিত। নিরাকার আলাকে সাকার্ম্ব লাভ করিতে হইলে, যেরূপ স্তরে স্তরে কোম্সকল নির্মাণ করিয়া সাকার্ম্ব লাভ করিতে হয়, সেই অপৌক্ষেয় জ্ঞান বা গীতারূপী পরমায়া সেইরূপে কোমের পর কোম গঠিত করিয়া লইয়া বা এক এক কোম অবয়ব্য লাভ করিয়া সর্বশেষ এ ছয়খানি দর্শনক্ষপ ষাট্কৌমিক দেহ ধারণ করিয়া আবিভূতি বা শ্রীকৃষ্ণমুখে ব্যক্ত হইয়াছিলেন। ছয়খানি দর্শনশাস্ত্র যেন উহার ছয়টী কোম; অর্থাৎ দর্শনশাস্ত্রকে লইয়া গীতা নহে, গীতাকে লইয়া দর্শনশাস্ত্র।

খুলিয়া বলি। সাধারণের এইরপ ধারণা, যেন ভগবান্ প্রীকৃষ্ণ সমত দর্শনশাস্থ্র একরে সংগ্রহ করিয়া, তাহার বিচার ও বিশ্লেষণপূর্বক সার মর্মাটুকু লইয়া এবং নিজ মত প্রতিষ্ঠিত করিয়াগীতা প্রকাশ করিয়াছেন, কিন্ত ইহা নান্তিকগার সহিত্ত তুলনীয়। নান্তিকেরা যেমন বলিয়া থাকেন, দেহ ও তত্পাদানসকল একত্রীভূত হইয়া বা ভূতসকলের সংমিশ্রণে চৈতত্তকরপ একটা পদার্থ বিকশিত হইয়া উঠে; চৈতন্য দেহের কারণ নহে—দেহ বা ভূতসমন্তিই চৈতত্তের কারণ, উহাদিগের মতও তদ্দেপ। বস্তুতঃ আন্তিক্যবৃদ্ধিতে যেমন বৃষিতে পারা যায় যে, দেহ চৈতত্তের কারণ নহে, চৈতত্ত্বই দেহের কারণ; গীতা সম্বন্ধেও তদ্ধপ বৃষিতে হইবে। কালে গীতা অভিব্যক্তি লাভের জন। বা জগতে প্রকাশ হইবার জন্য পূর্ব্ব হইতে দর্শনশাস্ত্রাকারে গীতা ধীরে ধীরে ফুটিয়া উঠিতেছিল। দর্শনশাস্ত্রাদি গীতারূপ একটী চৈতত্ত্বের জনক নহে, গীতাচৈত্ত্বই উক্ত শাস্ত্রসকলের কারণ। অর্থাৎ আত্মাকে

বুঝিতে হইলে যেমন তাহার অন্নময়, প্রাণময়, মনোময়, বিজ্ঞানময় ও আনন্দময় কোষ বৃঝিতে হয় বা জীবকে স্ব উপাধিতে প্রবেশ করিতে হইলে যেমন অন্নময়, প্রাণময়, মনোময় প্রভৃতি কোষে সক্রিয় অবস্থা লাভ করিতে হয় ও পরে আনন্দন্ময় কোষে সে যেমন জাগ্রত হয়, তক্রপ গীতারূপ জ্ঞানসতায় পৌছিতে হইলে, ছয়খানি দর্শনশাস্ত্রোক্ত জ্ঞানশ্রেণীর মর্শ্বের ভিতর দিয়া জীবের জ্ঞান ধাবিত হয়; অথবা জীবের গীতারূপ জ্ঞানোন্মেষণ, উক্ত ছয়খানি দর্শনশাস্ত্রোক্ত জ্ঞানমর্শ্বের ভিতর দিয়া স্বতঃই তাহার জ্ঞাত বা অ্জ্ঞাতসারে প্রধাবিত হইয়া থাকে।

আমি কোষ হিসাবে তুলনা করিয়া দেখিতেছি। গীতারূপ পরমাত্মার স্থায়-দর্শন থেন—অন্নময় কোষ, থৈশে ষিক—প্রাণময় কোষ, পূর্বেমীমাংসা—মনোময় কোষ, সাংখ্য—জ্ঞানময় বা বৃদ্ধিময় কোষ, পাতঞ্জল—বিজ্ঞানময় কোষ এবং উত্তর-মীমাংসা বা বেদাস্তদর্শন—আনন্দময় কোষ। এই সাংখ্য ও উত্তরমীমাংসার মধ্য-স্থলে বিশফ্টাদ্বৈতবাদ নামক একটি মত স্থাপিত হইয়াছে, সে কথা পরে বলিব। দর্শনশাস্তগুলি গীতার কোষ বা দেহ—গীতা আত্মা।

প্রথমতঃ ভায়দর্শনের সংক্ষেপ ইতিবৃত্ত দিতেছি। ভায়দর্শন—মহর্ষি গৌতম ইংার প্রণোতা। প্রধান মত —সংসার তঃখময়; এই তঃথের নাশই মুক্তি। তর্ক ইংার প্রধান অঙ্গ। তর্কের ধারা ঈশ্বরের অস্তিত সপ্রমাণ হইয়াছে। ঈশ্বরের অস্তিত আমাদিগের কর্মফলদাতারূপে শীকৃত হইয়াছে।

সাধারণ মহয়জ্ঞান এইরূপে প্রথমতঃ ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করে এবং তর্কাদির দ্বারা ইহা সপ্রমাণ করিতে চেষ্টা করে।

দিতীয়—বৈশেষিকদর্শন। ইহা মহর্ষি কণাদপ্রণীত। ইহার সার মর্গ—সংসার হংখময়। সেই হংখের একান্ত নির্ত্তিই জীবের লক্ষ্য। তত্ত্বজ্ঞানে এই নির্ত্তি লাভ হইতে পারে। ইহা ক্ষিতি, অপ্, তেজঃ, বায়ু, আকাশ, দিক্, কাল, আত্মা, মনঃ, এই সমন্তকে নিত্য পদার্থ বিলয়া গ্রহণ করিয়াছে। ক্ষিতি, অপ্, তেজঃ, বায়ু, এইগুলি শরীর বা ইন্দ্রিয়াদিরপে অনিত্য, কিন্তু পরমাণুরপে নিত্য সত্য। মহর্ষি কণাদের মতে পরমাণু-সকল নিত্য ও অকারণ। বিরাট্ ঈশ্বরের ইচ্ছায় ঐ পরমাণুসকল স্পন্দিত হইয়া ব্ল্লাণ্ডসকল উৎপন্ন হয় এবং ব্রহ্মাদি আবিভ্তি হইয়া স্টিকার্যো নিযুক্ত হয়েন।

ইহা সাধারণ জীবের জ্ঞানপ্রবাহের দ্বিতীয় স্তর। জীব এই প্রত্যক্ষ জগৎ-সকলের অহর্নিশ পরিবর্ত্তন ও পরিণাম দেখিয়া দ্রব্যসকলের বিংশ্লষণ করিয়া দেখিতে থাকে ও সকল পদার্থের মধ্যেই পরমাণুসকল প্রত্যক্ষ করে। জীবের সাধারণ জ্ঞান পদার্থবিশ্লেষণের ভিতর ঢুকিয়া এইরূপ ধারণা করে, যেন পরমাণুসকল নিতা স্বতন্ত্র পদার্থ এবং ঈশ্বর বলিয়া এক স্বতন্ত্র মহাপুরুষ যেন স্বেচ্ছায় সেই পরমাণুসকলকে এক, ছই, তিন ইত্যাদিরপে সংযুক্ত করিয়া বিশ্বসকল রচনা করিয়াছেন। অর্থাৎ প্রথম স্তরে জীব বিচার-বিতর্কের দারা ঈশ্বরের যেন একটী স্বতন্ত্র অনুমান ভিন্ন প্রত্যক্ষভাবে ফুটাইয়া লইতে পারে নাই, এই দ্বিতীয় স্তরে সে স্বাতন্ত্র স্কুটতর হয়। পরমাণুতন্ত্ব বর্ণনই এ দর্শনের মূল উদ্দেশ্য।

তৃতীয় — পূর্বনী সাংসা। মহর্ষি জৈমিনি ইহার প্রণেতা। পূর্বনী মাংসার বা মীমাংসাদর্শনের মত, জ্ঞানের দ্বারা হৃংখ-নিবৃত্তি হয় না, কর্ম্মের দ্বারা করিতে হয়। হৃংখের নিবৃত্তি ও অনন্ত মুখের প্রাপ্তি কর্মের দ্বারাই ঘুটিয়া থাকে। বেদই নিত্য পদার্থ, অপ্রান্ত, বিদেক কর্ম্মকলই হৃংখনিবৃত্তি ও স্থুখোংপত্তির হেতৃ। সেই বেদোক্ত কর্ম্মকল যথানির্দিষ্ট উপায়ে করিতে পারিলে, অতৃল সুখের অধিকারী হইতে পারা যায়। ইহারা বেদকে প্রধান স্থান দিয়াছেন অথচ বেদ ঈশবের কৃত বলিয়া কোথাও অঙ্গীকার করেন নাই। ঈশ্বরের সহিত এ মীমাংসাদর্শনের বিশেষ সম্বন্ধই নাই। কর্মাই প্রধান, কর্ম্মের দ্বারাই জীব হৃংখ ও মুখ লাভ করে, কর্মানুসারেই জীবের গতি সম্বন্ধ হয়। এই জন্ম মীমাংসকদিগকে সাধারণতঃ নিরীশ্বরাদী বলা হয়। কিন্তু বস্তুতঃ বেদের কর্মকাণ্ডের মহিমা বর্ণনই ইহার লক্ষ্য।

সাধারণ জীব দিতীয়স্তরীয় জ্ঞান প্রাপ্ত হইবার পর কর্ম্মের দিকে তাহাদিগের লক্ষ্য পড়ে। অর্থাৎ মনে এইরূপ ধারণা আসে, জগতে যাহা কিছু দেখিতেছি, সকলই কর্ম্মের পরিণামরূপে অবস্থিত। আহার না করিলে ক্ষ্মানিবৃত্তি এবং আহারের তৃপ্তি অনুভব হইতে কখনও দেখা যায় না। স্তবাং কর্মাই সব; কর্মাপ্রাহই চারি ধারে বিস্তৃত; বর্ম্মেরই ফলস্বরূপ সকল জিনিষ বিভামান। তবে বেদ্দিহিত কর্ম্মাদি করিলে আত্যন্তিক স্থখলাভ না হইবে কেন ? জ্ঞানাম্ভূতিতে ত কাহারও উদ্দেশ্য সিদ্ধ হইতে দেখিতে পাই না। কোথাও যাইতে হইলে, 'গিয়াছি' এইরূপে অনুভব করিলে ত যাওয়া হয় না—কিছু দেখিতে চাহিলে চক্ষু না চাহিয়া প্রত্যক্ষ হইল, এরূপ অমুভ্তি ত হয় না। তবে জ্ঞানে স্থখাদয় কি করিয়া হইবে ? এইরূপে এই তৃতীয় স্তরে জীবের কর্মের উপর একান্ত লক্ষ্য পতিত হয়। প্রবল আসন্তিকর সহিত জীব—যজ্ঞ, মন্ত্রসাধনা ইত্যাদির দিকে ধাবিত হয়। স্থারের দিকে লক্ষ্য থাকে না বিললেও অত্যক্তি হয় না। কার্য্যতঃ জীব এ

অবস্থায় ঈশ্বনির্ভরতার আশ্বাদ না পাইয়া কর্মনির্ভরতায় মৃত্ত হয়। আত্যস্তিক স্থ-চরিতার্পতার দিকে লক্ষ্য করিয়া এবং সর্বব্য কর্মের ফল দর্শন করিয়া কর্মই তাহাদিগের প্রিয় হইয়া উঠে।

মীমাংসকেরা দেবতাদিগকে মন্ত্রাত্মক বলেন। এই তৃতীয় শ্রেণীর জীব মন্ত্র-শক্তির মহিমা কীর্ত্তন করিয়া থাকে। সাধনোদ্রেষণের দ্বিতীয় স্তরে জড় পরমাণু বা কভকগুলি জব্য ও ঈশ্বর, এইরূপ দর্শন করিয়া, পরে মন্ত্র ও জব্যশক্তির সমাবেশ দেখিতে দেখিতে যেন চিৎরাজ্যমুখী হয়।

চতুর্থ-সাংখ্যদর্শন বা নিরীশ্বর সাংখ্য। মহর্ষি কপিল ইহার প্রণেতা। ইহারও সার মর্ম তঃথবাদ। তঃথের নির্তিই জীবের লক্ষ্য। সে তঃখ ত্রিবিধ; আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক। হঃথের সমাপ্তির উপায়—বিবেক বা প্রকৃতি-পুরুষ-ভেদ। সাংখ্যের মত — কর্মাই বন্ধনের হেতু,তত্তদর্শন হইলে কর্ম আর ফলপ্রদ হইতে পারে না। পূর্ব্বোক্ত ত্রিবিধ ছঃখ ত্রিগুণা প্রকৃতি হইতে উভূত। সন্ধ, রঞ্জঃ ও তমঃ, এই তিন গুণের সাম্যাবস্থাই প্রকৃতি। এই প্রকৃতি নিত্যা, জড়া, আদি অস্ত-হীনা। ইহাই ব্যক্ত হইয়া জগৎরূপে প্রকাশ পায়। ঐ মূলা প্রকৃতি হইতে উৎপন্ন বিকারসকল **শৃষ্টি স্থিতি** ও নাশপ্রাপ্ত হইয়া থাকে। উক্ত সত্ত্ব, রজঃ ও তমোগুণের স্ষ্টি, স্থিতি ও নাশ, এই তিন ধর্ম। প্রাকৃতি স্বতই সমস্ত স্থাই করে: কিন্তু সে স্ষ্টি নিজের জম্ম নহে, আত্মার জম্ম, আত্মারই ভোগ ও মোক্ষ সাধনের জম্ম প্রকৃতির পরিণাম সংসাধিত হয়। সে চেতন আত্মা অপরিণামী, নির্বিংকার, অসঙ্গ নিজিয়। প্রকৃতি গুণময়ী—পুরুষ, আত্মা বা চৈতক্ত নিগুণ। ঈশ্বর আত্মার স্বরূপ নহে, স্থুতরাং আত্মা বহু। আত্মার যত দিন না প্রকৃতি হইতে স্বাতন্ত্র্য উপলব্ধি হয়, তত দিন দে পুরুষ বন্ধ। ঐ চেডন পুরুষ, অচেডনা জাননশক্তিরূপা প্রকৃতির সহিত সংযুক্ত হইয়া অহঙ্কার, বৃদ্ধি, জ্ঞান, তন্মাত্রা, ইন্দ্রিয়াদিরপে সে প্রকৃতিকে পরিণমিত করে। পরিণত করিতে হয় না, প্রকৃতি আত্মার সংযোগে স্বতই পরিণাম প্রাপ্ত হইতে পাকে ও তার পর পুরুষের মোক্ষ সাধন করিয়া দিয়া নিবৃত্ত হয়।

তৃতীয় স্তরীয় জীবের কর্মের উপর একান্ত আসক্তি পড়িবার পর, তখন তাহারা কর্ম বিশ্লেষণে স্বতঃ প্রবৃত্ত হইয়া থাকে। দেখে, কর্ম যদিও ফলদায়ী বটে, কিন্তু সে ফল চিরস্থায়ী নহে; কর্মক্ষয়ে সে ফলও ক্ষয়িত হইয়া যায়। তখন তাহারা কর্মের আদি কারণ নিরাকরণে যদ্ধবান্ হয়, এবং যে সকল কর্ম ইচ্ছা না করিলেও আপনা হইতে সংসাধিত হইতেছে, আপনার দেহের দেই সকল

রন্তির উপর তাহাদিগের লক্ষ্য পড়ে। দেখে, বস্তুতঃ এই যে সমস্ত কর্ম্ম স্বতঃ সংসাধিত হইতেছে, ইহার কর্ত্তা কে । তথন কর্ম্মের কর্ত্তার দিকে লক্ষ্য পড়ে এবং গভীর চিন্তাশক্তিপ্রভাবে আ আ ও প্রকৃতি, এই ছই ভাগে আপনাকে বিভক্ত করিয়া দেখিতে থাকে। দেখে, বস্তুতঃ আআ নিক্রিয়, প্রকৃতি বা জাননশক্তিরপ অংশ হইতে সমস্ত কার্য্য স্টিত ও অমুষ্ঠিত হইতেছে। এইরূপে তাহারা এ প্রকৃতির আদি অন্ত গুঁজিয়া পায় না, অথচ চারি ধারে কার্য্যসকলের ভিতর ত্বির সন্তার অধিষ্ঠানত দেখিতে পায়। অর্থাং শুদ্ধ জড়া প্রকৃতি হইতে এত মুশুধ্বলাময় বিজ্ঞানযুক্ত স্পৃষ্টি ও ক্রিয়া অসম্ভব বলিয়া তাহাদিগের মনে হয়। মৃতরাং প্রকৃতির হস্তে সকল কর্তৃত্ব থাকিলেও চৈতন্তোর সন্তা তাহাদিগের প্রাণে ধীরে ধীরে উদয় হইতে থাকে এবং তাহারা এ উভয়ের সংযোগই স্পৃষ্টি ও ক্রিয়ার মূল বলিয়া ধারণা করে। উভয়ের কর্তৃত্ব হইলে কার্য্য উভয় প্রকারের হইত, মৃতরাং আত্মা কর্তা হইয়াও নিক্রিয়রূপে তাহাদিগের ছদয়ে উপলব্ধ হয়। এইরূপে তাহাদিগের ধারণা প্রকৃতি ও পুরুষ, এই ছই ভাগে সীমাবদ্ধ হয়; এবং ব্রহ্মাণ্ডসকলকেও তাহারা হরি, হর, ব্রহ্মাণি শক্তিমান্ আ্রার শক্তির অভিব্যক্তি বলিয়া অনুভব করে।

অর্থাৎ কার্যাতঃ তাহাদিগের জ্ঞান তর্কবিচার হইতে স্থুল জড় পরমাণ্বাদে এবং তাহা হইতে স্থুল কর্মবাদে পরিণত হইয়া, শেষ স্কল্প জড়শক্তি এবং জন্ম ক্ষারবাদে ধীরে ধীরে পরিণত হয়। প্রকৃতি স্থুল অপরিচ্ছিন্না পরমাণ্-সমুদ্রবং, এইরূপ ধারণা ছিল, তাহা হইতে ত্রিগুণা, সর্বব্যাপিনী জ্ঞানশক্তি অথচ জড়া শক্তি বলিয়া প্রকৃতিকে তাহারা ধারণা করিয়া লয়। পূর্ববং উহাই নিত্য প্রকৃতি বলিয়া ব্রিতে থাকে এবং স্থুল কর্মদকল বিশ্লেষণ করিয়া অচেতনা প্রকৃতি হইতে এরূপ বিপ্লানসম্মত কার্য্য হইতে পারে না, এই অমুমান হইতে তাহারা খণ্ড খণ্ড চেতনাধিষ্ঠান দেখিতে পায়। এবং প্রতিক্ষেত্রে আত্মা ও প্রকৃতির সংযোগে ভিন্ন ভিন্ন ফল দেখিয়া, প্রকৃতি হইতে আপনাকে উদ্ধার করিতে চাহে।

সাংখ্য নিরীশ্বর বলিয়া প্রসিদ্ধ। কিন্তু জন্ম ঈশ্বরবাদ সাংখ্যে স্বীকৃত। বিতীয় স্তবের পরমাণুতত্ব এবং তৃতীয় স্তবের স্ব স্ব কর্মের আধিপত্য বা নিজ নিজ সাধীনতা, এই ছই জ্ঞান মিশিয়া ও আরও বিশুদ্ধ ও স্ক্র্যা ইয়া জড় ও চেতনের সংযোগ ও বিভেদরপ তত্বের জ্ঞান জন্মাইয়া দেয়। দিতীয় স্তবে দেখিয়াছিল, পরমাণুসকল এক ঈশ্বর বা কর্তার ইচ্ছাধীন হইয়া এই জগৎ ব্রহ্মাণ্ড রচনা করিতেছে। তৃতীয় স্তবে দেখে, কর্মস্কলই ফলরূপে প্রকাশিত অর্থাৎ ফল কর্মাধীন। সকলেই স্ব স্ব

কর্মানুষায়ী অবস্থা লাভ করিতেছে। চতুর্থ স্তরে কর্মাবধি সমস্তই প্রকৃতি নামক অংশে যুক্ত হইয়া যায়। অর্থাৎ সমস্তই প্রকৃতিতে অধিষ্ঠিত, এইরূপ অনুভব হয় এবং ঐ "স্ব স্ব বা নিজ নিজ কর্ম্ম" এই জ্ঞানটী হইতে নিজ্ঞিয় খণ্ড আত্মার উপলব্ধি আসিয়া পড়ে।

কিন্তু কার্যাতঃ ঈশ্বরতত্ব এইখান হইতে ফুটিয়া উঠিতে থাকে। এই দ্বৈতবাদকে গৌণরূপে ঈশ্বরের কল্পিত বিশ্লেষণ বা বিভাগকরণ বলিলেও অত্যুক্তি হয় না।

যাহা হউক, জ্ঞান এই অবস্থায় উন্নত হইলে, আত্মদর্শনের দিকে জীবের লক্ষ্য ধাবিত হয়। অর্থাং যে নিজ্ঞিয়, অপরিণামী, নিশুণি আত্মার অস্তিত্ব চতুর্থ স্তরে উপলব্ধি হইয়াছিল, দেই আত্মাকে প্রত্যক্ষ করিবার দিকে জীবের বলবতী ইচ্ছা সঞ্জাত হয় এবং ঐ ইচ্ছাই পঞ্চম স্তর ।

পাতঞ্চল দর্শন। ইহার প্রণেতা ভশবান্ পতঞ্চল। ইনি সাংখ্যের তত্ত্বসকল স্বীকার করিয়া লইয়াছেন। ইহাই ক্রিয়াযোগ নামে প্রসিদ্ধ। পাতপ্রলের মতে সাংখ্যোক্ত পুরুষের সাক্ষাৎকার চিত্তরুত্তি নিরোধের দ্বারা হইতে পারে। অভ্যাস, বৈরাগ্য, তীব্র উৎসাহ এবং ঈশ্বরপ্রণিধান, এইগুলি যোগের উপায়। এই যোগ হইতে হুই প্রকার সমাধি সাধিত হয়। একাগ্র চিত্তের দারা সম্প্রজ্ঞাত সমাধি এবং নিরুদ্ধ চিত্তের দারা অসম্প্রজাত সমাধি লাভ হইয়া থাকে। এই চিত্তের একাপ্রতা ও নিরুদ্ধ অবস্থা লাভের জন্ম পাতঞ্জলে প্রণালীসকল বর্ণিত হইয়াছে। ইব্রিয়বিশেষ ধারণা করিলে অর্থাৎ নাসা, জিহ্বা, প্রবণ, চক্ষুঃ প্রভৃতিতে চিত্তকে ধারণা করিলে, সেই সকল স্থলে অলৌকিক গন্ধ, রস, শব্দ, রূপ প্রভৃতির অনুভব হয় ও তাহাতে চিত্ত নিবিষ্ট হইয়া যায়। হৃদয়ে ধারণা করিলে চিত্ত স্থির হয় ও জ্যোতিঃ প্রকাশ হয়। মহাত্মাদিগের মূর্ত্তি চিন্তা করিলে চিত্ত স্থির হইতে পারে। অভিমত কোন ধ্যান করিলেও চিত্ত স্থির হইতে পারে। স্বগ্ন, নিদ্রাম্ভানকে অবলম্বন করিলেও চিত্ত স্থির হইতে পারে । কিন্তু অসম্প্রজ্ঞাত সমাধিই পাতঞ্চলের লক্ষ্য। উহা হইতেই কৈবল্যসিদ্ধি লাভ হয়। ঈশ্বর-প্রণিধান বা ভক্তিসহকারে ভগবদারাধনা করিতে পারিলে, ভগবান্ তাঁহার নিজ সক্ষমসাহায্যে তাহার প্রতি অনুগ্রহ প্রকাশ করেন ; এবং সেরপেও যোগী কৈবল্য-লাভ করিতে পারে।

যাহা হউক, পাতঞ্বলে বা জ্ঞানের পঞ্চম স্তারে আমরা শুদ্ধ আত্মতন্ত্ব লাভের জন্ম চিত্তক্রিয়াময় প্রচেষ্টার অভিব্যক্তি দেখিতে পাই। এ অবস্থায় মুখ্য লক্ষ্য—
বাহ্য কর্ম্ম পরিহার ও অন্তঃকর্মাভিনিবেশ ও তংশক্তিতে কৈবল্য লাভ।

ষষ্ঠ বেদান্তদর্শন।—বেদের জ্ঞানকাণ্ডই ইহাতে বিশ্লেষিত হইয়াছে বিশ্লেয়া এবং জ্ঞান বেদের চরম লক্ষ্য বলিয়া ইহার নাম বেদান্ত। বেদের কর্মকাণ্ড হইতে যেমন পূর্ব্বমীমাংসা, বেদের জ্ঞানকাণ্ড হইতে তদ্রপ এই উত্তরমীমাংসা। একমাত্র ব্রহ্মই ইহার প্রতিপান্ত বলিয়া ইহাকে ব্রহ্মসূত্র বলে। ইহার প্রণেতা মহর্ষি বাদরায়ণ। এই বেদান্তদর্শনের আবার ছই প্রকার মতভেদ আছে—একট্টী অবৈতবাদ এবং অপরটা বিশিষ্ট অবৈতবাদ। শঙ্করাচার্য্য অবৈতবাদের এবং রামানুজ বিশিষ্ট অবৈতবাদের পোষক।

শকরের অবৈতবাদের প্রধান মত এই, জীব ও ব্রহ্ম অভিন্ন। এক ব্রহ্ম ছাড়া সার কিছু নাই। তবে যে জীব, জগং ও ব্রহ্ম বিভিন্ন বলিয়া উপলব্ধি করে, তাহার কারণ, মায়া বা ব্রহ্মশক্তি। তত্ত্বমিসি, সোহুহং প্রভৃতি বাক্যই অবৈতবাদের অমৃতময় বাণী। ঈশ্বর হইতে জীব অবধি সকলেই ঐ ব্রহ্মমায়ায় আক্রাস্ত। জীব নিজেকে ব্রহ্ম বলিয়া ব্রিতে পারিলেই তাহার জগদ্ভান্তি তিরোহিত হয় ও নিজ্ব সভাব উপলব্ধি করে। বস্তুতঃ ব্রহ্ম বন্ধও নহেন, মৃক্তও নহেন—একও নহেন, বহুও নহেন; অথচ তিনিই সমস্ত। এবং এ জগৎ মরীচিকাবৎ একটী সদসদ্রূপা অনির্ব্বচনীয়া প্রহেলিকা।

ব্রহ্মণক্তি বা ব্রহ্মায়ায় জীব ও ঈশ্বর উভয়ই মায়িক। ব্রহ্মই ঈশ্বর বলিয়া প্রতীয়মান—ব্রহ্মই জীব বলিয়া প্রতীত—ব্রহ্মই জগং বলিয়া প্রত্যক্ষীভূত। এই ব্রহ্মায়া কি ? ইহা প্রহ্মের অবিভানামীয় শক্তি। শক্তি ও শক্তিমান্ অভিন্ন—মায়া ও ঈশ্বর অভিন্ন। কেবল যতক্ষণ ভেদজ্ঞান থাকে, ততক্ষণ মায়া বলিয়া ব্রহ্মের একটি স্বত্রর উপাধি কল্লিত হয় মাত্র। এবং যতক্ষণ এই মায়া কল্লিত থাকে, ততক্ষণ উহাকে ব্রহ্মের তটস্থ লক্ষণ বলা হয়। সর্বজ্ঞ, সর্বশক্তিমান্, জ্ঞানময়, যাঁহা হইতে জগং জাত—জগং যাঁহাতে অবস্থিত ও যাহাতে জগং লীন হয়, এবং যিনি বিজ্ঞানময়, তাঁহাকেই সগুণ ব্রহ্ম বলে বা তাঁহাকে এইরূপ ভাবে কল্লনা করাই ব্রহ্মের তটস্থ লক্ষণ। যথার্থ ব্রহ্মলক্ষণ—নিশুণ, নিরুপাধি, সদসং আদি লক্ষণের বহিভূতি; আত্মা, পরমাত্মা নামে যাহা প্রকাশ হয় মাত্র। কিন্তু বস্তুতঃ নামাত্মক বা ব্রহ্ম আদি উপাধি যুক্ত করিলেই আর স্বরূপ লক্ষণ থাকে না—তটস্থ লক্ষণ হইয়া পড়ে, স্ত্রাং উহা অব্যক্ত।

জগৎ ঐশ্রজালিক ব্যাপার মাত্র। ইশ্রজালে যেমন দ্রব্যসকল না থাকিলেও দর্শকর্শের চক্ষে সভ্যবং প্রভাগীভূত হয়, এ জগংও তদ্রূপ। ব্রহ্মই জগংরূপে প্রভাক্ষীভূত হইতেছেন। স্থারশ্মি যেমন মরীচিকারপে প্রভাক্ষীভূত হয়—বারি-বিন্দুসকল যেমন ইক্সধন্থরূপে আকাশের গায়ে ফুটিয়া উঠে, জগৎকে ভক্রপ বুঝিতে হইবে।

জগং স্বপ্নের মত অলীক নহে। স্বপ্নে যেমন কোন সত্য পদার্থ নাই—জগং সেরপ নহে। ব্রহ্মই জগংরপে কল্লিত ইইতেছে। যেমন রজ্জু সর্পবং প্রতীত হয়, কিন্তু যথার্থ প্রত্যক্ষ ইইলে আর উহাতে সর্পভ্রম থাকে না, ব্রহ্মই তদ্রেপ জগংরপে পরিদৃষ্ট ইইতেছে। প্রত্যক্ষ ইইলে জগদ্ভ্রম ছুটিয়া আর জগং বলিয়া কোন পদার্থ খুজিয়া পাওয়া যাইবে না। এক অবিচ্ছিন্ন ব্রহ্ম সর্বব্র অবশিষ্ট থাকিবে। মরী-চিকার নিকটস্থ ইইলে যেমন আর মরীচিকা পরিদৃষ্ট হয় না, স্থারশ্মিমাত্র অবশিষ্ট থাকে, ব্রহ্মের নিকটস্থ বা ব্রহ্মফুক্ত ইইলে আর জগং পরিদৃষ্ট হয় না।

জগৎ ঈশবের সকল্পাত্র। সাধারণ মনুষ্য কোন সন্ধল্ল করিলে সে তাহা মনে মনে প্রত্যক্ষ করে; সে সন্ধল্ল স্বৃদ্ ইইলে বাহ্ চক্ষুও যেন সেইরূপ প্রত্যক্ষ করিতেছে, এইরূপ অনুভব হয়। কিন্তু সে সন্ধল্ল একমাত্র তাহারই ইন্দ্রিয়ে উপলব্ধি হয়, সে সন্ধল্লিত বস্তু অন্ধ কাহারও ইন্দ্রিয়গ্রাহ্ম হয় না। কিন্তু যদি উক্ত সন্ধল্ল দৃঢ়তর হয়, এবং উহা অপরেও অনুভব করুক, এরূপ ইচ্ছা তাহার প্রাণে বলবতী হয়, তাহা হইলে তাহার সন্ধল্ল অপরেরও ইন্দ্রিয়গ্রাহ্ম ইইয়া উঠে। ইন্দ্রজাল বিদ্যা বা আধুনিক নিসমেরিজিম্ হিপন্টিজ্ম্ ইত্যাদি উক্ত দৃঢ়তর সন্ধল্ল ছাড়া আর কিছুই নহে। এরূপ এন্দ্রজালিক ক্রাড়ার কথা শুনা গিয়াছে, যেখানে শত শত দর্শকর্বল এন্দ্রজালিকের সন্ধল্লে আকাশে ব্যান্থ সিংহাদির আবির্ভাব তিরোভাব ইত্যাদি চাক্ষ্ম দেখিয়া ভীত ও বিস্ময়াভিত্ত হইয়াছেন। এই সন্ধল্লময় যাত্রবিত্যা ভারতবর্ষে বহুল পরিমাণে পূর্বে প্রচলিত ছিল, এই বিত্যাই মিস্মেরিজম্ আদি নামে অধুনা পাশ্চান্ত্য দেশে প্রকাশ পাইতেছে, এবং ঘুরিয়া আবার এদেশে ন্বাকারে আসিয়া উপস্থিত হইয়াছে। জগদ্ব্যাপারও ২স্ততঃ এইরূপ। ইহাই শক্ষরমত।

বস্ততঃ এই সকল্প বা যাত্বিভার প্রভাব অনস্ত। পূর্বে ভারতবর্ষে আনেক যাত্বক, মানুষকে মেষ, পক্ষী আদি করিয়া রাখিত, অর্থাৎ সীয় সঙ্কল-শক্তিপ্রভাবে তাহাদিগকে এমন মৃগ্ধ করিত যে, মোহিত ব্যক্তি আপনাকে মেষ, পক্ষী ইত্যাদিরূপে ধারণা করিয়া লইত। যাত্বিভাময়ী রাজকুমারীর উভানে অনেক রাজপুত্রকে এইরূপে বন্দী হইয়া কালাভিপাত করিতে মাতামহীর মূথে গছছেলে

সকলেই শুনিয়া থাকিবেন। উহা অমূলক নহে; বৃস্তুতঃই এককালে এ যাহ্বিছার প্রচলন এ দেশে স্থানে হানে সাধারণ ক্রীড়াস্বরূপ হইয়া উঠিয়াছিল।

মন্ত্রশক্তিও এই সম্বল্পক্তি ভিন্ন অন্থ কিছু নহে। শক্তিমান্ পুরুষ শন্ধবিশেষ বা ভাববিশেষ লইয়া তাহার উপর এরপ সম্বল্পক্তি প্রয়োগ করিয়া গিয়াছেন যে, সে শন্দ, ভাব বা মন্ত্র যে কেহ ফলকামী হইয়া প্রয়োগ করে, তাহারই অভীষ্ট ভদ্দারা সিদ্ধ হইতে পারে। বশীকরণ, স্তম্ভন, মারণ, উচ্চাটন আদি মন্ত্রশক্তির প্রভাবসকল পূর্বকালে সর্ব্বসাধারণের আয়ত্তাধীন ছিল। মন্ত্র ও ইচ্ছাশক্তি-বলে ভগবান্ সাধকের সম্মুখে আবিভূতি হয়েন, ইহা আশ্চর্যা কথা নহে।

মন্ত্র ও ইচ্ছাশক্তি জড় পদার্থের উপরও কত দূর কার্য্যকারী, তাহাও অনেকে প্রত্যক্ষ করিয়া থাকিবেন। জব্যাদি এক স্থান হইতে অন্স স্থানে চালনা করিতে—কোন শৃত্য পাত্র হইতে ইচ্ছানুরপ পদার্থসকল বাহির করিতে সকলেই দেখিয়া থাকিবেন। এক সময়ে জড় পদার্থের উপর এই সকল শক্তির প্রয়োগ আমাদের দেশে অত্যধিক মাব্রায় প্রচলিত ছিল। তথন এমন কি, বৃক্ষাদিকেও এক স্থান হইতে স্থানান্থরে লইয়া যাইতে তাহারা সমর্থ হইত। কিছুদিন পূর্বের এই কলিকাতা অঞ্চলে একজন দ্রীলোককে পথে পথে ঘুরিতে অনেকেই দেখিয়া থাকিবেন। সে অনর্গল প্রসা ছড়াইত। তাহাব নিজের অক্ষের কোন স্থানে হাত দিয়া সে প্রসা বাহির করিত ও চারি ধারে ছড়াইয়া দিত।

বহু দিন পূর্বের আমি একবার এক সন্নাাসীকে দেখিয়াছিলাম, তিনি পথ-প্রান্থে ধুনি জালাইয়া উপবিষ্ট ছিলেন; অনেক লোকে তাঁহাকে বেষ্টন করিয়া দাঁড়াইয়া ছিল; আমি গিয়া তাঁহাকে লৌকিক প্রণাম করিলে, তিনি তাঁহার সেই ধুনি হইতে একটু ভত্ম লইয়া আমাকে খাইতে ইঙ্গিত করিলেন; আমি উহা বিনাপত্তিতে মুখে নিক্ষেপ করিলাম। ভত্মাংশটুকু জিহ্বায় মিলাইয়া গেল, কিন্তু একটা কঠিন পদার্থ অবশিষ্ট রহিয়া গেল, দন্ত সংস্পর্শে বুঝিলাম, উহা একটা কন্ধর। তখন উভয়্ম-সন্ধটে পড়িলাম। সন্মাসিপ্রদন্ত প্রব্য কি প্রকারে ফেলিয়া দিব, অথবা কল্কর কেমন করিয়া গলাধংকরণ করিব! ছুই চারি বার দন্তের দ্বারা চুর্ণ করিবার চেষ্টা করিলাম, পারিলাম না। কি করিব ভাবিতেছি, সহসা আর একবার পেষণ করিবার জন্ম কল্করটিকে জিহ্বাসাহায়ে দন্তত্বলে আনিলে সেটিকে কোমল বলিয়া বোধ হইল। আশ্চর্যান্থিত হইয়া

দস্তপংক্তিদ্বয়ের মধ্যে রাখিয়া ধীরে ধীরে চাপ দিশাম, পদার্থটী দ্বিখণ্ড হইয়া গেল; অস্থাদনে বুঝিলাম, সেটা একটা কিস্মিস্।

ব্যাপারটা ক্ষ্ত হইলেও ইহা যে সাধারণ মনুষ্যজগতের পরিজ্ঞাত জ্ঞানের ও বিছার অতীত কোন অলৌকিক শক্তির পরিচয়, সে বিষয়ে সন্দেহ নাই। এবং সঙ্কল্প বা মন্ত্রশক্তির প্রভাব জড় পদার্থের উপর যে কার্য্যকরী, ভাহা সম্পূর্ণরূপে বুঝা যায়।

যাহা হউক, তবেই স্পষ্ঠতঃ বুঝিতে পারা যায়, মনুষ্য স্বীয় সঙ্কল্পজিপ্রভাবে যথন জড় ও চেতনের উপর আধিপতা লাভ করিতে পারে—একজন মনুষ্য শত শত দর্শক করিয়া আপনার সঙ্কল্লানুযায়ী দৃশ্যসকল দেখাইতে ও অনুভব করাইতে পারে, তখন সংকল্লানুসারে এক ব্রহ্মই যে বিচিত্ররূপে প্রতিফলিত ও অনুভ্ত হন, ইহা বিচিত্র নহে। স্প্রতিশ্বনা শঙ্করের মতে এইরূপ সত্যের উপর শিখ্যার অনুভূতি মাতা। অথবা মিখ্যাও নহে; এ অনুভূতি সত্য বা মিখ্যা কোন নামেই প্রযুক্ত ইইতে পারে না।

শহরের অবৈতবাদে বদ্দই জগতের উপাদান ও নিমিত্তকারণ। তবে জীবে ও ব্রহ্মে প্রভেদ শুধু উপাধিগত। সাংখ্যবাদীরা এই সন্দেহ করেন যে, আত্মা যদি এক হইত, তাহা হইলে বিভিন্ন বিভিন্ন ব্যক্তির বিভিন্ন বিভিন্ন প্রকার সংকল্প হইতে পারিত না। বছ আত্মার অস্তিত্বই প্রকৃতিতে বহু প্রকার সংকল্পের কারণ। কিন্তু অবৈ তবাদমতে তাঁহাদিগের এ বাদ সমীচীন নহে। প্রথম কারণ—তাঁহারা বহু আত্মা স্বীকার করিলেও এক অবিচ্ছিন্না প্রকৃতি স্বীকার করেন। এক আত্মা হইলে সর্বব্য একমাত্র সঙ্কল্প উজ্জীবিত হইত, বিভিন্ন প্রকারের সঙ্কল্প হইতে পারিত না, তাঁহারা এইরূপ যে আশক্ষা করিয়াছেন, তাহার উত্তরে ইহা বলা যাইতে পারে যে, প্রকৃতি যথন এক, তথন প্রত্যেক জ্লাবেরই সংকল্পে সমগ্র প্রকৃতি পরিণমিত ও নিয়মিত কেন না হইবে ?

দ্বিতীয় কথা—সংকল্প আত্মার ধর্মা নহে। সংকল্প প্রাকৃতিক ধর্মা। প্রকৃতি স্থায় সংকল্পবশে আপনাকে দিকু ও কাল কল্পনায় কল্পিত করিলে, উহা আপনাকে খণ্ডিত, সীমাবদ্ধ ও বিভিন্ন বিভিন্ন উপাধিতে বিভক্ত করিবার অবসর পায়; স্বতরাং একই আত্মা বিভিন্ন বিভিন্ন উপাধিতে বিভিন্ন বিভিন্ন রূপে প্রতিফলিত হয় মাত্র। আত্মার বছত্ব কল্পনা এই রূপে নিরাকৃত করা যায়।

অহৈত্বাদের মতে এক্ষের ছই প্রকার লক্ষণ—স্বরূপ ও ওটস্থ। ওটস্থ লক্ষণ ও সঞ্জ একই কথা। এই তটস্থ লক্ষণ লইয়া বিশিষ্টাহৈতবাদ নামে আর একটী মত প্রচলিত দেখিতে পাওয়া যায়। উহাদিগের মতে জীব ও ব্রহ্ম এক নহে—জগং মায়া নহে। নিগুপ অহৈতবাদে জীবকে যেমন ব্রহ্ম বলা হয়, বিশিষ্ট অহৈতবাদে তেমনই জীবকে অণুমাত্র বলা হয়; এবং সেই জন্ম তাঁহারা বলেন, জীব যখন অণু, তখন বহু এবং প্রতি শরীরে ভিন্ন ভিন্ন। দেহী ও দেহে যেরূপ প্রভেদ, ব্রহ্ম ও জীবে তক্ষপ প্রভেদ।

যাহা হউক, এই বিশিষ্টাদ্বৈতবাদ যে সাংখ্য ও মায়াবাদের মধ্যস্থ একটি শুর বা উপলব্ধি মাত্র, তাহা স্পষ্ট বুঝিতে পারা যায়। আমরা স্থুলতঃ এইমাত্র বুঝিব যে, বেদাশু প্রচার করিতে গিয়া মহাত্মা শঙ্করাচার্য্য যদি সন্তণ ভ্রহ্মকে উপেক্ষা করিয়া থাকেন, এবং কেবলমাত্র নিগুণের দিকে প্রক্ষপাতিক দেখাইয়া থাকেন, তাহা হইলে তিনি উহা শুধু সন্ন্যাসবাদের দিকে লক্ষ্য রাখিয়া করিয়া গিয়াছেন। এবং রামান্ত্রজ যদি সন্তণ্ডই চরম সিদ্ধাশু বুঝিয়া থাকেন, তাহা হইলে তিনি শুরু সৃষ্টি ও স্থিতিতত্ত্বের দিকে লক্ষ্য রাখিয়া ভক্তিতত্ব প্রচার করিতে এরূপ মত স্থাপন করিয়াছেন।

আমরা শঙ্কর ও রামানুজকে দেখিব না। আমরা বেদাস্থ-স্বীরুত অবৈতবাদের উভয় দিক্ দেখিলাম, কিন্তু যথার্থ অবৈতবাদ বা ব্রহ্মবাদ কি এবং জ্ঞান কিরুপে ক্রমশঃ সেই অবৈতবাদে আসিয়া উপস্থিত হয়, তাহারই আলোচনা করিব।

জীব যথন সাংখ্যস্তরে আসিয়া উপস্থিত হয়—যথন আত্মা ও প্রকৃতি তৃইটি বিভিন্ন পদার্থ বলিয়া অনুমিত হয় এবং ঐ আত্মাকে বছ বলিয়া ধারণা জন্মে, তথন সেই আত্মদর্শনের জন্ম জীব-একৃতি ধাবিত হয়। এবং ক্রেমশং পাতপ্পলপ্রদর্শিত পদ্থাবলম্বনে নিবৃত্তি ও কৈবল্যের দিকে জীবের গতি অনুষ্ঠিত হয়; কিন্তু এরূপ বৃষ্টি প্রকৃতি হইতে ব্যষ্টি পুরুষকে বিচ্ছিন্ন করিতে গিয়া সমষ্টি প্রকৃতি ও পুরুষতবে লক্ষ্য ফেলিতে বাধ্য হয়। এবং সেই বিরাট্ প্রকৃতি-পুরুষ বা ঈশ্বরভাব প্রাণের উপর আধিপত্য করিতে থাকে। অর্থাৎ তথন প্রতীতি হয়, ব্যক্তিদেহে যেমন প্রকৃতি ও পুরুষ-সংযোগে সৃষ্টি ও স্থিতি সংঘটিত হয়, সমগ্র ব্রহ্মাশুও তদ্ধপ বিরাট্ প্রকৃতি ও পরমাত্মার সংযোগে সৃষ্ট ও স্থিত হইতেছে।

আত্মা অসীম, সর্বব্যাপী ও অবিচ্ছিন্ন, এইরূপ ধারণা হইতে ক্রমশঃ সে জ্ঞান অবৈতবাদে আসিয়া উপস্থিত হয়। আত্মা অথও অসীম, প্রকৃতিও অনন্ত। তুই অনন্তের স্থান হইতে পারে না—জ্ঞান তুই অনন্ত পদার্থের ধারণা করিতে পারে না

অনস্ত বলিলেই এক বুঝায়। তথন আর সর্বব্যাপী ও সর্বব বলিয়া ছইটি জিনিষ কল্পনায় আইসে না। সর্বব্যাপী বলিলেই সর্বব বলিয়া বিভিন্ন পদার্থ কিরুপে থাকিতে পারে, সর্বব বলিয়া কোন ভিন্ন বস্তুর অস্তিত্ব স্থীকার করিলে সর্বব্যাপিত্বের অপলাপ হয়। আবার সর্বব বলিয়া পদার্থ অস্বীকার করিলে সর্বব্যাপিত্বের লোপ হইয়া যায়। স্থতরাং ছুইটি সাপ পরস্পারকে লেজের দিক্ হইতে গ্রাস করিছে থাকিলে কইনোয় যেমন কোনটিরই অস্তিত্ব থাকে না, তদ্রূপ সর্বব ও সর্বব্যাপী, এই উভয় গুণই পরস্পারকে পরা ভূত করিয়া ফেলে ও এক অবর্ণনীয় অহৈততত্ব স্থীকৃত হইয়া যায়।

এইন্নপে জ্ঞান, স্থায়ের বিচার হইতে আরম্ভ করিয়া বেদান্তে আসিয়া পৌছায়। নিশুণ বন্ধচৈতম্মের আভাস এইরূপে প্রাণের ভিতর ফুটিয়া উঠে। কিন্তু তবে সগুণ সৃষ্টি কোখা হইতে আসিল ? জ্ঞান তখন বলে সৃষ্টি বলিয়া নৃতন কোন অন্তিৰ নাই। সেই বিরাট ব্রহ্ম অন্তিৰ্থই ব্রহ্মাণ্ডরূপে দৃষ্ট হয় মাত্র। তবে আর তাঁহাকে অধু নিগুণ বলিয়া বর্ণনা করা যায় না। নিগুণিত্বের উপর নিশ্চয়ই আর একটি কিছু আছে, যাহা দারা উহা এত বিভিন্নরূপে প্রতীয়মান হয়। জ্ঞান বলে, উহা কি মায়া মাত্র ? কিন্তু মায়া কি ? মায়া বলিয়া কোন স্বতন্ত্র পদার্থের অস্তিত্ব স্বীকার করা যায় না। মায়াকে স্বতন্ত্র বলিয়া স্বীকার করিলে, কথাটি অসম্ভব रहेमा छेर्छ। अविक्तिम **अभागनार्थ गायात बाता विक्तिम कि अकारत रहेरत** ! जित-চ্ছিন্ন পদার্থ বিচ্ছিন্ন হইতে পারে না। মায়াবাদীর। মায়াকে আবরণস্বরূপ বলেন; কিন্তু ওরূপ বলাও সমীচীন নহে। আবরণের দারা যাহা আরুত হইতে পারে, তাহা সসীম। তাহা হইলে 3ক্ষে দোষ আসিয়া পড়ে। নিগুণ পদার্থ আ্বার আচ্ছন্ন হইবে কি প্রকারে ? স্বতরাং মায়া ও ত্রন্ম একই পদার্থ। ত্রন্মই মায়া বা ত্রন্মাক্তি। নিশুৰ্ সন্তৰ্য, এ উভয়ই মায়া। নিশুৰ্ণ সন্তৰ্ণ ইত্যাদি কেবল ভাবের প্রভেদ মাত্র। মায়া—ত্রন্দের শক্তি, মায়াও ব্রহ্ম। যতক্ষণ জীব ব্রহ্মত্বের নিম্নস্তরে থাকে. ভভক্ষণই বৃক্ষ মায়ারূপে পরিনৃষ্ট হন। ব্রক্ষে পৌছাইলে স্বরূপ ফুটিয়া উঠে। অর্থাৎ জ্ঞানের দ্বারা জীবরূপী ব্রহ্ম এই পর্যান্ত দর্শন করিতে সক্ষম হয়। তারপর জীবরূপী এক্ষের ঐ জ্ঞানশক্তিরূপ এক্ষাংশ ঘনীভূত হইয়া কেন্দ্রস্থ হইয়া পডে। এবং তথন আপনাকে মায়া বলিয়া না চিনিয়া মায়িক বলিয়া চিনিয়া ফেলে। তখন সং ও অসং ভেদ থাকে না—ভরঙ্গ ও সমুদ্র ভেদ থাকে না—মায়া ও মায়িক ছেদ থাকে মা। তথন নিশু ণ অথচ সন্তণ-নিৰ্বিশেষ অথচ সবিশেষরূপে সমস্ত

প্রতিফলিত হইয়া উঠে। ইহাই গীতার, উপনিষদের এবং ব্রহ্মবাদের দিছান্ত।
গীতারূপ চরম সিদ্ধান্ত ফুটিয়া উঠিতে এইরূপে ফ্যায়ের বিচার হইতে আরম্ভ করিয়া
বেদান্ত পর্যান্ত অতিক্রম করিতে হয়। জ্ঞান এইরূপে ক্রমশঃ স্তরে স্তরে ঘনী ভূত
হইয়া আসিতে থাকে ও শেষ গীতায় পরিসমাপ্ত হয়। নিগুণ ও সপ্তণ সন্মিলিত
ও একীভূত হইয়া এইরূপে প্রত্যক্ষীভূত হয়। দর্শনশাস্ত্র লইয়া গীতা নহে;
গীতাকে লইয়াই দর্শনশাস্ত্র। উপনিষ্কৃ বা বেদ যেন প্রলয়ের সাম্যাবস্থা। দর্শনশাস্ত্রগুলি যেন সর্ব্রভূত প্রতি বাংবার ন

সমস্ত দর্শনের ঐক্য সম্পাননের জন্ম গীতারূপ মত্যী প্রবর্ত্তিত হয় নাই। বন্ধ-বিজ্ঞান দর্শনশান্ত্রের ভিতর দিয়া ঘনীভূত হইয়া গীতারূপে প্রকাশিত হইয়াছে।

বেদান্তজ্ঞান—চরম জ্ঞান, ইহা সত্য; বেদান্তদর্শনে সে জ্ঞান—জ্ঞানমাত্রেই পর্যাদিত হইয়াছে। একমাত্র গীতাতেই সে জ্ঞান মূর্ত্তি পরিপ্রহণ করিয়াছে। বেদান্তদর্শনে অবৈতবাদ শ্রুতি ও যুক্তির বারা প্রতিষ্ঠিত হইলেও গীতায় সে অবৈতবাদ মহিমময় ও মূর্ত্ত । শৃত্যত্ব যে পূর্ণত্ব ছাড়া আর কিছুই নহে, শৃত্যত্ব ও পূর্ণত্ব যে একই পদার্থের তুই প্রকার উপলব্ধি, সগুণ নিগুণ এক করিয়া ইহা গীতাতেই স্পষ্টরূপে অভিব্যক্ত হইয়াছে।

স্পান্ট করিয়া বলি, শঙ্করের অবৈতবাদ বা ব্রেক্সের নিপ্ত'ণ উপাধির দিকে চাহিলে জগতের যথার্থ অক্তির খুঁজিয়া পাওয়া যায় না। জগৎ মায়াম ত্র, এরপ ধারণাই হয়। আবার বিশিন্টাকৈতবাদ বা ব্রক্সের সন্তণ উপাধির দিকে চাহিলে জগৎ কল্লনামাত্র মনে না হইয়া ব্রক্সেরই প্রকৃতি অংশের পরিণাম বলিয়া মনে হয়। কিন্তু বিশিন্টাকৈতবাদীর এই পরিণামবাদ এবং অবৈতের বিবর্তবাদ, এ উভয়ই এক কেন্দ্রে গীতায় সামঞ্জন্ম লাভ করিয়াছে। মায়া সত্যও নহে, মিথ্যাও নহে, অথবা সং ও অসৎ উভয়ই—মায়া যে দৃষ্টির তারতম্যে কখনও সং এবং কখনও অসং বলিয়া বিবেচিত হয় ইহার সমাক্ কারণ ব্রক্ষাহ লাভ না করিলে কেহ কখনও ব্রক্তি পারে না। স্মৃতরাং একদেশদর্শী বিচারের দ্বারা বৃক্তি চেন্টা করা র্থা। শীতায় ভগবান্ তাই বলিয়া গিয়াছেন,—

দৈবী হোষা গুণময়ী মম মায়া ছ্রতায়া। মামেব যে প্রপন্তক্তে মায়ামেতাং তরস্তি তে ॥ ৭।১৪

আমাকে না পাইলে, আমার এই হুস্তরা মায়াকে কেহই অভিক্রম করিতে

পারে না। এইটুকুই বেদান্ত হইতে সারাংশরূপে গ্রহণ করিয়া গীড়া পরিস্টুট করিয়াছেন।

বেদান্তন্তরে প্রবেশ করিলে জীব, ব্রহ্ম না হইলে ব্রহ্ম বুঝা যায় না, এ কথা স্বীকার করিয়াও জীবভাবাপন্নবশতঃ বিচারে প্রবৃত্ত হয় এবং সগুণ ও নিগুণ, ব্রহ্মের এই উভয় দিক্ সম্যক্রপে বিচারের দারা দর্শন করিতে প্রয়াস পায়। অবশেষে গীতান্তরে উঠিলে জীব বোঝে, জ্ঞান ভগবানের চরম মূর্ত্তি হইলেও উহা বিচারের দারা প্রাপ্য নহে। ব্রহ্মকে পাইলে তবে তাঁহার যথার্থ স্বরূপ প্রত্যক্ষ উপলব্ধ হইতে পারে। এবং তাঁহাকে পাইতে হইলে, বিচারের পরিসমান্তি করিয়া, বিচারকে বিসর্জ্ঞান দিয়া একমাত্র তাঁহারই শরণাপন্ন হইতে হয়। ইহাই গীতার স্বাতন্ত্রা।

বিচারের দারা বন্ধজ্ঞানের আভাস পাইলেও উহা একান্তিক লাভ নহে, গীতা এইরপ শিক্ষা দিয়াছেন। বিচারের হুর্গম পথে ঘুরিয়া ঘুরিয়া, অবশেষে জীবের প্রাণে ভগবচ্চরণশরণই একমাত্র গতি, এই ধারণা প্রতিষ্ঠিত হইয়া পড়ে। পূর্বাবস্থায় অর্থাৎ বিচার আরস্তের পূর্বেব বা দর্শনশান্ত্রাক্ত স্তরসকল অতিক্রেম করিবার পূর্বাবস্থায় ভগবদাশ্রয়ের জন্ম যে একটু মূল আক্লতা জীবের প্রাণে থাকে, দর্শনশান্ত্রোক্ত স্তরগুলি অতিক্রম করিয়া করিয়া, সেই আকুলতাটুকু মার্জিত ও পরিষ্কৃত হইয়া, গীতান্তরে আসিয়া নির্মাল, প্রশান্ত, অনস্ত আকারে ব প্রিয়া পড়ে। চন্দ্রালোক যেমন সূর্যোর্হ রশ্মিমাত্র ও যতক্ষণ সূর্যোদয় না হয়, ততক্ষণ মাত্র কার্যাকারী হয়; প্রভাতে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে চন্দ্র যেমন বিলীন ইইয়া যায়, তক্ষেপ গীতাজ্ঞানই দর্শনশান্তরূপে হৃদ্যে আলোকরাশি ঢালিয়া দিলেও জীব এই গীতান্তরে প্রবেশ করিলে আর উহার কার্যাকারিতা থাকে না।

দর্শনশান্তে জ্ঞান ও কর্মসকল পুঙ্খারুপুঙ্খরূপে বিশ্লেষিত হইয়াছে ও কেহ জ্ঞানকে, কেহ কর্মকে শ্রেষ্ঠাসন দিতে প্রয়াস পাইয়াছেন। গীতায় কর্ম ও জ্ঞান বিভিন্ন জ্ঞানিষ নহে, ভক্তির রূপাস্তর মাত্র, ইহাই দেখান হইয়াছে। জ্ঞান, ভক্তি, কর্মা, একই শক্তির বিভিন্ন ক্রেমের বিকাশ মাত্র। যেমন আত্মা, সূক্ষ্মদেহ ও স্থলদেহ, —জ্ঞান, ভক্তি ও কর্মকে ভক্তপ বুঝিতে গীতা উপদেশ দিয়াছেন। এবং তাহা হইতে গীতা অক্ত এক স্থলর সিদ্ধান্তে আসিয়াছেন যে, কর্মের অভ্যন্তরে যে প্রকারের ভক্তি ও জ্ঞান লুকায়িত থাকে, কর্মা সেই প্রকারের ফলই প্রসব করে, কর্মা নিজের আকৃতি অন্তর্যায়ী ফল দিতে অসমর্থ; অর্ধাৎ কর্ম্মের ভিতর যে দিকে লক্ষ্য থাকিবে—যে পরিমাণে সেই লক্ষ্যের দিকে আগ্রহ থাকিবে, সেই পরিমাণে

সেই কর্ম ফল প্রসূ•হইবে। কর্ম ফলপ্রস্থ নহে, আসক্তি বা ভক্তিই অথবা অমুভ্ডিই ফলপ্রস্থ এবং জ্ঞানই সেই ফল। একটা বীজের অভ্যস্তরে যেমন শস্ত ও একটা ডদক্ষায়ী কৃষ্ণ লুকায়িত থাকে, কর্মের অভ্যস্তরে ডজেপ ভক্তি বা আসক্তি এবং জ্ঞান প্রচায়েত অবস্থান করে। জ্ঞান ও ভক্তিহীন কর্মা—শস্তহীন বীজ মারা।

গীতা এইরূপে সমাকৃদর্শন করিয়াছেন। দর্শনশাস্ত্রগুলিতে যেন এক একটা অঙ্গ বিশ্লেষিত ; গীতা সেই সমস্ত স্তর একত্রে লইয়া পূর্ণকে দর্শন করিয়াছে, স্থুভরাং আত্মদর্শন গীতাতেই হইয়াছে। বেদাস্ত ভিন্ন অন্ত দর্শনশাস্থলে ক্রেম্শঃ যেন সমস্ত তত্তকে ব্যবচ্ছেদ করিয়া "অণোরণীয়ান্" এই ততে আসিয়া পৌছিয়াছে, গীতায় সেই "অণোরণীয়ান" "মহতো মহীয়ান্"তবে পূর্ণ বিকাশ পাইয়াছে। সকল দর্শনশার যুক্তি লইয়াই বাস্ত ও মস্তিক্ষধর্মের মহিমা মাত্র। গীতা আত্মদর্শী, ইংগর প্রত্যেক নিশ্বাসের গতি কেন্দ্রের দিকে এবং ইহার সঙিত মস্তিষ্ক ধর্ম্মের সম্পর্ক থাকিলেও ইহা প্রাণ-ধর্মের অপূর্ব্ব বিকাশ। খনির অভ্যন্তরে মণি লুক্কা-য়িত, অনেক কণ্টে সে মণি খুঁজিয়া বাহির করিতে হয়; অশেষ কৌশল ও শক্তির প্রয়োজন, এই ভাবই বেদান্ত ছাড়া অন্ত দর্শনে যেন দেখিতে পাওয়া যায়। বেদান্ত যেন সে মণিকে জগৎময় ছড়ান বলিয়া প্রচার করিয়াছেন, কিন্তু উহা যেন জ্ঞানে! বেদান্তে সে জ্ঞান যেন স্থুলদেহ অভাবে অনুভৃতিযোগ্য হইয়া উঠে নাই। বেদান্ত সমস্ত ব্রহ্ম বলিলেও যেন বিচ্ছিন্ন অঙ্গসকল একতীভূত করিয়াছেন মাত্র, ভাহাতে প্রাণ সঞ্চার করিয়া, তাহাকে ভোগা করিয়া তুলিতে পারেন নাই। গীতা বেদান্তের সেই সংযুক্ত অঙ্গে প্রাণ ঢালিয়া দিয়াছেন। বেদাস্ত দেবতার সন্ধান বলিয়া দিয়াছেন; কিন্তু তাঁহাকে প্রতিমায় ঢুকাইতে পারেন নাই, যেন কেবলমাত্র জ্ঞানী, শক্তিমানের পক্ষে উহা স্থলভ, এইরূপ আভাস দিয়াছেন। কিন্তু গীতা দেবডাকে প্রতিমায় আনিয়া মূর্থাদপি মূর্থের অনুভূতিযোগ্য করিয়াছেন। গীতা তৎ-সকলের আত্মা— প্রাণ, দর্শনাদিশান্ত অন্ধমাত্ত। এ হিসাবে গীতায় ও দর্শনে আক্ষ পাতাল প্রভেদ।

সমস্ত দর্শনশান্তেরই মূল ছংখবাদ। ছংখ লইয়াই সমস্ত দর্শনশান্ত ব্যস্ত; ছংখের কবল হইতে পরিত্রাণ পাইবার জন্ম প্রত্যেক দর্শনকারই পন্থা নির্দেশ করিতে প্রয়াস পাইয়াছেন। এই ছংখের হাত হইতে পরিত্রাণ পাইতে হইলে জ্ঞান বা কর্ম্মের আবশ্যক। সংসার ছংখের আলয়, ইহাতে মুখের লেশমাত্র নাই; তত্তজ্ঞান না হইলে শুখ হইতে পারে না, ইহাই দর্শনশান্তগুলির প্রায় সাধারণ সিদ্ধান্ত। কেই বা কর্মের দ্বারা মুখলাভ হইতে পারে, ইহাও বলিয়া গিয়াছেন।

যাহা হউক, সকলেই হুঃখের বিভীষিকায় ভীত হইয়া, সংসাররূপ হুঃখদায়ক অরির হাত হইতে নিষ্কৃতি পাইবার জন্ম ছুটাছুটি করিয়াছেন।

একমাত্র শঙ্করের মায়াবাদ জ্রান্তির দিকে সাহস করিয়া ফিরিয়া চাহিয়াছেন। বীর পুরুষের মত ঘুরিয়া দাঁড়াইয়া, সে জ্রান্তিরূপ শক্তকে পর্য্যবেক্ষণ করিয়াছেন; এবং তীক্ষ চক্ষুর সাহায্যে দেখিয়াছেন, যাহার ভয়ে ভীত হইয়া সকলে পলাইবার চেম্টা করিয়াছে, বস্তুতঃ উহা অহ্য জ্ঞিনিষ নহে,—উহা আপনারই ছায়া। আপনারই ছায়াকে পিশাচ ভাবিয়া বালকেরা যেমন ভীত হয়, তেমনই জগৎ অপনারই ছায়ার ভয়ে ভীত। এইরূপ দর্শন করিয়া বেদান্ত, সকলকে ফিরিয়া চাহিয়া দেখিবার জন্ম অভ্যুবাগী ঘোষণা করিয়াছেন। উচ্চৈঃস্বরে মায়াবাদ বলিয়াছেন.—"ভয় নাই—ভয় পাইও না, তোমার পশ্চাতে পশ্চাতে যে কৃষ্ণা মূর্ত্তিকে ধাবিতা দেখিয়া ভীত হইয়া পলাইবার চেষ্টা করিতেছ, উহা বস্তুতঃ সত্যও নহে, অসত্যও নহে। স্থির হইয়া দাঁড়াও—সাহস অবলগন কর—সাহসে নির্ভর করিয়া চাহিয়া দেখ,ও বিভীষিকাময়ী ছায়া তোমার পদতলে মিলাইয়া যাইবে—অরি চিরদিনের জন্ম ধ্বংস হইবে। যেখানে ছায়া দেখিতেছ, সেখানে নিজ অঙ্গ প্রতিষ্ঠিত দেখিবে। জ্বান্থিকে ভয় নাই, আপনাকে আপনি ভয় পাইও না।"

মায়াবাদের এ অভয়বাণী ভীত জীব-হৃদয়ে অনন্ত সাহস চলিয়া দিয়াছে সত্য, বালকের ভূতের ভয় ঘুচাইয়া দিয়াছে সত্য—অপূর্ক জ্যোতিতে সর্বত্র প্লাবিত করিয়া দিয়া, ছায়ার আর দাঁড়াইবার স্থান রাখে নাই সত্য; কিন্তু ছায়ার উপর শক্রভাব ছাড়িতে পারে নাই। শক্রকে মিথ্যা জানিয়াও মিথ্যারই উপর অপ্রাঘাত করিয়াছে। এ হিসাবে আচার্য্য অস্থান্থ যোদ্ধার মত ব্যবহার করিয়াছেন। শক্রকে জয় করিয়াছেন, এ হিসাবে মায়াবাদ জগজ্জয়ী বীর হইলেও, অবিস্থার উপর শক্রভাব প্রাণ হইতে ঘুচে নাই; এবং অবিস্থার সহিত শক্রবৎ আচরণ করিতে ও কার্যান্ডঃ সন্থ্যানের প্রথ পলাইতেও ছাড়েন নাই।

গীতা এই ছায়া ভাবিয়া রণস্থলে অবতীর্ণ হইয়াছেন সত্য, মায়াবাদের মত শক্রর দিকে সাহস করিয়া ফিরিয়া দাঁড়াইয়াছেন সত্য; কিন্তু ফিরিয়া দাঁড়াইয়া বিশিষ্টভাবে পর্যাবেক্ষণ করিবার পূর্বে—সর্বপ্রথম চাহনিতেই গীতা শক্রর জন্ম কাঁদিয়াছে, আপনার হুংথে কাতর হইয়া, হুংখদাতার বিপক্ষে অন্ত্রধারণ করিয়া, অন্তর্নিক্ষেপে উন্নত হইয়া, সেই হুংখদাতার জন্য—সেই অবিদ্যার জন্য—সেই মায়া বা ছায়া বা প্রকৃতি, যাহাই হউক;তাহারই জন্ম কাঁদিয়া অধীর হইয়াছেন। আপনার

হঃখ ভুলিয়া – আপনার যন্ত্রণা বিশ্বত হইয়া – আপনার মর্শ্বপীড়ায় জলাঞ্চলি দিয়া, হঃখের হঃখে অধীর হইয়াছেন—অবিভার জন্ম কাঁদিয়া ফেলিয়াছেন—শক্রর জন্ম ভালবাসার অশ্রুধারা সর্বপ্রথম গীতার হৃদয় পরিপ্লাবিত করিয়াছে।
ইহাই গীতার সর্বাধ্যম অপূর্ববিত্ব।

"কেন মারিব! কাহাকে মারিব! অবিভা যে উপকারী—অবিভা যে গুরু— অবিভা যে আত্মীয় ৷ না, মারিব না,অবিভায় চিরদিন রাজ্যচ্যুত হইয়া থাকি, সেও ভাল, যে আমার তিলমাত্র উপকার করিয়াছে, সহস্র অপরাধে অপরাধী হইলেও তাহাকে আমি মারিতে পারিব না।" গীতা সর্বপ্রথম এই ভাবে কাঁদিয়াছে। সকল দর্শনশাস্ত্রের লক্ষ্য আপনার ছংথের দিকে—সকল দর্শনকারই আপনার ছু:থে সর্বপ্রথম বিভোর হইয়াছে ; গীতা আপনার হুঃয় বুঝিতে গিয়া ছুঃখদাতার তুঃখে কাঁদিয়া অধীর হইয়াছে। বিষাদই যোগের সূচনা সভা, তুঃখ উত্তমরূপে হৃদয়ে অনুভূত না হইলে – হুংথের তীব বৃশ্চিকদংশন প্রাণের ভিতর বিষের জ্বালা ছডাইয়া না দিলে, সে তুঃথের হাত হইতে নিজ্তি পাইবার জন্ম প্রাণ ছট্ফট্ করে না; এবং এই জন্মই সমস্ত দর্শনশান্তেরই মূল তুঃখবাদ বা তুঃখযোগ। গীতারও মূল তাই—গীতাও ছংবের জালায় অধীর হইয়া - ছংখ সহ্য করিতে না পারিয়া, তুঃখের বিপক্ষে সংগ্রাম ঘোষণা করিয়াছে; কিন্তু হায়। গীতার সে তুঃখযোগ স গ্রামস্থলে গিয়া আত্মহথে মাত্র পর্যাবসিত হয় নাই। গীতার হৃদয়ের উদার ভাব, সময়ে ঐ অবিভা হইতে উপকৃত হইয়াছে, ইহাও হৃদয়ঙ্গম করিয়াছে: এবং যথার্থ কুতন্তের মত তৎক্ষণাৎ আত্মহুংখের সহিত পরতুঃখ বা অনাত্মহুঃখ অফুভব করিয়াছে। অন্ত দর্শনের তুঃখ্যোগ আত্মতুঃখ মাত্র; গীতার তুঃখ্যোগ আত্মতুঃখ নহে – হঃখের প্রতি অপূর্বে কৃতজ্ঞতার স্থপ্রকাশ। ইহার নাম বিষাদ্যোগ। অন্ততঃ এই জন্মও মায়াবাদ লইয়া গীতার ব্যাখ্যা করা চলে না।

এরপ অমৃতময় বিষাদে গীতার সূচনা বলিয়াই গীতা যেখানে গিয়া পৌছিয়াছে, আর কেহ সেখানে গিয়া পৌছাইতে পারে নাই। এমন অমৃতময় আরম্ভ আর কাহারও নাই—এমন অমৃতময় পরিণাম আর কাহারও ঘটে নাই। অবিভা হননে মহাপুণ্য, ইহাই যেন সকলের স্বতঃসিদ্ধান্ত; ফিল্ক—

অহো বত মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্। যজাজ্যস্থলোভেন হন্তং স্বজনমুগ্যতাঃ॥ অর্জুনের মুখে ইইলেও ইহা গীতারই বাণী। গীতার দ্বিতীয় বিশেষত্ব এই,—দর্শনশাস্ত্র, কর্ম ও জ্ঞানের ভিন্নভার দিকেই সম্পূর্ণ লক্ষ্য রাখিয়া গিয়াছে; কিন্তু যে জ্ঞানিষর পূর্ণ উদ্বেলিত অবস্থাই কর্ম এবং পূর্ণ প্রশাস্ত অবস্থাই জ্ঞান, সে জ্ঞানিষটির কথা একবারে বিশ্বত বলিলেও অত্যুক্তি হয় না। যাহাকে সাধারণ কথায় অনুভূতি বলে, উহা তাহাই ভিজে, আসক্তি বা পূর্ণ আত্মান্থভূতি বা পূর্ণ ভাব,ইহা কার্যতঃ একই জ্ঞানিষ। তড়িতের যেমন চঞ্চলতা, কর্মা— ভাবের তদ্ধপ অবস্থা। তড়িতের যেমন আলোকবিকাশ, জ্ঞান—ভাবেরও তদ্ধপ; দর্শনশাস্ত্র এই জ্ঞান ও কর্মা—এই চঞ্চলতা ও আলোক,এই বিকাশের দিকেই মুখা লক্ষ্য রাখিয়া গিয়াছে। প্রাণের দিকে, অনুভূতির দিকে তাহাদিগের লক্ষ্য না থাকায় এই জ্ঞান ও কর্মা উভয়ই রসহীন পাদপের অনুরূপ। একমাত্র বেদান্তে সে রস আছে, কিন্তু উহা সাধারণের ভোগ্য নহে এবং মায়াবাদে উহা উপেক্ষিত; কিন্তু গীতায় সে রস প্রধান। সেই জন্তও মায়াবাদ লইয়াগীতার ভান্য ভোগ্য নহে।

গীতার তৃতীয় বিশেষত্ব—মায়াবাদ সমস্তকে ব্রহ্ম বলিয়াছেন যথার্থ কিন্তু
মায়াকে বলিয়াছেন, উহা মিথ্যা এবং সভ্য উভয়ই। মায়া মিথাও বটে,
সভ্যও বটে; অথবা ইহা মিথ্যাও নহে, সভ্যও নহে, ইহা ভাবরূপ কোন
এক অনির্বাচনীয় পদার্থ—"সদসদ্ভ্যামনির্বাচনীয়ং ত্রিগুণাত্মকং জ্ঞানবিরোধি
ভাবরূপং যৎকিঞ্ছিৎ।" গীতা বলেন, মিথ্যা বলিয়া কিছু নাই — ভাবও মিথ্যা নহে,
স্ব স্ত্য—স্ব স্ত্য,মিথার গন্ধ কোথাও নাই,সভ্যের অপলাপ কোথাও হয় নাই।

নাসতো বিছাতে ভাবঃ নাভাবো বিছাতে সতঃ।

এমন জোর করিয়া সভ্যবাদ প্রচার করিতে কোন দর্শনকারই পারেন নাই। সেই জহও মায়াবাদ লইয়া গীতার ব্যাখ্যা চলে না।

যেমন সূর্য্যরশ্মি বিশ্লেষিত করিয়া দেখিলে তাহাতে নানা বর্ণের রঞ্জনা দেখিতে পাওয়া যায়, কিন্তু সাধারণ ভাবে দেখিলে তাহাকে শুল্র ব্যতীত আর কোনরপে বুঝা যায় না, তক্রপ ব্রহ্মা একরস হইলেও উহাকে খণ্ডাকারে দর্শন করিলে জগদাদি উহাতে প্রত্যক্ষীভূত হয়; কেন না, সমস্তই রসম্বরূপ। সমষ্টিভাবে দেখিলে জগদাদি নামরূপ তিরোহিত হইয়া যায়, এক রসরূপ অভিষের উপদক্ষিমাত্র অবশিষ্ট থাকে; কিন্তু যতক্ষণ ভাবের দ্বারা স্পষ্টি খণ্ডিত থাকে, ততক্ষণ উহাই সন্তণ ও স্পন্তিবৈচিত্র্যময়; হুতরাং ইহার কোনটিকেই অসত্যবলা যায় না। বেদান্তে এইরূপ উভয় দিক্ পরিদৃষ্ট হইলেও, কেহ এই বিশ্লেষিত দৃষ্টির উপর প্রথবভাবে লক্ষ্য স্থাপিত করিয়াছেন,

এবং তাহারই ফলস্বরূপ বেদাস্তদর্শন অবলম্বনে অদ্বৈত্বাদ ও বিশিষ্টাহৈতবাদ পরস্পর বিরুদ্ধভাবে পরে একটি বৈষমা উপস্থিত করিয়াছে। কিন্তু গাঁতায় এই উভয়ের অপূর্বে সামঞ্জন্ম প্রতিষ্ঠিত হইয়াছে—উভয়কেই গাঁতা, দৃষ্টির তারতম্যাত্র বিলয়া উল্লেখ করিয়াছেন। মায়া—এই দৃষ্টি বা ঈক্ষণ-শক্তিমাত্র। ইহাই বিক্ষের শক্তি। আপনাকে নিগুণি ও সগুণভাবে দেখাই ব্রহ্মশক্তি। আনেকে মনে করেন, এই সগুণভাবে দেখাটুকুই মায়া। এই দর্শনি তিরোহিত হইলেই স্বরূপ অবস্থা প্রকৃতিত হয়; এবং এই ভাবে তাঁহারা কেবলমাত্র নিগুণবাদেরই পক্ষপাতী হইয়া উঠেন; ইহারাই সাধারণতঃ শুদ্ধ অবৈত্বাদী বা মায়াবাদী নামে প্রসিদ্ধ। ইহাদের মত, যখন দৃষ্টি সপুণি প্রসারিত হইলে এই নিগুণ অবস্থা ব্যত্তাত আর কিছুই দেখিতে পাওয়া যায় না, তখন ইহাহ খ্যার্থ ব্রহ্মস্বরূপ—অবশিষ্ট ব্রহ্মে নিথাদর্শন মাত্র।

আবার অত্যে মনে করেন, যখন ত্রেল স্ট্রাদি ব্যাপার পরিলক্ষিত ও উপলব্ধি হয়, তথন ইহাও মিথ্যাদর্শন নহে, ইহা সত্য এবং ইহাই প্রামাণিক। তবে তিনি ইহাতে লিপ্ত বা ইহার অধান নহেন এবং ইহা তাহার অঙ্গম্বরূপ বলিয়া, তাঁহাকে নিগুণ বলা হয় মাত্র। প্রলয়কালে বা তিনি দৃষ্টি আরুষ্ট করিয়া লইলে স্ট্রাদি বা নামরূপ ভেদসকল তিরোহিত হহয়া গিয়া প্রন্মে বিলান থাকে বলিয়া সেই অব্যার্গত অবস্থায় তিনি নিগুণপদ্বাচ্য। অথবা তিনি অশেষ কল্যাণময় গুণের আধার বলিয়া নিগুণ। ইহাই বিশি গ্রাহৈতবাদ নামে বেদান্তের অস্থা শাখা। ইহা ক্রেমশং এই সগুণভাবের উপর তার লক্ষ্যের জন্ম প্রায় করিয়াছে।

এইরপে বেদান্তের এক এক দিক্ দর্শন করিয়া এক একটা সাম্প্রদায়িক ভাব ধর্মজগতে আবি ভূত হইয়াছে, কিন্তু গীতা মধ্যস্থলে অথবা স্বরূপে দাড়াইয়া উভয় দিক্ আপন অঙ্গে অনুপ্রবিষ্ট করিয়া লইয়াছেন। এবং বিচারপত্থায় ভ্রমণ করিলে এইরপ একদেশদর্শী হইয়া পড়িতে হয় বুঝিয়া, ভ্রমান্ত না পাইলে ভ্রমা উপলব্ধি হওয়া একান্ত অসম্বন—এই মহাসত্যকে ভিত্তি করিয়া বিচার-পত্থা প্রায় ছাড়িয়া দিয়াছেন; এবং কেবলমাত্র তংপ্রাপ্তির উপায় নির্দেশ করিয়াছেন। এবং যথার্থ তবদশী হইলে এই উভয়েরই অন্ত এককালীন পরিদৃষ্ট হয়, ইহা বিশেষ করিয়া উল্লেখ করিয়াছেন। নিগুণবাদকে লক্ষ্য করিয়া "নাসতো বিহতে ভাবং"—অসং ভাবের অন্তিহ নাই—মায়া বা জগন্তাবাদিও সত্য, এই কথা বলিয়াছেন এবং

সন্তণবাদকে লক্ষ্য করিয়া "নাভাবো বিছতে সতঃ"—নিত্য সত্যের অপলাপ কোথাও হয় নাই, এক সত্যই সংব্তা সম্পূর্ণভাবে বিরাজিত—সত্য কোথাও বিভিন্নতা প্রাপ্ত হয় নাই, এইরূপ তার সমালোচনা করিয়াছেন। এবং এই উভয় তত্ত্বই যে তব্দশী হইলে সম্পূর্ণ সামঞ্জ্য লাভ করে, তাহাও ঐ শ্লোকেরই দিতীয় পাদে "উভয়োরপি দৃষ্টোহস্তস্তনয়োস্তব্দশিভিঃ" বলিয়া সর্বজ্ঞানের সার সঙ্কলন করিয়াছেন।ইহাই গীতার আর একটি বিশেষতা।

আমরা এইরপে দর্শনশাপ্ত গাঁতার আতাস লইয়া তুলনা করিয়া দেখিলে ভানকর্মসমুচ্চয়রপ এই প্রাণময় অপূর্ব্ব মহাসত্যের আবিদ্ধার গাঁতায় দেখিতে পাই। এবং উপনিষদাদিতে প্রধানভাবে থাকা সত্ত্বেও দর্শনশাপ্তের চন্দে ইহা সজীব ও সম্যক্রপে প্রতিফলিত হইতে পায় নাই। গাঁতায় সেইটুকুই মুখ্যভাবে উপদিষ্ট এবং দর্শনশাপ্ত যাহা প্রধানভাবে গ্রহণ করিয়াছেন, গাঁতায় উহা প্রায় উপেক্ষিত। উহা এই যে, বিচারপন্থায় ভ্রন্ম অপ্রাপ্য, ভ্রন্মের দারা বরিত না হইলে ভ্রন্ম পাওয়া যায় না; স্তরাং মন্তিক্ষবৃদ্ধি লইয়া ভ্র্মপ্রাপ্তির জন্ম ছুটাছুটিনা করিয়া প্রাধর্ম লইয়া ভ্র্মোন্দেশ্যে ঢালিয়া দাও।

ভাই বালতেছি, যদি মাকে দেখিতে চাহ, তবে বুদ্ধির দ্বারা দেখিতে চেষ্টা করিও না, ভাবের দ্বারা দেখ—ভাবের পুস্পাঞ্চলি পায়ে ঢালিয়া দিতে শিক্ষা কর—ভাবে, সম্বল্প মাকে ধরিবার প্রয়াস পাও—ভাবে স্বপ্ন রচনা কর, সে স্বপ্ন সভ্য হহবে—ভাবে কল্পনার হেমাসংহাসন প্রস্তুত কর, সিংহবাহিনা সে শিংহাসনে সভাহ আবি হু তা হহবেন; তুমি দেখিবে, কল্পনাও মিধ্যা নহে, মিধ্যা বালরা কিছু নাই—ক্ল্পনাও সত্যের মৃতি মাত্র।

গাতা বিশেষ করিয়া এই দিকে লক্ষ্য রাখিতে শিক্ষা দিরাছেন যে, তথানা না হহলে ব্রহ্মস্বরূপ উপলব্ধির চেষ্টা বিভ্রনা মাত্র। স্থলাং যাহাতে তাহাকে দোখতে পাওয়া যায়, সাধকের সেইটুকুই অবলধনায়। সে উপায় শরণাগত হওয়া—দোখব বলিয়া কাতর প্রাণে অপেক্ষা করা। স্থিবার উতাল জনরবের মধ্যে তাহার মুখের কথা শুনিবার জন্ম কান বাড়াহয়। অপেক্ষা কর—জগতের বিচিত্র পদাথানচয়ের মধ্যে পলকহান নেত্রে তাহাকে দেখিবার জন্ম চাহিয়া খাক। বিচারপথায় নিগুণ্ডের দিকে মুখ্যভাবে লক্ষ্য পড়িবার কারণ, গুণ্দাময় জ্ঞাননিষ্ঠ জাব, গুণের কোলাহল হইতে নিগুণ্ডের নির্জন শান্তিতে প্রার্থ্য বিশ্রামের জন্ম উবিয় হইয়া পড়ে, এবং সেই জন্ম সগুণের দিক্ হইতে

দক্ষ্য একবারে গুটাইয়া লইয়া, নিগুণ নিগুণ করিয়া শুধু নিগুণ স্বরূপই চারি দিকে পাইতে প্রয়াস পায়। আবার যাহারা কর্মনিষ্ঠ, তাহারা অবিজ্ঞা প্রভাবে সপ্তণকে ভুলিতে পারে না; এবং নিগুণের দিকে চক্ষু মেলিয়া চাহিতে তাহারা কুঠিত হয়। ক্ষুদ্র খেলা-ঘরের মায়া বিরাটের খেলা-ঘরের দিকেই পূর্ণদৃষ্টিতে চাহিয়া থাকে। এইরূপে ব্রহ্মের উভয়লিস্ত্বরূপ ছুইটা দিক্ জ্ঞাব, স্বীয় সংকীর্ণতাবশতঃ সমন্বয় করিতে পারে না।

যাহা হটক, শুদ্ধ অদৈতবাদে নায়াও যে মহাসত্য, গীতা এই কথাই শিক্ষা দিয়াছেন। যথন শক্তি ও শক্তিমান অথবা ত্রন্ধা ও ত্রন্ধাক্তি বা মায়া অভিন্ত এ কথা ঘখন অহৈতবাদ স্বীকার করিয়া লইতে বাধ্য, তখন সেই মায়াকে বা ৰক্ষ-শক্তিকে আবার কি প্রকারে মিখ্যাভূতা বলা যাইতে পারে ? তাচা হইলে ব্রহ্মও মিথা। হইয়া পড়ে: হুতরাং মায়াকে ত্রেক্সের মত একান্ত সতা না বলিলে চলে না। দ্বিতীয় কথা, ব্রহ্মে ভ্রান্থি অসম্ভব। যখন সমস্তই ব্রহ্ম, তখন ব্রহ্মকে আবার ভ্রান্তির জনী কেমন করিয়া বলা যায় ? রজ্জুতে সর্পভ্রমের মত জগৎ ভ্রাম্ভিকপে দৃষ্ট হইতেকে বলিলে ব্রহ্মকে ভ্রান্তির দ্রপ্তী হইয়া পড়িতে হয়; স্বুতরাং জ্বগংকে ভ্রান্তি বলা চলে না। সূর্যারশ্যি যে মরীচিকাকপে পরিদৃষ্ট হয়, উহা ভ্রান্তি নহে, সূর্য্য-রশার ধর্মাই দূর হইতে মবীতিকারপে প্রতীত হওয়া অথবা চক্ষর ধর্মাই সূর্যারশািকে দুর হইতে এরপ উপলব্ধি করা। স্তরাং ভ্রান্থি বলিয়া উ গাইয়া দেওয়া চলে না। ষাহা কোন না কোন অবভায় উপলব্ধি হয়, তাহাকে মিথা। বলা যায় না। মায়াবাদ বলেন, যাহার বাধ আছে, তাহাই মিথা- যাহার বাধ নাই, তাহাই সভা : কিন্তু এ হিসাবেও দেখিলে অকৈ তবাদের সতো বাধ দৃষ্ট হয়। সগুণ অবস্থায় অর্থাৎ যতক্ষণ জগদমূভতি পাকে, ততক্ষণ নিগুণানে বাধ সাধিত হইতেছে; স্বতরাং কেবলমাত্র নির্ভূণ্ট যে সত্য এবং জগংপ্রকাশ মিথ্যা, ইহা স্বীকার করা যায়না।

এইরপে নিগুণ ও সগুণ যে একৈকদেশদর্শন মাত্র, ইহা স্পষ্ট বুঝা যায়।
বিচারে এইরপ একদেশদর্শনই ঘটিয়া থাকে। তাই গীতায় বিচারপথ মুখ্যতঃ উপেক্ষিত এবং যাহা কিছু উপলবি হয়, সমস্ত সত্য বলিয়া পরিগৃহীত। নিগুণ দর্শনও মায়া, সগুণদর্শনও মায়া—উভয়ই ব্রহ্মশক্তি। ব্রহ্ম যেখানে যেরপ দর্শন অভিলাষ করেন, সেখানে সেইরপ ভাবে আপনাকে দর্শন করিতেছেন মাত্র। ব্রহ্ম কামচার। বৃদ্ধন ও মুক্তি উভয়ই ব্রহ্ম-সঞ্জন্মাত্র। ব্রহ্ম যতক্ষণ ব্রনকামী, ততক্ষণই বন্ধ জীব-রূপে সঙ্করের কঠোর নিগড়ে আপনাকে অনুভব করেন; যখন মুক্তিকামী, তথন

মুক্ত সঙ্কল্পে বা সঙ্কল্পের অতীত অবস্থায় অবস্থান করেন। উভয়ই ব্রহ্মশক্তির লীলা-বিলাস। আবার "অমুভূতি নাই" এইরূপ সঙ্কল্প অবস্থায় প্রলয়ে সমস্ত লীন হইয়া যায়। এ সমস্তই ব্রহ্মের এক এক অবস্থার স্বরূপ। ব্রহ্ম বস্তুতঃ অবাল্পনস্থাচর।

এইরপে গীতা ব্রেন্সর সমস্ত অবস্থাকেই সতা বলিয়া পরিগ্রহণ করিয়াছেন;
এবং ইহাই গীতার অপূর্ব্ব বিশেষর। পূর্ব্বে বলিয়াছি, গীতার সূচনাই মায়াকে
মিথাা বলিয়া ছাড়িতে কাতরতা। বিচার যথন সমস্ত সত্য বলিয়াও মিথাার একটু
গন্ধ ছাড়িতে পারে নাই—একটু মিথাার আভাস স্বীকার করিতে বাধ্য হইয়া পছে,
সেই অবস্থায় গীতার সূচনা—সেই মিথাাটুকুকে সত্য করিয়া লইবার জন্মই গীতার
প্রথম ক্রেন্সন; এবং সেই সমস্তই ব্রন্ধে বা ব্রন্ধশক্তিতে যুক্ত হইয়া যাওয়াই গীতার
ফল; কিন্তু সে যুক্ত হওয়া বিচারসাপেক নহে—ব্রন্ধনির্ভ্রসাপেক।

যাহা হউক, গীতা এইরপে "নাসতো বিহাতে ভাবো নাভাবে। বিহাতে সভঃ"এই শ্লোকে এক কথায় সমস্ত মতটুকু বলিয়া, তার পর এ জ্ঞান একেবারে প্রাণে প্রতিবিশ্বত হইতে পারে না বুঝিয়া, সাধার। জীবের জ্ঞানগম্য করিবার জন্য পরবর্ত্তী শ্লোকদ্বয়ে আগে মূল তব অবলম্বন করিতে শিক্ষা দিয়াছেন। "অবিনাশি তু তদিদ্ধি যেন সর্বাদিং ততন্। বিনাশনবায়স্তাস্থান্য ন কশ্চিৎ কর্ত্তু মইতি ॥" অর্থাং গীতা যেন বলিতেছেন, তোমাদিগের জ্ঞান এখন সমস্তই সত্য বলিয়া গ্রহণ করিতে পারিবে না বুঝিতেছি—তোমাদিগের চক্ষে এখন বিচিত্র জগং পরিষ্ঠিত হইতেছে—বিভিন্ন বিভিন্ন অন্ত্তুতিতে ভোমাদিগের হদয় পূর্ণ ; স্থতরাং ভোমরা এইনা ব বৃন্ধ, সর্ব বলিয়া যাহা কিছু ভোমাদের চক্ষে প্রতিকলিত হইতেতে, ঐ সমস্ত এক অবিনাশী অব্যয় দ্বারা পরিবাপ্ত । অর্থাং এই সমস্ত পদার্থের উপাদানকেও উৎপত্তি-নাশ-শৃত্ত বলিয়া উপলব্ধি কর । যাহা সর্ব্ব বলিয়া ভোমাদিগের চক্ষে প্রতিকলিত হইতেতে, উহার প্রত্যেক অনুপ্রমাণু উৎপত্তি নাশবিহীন । ভোমাদিগের এই "সর্ব্ব" যাহা দ্বারা গঠিত, যাহা দ্বারা ওতপ্রোতভাবে ব্যাপ্ত, তাহা অব্যয় ও অবিনাশী বশিয়া ক্রম্পম কর । শুপু বৃদ্ধিতে জানিলে চলিবে না, অন্ধভব করিতে হুইবে। আহার করিলে উদরপূর্ত্তি হয়, আহার করিয়া বুঝিতে হুইবে।

সে ব্ঝিবার উপায় কাতরতা, ইহা পূর্নেব বলিয়াছি। ভিক্ষুক দারে দারে বেমন কাঁদিয়া কাঁদিয়া ভিক্ষা প্রার্থনা করে,—"কে আছ দ্য়ামিয়ি। অশক্ত, কুধা- তুর আমার কুধা নিবৃত্তি কর" বলিয়া যেমন দে গৃহন্থের দারস্থ হয়, তেমনই ভাবে জাগতিক প্রত্যেক পদার্থের দারস্থ হইতে ইইবে। ভিক্ষুক, গৃহস্থকে সাহায্য করিতে

সক্ষম বৃঝিয়া তবে তাঁহার দার স্ব হয়; তুমিও বিশাস করিও, জগতের প্রত্যেক পদার্থই তোমার ভিক্ষা প্রণে সক্ষম, এই বিশাসে নির্ভর করিয়া তৃণ, ধূলা বাদ না দিয়া সকলের কাছে ভিক্ষা কর। ভিক্ষুকের লক্ষ্য যেমন গৃহস্বের রূপ বা আকৃতির দিকে থাকে না, গৃহস্বমণ্ডলীর ভিতর দয়ার প্রস্রবণের দিকে যেমন তাহার আকুল প্রাণ পড়িয়া থাকে, তেমনই ভাবে তোমার আকুল প্রাণ জগতের প্রত্যেক পদার্থের বাহ রূপগুণের দিকে না চাহিয়া, উহার অভ্যন্তরের বিমল স্নেহের দিকে চাহিয়া থাকুক। সেই দিকে চাহিয়া তুমি কাঁদিয়া বল,—"কই, কে আছ দয়ামিয়! আমি অশক্ত ক্ষ্যাভ্র, আমায় সাহায্য কর—আমার ক্ষ্যা নিবারণ কর!" দেখিবে, প্রতি ধ্লিকণা ভেদ করিয়া—প্রতি তৃণ, পুন্প, লত', প্রতি রূপ, প্রতি শন্দ, প্রতি অন্তর্ভত ভেদ করিয়া তোমার চারি ধারে—তোমাকে বেষ্টন করিয়া, অমৃত্রপাত্র করে লইয়া তোমায় ভিক্ষা দিবার জন্য সন্মপূর্ণারূপে মা আমার বিরাজিতা। আর দেখিবে, তুমি আর সে তৃমি নহ—মা হুরূপের স্বেহপাতে হুমি শিবহ লাভ করিয়াছ —তুমি মহেশ্বর হইয়াছ। প্রতি জাণু পরমাণু অন্নপূর্ণা—প্রতি অণু পরমাণুর প্রতিবিশ্বপাতে তুমি শিব।

সামি পূর্ব্বে বলিয়াছি, সমস্তই সত্য। দর্শনশান্তের ভেদসকল বাস্তর ভেদ নহে, দর্শনের তারতম্য মাত্র। প্রপঞ্চ আস্থিনহে—ভূলে পড়িয়া জগদর্শন করিতেছি না, ইচ্ছা করিয়া আপনাকে বিভিন্নরূপে অন্তত্তর করিতেছি মাত্র। ত্রশ্যে ভূল অসম্ভব। জলে বেমন তীক্ষৃষ্টিতে বা ব্য সাহায্যে দেখিলে জীবাণুসকল দেখিতে পাওয়া যায়—স্ব্যক্তিরণকে যেমন বিশ্লেষিত করিয়া দেখিলে বর্ণিরজনাসকল দেখিতে পাওয়া যায়, জগদাদি দর্শনও তদ্রপ। যত দৃষ্টি বিশ্বত ইইতে থাকিবে, বিভিন্ন গ তত্তই একতের দিকে অগ্রসর ইইবে; এবং অভিবিস্তারে এক তত্ত্ব ছারা আর কিছুই পরিদৃষ্ট ইইবে না। এই বিচিত্র জগৎ জ্ঞানচক্ষে দেখিলে পরমাণুসমন্তি ব্যতীত আর কিছুই দেখা যায় না; এবং এই পরমাণুর কথা ভাবিলে বৃক্ষ লতা পর্বত, চন্দ্র স্ব্যা আকাশ, এই সমস্তই এক বিশাল পরমাণুসমূদ্রে নিময় ইইয়া যায়—পরমাণুর একটা বিরাট সমুদ্র ছাড়া আর কিছুই অন্তর্ভুতিতে আইদে না—সমস্ত চাক্ষ্য জগং যেন এক অন্তভাব্য পরমাণু-সমুদ্রে মিশাইয়া যায়; আবার এই পরমাণুসকলের উপাদানের কথা ভাবিতে গেলে আর যথন পরমাণুও চক্ষে ঠেকে না, তথন শুধু শক্তির স্পান্দনমাত্র অন্তভ্তিতে আদিতে । এইরূপে স্তেরে স্তরে একই পদার্থ বিভিন্নরূপে পরিদৃষ্ট ইইতেছে

মাত্র। এক স্তবে যাহা আছে এবং অনুভাব্য, অস্থা স্তবে তাহা আর খুঁজিরা পাওয়া মায় না; স্থতরাং উহা উপেক্ষিত ও আন্তি বলিয়া ধারণা হয়। কিন্তু বস্ততঃ আন্তি মহে, শক্তির ভিন্ন ভিন্ন নামরূপ-ক্রিয়া-প্রকাশ এবং ভিন্ন ভিন্ন স্তরীয় গ্রহণ-শক্তির গ্রাহ্ম মাত্র।

যাহা হউক, বিচারমার্গ যখন আমাদিণের অবলম্বনীয় নহে, তখন আর অধিক মস্তিকজ্ঞান লইয়া আলোচনা করিবার প্রয়োজন নাই। দশী হইতে পারিলে তখন আর মীমাংসার বাকী থাকিবে না এবং দশী হইতে না পারিলে মীমাংসা কোন প্রকারেই সংসাধিত হইতে পারিবে না, এ কথা আমরা স্থির সিদ্ধান্তবরূপ লইয়াছি। সংক্ষেপে তিনট মত অথবা পর পর তিন স্তরে ব্রহ্ম কিরপে প্রক্রেজ হন, তাহা আমরা নিম্নে তুলুনা করিয়া দেখিতেছি।

- ১। সাংখ্যমতে আত্মা বহু প্রকৃতি এক. আত্মা হইতে সম্পূর্ণ বিভিন্ন। ইহা বস্তুতঃ জ্ঞানস্বরূপ আত্মা ও তাঁহার মহিমা জ্ঞানশক্তিকে ভিন্ন করিয়া দেখিয়া, কেবলীভাব পাইবার জন্ম কথিত।
- ২। বেদান্তের বিশিষ্টাবৈতবাদ মতে ব্রহ্ম এক হইলেও আত্মা বহু। অচিৎ প্রকৃতি ও ঈশ্বর লইয়াই ব্রহ্ম। প্রকৃতি ও পুরুষ ব্রহ্মেরই উভয় অঙ্গস্বরূপ মাত্র। ইহা ঈশ্বরহ ও ভক্তিবাদের শ্রেষ্ঠতা স্থাপনের চেষ্টা।
- ৩। মায়াবাদ মতে একমাত্র নিগুণ ব্রহ্মই অবস্থিত। আমরা যাহা দেখিতে ভানিতে পাই, এ সমস্ত সংও নহে, অসংও নহে, এক প্রকার অনির্ব্বচনীয় মিথ্যা বা সদসং অনুভূতি মাত্র। ইহা চিংতবের একত্ব ও নিগুণবাদ স্থাপনের প্রচেষ্টা।
- 8। গীতার মতে একরস একমাত্র ব্রহ্ম অবস্থিত, উনি যখন যেরপে আপনাকে দর্শন করিতে ইক্ছা করেন, তখন সেইরূপ আপনাকে আপনি উপলব্ধি করেন। যাহা কিছু উনি দর্শন করেন, সে সমস্তই আপনাতে স্থাত্র মণিগণের স্থায় প্রাথিত বা বোধ করিয়া রচিত করেন। অথচ এই সূত্র ও মণি একই পদার্থ। স্থার যেন তাঁহার নিগুণি অংশ এবং মণিগণ যেন তাঁহার সঞ্জণ অংশ। অনুভূতি-সকল মিধ্যা নহে, মিধ্যা বলিয়া কোন পদার্থ নাই। যাহা কিছু ধারণায় আইনে, সমস্তই এক সত্যের সভ্য লীলা। ইহাই আর্ধ ব্রহ্মবাদ।

যাহা হউক, দৃষ্টি যতক্ষণ না উদ্মেষিত হইবে, অথবা জীবরূপী ব্রহ্ম যতক্ষণ না আপনাকে এই সগুণ ও নিগুণের কেন্দ্রস্থরূপে দর্শন করিবেন,অর্থাৎ জীবভাবে যত-ক্ষণ আমরা আকান্ত থাকিব, ততক্ষণ আমরা কিরূপ ধারণা করিব ? দিক্ ও কাল,

ব্রুক্সের এই উভয় কল্পনায় খণ্ডিত হইয়া তিনি যে বছরূপে বিরাজিত রহিয়াছেন, এবং আপনাকে খণ্ড জীব বলিয়া অনুভব করিতেছেন, এ খণ্ড উপলব্ধি যতক্ষণ তাঁহার থাকিবে, ততক্ষণ এই বৈচিত্র,ময় স্থাকৈ কিরপে ব্বিব ! গীতা বলেন, পদার্থ বলিয়া যতক্ষণ জ্ঞান থাকিবে, ততক্ষণ সমস্ত পদার্থকেই ব্রুক্সের দারা পরিবাধে ভাবিবে। যতক্ষণ খণ্ড জ্ঞান থাকিবে,ততক্ষণ ব্রহ্ম সাংখ্যস্তরীয়,এ কথা আমি পুর্বেব বলিয়াছি। স্তরাং সাংখ্যস্তরেই তুখন ব্রহ্মকে ব্বিতে চেপ্তা করিবে। ভাই পরশ্লোকে দেহ ও দেহী বা প্রকৃতি ও পুরুষ, এই ছই সিদ্ধান্ত লইয়া সাংখ্যস্তর ব্র্ঝাইতে চেপ্তা করিয়াছেন; এবং ক্রমশঃ বৈজ্ঞানিক উপায়ে কি প্রকারে আপনার মুক্ত অবস্থার স্বরূপ জীব দেখিতে পায়, তাহার শিক্ষা দিয়াছেন, আগে আপনার ভিতর নিজের নিত্যস্কুকু সাংখ্যস্তরে দেখিতে বলিয়াছেন।

অন্তবন্ত[ইমে দেহা নিত্যস্তোক্তা: শরীরিণঃ। অনাশিনোহপ্রমেয়স্ত তন্মাদ্যুধ্যম্ব ভারত॥ ১৮

ভারত! নিত্যস্ত অনাশিনঃ অপ্রমেয়স্ত শরীরিণঃ ইমে দেহা অন্তবন্ত উক্তাঃ; তত্মাং যুধ্যস্ব।

ব্যবহারিক অর্থ।—নিত্য, অবিনাশা, অপ্রমেয় দেহীর দেহসকলই নশ্বর বলিয়া কথিত হয়; স্থতরাং তুমি যুদ্ধ কর।

যৌগিক অর্থ।—এই নিত্যানিত্য বিবেকই এই দ্বিতীয় অধ্যায়ের মূল লক্ষ্য। সাংখ্যস্তরে প্রকৃতি পুরুষ, দেহ ও দেহা, আধার ও আধেয়, এইরূপে এক বিভক্ত হয়। পরিদৃষ্ট হয়েন। এক অংশকে নিত্য অবিনাশী, অপরিগামী বলিয়া অনুভূত হয় ও অন্য অংশ পরিবর্তনশাল, নশ্বরূপপ্রকাশিনী শক্তিরূপে প্রতীত হইয়া থাকে।

প্রকৃতির এক অংশ—যাহা আমার অবিভাগ্য প্রকৃতি, উহাই পরিবর্ত্তনশীল
মাত্র। বহির্জগতে বিরাট বিভা প্রকৃতি যেমন পরিবর্ত্তনশালা, অন্তর্জগতে আমার
প্রকৃতিও তক্রপ। বহির্জগতে গুণময়া প্রকৃতি পরমাণুরূপে ও পরমাণুপুঞ্জ বিচিত্র
ক্রমাণ্ডরূপে যেমন উঠে, ফুটে ও মিলাইয়া যায়, অন্তর্জগতে আমার গুণময়ী
আবিভা প্রকৃতিও তক্রপ স্পন্দনের তারতমে। বিচিত্র অনুভূতি আকারে জন্মাইতেছে
—রহিতেছে—আবার মিলাইয়া যাইতেছে। বহিজ্গতে হরি হর ব্রন্ধাদি
তাঁহাদিগের শক্তিময়া প্রকৃতির সংযোগে যেমন সৃষ্টি বিতি ও প্রলয়কার্য্য সম্পাদন

করিতেছেন, অন্তর্জগতে আমরাও তদ্রপ আমাদিগের শক্তিময়ী প্রকৃতির সংযোগে বিচিত্র অনুভূতিসকলের সৃষ্টি স্থিতি ও লয়কার্য্য সম্পাদন করিতেছি ও ব্রহ্ম-বিষ্ণৃ-ক্লেগ্রন্থির রচনা করিতেছি। তবে আমরা ব্রহ্মাদি পুরুষের প্রকৃতি-রচিত ব্রহ্মাণ্ডাদিতে বসবাস করি বলিয়া এবং আমাদিগের শক্তি তাঁহাদিগের শক্তির অধীন বলিয়া, আমাদিগের প্রকৃতি বহিঃপ্রকৃতির দারা অহর্নিণ স্পন্দিত ও চালিত হইয়া থাকে। সমুদ্রে যেমন এক বিন্দু বারির স্থান, অধিকার ও স্বাধীনতা, বিরাট্ প্রকৃতিতে আমাদিগের অধিকার ও স্বাধীনতা তত্রপ।

অনেকে বোধ হয় জানেন, আমাদিগের শরীরস্থ রক্ত রস মাংসাদি কণাসকল জীবাণু ব্যতীত আর কিছুই নহে। আমাদিগের শরীরের রক্তপ্রোত ফংপিণ্ডের দ্বারা সমস্ত দেহে সঞ্চালিত হইতেছে। রক্তকণাক্সপী জাবাণুসকল সমস্ত দেহে স্ঞালিত ও আমাদিগেরই দেহের পোষণশক্তির দ্বারা পুষ্ট হইতেছে। এই রক্ত-ক্ণারপী জীবাণুসকলকে আমাদিগের দেহের সহিত তুলনা করিয়। দেথিলে যেরপ উপলব্ধি হয়, স্পষ্টিকর্তাদির সহিত আমাদিগের সম্বন্ধও তদ্ধেপ। আমাতে ও আমার দেহস্ত একটা জাবাণুতে যেরূপ সম্পর্ক, ব্রহ্মাদিতে ও জীবর্মণী আমাতেও প্রায় সেই সম্পর্ক। আমার দেহটাকে বিরাট্ বলিয়া ধরিয়া লইলে, আমার এই দেহযন্ত্রাদির বিরাট্ গতির তাড়নে জাবাণুদকল সম্বর্দ্ধিত, পৃষ্ঠ, সঞ্চালিত ও নানা-রূপ ভাবান্তর প্রাপ্ত হইতেছে দেখিতে পাই; অথচ দেহস্থ সেই বিরাট গতির মধ্যে থাকিয়াও যেমন সে নিজের হর্ষ শোক অনুভব করে, আমরাও বিরাট্ ব্রহ্মাণ্ডের স্রোতে নিমগ্ন থাকিয়া আপনাপন হর্ষ শোক তদ্রপ অন্তুভব করি মাত্র। আমারই প্রাণশক্তি যেমন সেই জীবাণুর দেহে প্রাণশক্তি ছড়াইয়া দেয়, বিরাট্ ব্রহ্মাণ্ডের প্রাণশক্তিও তদ্ধপ আমাদিগের দেহে প্রাণশক্তি ঢালিয়া দিতেছে। আমরা জীবিত থাকিতেও আমাদিগের দেহস্থ জীবাণুসকল যেমন স্ব স্ব কর্মবশে মৃত্যু ও জমরপ পরিবর্তন লাভ করে, ব্রহ্মাদির আয়ু বা ভোগকাল সত্তেও তক্রপ আমরা জন্ম মৃত্যু আদি বহুবার প্রাপ্ত হইয়। থাকি।

এইরূপ তুলনা করিয়া দেখিলে আমাদিগের প্রকৃতিকে বিরাটের অধীন অথচ স্বত্ত্বরূপে পরিলক্ষিত হয়। স্বাতগ্র্য লাভই জীবগতির একটা লক্ষ্যের স্থান—বিরাট্ আত্মা বহু হইবার কল্পনা করিবার পর সেই কল্পনা-বিচ্ছির স্বণ্ড আল্পানকল ধীরে ধীরে আপনাপন স্বাতন্ত্র্য ঘনীভূত করিয়া লইতে থাকে ও এইরূপেই পরমাত্মা জীবাত্মরূপে সীমাবদ্ধ হন। আমিবের আবরণ জীবাত্মা এইরূপে সর্বপ্রথম ক্রেমশঃ

দৃঢ়তর করিয়া তুলিতে থাকে ও পরে আমিজের গণ্ডী সম্পূর্ণভাবে প্রকটিত হইলে তখন জীব আবার ধীরে ধীরে আমিজের জ্ঞানটুকু লইয়া অবশিষ্টাংশ পরিত্যাগ করিতে করিতে অন্তর্শ্মুথে প্রবেশ করিতে থাকে। ইহা আমি পূর্ব্বে বিশদরূপে বুঝাইয়াছি।

জীব যথন মনুষ্যরূপে পরিণত হয়, তখন বুঝিতে হইবে, তাহার আমিত্বের পূর্ণ ঘনীভূত ও সঙ্কীর্ণতম অবস্থা তৈয়ারী হইয়া গিয়াছে, এবং তখন তাহা হইতে সারাংশটুকু লইয়া, সুল কোষসকল পরিত্যাগের সময় হইয়া আসিয়াছে; অর্থাৎ বেদান্তের কথায় অন্নময় কোবের কার্য্য করিবার অবসর আর ভাহার নাই, মনোময় আদি সুক্ষ কোষে তাহার কার্যা করিবার সময় উপস্থিত হইয়াছে। স্বতরাং মনোময় কোষের কার্য্যশুখলার বিশ্লেষণই মনুষ্য জীবনের একটা প্রধান কর্ত্তব্য। এই মনোময় কোষেই জগদাদি প্রতিবিশ্বিত,—শীতৈঞ, সুখ ছঃখ, স্ত্রী পুত্র, মাতা পিতা, শব্দ রূপ স্পর্শ আদি ভাবসকল মনোময় কোষেরই গুণ, ইহা পুর্বে বলিয়াছি। আমি যথন কোন পদার্থ দেখিতেছি বলিয়া অমুভব করি, তখন বুঝিতে হইবে, বাহ্যপ্রকৃতির এক প্রকার স্পান্দন আমার মনে ভাবতরঙ্গ জন্মাইতেছে মাত্র। আমি একটা বৃক্ষ দেখিতেছি বলিলে এই বুঝায় যে, বহির্জগতের এক প্রকার তরঙ্গ আসিয়া আমার মনে বৃক্ষরূপ একটা তরঙ্গ তুলিতেছে বা আমার মন বৃক্ষরপ আকার পরিগ্রহণ করিতেছে। আমি যখন আমার পিতাকে সন্মুখে দেখি ও পিতা বলিয়া পরিজ্ঞাত হই, তখন বুঝিতে হইবে, বাহিরের এক প্রকার স্পান্দন আমার মনে আঘাত করিয়া আমার মনকে তদাকারে পরিণত করিতেছে এবং সেই পিতার মন হইতে যে প্রকার ভাবের তরঙ্গ পূর্ব্ব হইতে ছুটিয়া আমার মনকে স্নেহাদি অনুভূতিতে মগ্ন করিয়াছিল, এখন আমার মন পিতৃদর্শনে সেই সকল ভাবকে পুনরায় ফুটাইয়া স্নেহনয় পিতৃ আকার পরিগ্রহণ করিয়াছে। পিতার স্নেহাদি সম্বন্ধে পূর্বে যে সংস্কার ছিল—পিতার স্নেহ ও ভালবাসা পূর্বে আমার মনে যে প্রকার সংস্কার জন্মাইয়া দিথাছিল, আজ পিতৃমূর্ত্তি আমার সন্মুখে উপস্থিত হওয়ায়, সেই সকল ভাব মনের ভিতর ফুটিয়া উঠিয়াছে। যাহা কিছু আমরা মনে অনুভব করি, তাহা আর কিছুই নহে, আমাদিগের বোধই সেই সকল অমুভৃতিরূপ আকার গ্রহণ করে মাত্র। আমি অমুভব করিতেছি অর্থে—আমার বোধ তদাকার প্রাপ্ত হইয়াছে বুঝিতে হইবে। স্মৃতরাং প্রপঞ্চাদি যাহা বাহিরে দৃষ্ট হইতেছে, তাহা আমার বোধের সহিতই বিশেষভাবে সম্বন্ধযুক্ত। আমার মনই

বৃক্ষলতাদি আকার-স্কল ধারণ করিতেছে—আমার মনই "অমুভূতির অমুসারে আকার গ্রহণ করিয়া ফুটিয়া উঠিতেছে। রূপ, রস, শব্দ, স্পর্শ, গন্ধ, এ সকল আমার মনেরই পরিবর্ত্তন মাত্র। বাহিরে স্পন্দন আছে মাত্র, যথার্থ জ্ঞাণং মনে; আমার মনকে আমি ইচ্ছা করিলে এমন অবস্থায় লইয়া যাইতে পারি, যখন বাহিরে এ জ্ঞাণং যেমন আছে, তেমনই থাকিলেও ইহার অস্তিত্ব আমার দ্বারা উপলব্ধ হইবে না। আবার এই মনকে এমন ভাবে পরিণত করা যায় যে, এই জ্ঞাণংই অম্ভ প্রকার দেখিতে পাওয়া যাইবে। স্কুতরাং যাহা কিছু আমাদিগের ইন্দ্রিয়ণোচর ও অমুভূতিতে আসে, সেগুলি মনের দ্বারাই রচিত এবং মনেরই তরঙ্গভঙ্গ মাত্র—তাহাতে মন ছাড়া আর কোন পদার্থই খুঁজিয়া পাওয়া যায় না। জলের তরঙ্গ-সকল যেমন জল ভিন্ন আর কিছুই নহে, বিষয়সকলও তক্রপ মন ছাড়া আর কিছুই নহে। বাহ্য স্পন্দনের ঘাত প্রতিঘাতে মনকে যে যত স্বল্প পরিমাণে স্পন্দিত হইতে দেয়, অর্থাং যে যত অল্প মাত্রায় বাহ্য তরঙ্গকে মনের উপর আধিপত্য করিতে দেয়, সে তত নিজ স্থাতন্ত্র্য রক্ষা করিতে সমর্থ হইতেছে বৃঝিতে হইবে।

যাহা হউক, বিষয়সকল যেমন মন ব্যতীত কিছুই নহে, প্রকৃতিও ত জপ বন্ধা ব্যতীত আর কিছুই নহে। আমার ভোগাকারীয় বিষয়-সকল যেমন মন হইতে জম্মে, মনে অবস্থান করে ও পুনরায় মনেই মিলাইয়া যায়, প্রকৃতি, জগৎ বা দেহাদি আধারও তজ্ঞপ ব্রশা জাত, অবস্থিত ও লীন হইয়া থাকে। এই ফুটিয়া উঠা, থাকা ও মিলাইয়া যাওয়া অবস্থাগুলি নশ্বর দেহ বলিয়া কথিত হয়; এবং উহার উপাদান বা আধেয় বা পুরুষ অবিনাশী অপ্রমেয় হইয়া রহিয়া যায়। শুধু এইরূপে মিলাইয়া যায় বা আদি কারণে লুকাইয়া পড়ে বলিয়া, এই প্রকৃতি অংশকে সাধারণতঃ অন্তযুক্ত বলা হয়। শক্তিত্বের প্রকাশটুকুই দেহপদবাচ্য এবং উহাই পরিবর্ত্তনশীল বলিয়া জন্ম, মৃত্যু আদি ব্যবধানযুক্ত হইয়া দৃষ্ট হয়; স্কুতরাং নাশাদির আশঙ্কা অমূলক।

ভাবসকলও ঠিক এইরপ। মায়া, জ্ঞান, ইন্দ্রিয়াদি, এ সমস্তও এইরপ পরি-বর্ত্তনশীলভাবশতঃই সাস্ত বলিয়া উক্ত হয়। বস্তুতঃ নাশ বলিয়া কিছুই নাই। আমাদিগের মনে যে ভাবসকল যখন উদিত হইবে, সে সমস্ত ভাবেরই মধ্যে এই-রূপে নিত্য পদার্থের অম্বেষণ করা উচিত। তোমার মনে নানা প্রকারের ভাব উদিত হইতেছে। তুমি যদি সেই ভাবসকলে মুগ্ধ না হইয়া, যাহা ভাবরূপে পরিণত হইতেছে, তাহার প্রতি দৃষ্টি রাখ, অর্থাৎ সাগরের তরঙ্গভঙ্গে মুশ্ধ না হইয়া যদি সমগ্র সাগরকে দর্শন কর, তাহা হইলে যেমন তরঙ্গমাত্রই সমুদ্র ছাড়া আর কিছুই নহে বলিয়া বিবেচিত হয়, ভদ্রপ মনে যখন যেরূপ তরঙ্গ উঠুক না কেন, প্রত্যেকটাতেই যদি মনের সন্তামাত্র দেখিতে অভ্যাস কর, তাহা হইলে দেখিবে, বিনাশ বলিয়া কোন পরিবর্ত্তন নাই।

চিন্তা কাশ দর্শন করিবার ইহা একটা প্রকৃষ্ট উপায়। কোন নির্জ্জন স্থানে বিসিয়া, মানসিক অনুভূতিসকলের দিকে লক্ষ্য করিয়া উপবিষ্ট হও। মনে পর পর যে ভাবতরঙ্গ সকল উঠিতে থাকিবে, প্রত্যেকটীকেই মনমাত্র বলিয়া ধারণা করিতে থাক। যে ভাবই উঠুক না কেন, ইহা মন ব্যতীত আর কিছুই নহে, এইরূপ চক্ষে প্রত্যেকটীকে দর্শন কর—দেখিও, একটাও যেন বাদ না যায়। যদি প্রত্যেক ভাবতরঙ্গটিকে এইরূপে মন বলিয়া চিনিতে বা লক্ষ্য করিয়া যাইতে পার, একটিও যদি অসাবধানতাবশতঃ এইরূপে বিশ্লেষিত না হই গ পলাইয়া যাইতে না পারে, তাহা হইলে অল্প সময়ের মধ্যেই চিন্তাকাশের জ্যোতিঃ পরিদৃষ্ট হইবে ও ভাবাদি আর কিছুই উঠিতে থাকিবে না। ইহা প্রত্যেকেই পরীক্ষা করিয়া দেখিতে পারেন।

যাহা হউক, যথন ভাবসকল কার্য্যতঃ অবিনশ্বর এবং একমাত্র অবিনশ্বর পদার্থেরই প্রতিবিদ্ধ মাত্র—তথন ভাহাদের রূপান্তরে যে বস্তুগত কোন পার্থক্য সংঘটিত হইবে না, ইহা স্থনিশ্চিত। তথন আবশুক বুঝিলে আর ভাবাদির বিপক্ষে যুদ্ধ ক'রবার বাধা কি হইতে পারে ? যাহা নিত্য স্থায়ী নহে, তাহার আধিপত্যের অধীনে থাকা যুক্তিসঙ্গত নহে। যে ভাব নিত্য থাকিবে ও নিত্য আছে, তাহার নিত্য আধিপত্য অক্ষুর রাথাই মন্ত্র্যার । যথন মন্ত্র্যুভাবাপন্ন হইয়া আপনার সে নিত্য উপলব্ধি করিতে পারিতেছ না—যাহা কিছু তোমার উপলব্ধিতে আসিতেছে, সমস্তই যথন তুমি মুহুর্ত্ত পরেই নাশ হইতেছে বলিয়া অন্তত্ব করিতেছ, তথন সে নশ্বর অন্ত্র্ভৃতির রাথিবার আবশ্বক নাই। কারণ, যথন এই নশ্বর অন্ত্র্ভৃতির হাত হইতে পরিত্রাণ পাইবে,তখন দেখিবে,বস্তুতঃ যাহা নশ্বর বলিয়া দেখিতেছিলে, তাহা নশ্বর নহে, তাহাও অবিনশ্বর, নশ্বররূপে তোমার অবিভায় প্রতিফলিত হইতেছিল মাত্র। তথন বুঝিবে—

য এনং ব্ৰেক্তি হস্তারং যশ্চৈনং মন্মতে হতম্। উভো তো ন ৰিজানীতো নায়ং হস্তি ন হস্মতে॥ ১৯ য এনং হস্তারং বেতি যশ্চ এনং হতং মক্সতে, উভৌ তৌ ন বিজ্ঞানীতঃ; স্বায়ং ন হস্তি ন হক্সতে।

ব্যবহারিক অর্থ।—যে ইহাকে হস্তা মনে করে এবং যে হত মনে করে, তাহাদিগের উভয়ের কেহই জানে না যে, বস্তুতঃ ইহা কাহাকেও হত্যা করেও না এবং হত হয়ও না।

যৌগিক অর্থ।—এই হত ও হস্তারক জ্ঞান, উভয়ই কল্পনা মাত্র। পূর্ব্বোক্তরপে যখন প্রত্যেক ভাবের মূল সন্তাটুকু অপরিণামী বলিয়া বৃঝিতে পারা যাইবে, কেবল তখনই এ হস্তা ও হতজ্ঞান তিরোহিত হইবে।

পুর্ব্বে বলিয়াছি, ব্রহ্ম স্বীয় কল্পনামুযায়ী আপনাকে দর্শন করেন এবং যথন যে ত্তর দর্শন তাঁহার অভিলাব হয়, তথন সেই স্তরের উপর তাঁহার দৃষ্টি পতিত হয়। তাহা হইলে বিনাশ উপাধি কি প্রকারে থাকিতে পারে ? সবই যথন ব্রহ্ম, তথন বিনাশ উপাধি কি প্রকারে তাহাতে সম্ভবপর হয় ? বিনাশ অর্থে দৃষ্টির বহিভূতি হওয়া মাত্র—ব্যক্ত হইতে অবাক্ত হওয়া। কিন্তু এ দেহের বা প্রকৃতি নামে ব্রহ্মের যে পরিচয়, তাহার কথা পরে বলিব। এখন সাধারণতঃ জীবকে যেমন জলয়ভূয়ের অধীন বলিয়া উপলব্ধি হয়, সেইরূপ দৃষ্টিতে দেখিলেও যে দেহাতীত নিগুণ অংশটুকু থাকে,তাহার কথা বলি। মূলতঘটি হৃদয়ঙ্গম হইলে, তার পর সগুণ ভাবটুকু বিচার করিয়া দেখিলে স্পষ্টরূপে উভয়ের একছ প্রতিপাদিত হইবে। সেই জন্ম বাহারা জড় বলিয়া পৃথক্ প্রকৃতি স্বীকার করেন, তাঁহারাও আত্মার যে প্রকার সন্তা মানিয়া লইয়াছেন, সেই প্রকার সাংখ্যজ্ঞান হইতে আগে আত্মার সাধারণ ধর্মসকল বর্ণনা করিয়া দেখান হইতেছে।

ন জায়তে অিয়তে বা কদাচিৎ
নায়ং ভূষা ভবিতা বা ন ভূয়: ।
অজো নিত্যঃ শাশ্বতোহয়ং পুরাণো
ন হস্ততে হত্যমানে শরীরে॥ ২০

অয়ং কদাচিং ন জ্বায়তে বা মিয়তে, ন ভূথা বা ভূয়ং ভবিতা, অয়ং অজঃ নিত্যঃ শাৰতঃ পুরাণঃ, হক্তমানে শরীরে ন হক্ততে।

ব্যবহারিক অর্থ। — ইনি কখন জন্মগ্রহণ করেন না কিম্বা মৃত্যুর কবলে পতিত

হন না; অথবা উৎপন্ন হইয়া আবার উৎপন্ন হইবেন না। ইনি জনহীন, নিজ্য, ক্ষমশূন্য, পুরাণ। শরীর ধ্বংস হইলেও ইনি হত হন না।

যৌগিক অর্থ।—ইহাই আত্মার স্বরূপ। আত্মাকে যিনি যত দূর অধিক দর্শন করুন, এ স্বরূপের কখনও পরিবর্ত্তন হয় না। সাংখ্যমতে প্রকৃতি বলিয়া পৃথক্ একটা পদার্থ স্বীকৃত হইলেও আত্মার যে স্বরূপ স্বীকৃত হয়, তাহা বেদাস্ভাসিদ্ধ। ইহা যোগস্থ হইয়া উপলব্ধি হইতে পারে। মনকে আজ্ঞাচক্রে বা স্বীয় কেন্দ্র লীন করিতে পারিলে আত্মার এ স্বরূপ প্রকৃতিত হইয়া থাকে। স্কৃত্রাং ইহা প্রত্যক্ষসিদ্ধ। আমাদিগের সাধারণ চক্ষে বৈভভাব ঘুচিবার পূর্কেও আত্মার এই স্বরূপ প্রকৃতিত হইতে দেখা যায়। স্কৃত্রাং দেহাদি বিনশ্বর, জন্ম মৃহ্যুর অধীন হইলেও আত্মার নিত্যত্ব অস্বীকৃত হয় না।

মন যখন কেন্দ্রীভূত হইয়া লীন হইয়া যায়, তখন উহাতে আত্মার প্রতিবিশ্ব সম্যক্ পরিণৃষ্ট হয়। আত্মার প্রতিবিশ্ব মনেরই তরঙ্গের চারি ধারে বিক্ষিপ্ত হইতেছে ও ইন্দ্রিয়াদিতেও আত্মজান ফুটাইতেছে। চঞ্চল জলের উপর চন্দ্রাদির প্রতিবিশ্ব যেরূপ বিচ্ছির হইয়া চারি ধারে ছিন্নভিন্নরূপে প্রতীয়মান হয়, আমাদিগের সাধনার সাধারণ অবস্থায় আত্মেপলিরি তক্ষপ ছিন্ন ভিন্ন হইয়া চারি ধারে পরিকৃট হইতেছে মাত্র।

বেদাবিনাশিনং নিত্যং য এনমজমব্যয়ন্। কথং দ পুরুষঃ পার্থ কং ঘাতয়তি হস্তি কম্॥ ২১

হে পার্থ ! এনম্ অজম্ অব্যয়ম্ অবিনাশিনং নিত্যং যঃ বেদ, স পুরুষঃ কথং কং ঘাতয়তি কং হন্তি।

ব্যবহারিক অর্থ।—হে পার্থ! এই অজ, অব্যয়, নিড্য, অবিনাশীকে যিনি জানিয়াছেন, সে পুরুষ কেমন করিয়া কাহাকে হনন করেন বা হনন করান ?

যৌগিক অর্থ।— যখন অজ, নিতা, অবিনাশী ও অব্যয় বলিয়া আত্মা মাত্র ঘটে ঘটে বা দেহে দেহে প্রশুক্ষীভূত হইতে পারে,তখন হত্যা আত্মপক্ষে অসম্ভব। কিন্তু এ ধারণা যত দিন না সমাধিস্থ হইয়া আত্মোপলন্ধি হয়, তত দিন বুদ্ধির দারা পরিগৃহীত হইলেও প্রাণে স্থপ্রতিষ্ঠ হয় না। এই জন্মই আমাদিগের শালে ক্রিয়াযোগের এত সমাদর দেখিতে পাওয়া যায়। পূর্ণভাবে এক্স উপলব্ধি হইবার পূর্বে এইরপে আত্মোপলন্ধির জন্ম যোগাঙ্গের অনুষ্ঠান নিতা ক্রিয়ার অঙ্গ ধর্মণ আদিষ্ট দেখিতে পাই। এবং উহাই সমধিক প্রবল ভাবে হিন্দুর ধর্মজগতে প্রভাপ বিস্তীর্ণ করিয়াছে। এই ক্রিয়াযোগের অঙ্গ সকল সমাক্ অনুষ্ঠিত হইলে মনুষ্য, দেহ হইতে আপনাকে বিচ্ছিন্ন করিয়া, দেহস্থ কোন একটি চক্রে স্থাথ—দেহের সহিত সম্বন্ধশৃষ্য হইয়া অবস্থান করিতে পারে এবং তখন তাহার দেহ মৃতবং বিবেচিত হয়। এরপ অনেক সমাহিত সাধুর দৃষ্টাস্ত দ্খিতে পাওয়া যায়। এইরপ ব্যক্তি অনেক সময় চিকিৎসকাদির দারা মৃত বলিয়া প্রতিপন্ন হইয়াছে। আবার কিছুদিন পরে তাঁহার সমাধিভঙ্গে মৃতদেহে জীবনসঞ্চারের মত চিকিৎসকো তাঁহাকে জীবিত দেখিয়াছেন। এ কথা পরে বলিতেছি।

বাসাংসি জীর্ণানি ধথা বিহায় নবানি গৃহ্লাতি নরোহপরাণি। তথা শরীরাণি বিহায় জীর্ণাক্তফানি সংযাতি নবানি দেহী॥ ২২

নর: যথা জীর্ণানি বাসাংসি বিহায়, অপরাণি নবানি গৃহাতি, তথা দেহী জীর্ণানি শরীরাণি বিহায়, অম্যানি নবানি সংযাতি।

ব্যবহারিক অর্থ।—মনুষ্য যেমন জীর্ণ বস্ত্র পরিত্যাগ করিয়া অন্য ন্তন বসন পরিগ্রহণ করে, আস্থা সেইরূপ জীর্ণ শরীর পরিত্যাগ করিয়া নূতন দেহ ধারণ করিয়া থাকেন।

যৌগিক অর্থ।—দেহ কি ? মনের সংস্কার মাত্র। মনের সংস্কার ঘনীভূত হইয়া, বাহা প্রকৃতি হইতে উপাদানসকল সংগ্রহ করিয়া দেহ রচনা করে। সাধারণ মন্থয় এই দেহরচুনারপ কার্য্যের জন্ম বাহা প্রকৃতির নিকট একান্ত ঋণী। বিজ্ঞানময় কোষ যত দিন না দৃঢ় ও ঘনীভূত হয়, তত দিন দেহ ধারণ যে তাহারই স্বেচ্ছাধীন, এ কথা জীব বুঝিতে পারে না ; এবং তত দিন সে মনে করে, যেন অন্থ কোন ইচ্ছাশক্তি তাহাকে এইরপে দেহ হইতে দেহান্তরে চালিত ও আবদ্ধ করিতেছে। কিন্তু বিজ্ঞানময় কোষ ঘনীভূত হইলে বুঝিতে পারা যায়, আত্মা স্বীয় ইচ্ছায় আপনার সংস্কারের বিচার করিয়া নিজ দেহ আকাজ্জা করে। নিজের কর্মসকল বিল্লেষণ করিয়া দেখিয়া এবং সেই সকল কর্মের যেরূপ পরিণাম হওয়া আবশ্যক, তাহা উপলব্ধি করিয়া, বাহা জগতে যে অবস্থায় যে স্থলে অবস্থান করিলে সেইরপ পরিণাম ভ্রমা হইতে পারিবে, সেই স্থলে ঈশ্বরপ্রেরিত হইায়

জন্মগ্রহণ করে। জন্মগ্রহণ করে অর্থে—বাহ্ন জগতে সেইরপ ফুটিয়া উঠে। মনে যেমন অনুভূতিদকল ফুটিয়া উঠে, মন ঘনীভূত হইলে, সে দকল অনুভূতি যেমন সমাক্রপে প্রতিফলিত হয়, বিজ্ঞানময় কোষ ঘনীভূত হইলে এই জন্ম মৃত্যু পরিগ্রহণের বিচারসকল তজপ ব্ঝিতে পারা যায়। একটা পূর্ণবয়স্ক মন্ত্র্যু বাহ্য জগৎকে যে ভাবে অনুভব করে, একটা শিশু সে ভাবে পারে না; তাহার কারণ, শিশুর মনোময় কোষ পূর্ণবয়ন্দের মনোময় কোষের মত ঘনীভূত হয় নাই। ছই হাত দূরের পদার্থ শিশুর মনে অনুভূতি জন্মাইতে পারে না। জগতের বিচিত্র চিত্রাবলী শিশু-চক্ষে প্রতিভাত হয় না। শব্দতরঙ্গ শিশুর প্রাণকে অনুভূতিপূর্ণ করিতে পারে না; তাহার কারণ, শিশুর মন স্পন্দিত হইবার যোগ্য এখনও হয় নাই; তরঙ্গসকল অবাধে তাহার ভিতর দিয়া চলিয়া যায়। কালের সঙ্গে সক্ষ মন যত ঘনীভূত হইতে থাকে, বাহ্য জগতের বিভিন্ন স্পন্দন তাহার মনের উপর বিভিন্ন বিভিন্ন স্পন্দন ভূলিতে ততই সমর্থ হয় বা ততই বিভিন্ন বিভিন্ন অনুভূতি তাহার প্রাণে ফুটিয়া উঠিতে থাকে। জগতের বিভিন্ন প্রকার যাত প্রতিঘাত তথন সে ধরিতে সমর্থ হয়।

এইরপ বিজ্ঞানময় কোষ সম্বন্ধেও বুঝিতে হইবে। আমাদিগের মৃহ্যু,জন্ম,অবস্থান্তরপ্রাপ্তি ইত্যাদির কারণ বিজ্ঞানময় কোষেই ফুটিয়া উঠে। কেন এই অবস্থায়
জন্মগ্রহণ করিয়াছি — কেন এ অবস্থা ছাড়িয়া অন্থ নির্দিষ্ট অবস্থায় আমায় যাইতে
হইবে—পূর্বে কিরাপ অবগায় ছিলাম—কির্নাপ অবস্থায় পরে যাইতে আমি কৃতসঙ্কল্ল, এ সকল বিজ্ঞানময় কোষেই স্পষ্ট পরিদৃষ্ট হয়। বিজ্ঞানময় কোষ ঘনীভূত
হয় নাই বলিয়া আমরা ইহা দেখিতে পাই না। যাঁহাদিগের বিজ্ঞানময় কোষ
ঘনীভূত হইয়াছে, তাঁহারা প্রত্যক্ষবং এ সকল অনুভব করিতে পারেন; এবং
তাঁহারাই ত্রিকালদর্শী নামে পরিচিত।

অর্থাৎ বিজ্ঞানময় দেহ গঠিত হইলে জীব ব্ঝিতে পারে, অবস্থা হইতে অবস্থাস্থারে প্রবেশ তাহারই বিচারাধীন। আমরা যেমন অভাবের তাড়নায় কখনও
আহারে, কখনও নিজায়, কখনও অর্থোপার্জনে সঙ্কল্লবদ্ধ হইও সেই সকল কার্য্য
সম্পন্ন করি, যেখানে যে অবস্থায় যাইলে সেই সকল অভাব পূরণ হইবে, মনের
ধারণার বশবর্তী হইয়া যেমন তত্রপ কার্য্যে নিযুক্ত হই, আমাদিগের অনস্ত জীবনের গতি সম্বন্ধেও তত্রপ আমরা আমাদিগের বিজ্ঞানময় দেহ সঙ্কল্লবদ্ধ হইয়া
থাকি। রোগ হইলে আমরা সে রোগের উপশ্যের জন্ম যেমন চিকিৎসকের
নিক্ট যাই—জ্ঞানেচ্ছু হইলে যেমন আমরা জ্ঞানীর শরণাগত হই, এ সকল যেমন

আমাদিগের মনেরই সকল ও বিচারসাপেক্ষ, এক অবস্থা ইইতে অবস্থান্তরে ক্ষা পরিপ্রহণ করা—কখন ধনীর প্রাসাদে—কখনও দরিজের ক্ষারে—কখনও সম্বন্ধণাধিত—কখনও রজোগুণাবলম্বী—কখনও তমসাচ্ছল হইয়া জগতে চুদ্ধর্মের ক্ষা ও নৃতন কর্মের উত্যোগ ইত্যাদি আমাদিগের অনস্ত জীবনপ্রবাহের জটিল সমস্ত্রসকল ভেদ করিতে বিজ্ঞানময় কোষেই আমরা সকল্লবদ্ধ ইই। যখন যেরূপ প্রেক্ষেন বিবেচনা করি, যখন যেরূপ হৃঃখ বা স্থখভোগ শ্রেয়ঃ বলিয়া বিবেচিত হৃদ্ধ, বিজ্ঞানময় কোষে তদ্রপ বিচার করিয়া লইয়া আমরা জগতে আবিভূতি ইই। অবস্থাস্তরসকল আমারই বিচার ও ইচ্ছাসাপেক্ষ। ঈথর আমাদিগের ইচ্ছানুসারেই আমাদিগকে নিয়ন্তিত করেন।

জগতে আবিভূতি হওয়া অর্থে কেহ স্থানের ব্যবধান ব্কিবেন না। ব্কিবেন না, যেন মরিয়া আমরা কোন লক্ষ লক্ষ যোজন দূরে চলিয়া যাই, আবার জন্মগ্রহণ করিতে হইলে যেন সেই লক্ষ লক্ষ কোশ ফিরিয়া আসিতে হয়। মরণ ও জন্মের মধ্যে স্থানের ব্যবধান নাই। মরিলাম অর্থে—সাধারণ জগতের ইন্দ্রিয়ারুভূতি হইতে অন্তর্থিত হইলাম মাত্র। অর্থাৎ আমার সে অবস্থা সাধারণের ইন্দ্রিয়াদির জারা প্রত্যক্ষণোচর হইবার উপযুক্ত আর রহিল না।

এ মৃত্যু কেমন করিয়া সংঘটিত হয় ? কিরূপ প্রণালীতে জীবান্থা দেহ হইতে বহির্গমন করেন ? সাধারণতঃ বার্জক। অবস্থায় যখন জীবান্থা দেখেন ইন্দ্রিয়সকলের ভিত্তর দিয়া দীর্ঘকাল শক্তির যাতায়াতে উহাদিগের স্থিতিশ্বাপকতা নষ্ট হইয়াছে, আর পূর্ববং কার্য্যকারিতা নাই বা পূর্বের মত অনুভূতি উৎপাদন করিতে সক্ষম নহে, তখন অথবা ইন্দ্রিয়াদি সবল ও কার্য্যক্ষম থাকিতেও কর্মের বৈচিত্য প্রভাবে তাঁহার নব কলেবর ধারণ আবশুক বলিয়া যখন বিবেচিত হয়, তখন অন্থ দেহ পরিপ্রহণের জন্ম পূরাতন দেহ পরিত্যাগ করেন। তিনি তাঁহার স্বঃস্ফ্রিত শক্তিকে আর ফ্রিত হইতে না দিয়া, ক্র্ম যেমন আপনার মধ্যে আপনি অঙ্গ ভৌইয়া লয়, তেমনি ভাবে শক্তিকে আপনার ভিত্র অন্থ এবিষ্ট করিয়া লয়েন। ভেখন দেহের ভিত্তর প্রলয় সংসাধিত হইতে থাকে। দেহ ক্ষতি, অপ্, ভেজঃ, মঙ্গং, ব্যোম, এই পঞ্চ তত্ত্ব আন্ম শক্তির বিচ্ছেদে উদ্বেলিত হইয়া উঠিতে থাকে। এই অবস্থার স্বরূপবর্ণনা শান্তে প্রগন্ম নামে বিবৃত্ত হইয়াছে। আমরা দে দৈহিক পরিষ্টিকে কথা এ স্থলে আলোচনা করিব না; শুধু আত্মার বহির্গমনের শের্যালীটুকু দেখিব।

সাধারণতঃ জীব ইন্দ্রিয়পথে নিজ্ঞান্ত হয়েন। চক্ষ্ণ, কর্ণ, নাসা, মুখ আদি দিয়া ভিনি দেহভাগ করেন। যে মন্ত্র্য জীবিত অবস্থায় যে প্রকার বৃত্তির সমধিক চালনা করে, মৃত্যুকালে ভৎকার্য্যকারী ইন্দ্রিয়পথ অবলম্বন করিয়া ভাষার প্রয়াণ সংসাধিত হয়। অভিরিক্ত হীনচিত্ত সংকীর্ণপ্রাণ ব্যক্তি পদের বৃদ্ধাঙ্গুলি দিয়া বিনির্গত হয়; অভ্যধিক উদরপরায়ণ ব্যক্তিগণ, যাহারা উদরপ্র্তির দিকেই বিশেষ লক্ষ্য রাখিয়া জীবন অভিবাহিত করিয়াছে, ভাহারা গুত্ত্বার দিয়া বহির্গত হয়। কামুক লিঙ্গপথে প্রস্থান করিতে বাধ্য হয়। সাধারণ মৃত্যুভয়-শঙ্কিত বৃদ্ধিজীবী জীব মৃথবিবর দিয়া, মেধাবিনিষ্ট শান্তপ্রকৃতি ধর্মাভীক্ষ জীব নাসিকা, চক্ষ্ অথবা কর্ণপথে প্রস্থান করে। সাধারণ জীবমগুলীর এইগুলিই মৃত্যু-দার। ধর্মপ্রাণ সাধনাভংপর—ভগবান্ই যাহার জীবনের একমাত্র লক্ষ্য, এরূপ ব্যক্তি ললাটপথে বিচরণ করেন, এবং যাহাদিগের সাধনা কৃতকার্য্যতা লাভ করিয়াছে, তাহারা লক্ষরে দিয়া বিন্ধানেক মহাপ্রয়াণ করেন। নিম্বার দিয়া বহির্গমন নিম্নগতির লক্ষণ।

জীবাত্মা যখন দেহ হইতে বহির্গত হইবার জন্ত আপনার ক্ষুরণশক্তি দেহের দিক্ হইতে ফিরাইয়া লয়েন, তখন মনোময় কোষ ক্রমশঃ আচ্ছন্ন, জ্যোতিহীন হইয়া পড়িতে থাকে—অনুভূতিসকল ক্রমশঃ লোপ হইয়া যায়—জ্ঞানের বিকাশ রোধ হইয়া যায়—প্রাণশক্তি অঙ্গসকল হইতে অপস্তত হইয়া যাইতে থাকে।

মন যথন এইরূপে ক্ষাণতর হইতে থাকে, তখন তাহার জীবিত অবস্থার প্রধান প্রধান ভাবগুলি মাত্র শেষ পর্যান্ত স্বপ্নবং উপলব্ধি হইতে থাকে। যেগুলি অস্বায়ী তুর্বল—জীবিত কালে অল্প সময় মাত্র মনের উপর আধিপত্য করিয়াছিল, সেগুলি আগে মিলাইয়া যায়। যে ভাবগুলি যত অধিক ক্ষণ মনের উপর জীবিতাবহায় কার্য্যকারী থাকিত, সেইগুলি তত অধিক ক্ষণ বিকশিত থাকে। মনের অনুভ্তি-শক্তি বিলুপ্ত হইয়া যাইবার শেষ মুহুর্ব্তে সেই জন্য যে ভাবটি সমধিক প্রবল ছিল—সেই ভাবটিই ক্ষুরিত থাকে।

ভাবের সঙ্গে বেদাস্থোক্ত প্রথমস্থ তেজস্তব বা শক্তির সঙ্গে একান্ত ঘনিষ্ঠ সংগ্ধ। শক্তির সহিত ইন্দ্রিয়সকলও তদ্ধপ সম্বন্ধবদ্ধ। প্রাণে একটি ভাব ফুটিলে সেই ভাবটি শক্তিকে উদ্দীপ্ত করে, এবং সেই শক্তিটুকু—সেই ভাবটি যে ইন্দ্রিয়ের সহিত সধন্ধযুক্ত, সেই ইন্দ্রিয়পথে ছুটিয়া যায়।

প্রাণে ভাবসকল ফুটিয়া উঠিবার সঙ্গে সঙ্গে বাহ ইন্দ্রিয়সকল চঞ্চল হইতে

সকলেই প্রত্যক্ষ করিয়াছেন। স্থানয়ে ক্রোধ উদ্ভূত হইলে হস্ত পদ সঙ্কুচিত ও দৃঢ় হইয়। উঠে, লোভ উপস্থিত হইলে রসনায় লালা নিঃস্তুত হয়। কোন পদার্থের দর্শন কল্পনায় আসিলে চক্ষু: বিক্যারিত বা দর্শনযোগ্য আকার গ্রহণ করে। ভাবের সঙ্গে সঙ্গে সংস্কৃত্যক্ত ইন্দ্রিয়সকলও যে সঞ্চালিত হয়, ইহা প্রত্যক্ষসিদ্ধ।

মৃত্যুর অব্যবহিত পূর্ব্বে যখন প্রাণের সমস্ত ভাব মন হইতে মিলাইয়া যাইতে থাকে, কেবলমাত্র জীবিতাবস্থার প্রবল ভাবগুলি উজ্জীবিত থাকে, তখন পূর্ব্বোক্ত কারণে সেই সেই ভাব যে ইন্দ্রিয়ের উপর কার্য্যকারী, সেই ইন্দ্রিয়পথে প্রাণ-শক্তিকে চালিত করে। স্বতরাং জীবাত্মাও সেই ইন্দ্রিয়ে গিয়া অশ্রয় গ্রহণ করেন এবং সমস্ত শক্তি বা তেজ সংগৃহীত হইলে সেই ইন্দ্রিয়পথেই তিনি নির্গত হইয়া যান।

মনে কর, কোন ব্যক্তি জীবিভাবস্থায় একাস্ত উদরপরায়ণ ছিল। তাহার মনের উপর আহারের চিস্তাই চিরদিন প্রবলভাবে আধিপত্য করিয়া আসিয়াছে। ভাহার মৃত্যুকালে মনোময় কোষ হইতে অনুভূতিসকল যখন ক্রমশঃ মিলাইয়া ষাইতে থাকিবে, তখন একমাত্র আহারচিন্তাই স্বপ্নবং উজ্জীবিত থাকা সম্ভব। যে ভাব যত অধিক ক্ষণ প্রাণে কার্যা করে, সে তত বলশালী হয়: এবং অন্যান্ত ভাব মিলাইয়া গেলেও সেইটাই শেষ পর্যান্ত মনে ফুটিয়া থাকে। অক্সান্স কুত্র কুত্র ভাবগুলি মিলাইয়া গেলেও সেই প্রবল ভাবটা প্রতিরোধ অভাবে সমস্ত মমের উপর আধিপত্য করিবার অবসর পায়। হুতরাং উদরপরায়ণ ব্যক্তির সমস্ত ভাব মিলাইয়া গেলেও শেব মুহুর্ত্তে যে আহারচিম্বাই বলবতী থাকিবে, ইহা ন্ধির। সাধারণতঃ আহার ক্ষিতি ও রসতত্ত্বের পোষক। আহার অপরিমিত ও লোভযুক্ত না হইলে ইহা রসভত্ত্বের পরিবর্দ্ধন করে, এবং অপরিমিত ও লোভযুক্ত হইলে ক্ষিতিভত্ত্বের পরিচালক। স্বতরাং উদরপরায়ণের আহার ক্ষিতিভত্ত্বের উপর সমধিক ক্রিয়াশীল। মৃত্যুকালে এই উদরপরায়ণের হৃদয়ে যখন সমস্ত ভাব স্থপ্ত হইয়া পড়িবে, কেবলমাত্র ভাহার জীবনের আহার-সংস্কারের স্বপ্ন জাগরিত থাকিবে. তখন ক্ষিতিতত্তের কর্শ্বেব্রিয়-পথে তাহার শক্তির ও আত্মার গতি হইবে। ক্ষিতি-তত্ত্বের কর্ম্মেব্রিয় পায়ু; স্বভরাং উদরপরায়ণের আত্মা ও শক্তি মৃত্যুর অব্যবহিত পূর্বে গুহাঘারেই অবস্থান করিবে, এবং মৃত্যুক্তপে পরিবর্তনটুকু সম্পূর্ণরূপে मूरमाथिक श्रेरम् जे भर्षरे निकास श्रेमा याहेरव।

জীবাস্থা এইরাপে আপনার সংকারার্যায়ী উর্দ্ধ অথবা নিম্নপথে বহির্গত হন।
উদ্ধ অথবা নিম্নপথে বহির্গমনই উদ্ধ অথবা নিম্নগতির চিহ্ন। যোগী পুরুষদিগের
প্রাণে মৃত্যুর সময় ভগবদ্ভাব প্রবল থাকে বলিয়াই তাঁহারা ব্রহ্মরক্স দিয়া নির্গত
হইয়া যান। যেমন উদরপরায়ণের দৃষ্টাস্তে ব্ঝিয়াছি, আহারের প্রবল সংস্থার
মৃত্যুর সময় মনে ফুটিয়া থাকে বলিয়া সে নিম্ন ইন্দ্রিয়পথে বিনির্গত হয়—তজ্ঞপ
যোগীর প্রাণের প্রয়াণকালের ভগবদ্ভাব তাঁহাকে উর্দ্ধে বা ব্রহ্মরক্সে নীত করে,
এবং তিনি সেই পথে নির্গত হইয়া বায়ু ভেদ করিয়া শর যেমন নির্কিন্তে লক্ষ্যে
গিয়া পৌছায়, তেমন ভাবে ব্রহ্মলোকে গিয়া উপনীত হয়েন।

ইহা হইতে প্রধানভঃ এই তব্টি উপলব্ধ হইতে পারে যে, প্রাণের উপর ভগব্চিস্তার সংস্থার অন্যান্ত চিম্ভা অপেক্ষা প্রবল হইলে তবেই মুত্রার পর উদ্ধ-লোক প্রাপ্তি ঘটিতে পারে। অক্সথা কোন প্রকারেই হইতে পারে না। এবং সেই জক্মই যাহাতে মৃত্যুকালে ভগৰচ্চিন্তা প্ৰাণে সদ্ধাগ থাকে, তাহার প্রকৃষ্ট উপায় অবধারণাই সাধকজীবনের একমাত্র লক্ষ্য হওয়া আবশ্যক। কোন প্রকারে মৃত্যুকালে ভগবন্তাব প্রাণে যাহাতে ফুটিয়া উঠে, তাহার কোন পন্থা আছে কি না, সে সম্বন্ধে অনুসন্ধান করা আবশ্যক। পূর্বেব বলিয়াছি, যে চিস্তা যত অধিক ক্ষণ প্রাণে কার্য্যকরী থাকে, উহা তত দৃঢ়ভাবে খোদিত হইয়া যায়। এবং যখন সমস্ত সংস্কার মিলাইয়া যাইতে থাকে, তখন যেটা গভীর ভাবে খোদিত, সেটা ক্ষয়িত ইইয়া যায় না। যেমন একখানি প্রস্তরখণ্ডের উপর যদি কভকগুলি রেখা অঙ্কিত বরা যায়, এবং তার পর অন্য কোন পদার্থ দিয়া যদি সেই প্রস্তুর্ধানিকে ঘর্ষণ করা যায়, ভাহা হইলে ক্রমশঃ যেমন অগভীর রেখাগুলি বিলুপ্ত হইয়া গিয়া, কেবলমাত্র গভীর ভাবে খোদিত রেখাগুলি অবশিষ্ট থাকে, মৃত্যুকালে মনোময়-কোথের অবস্থা ডব্রূপ বুঝিতে হইবে। এবং সেই জম্মই ভগবচ্চিস্তার গভীর সংস্কার প্রাণের উপর আধিপত্য করাই যে উর্ন্ধগতির একমাত্র উপায়, ইহা স্থির সিদ্ধান্ত। কিন্তু এই ভগবৎসংস্কারকে স্থৃদৃঢ় করিবার একটা প্রণাদী যোগীদিগের বিদিত আছে। সাধকমাত্রেরই উহার অহুষ্ঠান করা আবশুক। প্রত্যহ নিশাকালে শয়ন করিবার অব্যবহিত পূর্ব্বে যথাসাধ্য পবিত্রভাবে ঈশ্বরকে স্মরণ করিয়া শয়ন করিবে। শয়ন করিয়া ভগবানের পদ্মনাভমূর্ত্তি চিন্তা করিবে। চি**ন্তাকালে চকুর্দ্ব**য় মুজিত থাকিলেও ললাটের দিকে উহা আকৃষ্ট করিয়া রাখিবে। পদ্মনাভম্ত্তির প্রধান শক্ষণ, ভগবানের নাভিস্থানস্থ পদ্মমধ্যে ব্রহ্মার অধিষ্ঠান। তুমি ভাবিবে, যেন

ভগবান্ সমুদ্রে শায়িত এবং তাঁহার নাভিস্থল হইতে একটা পদ্ম প্রকৃতিত হইয়া, তাহা হইতে ব্রহ্মা আবিভূতি হইয়াছে। এইরূপ চিন্তা করিতে করিতে যখন তুমি তক্ময় হইতে অভ্যন্ত হইবে, তখন বুঝিবে, ভোমার চিন্তা প্রগাঢ় হইয়াছে। অবশ্য চিন্তায় তন্ময় হওয়া একেবারে ঘটিবে না ; চিন্তা করিতে করিতে প্রথম প্রথম তুমি নিজিত হইয়া পড়িবে ; কিন্ত তাহাতেও কাজ হইবে। একটু আগ্রাহের সহিত চিন্তা করিলেই তোমার চিন্তা ক্রমশঃ বর্দ্ধিত হইতে থাকিবে এবং ধীরে ধীরে নিজা যেমন আসিতে থাকিবে, তোমার মনে হইবে, যেন তুমি ঐ ধ্যেয় মূর্ত্তিতে মিলাইয়া যাইতেছ। এইরূপ ধ্যেয়মূর্ত্তির সহিত মিলিত হইয়া যাওয়া গাঢ়তর হইলে তুমি সেই নিজা ও জাগরণের সঙ্গম সময়ে অমুভব করিবে, যেন তুমিই সাগরশয্যাশায়ী এবং তোমারই নাভিস্থলে ব্রহ্মাক্তি অধিষ্ঠিত। তখন তোমার আত্মা নিজাকালে অপূর্ব্ব দৃশ্যসকল দেখিতে পাইবে। উহা স্বপ্ন মনে করিও না, আধ্যাত্মিক জগতের ছবি বলিয়া ভাবিবে, এবং তখন হইতে যদি আজ্ঞাচক্রে মনকে সংযত রাথিতে অভ্যাস কর ও কৃতকার্য্য হও, তাহা হইলে তুমি তোমার নিজাবন্থার স্বরূপ মূর্ত্তি প্রত্যক্ষ করিতে সক্ষম হইবে।

নিজাকালে আত্মা অনস্কশ্যাশায়ী হন। আপনার কারণ-শরীররূপ দাগরে তিনি ভাসমান থাকেন; অথবা প্রাক্ত পুরুষে বা কারণবারিশায়িত নারায়ণে মিলিত হইয়া যান। অপ্রতি জীব ঈশ্বরে একীভূত হয়, ইহা শ্রুতির কথা। এবং বেলা বা স্বষ্টিশক্তি তাঁহার নাভিপল্পে কেন্দ্রীভূত হইয়া অবস্থান করেন। তুমি নিজাবস্থায় রক্তবর্ণ জ্যোতির্ময় স্বষ্টিশক্তিকে বা স্থুল প্রাণশক্তিকে নাভিস্বলে যোগময় দেখিতে অভ্যাস করিবে। ঐ ব্রহ্মশক্তি তোমার জ্বাগরণের সঙ্গে সঙ্গে করেশ ভাবে তোমার স্থুল শরীরের ভিতর অনুপ্রবিষ্ট হইয়া দেহাভাস্তরে স্বষ্টি-কার্য্য সম্পাদন করেন, ক্রমশঃ তাহা দেখিয়া পুল্কিত হইবে।

এইরূপ ভাবে নিজিতাবস্থায় দেহাভাস্তরে স্পষ্টি, স্থিতি, লয়কার্য্য এক আনন্দ-রসে পর্য্যবসিত হয়, এবং উহা সম।ক্রপে হুদয়ঙ্গম করা যায় বলিয়াই শাস্ত্রে শয়নকালে পদ্মনাভ্যুত্তি চিস্তা করিবার বিধান করিয়াছেন।

যাহা হউক, নিজাকালে এইরপে জাগ্রত থাকিবার অভ্যাসে দৃঢ়ীভূত হইতে থাকিলেই বুঝিবে, তুমি মৃত্যুসময়ে জাগ্রত থাকিবার অভ্যাসে অভ্যন্ত হইতেছ। মৃত্যুকালে ধীরে ধীরে যখন তুমি মহানিস্তায় অভিভূত হইয়া পড়িতে থাকিবে, ভখন এই অভ্যাস ভোমায় জাগ্রত রাখিতে সক্ষম হইবে। তখন তুমি বহি-

র্জগতের চক্ষে মৃত্যুর গভীর অন্ধকারে অনুপ্রবিষ্ট হইতেছ বলিয়া অনুমিত হইলেও তুমি আপনি প্রভাক্ষভাবে বুঝিতে পারিবে, তুমি এক অপূর্ব্ধ শান্তিময় অনস্ত-বিশ্বত স্থিক সাগরে শায়িত হইতেছ; এবং ভোমার শক্তি কেন্দ্রীভূত হইয়া যোগস্থ হইতেছেন। এ শক্তির কেন্দ্রই ব্রহ্মলোক; এবং উহা প্রভাক্ষ হইলেই বুঝিতে হয়, তুমি ব্রহ্মলোকে নীত হইতেছে।

নিজাকে খণ্ড মৃত্যু বলিয়া বৃঝিবেঁ। এবং প্রতি খণ্ডমৃত্যুতে এইরূপে ব্রহ্মন দর্শনে অভাস্ত হইলে মহামৃত্যুর আশঙ্কায় আর তোমায় ভীত হইতে হইবে না। মৃত্যু বিভীষিকাময়ী না হইয়া তখন সত্য জীবনের সন্ধান বলিয়া দিবে। ভোমার সমস্ত জীবন ধরিয়া যাহা কিছু করিতেছ, বৃঝিও, ইহা এক দিনের অভিনয়ের জন্ত প্রস্তুত হইতেছ।

রঙ্গমঞ্চের অভিনেতৃবর্গ যেমন আপনাপন অভিনয় দেখাইবার পূর্বের আপনার অভিনয়টুকু অভ্যস্ত করিয়া লয়, সারা জীবনব্যাপী তোমার কর্মকুঞ্জ তজ্ঞপ বৃঝিবে। মৃত্যুশয্যা সে অভিনয়ক্ষেত্র—মৃত্যুই তোমার সে অভিনয়। কিরপভাবে তুমি তোমার অভিনেয় অংশটুকু অভ্যাস করিয়াছ, মৃত্যুসময়েই তাহার পরীকা। যদি প্রত্যহ সেই মহা অভিনয়ের অভ্যাস নিয়মিতরূপে করিতে থাক, তবেই তুমি হুচারুভাবে অভিনয় করিয়া কুতরুতার্থ হইতে সমর্থ হইবে। এখন হইতে সে অভ্যাস যদি না কর, তাহা হইলে রঙ্গমঞ্চে হাস্তাম্পদ হইবে মাত্র।

এই জন্মই এক হিসাবে মরণের জন্ম প্রস্তুত হওয়াই যেন জীবনের উদ্দেশ্য বলিয়া বুঝিতে হইবে।

যাহা হউক, মৃত্যুকালে আপন সংস্কারান্ত্র্যায়ী আত্মা আপনার নির্গমনোপযোগী দারে উপস্থিত হইলে তখন ধীরে ধীরে তাঁহার প্রাণশক্তি গুটাইয়া
আসিয়া তাঁহাতে লিপ্ত হইতে থাকে; এবং দেহের বাহিরে আসিয়া
ব্যোমপরমাণুতে গঠিত একটী মূর্ত্তি নির্মাণ করে। দেহ হইতে অল্প উর্দে
এই মূর্ত্তি সংসাধিত হয়; এবং দেহাভ্যন্তর হইতে প্রাণশক্তি আসিয়া ঐ
দেহে আশ্রয় লাভ করে। শ্রোতের জলে যেমন মরাল ভাসিতে ভাসিতে
আসিতে থাকে, তেমনই ভাবে আত্মা দেহ হইতে নিজ্ঞান্ত হইয়া ঐ প্রাণময়
দেহে আশ্রয় লাভ করেন। এ প্রোত্তি শুল স্ত্রের আকারে বহির্গত হয়। আত্মা
বহির্গত হইবার পরও এই সূত্রটী কিছু কণ দেহে সংযুক্ত থাকে। যতকণ
না সমস্ত শক্তিটুকু নিংশেষিত হইয়া বহির্গত হইয়া আসে, ততক্ষণ এই সূত্র

পরিদৃষ্ট হয়; এবং ততক্ষণ জীবাত্মা পরিতাক্ত জীর্ণ দেহের নিকট অবস্থান করিতে থাকেন। এই সময়ে যখন অন্নময় স্থল দেহের বাহিরে গিয়াও আত্মা সে দেহের সহিত ঈষৎ সংযুক্তভাবে তাহার নিকট অবস্থান করেন, তখন সে স্থলে পবিত্র-ভাবে ঈশ্বরের নামাদি কীর্ত্তন করিলে, তিনি তাহা শ্রবণ করিতে সক্ষম হন, এবং তাহাতে তাঁহার মনোময় কোষে ভগবংসংস্থার ফুটাইয়া তুলিতে সক্ষম হইতে পারেন। মৃত্যুকালে মৃত ব্যক্তির নিকটে শোক করিতে নাই; তাহাতে তাহার চিত্তবিজ্ঞম ঘটিবার বিলক্ষণ সম্ভাবনা। বলিয়াছি, মৃত্যুক্ষণই অভিনয়ের সময়। সে সময় চিত্তবিভ্রম ঘটিলে সমস্ত পণ্ড হইয়া বাইতে পারে: এবং উদ্ধাগতিরও ব্যতিক্রম ঘটিতে পারে। আবার মৃত্যুসময়ে ঈশ্বর-শ্বরণ করিয়া তাহার প্রাণে প্রশারভাব সজাগ করিয়া দিতে পারিলে, তাহার উদ্ধাণতির পক্ষে সাহায্য করা হয়। আমি এ সম্বন্ধে একটা দৃষ্টাস্থ দিতেছি। কোন পল্লীগ্রামে একটা কৃষক মৃহ্যকালে কি প্রকারে অপরের সাহায়ে সদগতি প্রাপ্ত হইয়াছিল, ইহা হইতে স্পষ্ট বুঝ। যাইবে। কুষকটার মৃত্যুসময় উপস্থিত; তাহার চারি ধারে দ্রী পুত্রাদি আত্মীয়বর্গ তাহাকে বেষ্টন করিয়া শোকে মর্মভেদী চীংকার করিতেছে। প্রতি-বেশীরা তাহাদিগকে বেষ্টন করিয়া তাহাদিগের সে শোকাকুল ভাব দর্শন করিয়া অশ্রুপাত করিতেছে। শোকের সে হৃদয়বিদারক দৃশ্য শাস্তিকে সরাইয়া দিয়াছিল। দারুণ অশান্তির মধ্যে সে রুষকের আত্মা দেহ হইতে বহির্গত হইতেছিল, এমন সময়ে তাহাদিগেরই একজন ভাহ্মণ প্রতিবেশী সে ক্রন্দনধ্বনি শুনিয়া সেখানে আসিয়া উপস্থিত হইলেন। বৃদ্ধ ব্রাহ্মণ আসিয়া সকলকে সরাইয়া দিয়া, কুষকের আত্মীয় স্বজনকে মৃত্ ভর্ণসনা করিয়া বলিলেন, যে ভোমাদিগকে এত দিন ধরিয়া ভরণ পোষণ করিয়া আসিল,আজ মৃত্যুসময়ে তাহার হৃদ য়ে অশাস্তির উচ্ছাস তুলিয়া কেন কৃতন্বতা করিতেছ ? এস, আমার সঙ্গে এই মহামুহুর্ত্তে ভগবংনাম কীর্ত্তন কর। উহাকে সারা জীবনব্যাপী পরিশ্রমের পর শাস্তিতে বিশ্রাম লাভ করিতে দাও।

বৃদ্ধ ব্রাহ্মণের দৃঢ় আদেশে তাহার আত্মীয়বর্গ বস্তুতঃই শোক প্রকাশে বিরত হইল এবং ব্রাহ্মণের সহিত সমন্বরে তাহারা ভগবংনাম কার্ত্তন করিতে লাগিল। ধর্মপ্রাণ ব্রাহ্মণের ঈশ্বরনাম স্মরণে লোচনদ্বয় অঞ্চপূর্ণ হইল। শোকের উদ্ধাস নিভিয়া গিয়া সেখানে ভক্তির উদ্ধাস প্রবাহিত হইল। কৃষকের দেহ ক্রমশঃ স্পান্দনহীন মৃতদেহে পরিণত হইল—কৃষক মরিল।

উক্ত আমখানি কোন নদীতীরে অবস্থিত। সেই নদীর কূলে বসিয়া জনৈক

গৈরিকধারী পুরুষ নদীর শোভা সন্দর্শন করিতেছিলেন। এমন সময়ে সেই বৃদ্ধ আহ্মণ স্নান করিবার জন্ম সেই ঘাটে আসিয়া উপস্থিত হইলেন। ঘাটনী গ্রাম হইতে প্রায় অর্দ্ধ ক্রোশ দূরে অবস্থিত। ব্রাহ্মণ সেইখানে সেই গৈরিক বসনধারী পুরুষকে সাধু বিবেচনা করিয়া তাঁহার নিকট আসিয়া উপস্থিত হইলেন। তখন সেই সাধু ঐ গ্রামখানি লক্ষ্য করিয়া বৃদ্ধ ব্রাহ্মণকে জিজ্ঞাসা করিলেন, "———নামে কোন কৃষক কি এইমাত্র**ুমারা গিয়াছে ?" অত শী**ল্ল গ্রামের সংবাদ সেই ঘাটে আসিবার কোন সম্ভাবনা ছিল না। ভ্রাহ্মণ বিস্মিত হইয়া কুষকের মৃত্য-বৃত্তান্ত সাধুকে বলিলেন, এবং তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, তিনি কিরুপে কৃষকের মৃত্যুসংবাদ জানিলেন। তখন সাধু ব্রাহ্মণকে লক্ষ্য করিয়া বলিলেন, আপনার দারা ঐ ক্যকের যথেষ্ট উপকার সংসাধিত হইয়াছে। দেহত্যাগের পর সেই রুষক এইমাত্র আমার নিকট আসিয়াছিল। আমি অর্দ্ধঘণ্টা মাত্র এখানে আসিয়া একট বিশ্রামের জন্ম এই বৃক্ষতলে উপবিষ্ট হইয়াছি। স্থানটা নির্জ্জন পাইয়া আমি একট ভগবচ্চিন্তা করিতেছিলাম। সহসা দেখিলাম, একটা জীবাত্মা স্ক্রাদেহে আমার সম্মুখন্থ হইয়া আমাকে প্রণাম করিল এবং স্পাতির জন্ম আমার নিকট প্রার্থনা করিল। আমি তাহাকে ভগবংনাম গুনাইয়া দিয়াছি, তাহার স্পাতি হইয়াছে। ভাহার মৃত্যুকালে আপনি এরপে **ঈশ্বনা**ম কীর্ত্তন না করিলে তাহার এই স্রযোগ ঘটিত না।

ইহা হইতে স্পষ্ট বুঝিতে পারা যায়, মৃত্যুকালে প্রাণে কোন প্রকারে একটু ভগবদ্ভাব উদিত হইলে সদগতি অনিবার্যা।

যাহা হউক, এইরূপে আত্মা দেহত্যাগ করেন। এইরূপে পরিত্যক্ষ্য দেহ পরিত্যাগ করিয়া স্ক্রাদেহ অবলম্বনে প্রেতাদি লোকসকল ভোগও তাহাও অভিক্রেম করিয়া শক্তি অনুযায়ী জ্ঞানযুক্ত বা অজ্ঞান অবস্থায় বিজ্ঞানময় কোষ পর্যাম্ব উঠিয়া, পুনরায় আপন কর্মানুযায়ী দেহ ধারণের জন্ম বহিন্দু খী হইয়া ধীরে ধীরে বাছ জগতে প্রকাশ পান।

আমাদিগের এই বাহ্য জগতের ঠিক পরের স্ক্র স্তরই ভ্বলোক। জীব-মাত্রকেই ভ্বলোক অভিক্রম করিয়া যাইতে হয়। সাধারণ জীব এবাহ দশ দিন হইতে এক বংসরের মধ্যে এই প্রেভলোক অভিক্রম করে। জীবিভাবস্থায় যাহা-দিগের চিত্তে প্রবল আশক্তি বর্ত্তমান থাকে—কোন কার্য্য করিবার দৃঢ় সঙ্কর প্রাণে বর্ত্তমান থাকিতে যদি কেছু দেহভাগি করে,—মনের কোন প্রবল বাসনা অপূর্ণ থাকিতে যদি কেহ মৃত্যমুখে পভিত হয়, তাহ। হইলে তাহাকে এই লোকে কর্মের বেগটুকু ক্ষয় হয়। যেমন করিতে হয়। এই লোকে কর্মের বেগটুকু ক্ষয় হয়। যেমন কোন জিনিষ ঘুরাইতে ঘুরাইতে তাহাতে শক্তিপ্রযোগ বন্ধ করিয়া দিলেও কিছু- ক্ষণ উহা পূর্ব-শক্তিবলে ঘুরিতে থাকে, এবং শক্তি নিঃশেষিত হইলে ক্রমশঃ স্থির হইয়া যায়, মৃত্যুর পর আমাদিগের ইহলোকের সংকল্পের বেগসকল যতক্ষণ প্রবল থাকে, যতক্ষণ সে বেগটুকু মন্দীভূত হইয়া না যায়, ততক্ষণ তদ্রপ আমরা এই প্রেতলোকে থাকিতে বাধ্য হই। এ বেগটুকু ক্ষয়ীভূত হইয়া গেলেই আমরা এই লোক অতিক্রম করি।

প্রেতলোকে ভোগ্য সামগ্রী আছে, অথ ভোগের তৃপ্তি নাই—ইহাই প্রেত-লোকের যন্ত্রণা। ইচ্ছামাত্র আপনার সংক্রান্ত্যায়ী পদার্থ পাওয়া যায়, কিন্তু সে বস্তু ভোগ করিয়া ভোগের তৃপ্তি তাহাতে পাওয়া যায় না। কোন বস্তু আহারের ইচ্ছা হইলে, সে আহার্য্য-সামগ্রী তংক্ষণাৎ দেখিতে পাওয়া যায়, কিন্তু এই জগতে আহারে যেমন ক্ষ্মা নির্ত্তির একটা শান্তি আছে, প্রেতলোকে তাহার তিলমাত্রও নাই। খাইতেছ, পান করিতেছ, কোন জিনিষ স্পর্শ করিতেছ; অথচ খাইয়া,পান করিয়া, ইহ জগতে যে স্থামুভূতি আছে, সেথানে উহা বিরক্ষারা সামান্য মাত্রই পাওয়া যায়। ইহাই প্রেতলোকের বিভ্নমা।

ইহ জন্মের যে সংকল্প প্রবলভাবে বর্ত্তমান থাকে, প্রেতলোকে উহা ভৌগ হয় বিলয়া আমাদিগের প্রেতশরীরও তদ্রপ আকারে গঠিত হয়। রসনার পরিতৃপ্তি করিতে যাহারা সদসং বিচারজ্ঞানশৃত্য হইয়া যথেচ্ছ আহারে অভ্যন্ত, প্রেতলোকে ভাহাদিগের লোলজিহনা বক্ষঃস্থল অবধি প্রস্তুত হইয়া ঝুলিতে থাকে: এইরপে যে ইন্দ্রিয়ের অযথা ব্যবহার ও যথেচ্ছ চরিতার্থতায় ইহ জীবনে আমাল অভ্যন্ত হই, প্রেতশরীরে আমাদিগের সেই ইন্দ্রিয় অযথাভাবে পরিবর্দ্ধিত হইয়া আমাদিগের আকারকে বিকট করিয়া তুলে। অত্যাত্য ইন্দ্রিয় সম্বন্ধেও তদ্রপ বুঝিকে হইবে। যে সকল ত্রাকাজ্ফাকে প্রাণের ভিতর আমরা অহরহঃ পোষণ করি, প্রেতলোকে সেই সকল আকাজ্ফা অগ্নিশিখাবং হৃদয়ে প্রত্যক্ষ হয়, এবং অসীম জ্বালা প্রদান করে।

যারা হউক, ইহলোকস্থ সংকল্পসকলের বেগান্ন্যায়ী এইরূপে প্রেতলোকে আলা বন্ধণা অনুভব করিয়া, তার পর আমাদিগের প্রেতশরীর ক্ষয় হইয়া যায়। অর্থাৎ ইহলোকে যেমন অরময় কোবে মৃত্যু সংসাধিত হইয়াছিল, প্রেতলোকেও

তজ্ঞপ আমাদিগের • প্রেতশরীরেরও মৃত্যু সংসাধিত হয় এবং তখন আমরা মনোময় দেহ লাভ করিয়া, স্বর্গলোকে পুণ্য কর্মের ভোগের জন্ম নীত হই।

এইরূপে স্তরে স্তরে আমাদিগের এক একটা আবরণ খসিতে থাকে। এই আবরণ খসার নামই মৃত্যু। কিন্তু বলিয়া রাখি, এইরূপে স্থল আবরণ খসিয়া যত সৃশ্ম আবরণ প্রকাশ পাইতে থাকে, আমাদিগের অনুভূতিও তত ক্ষীণ ও স্বপ্লবং হইয়া যায়। যাঁহাদিলের স্থাশুরীর সাধনা প্রভাবে কার্যাক্ষম হইয়াছে, তাঁহাদিগের মনোময় কোষে বিজ্ঞানময় বা স্বর্গ ও উদ্ধৃতিমলোকের ভোগসকল স্থুন্দররূপে হৃদ্যুক্তম হয় এবং এই সকল আনন্দময় নগরের আনন্দ সঞ্জোগ করিতে তাঁহারা সক্ষম হয়েন। কিন্তু সাধারণ জীবের, যাহাদিগের ঐ সৃক্ষ কোষ বা আবরণসকল ভাধনা প্রভাবে এখনও যথোচিত সংস্কৃত্ ও পুঠ হয় নাই, ভাহা-দিগের স্বর্গাদি উদ্ধতির লোকের ভোগসকল স্বপ্নবং অনুভূত হয় এবং বিজ্ঞানময় কোষের সন্তুত্তি তাহাদিগের প্রায় থাকে না। জীব অজ্ঞান হইয়া গেলে সে যেমন আপন অস্তিত্ব অবধি উপলব্ধি করিতে পারে না, বিজ্ঞানময় কোষে তেমনই সাধারণ জীব আপনাব অস্তিতবোধ অবধি প্রায় হারাইয়া ফেলে। এবং পুনবায় কি ভাবে জগতে অবতীর্ণ হইতে হইবে—কিরূপ ক্ষেত্রে, কিরূপ সন্থে, কিরূপ অবস্থায় অবতীর্ণ হইতে হইতে ও কোন্ কোন্ কাধ্য সম্পাদন কৰিতে হইবে, ইত্যাদিরপ্রশ্বাপনার বিচার-রহস্ত সম্যক্রপে অনুভব করিতে भारत मा।

যাঁহারা সাধনা-তৎপর এবং ঈশ্বরপরায়ণ, প্রেডলোকটি তাঁহারা মুহুর্ব্বে ভেদ করিয়া চলিয়া যান। কিন্তু সাধারণ মন্ত্র্যু প্রেডলোকের তৃত্তি ভোগ না করিয়া ইহা অতিক্রম করিতে পারে না। সারা জীবন নিকৃষ্ট চিস্তাথ নিমগ্ন থাকিয়া যাহারা দেহত্যাগ করে, তাহাদিগের প্রেডলোকের যন্ত্রণা অবর্ণনীয়।

যাহা হউক, এ সম্বন্ধে অধিক বলিবার আবশ্যক এ স্থলে নাই। দেহসকল যে বস্ত্রবৎ আমাদিগের অঙ্গের আবরণ মাত্র, এইটুকু বুঝাইবার জন্ম আমি আর একটা কথা বলিব। উহা পরকায়-প্রবেশ। অনেক সাধু সম্বন্ধে এরূপ শুনিতে পাওয়া যায়, তাঁহারা স্বচ্ছদে আপনার দেহ পরিত্যাগ করিয়া অন্ধ্র দেহে প্রবিষ্ট হইতে পারেন। আজিকালিকার দিনে অসম্ভব বিবেচিত হইলেও ইহা প্রত্যক্ষসিদ্ধ। অনেক যোগীর ইহা প্রত্যক্ষ হইয়াছে, এবং অনেক যোগীকে এখনও এরূপ আলৌকিক শক্তিসম্পন্ন দেখিতে পাওয়া যায়। যাঁহারা এ

সমস্তের সন্ধান রাখেন, তাঁহারা চেষ্টা করিলে এরপ যোগীর সাক্ষাৎ লাভ করিতে পারেন।

কেমন করিয়া যোগীরা এ শক্তি সংগ্রহ করেন, ইহা জানিবার জন্ম কেহ কৌত্হল-পরবশ হইতে পারেন। কিন্তু ইহা অপ্রকাশ্য বলিয়া আমি সবিস্তারে বর্ণনা করিতে পারিলাম না। তবে স্থুলতঃ ইহা যে প্রকারে সংসাধিত হইতে পারে, তাহা সংক্ষেপে বলিতেছি। মনুষ্য চেষ্টা করিলে, দেহের ভিতর থাকিয়াই দেহের সহিত অসংবদ্ধভাবে আপনি অবশ্বান করিতে পারে। যেমন একটা স্থপক কলের মধ্যস্থ অপ্তি (আটি)—বাঁহারা সাধনাতৎপর, তাঁহাদিগের অবস্থাও এইরূপ হইয়া যায়। অর্থাৎ স্থপক কলের বীজ যেমন শাঁসের সহিত দৃঢ়ভাবে সংলগ্ন থাকে না, তেমনই সাধকদিগের স্থাদেহ স্থলদেহের অভাস্তরে অসংলগ্নভাবে অবস্থান করে। যিনি যে পরিমাণে ভগবচ্চিস্তায় তৎপর থাকেন, তিনি সেই পরিমাণে স্থলদেহের সহিত এইরূপে অসংবদ্ধ হইতে পারেন এবং সেই সকল লোকের দেহত্যাগের সময় স্থলদেহের সহিত বিশেষ বন্ধন থাকে না বলিয়া তাঁহার। বিনাক্রেশে বহির্গত হইতে পারেন।

আবার বাঁহারা তত ঈশ্বরম্থী না হইয়াও শুধু শক্তিলাভের জন্ম ইচ্ছুক
হয়েন, তাঁহারা দেহের সহিত অসম্বন্ধ হইবার জন্ম কোশল-সকল অবলম্বন
করেন। আমাদিগের দেহের অভ্যন্তরে সৃক্ষদেহের গমনাগমনের নাড়ী-প্রবাহ
বা পথসকল অবস্থিত। সে সকল পথের যোগশাল্রোক্ত নামসকল শুনিয়া
সাধারণ পাঠকের কোন উপকার হইতে পারিবে না। বরং কতকগুলি জটিল
রহন্ত হদয়ের উপস্থিত হইবে। অনেক মন্ত্রন্থকে এরপে ইড়া, পিঙ্গলা, স্রযুয়া,
কুর্মা, চিত্রা প্রভৃতি নামসকল উচ্চারণ করিতে শুনা যায়—অনেক যোগীনামধারী
পুরুষকে ঐ সকল পথের বর্ণনা করিতেও মধ্যে মধ্যে শুনিতে পাই। কিন্তু
তাঁহাদিগের সে বর্ণনা শুনিলে স্পষ্ট উপলব্ধি হয়, তাঁহারা যোগশান্ত-লিখিত
বর্ণনাগুলিই যথাক্রত বলিতেছেন। একটা পথেরও যথার্থ সন্ধান জানেন না।
থামন কি, ঐ নাড়ীশুলি যে কি, সে সম্বন্ধেও জ্ঞানের আভাস দেখিতে
পাওয়া যায় না। তাঁহারা আপনাদিগকে ঙাহাদিগের অজ্ঞাত কতকগুলি জটিল
রহস্তের মধ্যে নিক্ষেপ করিয়াছেন এবং ঐ সকল সাধারণের পক্ষে জ্ঞানিল শব্দের
সার্থিত করিয়া স্থাবারণকেও জ্ঞানী রহস্যে নিক্ষেপ করেন। ফলডঃ কডকগুলি

যোগশাত্ত্বের শব্দ সংপ্রহ ছাড়া আর কিছুই হয় না। আমি সেই জন্ত শব্দের ধানদায়
পাঠকবর্গকে ফেলিতে চাহি না।

যাহা হউক, স্থুলদেহের সহিত আপনাদিগকে অসম্বদ্ধ করিতে যাঁহাদিগের ইচ্ছা ঈশ্বরলাভেচ্ছা অপেক্ষা বলবতী, তাঁহান্নাও কৌশলের দ্বারায় এ শক্তি লাভ করিতে পারেন। প্রথমতঃ প্রবল যত্ত্বের সহিত চিম্ভাশূন্ত হইয়া অবস্থান করিবার অভ্যাস করিতে হয় এবং চিত্তবৃত্তি নিরোধ করিবার উপায় অবলম্বন করিয়া কিছু দিন থাকিতে হয়। চিত্তবৃত্তি নিরোধ করিবার অনেক প্রণালী আছে। সে সম্বন্ধে পরে বলিব। যখন কিছুদিন কেহ এই অভ্যাস করেন, তখন তাঁহার হৃদয়ে প্রথমতঃ একটী শুহাবং ভাব উপস্থিত হয় এবং তিনি যেন দেহের মধ্যে থাকিয়াও অবলম্বন হীন হইয়া পড়েন। এই অবস্থায় চিত্তের আশঙ্কা উপস্থিত হয়। কুদ্র শিশুকে সঞ্চালিত করিলে, সে যেমন চমকিত হইয়া উঠে, অথবা **বর্গে শৃগু হইতে পড়িয়া** যাইতেছি, এরপ চিত্তবিকার উপস্থিত হইলে নিজিত ব্যক্তি যেম্ন ভাত হইয়া শয্যা দৃঢ়-করে ধারণ করিয়া আশ্বস্ত হয়—প্রথম যথন কাহারও চিত্তে এরপ শৃগ্ত-ভাব প্রকাশিত হয়,তাহারও অবস্থা তজ্ঞপ। সেই সময়ে সাধারণতঃ তাহার চিত্ত ঘুরিয়া বহিমুথে আসিয়া দাঁড়ায় এবং স্থুল দেহ অবলংন করিয়া পুনরায় আশস্ত হয়। এইরূপ কিছুদিন হইবার পর ক্রমশঃ তাহার আশঙ্কা ভিরোহিত হইতে থাকে, এবং তখন অন্তরের মধ্যেই শুভ্র জ্যোতীরেখাবং কোন পদার্থ প্রত্যক্ষীভূত হয়। তখন সাধক সেই জ্যোতীরেখা অবলম্বন করিবামাত্র দেখে, পূর্ব্বে স্থুলদেহ অবলম্বন করিয়া ভাহার যেমন ভয় তিরোহিত হইত, এই জ্যোতীরেখা অবলম্বন করিয়া তত্রপ ভয়শৃত্ত হইতে পারা যায়। তখন তাহার চিত্ত আর **বহিমুখি** ধাবিত হইতে চাহে না এবং জলনিমগ্ন ব্যক্তি যেমন কাষ্ঠথণ্ড পাইলে উহা ধরিয়া নিশ্চিন্ত হইয়া নিশ্বাস ফেলে, তেমনিই ভাবে চিত্ত সেই জ্যোতীরেখা ধারণ করিয়া নিশ্চিম্ন হয়।

এই যে জ্যোতীরেখা, ইহাই যোগশাস্ত্রোক্ত কোন নাড়ী বুঝিতে হইবে। চিত্ত এই নাড়ীর সন্ধান পাইলে তখন তৎসন্থন্ধে অমুসন্ধানেচ্ছা প্রবল হইয়া উঠে, এবং ক্রমশঃ ঐ পথ ধরিয়া কোন্ দিকে যাওয়া যায়, এইরূপ দেখিবার বাসনা যেন প্রাণে সজাগ হয়। সে অবস্থায় বাসনা সজাগ হওয়া সহজ্ঞসাধ্য নহে। কিছুদিন ঐরপে জ্যোতিঃপথ অবশ্বনে অভ্যস্ত হইবার পর ঐরপ বাসনা ফুটিবার অবসর পায়। কিন্তু বাসনা যেমন ফুটিতে বিলম্ব হয়, তেমনই এ অবস্থার স্থবিধা এই যে,

বাসনা মাত্রেই বাসনার পূরণ হয়; তথন সে সেই নাড়ীপথে আমাদিগের সুক্ষদেহস্থ কোন একটা কেন্দ্রে গিয়া পড়ে।

এই কেন্দ্রগুলি চক্র নামে অভিহিত। মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপুর, অনাহত বিশুদ্ধ ও আজ্ঞা আদি চক্রসকল প্রাণশক্তির এক একটা কেন্দ্র মাত্র। প্রতিকেন্দ্রের বিশিষ্ট বিশিষ্ট প্রকার কাজ আছে এবং ঐ কেন্দ্রে শৃহরভাবে অবস্থান, করিতে পারিলে সেই কেন্দ্রের কার্য্যসকল স্থুন্দররূপে দেখিতে পাওয়া যায়। এবং সেই কেন্দ্র অবলম্বন করিয়া ইচ্ছা করিলে অলৌকিক কার্য্যসকল সম্পাদন করিতে পারা যায়। কেহ দেহ হইতে বহির্গমন করিয়া অত্য শরীরে প্রবেশ করিবার ইচ্ছা করিলে, তখনই সেই কেন্দ্র হইতে একটা স্ক্র জ্যোতীরেখা বিনির্গত হইয়া অত্য দেহের সেই কেন্দ্রে গিয়া সংযুক্ত হয় এবং সেই রেখা অবলম্বন করিয়া আত্মা আপন দেহ পরিত্যাগ করিয়া দেহাস্তরে প্রবেশ করিতে সক্ষম হন।

এইরূপ পরকায়-প্রবেশ হইতেও স্পষ্ট বুঝিতে পারা যায়, দেহত্যাগ বন্ধত্যাগ অপেক্ষা কোন ভীতিজনক ব্যাপার নহে। তবে যাহাদিগের আত্মা এই দেহরূপ বল্লের সহিত একান্ডরূপে সম্বন্ধ, তাহাদিগকে এই দেহত্যাগের সময় অতিরিক্ত যন্ত্রণা অমুভব করিতে হয়। পূর্বে অমি অষ্টির তুলনায় বলিয়াছি, পরিণক ফলের অষ্টি যেমন ফলের মধ্যে থাকিয়াও তাহার সহিত কোন বিশেষভাবে আবদ্ধ থাকে না. অল্প বেগ প্রদানে উহা ফল হইতে বিনিক্রান্ত হইয়া পড়ে, যাঁহারা সাধনাদির দারা আপনাদিগকে মুপক করিয়া লইয়াছেন, তাঁহারা তেমন অনায়াসে দেহরূপ আবরণটা হইতে বহির্গত হইয়। যান। কিন্তু সাধারণ মনুগ্র অপক ফলের অষ্টির মত ফলের ভিতর দুঢ়রূপে চারি দিকে সম্বদ্ধ থাকে। অপক ফলের আঁটিটাকে বাহির করিতে হইলে ফলটাকে যেমন রীতিমত পেষণ করিতে হয় সাধারণ জীবাত্মাকে দেহত্যাগের সময় তদ্রপ পেষণ যন্ত্রণ। অনুভব করিতে হয়। সূত্য-যন্ত্রণা এই পেষণের যন্ত্রণা মাত্র। যেখানে যেখানে আত্মা আবদ্ধ—যেখানে যেখানে দেহের সহিত দুঢ়ভাবে সংযুক্ত, সেইখানে সেইখানে যন্ত্রণা প্রত্যক্ষীভূত হইতে থাকে। এইরূপে দেহের কেন্দ্রে কেন্দ্রে, মর্ম্মে মর্মে অবর্ণনীয় যাতনার অমুষ্ঠান হয়। সে যাতনায় অধীর হইয়া জীবভাবাপন্ন আমরা সাহায়ের জন্ম চারি ধারে চাহিতে থাকি। আত্মীয় বন্ধবান্ধবদিগের দিকে, ঔষধপথাদির দিকে, श्वान, कानामित मिटक, ठाति धादत माशारयात व्यामाय व्यामामित्रत ल्यान इति इति করে! কিন্তু সে যথ্নণা লাঘব করিবার কেহ নাই। ক্রমশঃ হতাশ হইয়া জীব

ভয়ে অজ্ঞানাচ্ছন্ন হইয়া পড়িতে থাকে। হ্রস্ত অন্ধকার চারি দিক্ হইতে আসিয়া তাহাকে গ্রাস করে। সে অন্ধকারের মধ্যে সে উর্দ্ধপদ ও নিম্নুখী হইয়া ছুটিতে থাকে। কোথায় কত দূর অসীম অন্ধকার-সমুদ্রের ভিতর জীবাত্বা সাহায্যের আশায় খরতর বেগে নিম্নুখী হইয়া এইরূপে ধাবিত হয়। আখাসের স্থান খুঁজিয়া যত না পায়—সাহায্য করে, এমন কাহাকেও খুঁজিয়া না পায়, ততই ক্রেমশঃ ত্রাহি ত্রাহি চীৎকার করিতে করিতে অজ্ঞান হইয়া যায়। কিন্তু সে চীৎকার শক্ষীন। পক্ষাঘাতে শক্ষযন্ত্র যাহাদিগের কার্যাক্ষম ইইয়াছে, সেই সকল পক্ষাঘাতগ্রস্ত রোগী যেমন বাক্যোচ্চারণের বহু প্রয়াস করিয়াও শক্ষাত্র উচ্চারণ করিতে পারে না এবং দারুণ যন্ত্রণায় তাহার প্রাণ ফুলিয়া ফুলিয়া উঠিতে থাকে—এই মৃত্যুকালীন অবস্থাও ঠিক তদ্রপ।

এইরপে জীব যত অন্ধকারে ছুটাছুটা করিতে থাকে, মর্মা ও চক্রাপকল হইতে বন্ধনসকল তত একে একে ছিন্ন হইয়া যায়। এবং বহু কষ্টে বন্ধনশৃত্য অবস্থা লাভ করে। তথন জীব একেবারে অজ্ঞান হইয়া যায়। এবং ধীরে ধীরে সেই মকরকুজীরাচ্ছন্ন অন্ধকার-সমুদ্র উত্তীর্ণ হয়। এ মৃত্যু-যন্ত্রণার কথা লিখিয়া বর্ণনা করা যায় না। এ অন্ধকার-সমুদ্রের ভীষণতা স্বপ্নেও বৃন্ধি কল্পনায় আসে না। জীবের এই শেষ মুহুর্ত্তের ইতিহাস ভীষণ। শুধু এই যন্ত্রণার হাত হইতে নিক্ষৃতি পাইবার জন্মও ছগবংম্মরণ জীবের একান্ত অনুষ্ঠেয়। ভিক্তির উচ্ছাস প্রাণে থাক বা না থাক, অন্ততঃ মৃত্যুকালীন এই যন্ত্রণার ভয়েও জীবের সাবধান হওয়া উচিত। আত্মার স্বরূপভাবের চিন্তা হৃদয়ে গাঢ় করিয়া তুলিতে পারিলে এ যন্ত্রণা অনুভবে আইসে না; এবং মৃত্যুকালে জীব স্বচ্ছন্দে দেহত্যাগ করিতে সমর্থ হয়। সেই জন্ম পরশ্লোকে আত্মার যথাসাধ্য স্বন্ধপ বিবৃত হইয়াছে।

নৈনং ছিন্দস্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবক:।
ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ ॥২৩
অচ্ছেত্যোহয়মদাহ্যোহয়মক্লেছোহশোষ্য এব চ।
নিত্য: সর্বগতঃ স্থাণুরচলোহয়ং সনাতনঃ॥ ২৪

শগ্রাণি এনং ন ছিন্দন্তি, পাবকঃ এনং ন দহতি, আপঃ এনং ন চ ক্লেদয়ন্তি,

মারুতঃ ন শোষয়তি। অয়ং অচ্ছেছঃ, অয়ং অদাহঃ, অয়ং অক্ষেষ্ণ অশোষ্য এব চ; অয়ং নিত্যঃ, সর্বগতঃ, স্থাণুঃ অচলঃ সনাতনঃ।

ব্যবহারিক অর্থ — অন্ত্র-সকল ইহাকে ছেদন করিওে পারে না—অগ্নি ইহাকে দহন করিতে পারে না—জল ইহাকে দ্রবীভূত করিতে পারে না—বায়ু ইহাকে শোষণ করিতে পারে না। ইনি অচ্ছেড, ইনি অদাহ, ইনি অক্লেড, ইনি অশোষ, ইনি নিত্য, সর্ববিগত, অচল, স্থির, সদা সমভাববিশিষ্ট।

যৌগিক অর্থ।—আত্মার এইরূপ স্বরূপের কথা ছদয়ে অহরহঃ ধারণা করিতে হয়। আত্মা যে জাগতিক পদার্থ-সকলের মত দহন শোষণাদি গুণযুক্ত নহে — আত্মা যে নিত্য সর্বাদা এক ভাবসম্পর, অপরিণামী, দ্বির, এই চিন্তাসী হৃদয়ে • বিশেষভাবে ফুটাইয়া রাখিতে হয়। এইরূপ চিন্তার দৃঢ়তা প্রাণে আসিলে মৃত্যুত্ম ও মৃত্যু-যত্মণা ব্যথিত করিতে পারে না। সেই জন্মই আহার স্বরূপের কথা এখানে বিশেষভাবে বলা হইয়াছে। সর্ব্বপ্রথম মৃত্যু এইরূপ বসন পরিত্যাগ মাত্র এবং আত্মা এইরূপ অপরিণামী—এই ছইটা তত্ব প্রাণে প্রতিষ্ঠিত না হইলে সাধনাপথে অগ্রসর হইতে পারা যায় না।

মৃত্যুভয়ই সাধনাপথের সর্বপ্রথম অন্তরায়। মরণাশক্ষায় জীব-জগতের অন্তরাত্মা অহর্নিশ চকিত। মরণের বিকট পিশাচমূর্ত্তি জীবের প্রাণে অহনিশ অধিষ্ঠিত থাকিয়া হৃদ্যুকে শোষণ করিতেছে। আপনার বিরাট্ উদার ভাব ভূলিয়া জীব, মরণের ভয়ে সন্ধার্ণ ইইতে সন্ধার্ণতর ইইতেছে। মৃত্যুস্বপ্নের দারুণ মোহ জাবন্দাকে অহর্নিশ কুন্তিত, সন্তর্ত্ত করিয়া রাখিয়াছে।
যে হৃদ্যে মৃত্যুভয় যত বেশী, সে হৃদয় তত ক্ষুল, তত সন্ধার্ণ, তত উদরতাবঞ্চিত। সমস্ত ভয়ের মূল কারণ—মৃত্যু। মৃত্যুভয়ই সমস্ত ভয়ের মূল
উপাদান। রোগ, অর্থনাশ, প্রিয়জন ইইতে দূরে অবস্থানজন্ম চিত্তমালিম্ম,
একাকী নির্জ্জনে অবস্থানসময়ে চিত্তচাঞ্চল্য, এ সমস্তেরই মূল কারণ মৃত্যুভয়। মৃথ্যভয়ই নানারূপে রূপান্তরিত ইইয়া জাবের উপর আধিপত্য করে।
সহসা শলাদি শুনিয়া আমরা যে চমকিত ইইয়া জাবের উপর আধিপত্য করে।
সহসা শলাদি শুনিয়া আমরা যে চমকিত হইয়া উঠি, উহা মৃত্যুভয় হৃদয়ে কতটা
শাধিপত্য করিয়াছে, তাহারই প্রমাণ। একটু কিছু অস্বাভাবিক ঘটিলে জীবস্থান্ম যেন চকিত ও বিত্রপ্ত ইইয়া উঠে, যেন অবলনগহীন, যেন আশ্রম-

শ্যু, যেন অসহায়, এইরূপ ভাবে প্রাণ পূর্ণ হইয়া পড়ে। মৃত্যুভয়ই ইহার একমাত্র কারণ।

অশক্ত মহয় যেমন যঞ্চির উপর নির্ভর করিয়া দণ্ডায়মান হয়, যঞ্চি খুলিয়া লইলে যেমন সে অার দাড়াইয়া থাকিতে পারে না, আমরাও তদ্রপ কতকগুলি বৃত্তি ও ইন্দ্রিয়ের উপর নির্ভর করিয়া অবস্থান করি। যথনই তাহার কোনটা বিচলিত হয়, যথনই তাহার কোনটা হইতে আমরা বিচ্যুত হই, তথনই আমরা কাঁপিয়া উঠি, মৃহ্যুভয়ে অশক্ত প্রাণ আমাদের পড়িয়া যাইবার উপক্রম করে। এই ভয় যাহার হৃদয়ে অধিক, সে তত জাগতিক পদার্থের উপর নির্ভর করে, জগতের পদার্থ-সকলকে তত হৃদয়ে আকড়াইয়া ধরে। তাহার হৃদয়ক্ষেত্র সেই গুস্তুস্ক্রপ ভাবসকলের দারা তত পূর্ণ ও স্থানশৃত্য হইয়া পড়ে। হৃদয়ের উদারতা তত্ তাহার ঘুচিয়া যায় ও জাগতিক পদার্থের উপর মায়া প্রবলতর হয়। আপনার অপনার বলিয়া তত স্ত্রী, পুত্র, পরিবারবর্গ, অর্থ, স্বাস্থ্য ইত্যাদিকে আলিঙ্গনবদ্ধ করে এবং তাহাদের একটির অভাবে যিইহীন পদ্ধুর মত কাঁপিয়া উঠে। মৃত্যু-ভয়াক্রান্ত আমরা কোন গতিকে যেন এই সকল নানা পদার্থে নির্ভর করিয়া তবে অবস্থান করিতে সক্ষম হইয়াছি,—এইরূপ অনুভব করি। এ সবল না থাকিলে যেন সব শুগ্ত হইয়া যায়—আপনার অস্তিত্ব উপলব্ধি করিতে পারি না। তাই পদে পদে আমরা চকিত, ভীত, আশঙ্কাপূর্ণ প্রাণে জগতে বিচরণ করি। আমাদিগের আনন্দে তাই বাপেকতা নাই। আমাদের কার্য্যে তাই উদাম-পূর্ণতার কুর্ত্তি নাই — আমাদের জগং সম্ভোগে তাই জীবস্ত অনুরাগের রঞ্জনা নাই। আমাদের সকল কাজ যেন বিঘাদে ঘেরা, আমাদিগের আনন্দ যেন ফল্পনদীর মত উচ্ছাসশৃষ্ঠ । প্রাণভরা আনন্দ যাহাকে বলে, প্রাণভরা উচ্ছাস যাহাকে বলে, প্রাণভরা আবেগ যাহাকে বলে, সে সকল আমাদিগের ফ্রদয়ে তাই খুঁজিয়া পাওয়া যায় না। একমাত্র মৃত্যুভয় এ সকলের অন্তরায়।

কিন্তু এ মৃত্যুভয়ের প্রয়োজন আছে। ইহার কার্য্য অতি বিশাল। এই
মৃত্যুভয়ই আত্মাকে আপন অন্তিবের অনুসন্ধানে ব্যস্ত করে। মৃত্যুভয় বা
নিজ্ব অন্তিবের আভবজ্ঞান একই কথা। জীব যখন ক্রমশঃ তমসাক্রান্ত
জড়াদি অবস্থা হইতে সম্ববিকাশসম্পন্ন ফুটচৈতক্ত অবস্থার দিকে আসিতে
থাকে, এই মৃত্যুভয়ই তাহার তখন একমাত্র সাহায্যকারী। রাখাল যেমন

তাতুনা করিয়া করিয়া পালিত পশুরুলকে গৃহাভিমুখে লইয়া আদে, মৃত্যুভয় তেমনই জ্রীবকে তাড়াইয়া তাড়াইয়া সত্তবিকাশের দিকে লইয়া আসিতেছে। জীবের চৈতক্ত যে কেন্দ্রে যে কেন্দ্রে ফুটিয়। উঠে—যথনই কোন বিষয় উপলব্ধি করে, অমনি তৎক্ষণাৎ তাহার উপর নির্ভর করিয়া আপনার অস্তিত্ব যেন অনুভব করে। এবং এইরপে ক্রমশঃ জীবের সে অনুভূতিগুলি ঘনীভূত হয়— ইন্দ্রিয়সকল প্রশস্ত, সমধিক দৃত্ত কার্য্যকারী হইতে থাকে। জীব আপন অন্তিখকে তাহাতে প্রতিফলিত করিয়া, তাহাতেই আত্ম-অস্তিৰ অনুভব করিয়া যেন কথঞ্চিৎ আশ্বন্ত হয়। কিন্তু এ আশ্বাস অধিকক্ষণ থাকে না। মৃত্যু ক্রতবেগে পশ্চাৎ পশ্চাৎ আসিয়া তাড়া দেয়। স্থুল বিষয়াদি বা দেহাদি হইতে জীবকে বঞ্চিত করে। অপক বা শিশু জীব প্রতিফলিত হইবার ক্ষেত্রের অভাবে আবার আপনার অস্তিত্ব হারাইয়া ফেলে ও পুনরায় অস্তিত্ব অনুভবের জন্ম চারি ধারে শক্তি প্রস্তুত করিতে চেষ্টা করে। শিশুকে আদর করিতে করিতে মা তাহাকে উত্তোলন করিবার সময় বা উদ্ধে নিক্ষেপ করিবার সময় কখনও শিশু যেমন **চমকিত, ভীত হইয়া** চারি ধারে হস্তপদ বিস্তৃত করিয়া উঠে ও পুনরায় মাতৃক্রোড়ে পড়িয়া তবে যেমন আশ্বস্ত হয়, সেইরূপে জীব মৃত্যুর আপনার প্রতিফলিত হইবার ক্ষেত্র হইতে বঞ্চিত হইয়া চমকিয়া উঠিয়া শক্তি চারি ধারে যথাশক্তি বাড়াইয়া দেয় ও পুনরায় নব স্থলদেহ লাভ করিয়া তবে যেন আশস্ত হয়। পুনরায় নৃতন দেহে নৃতন ভাবে প্রতি-ফলিত হইয়া ও ভাহাতেই আপনার অস্তিত্ব উপলব্ধি করিয়া, তবে যেন কথঞিং শান্তিলাভ করে। কিন্তু সে চমকিত অবস্থার ভয় দুরীভূত হয় না। সম্যক্ভাবে উহা অন্তর হইতে অন্তর্হিত হয় না, তাহার সংস্থার বর্ত্তমান থাকে। তাই জীব মনোবৃত্তির একটু ইতস্ততঃ অবস্থায় বা স্থুল-বিষয়াদির একটু ব্যতিক্রমে অধীর হইয়া পড়িয়া চমকিত হইয়া উঠে।

যাহা হউক, আবার মৃত্যু আসে, আবার তাহার তাড়নায় জীব চমকিত হয়, আবার অস্তিষ হারাইয়া, আশস্কারূপ চাপে পড়িয়া আত্মশক্তি প্রস্তুত হয়, আবার সেই শক্তিপ্রভাবে জীব নব কলেবর ধারণ করে, নৃতন করিয়া নিজ অস্তিষ অমুভব করে, নৃতন জীব সাজিয়া কতকটা শাস্থ হয়।

এই ভাবে মৃত্যুর ভাড়নায় ভাড়নায় আমাদিগের আত্মশক্তি ক্রমশঃ কুরিত

হয়, ক্রমণঃ বহুসংখাক বাহ্য বস্তুর উপরে আত্মপ্রতিফলন করিয়া আপনার অক্তিম্ব অনুভবকে অমরা বিস্তৃত করিতে থাকি। বহুতর কুল কুল কুল শুল শুক্ত শাধা-প্রশাধা-নির্মিত্ত মঞ্জের উপরে লতিকা যেমন বুক পাতিয়া নিশ্চিন্ত থাকে ও পরিবর্জিত হয়, অপক বা শিশু জীবও তজ্ঞপ বাহ্য বিষয় ও স্থূলদেহের উপর নির্ভর করিয়া এইরূপে বর্জিত হয়। শিশু-জীব অর্থে সাধারণ শিশু নহে। অশীতি বর্ষের বৃদ্ধও শিশু-জীব হইতে পারে। শিশুজীব বলিতেছি, যাহারা স্থূল অবলম্বনশৃত্য হইলে অক্তিম্ব হারাইয়া ফেলে, তাহাদিগকে। যাহার যে পরিমাণে এই স্থূল অবলম্বনশৃত্য অবস্থাতেও আত্ম-অক্তিম্ব উপলব্ধি করিবার শক্তি ইইয়াছে, সে জীব সেই পরিমাণে বয়ংপ্রাপ্ত ইইয়াছে বুনিতে হইবে। অনেক সাধারণ শিশুও হয় ত যুবা জীব, অনেক বৃদ্ধও হয় ত স্তুত্যপায়ী জীব—এ কথা বেন স্মরণ থাকে।

যাহা হউক, ক্রমশঃ যখন সে শিশু জীব বয়ঃপ্রাপ্তির সঙ্গে সাঙ্গে বা অনেকবার মৃত্যুতাড়নায় তাড়িত হইয়া, শেষে একটা সবল জীবরূপে পরিণত হয়, তথন হইতে ক্রমশঃ সুলের অভাবেও স্কাতর ক্ষেত্রে অস্তিত্ব অনুভব করিতে সক্ষম হয়। মঞ্চের স্থানে স্থানে ভাঙ্গিয়া গেলেও পরিবর্দ্ধিত ও দৃঢ় পুষ্ট লতিকা যেমন ঝুলিয়া পড়েনা. নিচ্চ দৃঢ়তায় নিজে যেমন ঠিক থাকে, তেমনি ক্রমশঃ স্থুল অবলম্বনসকল সরিয়া গেলেও জীব, আলু উপলব্ধি হইতে বঞ্চিত হয় না—ঠিক থাকে; এবং তথন যেন ক্রমশঃ আমি এই স্থুল পদার্থ নহি—আমি ইহাতে প্রতিফলিত হইয়া উহাই আমার স্বরূপ বলিয়া ভাবিতেছি, এইয়প ধরণের জ্ঞান একটু একটু করিয়া ফুটিয়া উঠিতে থাকে। মৃহ্যু-সংস্কার প্রবল থাকিলেও তথন উহা আর তত বিভীষিকাপ্রদর্গপে হদয়কে অধিকার করিতে পারে না। গৃহস্থের গাভী মাঠ হইতে বিতাড়িত হইয়া যত গৃহপ্রাঙ্গণের নিকটবর্ত্তিনী হয়, তত যেমন তাড়নাও প্রথ হয়, এইরূপ যত আমরা স্থুলশৃত্য অবস্থাতেও আজ্যোপলব্ধি করিতে সক্ষম হই, মৃত্যুভার ও মৃত্যুতাড়নাও তত মন্দীভূত হইয়া আসিতে থাকে।

যাহা হউক, এইরূপে মৃত্যু ও মৃত্যুভয় আমাদিগকে তাড়াইয়া তাড়াইয়া গৃহাভিমুখী করিতেছে। এ হিসাবে মৃত্যু ও মৃত্যুভয় আমাদিগের অশেষ মঙ্গল-কর। রাখ:ল গোপাল লইয়া গৃহে ফিরিতেছে, যেগুলি চলিতে অনিচ্ছুক, বেগে যাইতে চাহিতেছে না—যেগুলি বিপথে ছুটিয়া পলাইতে চাহিতেছে—গৃহাভিমুখে যাইতে ছাহিতেছে না—সেই গাভীগুলির পৃষ্ঠেই রাখালের যাই বেগে পড়িতেছে; যেগুলি গৃহাভিমুখী হইয়া গৃহে বৎস পাইবার উল্লাসে অথবা প্রবাস হইতে স্বগৃহ-

প্রবেশের মত আনন্দে অ নন্দিত হইয়া উৎসাহে প্রফুল্লচিত্তে গৃহাভিমুখে ছুটিতেছে

—গম্য পথ হইতে অহা পথে যাইতেছে না, সেগুলি সকলের অগ্রে চলিয়াছে—
রাখালের যপ্তি তাহাদিগকে স্পর্শত করিতেছে না। তদ্ধপ আমরাও যদি গম্য পথে গৃহাভিমুখে চলিতে থাকি, যদি বিপথে না যাই—যদি স্থুল হইতে আত্মোপলির গুটাইয়া লইয়া স্বরূপ উপলব্ধির প্রয়াস পাই, তাহা হইলে আর মৃহ্যভয়ের তাড়না থাকিবে না—মৃত্যভয়ের মুর্শভেদী কশাঘাত আর সহ্য করিতে হইবে না—মরিতেছি বলিয়া আর কাঁদিতে হইবে না।

যে পরিমাণে আমরা গৃহমুখী হইব, যে পরিমাণে আমরা স্বরূপ অবস্থার দিকে লক্ষ্য ফিরাইব, যে পরিমাণে আমরা স্বাবলম্বী হইতে পারিব, যে পরিমাণে আমরা স্থুল দেহাদিতে আত্মাভিমান কমাইতে সক্ষম হইব, সেই পরিমাণে অমরা মৃত্যুভয়ের তাড়না হইতে পরিদ্রাণ পাইব, সেই পরিমাণে আমরা জগতের আনন্দ উপলব্ধি করিতে সক্ষম হইব, সেই পরিমাণে উল্লাস, উৎসাহ, সজীবতা, ফুর্ত্তি ও তত্ত্ববিকাশ ময় উদার ভাব প্রাণে ফুঠিয়া উঠিতে থাকিবে। স্বরূপকে ধরিয়া রাখিতে আর মঞ্চাদিতে হাদয়ক্ষেত্র পূর্ণ করিয়া রাখিতে হইবে না; আপনার শক্তিতে আপনি দাড়াইয়া থাকিবে। তোমার মৃতভাব, বিষাদাচ্ছয় ভাব দ্রীভূত হইয়া জীবন্ত আননন্দময় ভাব প্রাণের ভিতর ফুটিতে থাকিবে। মৃত্যু—মৃত্যু করিয়া আশক্ষায় আর তোমায় অহনিশ সশক্ষিত থাকিতে হইবে না।

জীবের শৈশবাব হায় যে মৃত্যু সাহায্যকারী, যৌবনাবস্থায় উহা কিরূপে সাধনাল পথের অন্তরায়, ইহা স্পষ্ট বুনা গেল। বৃক্ষ বিদ্ধিত ও পুষ্ট হইলে আর যেমন মঞ্চের আবশ্যকতা থাকে না, মৃত্যুভয়ও যে কেবল সেইরূপ শৈশবাবস্থায় একটী সাহায্যকারী স্বপ্ন, এইরূপ স্পষ্ট বুঝিতে পারা যায়।

যথন মনুষ্যোচিত জ্ঞানলাভ করিয়াছ, যথন সাধনাপথে যাইতে অভিলাষ করিয়াছ, তথন বুঝিতে হইবে, তুমি আর নিতান্ত শিশু নহ; তুতরাং তোমার এ সাধনাপথের অনন্তযাত্রা যাহাতে আনন্দপ্রদ হয়, প্রতি পদে চমকিত না হইয়া প্রতি পদে যাহাতে আনন্দের সন্ধান পাও, তাহার চেষ্টা কর। পূর্বে বলিয়াছি, মৃত্যুভয় উপকারী হইলেও যাতনাপ্রদ, সকল যন্ত্রণার মূল। তুমি আল্লমুখী হও, আর মৃত্যুভয় থাকিবে না, আর মৃত্যুর নিকট হইতে কোন উপকারের প্রত্যাশা ভোমায় করিতে হইবে না।

কিরপে আত্মমুখী হওয়া যায় ? আত্মচিন্তা করা-- আত্মমুখী হওয়া সমান

কথা। আজাচিন্তা কর, স্বরূপের ধ্যান কর—আনন্দ পাইবে। মৃহ্যু—কল্পনামাত্র হৃদঃ স্পম কর, মৃত্যুভয় তিরোহিত হইবে। তোমার আনন্দ বিচ্ছেদশৃত্য বিমল হইয়া চিরস্থায়ী হইবে। তাই গীতার এই স্থলে মৃহ্যু যে বসন পরিবর্ত্তন মাত্র, এবং আজা নিত্যু সর্বব্যাপী বিভূ—এই কথা বিশদভাবে বর্ণিত।

কিন্তু এই আলচিন্তার জন্ম প্রাণে প্রকাঢ় কাকাজ্ঞা না জাগিলে, আল্বন্ধন উপলব্ধি হয় না। সে প্রকাঢ় আকাজ্ঞা কোথায় পাইবে? অনেক সময় সে কর্ত্তব্য কার্য্যে অবহেলা করিয়া ফৈলি। কর্ত্তব্য ব্ৰিয়াও অনেক সময় সে কর্ত্তব্যক কার্য্যে পরিণত করিতে পারি না। তাহার কারণ—অভাবের যথার্থ স্বরূপ উপলব্ধি হয় না বলিয়া। সে কার্যা আমাদিগের কোন্ অভাবে পূরণ করে এবং সে অভাবের পূরণ আমাদের পঞ্চে কত উপকারী, সে অভাবে আমরা কত দূর ক্ষতিগ্রস্ত, এটুকু যতক্ষণ না হন্দররূপে হদয়ঙ্গম হয়, ততক্ষণ সে অভাব মোচনের জন্ম প্রাণে প্রবল তৃষ্ণা জাগে না, এবং ততক্ষণ তৃষ্ণার্ত্ত ব্যক্তি জলপানের জন্ম যেরপ আগ্রহ প্রকাশ করে, সেরূপ আগ্রহ আমরা অভাব মোচনের জন্ম প্রকাশ করিতে পারি না। আমরা মুখ্য মৃত্যুভয় মৃত্যুভয় করি সতা, কিন্তু মৃত্যু যথার্থ কিত যন্ত্রণাদায়ক, সাধারণ অবস্থায় মৃত্যুভয় কিন্ত্রপে আমাদিগকে সমস্ত আনন্দসন্ত্রোগ বঞ্চিত করিয়া রাখিয়াছে—মৃত্যুর কশাঘাত কির্নপ মর্মাভেদী, সেইটুকু যতক্ষণ না স্থন্দররূপে হদয়ঙ্গম হয়, ততক্ষণ এ মৃত্যু-স্বপ্নের হাত হইতে পরিত্রাণ পাইবার জন্ম প্রাণিত প্রবল আকুলতা জাগে না এবং ততক্ষণ স্বাধীন আনন্দের আম্বাদে বঞ্চিত থাকিতে আমরা বাধ্য হই।

মৃত্যু কেমন করিয়া আমাকে সমস্ত আনন্দে বঞ্জিত করিয়া বাথিয়াছে, আমি অনন্ত ঐথর্য্যের অধীধর হইয়াও মৃত্যুর যাত্মপ্তে কি প্রকারে দীন, হীন, ক্ষুত্র, নীচাদ প নীচ সাজিয়া বসিয়া আছি, এটুকু জানিতে হইলে মৃত্যুর সহিত আগে পরিচিত হওয়া চাই—মৃত্যুর ধান করা চাই—মৃত্যুর স্বরূপ অবগত হওয়া চাই।

যাহা হউক, মৃত্যুর স্বরূপ অবগত হইবার প্রণালী সম্বন্ধে আমরা এ স্থলে আলোচনা করিব না। মৃত্যুর স্বরূপ অবগত হইবার পর—মৃত্যু কি ভাবে আমাদিগকে অহর্নিশ শিক্ষকের মত প্রহার ও তাড়না দ্বারা সন্ধাগ ও কর্ম্মে চৈত স্বযুক্ত করিয়া রাখে, ইহা স্থান্দররূপে হাদ্ধে অনুভব করিবার পর—তবে ব্ঝিতে পারা যায়, মৃত্যু বসন পরিত্যাগ ব্যতীত আর কিছুই নহে—তবে ব্ঝিতে পারা যায়,—যে মৃত্যুকে এত দিন মহারাক্ষনী ভাবিয়া আসিতেছিলাম, উহা

রাক্ষসী নহে— আমার মা। যাহাকে কশাঘাত ভাবিয়া আসিতেছিলাম, উহা কশাঘাত নহে, উহা মাতৃমেহের পূর্ণ অভিষেক। দূর হইতে যাহাকে তাওব নৃত্যশীলা প্রলয়ঙ্করী উন্মাদিনী বলিয়া ভীত হইতেছিলাম, কাছে গিয়া দেখি, কোথায় সে ভীষণতা, কোথায় সে নৃশংসতা! সে আমার ভুবনমোহিনী জননী, অনস্ত স্বেহের, অনস্ত সৌনদর্য্যের আধার।

ভখন—শুধু তখনই আত্মস্বরূপ ফুটিতে আরম্ভ হয়, তখনই বুঝিতে পারা যায়, আমাকে অন্ত্রসকল ছেদন করিতে পারে না—সলিল আমাকে দ্রবীভূত করিতে পারে না—ৰাষু আমাকে শোষণ করিতে পারে না। আমি অভেছল, অদাহা, আক্রেল, অশোয়—আমি নিত্য, আমার অন্তিবের কখনও বিলোপ হয় নাই—আমি সর্বেগত, আমার অন্তিব কোথাও কুঞ্ভিত নহে, আমি অচল-প্রতিষ্ঠ, আমার অন্তিব মুহুর্ত্তের জন্ম কোথাও হইতে অপস্ত হয় না। আমি সনাতন, আমার আদি অন্ত কেহ ক্থনও সন্ধান করিতে পারে না।

অব্যক্তোহয়মচিত্ত্যোহয়মবিকার্যোহয়মূচ্যতে। তত্মাদেবং বিদিহৈনং নাতুশোচিতুমহ দি॥ ২৫

অয়ং অব্যক্তঃ অয়ং অচিষ্টাঃ অয়ং অবিকার্যাঃ উচাতে; তস্মাং এনং এবং বিদিয়া (স্থং) অমুশোচিত্রং ন অর্হসি।

ব্যবহারিক অর্থ!—ইনি অব্যক্ত, ইনি অচিন্ত্য, ইনি অনিকার্যা, অতএব এই-রূপে ইহাঁকে বিদিত হইয়া আর অনুশোচনা করিও না।

যৌগিক অর্থ।—এই আত্মা অব্যক্ত, চক্ষুরাদি দারা ইনি ব্যক্ত হন না। ইনি অচিন্তা, মনেরও ইনি অবিষয়ীভূত, এবং অবিকাধা, কর্মেন্সিয়াদির দারাও বিকার প্রাপ্ত হন না— এইরূপ কথিত আছে। সেই জন্ম ইইনকে এইরূপে জাত হইয়া তবে অনুশোচনার হাত হইতে পরিকাণ পাওয়া যায়।

এইরপে ইহাঁকে যতক্ষণ জানিতে না পারা যায়, ততক্ষণ শোকের হাত হইতে পরিত্রাণ পাইবার উপায় নাই। অর্থাৎ যত দিন না আত্মার স্বরূপভাব প্রকটিত হয় — জীব যতক্ষণ না আত্মভাবে অবস্থান করে, ততক্ষণ যত্যুর কশাঘাত তিরোহিত হয় না, মৃত্যুর তাড়না নির্ত্ত হয় না। সময়ে সময়ে মনের দ্বারা বিচার করিয়া আমরা আত্মস্বরূপ উপলব্বির চেন্টা করিয়া থাকি এবং অব্যক্ত জিনিষকে ব্যক্ত করিবার প্রয়াস পাই। বিকারযুক্ত বাক্যের দ্বারা অবিকার্যা পদার্থ প্রকাশ করিবার মন্ত্র বিফল প্রয়াস মাত্র। সহস্রছিদ্র কৃষ্ণ লইয়া বারি আনয়ন করা যেমন

অসম্ভব, অথবা শৃন্মকে রক্ষুগ্রন্থি দারা আবদ্ধ করা যেমন অসম্ভব, আত্মস্বরূপ—
বাক্যে প্রকাশ করিবার প্রয়াসও তদ্ধপ।

তবে কিরূপে ব্যক্ত হয় ? তবে কি ইহার প্রকাশ কোথাও নাই ? তবে কি এমন কোন ক্ষেত্র নাই, যেখানে ইনি প্রত্যক্ষীভূত হইতে পারেন ? ইন্দ্রিয়ে যেমন বাহ্য বিষয় প্রত্যক্ষীভূত হয়—মনে যেমন ভাবসকল প্রত্যক্ষীভূত হয়. তেমনি ভাবে ইনি প্রত্যক্ষীভূত হয়, ইনি কি তেমনই ভাবে প্রত্যক্ষীভূত হয়েন ? অথবা যথার্থই যদি ইনি অব্যক্ত — যথার্থই যদি অচিন্তা, তবে আবার কেমন করিয়া ব্যক্ত ভাবাপন্ন হইবেন, তবে আবার কেমন করিয়া চিন্তাপূর্ণ মনোময় ক্ষেত্রে অনুভূতিযোগ্য হইবেন ? যাহাকে একবার অব্যক্ত বলা যায়, তাঁহাকেই আবার ব্যক্ত কেমন করিয়া বলা যাইতে পারে ? অথবা যাঁহাকে অচিন্তা বলা যায়, তাঁহাকেই আবার ব্যক্ত কাবার চিন্তার দ্বারা অনুভূত হইবার কথা কেমন করিয়া ধারণ করিতে পারা যায় ?

ইহা অব্যক্ত ইন্দ্রিরের পকে—ইহা অচিন্তা মনের পক্ষে, ইহা অবিকার্য্য কর্মেন্দ্রিরের পক্ষে। যতক্ষণ মনকে মন গলিয়া ধারণা থাকিবে—যতক্ষণ প্রাণকে প্রাণ বলিয়া অনুমিত হইবে—যতক্ষণ ইন্দ্রিয়েকে ইন্দ্রিয় বলিয়া হৃদয়ে প্রতিভাঙ হইবে, ততক্ষণ ইহা অব্যক্ত—ততক্ষণ ইহা অচিন্তা—ততক্ষণ ইহা অবিকার্যা। যতক্ষণ মন, প্রাণ, ইন্দ্রিয়, দেহ ইত্যাদি বিভিন্ন বিভিন্ন জ্ঞানে হৃদয় পূর্ণ থাকিবে, ততক্ষণ আত্মা অব্যক্ত অচিন্তা ইত্যাকার ধারণা ঘুচিবে না। যতক্ষণ সমস্ত ধারণা, সমস্ত বৃত্তি, সমস্ত অনুভূতি একীভূত না হইবে, ততক্ষণ আত্মাও এক অচিন্তা হর্কোধ বিষয় বলিয়া প্রাণে প্রতিষ্ঠিত থাকিবে।

বিভিন্ন বিভিন্ন অনুভূতিগুলি আমাদের হৃদয়-কুয়ের ভিন্ন ভিন্ন ছিদ্র। আমরা সহপ্রছিদ্র কৃষ্ণ লইয়া বদব'স করি। একই জল ছিদ্রের তারতম্যে বিভিন্ন বিভিন্ন আকারে আমাদিগের এ কুন্ত পরিপূর্ণ করে। যে দিকে যখন এ কুন্ত ডুবাইয়া ধরি, সেই দিক্ হইতেই তখনই সেই একই জিনিব সহপ্র নৃতন আকারে ফ্রদয়ে পুঞ্জীভূত হয়; আবার নৃতন দিকের সন্ধান করি; সহপ্র ছিদ্র দিয়া কুন্ত শৃত্য হয়—বিষয় হইতে বিষয়ান্তর কুন্ত পরিপূর্ণ করে। এইরূপে সহপ্র ছিদ্র দিয়া একই বিষয় হলয় পরিপূর্ণ করে—কিন্ত সহপ্র প্রকারে। কুন্ত মূহুর্ত্তে পূর্ণ হইতেছে; মুহুর্ত্তে শৃত্য হইতেছে—সংকার-ছিদ্র বাড়িতেছে মাত্র। নৃতন করিয়া

ফ্রদয় ডুবাই—ন্তন বারি সহস্র ছিদ্রপথ দিয়া হৃদয় পরিপূর্ণ করে, আবার উঠাইয়া
লই—আবার সে বারি শত ছিদ্র দিয়া বহির্গত হইয়া যায়;—সংস্কার-ছিদ্র
বাড়িয়া যায় মাত্র। এই ভাবে বিষয়ে বিষয়ে আমাদিগের এ সহস্রছিদ্র কুল্প ডুবাইয়া ধরিতেছি, প্রতি বিষয় হইতে সংস্কারটুকু মাত্র সংগ্রহ করিয়া সমস্ত বারি
বাহির করিয়া দিতেছি। এ ছিদ্রময় কুল্প কিছুতেই পরিপূর্ণ করিতে পারিতেছি না।

শুনিয়াছি, শ্রীকৃষ্ণ একবার বিকারের ভাগ করিয়াছিলেন। মাতৃত্রোড়ে শয়ন করিয়া বিকারের যোরে মুমূর্ শ্রায় হইয়া রোগয়ন্ত্রণায় অধার হইয়াছিলেন। তার পর বৈজ্বেশে আসিয়া সে রোগয়ুক্তির এক অভিনব পদ্থা ব্যক্ত করিয়া দর্শকরন্দমধ্যে বিশ্বয় ও আশক্ষার সঞ্চার করিয়াছিলেন। তিনি বলিয়াছিলেন, যদি কেহ সহস্রছিদ্র কৃষ্ণ পূর্ণ করিয়া বারি আনয়ন করিতে পারে—যদি সে সহস্রছিদ্রের একটা দিয়াও এক বিন্দু বারি না পড়ে, তবে সেই জলে শ্রীকৃষ্ণকে অভিষিক্ত করিলে শ্রীকৃষ্ণ রোগ-মুক্তি লাভ করিবে। ছিদ্রময় কৃষ্ণ জলপূর্ণ করিয়া আনি.ত কে সক্ষম হইবে গ দর্শকরন্দ কেহ শ্বীকৃত হয় না — অসম্ভব ভাবিয়া কার্য্যে কেহ সঞ্রসর হইতে চাহে না; অসম্ভব— অসম্ভব বলিয়া বৈজ্বরাজের বাক্যে সকলে শ্রুতিরোধ করিল। বৈজ্বরাজ বলিলেন, সাধারণ লোকের পক্ষে অসম্ভব সত্য; কিন্তু সভীয় পক্ষে সম্ভব। যদি কেহ সভীথাক— যদি কেহ কায়মনোবাক্যে সভীজ্বজ্ব পালন করিয়া খাক—কার্য্যে অগ্রসর হও—সহস্রছিদ্র কৃষ্ণ পূর্ণ হইয়া আসিবে। বিন্দুমাত্রও বারি ঝরিবে না। শ্রীকৃষ্ণ রোগমুক্ত হইবেন।

তথন স্থানীয় রমণীর্দের মধ্যে বিষম উদ্দীপনা ফুটিয়া উঠিয়াছিল, পরস্পর পরস্পরকে লক্ষ্য করিয়া কার্য্যে অগ্রসর হইতে বলিয়াছিল; কিন্তু নিজে কেহ অগ্রসর হইতে চাহে নাই। আপনাপন মনের অবস্থা সকলেই জানে—আপনাপন পাতিরত্যের কথা কাহারই অগোচর নহে; বিশেষতঃ যদি কুন্তু পরিপূর্ণ করিয়া বারি আনিতে না পারে, সমাজে নিন্দনীয়া হইবে—লজ্জায় অধোমুখী হইতে হইবে—চিরদিন কলঙ্কের পসরা শিরে বহন করিতে হইবে। এ ফুসোহসিক কার্য্যে ইচ্ছা করিয়া কেমন করিয়া অগ্রসর হইব। প্রথমতঃ কার্য্যটা অসম্ভব, দ্বিতীয়তঃ মনে আপনাকে দোষহীনা জানিলেও যদি আপনার অজ্ঞাতে কোনরূপ পাপের সঞ্চার হইয়া থাকে, তাহা হইলে অপ্রতিভ হইতে হইবে—অসতী বলিয়া ফুনাম রটিয়া যাইবে। হায়! কেহই অগ্রসর হইতে চাহে না, প্রীকৃষ্ণ বৃঝি বাঁচে না। যে যে রমণীর সতীত্বের কথা বিশেষরূপে প্রচারিত ছিল—সতী বলিয়া যাহাদিগের খ্যাতি

বিস্তৃত ছিল, সেই সকল রমনীকে অগ্রসর হইবার জন্ম সকলে অন্ধ্রোধ করিতে লালিল। সতীত্বের গরবে গরবিনীরা কৃষ্ঠিতা হইলেও জনসাধারণের অন্ধ্রোধে কার্য্যে অগ্রসর হইল—সহস্রছিতে কৃত্ত লইয়া জল পূর্ণ করিতে চলিল। হরি হরি! কুন্ত জলপূর্ণ করিয়া জল হইতে উরোলন করিবামাত্র সহস্রধারে জল করিয়া পিড়িল— পূর্ণ কলসী মৃহুর্ত্তে শূন্য হইল। বিদ্যাপের হাস্তরোল চারি ধারে পড়িয়া গেল—আতক্ষে সতীকুল শিহরিষ্টা উঠিল।

একে একে অনেক রমণী আসিল। অগ্রসর হইলেও বিপদ্, না হইলেও বিপদ্। একে একে অগ্রসর হইতে লাগিল, কেহ পারিল না। সহস্রছিদ্র কুম্ভ পূর্ণ করিয়া কেহ বারি আনিতে পারিল না। শ্রীকৃঞ্ব বুঝি আর বাঁচে না!

তখন শ্রীমতীকে এ কার্য্যে অগ্রসর হইবার জন্ম সকলে ধরিয়া বসিল। শ্রীমতী আপনার ভাবনা ভাবিতেছিলেন না। ছিদ্রপূর্ণ কুন্ত লইয়া তাঁহাকে বারি আনিতে অনুরোধ করিলে তিনি পারিবেন কি না —সমাজে লাঞ্ছিতা হইবেন, অসতী বলিয়া অখ্যাতি ঘোষিত হইবে, এ সকল চিন্তা মূহূর্ত্তের জন্ম তাঁহার স্থান পায় নাই। তিনি ভাবিতেছিলেন—শ্রীকৃষ্ণ, তিনি ভাবিতেছিলেন—জগংপতির অপূর্ব্ব লীলা-রহস্ত, তিনি ভাবিতেছিলেন—বৈজনাথের রোগবিকার। এ কি অপূর্ব্ব লীলা। শ্রীকৃষ্ণের আবার বিকার কোথায়। নির্বিকারের বিকার অসম্ভব—অসম্ভব!

তবে এ বিকারের ভাব কেন জগনাথ—তবে রোগী সাজিয়া মাতৃক্রোড়ে যন্ত্রণা ভোগ করিতেছ কেন—বৈছা মাজিয়া আপনি আবার ঔষধের ব্যবস্থা করিতেছ কেন—সংস্রভিত্র কুম্ব সাজিয়া জলপূর্ণ ভূইবার জক উপস্থিত হই- মাছ কেন—সতী সাজিয়া কুম্ব পূর্ণ করিতে গিয়া অখ্যাতির পসরা শিরে তুলিয়া লইতেছ কেন—আত্মীয় সাজিয়া রোগভয়ে সশস্কিত হইয়া রহিয়াছ কেন ? মাতা সাজিয়া পুত্র-ভূথে বিধাদান্বিতা কেন ?

সকলে ধরিয়া বসিল। শ্রীমতী সহস্রছিত্র কুম্ভ লইয়া জলপূর্ণ করিতে জলে নামিলেন। কোথায় জল ? এ যে নারায়ণ—কোথায় কুম্ভ ? এ যে জগদাধার! শ্রীকৃষ্ণে জগং পূর্ণ হইয়া গিয়াছে—শ্রীকৃষ্ণে কুম্ভ পূর্ণ হইয়াছে— শ্রীকৃষ্ণে শ্রীমতীর হৃদয় ছাপাইয়া উঠিয়াছে।

শ্রীমতী কুন্ত উত্তোলন করিলেন, বিন্দুমাত্র জলও ঝরিয়া পড়িল না, শুধু নয়নের জল বক্ষঃস্থল প্লাবিত করিতেছিল—সহস্রছিদ কুন্তের জল কুন্ত হইতে উথলিয়া পড়িতেছিল। সে জলেব অভিষেকে শ্রীকৃষ্ণ বাঁচিল। এইরূপ সর্ব্বত্র এরিক্ষকে বিকারের ভাণ করিয়া জীবে জীবে প্রতিষ্ঠিত দেখিতে পাই। জ্ঞানরূপী বৈচ্চ আসিয়া বলে, যদি তোমার সহস্র ছিন্তপূর্ব হৃদয়কুম্ভ জলপূর্ব করিতে পার, তবেই এরিক্ষ রোগমুক্ত হইবে।

আমরা পারি না—অপরকে করিতে বলি, আপনারা পারি না। সহস্র ছিজে সহস্র প্রকার অনুভূতি দেখিতে পাই—সহস্র ছিজ দিয়া সহস্র প্রকার জল বহির্গত হইয়া যায়। ঞীকৃষ্ণের বিকার্বের ভাণ তিরোহিত হয় না।

যদি শ্রীমতীর মত হইতে পারিতাম—যদি জ্ঞানী, যোগী, সাধু, ইত্যাদি সতীক্ষের পরিচয়ের দিকে লক্ষ্য না করিতাম—যদি সহস্রছিদ্র পথ দিয়া শ্রীকৃষ্ণকেই হৃদয়ে প্রবিষ্ট হইতে দেখিতে পাইতাম—যদি বিষয়, ইন্দ্রিয়, হৃদয়, মন, প্রাণ, ঐ সমগ্র বিভিন্ন বিভিন্ন ধারণাকে শ্রীকৃষ্ণ বলিয়া প্রত্যক্ষীভূত হইত, তাহা হইলে কুস্ত ভরিত—তাহা হইলে জীবভাবরূপ বিকার তিরোহিত হইয়া আত্মা রোগমুক্ত হইত—আত্মার রোগের ভাণ তিরোহিত হইত।

ছিদ্রে ছিদ্রে শ্রীকৃষ্ণ দর্শন কর—ছিদ্রে ছিদ্রে অনুভূতিরূপে মা আমার হৃদয়-কুন্তে অনুপ্রবিষ্ট হইতেছেন ভাব—হৃদয়কে হৃদয় ভাবিও না, জগদাধার ভাব—সংস্কার-ছিদ্রকে ছিদ্র ভাবিও না, জগদাধা ভাব—মুখে বল জগন্নাথ—প্রাণে বল জগন্নাথ—হৃদয়ে বল জগন্নাথ—ছিদ্রের মুখে মুখে জগন্নাথকে ধরিয়া রাখ, ছিদ্র দিয়া যাহা কিছু প্রবেশ করিবে, যেন জগন্নাথপ্রপর্শে জগন্নাথ হইয়া আইদে। তবে ছিদ্রে জল পড়িবে না—তবে সহস্রছিদ্র কলসী পরিপূর্ণ থাকিবে—তবে সহস্র ঝারায় স্নান কবিয়া ভোমার শ্রীকৃষ্ণ রোগমুক্ত হইবে।

সমস্ত ধারণা এক না হইলে ছিন্ত বুজিবে না—সমস্ত বিষয়ে একদর্শন না হইলে আত্মার বিকারল লা ভাঙ্গিবে না—সমস্ত বলিয়া যাহা কিছু, একে পরিণত না হইলে আত্মার স্বরূপ প্রতিভাত হইবে না; এবং এইরূপে আত্মার স্বরূপ যত দিন প্রতিভাত না হইবে, তত দিন শোক ঘুচিবে না।

ইহা অব্যক্ত, ব্যক্ত করিয়া কেহ তোমায় শিখাইতে পারিবে না— ইহা অচিস্কা, চিস্তা দারা ভাবে আনিয়া, বাক্যে প্রকাশ করিয়া, কেহ তোমায় আঁকিয়া দেখাইতে পারিবে না—ইহা অবিকার্য্য, ইহাকে ভাববর্ণনা দারা বিকৃত করিয়া ফুটাইয়া ভূলিতে কেহ পারিবে না। ভূমি বিদিত হও। ভূমি বিদিত হইবার জন্ম অন্তের মুখ চাহিও না—ভূমি আপনি বিদিত হও। কেহ তোমায় বলিতে পারিল না বলিয়া অনুশোচনা করিও না—কেহ তোমায় সাহায্য করিতে পারিল না বলিয়া শোক প্রকাশ করিও না—কেহ তোমার ধান্ধা ঘুচাইতে পারিল না বলিয়া বিষাদপীড়িত হইও না।

আপনার যন্ত্রণা আপনি অনুভব করে, অন্তে অনুভব করিতে পারে না। ভোমার আপনার যন্ত্রণা তুমি আপনি অনুভব কর। মৃত্যুর কশাঘাত কেমন করিয়া তোমার মর্ম্ম ভেদ করিতেছে, আপনি সে দিকে লক্ষ্য কর। সে কশাঘাত তোমাকে কোন্ মঙ্গল-পথে চালিত করিবার জ্ঞা নিযুক্ত, আপনি তাহা ভাব। মৃত্যুক্ত মৃত্যুক্ষয় বলিয়া বিদিত হও—তখন মৃত্যুর ভয় তিরোহিত হইবে -- তথন আশ্লার শ্বরূপ ফুটিবে--অব্যক্তকে ব্যক্ত করিবে--তখন অচিস্ত্যকে চিস্তায় পাইবে—তখন অবিকার্য্যকে ভোমার ভাবের বিকারে— ভোমার ভাবের সজ্জায় সজ্জিত হইয়া হৃদয়-কুম্ভ পূর্ণ ক্রিতে প্রভাক্ষ করিবে। সাধাবণ কথায় যাহাকে যোগ বলে—প্রাণায়ামাদির সাহায্যে প্রাণকে স্থির করিয়া মনে মিলাইয়া যে স্বরূপ প্রতিভাত হয়—সেই স্বরূপ উপ-লব্দির জন্ম যে সকল প্রক্রিয়া অনুষ্ঠান করিতে হয়, সে সম্বন্ধে পরে বলিব। সাধারণের কৌতৃহল চরিতার্থ করা মাত্র উদ্দেশ্য হইলে লিখিয়া নিশ্চিম্ভ হইতে পারিভাম। কিন্তু কৌতৃহল নিধারণ মাত্র যাঁহাদিগের উদ্দেশ্য, তাঁহাদিগের জন্ম এ পুস্তক নহে, কৌতৃহলের ভাড়নাবশে পুস্তকের পৃষ্ঠার পর পৃষ্ঠা দর্শন করিতে আমি নিষেধ করি। পর পর যে যে বিষয় পুঞ্জকে সনিবেশি ছ হইবে —পর পর সেই সেই বিষয় শৃত্মলামুক্রমে হৃদয়ে ধারণ করিতে পাঠকবর্গকে আমি অমুরোধ করি। সেই জগুই এ স্থলে মৃত্যু সম্বন্ধে এত করিয়া বলিলাম। মৃত্যুর ধারণা হৃদয়ে সম্যক্রপে ফুটাইয়া ভূলিতে এত করিয়া অনুরোধ করিলাম। যোগাভ্যাসের क्लां कि कित्र के हिल कार्य भृष्ट्रात भातनाय ऋष्य किया नहेर इय । यात्री हरेत—धर्माञा हरेत, a शांत्रणा लरेशा (यांगी रुख्या याग्र ना। मतित, मत्रापत ছবি জীবনে দেখিব—জীবনকে মরণের দজীব মৃর্ত্তি বলিয়া হৃদয়ে প্রতিষ্ঠিত করিব, এইরূপ ধারণা হইলে তবে যোগী হওয়া যায়।

মোটের উপর আমরা এই কথাগুলি পাইলাম। আত্মস্বরূপ অব্যক্ত অচিষ্ক্য,
ইহা না জানিলে শোক দ্রীভূত হয় না—মৃত্যুকে জীর্ণ বাস পরিত্যাগের মত না
ব্বিলে আত্মা নিত্য, সর্ব্বগত, এ জ্ঞানলাভ ঘটে না—মৃত্যুকে স্থপমাত্র ব্বিতে
ইইলে মৃত্যুর প্রগাঢ় চিস্তা, মৃত্যুর প্রগাঢ় ধ্যান ছাদয়ে প্রতিষ্ঠিত করিতে হয়।

মৃত্যুযন্ত্রণা, মৃত্যুর যথার্থ স্বরূপ, মৃত্যুর বিভাষিকা তবে করাল মূর্ত্তি ধরিয়া অভিব্যক্ত হয়, তবে ভাহার কবল হইতে পরিত্রাণ পাইবার জন্ম প্রাণ কাঁদে—ভবে সে ক্রেন্সনের বেগে মৃহ্য-ভোর ছুটিয়া যায় ।

> ৰথ চৈনং নিত্যজাতং নিত্যং বা মন্যদে মৃত্যু। তথাপি হং মহাব'হো নৈনং শোচিতুমুহদি॥২৬

অথ এনং চ নিচাজাতং নিচাং বা মৃঙং মন্তদে; মহাবাহো! তথাপি বং এনং শোচিছুং ন অইিদ।

ব্যবহারিক অর্থ।—অথবা যদি ইহাকে নিত্যজাত বা নিত্যমৃত বলিয়া অনুমান কর, তথাপি মহাবাহে।!় তুমি ইহার জন্ম শোক করিতে পার না।

যৌগিক অর্থ। -- এই শ্লোকে 'মহাবাহো' বলিয়া জীবকে সম্বোধন করিতেছেন। এ সম্বোধনের অর্থ, সাহসের উদ্বোধন।

কিন্তু যদি বল, এ আত্মসাক্ষাংকার হইলে তগন অবশ্য আর শোকের কারণ থাকিবে না। যথন মন, প্রাণ, ইন্দ্রিয়বর্গ, বিষয়াদি সমস্তেই আত্মার স্বরূপ ফুটিয়া উঠিবে—যিনি দূর হইতেও দূরে—নিকট হইতেও নিকটে, তাঁহাকে যথন দূর নিকট সমস্ত ব্যাপিয়া অবস্থিত দেখিতে পাইব—তথন আর ইন্দ্রিয়-মায়াদির জন্য শোকের কোন কারণ থাকিবে না সত্য —কিন্তু এখন ত সে অবস্থা হয় নাই। এখন কখনও যে তাঁহাকে বহু দূরে—কখনও তাঁহাকে প্রাণের ভিতরে, কখনও তাঁহাকে অভ্রমালা ভেদ করিয়া শুন্তের পর শৃত্য ঠেলিয়া—কখনও তাঁহাকে মর্ম্মের পর মর্ম্ম উদ্বাটন করিয়া শুন্তের পর ভাব পদদলিত করিয়া, তবে ঈষং আভাসরূপে —ছায়ামাত্ররূপে ফুটিয়া উঠিতে দেখিতে পাই; এখন কেমন করিয়া নিশ্চিন্ত হই
ইন্দ্রিয়া-ভাব-নিমা প্রাণ—এখনও জন্ম-মৃত্যুর পূর্ণ রহস্ত সম্যক্রপে উপলব্ধি করিতে পারে নাই, মৃত্যুযন্ত্রণার ক্রকুটিবিভ্রম এখনও জাগাইয়া তুলিতে পারে নাই—মৃত্যুতে প্রাণপ্রতিষ্ঠা করিয়া এখনও মৃত্যুজ্বয় করিয়া তুলিতে পারে নাই—এখন কি করে
প্রথমও প্রাণে অমাবস্থার ঘোর ভৈরব অন্ধকার মুখব্যাদান করিয়া গ্রাস করিতে আনে নাই। এখনও হতাশে প্রাণের আশা বিশুদ্ধ হইয়া যায় নাই, তাই মাকে আনা হয় নাই, এখনও মায়ের আসিতে বিলম্ব রহিয়াছে, এখন করি কি
প্র

ভগবান্ বলিতেছেন, যদি মৃত্যু সমাক্ উপলব্ধি করিবার পূর্কেই শোক পরি-ত্যাগ করিতে ইচ্ছা কর, তবে যুক্তি দ্বারা করিতে প্রয়াস পাও। এখন সাধারণ অবস্থায় তোমরা যেমন নিত্য মরিতেছ, নিত্য জন্মাইতেছ, এইরূপ ধারণার বশবর্ত্তী থাক—যদি তাহাই শ্বীকার করিয়া লও, তাহা হইলেও ত শোকের কোন কারণ দেখিতে পাই না। আজ মরিবে—কাল আবার নৃতন হইয়া জন্মাইবে; এই পুরাতন জগৎ পুনরায় নৃতন চক্ষে দেখিবে; নৃতনরূপে জগৎ তোমার চক্ষে চিত্রিত হইবে— নূতন রঙ্গে রঙ্গিণী হইয়া, নূতন বেশভূষায় ভূষিত হইয়া—নূতন ভাবের উৎস ছটাইয়া—নৃতন হইয়া নৃতন করিয়া তোমায় মজাইবে—আজ যাহা পুরাতন— যাহা তিক্ত হইয়া উঠিয়াছে, তাহাই আনার পাইবার জ্ঞ লালায়িত হইবে, তাহাই আবার প্রিয় হইয়া উঠিবে; মধুর মধুর বলিয়া তাহারই লালসায় অধীর হইবে! এই সুধ্য,এই চন্দ্ৰ,এই প্ৰকৃতি,এই বৃক্ষলতা, এই লোকসমাজ সব—কিন্ত তুমি নৃতন হইবে, তুমি নৃতন সাজে সাজিয়া,স্মৃতির চিত্রক্ষেত্রখানি যধাসাধ্য মুছিয়া,তাহার উপর ন্তন রঙ্গের রঞ্জনা দিয়া, নূতন রসে সেই সকলকে সিক্ত•করিয়া আস্বাদন করিবে। ইহ জন্মে যাহার সহিত দৃঢ় মি এতার স্থুত্রে আবদ্ধ, পরজন্মে তাহাকেই হয় ত পরম শক্র বলিয়া গ্রহণ করিবে। আজ যাহাকে পুত্র বলিয়া স্নেহধারায় অভিষিক্ত করিতেছ, তুই দিন বাদে হয় ত তাহাকেই পিতা বলিয়া তাহারই স্নেহকণার ভিখারী হইতে হইবে , আজ যাহাকে কুলটা বলিয়া ঘূণা করিতেছ, তুই দিন বাদে - উভয়েরই নব কলেবর ধারণের পর তাহাকেই হয় ত সতী বলিয়া সমাদর করিবে। আজ যাহার প্রবঞ্চনায় প্রবঞ্চিত হইয়া মর্ম্মদাহে পুড়িতেছ –প্রবঞ্চনার মত মহাপাপ নাই বলিয়া যাহাকে ধিক্কার দিতেছ, ভগবানের নিকট যাহার বিচার প্রার্থনা করিতেছ, চুই দিন বাদে তুমি হয় ত প্রবঞ্চনার ফাঁদে ফেলিয়া তাহার সর্বনাশ করিবে। আজ ধর্মাচর্চায় রত থাকিয়া তুমি হয় তজগতে ধার্মাক বলিয়া প্রখ্যাতি লাভ করিয়াছ; তুমিই আবার কে জানে, হয় ত জগতের সকল প্রকার অধর্ম কার্য্যে অগ্রগী হইবে। আজ যাহাদের আপন ভাবিয়া অক্লান্ত অধ্যবসায়ে ভরণপোষণ ও সেবা করিতেছ, তুই দিন বাদে তোমার সেই আপনার লোকই তোমার দ্বারে ভিক্ষার জন্ম উপস্থিত হইলে মুষ্টিভিক্ষাতেও বঞ্চিত হইবে। নৃতন আত্মীয় পাইয়াছ, নৃতন জনক জননী পাইয়াছ, নৃতন ভ্রাতা ভগ্নী পাইয়াছ, পুরাতনকে আর চিনিতে পারিবে না। যে গৃহ আপনি নির্মাণ করিয়াছ, সেই গৃহ হয় ত আপনাকেই ভাঙ্গিতে হইবে: যে সংসার আপনি পাতিয়া আপনি তাহাতে করিয়াছ, সেই সংসারে আপনাকেই দাসত্ব করিতে হইবে। চিরপ্রার্থী হইয়া যাহার শরণাগত হইয়াছ, চির-প্রার্থী হইয়া সেই হয় ত তোমার শরণাগত হইবে। সব ঠিক আছে—সব সেই একই আছে, শুধু তুমিই বদলাইয়াছ—
তোমারই শুধু এমন এক আশ্চর্য্য পরিবর্ত্তন হইয়াছে, যাহাতে সমস্ত জ্বগৎ
এক হইয়াও বিভিন্নরূপে প্রতীত হইতেছে। ইহা অপেক্ষা আনন্দের আর কি
আছে—ইহা অপেক্ষা কৌতৃহলপ্রদ আর কি হইতে পারে ? তোমরা ছায়াবাজী
দেখ, এই ছায়াবাজীর কথা ভাবিয়া দেখ; অপূর্ব্ব আনন্দে ক্রদয় পূর্ণ হইবে।

সময়ে সময়ে পূর্বজন্মের ঘটনা স্মরণ হইবার কথা সাধারণ মনুষ্মমধ্যেও দেখিতে পাওয়া যায়। আমি একটা ঘটনার কথা বলিতেছি।

এক সময়ে কোন একটা প্রান্তরের মাঝে একটা প্রোঢ় ব'ক্তি বৃক্ষতলে উপবিষ্ট হইয়া বিশ্রামলাভ করিতেছিল। বৈশাখের মধ্যাহ্ন,প্রচণ্ড রৌদ্রে, তপ্ত লৌহকটাহবৎ প্রান্তর জ্বলিতেছিল। বায়ুপ্রবাহ সে উত্তাপ বহন করিয়া জীবহৃদয় শোধণ করিতেছিল। প্রচণ্ড রৌদ্রে বৃক্ষতলন্থ সেই লোকটীর নিকটে জ্লপূর্ণ কুম্ব ছিল; সে তাহা হইতে জ্লপান করিতেছিল।

এমন সময়ে আর একটা পথিক সেই বৃক্ষসমীপে উপস্থিত হইল। রৌজে বিদগ্ধ হইয়া তাহার সর্বাঙ্গ যেন ঝলসিয়া গিয়াছিল—তৃষ্ণায় কণ্ঠ হইতে বক্ষঃ-স্থল অবধি বিশুষ্ক হইয়াছিল। বৃক্ষতলস্থ লোকটাকে জলপান করিতে দেখিয়া সানুনয়ে তাহার নিকট একটু জল প্রার্থনা করিল।

সহসা উভয়ের চিত্তে ভাবান্তর ঘটিল। প্রথম লোকটা তাঁত্র স্বরে কহিল,—
''তোমার সে অট্টালিকা কোথায়—সে দারবান কোথায়? মনে পড়ে, আমি
তোমার দারে বহু পূর্বে একদিন এইরূপ তৃষ্ণার্ত হইয়া উপস্থিত হইয়াছিলাম,
তুমি কর্কশ স্বরে দারবানের দারা আমাকে তোমার দার হইতে নিক্রান্ত করিয়া
দিয়াছিলে। আজ তাহা অপেক্ষা সহস্রগুণে কাতর হইয়া তৃমি এই প্রান্তর মাঝে
আমার নিকট বারি প্রার্থনা করিতেছ। তোমার জীবন এখন আমার অধীন।"

দ্বিতীয় ব্যক্তি লজ্জায় অধোবদন হইল। কি যেন বহু দিনের হারাণ স্মৃতি তাহার প্রাণে ফুটিয়া উঠিল। তাহার চিত্তে যেন কেমন এক প্রকার ভাবাস্তর উপস্থিত হইল। "কই, আমার ত অট্টালিকা নাই—কখনও ছিল না। অথচ মনে হইতেছে; মনে হইতেছে কেন বলি—সত্যই ত ছিল — অট্টালিকা—দ্বারবান সত্যই ত একদিন আমার ছিল—একদিন সত্যই ত এই ব্যক্তি আমার দ্বারদেশে উপস্থিত হইয়া জল প্রার্থনা করিয়াছিল। সত্যই ত, কবে—কবে—বহু দিন—বহু দিন।" এইরূপ ভাবে তাহার প্রাণ পূর্ণ হইতেছিল; তাহার মুখে বাক্যো-

চ্চারণ হইতেছিল না—দে একদৃষ্টিতে প্রথমোক্ত লোকটির দিকে চাহিয়া এইরপে পূর্বজন্মের ঘটনা দর্শন করিতেছিল। প্রথম লোকটা পুনরায় ভাহাকে বলিল,—"ভোমার মনে পড়িভেছে, না ? বহু পূর্বে; কবে, ভাহা আমিও ঠিক করিতে পারিভেছি না; কিন্তু তুমি ভাড়াইয়া দিয়াছিলে, ইহা সভ্য; ভূমি আমায় জল দাও নাই, ইহা সভ্য। কিন্তু কবে বলিতে পার ?"

উভয়ে আশ্চর্য্যে কিছুক্ষণ পরস্পারের মুখের দিকে চাহিয়া রহিল। এ জ্বগৎ তাহাদিগের চিদাকাশে অহ্য জগতের ছবিতে ঢাকিয়া গিয়াছিল। উভয়েই পূর্ব্ব-জন্মের স্মৃতির ক্ষুরণে সহসা যেন দ্বিগুণ চৈতক্তযুক্ত হইয়া পড়িয়াছিল।

কিছুক্ষণ পরে প্রথম ব্যক্তি বলিল,—"আমি তোমায় জল দিতেছি—পান কর। আমি তোমায় ক্ষমা করিলাম।"

দিতীয় ব্যক্তির তৃষ্ণা তখন বড় একটা ছিল না। বিশায় কৌতৃহলে তাহার প্রাণ পূর্ণ হইয়া গিয়াছিল। তাহার শরীর কাঁপিতেছিল। কিংকর্ত্তবাবিমৃত্ হইয়া সে জল পান করিল। সঙ্গে সঙ্গে তাহাদিণের উভয়েরই চিত্ত হইতে ছবি বিদ্রিত হইল। তাহারা আর প্রত্যক্ষভাবে সে ঘটনা অনুভব করিতে সক্ষম হইল না। শুধু স্বপ্রের মত স্মৃতিটুকু তাহাদিগের মনে ঈষং ফুরিত হইয়া রহিল মাত্র। বৃক্ষতলম্ব প্রথম ব্যক্তিটী সাধনা-পথে কিছু অগ্রসর হইয়াছিল, সে বৃঝিল এবং দিতীয় ব্যক্তিকে বৃঝাইয়া দিয়াছিল যে, ইহা পৃক্ষজন্মের একটা ঘটনার উদ্থাসিত স্থৃতি।

যাহা হউক, আমাদিণের যদি চকু: থাকিত — আমরা যদি ত্রিকালদর্শী হইতাম, তাহা হইলে আমাদিণের জীবনের পূর্ব্ব এবং পরবর্তী ইতিহাস এইরপে দেখিতে পাইতাম—তাহা হইলে বার বার এমন করিয়া জগতের প্রেমে মজিতাম না—শান্তির প্রশান্ত তরঙ্গহীন সমুদ্রে হৃদয় ভরিয়। থাকিত—হৃদয় বিত্ত হইয়া উদার আকাশের মত সমস্ত ব্রহ্মাণ্ড ব্যাপিয়া থাকিত; করতলগত আমলকীর মত এ ব্রহ্মাণ্ড পরিদর্শন করিতাম। কিন্তু সে দিন আসিতে এখনও বিলশ্ব আছে।

কেন আমরা উভয় দিক্ দেখিতে পাই না, ভৃত এবং ভবিষাং কেন আমাদিগের হৃদয়ে প্রতিভাত হয় না ? আমাদিগের চৈতক্ত এখনও তত সবল হয়
নাই বলিয়া। পূর্বে বলিয়াছি জন্মমরণরূপ কশাঘাতে আমরা ক্রমশঃ পূর্ণত্বের
দিকে অগ্রসর হইতেছি। আমাদিগের চৈতক্ত ক্রমশঃ বর্দ্ধিত হইতেছে। আমাদিগের
ভূত ও্ ভবিষ্যং আমাদিগের চক্ষে লুকাইয়া রাখিয়া, সেই চৈতক্ত পরিবর্দ্ধনের

আর একটা কৌশল মা আমার অবলম্বন করিয়াছেন মাত।় বার বার নৃতন করিয়া একই জিনিষকে জন্মে জন্মে নৃতন চক্ষে দেখিয়া, নৃতন চক্ষে ভালবাসিয়া, নৃতন প্রকারে তাহার সহিত ভাবের আদান প্রদান করিয়া আমাদিপের চৈতক্ত পরিবর্দ্ধিত হইতেছে। নৃতনহ আমাদিগের চৈতত্ত বর্দ্ধনের একটি প্রধান উদ্দীপক পুরাতন লইয়া আমাদিগের কুত্র চৈত্তগুবিশিপ্ত প্রাণ অধিকক্ষণ ভাব জাগাইয়া রাখিতে পারে না—অধিকক্ষণ উদ্বোধিত থাকিতে অক্ষম। জব্যের নৃতনহ ঘুচিলেই আমাদিগের প্রাণ সৈ ক্ষেত্রে তমসাচ্ছন্ন হইয়া পড়ে। সে জিনিষ আর আমাদিগের প্রাণে নৃতন ভাব জাগাইয়া চৈতক্য ক্ষুরিত করিতে পারে না। ইহা আমাদিগের প্রত্যক্ষসিদ্ধ। যদি জগতের প্রত্যেক পদার্থ আমা-দিগের চক্ষে পুরাতন বলিয়া প্রতিবিশ্বিত হইত—যদি সকল জিনিষকে পুরাতন বলিয়া চিনিয়া ফেলিতাম — যদি আমাদিগের শিশুটৈততা প্রত্যেক জিনিষ ইন্দ্রিয়-গোচর হইবামাত্র পুরাভন পুরাভন বলিয়া বিতৃঞা প্রকাশ করিত, তাহা হইলে স্তস্থাভাবে শিশুর মত আমাদিগের চৈতন্য ক্রমশঃ নির্জীব হইয়া পড়িত; অর্থাৎ তমোগুণের প্রগাঢ় আবরণ চৈতন্যকে গ্রাস করিত। আমাদিগের পূর্ণত্ব লাভের ঠুলি লাগাইয়া দিয়াছেন—তাই প্রতি ইন্দ্রিয়গ্রাহ্ম বিষয় বার বার জন্মে জন্মে নৃতন নৃতন বলিয়া আলিঙ্গন করিতেছি—তাই মা ঘুরাইয়া ঘুরাইয়া যত দিন না হৈতন্য পরিবর্জিত হয়, তত দিন একই জিনিষ নৃতন নৃতন করিয়া দেখাইতেছেন । তাই নিত্য পুরাতনী মা আমার নিত্য নৃতন সাজে আমাদের চক্ষে প্রতিবিশ্বিত হইতেছেন। নিত্য নৃতন রপে মন ভূলাইয়া আমার চৈতন্যকে ঘুমাইয়া পড়িতে দিতেছেন না। নৃতন আশ্বাদে মঞ্জিয়া আমি বার বার আসিতেছি চৈতন্য সজীব রাখিতেছি – উন্মেষের ব্যাপকতা বাড়াইয়া তুলিতেছি। আর শুধু তাই আমরা মাকে আণার নৃতন করিয়া দেখিতে চাহি—তাই আমার ভাবের ছাঁচে মাকে গডিয়া আমরা হৃদয়ে অধিষ্ঠিতা দেখিতে চাহি —তাই মায়ের ক্রোড়ে অহনিশ থাকিয়াও আমরা মাতৃহারা সম্ভানের মত মা মা করিয়া কাঁদি।

তাই মন আমার নৃতন করিয়া কাঁদে,—"আয়—আয় মা ভুবনমোহিনী পুত্রহারা উন্মাদিনীর মত একবার এ দীন সন্তানের কাছে ছুটিয়া আয় মা!"তাই প্রাণ আমার নৃতন ছাঁদে কাঁদে,—"এস এস প্রাণনাথ! আমার পুরাতন নিম্পেষিত প্রাণে একবার ভালবাসার আলিঙ্গন দিয়া নৃতন প্রেমের উজ্ঞান বহাইয়া দাও।" তাই

মর্শের অন্তন্তল হইতে ক্রন্দনের বিষাদমাখা শ্বাস উদ্বেলিত হইয়া উঠিতে থাকে—
"কোথায় সর্বব্যাপী, সর্বত্রসঞ্চারী, সর্বব্রাণ, সর্বব্য! আমার ক্ষুত্র নিজন্মটুকুকে সমুদ্রমধ্যে দ্বীপের মত আর কেন জাগাইয়া রাখিয়াত, তোমার অতল
তলে মিশাইয়া লও। এ সর্বব্যাপিতে আমার মন কই মজে না—এ কোলে
করা আমার মনের মত হয় না। আর এক রক্ষে আমায় নৃতন কবিয়া কোলে
লও। নৃতন বেশে আমায় নৃতন করিয়া ভালবাস—পুরতিন মা—মা! একবার
নৃতন করিয়া আমার কাছে এস!"

এইরূপে নৃতন নৃতন করিয়া বার বার কাঁদিয়া আমাদিগের চৈতন্য স্কুরিত হইতেছে। নিত্য জন্ম ও নিতা মন্ত্রে এই নিত্য-নৃত্নের অনুসন্ধান আছে বলিয়া—নিত্য নৃতনের আস্বাদ আছে বলিয়া—হৈতনা স্কুরণের মন্ত্র লুকায়িত আছে বলিয়া, তাই আমরা নিত্য জিমিতেছি, নিত্য মরিতেছি, এইরূপ ভাবে আবদ্ধ। তবে আর নিত্যজাত ও নিত্যমৃত, এ কথা আমাদিগকে শোকাকুল করিতে পারে না। এ যাত্ব ব্বিয়াছে — এ রহস্ত যার প্রাণে ফুটিয়াছে, তার ত আর ইহার জন্ম শোকের কোন কারণ নাই। তাই ভগবান বলিতেছেন, ভূমি আপনাকে নিভাজাত বা নিভামুত ভাবিলেও তোমার শোকের কোন কারণ নাই, বরং ইহা আনন্দপ্রদ। একই পদার্থ একই ক্ষেত্রে এইরূপে বার বার নৃতন বলিয়া গ্রহণ করিতেছ যদি বুঝিতে পার, তবে এ জগং কৌ হুকপ্রদ ছাড়া শোকপ্রদ হইতে পারে না। এবং এইরূপ বুঝিলে—এই নৃতনহকে কৌতুক বলিয়া উপলব্ধি হইলে, তখন পুৱাতনের সন্ধানে প্রাণ ঘুরে। তখন প্রাণ যেন নিতাপুরাতনের আভাস পায়—তখন যেন মাতাপুত্রের চক্ষে চক্ষে মিলিত হয়। বহুদিনের অন্বেষণের পর চারি চক্ষু যেন এক হয়। তখন ধারা বহে-তখন খাস রোধ হয়—তখন অস্তিত্ব বিস্মৃত হয়—তখন সুর্যা, চন্দ্র, ব্রহ্মাণ্ড কোণায় ঘুচিয়া যায়—তখন মাতা পুত্রের স্নেহময় আলিঙ্গনের মধ্য হইতে সমস্ত অন্তরায় দূরে অপস্ত হয়—তখন ইন্দ্রিয়াধিষ্ঠিত দেবতাবর্গ দূরে সরিয়া দাঁড়াইয়া,মাতাপুত্রের এ অপূর্ক্ব মিলন কুডাঞ্জলি বেপমান হইয়া দেখিতে থাকে— তখন স্থাষ্ট-স্থিতি-লয়রূপী এক্ষা, বিফু, মহেশ্বর, রুতী সন্তানের মুখের দিকে চাহিয়া স্তব্ধভাবে দাড়াইয়া থাকে—তখন শুধু স্নেহপীড়িত মাতৃকণ্ঠের আবেগরুদ্ধ "আয় আয়" শব্দ ও সন্তানের মুখের অন্দোচ্চারিত "মা" শব্দ, এই উভয়ে মিলিয়া "ওঁ ওঁ" শব্দ বাজিতে থাকে। তখন আর—আর কি হয়, তাহা বলিতে পারি না।

মর্দ্ধের অন্তন্তল হইতে ক্রেন্সনের বিষাদমাখা শাস উদ্বেলিত হইয়া উঠিতে থাকে—
"কোথায় সর্বব্যাপী, সর্বব্যাপার, সর্বপ্রাণ, সর্বস্থা। আমার ক্র্ নিজ্বটুকুকে সমুজমধ্যে দ্বীপের মত আর কেন জাগাইয়া রাখিয়াছ, তোমার অতল
ভলে মিশাইয়া লও। এ সর্বব্যাপিতে আমার মন কই মজে না—এ কোলে
করা আমার মনের মত হয় না। আর এক রক্ষে আমায় নৃতন করিয়া কোলে
লও। নৃতন বেশে আমায় নৃতন করিয়া ভাল বাস—পুরাতন মা—মা। একবার
নৃতন করিয়া আমার কাছে এস।"

এইরূপে নৃতন নৃতন করিয়া বার বার কাঁদিয়া আমাদিগের চৈতক্ত কুরিত নিত্য জন্ম ও নিত্য মবণে এই নিত্য-নৃতনের অনুসন্ধান আছে বলিয়া—নিতা নৃতনের আস্বাদ আছে বলিয়া—চৈত্ত ফুরণের মন্ত্র পু্রুষিত আছে বলিয়া, তাই আমরা নিত্য জন্মিতেছি, নিত্য মরিতেছি, এইরূপ ভাবে আবদ্ধ। তবে আর নিত্যজাত ও নিত্যমৃত, এ কথা আমাদিগকে শোকাকুল করিতে পারে না। এ যাত্ন যে বুঝিয়াছে—এ রহস্ত যার প্রাণে ফুটিয়াছে, তার ত আর ইহার জ্ঞা শোকের কোন কারণ নাই। তাই ভগবান্ বলিতেছেন, ভূমি আপনাকে নিভ্যজাভ বা নিভ্যমৃত ভাবিলেও ভোমার শোকের কোন কারণ নাই, বরং ইহা আনন্দপ্রদ। একই পদার্থ একই ক্ষেত্রে এইরূপে বার বার নৃতন বলিয়া গ্রহণ করিতেছ যদি বৃঝিতে পার, তবে এ জগং কৌ হুকপ্রদ ছাড়া শোকপ্রদ হইতে পারে না। এবং এই কপ ব্ঝিলে—এই নৃতনহকে কৌতুক বলিয়া উপলব্ধি হইলে, তখন পুবাতনেব সন্ধানে প্রাণ ঘূবে। তখন প্রাণ যেন নিভাপুরাতনের আভাস পায়—তখন যেন মাতাপুত্রেব চক্ষে চক্ষে মিলিত হয়। ব**ছদিনের অ**দ্বেষণের পর চারি চক্ষু যেন এক হয়। তখন ধারা **বহে**— তখন খাস রোধ হয়—তখন অস্তিত বিশ্বত হয়—তখন সূর্য্য, চম্র, ব্রহ্মাও কোথার ঘুচিয়া যায়—তখন মাতা পুত্রের স্নেহময় আলিঙ্গনের মধ্য হইতে সমস্ত অস্তরায় দূরে অপস্ত হয়—তথন ইন্দ্রিয়াধিষ্ঠিত দেবভাবর্গ দূরে সরিয়া দাড়াইয়া, মাতাপুত্তের এ অপূর্ব্ব মিলন কুণাঞ্চলি বেপমান হইয়া দেখিতে থাকে— তখন সৃষ্টি-স্থিতি লয়রূপী ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বব, কৃতী সন্তানের মুখের দিকে চাহিয়া স্তবভাবে দাঁড়াইয়া থাকে --তখন শুধু স্নেহপীড়িত মাতৃকণ্ঠের আবেগরুদ্ধ "আয় আয়" শব্দ ও সম্ভানের মুখের অন্ধোচ্চারিত "মা" শব্দ এই উভয়ে মিলিয়া "ওঁওঁ" শব্দ বাজিতে থাকে। তখন আব –আর কি হয়' তাহা বলিতে পারি না।

পারিলেও হৃদয়ে সাহস আসে এবং আশকা দ্রীভূত হয়। মৃত্যুর পর সাধারণতঃ জীবের ছুই প্রকারের গতি হয়। একটির নাম কৃষ্ণা গতি, অক্সটির নাম শুক্লা গতি। আমরা এ গতি সম্বন্ধে পরে আলোচনা করিব। এ স্থলে এইমাত্র উল্লেখযোগ্য যে, শুক্লা গতিই একমাত্র স্থপ্রদ। এবং আমরা চেষ্টা করিলে সেই শুক্লা গতি লাভ করিতে সমর্থ হইতে পারি। অন্তিম্ব থাকিবে সভ্য, কিন্তু সে অন্তিম্ব আজিকার মত অন্তেম্ব করিতে পারিব কি না; যদি না পারি, কি করিলে অন্তুভব করিতে সমর্থ ইইব—এই রহস্যগুলি প্রতি মনুযুজীবনে উদ্ঘাটিত হওয়া আবশ্যক।

মৃত্যু আসিবে। শিশুকে যেমন পিশাচের ভয় দেখাইয়া জননী প্রশমিত করেন, তেমনি ভাবে জননী আমার এ ছরস্ত খেলা ভাঙ্গিবার জন্ম মৃত্যুরূপ পিশাচের ভয় দেখাইবেন। শিশু বয়স্থ হইলে যেমন সে আর পিশাচ বা জুজুর ভয়ে ভীত হয় না, মা কৃত্রিম কোপ প্রকাশ করিয়া নানারূপে তাহাকে ভয় দেখাইতে চেষ্টা করিয়াও সক্ষম হয়েন না, তাহার সে কৃত্রিম কোপ ও ভীতি-প্রকাশক অঙ্গভিদকে ঢাকা দিয়া তাঁহার ভিতরকার স্নেহের মধুময় আনন্দ যেমন ফুটিয়া উঠে, ছরস্ত ছেলেকে ভয় দেখাইতে পারিলাম না বলিয়া মা যেমন হাসিয়া ফেলেন—তুমি যদি জ্ঞানপ্রাপ্ত বয়ক্ষ সন্তান হও, তাহা হইলে মায়ের ঐ কৃত্রিম মৃত্যু আদি ভীতি-প্রকাশক লক্ষণগুলি তিরোহিত হইবে—মা হাসিয়া অধীরা হইবেন। শুধু তথন মৃত্যু ছুটিবে—শুধু তখন মাতা-পুত্রের মুধ্বের হাসির উচ্চ রোল শুনিতে পাওয়া যাইবে—শুধু তখন মাতাপুত্রে সমস্ত ভূলিয়া আনন্দের উৎসে মাতোয়ারা হইয়া থাকিবে।

তাই বলিতেছিলাম মৃত্যুকে চিনিতে হয়। অন্ধকার নিশায় বৃক্ষাদি থেমন পিশাচরূপে ভীতিপ্রদ হয়, বিশেষ পর্যাবেক্ষণ করিয়া দেখিবার পর যেমন সে ভীতি দ্রীভূত হয় এবং একটা নিশ্চিস্ততার আনন্দ প্রাণে ফুটে, মৃত্যুকেও বিশেষ পর্যাবেক্ষণ করিয়া দেখিলে উহার বিভীষিকা দ্রীভূত হয় এবং নিশ্চিস্ততার হৃদয়ভরা শাস্তি ও সাহস আমরা ফিরিয়া পাই।

কিন্তু এরপ পর্য্যবেক্ষণ করিতে না পারিলেও মৃত্যুর পর যথন পুনর্জ্জন্ম অবধারিত এবং স্থিরসিদ্ধান্ত, তখন এ তৃতীয় আশস্কা ভাবিবার বিষয় হইলেও অকিঞ্চিংকর। অসীম যন্ত্রণাই হউক অথবা অপূর্ব্ব মুখানুভৃতিই হউক, কিম্বা ঘোর তমসাচ্ছর অজ্ঞানতাই হউক, মৃত্যুর পর একটা বিশেষ অবস্থান্তর প্রাপ্ত হইয়া আবার এইরূপ ভাবে যখন জগদমুভব করিতে পারিব, আবার জগতে এমনই ভাবে বিচরণ করিতে ও ভাবের আদান প্রদান করিতে সক্ষম হইব, তখন এ আশস্কাও স্থাদয়ে খান দেওয়া কর্ত্বগ্রনহে।

আমি পূর্বে বলিয়াছি প্রতি মুহুর্তে আমরা মরিতেছি, প্রতি মুহুর্তে আমরা জাত হইতেছি,—ইহাকে খণ্ডমৃত্যু বলে। এই খণ্ড মৃত্যুতে ও আমাদের জীবনের শেষ মৃত্যুতে বিশেষ কোন পার্থক্য নাই। খণ্ড প্রলয় ও মহাপ্রলয়ের যেমন শুধু মাত্রার ইতরবিশেষ, খণ্ডমৃত্যুতে ও আমাদিগের মহামৃত্যুতেও তক্ত্রপ মাত্রার ইতরবিশেষ মাত্র। এই খণ্ডমৃত্যু যখন জীব রোধ করিতে সমর্থ হয়, তখন জীব মৃত্যুঞ্জয়ত্বের তটক্ত লক্ষণে ভূষিত হয়। যখন মহামৃত্যু রোধ করিতে সমর্থ হয়, তখন মৃত্যুঞ্জয় হয়।

যাহা হউক, প্রতি ধণ্ডমৃত্যুর পর যথন আমরা অন্তিত্ব হারাই না, প্রতি মৃহুর্ত্তে মরিতেছি, প্রতি মৃহুর্ত্তে আমাদিগের আশ্চর্যা পবিবর্ত্তন, ঘটিতেছে, অথচ যেমন উহা আমাদিগের অনুভৃতিতে আসিতেছে না—আমবা যেন একই অবস্থায় রহিয়াছি বলিয়া অনুভব করিতেছি, তখন মৃত্যুর পরও যে একবারে অন্তিত্ব হারাইয়া ফেলিব, ইহা অসম্ভব। জন্মের পর মৃত্যু যেমন স্থনিশ্চিত, মৃত্যুব পর জন্মও তক্ত্রপ স্থনিশ্চিত। জড়বিজ্ঞানের সাহাযো আমরা বৃক্তিতে পারি, কোন পরমাণুই ধ্বংস প্রাপ্ত হয় না, ইহা দ্বির-সিদ্ধান্ত। যথন জড় পরমাণু সম্বন্ধে এইরূপ ব্যবস্থা, তখন অধ্যাত্মবিজ্ঞানে যে ইহা আরও দৃঢ়তর সত্য, সে বিষয়ে সন্দেহ করা ভূল। তবে বাঁহারা আত্ম-অন্তিত্ব সম্বন্ধে সন্দেহাপন্ধ, বাঁহারা মনে করেন—চৈতন্ত, জড়পদার্থের সংশিশ্রণে উৎপন্ন একটা পদার্থ মাত্র,—যেমন বিশেষ বিশেষ ভৌতিক পদার্থ একত্র করিলে তাহাতে উত্তাপ বা মাদকতা বা কোন প্রকারের শক্তি উৎপন্ন হইতে দেখা যায়, আত্মাও তক্রপ ভৌতিক পদার্থের মিশ্রণে জাত একটা শক্তিন্দাত্র—ভাঁহাদিগের পক্ষে, আত্মার যে সমস্ত লক্ষণ বলা হইয়াছে, সেই সমস্ত লক্ষণ শ্বীকার করিয়া লইয়া, তার পর ধীরে ধীবে এই সাংখ্যজ্ঞানের অন্থূশীলন করা উচিত। তার পর আত্মার স্বতন্ত্র অন্তিত্ব ব্রিতে পারা যায়।

আগে তাহা হয় না। বর্ণপরিচয়েব সময় যেমন বর্ণের আকৃতি বা শ্রেণী শীকার করিয়া লইতে হয়, বর্ণপরিচয়ের সময়েই "ক"এর পর "খ" কেন, যেমন বুঝিতে পারা যায় না, ভদ্রপে আগে তাহাদিগের পক্ষে আত্মা শীকার করিয়া লইয়া কার্যা আরম্ভ করিলে, তার পর আত্মার স্বরূপ উপলব্ধি সম্ভবপর হয়।

অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত। অব্যক্তনিধনাম্যের তত্ত্ব কা পরিদেবনা ॥২৮ ভারত ! ভূতানি অব্যক্তাদীনি, ব্যক্তমধ্যানি, অব্যক্তনিধনানি এব, তক্স কা পরিদেবনা ।

ব্যবহারিক অর্থ।—ভারত! ভূতসকল আদিতে অব্যক্ত, মধ্যে ব্যক্ত এবং নিধনে বা অস্তে অব্যক্ত, স্মৃতরাং তাহাতে শোকের কারণ কি আছে ?

যৌগিক অর্থ।—ব্যক্ত ও অব্যক্ত, শুধু অবস্থার তারতম্য মাত্র। বস্তুর কোন পরিবর্ত্তন ঘটে না। এক স্থানে অপ্রকাশ হইয়া অন্য স্থানে প্রকাশ হয় মাত্র। জন্ম মৃত্যুর ইহাই তারতমা। যেমন জলকণা বাৎপাকার গ্রহণ করিয়া জলে অদৃশ্য ও বায়ুমগুলে ব্যক্ত হয়, আমাদের জন্ম মৃত্যুও তদ্ধপ। যতক্ষণ স্থুল শরীর পরিগ্রহণ করিয়া থাকি, ততক্ষণ এই স্থুল জগতে ব্যক্তভাবে থাকি, স্থুলদেহ ও স্থুল ইন্দিয়যুক্ত জীবসকলের প্রত্তক্ষগোচির হই—আবার যথন স্থুল দেহ পরিত্যাগ করি, তথন আর জগতের স্থুল ইন্দ্রিয়ে ব্যক্ত হই না—স্থুল জগতের পক্ষে অব্যক্ত হইয়া পড়ি। এ জগৎ অপেক্ষা স্ক্ষেত্র ভ্বলেণিকে ব্যক্ত হই।

আমি যথন এই স্থুল জগতে থাকি অর্থাৎ যতক্ষণ আমার শক্তি স্থুল জগৎ উপভোগের অভিমুখিনী হইয়া থাকে, ততক্ষণ এই স্থুল জগৎমাত্রই আমার ইন্দ্রিয়-গোচর বা প্রত্যক্ষীভূত হয় এবং ততক্ষণই পুল ভূতসকল আমার পকে ব্যক্ত। আবার আমি যখন স্থুলদেহ পরিত্যাগ করিয়া স্ক্রলোকে প্রবেশ করি, অর্থাৎ আমার যখন মৃত্যু অবস্থা ঘটে কিম্বা মৃত্যু ব্যতীত এই জীবিত অবস্থাতেই যখন আমি সন্মলোকে অবস্থান করি অর্থাৎ যখন আমার শক্তি সুন্মজগৎ উপভোগের অভিমুখিনী হয়, তখন আর ইহ জগং আমার ইন্সিয়গোচর হয় না---সুক্ষলোক আমার ইন্দ্রিয়গোচর হয়। স্থল জগদভিমুখী হওয়া বা বহিমুখী হওয়া যেমন व्यक्टे कथा, मुन्न जगनिज्ये रख्या वा जस्यू वी रख्या जज्जन वक्टे कथा। সৃশ্ধ জগৎ দেখিতে হইলে শক্তিকে সৃশ্ধ জগদভিমুখিনী করিয়া লইতে হয়। সূক্ষ ঙ্গাৎ দূরে নহে, এই জগতেরই ভিতর দিয়া ওতপ্রোতভাবে অবস্থিত। যেমন পুল ভূতসকলের মধ্যেও বোম অবস্থিত, তদ্ধপভাবে স্থান জগৎ স্থাল জগতের ভিতর ও বাহিরেই অবস্থান করে। ইহা দেখিতে হইলে দেখিবার জ্বন্স একাস্ত भाश्रद थाराक्त। आब भागता कुल खगर निर्किताल, करूत्व ७ अनाग्रास ভোগ করিভেছি। কিন্তু কভ চেন্টা, কভ অধ্যবসায়ের ফলে তবে আজ আমরা এরপেএ জগৎ ভোগ করিতে সক্ষম হইয়াছি—কত দিন ধরিয়া কত প্রকার ক্রিয়া ও অবস্থান্তরের ভিডর দিয়া জীবনগতি চালাইয়া, তবে এ পুল জগতে ব্যক্ত

হইয়াছি ও সুল জাগং আমার ইন্দ্রিয়ে অভিবাক্ত হইয়াছে, ভাহা করনার আদেন
না। এই রূপে যদি স্ক্রমজগতে অভিব্যক্ত হইতে হয়, যদি ইন্দ্রিয়ের দারা স্ক্রম
জগৎ উপভোগ করিতে হয়, তাহা হইলে ভত্পযুক্ত যদ্ধ ও অধাবসায় আবশ্যক।
একদিনে ভাহা হয় না। স্কৃঢ় বলবতী ইচ্ছার সাহায্য না পাইলে স্থল জগৎ ও
স্ক্রম জগৎ এককালে উপভোগে আইসে না।

ইহ জগতে থাকিয়া সৃক্ষ জগৎ পরিদর্শন ও স্ক্রম জগৎ উপভোগ করিবার স্বতন্ত্র পন্থা আছে সত্য, কিন্তু গতি ঈশ্বরাভিমুখিনী হইলে বা অন্তশ্ম থৈ লক্ষা স্থাপিত হইলে, উহা আপনা হইতে সংসাধিত হয়। স্তরাং তাহার জ্বন্ত স্বতন্ত্র লক্ষাের প্রয়োজন হয় না। শুধু এই বিষয়ে নহে, ভগবংসাধনায় সকল প্রকার সিদ্ধি আপনা হইতে অনায়াসে লাভ হইয়া থাকে। সিদ্ধি সিদ্ধি করিয়া ব্যস্ত হইলে ভগবংসাধনায় বিদ্ধ হয় এবং সিদ্ধিও বহু কষ্টসাধ্য হইয়া পড়ে—এ কথা থেন শ্বরণ থাকে।

যাহা হউক, যখন এইরপে এক স্থানে অব্যক্ত ও অক্স স্থানে ব্যক্ত হওয়া ছাড়া ছ্তসকলের অক্স কোন পরিবর্ত্তন ঘটে না, তখন ইহার জক্স আমাদিগের শোক-বিমৃত্ হওয়া উচিত নহে। জীবিতাবস্থায় স্থুল জগতে ব্যক্ত হইয়াছি, মৃত্যু নামক পরিবর্ত্তনের পরাবস্থায় অক্স জগতে ব্যক্ত হইব—প্রভেদ এইটুকু মান্তা। যাহারা ভৌতিক কাণ্ডাদি দেখিয়াছেন, তাঁহারা সাধারণ মন্ত্র্যু হইলেও জ্বগৎ ব্যতীত স্থুলালোকে আপা স্থাপন না করিয়া থাকিতে পারেন না। ভৌতিক কাণ্ড বছ স্থানে সংঘটিত হয়, এবং কিঞ্চিৎ ক্লেশ স্বীকার ও সন্ধান করিলে সকলেই উহা দেখিতে পারেন।

জীব ও জড় পরমাণু সম্বন্ধে যেমন এই একই নিয়ম,ভগবংসম্বন্ধেও তক্রপ বৃধিতে হইবে এবং স্পৃষ্টি সম্বন্ধেও তক্রপ। এক যাহাকে বল, সকলের সেই শ্বির আদি ও অস্ত,ব,ক্ত ভাবাপর হইয়া লোকরূপে প্রকাশ পাইতেছেন মাত্র। অব্যক্তশ্বরূপিণী মা আমার স্থাইরূপে ব্যক্ত হইয়াছেন, অথবা তিনি ব্যক্ত নহেন,অবাক্তও নহেন,তাঁহার যে অংশ যখন আমাদিগের জ্ঞান ও ইন্দ্রিয়াদির গোচর হয়, উহাকেই তখন আমর। ব্যক্ত বলি, বাকী অংশ অব্যক্ত বলিয়া প্রকাশ করি। বস্তুতঃ ব্যক্ত ও অব্যক্ত বলিয়া কিছুই নাই। আজ যেরূপ ইন্দ্রিয় পাইয়াছ, যেরূপ শক্তিতে অভিতৃত্তিও হইয়াছ, সেইরূপ ভাবে মাকে দেখিতেছ মাত্র। পুল ইন্দ্রিয় পাইয়াছ, কুলভাবে মায়ের শ্বুল অক্তরূপে জগৎ পরিদর্শন করিতেছ। সৃক্ষ ইন্দ্রিয় ফুল,

মায়ের স্কাংশ এই স্থলবং ভোমার ইন্দ্রিয়প্রান্ত হইবে। অব্যক্ত অংশ ব্যক্ত হইয়া উঠিবে। তথন এই স্থল জগং বিশাল সমূদ্রে তৃপথগুসকলের মত ভোমার প্রাত্তেই আসিবে না। চন্দ্র, স্থ্য আদি বিরাট্ ব্রহ্মাগুমগুল তরক্তে আবর্জ্জনারাশির মত ভোমার ইন্দ্রিয়ের সম্মুখ হইতে অপস্ত হইয়া যাইতে থাকিবে। তুমি মাজ্ব-মেহ-সমূজে নিমজ্জিত হইবে।

তোমার মন ও প্রাণ, যাহার আদি অষ্ট একই এবং স্থিব, ভূমি সেই দিকে লক্ষ্য রাখিয়া, তাহার সেই আদি ও অন্ত যেখানে এক হইয়াছে, সেইখানে চাহিয়া থাক। প্রত্যেক জিনিষের আদিও যাহা, অন্তও তাহাই। তোমার প্রাণশক্তি যখন স্থির হইয়া মিলাইয়া যাইবে, মনের তরঙ্গ যখন তোমাকে চঞ্চল করিতে পারিবে না, সমুদ্রে কুল স্থোতস্বতীর মত যখন তাহাতে লীন হইয়া মাইবে, সেই নিস্তরক্ষ অবস্থায় যাহা আদি ও অন্ত, তাহাই অবাক্ত এক্ষা নামে অভিহিত। অভ্যাসের ছারা সেই চিরস্থির অবস্থার দিকে লক্ষ্য ফিরাও। তুমি স্থিক্ষ শান্তির সন্ধান পাইবে।

किन्न भागता भूम देखिय भादेशांचि, এই भूज देखिरात माद्यार मारात अहे বিরাট্ট ব্যক্ত রূপ অহর্নিশ দেখিতে পাইলেও ইহাতে আমাদিগের প্রাণ সম্ভষ্ট নহে। আমরা যেন তাঁহাকে অলোকিক ভাবে অস্বাভাবিকভাবে ফুটিয়া উঠিতে দেখিতে চাহি। ই**হা** আমি পূর্বেব বলিয়াছি, প্রাণ আমাদের ন্তন ন্তন করিয়া ব্যস্ত। ছাই যদি চাহ—তোমার এ স্থুল ইন্দ্রিয়ের সংকীর্ণ গণ্ডীর ভিতর যদি সেই শ্বির অব্যক্ত কারণস্বরূপাকে নূতনরূপে ফুটাইয়া তুলিতে চাহ, তাহাও হইবে। এই চক্ষে তুমি মায়ের আমার যে মূর্ত্তি দেখিতে চাহ, তাহাই দেখিতে পাইবে। যেরূপ সংস্থারে মাকে আমার মূর্ত্তিমতী করিয়া হৃদয়াভ্যস্তরে অহর্নিশ পূজা কর, সেই ব্যক্ত ও অব্যক্তের যেরপভাবে অারাধনা কর, সেইরূপ ভাবেই সঞ্চিত হইয়া মা ভোমার চক্ষে প্রতিভাত হইবেন। শিব, শ্রামা, বিষ্ণু, কৃষণ, রাম, বৃদ্ধ, চৈত্তপ্র অথবা অক্ত কিছু ৰাহাই ভোমার সংস্থার হউক—ভগবংসপ্বন্ধে ভোমার যেরূপ সংস্থারই পাকুক-তোমার হৃদয়ে মায়ের ষেরূপ সংস্থার-মৃত্তিকা-গঠিত প্রতিমৃত্তিই বিরাজিত হউক, ভাহাতেই প্রাণ প্রতিষ্ঠিত হইবে, ভাহাই ভোমার মত সজীব সাকাররূপে ভোমারই চর্মচক্ষে স্কৃতিয়া উঠিবে। ধীর অব্যক্ত শাস্ত স্থির কারণবরূপ **অব্যক্তে তোমার পক্ষে স্থা জননী ধীরে ধীরে জাগিয়া উঠিয়া তোমারই এতিমায়** অধিষ্টিতা হইবেন। তোমার চর্ম্মচকু: সার্থক হইবে।

ভাবিও না, ইহা, আশাতীত—ভাবিও না, ইহা আগাসবাণী মাত্র—ভাবিও না, ইহা ভাবোদ্দীপক ভাবের অভিব্যক্তি মাত্র। ইহা একাস্ত সত্য। অব্যক্ত হইতে জগং যেমন ব্যক্ত হইগ্রাছে—অব্যক্ত হইতে তোমার দেবতা তেমনই ভাবে ফুটিয়া উঠিবে—অব্যক্ত হইতে পূর্যা, চন্দ্র যেমন জলিয়া উঠিয়াছে, অব্যক্ত হইতে তোমার সেই জ্যোতির্ময় আরাধ্য দেবতা তেমনই ভাবে জলিয়া উঠিবে। অব্যক্ত হইতে তুমি যেমন স্থলরূপে অভিব্যক্তি লাভ করিয়াছ, অব্যক্ত হইতে মাও আমার তেমনই স্থলরূপে অভিব্যক্ত হইবেন।

এইরূপ ভাবে মাকে জাগাইতে ইইলে--এরূপ ভাবে মাকে চর্মচক্ষের গোচর করিয়া ফুটাইতে হইলে মা মা করিয়া ক্রন্দনের প্রয়োজন। কাঁদিতে পারিলেই আসিবেন, অভ্যাস করিলেই কাঁদিতে পারিবে। তোমরা পুরাণে অনেক স্থলে পড়ি-যাছ, দেবতাসকল বিপদে পড়িলে ক্লীরোদসাগর অথবা কারণসমুদ্রের তটে গিয়া আরাধনা করিতেন। সেই অব্যক্ত-সমুদ্র হইতে হাঁহাদিগের আরাধ্য দেবতা উঠিয়া তাঁহা দগের অভিলাষ পূর্ণ করিতেন। তুমিও যদি তোমার দেবতাকে ফুটাইয়া তুলিতে চাহ, চর্মচক্ষে দেখিতে চাহ, তবে এই স্থুল জগতের ভিতরে যে অব্যক্ত-সমুদ্র অবস্থিত, সেই দিকে চাহিয়া মা মা করিয়া ডাক। কৃতাঞ্চলি হইয়া—বেপমান হইয়া, স্থির চক্ষে দেই অব্যক্ত-সমুদ্রের দিকে তুমি যে নামে ভালবাস, মাকে আমার সেই নাম ধরিয়া আহ্বান কর। চকুঃ হইতে জল ঝরিয়া শুক্ষ হইয়া যাউক — চক্ষের পলক বন্ধ হইয়া যাউক—ভোমার আহ্বান যেন বন্ধ না হয়—তোমার তৃষ্ণ। যেন কমিয়া না যায়—তোমার সাধনার কথা যেন তুমি ভুলিয়া না যাও। এমনই ভাবে যদি কিছুক্ষণ ডাকিতে পার, এমনই ভাবের করুণ কাঙর ক্রেন্দন সে অব্যক্ত-সমুদ্রে গিয়া আঘাত করিতে পারে, তবে দেখিবে, যে অব্যক্ত ভোমার আদি—যে অব্যক্ত ভোমার অন্ত, সেই মহান্ অব্যক্তসমুদ্র হইতে ভোমার সেই দেবতা উত্থিত হইবেন। প্রভাতে সমুদ্র হইতে যদি সূর্য্যোদয় দেখিয়া থাক, সূর্যা যেন জল ভেদ করিয়া উদিত হইতেছেন যেমন মনে হয়, তেমনই ভাবে ধীরে ধীরে, তেমনই ভাবে জাগরণময়ী হইয়া মা আমার উঠিবেন। তোমার জাবনের যথার্থ সূর্য্যদর্শন ঘটিবে—তোমার জীবনের **অন্ধকার** নিশা ফুরাইবে। সে—সে জাগরণ চিরদিন তোমায় জাগ্রত করিয়া রাখিবে। এবং শুধু তখনই বুঝিতে পারিবে, কেমন করিয়া অব্যক্ত হইতে জগৎ ব্যক্ত হুইয়াছে—কেমন করিয়া অব্যক্ত হইতে ভূতসকল ব্যক্ত হইয়াছে।

স্ষ্টির সামাশ্য অংশ মাত্রই ইন্দ্রিয়ে ব্যক্ত বা প্রকাশিত। অনস্ত সমুদ্রের একটা মাত্র তরঙ্গ দর্শন যেমন, মন্ত্রগু-জীবনে সমগ্র স্থাতির তত্টুকু মাত্রই পরিদৃষ্ট হয়। অব্যক্তই সমস্ত। সাধনায় যতটুকু মাত্র শক্তিলাভ করিয়াছি, তত্টুকু মাত্রই আমাদিগের অনুভূতিতে আসিতেছে ও ইন্দ্রিয়ের জ্ঞানগোচর হইতেছে। সাধনায় যত অগ্রসর হইবে, অপ্রকাশ অংশ তত স্থপ্রকাশ হইবে। ইহাই সাধনার এখর্ষ্য।

আমি পূর্বেব বলিয়াছি, প্রতি খাসে আমরা মরিতেছি—প্রতি খাসে খাসে আমরা জীবন লাভ করিতেছি। স্মৃতরাং বিশদভাবে দেখিলে বুঝিতে পারা যায়, আমরা খাসে খাসে অব্যক্তে প্রবেশ করিতেছি, অব্যক্ত হইতে নব শক্তি লইয়া প্রকাশিত হইতেছি। তাহা হইলে যদি ঐ শ্বাসের অনুধাবন করিতে পা त-शीरत शीरत शारमत महिल कि প্রকার পরিবর্তন হইতেছে, य नि দেখিয়া যাইতে পারি, তবে অব্যক্তের সন্ধান পাইতে পারি। শাসের অনুধাবন কর— শাস কি ভাবে কোথায় আমার দেহাভাস্তরে লীন হইতেছে, তাহা দেবিতে চেষ্টা কর - কোথা হইতে শ্বাস খাকৃষ্ট হইতেছে—কোথা হইতে শ্বাস প্রক্রিপ্ত হইতেছে. তাহার সন্ধান রাখ। স্থিরচিতে একটা খাস আকর্ষণ করিয়া, কোথায় সে যায়, ভাহার প*চাৎ প*চাৎ মনকে চালাও। একবারে পারিবে না, বার বার চেষ্টা কর – বার বার শাসের পশ্চাৎ পশ্চাৎ মনকে ছুটাইতে যদ্ধবান হও। অব্যক্তের সন্ধানের জন্ম তে মার এ যত্ন। স্ত্তরাং সেই অব্যক্তের শরণাগত হইয়া এ কাৰ্য্যে ব্ৰতী হও। বিফলতা যত আসিবে, তত সেই অব্যক্তকে ডাকিতে থাক। অব্যক্ত স্বীয় আকর্ষণী শক্তিপ্রভাবে যাহাতে ভোমায় টানিয়া লয়— যাহাতে োমার খাস তোমায় পথে ফেলিয়া না যায়, তাহার জক্ম প্রার্থনা কর খাসের সঙ্গে সঙ্গে ভূমি না যাইতে পার, অস্ততঃ গোমার সে কাংর আহ্বানও যাহাতে যায়, তাহার জন্ম সচেষ্ট হও। ক্রমশঃ দেখিবে—ভোমার সে কাতর আহ্বান সে অব্যক্তে গিয়া পৌছিয়াছে—তোমার সে আহ্বানের প্রত্যুত্তর স্বরূপে অন্হত-নাদ তোমার কানে আসিয়া পৌছিতেছে—মা তোমায় ডাকিতেছেন। তখন আখাস পাইবে—তখন সাহস ও বল পাইবে তখন খাসের সঙ্গে অব্যক্তে প্রবেশ করিতে সক্ষম হইবে। এবং শুধু তখনই ব্যক্ত হইতে অব্যক্তে যাইতে ও অবাক্ত হইতে ব্যক্তে আসিতে তোমার শোকের কিছু কারণ থাকিবে না। ইহারই নাম প্রাণায়াম। এ সম্বন্ধে পরে আলোচনা করিব।

আমাদিগের ইপ্রিয়ময় দেহের অভ্যন্তর দিয়া দেবলোক প্রবাহিত। অর্থাৎ দেবতাসকল আমাদিগের ইন্দ্রিয়ে অধিষ্ঠিত। কর্মারূপ যজ্ঞের দ্বারা ভাঁহারা পৃঞ্জিত ও প্রীত হন। আমাদিগের পক্ষে অবাক্ত হইলেও যত্ন করিলে আমরাও দেবতা-সকলের সন্ধান করিতে পারি। ঐ দেবতাবর্গকে সন্তুষ্ট করিতে পরিলে আমাদিগের বর্ত্তমান ইন্দ্রিয়-সকলকে অলৌকিক শক্তিসম্পন্ন করিয়া তুলিতে পারি। এবং ইহা ছাড়া অম্বান্ত সৃক্ষ ইন্দ্রিয়-সকলও ফুটাইয়া তুলিতে পারি। সেই ইন্দ্রিয় দারা ঐ দেবতাসকল ও দেবলোক পরিদৃষ্ট হয়। ইন্দ্র, বায়ু, বরুণ আদি দেবতা-সকল ও তাঁহাদিগের সামাজ্য ও শক্তি আমাদিগের গ্রাহ্যে আইসে। যেমন মৃত্তিকার তলদেশ দিয়া জলস্রোত প্রবাহিত এবং সেই রসতত্তে অভিষিক্ত হইয়া ওষধিসকল পৃথিবী-বক্ষে পুষ্টিলাভ করে, কিন্তু একটু গভীর তলদেশ অবধি খনন না করিলে সে স্রোত দেখিতে পাওয়া যায় না, তক্ষপ আমাদিগের এই স্থুলদেহের অভ্যন্তর দিয়া ঐ সূক্ষা দেবলোক প্রবাহিত থাকিয়া, ঐ স্থুল দেহকে পুষ্ট ও কার্যাশক্তি-সম্পন্ন করিয়া রাখিতেছে। কিন্তু আমরা দেহের অভ্যন্তরস্থ সে স্রোতে প্রবেশ করিতে না পারিলে সে লোক প্রত্যক্ষ করিতে পারি না। পৃথিবীর বক্ষ যতই বিশুষ্ক হউক, তাহার প্রত্যেক ধূলিকণা বা পরমাণুটি পর্য্যস্ত যেমন অভ্যস্তরস্থ রসপ্রবাহে অহর্নিশ অভিষিক্ত, তদ্রপ আমাদিগের স্থূলদেহের প্রত্যেক পরমাণু ঐ দেবলোকের সৃশ্ব শক্তি এবাহে অভিষিক্ত।

আবার দেবলোকের অভ্যন্তরে স্ক্ষাতর তপোলোক বিরাজিত। সুলদেহ ভেদ করিয়া যেমন দেবলোকে উপস্থিত হইতে হয়, দেবলোক ভেদ করিয়া তক্ষ্রপ তপোলোকে প্রবেশ লাভ করিতে পারা যায় এবং উহা প্রত্যক্ষীভূত হয়। সৃক্ষ্র হইতে স্ক্ষাতর লোকসকল এইরূপ আমাদিগের দেহের অভ্যন্তর দিয়া বিস্তৃত হইয়া রহিয়াছে। উহা এখন আমাদিগের পক্ষে অব্যক্ত হইলেও চেষ্টা দ্বারা আমরা ব্যক্ত করিয়া লইতে পারি। এবং ক্রমশঃ স্ক্ষাতম হিরণ্ময় কোষের সন্ধান পাইতে পারি।

যাহা হউক, সাধকের সাধনা ঘনীভূত হইলে সে অব্যক্ত-সমুদ্রে তরঙ্গহিল্লোক বেলিতে থাকে। অব্যক্তরূপিণী মা আমার ব্যক্ত হইবার জন্ম অধীরা হয়েন। তথন আমারই অভ্যন্তরস্থ দেবলোক ও তপোলোকস্থিত দেবতাবর্গ, আমারই কেন্দ্রস্থিত ও ইন্দ্রিয়াধিষ্ঠিত শক্তিসংঘ কৃতাঞ্চলিপুটে দণ্ডায়মান হইয়া মাতৃ-আগমনের জন্ম উদ্ব্রীব হইয়া পড়ে। তথন তাহাদিগের দেহ হইতে শক্তি

বিনির্গত হইয়া অব্যক্তমুথে ধাবিত হইয়া মাতৃ-অঙ্গে মিলাইয়া যায়। মা আমার সেই শক্তি অনুক্রমে বিক্ষৃরিতা হইয়া সাধকের হৃদয় আলোকিত করিয়া দাঁড়ান। যে সাধকের যে প্রকার সংস্কার—যে সাধকের ইন্দ্রিয়াধিষ্টিত দেবতাবর্গ যে ধরণে উদ্বোধিত, সেই প্রকারের শক্তি মাতৃ-অঙ্গে লিপ্ত হয় বলিয়া বিভিন্ন সাধকের হৃদয়ে না আমার বিভিন্ন প্রকারে প্রকটিতা হয়েন। এই জন্ম মায়ের বছরপ আমরা ধর্মজগতে দেখিতে পাই। যে যেরূপ ভাবে রতার্থ হইয়াছে, দল্ দল্ করিয়া অব্যক্ত যেরূপ ভাবে উদ্বেলিত হইয়াছে, সে সাধক সেই ভাবেরই প্রচার করিয়া গিয়াছেন। সাধক আপনি ধন্ম হইয়াছেন, অপরকে ধন্ম করিবার জন্ম সে অপূর্বব কাহিনী গাহিয়া গিয়াছেন। স্বর্বক্ষেত্রেই অব্যক্ত ব ক্ত

এইরপে অব্যক্ত যখন ব্যক্ত হইয়া সাধকের অভিলাষ পূর্ণ করে, সাধকের বছ দিনের ক্রন্দনের গাথা যখন এইরপে করুণার অরুণ রাগে মাকে রঞ্জিত করিয়া বুকের ভিতর টানিয়া আনে, শুগু সেই রক্তরাগময় প্রভাতে সাধক বুঝিতে সমর্থ হয়, কেমন করিয়া অব্যক্ত হইতে ব্যক্ত ও ব্যক্ত হইতে অব্যক্তাবস্থা সংসাধিত হয়।

আমার জ্ঞানের প্রয়োজন নাই—আমার ক্রিয়ার প্রয়োজন নাই, আমার আপনার অন্ধকার লইয়া আমি একা থাকি, সেই ভাল। আমি ক্লণপ্রভার ক্ষীণ আলোকের ক্ষণস্থায়া চপলা-খেলা চাহি না—আমি আপনার ছংখে আপনি অক্রেধারা ঢালি, আমি নির্জন হৃদয়ের নিভৃত কোণে আপনাকে সংস্কার-বন্ধে আর্বত করিয়া ধূলায় লুটাইয়া কাঁদি, আমার সেই ভাল। আমি মারামারি কাটাকাটি চাহি না—আমি হুড়াহুড়ি ছুটাছুটি চাহি না—আমি পরের কি ধার করিয়া বৈতরণী পার হইতে চাহি না; অব্যক্তরূপিণী মাকে আমার টানিয়া আনিবার জন্ম, অব্যক্তরূপিণী মায়ের আমার অভ্যর্থনা করিবার জন্ম আমি পরের বাটী হইতে রত্ব-সিংহাসন ভিক্ষা করিয়া আনিতে চাহি না; আমার যেরূপ জ্ঞান আছে—আমার যেরূপ সংস্কার আছে—আমার যেরূপ পর্বকৃতীর আছে, তাহাই আমার থাক। জানি, একদিন যখন আমি ক্রন্দনে ভন্ময় হইয়া থাকিব, আকুল উদ্বেলিত হৃদয়ে ধূলায় লুটাইতে থাকিব, তখন সহসা মাতৃচক্ষের স্বেহাক্র ঝরিয়া পড়িয়া আমার চমক ভাঙ্গিয়া দিবে। আমি দেখিব, মা আমার ক্রাক্রে আনিয়া আমার শিয়রে বসিয়া আমার মুখের দিকে চাহিয়া ঝর ঝর

কাঁদিতেছে—অব্যক্ত হইতে ব্যক্ত হইয়া উন্মাদিনার মত ছুটিয়া আসিয়াছে, অব্যক্ত ও ব্যক্ত একই হইরাছে, আদি, মধ্য ও অন্ত মিলাইয়া গিয়াছে। স্থতরাং আমার ব্যক্ত ও অব্যক্ত লইয়া শোক বিলাপ করিবার প্রয়োজন নাই।

প্রবিশ্লোকের "জাতস্থা হি গ্রুবো মৃত্যু র্জুবং জন্ম মৃতস্থা চ'' এই জ্ঞানের সাধনার পর এই "অব্যক্তাদীনি ভূতানি" ইত্যাদি জ্ঞান ফুটিয়া উঠিবে। কিছু দিন "জাতস্থা হি গ্রুবো মৃত্যু:" এই মন্ত্র অভ্যাস কর, তার পর এই অব্যক্ত ও ব্যক্তের একীকরণ জ্ঞান তোমার বুকের ভিতর বাজিবে। "জাতমাত্রের মরণ স্থানিশ্চিত, মৃতমাত্রের জন্ম অবশ্যস্তাবী" এই ধারণাটা চিত্তে বন্ধমূল ইইলে তথন কোথা হইতে জন্মিয়াছি ও মরণের পর কোন্ ক্ষেত্রে পুনরায় প্রত্যাবর্ত্তন করিব, সেই ক্ষেত্রের সন্ধানে প্রাণ অভিনিবিষ্ট ইইয়া পড়ে; তথন প্রাণ সেই অব্যক্ত কেন্দ্রের দিকে ধাবিত ইইতে থাকে। অব্যক্ত অব্যক্ত করিয়া প্রাণ আকুল হয়; এবং তথনই অব্যক্তের নিত্য সনাতন হির আভাসে হৃদয় শান্তিপূর্ণ হয়। "জাতস্থা হি গ্রুবো মৃত্যু র্জুবং জন্ম মৃতস্থা চ'' এই প্রব সত্যটি সংস্কারে পরিণত কর। অহর্নিশ এই ভাবটি মন্ত্রের স্কর্মণ প্রোণের ভিতর কিছুদিন জাগাইয়া রাখ। প্রাণ আর এই আপাত-ব্যক্ত জগতের দিকে চাহিবে না। অব্যক্তকে ব্যক্ত করিয়া তুলিবার জন্ম প্রাণ কাদিয়া উঠিবে। আসা যাওয়ার কথা ভাবিতে ভাবিতেই কোথা হইতে এ আসা যাওয়া, তাহার সন্ধান পাওয়া যাইবে।

আশ্চর্য্যবৎ পশ্যতি কশ্চিদেন-মাশ্চর্য্যবদ্বদ্ধি তথৈৰ চান্ত:। আশ্চর্য্যবক্তিনমন্ত: শৃণোতি শ্রুত্বাপ্যেনং বেদ ন চৈৰ কশ্চিৎ ॥

এনং আশ্চর্যাবং কশ্চিৎ পশ্যতি, তথৈব চ অন্যঃ আশ্চর্যাবং বদতি, অক্সশ্চ এনং আশ্চর্যাবং শূণোতি, শ্রুতা অপি চ এনং কশ্চিৎ নৈব বেদ।

ব্যবহারিক অর্থ। -কেহ ইহাকে আশ্চর্য্যরূপে দর্শন করেন, তদ্রুপ কেহ আশ্চর্য্যবৎ বলেন, কেহ আশ্চর্য্যবৎ প্রবণ করেন, শুনিয়াও কিন্তু কেহ ইহাকে পরিজ্ঞাত হইতে পারেন না। যৌগিক ব্যাখ্যা।—এই অব্যক্তকে কেহ আশ্চর্যারপে পরিদর্শন করিয়া থাকেন। সাধক যখন অব্যক্তের সন্ধান পায়—যখন ভাহার তৃতীয় চক্ষ্ণ উন্মেষিত হয়, তখন অপূর্ব্ব বিশ্বায়ে তাহার হৃদয় পরিপূর্ণ হইয়া পড়ে। যেখানে প্রপঞ্জকে ব্যক্ত দেখিতেছিল, সেইখানে প্রপঞ্জের আদি ও অন্তন্ধরূপকে ব্যক্ত দেখে; যেখানে জগৎ দেখিতেছিল, সেইখানে জগন্মাতাকে পরিদর্শন করে; যে কেন্দ্রে মায়ার চিত্রসকল অহরহঃ ফুটিয়া-উঠিতেছিল, সেই কেন্দ্রে মহামায়ার মোহিনী মৃত্তি প্রকটিত হয়।

অপূর্ব্ব বিশ্বয়ে তাহার প্রাণ পরিপূর্ণ হইয়া পড়ে। পুলকে তাহার প্রত্যেক পরমাণু প্রাণময়, চৈতভাময়, আনন্দময় হইয়া উঠে। জড়দেহ তার চৈতত্যে গঠিত বিলয়া অন্থভব করে। কি অলৌকিক পরিবর্ত্তন! ব্রহ্মাণ্ড যেমন ছিল, তেমনই রহিয়াছে; জল, হল, বায়ু, আকাশ যেমন ছিল, তেমনই রহিয়াছে, কোখাও কিছু অন্থরায় ঘটে নাই, কোখাও কিছু বিপর্যায় সংঘটিত হয় নাই, — অথচ এ কি হইল! মা মা, এ কি দেখিমু মা!

এইরূপে সাধক কৃতার্থ হয়। এ দর্শন আশ্চর্য্য নহে, ইনি আশ্চর্য্য পদার্থ নহেন। যাহা নিত্য, সর্বব্যাপী, সর্বত্ত স্থপ্রকাশ, তাহা আশ্চর্য্য হইতে পারে না ; তাহা সর্বসাধারণী। কিন্তু এইরূপ সর্বতঃ এবং সর্বে হইয়াও আশ্চর্য্যভাবে তিনি লোকচক্ষর অস্তরালে লুকায়িত থাকেন এবং আশ্চর্যাভাবে সাধকের চক্ষে দে আশ্চর্য্য অব্যক্ত অবস্থা হইতে ফুটিয়া উঠেন। সেই জন্ম আশ্চর্য্যবৎ শব্দটির এ স্থলে সার্থকতা। আশ্চর্যাম্বরূপিণীর এ আশ্চর্য্য লুকোচুরী খেলার প্রত্যেক ভঙ্গিমাটুকু আ*চর্য্য। লুকান আ*চর্য্য, ব্যক্ত হওয়া আ***চর্য্য,** পায়ে ঠেলা আশ্চর্যা, কোলে ধরা আশ্চর্যা, নির্মমতা আশ্চর্যা, মমতার মোহ আশ্চর্যা। ভাবিওনা, তাহাতে মায়া নাই। তার যত মায়া, আর কাহারও তত নাই। তোমার কতটুকু মায়া আছে ? কতটুকু মায়া লইয়। তুমি সংসারে ঢালাঢালি কর ? কভটুকু ভালবাসা লইয়া তুমি জগৎকে **আপনা**র করিতে চাহ ? সে কভটুকু ? অগাধ অপরিমেয় মায়া বুকে লইয়া, অগাধ অপরিমেয় ভালবাসা বুকে ধরিয়া মা আমার তোমার অপেক্ষা করিভেছেন। ছই চক্ষে ভোমায় দেখিয়া সাধ মিটে না বলিয়া তৃতীয় চক্ষু উন্মেষিত করিয়া ভোমার দিকে চাহিয়া আছেন! তবু অন্ধ,—তবু মা আমার ভোমার দোষ অংশ দেখিতে পান না! দোষ বলিয়া কিছু তাঁর চক্ষে প্রতিঘাত করে না—মঙ্গলময়ীর মঙ্গলময় চক্ষে সব মঙ্গল, সর্বত্ত মঙ্গল। ভালবাসার মোহে মা আমার চক্ষ্হীনা। আমাদের দোষ যদি দোষ বলিয়া তার চক্ষে প্রতিফলিত হইত, তবে কি এ অনস্ত যাত্রায় আমারা পদমাত্র অগ্রসর হইতে পারিতাম। আশ্চর্য্য ভালবাসা।

শুধু তাই কি ? আশ্চর্যা, নিত্য হইয়াও কেমন করিয়া অনিত্য প্রপঞ্জপ পরিগ্রহণ করিয়াছে। আশ্চর্যা,—সত্য হইয়াও কেমন করিয়া মিথ্যার ভাণে বদ্ধ হইয়াছে। আশ্চর্যা,—নিগুণ ও সগুণের কেমন করিয়া সামশ্রপ্ত রক্ষা করিয়াছে। আশ্চর্যা,— একই পদার্থ নিগুণ ও সগুণরূপে লোকচক্ষে প্রতিভাত হইতেছে।

আর আশ্চর্যা বিরাট রাজরাজেশ্বরী হইয়াও কেমন করিয়া দীন ভিশারী জীবের সার্থিরূপে অবস্থান করিতেছে। সন্তানের হৃদয়-র্থের উপর নবারুণের রক্তরাগ ছড়াইয়া রক্তচরণখানি বাড়াইয়া দিয়াছে; পুষ্ঠে চরণ-চুম্বী কেশপাশ দোলাইয়া ছ্যীকেশ-বেশে তাহার গতির সার্থ্য করিতেছে; মুখে উছ্লিত হাসি, ভঙ্গিমায় নিশ্চিন্ততার বিমল লাবণা এক করে বলা, অন্থ করে কশা, চাহনি বিশাল অথচ অন্তর্ভেদী, আমার মুখাপেক্টা হইয়া আমার মুখের দিকে চাহিয়াছে,—স্থাভাবের মাধুর্যে, স্নেহের চল চল তরঙ্গে হাদয় পূর্ণ—আমি যাহা বলিতেছি, তাহাই করিতেছে, আমি যে দিকে যাইতে চাহিতেছি, সেই দিকে **লইয়া চলিয়াছে; অ**থচ একমাত্র তাহারই ইচ্ছার চরিতার্থতা হ**ইতেছে** মাত্র; শক্তি তাহার, ইচ্ছা তাহার, কার্যা তাহার, কিন্তু এ শক্তি. ইচ্ছা ও কার্য্যের ভিতর সস্তোগ বলিয়া যে চরিতার্থতাটুকু আছে, সেটুকু আমায় দিয়া রাথিয়াছে ; আমার স্বাধীন সম্ভোগের তিলমাত্র অংশ গ্রহণ করে না;—এমন আর কে আছে রে! এমন মা—এমন স্থা! এমন সে আর কোথায় পাবি রে! আমায় কর্ত্তা সাজাইয়াছে, সম্ভোগ দিয়াছে!— অথচ অজ্ঞাতে আপনিই কর্তৃত্ব করিয়া চলিয়াছে, আর হাসিতেছে; এইরূপে দেখি, তখন আশ্চর্য্যে, বিম্ময়ে, পুলকে, স্তর্ধ-নেত্রে, তাহার মুখের দিকে চাহিয়া থাকি মাত।

এইরপে আশ্চর্য্যে কেহ তাহাকে দর্শন করেন। যাহাদের জীবনে এ সার্থকতা ঘটে নাই, যাহাদের ভাব এতটা ঘনীভূত হয় নাই, যাহাদের হৃদয়ে ভাব জন্মাইতেছে, কিন্তু স্থায়িত্ব ও ঘনীভূতি লাভ করিতে না পারিয়া মায়ের মূর্তি-নির্দাণের উপযোগী হুইতেছে না;—শ্বতরাং ভাবসকল বহিন্দু বৈ ধাবিত,— তাঁহারা

আশ্চর্যা ভাবে ইহার কথা বলেন। যেমন তরল মৃতিকায় মৃতি নির্দ্ধিত হয় না, তত্রপ ভাব যতক্ষণ না ঘনীভূত হয়, উতক্ষণ তাহাতে মাতৃমূত্তি রচিত হইতে পারে না। জলদখণ্ডের মত সে ভাব-সকল হৃদয়াকাশ হইতে বরিষণ না করিয়াই বাক্যের আকারে বহির্গত হইয়া যায়। ধরা যে স্থলে সমধিক উত্তপ্ত, সেইখানকার আকাশেই চারি ধার হইতে যেমন মেঘ ছুটিয়া আসিয়া ঘনীভূত হয় ও নির্দাল বরিষণে ধরা অভিষিক্ত করে, তত্রপ প্রাণ হুতাবের বা তপস্থার উত্তাপে উত্তপ্ত না হইলে, ভাবের মেঘ ছুটিয়া আসিয়া ঘনীভূত হইয়া মাতৃমূত্তি প্রকাশিত করিতে পারে না। যথোচিত উত্তাপ না হইলে মেঘ আসিয়া জমিয়া আবার অন্তহিত হয়। প্রবল অভাব অন্তভ্তব না করিলে ভাবের মেঘ আসিয়া আবার বহির্গত হইয়া যায়। এ মেঘ সেই ভাবের চল্ চল্ দল্ দল্ সমৃত্র হইতেই উৎপন্ন। সমৃত্র হইতে বাষ্প উথিত হইয়া যেমন গগনে মেঘাকারে অবস্থান করে, ভাবময়ার ভাবসমৃত্র হইতে মায়াবান্প উথিত হইয়া তত্রপ চিদাকাশে মেঘ সঞ্লাত করে।

যাহা হউক, অভাবের শ্বল্প উত্তাপতপ্ত হৃদয় হৃইতে ভাবসকল বাহিরে ধাবিত হৃইয়া মুখে ব্যক্ত হৃইতে থাকে। আশ্চর্যাভাবে দে ভাবময়ীর ভাবকাহিনী-সকল জগতে প্রচার করিতে থাকে। আশ্চর্যাভাবে লোকের শ্বদয়ের ধান্ধাসকল, ওাহার অমৃতবাণী অন্তর্হিত করিয়া দেয়। আশ্চর্যাভাবে জীব-হৃদয়ে ভগবদ্ধার জ্বাগাইয়া দিয়া ভাবের মেঘ রচনা করিয়া দেয়। আশ্চর্যাভাবে মহুয়্যা-জগৎ ওাহার মুখের দিকে চাহিয়া থ.কে। জনসভ্য তাহার ইঙ্গিতে উঠিতে চলিতে থাকে, ওাহার চরণ-প্রান্থে লুটাইতে থাকে। তার কাতর মাতৃআহ্বানের সঙ্গে আহ্বান মিশাইবার জন্ম লোকসকল চঞ্চল হয়। যেমন বাত্যাবিতাভ়িত হইয়া সমুদ্রভরঙ্গ উদ্বেলিত হইয়া উঠে, তত্রপ জন-সমুদ্রে একটা উত্তেজনা, একটা উদ্দিপনার ভাব জাগিয়া উঠিতে থাকে। সে সাধকের মুখের অভয়বাণী যাহার হৃদয়ে একবার প্রবেশ করে, সে আর কিছু শুনিতে চাহে না, সে আর কাহারও অপেক্ষা করে না, সে আর জগতের ভয়ে ভীত হয় না, সে ভাবের আবেগে মুশ্ধ হয়, হৃদয় উছিলয়া উঠে ভাবে গদ গদ কণ্ঠে মা মা বলিয়া না ডাকিয়া থাকিতে পারে না।

অন্তে—যাহাদিগের ভাব ততটা ঘনীভূত হয় নাই, যাহাদিগের দর্শন করিবার বা বলিবার শক্তি এখনও জন্মায় নাই, তাহারা আশ্চর্য্যরূপে আত্মতত্ত্ব শ্রাবণ করে। এ স্কল অলৌকিক কথা তাহাদের চিত্তকে বিশায়ে নিমগ্ন করে। আনন্দে তাহাদের হৃদুয় পরিপূর্ণ হয়, প্রাণ অন্তর্মুখে আকৃষ্ট হইতে থাকে।
কিন্তু এরপ দেখিয়া, বলিয়া, শুনিয়াও কেহ তাঁহাকে সম্পূর্ণ ভাবে জানিতে
সমর্থ হয় না।

আছোপলন্ধি প্রধানতঃ এই তিন শ্রেণীতে বিভক্ত। প্রথম শ্রেণীর সাধক উপাস্ত দর্শনে সমর্থ হয়, তাহার ভাব ঘনীভূত হয় এবং মাকে আমার ফদয়ে সাক্ষাৎ প্রত্যক্ষ করিতে সমর্থ হয়। দ্বিতীয় শ্রেণীর সাধকের আত্মদর্শন হয় না, ভাব তাহার তত ঘনীভূত অবস্থা প্রাপ্ত হয় না, তবে ভাবরাশি সন্ধাগ হয় এবং বাক্যরূপে সে ভাব জগতে ছড়াইয়া পড়ে। তৃতীয় শ্রেণীর সাধকের ফারেয় ভাব ষতঃ উদিত হয় না। ইহা অন্তত্র হইতে আবিভূত হইয়া ফ্রন্যকে আকৃষ্ণ করিয়া তোলে এবং অভাবের উত্তাপে উদ্দীপ্ত করিয়া দিয়া ভাবোদয়ের উপযোগিরূপে পরিণত করিয়া দেয়। কিন্তু অবস্থাত্রয়ের প্রত্যেকটিতেই মায়ের আমার অপূর্বের প্রতিপন্ন হয়। আশ্রুষ্য, পুলক—প্রত্যেক অবস্থারই সাধারণ লক্ষণ।

প্রথম শ্রেণীব সাধক মাত্চরণ দর্শনে যথন কৃতকুতার্থ হয়, তখন বিশ্বয়ের বিহললতা তাহার দ্রীভূত হয় না,—গ্রুবং, জড়বং, মায়ের মুখের দিকে সে চাহিয়া স্থির হইয়া থাকে। ইন্দ্রিয়-কার্য্য রোধ হইয়া যায়, চক্ষে জলধারা অবধি প্রবাহিত হয় না। নির্জ্জন, নীরব, নিথর, গগন অপেক্ষা বিশাল কোন শান্তির অনন্তবিস্তীর্ণ জাগরণময় নিত্য স্থির সামাজ্যে মাতাপুত্রে একীভূত ইইতে থাকে। লোকচক্ষ্ণ সে মিলন দেখিতে পায় না। জগতের লোক সে মিলনোৎসবের আনন্দে প্রবিশ্তত। লোকের মাঝে, জনতার মাঝে, কোলাহলের মাঝে সন্তানকে আদর করিয়া মায়ের আমার স্নেহের বেগ প্রশমিত হয় না। তাই জগৎচক্ষ্ণ হইতে দ্রে—অতিদ্রে লইয়া গিয়া, প্রাণের পুত্তলিকে বুকে করিয়া, অসীম ব্রহ্মাণ্ড-পুঞ্জ-খতিত নভোমগুল ভেদ করিয়া—ব্রহ্মা, বিফু ও শিবলোক অতিক্রম করিয়া, উধাও হইয়া যাইতে থাকে। তার নিজের যে কোন লোক নাই। তার নিজের বৃঝি কোন নিন্দিষ্ট বাসস্থান নাই। সর্ব্যাধ্য সে মহেশ্বরাদিকে ভাগ করিয়া দিয়াছে, সর্ব্যাধ্যে সাম্বাক দিয়াছে। মাতৃস্মেহ-বিহ্বলা দরিদ্রা মা'টি আমার, উন্মাদিনী মা'টি আমার—তাই সন্তান বুকে লইয়া নির্জ্জনতার জন্ম উধাও হইয়া গিয়া, জানি না, কেমন করিয়া কোন্ দেশে নির্জ্জন স্থানের অন্তেম্বণ পাইয়া

একবার নিশ্চিন্তমনে তাকে স্নেহধারা পান করায়। উল্লাদিনী, উল্লাদিনীর মত তার মুখের দিকে তাকাইয়া থাকে। ইহাও সেই অব্যক্ত ক্ষেত্রে।

বাঁহারা দিতীয় শ্রেণীর সাধক, তাঁহাদিগের সোভাগ্য এত উজ্জল নহে। তাঁহারা প্রগাঢ় অধ্যবসায় সহকারে ধ্যানাদি প্রক্রিয়া অবলম্বন করিতে প্রয়াস পান: অথবা ভাবাবলম্বনে অন্তর্ম্মুখী হইতে থাকেন। ধ্যান ও জপের প্রকৃষ্ট পন্থা অমুধাবন করিয়া স্থির চইতে স্থিরতর অবস্থার দিকে অগ্রসর হইতে থাকেন; অথবা ভাবের প্রশান্ততায় মৃগ্ধ হইয়া সময়ে সময়ে তন্ময় হইয়া যান। কিন্তু অক্সান্ত সময়ে তাঁহারা সেই সমস্ত ভাব ব্যক্ত করিতে থাকেন। সাধারণ জীব-মণ্ডলীকে ভগবদ্ভাবে উত্তেজিত করেন। মূর্য হইলেও অলৌকিক প্রতিভার বিকাশ তাঁহাতে দেখিতে পাওয়া যায়। তাঁহাব উপদেশ ও জ্ঞানের পরিচয় পাইয়া পণ্ডিত-মণ্ডলী অবধি চমংকৃত হয় ও তাঁহার শরণাগত হইয়া পড়ে। প্রথম শ্রেণীর সাধনা রাজগুছ যোগ। বিরাটে আপনাকে বিস্তত করিয়া দেওয়াই প্রতিষ্ঠিত করা। প্রথম শেণীর সাধনা, আপনাকে অনন্তে মিশাইয়া দেওয়া. দিতীয় শ্রেণীর সাধনা, অনস্থকে আপনাতে মিশাইয়া লওয়া। প্রথম শ্রেণীর সাধনায় সমুদ্রে নদীপ্রবেশের স্থায় সাধককে মাতৃশক্তি-সমুদ্রে মিশাইয়া যাইতে হয়। দিতীয় শ্রেণীর সাধনায় সমুদ্র হইতে নদীতে যেমন জোয়ারের সময় জল প্রবেশ করিয়া নদীকে আকূল পরিপ্লাবিত করে, তদ্রূপ মাতৃশক্তি আপনার ভিতর প্রবিষ্ট করিয়া লইয়া আকৃল পূর্ণ হইতে হয়। সেই জন্ম প্রথম শ্রেণীর সাধনার সাধক প্রশান্ত শৃত্যবং ভাবাপর। দ্বিতীয় শ্রেণীর সাধনায় তেজ উছলিত হইতে থাকে এবং বস্থার পরিপ্লাবনের মত উছলিয়া, কৃল অতিক্রেম করিয়া চারি ধার পরিপ্লাবিত করে। প্রথম শ্রেণীর সাধনার সাধক গিয়া মাকে জড়াইয়া ধরে। দিতীয় শ্রেণীর সাধনায় মা সন্তানশরীরে স্বল্পে স্বল্পে চরণের ভর দেন। দ্বিতীয় শ্রেণীর সাধনার সাধক এইরূপে মাতৃরূপা পাইয়া যদি ধরিয়া রাখিতে পারে, যদি শক্তি বাহির হইয়া না যায়, তবে দে প্রথম শ্রেণীর সাধক হইবার উপযুক্ত হয়, অর্থাৎ শক্তি চারি ধারে বিস্তৃত হইতে না পাইয়া তখন উর্দ্ধয়ে ধাবিত হয়, সন্তানকে উদ্ধে মাতৃ-চরণ সন্নিধানে বহন করিয়া লইয়া গিয়া চরণাঙ্গীভূত করিয়া দেয়।

তৃতীয় শ্রেণীর সাধনা ইহা হইতে সম্পূর্ণ বিভিন্ন। তৃতীয় শ্রেণীর সাধনা

শ্রবণ। অনাহত নীদের অফুরস্ত নিঝ রিণীর সন্ধান লাভ। এই অনাহত নাদের সন্ধান পাইলে তবে এই স্রোতের অভ্যন্তরে যে শক্তি সঞ্চারিত, যে শক্তির প্রবাহে সে নাদ উৎপন্ন, যে শক্তির প্রপাতে সে শব্দ সমূখিত, সেই শক্তির নিকটস্থ হওয়া যায়। যেমন দূর হইতে জলপ্রপাতের হু হু গল্ভীর শব্দ ভৈরব রাগে প্রশাস্ত ভাবের উচ্ছাসে দিল্লগুল প্রভিন্ধনিত করে, এবং দর্শনার্থীদিগকে কোন্দিকে যাইতে হইবে, তাহার সন্ধান জাশাইয়া দেয়, তক্রপ এই অনাহত নাদের সন্ধান পাইলে সাধকের আর দিক্লান্তি হইবার বড় একটা ভয় থাকে না। আশ্রুষ্য ভাবে সাধক এই নাদ শ্রবণ করে, পুলকে বিশ্বয়ে তাহার প্রাণ ভরিয়া যায়। শব্দের আকুল উজানে সে বিভোর হইয়া যাইতে থাকে। নাদের দিকে তার প্রাণ অহর্নিশ কাণ পাতিয়া রাখে; নাদের শ্বর লক্ষ্য করিয়া তার প্রাণের গতি ছুটিতে থাকে। কিন্তু এই নাদের সন্ধান পাইলেও, সদ্গুরুক্বপায় নাদের মোহন ঝল্কার প্রভিন্ধনিত হইলেও সে মহাশন্তিকে জানিতে পারা যায় না। নাদ শ্রবণের পর দ্বিতীয় ও প্রথম স্তরের সাধনার অধিকারী হইলে তবে আশ্রুষ্য ভাবে সাধক মায়ের সন্ধান পায়। শ্লোকটীর শেষ পাদের ইহাই মর্ম্ম।

এ আশ্চর্য্য নাদ-শ্রবণকে চরিতার্থতা ভাবিও না। আরও ভিতরে প্রবিষ্ট হইতে সচেষ্ট হও। আরও অন্তর্মুখে ধাবিত হও; শব্দ যে স্রোতঃপ্রপাতের দিকে ছুটিতে থাক।

এ নাদ শ্রবণের অনেক প্রকার উপায় আছে। তক্সধ্যে জপ সর্ব্বাপেক্ষা প্রধান। জপ ততক্ষণ স্থাসিদ্ধ নথে, যতক্ষণ উহা হইতে এই নাদের সন্ধান পাওয়া না যায়। জপের মত এত সহজে নাদের সন্ধান আর কিছুতে পাওয়া যায় না। জপের প্রণালী পরে ব্যক্ত করিব।

যাহা হউক, সাধনার এই তিন শ্রেণীর কথা বিশেষ করিয়া স্মরণ রাখিতে হয়। আশ্চর্য্য নাদেই মুগ্ধ হইলে আশ্চর্য্য দর্শন জীবনে ঘটিত না; কিন্তু এরূপ দর্শন হইলেও সমাক্ভাবে মাকে জানিবার উপায় নাই। সমাক্ভাবে মাকে আমার জানিতে কেহ পারে নাই, কেহ কখনও পারিবে না। ছর্ব্বিজ্ঞেয়া মাকে আমার বিজ্ঞানের ভিতর সম্যক্রপে বাঁধিতে কেহ সক্ষম হয় না। অথচ নিত্য জ্ঞানানন্দময়ী সাধকের জ্ঞানের ভিতর অলৌকিক ভাবে, ইক্রজালের মত পূর্ণরূপে বিরাজ করিয়া আশ্চর্য্যে সাধককে মুগ্ধ করেন। কোন কোন সাধক সে আশ্চর্য্য কাহিনী লোক সমক্ষে যাক্ত করে। সাধারণ জগতে কোন অলৌকিক ঘটনা

নয়নগোচর হইলে দর্শক যেমন বিশ্বয়ে নিকটস্থ অন্থাক্স সকলকে আহ্বান করিয়া দেখাইবার জন্ম আগ্রহান্বিত হয়, এ ক্ষেত্রেও তদ্রেপ দর্শক জগজ্জীবকে দেখাইবার জন্ম যেন ছুটাছুটি করে। "কে আমার মাকে দেখিতে চাহিস্ ছুটিয়া আয়" বলিয়া জীবমগুলীকে আহ্বান কনে। জগং তাহার সে আশ্চর্য্য কাহিনী আশ্চর্য্য ভাবে গ্রহণ করে, সাধক-হৃদয়ে ভ্রুনেশ্বরীর অভ্তপূর্ব্ব অভিব্যক্তির কথা পুলকে শ্রবণ করে; দেখিবার জন্ম ব্যাকৃল হয়। কিন্তু হায়, সে ব্যাকৃলতা বহুক্ষণ থাকে না। বিপরীত ভাবের পুনরাবির্ভাবে সব ভূলিয়া যায়; সাধকের মুখে সাধনার কৃতার্থতার কথা শুনিয়াও তাহাদের আর জ্ঞানাতীত জ্ঞানানন্দম্য়ীকে জানা হয় না। ইহাও এই শ্লোকটীর মর্শ্ম হইতে পারে।

দেহী নিত্যমৰধ্যোহয়ং দেহে সর্ব্বস্থ ভারত। তত্মাৎ সর্বাণি ভূতানি ন ত্বং শোচিতুমইসি॥ ৩•

হে ভারত ! সর্কান্ত দেহে অবধ্যঃ অয়ং দেহী নিত্যং; তস্মাৎ সর্বাণি ভূতানি খং শোচিত্বং ন অর্হসি। যস্মাৎ দেহী শরীরী নিত্যং সর্বাবস্থাস্ববধ্যো নিরবয়বহাৎ, নিত্যাৎ চ তত্রাবধ্যোহয়ং দেহে শরীরে সর্বস্ত, সর্ববগতভাৎ স্থাবরাদিষু স্থিতোহপি সর্বস্ত প্রাণিজ্ঞাতস্ত দেহে বধ্যমানেইপি অয়ং দেহী ন বধ্যো যম্মাৎ, তম্মাৎ সর্ববাণি ভূতায়াদিশ্য ন হং শোচিত্বং অর্হসি।

ব্যবহারিক অর্থ।—ভারত। সর্বাদা সর্বদেহে এই অবধ্য আত্মা বিছমান।
স্থৃতরাং ভূতসকলের জন্ম তুমি শোকাভিভূত হইও না। দেহী যথন নিত্য সর্ব্বগত,
তখন তাহার বধ বা বিচ্ছেদন হইতে পারে না। নিরবয়বের বধাদিকল্পনা
যুক্তিবিরুদ্ধ। স্থৃতরাং শোক ভ্রান্তি মাত্র।

যৌগিক অর্থ।—যাহা সর্বগত, তাহার বিলোপ সম্ভবপর নহে। স্থুলভূত বলিয়া যাহা ইন্দ্রিয়গ্রাহ্য হয়, তাহারও প্রত্যেক পরমাণুর ভিতর সে সর্বগতের অধিষ্ঠান স্বীকৃত। স্থুতরাং সর্বগত ভাবটি স্বীকৃত হইলে ভূত বলিয়া স্বতন্ত্র পদার্থের স্বীকার থাকিতে পারে না। সর্ব্ব ও সর্বগত এক হইয়া যায়। আগরা হাবর, জড়, ভূত ইত্যাদি ভাবাচ্ছন্ন হইয়া ব্রন্দে স্পষ্ট স্থাবর, জড়, ভূত ইত্যাদি ভাব দর্শন কবিতেছি মাত্র। এ দর্শনের প্রহেলিকার হনন অর্থে দর্শনের হনন, বধ অর্থে দৃষ্টির পরিবর্ত্তন ব্যতীত আর কিছুই হইতে পারে না। আবার এইরূপ দর্শনের ভিতরও ঈষৎ দৃষ্টি প্রথর হইয়াছে বলিয়া তাই সর্ব্বের ভিতর সর্ব্বগতের

স্বরূপে আমরা সে নির্বিকার অবস্থার আভাস পাইতেছি। মাকে ও আমাকে বামাকে ও জ্বগংকে উভয় বলিতে ভয় পাইনা। কিন্তু তাহা হইলেও আত্মা যেরূপে অবিভাজ্য, মা—সে মাতৃবিকাশ, সে মাতৃশক্তি সেইরূপ অবিভাজ্য। অবধ্য আকাশকে কি ছেদ করা যায়—যাহাদিগকে বধ্য ভাবিতেছ, ভীম্মাদি যে বীরগণের উচ্ছেদ ভাবনা ভাবিয়া কাতর হইতেছ, তাহারাও সেইরূপ অবধ্য, অবিভাজা। যে ব্রহ্মচর্য্যাদি ভাব তোমার প্রাণকে আজ বিচঞ্চল করিতেছে, যাহাদিগকে পালনীয় ভাবিয়া তোমার প্রাণ মুগ্ধ হইতেছে, যে শক্তিসকল যজ্ঞাদি শান্ত্রবিহিত কর্মাস্থরূপে ফুটিয়া উঠিয়া তোমায় সংস্কারের মধ্যে সংকীর্ণ করিায়া রখিতে চাহিতেছে, যেগুলির পরিত্যাগে বা হননে অধর্ম হইবে ভাবিতেছ, সে সকলের অভান্তরস্থ মূলশক্তিও সেই মা। সেই মাই আমার ও তোমার রূপান্তরদৃষ্টির চক্ষে রূপান্তরিতা হইয়া প্রত্যক্ষা হইতেছেন। মেই নিত্যা সর্ব্বগতা শক্তিই এইরূপে উদ্বেলিত হইয়াছে। স্মৃতরাং রূপান্তরিতা ভাবে মাকে না দেখিয়া, স্বরূপে তাঁহাকে দেখিতে উল্যোগী হও। তাহাতে কোন শক্তির বিনাশ হইবে না, অঙ্গভঙ্গ হইবে না, ওুমি প্রতেক শক্তি-তরঙ্গের ভিতর স্বরূপে মাকে দর্শন কর; আর শোক বলিয়া কিছু থাকিবেনা। তথন আর তুমি মায়ের রূপান্তরের মায়ায় মুশ্ধ হইবে না—মায়ের আমার রূপান্তর ভুলিতে ও স্বরূপের প্রতিষ্ঠা করিতে কাতর হইবে না।

কর্ম কি? ব্রহ্মচর্য্যাদি ভাব বা শান্তবিহিত কর্ম্মাদি বা প্রাণকার্য্যাদি কিরপে ভাবে কার্য্যকারী হয়? কিরপে উদ্ধারের জন্ম কৃত কর্ম্মসকলও আমায় আবদ্ধ করে? কিরপে ভাহারা সাধকের সাধনারপ উদ্ধার্মী গতি রোধ করে? এই তথিটি সম্যক্ হদয়ঙ্গম হইলে বুঝিতে পারা যাইবে, সাধকের প্রথম অবস্থায় উহারা গুরুষরপ হইলেও লক্ষাচ্যুত হইলে উহারা বন্ধনের কারণ হয়; স্কুতরাং বধ্য বা পরিত্যাজ্য। কর্ম্ম কিরপে প্রকাশ পায়? প্রত্যেক কর্ম্মের ভিতর তিনটি অবস্থা সন্ধিবেশিত। যেমন প্রত্যেক পরমাণুর ভিতর, প্রত্যেক ভাবের ভিতর,—তেমনি প্রত্যেক কর্ম্মের ভিতর শক্তি বিধা প্রকাশিত। আরস্তে—ব্রহ্মা বা স্পৃষ্টিশক্তি, মধ্য বা বিকাশে—বিষ্ণু বা ন্থিতিশক্তি এবং অন্তে মহেশ্বর বা লয়শক্তি ক্রিয়াশীল। কর্ম্মের আরম্ভ সতে, কর্ম্মের অবস্থান চিতে এবং কর্ম্মের লয় আনন্দে। সতের অন্তিত্ববশতঃই জীব-হৃদয়ে ফুরণ-শক্তি বিভ্যমান। সতের সেই ফুরণ হইলে ভাহাতে চিতের প্রতিফ্লন

বশডঃ সে স্ফুরণ স্থায়িত্ব লাভ করে ও জীবকে সেই স্ফুরণের ধর্মান্ত্রসারে কর্মে নিযুক্ত রাখে। প্রত্যেক ফ্রুরণ চিরস্থায়ী হইয়া থাকিত, যদি **ভার উপর চিদাভাস** সম্পাতের পর তম বা লয়শক্তি বা আনন্দ ক্রিয়া না করিত। আমার প্রাণে যখন যে ভাব উদিত হয়, বুঝিতে হইবে, উহা সং বা অসং হউক, সতের স্ফুরণ-ধর্মবশতঃ উহা হইতেছে। সে ভাব উঠিয়া যে কিছুক্ষণ ক্রদয়ের উপর আধি· পত্য করে ও ঘনীভূত হইলে সে ভাবটি স্থল কার্য্যরূপে যে ব্যক্ত হইয়া স্থল অবয়ব পরিগ্রহণ করে, উহা চিতের আশ্রয়সঞ্জাত বুঝিতে হইবে। জগতের সকল কার্য্য, হাদয়ের সকল ভাব উঠিয়া কিছু দিন প্রদীপ্তভাবে প্রকটিত থাকিয়া, আবার যে লুপ্ত হইয়া যায়, উহা লয়-শক্তি বা আনন্দের অভিব্যক্তি বুঝিতে হইবে। এই ভাবে বিরাট্ সৃষ্টি হইতে জীব-হৃদয়ের একটা কুন্ডাদপি কুন্ড ভাবোচ্ছাস অবধি একই নিয়মে পরিচালিত হইতেছে। আমাদের প্রাণে যখন কো**ন কার্য্য** সম্বন্ধে ভাব বা সম্বন্ধ উদ্দীপ্ত হয়, তখন বুঝিতে হইবে, আমার হৃদয়স্থ উক্ত কার্য্য বা ভাবের যে পূর্ববসংস্থার ছিল, তাহারই সং অংশটুকু ফারিত হইয়া উঠিল মাতা। তার পর সে ভাবটি যে সুহূর্ত্তকাল মাত্র বা বহু কাল ধরিয়া অবস্থান করিল, হয় ত সে ভাবটিকে কার্য্যে পরিণত করিলাম, বুঝিতে হইবে যে, উক্ত সংস্থারের চিদংশ কাধ্যকারী হইতেছে। তার পর হয় ত সে ভাবটী কার্য্যে পরি-ণত হইবার পূর্কেই অথবা কার্য্যে পরিণত হইয়া মিলাইয়া গেল ; বুঝিতে হইবে, পূর্ব্বোক্ত সংস্কারের মধ্যে যে আনন্দ অংশটুকু ছিল, তাহা ক্রিয়াশীল হইয়াছে মাত্র। দেখিতে পাই, যে কার্য্যের জন্ম একদিন জীবনপাত করিতে কুত-সঙ্কল্ল হইয়াছিলাম, আর সে কার্য্য আমার আনন্দ-দায়ক নহে। একটা কার্য্য করিয়া তাহার আনন্দটুকু ভোগ হইলেই সে কর্ম পরিসমাপ্ত হইয়া পড়ে। অনেকে মনে করিতে পারেন যে, কর্ম পূর্ণভাবে সমাপ্ত হইতে না হইতেই অথবা শুধু ভাবে বা সঙ্কল্পে উদিত হইয়াই কর্ম্মরূপে প্রকটিত হইবার পূর্ব্বেই যে বিলীন হইয়া যায়, সেখানে চিত্তে আনন্দশক্তি ফ্রতি হইতে ত দেখিতে পাই না। বুঝিতে হইবে, সেখানে স্থল বা ঘনীভূতভাবে চিং ও আনন্দ-শক্তি ক্রিয়া না করিলেও সৃক্ষভাবে শক্তিদ্বয় কার্য্যকারী হইয়াছিল। কার্যাটি সম্বন্ধে যে সংস্কার ছিল, তাহাতে সেই কার্যা সম্বন্ধে যতটুকুমাত্র চিৎ-শক্তি ও আনন্দশক্তি ছিল, ততটুকু মাএ উদুদ্ধ হইয়াছে। আমার সে কার্য্য সম্বন্ধে যে সংস্থার ছিল, তাহাতে যথোচিত পরিমাণে চিং ও আনন্দশক্তি না

থাকায় উহা এইরপুণ অসম্পূর্ণ ভাবে সমাপ্ত হইয়াছে মাত্র। মোট কথা, যত অল্পই হউক না কেন, আমার জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে হউক, কোন ভাব আনন্দম্পর্শ ব্যতীত সমাপ্ত হয় না, অথবা আনন্দম্পর্শ পাইলে কার্য্য সমাপ্তির দিকে ধাবিত হয়, ইহা একই কথা।

তবেই ইহা হইতে এইটুকু পাওয়া যায় যে আমাদের ভাবসকল যথন জাগরিত হয়, তখনই সঙ্গে সঙ্গে সে ভাবকে স্থায়িত দিবার জয় আমরা সেই ভাবেই বিভোর হইয়া কায়্য করিয়া ফেলি; কায়্য না করিয়া থাকিতে পারি না। এবং সেই কার্য্যের ভিতর যতটুকু আনন্দ আছে, ততটুকু আনন্দ যত দিন না ক্ষুরিত হয় বা আমাদিগের ভোগে আইসে, তত দিন আমরা সে কায়্য পরিভাগে করিতে সমর্থ হই না। কিন্তু পূর্কোক মূলু ভাবের স্থায়িত্বের জয়্ম আমরা সময়ে সময়ে সেই বিশুদ্ধ ভাবতির যে কায়্য, তাহা ছাড়া অয়্ম কতকগুলি সাহায়াকারী কার্য্যের সাহায়্য গ্রহণ করিয়া বিসি; এবং মূল ভাবতির মূল আনন্দের দিকে কার্য্যের গতি না থাকিয়া ওই আর্মিকিক কার্য্যের যে আয়্ম মিকিক আনন্দ আছে, সেই আনন্দের দিকে কর্মা পাবিত হইতে থাকে ও এইরপে মুখ্য ভাবতি গৌণ ও গৌণ ভাবতি মুখ্য হইয়া পড়ে, অর্থাং মুখ্য ভাবতি কিয়ং-পরিমাণে অবরুদ্ধ হইয়া পড়ে।

এইবার মূল কথাটি বুঝিতে চেষ্টা করিব। সাধনার জন্ম যখন প্রাণ চঞ্চল হইয়া পড়ে, প্রাণে যখন ভগবন্তাব জাগিয়া উঠে, তখন সাধারণতঃ আমরা কতক-গুলি সাহাযাকারী কার্যা অবলম্বন করিয়া বিসা; এবং ক্রমশঃ মূল ভগবন্তাবটি গৌণরূপে এবং ওই সাহায্যকারী বা গৌণ কার্যাটি মুখ্যরূপে অধিষ্ঠিত হয়। বেলচর্য্য ও যজ্ঞাদি ভগবন্তাবের প্ররোচনায় স্থ চিত হইলেও পরে উহা এইরূপে মুখ্য ভগবন্তাবটীকে গৌণরূপে পরিণত করে ও ঐ সকল কার্য্যের মায়ায় আমাদিগকে আবদ্ধ করে। ঐ সকল কার্য্যের ভিতর যে আনন্দ আছে, সেই দিকেই ভাবের গতিকে সঞ্চালিত করিতে থাকে। মূল সাধনার গতি এইরূপে দিগ্রভান্ত হয়য়া য়য়। এবং সেই জন্ম সেই সকল আমুষ্কিক কর্মা বধ্যরূপে পরিগণিত হয়।

সাধক! তাই বলিতেছিলাম, ঐ মূল ভাবটির দিকে লক্ষ্য স্থাপিত কর। ভাবে অভিভূত হইয়া ক্ষুত্র আনন্দের দিকে চাহিয়া মুগ্ধ হইও না। কর্ম্বের ভিতর যে আনন্দ আছে, সে আনন্দের মোহ মুগ্ধ করিবে। ব্রক্ষচর্য্যাদি হইতে স্চনা করিয়া আশ্রমোচিত ধর্ম কর্ম এবং সাধারণ জীবধুর্ম-প্ররোচিত কর্মন সকলের ভিতর তাহাদের বিশিষ্ট বিশিষ্ট আনন্দ তোমার ভগবদন্ত্সন্ধানকে মন্দগতি করিবে। ক্ষুদ্র আনন্দের ক্ষুদ্র তৃপ্তি তোমায় মহানন্দের মহোল্লাসে বঞ্চিত করিবে। মাতৃ অনুসন্ধানে নিযুক্ত প্রাণ শুধু "মা মা" করিয়া ধাবিত হউক, আশ্রমোচিত কর্মাদি এত দিন যাহা তোমার উপকারী ও রক্ষাকর্তা ছিল, এখন সে সকল কর্মের ভিতরকার ক্ষুদ্র ক্ষুদ্র শান্তি বা সিদ্ধির মায়া আর যেন তোমার প্রাণকে অভিভূত করিয়া না রাখে। এত দিন, যখন মাতৃঅনুসন্ধানরূপ মহাকর্ম মুখ্যভাবে প্রাণকে কাতর করে নাই, সে অবস্থায় উহারা অত্যাজ্য হইলেও এখন আর উহারা তোমার মুখ্যভাবে মান্ত নহে। তোমার আর মুখ্য ভাবে উহাদিগকে হদয়ে ধরিয়া ব্যথা কর্ত্রবা নহে।

কিসের জন্ম আশ্রমধর্ম, কিসের জন্য ব্রহ্মচ্যা, কিসের জন। জীবনধারণ, কিসের জন্য মন, কিসের জন্য প্রবৃত্তি—এ সকলের মুখ্য লক্ষ্য কি ? এ কর্মমাত্রের, ভাবনাত্রের, বহিজ্পিং অন্তর্জাণং সর্ববিক্ষেত্রের সর্ববিধরিবর্তনের মূল বা আহ্বা—মাতৃ অনুসন্ধান বা মা। মা আমার আত্মার আত্মা—মা স্ক্রম জগতের আত্মা, মা স্থল জগতের আত্মা, মা ভাবজগতের আত্মা, মা কর্মমাত্রের আত্মা, মা লাব্রহ্মাওস্প্তি হইতে ক্ষুদ্র জীবের ক্ষুদ্র হদয়ের ক্ষুদ্র একটা ভাববিকাশ পর্যাপ্ত, একমাত্র মাক্রের আত্মা জানিয়া বেন্টন করিয়া আছে। একমাত্র মাই সর্বত্র প্রতিপান্ত। মাকে ও মাতৃঅনুসন্ধানকে সরাইলে স্প্তি লোপ স্ট্রয়া যায়। কেন না, একটা জীবের লক্ষ্য লক্ষ্য জন্ম-মরণ যেমন এক মাতৃত্রনুসন্ধানের লক্ষ্যেই ধাবিত, জীবের মাতৃত্রনুসন্ধানই ষেমন তাহার মহাযাত্রা, অনন্ত বিশাল স্প্তি স্থিতি লয়ও তক্রপ বিরাট্ মাতৃত্বনুসন্ধান মাত্র।

স্তরাং যখন আমি মূল লক্ষ্য ধরিয়া ছুটিরাছি, তখন ত সর্ববিদ্যার অভ্য-স্থরস্থ মহাসত্য মহানিত্যকে অবলম্বন করিয়াছি। তখন সম্বের আত্মরূপিণীকে চিনিয়াছি, তখন আর বাহ্য জগতের মায়া আমায় অভিভূত করিবে কেন, তখন আর সুল আমার দৃষ্টি আকর্ষণ করিতে সক্ষম হইবে কেন? ধান্য পরিপক হইলে যেমন পলাল পরিত্যাজ্য, এখন তদ্রপ ঐ সকল সুল অবলম্বন আমার হেয়। স্তরাং বাহাের জন্ম আব সাধকের শোক হয় না।

স্বধর্ম্মপি চাবেক্ষ্য ন বিকম্পিত্মর্স নি। ধর্ম্যান্ধি যুদ্ধাচেছ্যোহন্তৎ ক্ষত্তিয়স্ত ন বিভাতে॥ ৩১

স্বধর্মাং ক্ষত্রিয়ধর্মাং অপি অবেক্ষ্য তং ন বিকম্পিকুং অর্হসি। ধর্ম্মাৎ যুক্তাৎ অন্তৎ ক্ষত্রিয়স্ত শ্রেয়ো ন বিভাতে হি।

ব্যবহারিক অর্থ — স্বধর্ম বিচার করিয়া দেখিলেও তোমার বিকম্পিত হওয়া উচিত নহে। তুমি ক্ষত্রিয়, ধর্ম যুদ্ধ অপেক্ষা ক্ষত্রিয়ের আর শ্রেয় কিছু নাই।

যৌগিক অর্থ।—বিরাট্ পরমাত্মতত্ত্ব পরিদর্শন করিলে এইরূপে শোকের কোন কারণই খুঁজিয়া পাওয়া যায় না। কিন্তু ও সকল ছাড়িয়া দিয়া সাধারণের দিক্ দিয়া দেখিলেও ব্যাকুলিত হইবার কোন কারণ দেখিতে পাওয়া যায় না। ধর্ম-যুদ্ধ অপেক্ষা শ্রেয়ঃ আর কিছুই নাই। স্বধর্ম কি 🕴 অনস্ত জীবনস্রোতের ভিতর দিয়া জীব যখন মনুয়াকুলে উপস্থিত হইয়া মায়া-নিগ্রহে যত্নবান হয়, তখন তাহাকে ক্ষত্রিয় বলে। জীবের এই ক্ষত্রিয় অবস্থার স্বধর্ম যুদ্ধ—মায়া-হনন। ইহাই তখন সে অবস্থায় জীবের প্রাকৃতিক ধর্ম। জীব আপনা হইতেই তখন মায়া-হননে প্রবৃত্ত হইয়া থাকে। যখন জীবের মায়ার দিকে লক্ষ্য পড়ে, "আমি মায়াবদ্ধ, আমি মায়াভিভূত, আমি ইন্দ্রিয়ের মোহে একান্ত অনুলিপ্ত" ইত্যাদি-প্রকার জ্ঞান মখন জীবহৃদয়ে ঝতঃ ক্ষুরিত হইতে থাকে, তখন বুঝিতে হইবে, সে জীব ক্ষত্রিয়ধর্মী। তাহার স্থদয়ে মায়াহননের উত্যোগপর্বব আরম্ভ হইয়াছে। যখন সেই জীব মায়া-হননে সচেষ্ট, তখন বুঝিতে হইবে, তাহার হৃদয়ে সমর স্টুচিত। এই সমরসূচনার পর জীব যখন মায়ার বিচার করে- যখন মায়ার মোহ প্রবলভাবে শেষ বারের মত জড়াইয়া ধরিলে মায়া বধা, কি অবধা, এই বিচারে নিযুক্ত হয়, তখন বিচারে যাহাই হউক না কেন, সে মায়া-হননে অগ্রসর না হইয়া থাকিতে পারে না। মায়া-হননই তখন তাহার একমাত্র প্রিয় প্রবৃত্তি হইয়া উঠে। মায়া-হননই যে তাহার পক্ষে শ্রেয়: ও কর্ত্তব্য, ইহা ভাহাকে বুঝা-ইতে হয় না: কিন্তু ক্ষিপ্ত কুকুর-দষ্ট ব্যক্তি যেমন কুকুর-ধশ্ম প্রাপ্ত হইয়া সকলকে দংশন করিতে যায়, তেমনি ভাবে মায়াক্রান্ত ব্যক্তি আপনার এ ঋধর্মকে অভিদষ্ট করে। তাহার ক্ষত্রিয়ধর্ম কিছুক্ষণের জন্ম বিমৃত হইয়া পড়ে। এই ক্ষত্রিয়ধর্মের দিকে লক্ষ্য পড়িলে উহাই যে তাহার শ্রেয়ঃ, তাহা

বুঝিতে পারে। পূর্ব্বে বলিয়াছি, ক্ষত্রিয়ের মায়াহননই প্রাকৃতিক ধর্ম বা প্রিয়। কিছু বিমৃত্ অবস্থায় প্রিয় বলিয়া যখন ইহাকে বুঝিতে পারা যায় না, তখন শ্রেয়ঃ বলিয়া ইহাকে বুঝিতে হয় এবং শ্রেয়ঃ বুঝিবার পর তখন উহাই যে প্রিয়, তাহা ছদ্যক্ষম হয়। যাহা শ্রেয়ঃ, তাহাই প্রেয়, তখন ইহা অমূভূত হয়। শান্ত্র শ্রেয়ঃ ও প্রেয়, এই উভয়ের মধ্যে শ্রেয়কেই অবলম্বন করিতে আদেশ করিয়া গিয়াছেন। কেন না, ক্ষত্রিয়াবস্থা লাভের পূর্বের এবং এমন কি, পাইয়াও সময়ে সময়ে ইন্দ্রিয়ধর্ম আমাদিগের হদয়ে প্রিয় বলিয়া অমূভূত হয়। সেই লক্ষ্যেই শান্ত্র প্রেয় উপেক্ষা করিয়া শ্রেয়ঃ অবলম্বনই শ্রেষ্ঠ বলিয়া গিয়াছেন; এবং সাধারণতঃ সেই জ্ম্ম মায়াহনন অর্থে প্রেয়হননই বুঝাইয়া থাকে ও প্রেয় বিসর্জ্জনে আমরা কাঁদিয়া উঠি। কিন্তু যদি শ্রেয়ক্রেই আমরা প্রেয় করিয়া লইতে পারি, অথবা যদি বুঝি, যাহা শ্রেয়, তাহাই প্রেয়, ওাহা হইলে আর বিমৃত্তা আসিতে পারে না—তাহা হুইলে আর আপাতদৃষ্টিতে যাহা প্রিয়, তাহার পরিতাগে কাতর হুইতে হয় না।

ইন্দ্রিয়-ধর্ম প্রেয়। ইন্দ্রিয়-ধর্ম লইয়াই জগং ব্যস্ত। তুতরাং ক্ষতিয়হ লাভের পূর্বেই হা যে প্রিয়, সে সম্বন্ধে সন্দেহ নাই। তদ্রপ সে অবস্থায় ইহা আবার শ্রেয়:। কেন না, মা আমাদিগকে এই ইন্দ্রিয়ধর্ম দিয়াই অহনিশি জাগাইয়া রাখিয়াছেন। ইন্দ্রিয়ধর্ম না থাকিলে আমরা তমসাচ্ছন হইয়া পড়ি-ভাম ও আমাদের চৈওন্থের ক্টুতর বিকাশ হইত না—ক্ষত্রিয়তে গিয়া উপস্থিত হইতে পারিভাম না

এখন আবার প্রাণ যখন সেই ইন্দ্রিয় ধর্ম ছাড়িতে চাহিতেছে প্রাণ যখন আর সংস্কারের অধীন না থাকিয়া, নির্মাল শান্তিপূর্ণ নিত্য স্থির অবস্থার দিকে লক্ষা করিয়াছে, এখন যখন প্রাণ সংগারের এ বছমিশ্র কোলাহলের ভিতর আর থাকিতে চ হে না—এখন প্রাণ যখন মা ব্যতীত অন্ত কোন পদার্থে আরুষ্ঠ নহে, এখন ইন্দ্রিয়-ধর্ম ত্যাগই প্রাণের প্রিয়; হতরাং বৃঝিতে হইবে, এই ইন্দ্রিয়-ধর্মের মায়া পরিত্যাগই এখন প্রেয়:। যে সাধক নহে, যাহার প্রাণ জগংলালসাতেই পরিপূর্ণ, তাহার পক্ষে ইন্দ্রিয়ধর্মের মায়া-হনন যথার্থ প্রিয় নহে; এবং তাহার পক্ষে এখন ইন্দ্রিয়ধর্মের মায়া-হনন যথার্থ প্রিয় নহে; এবং তাহার কক্ষে এখন ইন্দ্রিয়-ধর্ম প্রবল থাকিবার বা প্রিয়রূপে প্রতিপন্ন হইবার কারণ আছে; কিন্ত যে মায়ের দিকে লক্ষ্য ফিরাইয়াছে, "মা মা" করিতে যাহার চক্ষ্ দিয়া অশ্রুক্তন ঝরিতেছে, সে ইন্দ্রিয়-মায়া পরিভাগে অসক্ত হইলেও তাহার প্রাণ যে ইন্দ্রিয়-ধর্ম অপেক্ষা অন্ত প্রিয় জিনিষের সন্ধান পাইয়াছে, ইহা সত্য। স্কুতরাং

ইহাই **ছাহার পক্ষে এখন শ্রেয়**ে। তাহার প্রিয় ও শ্রেয়ের অমুসন্ধান আরম্ভ হই-য়াছে, এবং শীঘ্রই উহা লাভ হইবে।

এখন তোমার প্রাণ "মা মা" করিয়া যদি কাঁদিয়া থাকে, যদি মাতৃঅমুসন্ধান ছাড়া তোমার জীবনে অক্স সকল উদ্দীপনাই বিরক্তিকর হইয়া থাকে,
তবে বুঝিতে হইবে, তুমি সাধক হইয়াছ। তবে যে মায়ায় গণ্ডী এড়াইতে
পারিতেছ না, ইহা ক্ষণস্থায়ী। তোমার যে পরিমাণে ইন্দ্রিয়-ধর্ম থাকার
আবশ্যকতা আছে, সেই পরিমাণে মায়া প্রিয়রূপে এখনও প্রতিপন্ন হইতেছে।
তোমার ক্ষত্রিয়ভাব পূর্ণরূপে প্রকটিত হয় নাই বলিয়া—সংহার, লয় বা আনন্দ
তোমার প্রকৃতিগত ধর্ম বা স্বধর্ম হইয়া উঠে নাই, — এখনই ইইবে।

তুমি আপনাকে উদ্বোধিত করিয়াছ—ব্রহ্মশক্তির ক্ষুব্রণ তোমাতে হইয়াছে।
তার পর সেই ক্ষুরণ অবলম্বন করিয়া চিংশক্তি কার্য্য করিয়া গোমায় ইব্রিয়যুক্ত
করিয়া দিয়াছে, তোমার স্বতন্ত্র স্বাধীন অস্তিব সংগঠিত হইয়াছে। এইবার লয়,
সংহার বা আনন্দশক্তির উদ্বোধন হইলে তুমি সংহারমন্ত্রে দীক্ষিত হইয়া উঠিবে
—তুমি সংহারিণীর উপাসক হইবে—তুমি ভগবদ্যুক্ত হইবে। যোগ অর্থে—
এক দিকে যোগ, অশু দিকে বিয়োগ। ভগবানে যোগ, আমিছে বিয়োগ, একই
কথা। এক দিক্ বাড়িলেই অশু দিক্ কমিয়া যায়।

এই যোগ বা এই আনন্দশক্তির ফুরণ যত দিন না হয়, তত দিন সাধক ফিত্রিয়পদবাচ্য নহে। স্করাং তত দিন শ্রেয় ও প্রেয় বিভিন্ন বিভিন্ন পদার্থ হইয়া পড়ে। যাহা শ্রেয়ং, তাহা শ্রেয় হয় না, যাহা প্রেয়, তাহা শ্রেয়ং হয় না। স্করাং সাধককে শ্রেয়ং ও প্রেয় লইয়া মহা বিল্রাটে পড়িতে হয়। কিন্তু যে যথার্থ ক্ষত্রিয় হইয়াছে, তাহাকে আর এ গোলে থাকিতে হয় না। তুমি যদি ক্ষত্রিয় হইয়াছ, তুমি যদি আনন্দশক্তির স্করে উঠিয়ান, তবে মায়া ত্যাগে বিকৃষ্টিত হইবার কারণ কি ? তোমার স্বধর্ম যথন হনন তোমার প্রাণের প্রকৃতিগত ভাবই যখন মায়াত্যাগ, তখন আর বিচারে তোমার প্রয়োজন কি ? তোমার প্রাণ যখন মাকে ছাড়া আর কিছু চাহে না, তখন কিছুর দিকে আর চাহিবে কেন ?

অর্জুনের একটা মহা আশঙ্কা—''কেন মারিব ?'' সেই আশঙ্কা এখানে ডগবান নিরাক্ত করিলেন

> যদৃচ্ছয়া চোপপন্নং স্বৰ্গদারমপার্তম্। স্থানঃ ক্রিয়াঃ পার্থ শভতে যুদ্ধনীদৃশন্॥ ৩২

পার্থ ! যদৃচ্ছয়া উপপন্নং অপারতং স্বর্গদারম্ ঈদৃশং যুদ্ধং ত্রুখিনঃ (স্থান্তেষিণঃ) ক্ষত্রিয়াঃ লভন্তে ।

ব্যবহারিক অর্থ। - পার্থ! আপনা হইতে উপজাত মুক্ত স্বর্গদারসদৃশ এইরূপ যুদ্ধ, স্থা ক্ষত্রিয়েরাই লাভ করিয়া থাকে।

যৌগিক অর্থ।—এরপ যুদ্ধ-সংঘটন কয় জনের হৃদয়ে হয়—কয় জনের হৃদয় আত্মরাজ্য প্রতিষ্ঠার জন্ম যতুবান্ হয়, কুয় জন মহাত্থমুখী হইয়া ধাবিত হয় ? এ যুদ্ধ ত সহজে উপস্থিত হয় না। অনস্তজীবন-গতির পথে মনুযুক্লে এই ক্ষত্রিয় স্তারে আসিয়া উপস্থিত হইলে, তবে এ রণসংঘটনার সূচনা হয়। বহু জন্মের পর—বহু আয়াসের পর, তবে তুমি আজ মাতৃমুখী হইয়াছ – তবে তুমি আজ মাতৃসন্ধানোপযোগী চিত্তবৃত্তি পাইয়াছ—তবে তুমি আজ মাতৃতায়েবণের পন্থার জক্ষ চারি দিকে ছুটিয়া বেড়াইতেছ—তবে তুমি আজ আত্মপ্রতিষ্ঠাকেই জীবনের মূল লক্ষ্য বলিয়া বুঝিতে আরম্ভ করিয়াছ। বুঝিও, ইহাই উন্মুক্ত স্বর্গদার, বুঝিও, ওুমি মায়ের আমার হির্ণায় মন্দিরের দারে আসিয়া উপস্থিত হইয়াছ আর সে দার তোমার সম্মুখে উন্মুক্ত। বুঝিও, তোমার এ দারে সমাগম মাতৃ-ইচ্ছায় উপপন্ন। ভূমি জান না, কে তোমাকে এ দারের নিকট আনিয়া উপস্থিত করিয়াছে—তুমি জান না, কার শক্তি তোমাকে এ বহু দিনের ঈঙ্গিত উচ্চ স্তরে উত্তোলন করিয়াছে। তোমার পক্ষে ইহা যদুচ্ছ ভাবে লাভ হইয়াছে বলিতে হইবে। কিন্তু আমি তোমার জন্ম অনেক পরিশ্রম করিয়াছি--আমি অনেক দূর হইতে সারথ্য করিয়া তোমায় এ দারে আনিয়া উপস্থিত করিয়াছি, আমি অনেক পরিশ্রম করিয়া তোমায় নরাকারে বিধিত করিয়াছি—অনেক যোনির ভিতর দিয়া ধীরে ধীরে তোমায় ধরিয়া ধরিয়া এ নরকুলে আনিয়া ঙুলিয়াছি। আমি শুধু আজ তোমার রথের সার্থী নহি,—শুধু আজ তোমার অশ্বরা ধরি নাই—শুধু আজ তোমার আদেশ—তোমার ইচ্ছা পুরণ করিতেছি না। তুমি নর, আমি নারায়ণ। নরসমূহ আমার স্থান বলিয়া আমার একটি নাম নারায়ণ। সেই হিসাবে আজ আমি তোমার সার্থী হইতে পারি—সেই হিসাবে তুমি মহুয়াকারে আমায় সারথী বলিয়া বুঝিয়া থাকিতে পার: কিন্তু বছ পূর্বে হইতে আমি তোমার সার্থী—বছ পূর্বে হইতে তুমি যথন ''যং''রূপ বা "যেরপ", আমি তখনই সেইরূপ বলিয়া তাহার ভিতর "ই" বা ইচ্ছা বা গতি বা আহ্বানক্ষপে ডোমার সার্থ্য করিতেছি। এ স্বর্গদার তাই "যদচ্ছয়া উপ্পর্ত ।

তুমি যখন যেরূপে অবস্থান করিয়াছ, তাহারই ভিতর ইচ্ছারূপে আমি অমুপ্রবিষ্ট থাকিয়া ভোমায় চালিত করিয়া আসিয়াছি। ভোমারই ইচ্ছারূপে ভোমাকে নানাপ্রকার "ঘৎ" বা যাহা ভাহা সাজাইয়া, আমি ইচ্ছারূপিণী ভোমার জননা—আমি ইচ্ছারূপিণী ভোমার শক্তি—আমি ইচ্ছারূপিণী ভোমার গতি—আমি ইচ্ছারূপিণী ভোমার শেষ আনন্দমিলনের আধার— আমিই তোমাকে চালিত করিয়া আসিতেছি। আজ তুমি নরকূলে অবতীর্ণ. আজ তুমি নররূপে আবিভূতি, তাঁই শুধু নরকুলহাদয়ে আমার অবস্থান দেখিয়া, আমাকে নারায়ণ বলিয়া বুঝিয়াছ; কিন্ত কুলে কুলে কুলাঙ্গনারূপে থাকিয়া—কুলে কুলে "ই" বা আহ্বান বা "ইচ্ছা"রূপে অবস্থান করিয়া, এ নরক্ষেত্রে উপস্থিত হইয়া তোমাকে নর সাজাইয়াছি, আমি নারায়ণরূপে প্রতিফলিত হইয়াছি। কুলে কুলে তোমায় কুলেশ্বর করিয়াছি—আমি এলোকেশী – কুলে**ন**রী হইয়া তোমার জীবহের সার্থকতা সম্পাদন করিয়াছি। সার্থকতার ভিতর দিয়া তোমার সেই যদৃচ্ছাগতির ভিতর দিয়া আজ এই হির্ণায় মন্দিরের দ্বারে ভোমাতে আমাতে উপস্থিত। এ মন্দিরে **এবেশ করি**ব —সকল কুলের আধার হইয়া এই মন্দিরে আমি বিশ্বরূপ ধরিব—এই মন্দিরেই আমি ভোমার সকল কুলের আকুলতাকে কুল প্রদান করিব। এই মন্দিরেই আমি তোমাকে আমার অঙ্গে মিলাইয়া লইব। তুমি আমাকে নারায়ণ না দেখিয়া সর্ব্বায়ন দেখিবে—তুমি নরমূর্ত্তি ছাড়িয়া সর্ব্বমূর্ত্তি পরিগ্রহণ করিবে—তুমি বিশাল ভুবন জুড়িয়া যাইবে। তাই বলিতেছি, ইহা "যদুচ্ছা উপপন্ন"। যদুচ্ছয়া উপপন্ন অর্থে—তোমারই ইচ্ছায় উপপন্ন অর্থাৎ আমারই ইচ্ছায় উপপন্ন।

"ই" অর্থে আহ্বান। আমার মহা আহ্বানই ইচ্ছারূপে বিরাজিত। আমার ইচ্ছার তাড়নাতেই তুমি ছুটিয়াছ ও ছুটিতেছ। আমার মহা আহ্বানই তোমায় কোথাও দাঁড়াইতে দেয় নাই। তোমায় কোথাও তৃপ্ত হইয়া বসবাস করিতে দেয় নাই। আমার মহা আহ্বানই তোমায় অহর্নিশ চঞ্চল, উৎকণ্ঠাপূর্ণ, আকুল করিয়া রাখিয়াছে; তোমাকে দিকে দিকে বন্ধাণ্ডে বন্ধাণ্ডে ঘুরাইয়াছে। আমার মহা আহ্বান কোন্ দিক্ হইতে আসিতেছে, দেখিবার জম্ম তুমি বন্ধাণ্ডের প্রত্যেক উপলখ্ড নাড়িয়া দেখিয়াছ; আমার মহা আহ্বান জগতের প্রত্যেক যোনিতে, প্রত্যেক ধূলিকণাতে প্রতিশ্বনিত, তুমি সেই প্রতিশ্বনি লক্ষ্য করিয়া বিভিন্ন বিভিন্ন প্রকারে সে ধূলা-কাদা উন্টাইয়া উন্টাইয়া দেখিয়াছ ও দেখিতেছ।

আমার মহা আহ্বানের প্রতিধ্বনি তোমায় নিশ্বাস ফেলিবার স্থাবসর দেয় নাই। তুমি ব্যস্ত, আগ্রহান্বিত, চমকিত, উন্মত্ত, ভ্রাস্তবং দিকে দিকে কান বাড়াইয়াছ, —দিকে দিকে ঝাঁপাইয়া পভিয়াছ, দিকে দিকে সংঘাত প্রাপ্ত হইয়াছ। প্রতিধ্বনির ধান্ধার মাঝে—অনস্ত আকাশবং বিশাল বিস্তৃত আমার ধ্বনির প্রতিধ্বনির দিগন্ত-পরিপ্লাবিত তরঙ্গ-রঙ্গের মাঝে একা আমার কুল্র শিশুটি তুমি, আমার এতটুকুটি তুমি, কত প্রতিঘাত পাইয়াছ: যে দিকে প্রতিধানির আবেগে গিয়াছ, সেই দিকে মাথা ঠুকিয়া গিয়াছে—শোণিতপ্রাব হইয়াছে — কাঁদিয়া ফিরিয়া দাঁড়াইয়াছ; আবার অস্ত দিকে সে প্রতিধ্বনি ডাকিয়া লইয়া গিয়াছে, আবার অন্ত দিকে ছটিয়াছ, আবার আঘাতে জর্জ্জরিত হইয়াছ। এইরূপে যোনি ছইতে যোক্সন্তরে, নায়া হইতে মায়ান্তরে যন্ত্রণা ভোগ করিয়াছ, সে সমস্ত আমারই আহ্বানের প্রতিধ্বন। বংস! ধ্বনির সন্ধান পাও নাই.—প্রতিধ্বনি ধরিয়া ছটিয়াছিলে। ধ্বনির উপর প্রতিধ্বনির এই ক্ষেত্র রচনা করিয়া, তোমাকে সে প্রতিধানির ভিতর স্থাপিত করিয়া, আমার ধানিকে—আমার আহ্বানকে কথঞ্জিৎ চুপ্প্রাপ্য হলভিরূপে প্রতিফলিত করিয়া, ভালবাসাকে উদ্বেলিত করিয়াছি মাত্র। আমি কেমন করিয়া তোমায় ভালবাসি, সেই ভালবাসা তোমার বুকে ফুটাইয়া দেখাইবার জন্মই, ভালবাসিতে তোমায় শিখাইয়াছি। তুমি আমায় ভালবাসিতে শিথিয়াছ অর্থে—আমার ভালবাসা তোমার বুকে ফুটিয়াছে। আমি তোমার ভালবাসার কাঙ্গাল নহি। আমি তোমার ভক্তির—তোমার আসক্তির কাঙ্গাল নহি। আমি তোমায় কত ভালবা।স--আমি তোমাতে কত আসক্ত, আমি তাহাই দেখাইতে গিয়াছি। তুমি আমায় ভালবাসিয়াছ অর্থে – তুমি আমার ভালবাসা উপলব্ধি করিয়াছ। বিচ্ছেদ না হইলে উপলব্ধির সূচনা হয় না—তাই প্রতিধানির অবতরণিকা। এখন চারি ধারে ছটিতে ছুটিতে কেন্দ্রের সন্ধান পাইয়াছ-প্রতিধানির মূল ধ্বনি—মূল আহ্বানে দৃষ্টি পড়িয়াছে; দিগ্ভান্ত হইয়া আমার শরণাগত হইয়াছ। আর কি থাকিতে পারি। আমার ভালবাসা যত বুঝিতে পারিয়াছ, তাহাই যথেষ্ট, আর পার, কি না পার, ভাহা দেখিব না; আর অপেক্ষা করিতে পারিব না। মা বলিয়া কাঁদিয়া ফেলিয়াছ--ন্তনে হুগ্ধ আসিয়াছে; আর থাকিতে পারিনা। এস আছে—এ দেখ, সম্মূধে উন্মূক্ত আমাদিগের আলয়। অস্কচ্যুত করি নাই—তবু আন্ধ চ্যুত ভাবিতেছিলে— দেখ, তুমি অক্ষেণ চল বংস, মন্দিরে প্রবেশ করি। আর প্রতিধ্বনির দিকে চাহিও না। তুমি মা বলিয়াছ—সঙ্গে সঙ্গে শক্তি পাইয়াছ—ক্ষত্রিয় হইয়াছ। চল—চল, ঝান্ধণ হইবে চল!

শুধু তাহা নহে। ক্ষত্রিয় হইলেই বুঝিতে হইবে, জীব সুখী বা মুখাবেষী হইয়াছে। সুখাবেষী হইলে যুদ্ধের সন্ধান পাওয়া যায়। ক্ষত্রিয় হইলে সুখাবেষী হইতে বড় বাকী থাকে না। সুখী ও সুখাবেষী একই কথা। কেন না, মুখাবেষী হইলে সুখ অনিবার্যা। ক্ষত্রিয় হইলে ব্রাহ্মণ হওয়া ধ্রুব সত্য।

শুধু তাহা নহে, ইহা অপার্ভ স্বর্গদার। উন্মৃক্ত দার, মুক্তির দারে কবাট থাকিতে পারে না। মুক্তি কখনও দার রোধ করিয়া অমৃক্ত অবস্থায় বসবাস করে না। বন্দের দার নিম্মৃক্ত। আমার মন্দির অপার্কত দারয়ুক্ত। তুমি এইখান ইততে এ মন্দিরের অভ্যন্তরস্থ আমার স্বরূপ-মৃত্তি দেখিতে পাইবে। এই নরকুলে থাকিয়াই—এই দারের সন্মুখে থাকিয়াই আমায় প্রভাক্ত করিবে। তুমি আমি ভেদ থাকিতে থাকিতেই তুমি আমায় সম্ভোগ করিবে। দিখের ভোগ সম্ভোগ করিয়া, তার পর একতে বা শৃক্তাত্বে বা পূর্বতে লীন হইবে। একত্ব, শৃক্তা, পূর্বত একই কথা। তাই দার উন্মৃক্ত করিয়া রাখিয়াছি—তাই দারের দিকে চাহিয়া অপেক্ষা করিতেছি, কে আমার নিকটে আসে। তাই স্বর্গদার উন্মৃক্ত।

শুধু তাহা নহে। যথন তুমি বহু হইতে ছুটিয়াছিলে—যথন তুমি বহুভোগের আশায় গৃহ হইতে বিনিজ্ঞান্ত হইয়া গিয়াছিলে—যখন এশ্বর্যা দেখাইবার জন্ম তোমায় বাহাক্ষেত্রে সংকল্পিত করিয়াছিলাম, তথনই তোমার বহির্গমনের সঙ্গে প্রাণ আমার কাঁদিয়াছিল। তথনই গৃহ ছাড়িয়া বংসহারা জননীর মত তোমার অবেষণে বহির্গত হইয়াছি। চক্ষের পলকের ভিতর আজ্মবিশ্বত হইয়া, আপনার এশব্যে আপনি মুগ্ধ হইয়া, তোমাকে সা দেখাইব বলিয়া কল্পনা করিতে গিয়া, মায়াকুলজ্বদয়ে গৃহ হইতে বহির্গত হইয়াছি। তাই বৃঝি, দার প্রবেৎ উন্মুক্ত রাখিয়া আসিয়াছি। তোম।য় লইয়া আবার এখনি গৃহে প্রবেশ করিবে ভাবিয়া অপার্ত রাখিয়াছি। সেহের মোহে দার বদ্ধ করিতে ভূলিয়া গিয়াছি। দার উন্মুক্ত করিতে পাছে বিলম্ব হয়—সন্তানের গৃহ-প্রবেশে পাছে সময়ের বিশ্ব সাধিত হয়, সেই জন্মও আমার দার উন্মুক্ত।

তার পর যখন তুমি সুখামেধী হইয়াছ, তখনই যদৃচ্ছা উপপন্নরূপে তোমায় সেই মন্দির-দারে আনিয়াছি। সুখের অম্বেষণ করিয়াছিলে, সেই জ্ফুই তুমি ব্রক্ষান্তের দারে সমাগত। স্বধর্মের দিকে একবার ভাল করিয়া চাহ—স্বধর্ম পালনের জন্ম যত্নবান্ হও। এ মহামুহুর্ত্তের সুযোগ ছাড়িও না।

স্বধর্ম—ক্ষত্রিয়ের পক্ষে যুদ্ধ। ইহা পূর্বের বলিয়াছি। ক্ষত্রিয়ের যুদ্ধের বা স্বধর্মের তিনটি অবস্থা,—শক্রকে পরিচিত হইয়া তৎসমক্ষে উপস্থিত হওয়া, অন্ত্রচালনা এবং আত্মপ্রতিষ্ঠা। সর্ব্বপ্রথম শক্রকে পরিজ্ঞাত হইয়া, তরিকটে উপস্থিত না হইলে অন্ত্রচালনা হারা শক্রবধ হইতে পারে না। সে জ্বভ্য শক্রশক্তি পরিজ্ঞাত হইতে হয়।

তুমি যখন মনুষ্যকৃলে অবতীর্ণ হইয়াছ, তখন তুমি শক্রর নিকটন্থ হইয়াছ
বুঝিতে হইবে। শক্রসকল পূর্ণভাবে সমষ্টীভূত হইয়াছে। সম্যক্ প্রকারে
বাহিত হইয়া তাহারা তোমার সন্মুখে সমাগত। নরজন্ম ছাড়া অস্ত কোন জন্ম
অবিচ্চা এত প্রবল কার্য্যকরী নহে। স্কুতরাং তুমি শক্র-সমীপে সমাগত; এবং
শক্রর শক্তিও তুমি সম্যকরপে জ্ঞাত হইয়াছ। তার পর যখন তুমি আত্মপ্রতিষ্ঠায়
বঞ্চিত বলিয়া আপনাকে হৃদয়ঙ্গম করিয়াছ ও সে আত্মরাজ্য লাভের আশায়
উদ্যুক্ত হইয়াছ, তখন হইতে তুমি ক্ষত্রিয়ধর্মী হইয়াছ বুঝিতে হইবে। তার পর
এখন অস্ত্র চালনার সময়ে তুমি তাহাদিগকে মিত্রস্থানীয় বলিয়া বুঝিতেছ। কিন্তু
স্মরণ রাখিও, উহারা বস্তুতঃ তোমার শক্রও নহে, মিত্রও নহে। উহারা "যদৃচ্ছয়া
উপপন্ন।" তোমার ইচ্ছা বা আবশ্যক্ষত, আমার ইচ্ছা বা প্রয়োজনমত
সমাগত। উহাদেরও বিনাশ নাই, ইহা পূর্কেব বলিয়াছি। উহারাও ক্ষণ পরে
আমারই অঙ্গে মিলাইয়া বাইবে; সে কথা পরে বলিব। স্কুতরাং এমন স্ব্যোগ —
স্বধর্ম-পালনের এমন অবসর আর পাইবে না।

এই স্থলে বলিয়া রাখি, ক্ষত্রিয়দিগের যেমন সাধারণ ধর্ম যুদ্ধ, কিন্তু যুদ্ধের প্রকার বিভিন্ন—কেহ অসি চালনায় দক্ষ, কেহ ধনুর্বিভায়, কেহ মল্লযুদ্ধে, কেহ গদাযুদ্ধে সিদ্ধহস্ত, সাধকদিগের মধ্যে ভদ্ধপ আচার ও অল্পভেদ আছে। সে কথা পরে বিচার্যা। কিন্তু শত্রু সমাগত দেখিলে যেমন অল্প-বিচারে বিলম্ব না করিয়া, যাহা কিছু ক্রেভ করতলগত হয়, তাহার দ্বারাই শত্রু-প্রহারে উভ্ত হও, ভদ্ধপ যদৃচ্ছাভাবে যাহা কিছু সম্মুখে করতলগত পাইয়াছ, তাহাই শত্রুর বিপক্ষে পরিচালনা কর। "যদৃচ্ছা উপপন্ন" অল্পে আরম্ভ করিয়া দাও। স্থেধু অবসরের দিকে লক্ষা রাখ। বৃথি এমন অবসর আর পাইবে না, এই ভাবটি শুধু প্রাণে জ্বাগাইয়া রাখ। কোন অল্প না খাকে, "মা" নামরূপ মহান্ত্রও আছে,

ভাহাই চালাও। বিলম্ব করিও না, অবসর হারাইও না। মদৃচ্ছা ভাবে মাহা আসিয়াছে, যদৃচ্ছা ভাবে সে অবসর আবার চলিয়া যাইতে পারে। চালাও, অস্ত্র চালাও। মা মা বলিয়া হন্ধার ছাড়। ধর্ম বলিয়া যাহা জ্ঞান, তাহাই কর। ভগবংলাভ উদ্দেশ্যে করিতেছি ভাবিয়া তাহাই কর। শক্র বিনাশ করিবার উদ্দেশ্যে তাহাই প্রক্রেপ কর। যদৃচ্ছা উপপর ভাবেই আমায় কুড়াইয়া পাইবে। তুমি সৌভাগ্যশালী সন্তান, তাই এ অবসর পাইয়াছ।

স্থার একটা কথা। একটা জীবের সমষ্টি জীবন-প্রবাহের পথে ক্ষত্রিয় অবস্থা, আর ব্যষ্টিভাবে জীবনের একদিন যোগক্রিয়া করিতে বিসয়া যখন প্রাণায়াম প্রত্যাহারাদি করিতে হয়, তখনকার অবস্থা একই। পরে ইহা ব্যাখ্যাত হইবে।

> অথ চেৎ ছমিমং ধর্ম্মাং সংগ্রামং ন করিষ্যসি। ততঃ স্বধর্মং কীর্ত্তিঞ হিত্বা পাপমবাপ্স্যসি॥ ৩৩

অথ চেৎ হৃদ্ ইমং ধর্ম্মঃ সংগ্রামং ন করিষ্যসি, ততঃ স্বধর্মং কীর্ত্তিঞ্চ হিছা পাপম্ অবাপ্ স্যসি।

বাবহারিক অর্থ।—আর যদি তুমি ধর্মগত যুদ্ধ না কর, তাহা হইলে স্বধর্ম ও কীর্ত্তি ত্যাগ করিয়া পাপযুক্ত হইবে।

যৌগিক অর্থ। — সংগ্রামই ক্ষত্রিয়ের ধর্ম। অবিছা হননই ক্ষত্রিয়াবন্ধার প্রকৃতি। এ মায়াহনন বস্তুতঃ হনন নহে, প্রত্যাহরণ মাত্র। এ মায়া হননের যথার্থ মর্মা চারি ধার হইতে মায়া সংগৃহীত করিয়া মহামায়াতে সেই মায়ার প্রক্ষেপ। মহামায়াতে মায়ার সম্পূর্ণ প্রক্ষেপ হইলে তথন বিশ্বরূপিণী মা আমার বিশ্বরূপ ধারণ করিয়া সাধকের অভাষ্ট পূর্ণ করেন ও সন্তানকে আপন অক্ষেমিশাইয়া লয়েন। কিন্তু সে কথা পরে বলিব। ক্ষত্রিয়াবন্ধায় যথন চারি ধার হইতে মায়া প্রত্যাহত করিতে হইবে—যথন চারি ধার হইতে মায়া গুটাইয়া লইয়া কেন্দ্রাভিমুখী করিতে হইবে—সর্ব্ব মায়ায় যথন জলাঞ্চলি দিতে হইবে, তথন ইহা হনন নামেই অভিহিত। স্ক্তরাং ক্ষত্রিয়ের অধর্ম্ম মায়াহনন, ইহা বলা যুক্তিসঙ্গত। স্বধর্ম অর্থে প্রকৃতিগত ধর্ম। যেমন আহার নিজাদি জীবের অধর্ম্ম, তত্রপ জীব ক্ষত্রিয়াবন্ধা প্রাপ্ত হইলে তাহার অধর্ম মায়াহনন। যথন সাধকের প্রাণ আহার নিজার মত ভগবদবেষণ না করিয়া থাকিতে পারে না, তথনই সে সাধক ক্ষত্রিয়-পদবাচ্য। কর্ত্ব্য বুঝিয়া

নহে—শ্বতঃসিদ্ধ ভাবে যখন "মা মা" করিয়া সাধকের প্রাণ ক্লাঁদিয়া উঠে, তখনই বৃকিতে হইবে, সাধকের ভগবদম্বেশ স্বধর্মরপে পরিণত হইয়াছে বা প্রকৃতিগত হইয়াছে। যেমন জলের স্বধর্ম শৈত্য, অগ্নির স্বধর্ম উত্তাপ, ক্ষত্রিয়-ভাবাপর সাধকের তজপ ভগবদম্বেশই স্বধর্ম। জলের শৈত্যগুণ অপহরণ করিলে যেমন জলের জলত্ব লোপ হয়, অগ্নির উত্তাপ অপহত হইলে অগ্নির অস্তিত্ব যেমন আর থাকে না, তজ্কপে ভগবদশ্বেশণশুক্ত স্বাধক হইতে পারে না।

সাধক হইতে হইলে, ক্ষত্রিয়ধর্মী হইতে ইইলে নিজের সংস্থারকে এমনই ভাবে গঠিত করিয়া লওয়া চাই, যেন মাতৃ-অম্বেশণ তাহার প্রাণে স্বভঃ উদ্বৃদ্ধ হইতে থাকে।

যাহা হউক, যদি 'এই ক্ষত্রিয় অবস্থায় জীব কোন কারণে ভাহার এই প্রকৃতিগত কার্য্য হইতে বিরত হয়, তাহা হইলে ভাহার ধ্বংস স্চিত হইতেছে বলিতে হইবে। যেমন ক্ষ্পাতুর আহার্য্য না পাইলে ভাহার শরীর বিশীর্ণ হইয়া যায়, নিম্রালু ব্যক্তির রজনীযোগে নিজার ব্যাঘাত হইলে যেমন ভাহার দেহের পক্ষে অপকার হয়, কেন না—ক্ষ্পা নিজা জীব-ধর্মা, তত্রপ যে জীবে ভগবৎসাধনই স্থর্মারেপ পরিগণিত হইয়াছে, ভাহার সে ভগবৎ-সাধনার ব্যাঘাত ঘটিলে ভাহার স্ক্রদেহে অবনতিকর পরিবর্ত্তন সংসাধিত হয়। জলে উত্তাপ প্রয়োগ করিলে ভাহার শৈত্য যেমন মন্দীভূত হয় ও শঙ্গে সঙ্গে বাপাকারে চলিয়া গিয়া সে পাত্রন্থ জলপরিমাণ হ্রাস-প্রাপ্ত হয়, তত্রপ ক্ষত্রিয় সাধকের সাধনার কোন প্রকার ব্যাঘাত ঘটিলে, ভাহার নিজ সংস্কার-সম্বদ্ধ স্ক্রদেহ ক্ষয়প্রাপ্ত হইতে থাকে, ভাহার অন্তিক্রের স্বাভয়্যে আঘাত লাগে; স্ক্ররাং সাধক ক্ষবিচ্যুত হয়।

তাই ভগবান্ বলেন, প্রকৃতিগত কর্ম ছাড়িও না—অধর্ম উপেকা করিও না।
তুমি এ অজ্ঞাতপূর্বে সর্ব্বোচ্চ প্রতিষ্ঠা হইতে বঞ্চিত হইবে—তুমি পাপযুক্ত
হইবে। এ অধর্ম পরিত্যাগে তোমার কীর্ত্তিরাশিও ধ্বংস প্রাপ্ত হইবে। জীবের
উমতির পথে কীর্ত্তি, রক্ষাকারী স্বস্তুস্বরূপ। কীর্ত্তি শুধু আত্মপ্রসাদ লাভের
জন্ম কল্লিত হয় নাই—কীর্ত্তিকে আত্মচরিতার্থতামাত্র ভাবিও না—কীর্ত্তি
আমাদিগকে স্বন্থানে প্রতিষ্ঠিত রাখিবার একটা মহান্ স্বস্তু। অনেক সময়ে
জীব কর্মবিপাকে পড়িয়া আপনার লক্ষ্য ঠিক রাখিতে পারে না—আপনার
মহৎ উদ্দেশ্য বিশ্বত হইয়া নিম্নস্তরীয় কন্মে প্রবেশোন্মুখী হইতে বাধ্য হয়।

প্রাণের বল হারাইকা জীব অনেক সময়ে জ্ঞান সন্তেও মোহাক্রান্থ ভাবে আপনার অমুপযুক্ত কার্যো আস্থা প্রয়োগ করে, সেই সময়ে কীর্ত্তি ভাহাকে রুক্ষা করে। লোক-প্রশংসা বা খ্যাভি ভাহাকে সহসা ভাহার সে প্রভিত্তি অবস্থা হইতে নিম্নাবস্থায় প্রবেশ করিতে দেয় না। খ্যাভি রক্ষার জন্ম প্রাণে বল না থাকিলেও অমুপযুক্ত কর্ম্মে প্রবৃত্ত হয় না; স্কুরাং কীর্ত্তি যে একটী স্কুম্বরূপ হইয়া অনেক সময়ে আমাদিগকে নিম্নগতি হইতে রক্ষা করে, ইহা স্পষ্ট প্রতীয়মান হয়।

আমাদিগের মনোময় কোষে এই কীর্ত্তি—দীপ্তি নামে অভিহিত। স্বধর্ম পালনে আমাদিগের মনোময়কোষের জ্যোতিঃ পরিবর্দ্ধিত হয়। মনোময়কোষের বর্ণ আছে, ইহা পূর্বের বলিয়াছি। সেই বর্ণছটা স্বধর্ম পালনে অপূর্বে জ্যোতির্ময় হইয়া বিকাশপ্রাপ্ত হয়। স্বধর্মের পরিতাাগে দীপ্তি মান ইইয়া যায়—মনোময়কোষের বর্ণ মলিনতা প্রাপ্ত হয় এবং ক্রমে অস্টুট ইইয়া বর্ণরঞ্জনা লুপ্ত হয়, অথবা নিম্নস্তরীয় বর্ণ প্রতিফলিত হয়। এ বর্ণ ফুটাইয়া তুলিতে—আপনার এ জ্যোতির্ময় মূর্ত্তি প্রকটিত করিতে অনেক সময় ব্যয়িত ইইয়াছে—অনেক দিনের অনেক সাধনার পর তবে আমরা মনোময়কোষে এমন অপূর্বে জ্যোতির্ময় রূপ প্রাপ্ত ইইয়াছি। আজ সহসা স্বধর্ম্মবিমূখ ইইয়া তোমার সাধনালব্ধ এ অমূল্য সম্পদ্ হারাইও না।

অতি অপূর্বরপে এ দীপ্তি আমাদিগের অভ্যস্তরে সঞ্জাত হয়। সংধ্যা-পালনে জ্যোতিঃ বহিমুপে ব্যয়িত না হইয়া অস্তমুপে ধাবিত হইতে থাকে। আমি পূর্বে বলিয়াছি, ভাবসকলের রূপ আছে। আমরা প্রতি মুহুর্তে বিরাট্ মায়ের প্রাণশক্তি সুর্গ্যের অভ্যস্তর দিয়া প্রাপ্ত হইতেছি। আমরা শক্তির জ্যোতিঃসমুজে অহর্নিশ নিমজ্জিত। সেই জ্যোতিঃ ভাবরপে আমরা ব্যয়িত করি। ভাব প্রকাশ করি বলিয়াই এই প্রাণশক্তির ক্ষয় হয়। বহিমুপে ভাবকে চালিত করি বলিয়াই সেই ভাবের সঙ্গে সঙ্গে আমাদিগের সেই জ্যোতিঃ বহির্গত হইয়া যায়। যদিও বিরাট্ হইতে সেই জ্যোতিঃ পরিপ্রণ হয়, কিন্ত যে পরিমাণে ব্যয় হয়, সেই পরিমাণে আমরা পরিপ্রণ করিয়া লইতে পারি না; সেই জ্যা আমরা দিন দিন ক্ষয়গ্রন্ত হই। যাহা হউক, অন্তমুপে যদি এই জ্যোতিঃ চালিত হয়, তাহা হইলে উহা ব্যয়িত না ইইয়া সঞ্চিত হইতে থাকে। যে পরিমাণে অন্তমুপ্ত ভাব চালিত করিতে পারিব, সেই পরিমাণে ক্ষয় রোধ

হইবে। একবার মা বলিতে পারিলে বুঝিব, কতকটা জ্বোতিঃ সঞ্চিত হইল।
স্থান্দ্র পালন অন্তমুথে গতি বাতীত আর কিছুই নহে। স্তরাং স্বধর্ম পালনে
জ্যোতিঃ যে সঞ্চিত হয়, ইহা স্বভঃসিদ্ধ, এবং স্বধর্মবিমুখ হইলে জ্যোতির
অপবায়ও অনিবার্যা।

তবে প্রধানতঃ আমরা এই বুঝিলাম, বহু প্রকারে মা আমাদিগকে ইচ্ছারূপে চালিত করিয়া অপারত স্বর্গদারের সন্মুখে আনিয়া উপস্থিত করিয়াছেন—বহু কপ্তের ভিতর দিয়া আমাদিগকে সুখাষেষী করিয়া তুলিয়াছেন। আমরা তীরের সন্ধিকটক্ম হইয়াছি। এখন এই মহা মুহূর্ত্তে যদি স্বধর্ম হইতে বিরত হই, ভাহা হইলে আবার পতন অনিবার্যা। কেন না, কার্ত্তি বা দীপ্তি, যাহা বহিষ্কাতে জ্যোতীরূপে আমাদিগের স্তস্ত্রস্করপ হঠয়া আমাদিগের এই উচ্চ আসন গঠিত করিয়াছে, তাহা তগ্ন হইবে—আমাদিগের সিংহাসন ভূমিসাৎ হইবে—আমাদিগকে নিম্নগতি পাইতে হইবে। শুধু স্তস্ত ভগ্ন হইলেও কথা থাকিত, স্তম্ভ ভগ্ন হইলেও লঘু পদার্থ যেমন আপনার লঘুখবশতঃ বায়ুতেও ভাসমান থাকিতে পারে, তদ্ধেপ ভাবে আমরা থাকিতে পারিলেও কথা থাকিত; কিন্তু তাহা হইবে না; গঙ্গে সঙ্গে তোমার স্তব্ধে ছরস্ত ভার আসিয়া তোমার গুরুত্ব বাড়াইয়া তোমাকে নিম্নে চালিত করিবে। পরশ্লোকে সেই কথা বলিতেছি।

অকীর্ত্তিকাপি ভূতানি কথয়িয়ান্তি তেইব্যথাম্। সম্ভাবিতস্থ চাকীর্ত্তিশারণাদতিরিচাতে॥ ৩৪

অপি চ ভূতানি তে অব্যয়াম্ অকীর্ত্তিং চ কথয়িষ্যন্তি, সম্ভাবিতস্থ অকীর্ত্তিং মরণাং অতিরিচ্যতে।

ব্যবহারিক অর্থ।—পরস্ত লোকসকল তোমার অশেষ প্রকার অকীর্ত্তি ঘোষণা করিবে। ধর্মাত্মা ও শ্র বলিয়া তোমার যে বহুকালস্থায়ী বহু লোকমুথে খ্যাত্ত কীর্ত্তি আছে, তাহার বিক্ষত্তে বহু লোকমুথ হইতে অকীর্ত্তিরাশি উল্পীরিত হইতে থাকিবে। এই অকীর্ত্তি মরণ অপেক্ষাও অধিক। শক্তিমানের অপ্যশ মৃত্যু অপেক্ষা অধিকতর তুঃসহনীয়।

যৌগিক অর্থ।—আমি পূর্বেব বলিয়াছি, অনেক সময় যশ:, আমাদিগকে অধ:পতন হইতে রক্ষা করে, সাধারণ জনসংঘের উচ্ছ্বাস আমাদিগের চিত্তের সাময়িক ছুর্বলভার মোহ হইতে আমাদিগকে উত্তীর্ণ করিয়া দেয়। আবার সেই

সাধারণ লোকসমূজ যদি আমারই অখ্যাতিতে একবার ট্ছেলিত হইয়া উঠে— একবার যদি অখ্যাতির স্রোড লোকমুখে মুখরিত হয়, তাহা হইলে ঠিক তেমনি ভাবে আবার আমাদিগের হর্ষপভার অবস্থায় উহা অধোগতির মাত্রা বর্দ্ধিত করিয়া দেয়, হৃদয়ের সমস্ত উৎসাহ ও দাহদ বিলীন হইয়া যায়; মরণাপেক্ষা ঘোরতর অন্ধকার ক্ষেত্রে আমাদিগকে নিকেপ করে। আমাদিগের মুহ্যমান অবস্থায় জনসংঘের প্রভাব এইরূপে, আমাদিগকে উদ্ধে তুলিয়া রাখিতে অথবা অধঃপ!তে দিতে কথঞ্চিৎ সক্ষম। সেই কারণে মা আমাদিগকে সময়ে সময়ে যশক্ষর কার্ষ্যে নিযুক্ত করিয়া ফেলেন। সকলকার পক্ষে অবশ্য নহে, কিন্তু কাহারও কাহারও চিত্তবৃত্তির অবস্থাবিশেষের উৎকর্ষ সাধনের ২০০ মা আমাদিগকে ভগবদ-বাক্য প্রচারে নিযুক্ত করেন। যাহার পক্ষে ঐরূপ প্রচার উপকারে আসিতে পারে, মা তাহাকেই ভাব প্রকাশে উন্মুখী করিয়া দেন। নিজে ভাব প্রকাশ করিয়া, সেই ভাবে জগৎকে মাতাইয়া, জগতের মুখ হইতে সেই ভাবের উচ্ছাদ শুনিয়া নিজে ধন্য হয়েন ও জগৎকেও ধন্য করেন। আপনি মা বলিয়া ডাকেন-অপরকে মা বলিয়া ডাকিতে শেখানও তাহাদিগের মুখের সে মাতৃ-আহ্বানের সঙ্গে আপনার মাতৃ-আহ্বান মিশাইয়া এক স্বর্গীয় তরঙ্গ জগতে রচনা করেন। সে লোক সমুদ্র ভাঙ্গিয়া যায়, কিন্তু সে তরঙ্গ বহুকাল জগতের উপর উদ্বেলিত থাকে। তাঁহারা হয় ত জানেন না, কি ভাবে তিনি স্বয়ং সেই লোকসংঘের দ্বারা সাহায্যকৃত। তাঁহার অজ্ঞাতেই তিনি আপনার প্রদত্ত শক্তিরই সাহায্য পাইয়া থাকেন।

যখন সাধক আপনার ভাব ধরিয়া রাখিতে পারে না, অথচ সে ভাব যথার্থই অকৃত্রিম ও শক্তিশালী—মা যখন দেখেন, কোন সন্তানের চিত্ত অনস্ত ভাব উচ্ছাসের কেন্দ্রহল হইয়াছে সত্য, অথচ সে ভাবরাশি ধারণ করিয়া রাখিবার আধার তাহার নাই, তখন তিনি তাহার উপকারার্থে সেই ভাবরাশি একটি জনমতলে অধিষ্ঠিত করিয়া একটি শক্তি-কেন্দ্র বা শক্তি-মণ্ডল রচনা করেন। তাহাতে, যেমন তাহার হৃদয়ে সে ভাবরাশি সঞ্চিত থাকিলে তাহার উপকার হইত, তেমনই ভাবে কভকটা সেই মণ্ডলের অধীশ্বরূপে থাকিয়া সে সাধক উপরুত হয় অর্থাৎ তাহার একথানি কৃত্ত হলপেরের সহিত জনসংঘের হৃদয় মিলিত হইয়া সে বিরাট্ ভাবধারণের জন্য যেন একটা বিরাট্ আধার নির্মিত হয় নাই। কিন্তু বুঝিতে হইবে, সে চক্তে শুরু জনমণ্ডলীর মুখ চাহিয়া নির্মিত হয় নাই, শুরু জন-সমুজের দিকে চাহিয়া সে মণ্ডল রচনা করেন নাই। সে সাধকের অজ্ঞাতে মা তাঁহাকে

এক বিরাট্ আধারে পরিণত করিয়া দিয়াছেন। আধেয় ও আধারের বিরাট্ সন্মিলন করিয়া মা ভাহাকে বিরাট্ করিয়া তুলিয়াছেন।

কোন সময়ে একটা গ্রামে একাস্ত জলকন্ট হইয়াছিল ; সেই গ্রামের অধি-বাসীরা বহু দ্রস্থিত স্রোভস্বতীর জল কর্ষ্টে বহন করিয়া আনিয়া জীবন ধারণ করিত। মুতরাং জল তখন সেখানে বহুমূল্য সামগ্রীর তুল্য আদরের। একদিন কোন পথিক একান্ত পিপাসিত হইয়া সেই গ্রামের কোন গৃহস্থের নিকট জল প্রার্থনা করিলে, সে গৃহত্ব ভাহাকে অন্স বাড়ীতে যাইবার জন্য অনুজ্ঞা করিয়া তাহাকে প্রত্যাখ্যান করিল। তৃষিত পথিক দ্বিতীয় ব্যক্তির দ্বারে উপ-স্থিত হইয়া বারি প্রার্থনা করিলে, সেও ''জল নাই'' বলিয়া অন্য আশ্রমে প্রার্থনা করিতে পরামর্শ দিল। পথিক তৃতীয়, চতুর্থ, পঞ্চম, একে একে সকল গৃহে নিজ প্রার্থনা জানাইল, কিন্তু কেহই তাহাকে সামানামাত্র জল দিয়া তাহার তৃষ্ণা নিবারণ করিবার ব্যবস্থা করিল না, সকলেই জল নাই বলিয়া তুঃখ প্রকাশ করিয়া অনা গৃহত্বের নিকট প্রার্থনা করিতে অন্মুরোধ করিল। তৃষিত পথিক এইরূপে সমগ্র গ্রামখানি পরিভ্রমণ করিয়া, কোথায়ও এক বিন্দু জল না পাইয়া বিফল-মনোর্থ হইয়া বিষাদে, ক্ষোভে, তৃষ্ণায় কাতর হইয়া, পথপ্রাস্তস্থ অরণ্যে প্রবেশ করিল। মনে মনে প্রতিজ্ঞা করিল, যে মহুষাসমাক্ত এক বিন্দু বারি দিয়া তৃষিত ব্যক্তির তৃষ্ণা নিবারণে কুষ্টিত, সে সমাজ পশুসমাজ অপেক্ষা অধম। আর মন্থ্যোর মুখ দেখিব না—আর লোকালয়ে প্রত্যাগমন করিব না; মন্থ্য বলিয়া, মনুষ্যকুলে জন্মিয়াছি বলিয়া আর আপনাকে গৌরবান্বিত ভাবিব না। এই অরণ্যে অবস্থান করিব; জল পাই—পান করিব, নতুবা তৃষ্ণায় প্রাণ পরিত্যাগ করিব। যদি জীবন ধারণ করিতে হয়, তবে অবশিষ্ট জীবন এই অরণােই অভি-বাহিত করিব। অথবা কলুষিত মনুষ্যদেহ আর রাখিব না,—আত্মহত্যা করিব।

মনুষ্যকুলের উপর এইরপে বিদ্বেষ-হৃদয় লইয়া পথিক অরণ্যের গভীরতম প্রদেশে প্রবেশ করিতে লাগিল। যে অবস্থায় নির্ভাকচিত্তে জ্ঞাব মৃত্যুর মুখে প্রবেশ করিতে সমর্থ হয়; পথিকের প্রাণে নিরাশার সেই ঘার তমাময় অবস্থা। তখন রাত্রি হইয়াছে, বহির্জ্জগৎ অন্ধকার—অরণ্য তদপেক্ষা অন্ধকারময়। তাহায় হদয়ের অন্ধকার সে অরণ্য অপেক্ষাও ঘারতর। সহসা পথিক দেখিল, সম্মুখে একজন গাধু যোগাসনে উপবিষ্ট। সাধু পথিককে দর্শন করিয়া নিকটে আহ্বান করিলেন এবং গভীর লোকশুন্য অরণ্যে প্রবেশের কারণ জিজ্ঞাসা করিলেন।

পথিক আপনার সমস্ত ঘটনা আমৃল বিবৃত করিয়া তাহার মরণে কৃতসঙ্কল্পতার কথা জানাইল। তথ্য সাধু ধীরে ধীরে পথিককে বলিলেন, 'বংস! এ গ্রামের লোক তোমায় প্রত্যাখ্যান করায় মহাপাপে কলুমিত হইয়াছে। এ মহাপাপের প্রায়শ্চিত প্রয়োজন। এই অগ্নিলও—যাও, সে পাডকীদিগের গৃহে অগ্নিসংযোগ কর। তাহাদিগের পাপ আশ্রম-সকল প্রজ্জলিত হইলে, তাহারা জল আনিয়া সে গৃহদাহ নিরাক্রণে সচেষ্ট হইবে; • তুমিও সেই জল পান করিয়া তৃঞ্চাবিমুক্ত হইবে। যাও—যাও, তাহাদিগের গৃহে অগ্নিসংযোগ কর।"

সাধুর আদেশে পথিক সাধুর নিকট হইতে অগ্নি লইয়া গ্রামপ্রাস্থে গিয়া ছই একখানি গৃহে অগ্নিসংযোগ করিল। তখন অগ্নির তাড়নায় সকলেই স্ব স্ব গৃহ রক্ষা করিবার জন্য সঞ্চিত জলরাশি বাহির করিল। তাহাদিগের গৃহদাহ দূর হইল, পথিকেরও তৃষ্ণা দূর হইল।

এইরূপে ভগবদ্বিরহে আর্ত জীব জগতের গৃহে গৃহে ফিরিয়া ভালবাসা বা আত্মদানের সন্ধান করে। আকুল ভাবে জগতের মুখের দিকে চাহিয়া দেখে, কে তার প্রাণের ভৃষণ নিবারণ করিতে সমর্থ। কিন্তু কোথাও বিন্দুমাত্র বারির সন্ধান পায় না। স্বার্থময় জীবসকলের কোন্ অজ্ঞাত হৃদয়-কোণে প্রেম পুরুষায়িত থাকে, জগতের লোক জানিয়াও তাহা বাহির করিবার চেষ্ঠা করে না। আর্ত্ত পথিক জগতের উপর ঘুণাপ্রকাশ করিয়া বৈরাগ্য অবলম্বন করে। লোকালয় পরিত্যাগ করিয়া বিরাগের নির্জ্জন অরণ্যে সাধক প্রবেশ করে। ভূমণ্ডলৈ মায়ার ক্ষেত্তে বুঝি এমন কেহ নাই, যে তাহার তৃষ্ণা দূর করিতে সমর্থ ! তাহার প্রাণ মরুবং, শৃক্তবং, অমাবস্থার ঘন অন্ধকারমাখা স্তব্ধ রজনীবং ভাবাপন্ন হইয়া পড়ে। বহিন্ত গং হইতে সূচনা করিয়া আপনার মন ইন্দ্রিয় পর্য্যন্ত সর্বত তাহার প্রাণ লোল দৃষ্টিতে চাহিয়া দেখিয়াছে, কেহ ত তাহার সে আকাজ্জার পরিতৃপ্তি মিলাইয়া দেয় না। তবে আর কেন; আর জীবনভার বহন করিব কেন-সুত্যু হয় হউক, এই ভাবে হৃদয়ের নিভ্ত, ভাবশৃগ্য, জনশৃগ্য প্রদেশে তাহার প্রাণ প্রবেশ করিতে থাকে। তখন সহসা সেইখানে গুরুর সাক্ষাৎ পায়। গুরু তাহার হৃদয়ে জ্ঞানাগ্নি প্রজ্ঞলিত করিয়া দেন এবং বলেন, যাও বংস! পুনরায় লোকালয়ে যাও, পাপপূর্ণ লোকালয়ে এই অগ্নি গৃহে গৃহে প্রজলিত कतिया पांछ। माधक (मर्टे महाशि महेया क्षणरा आहेरम, याशास्त्र स्पूर्ण करत, रमरे ষ্মায় হইয়া উঠে। সমাজের পর সমাজ-দেশের পর দেশ তাহার সেই

মহাগ্রি-স্পৃষ্ট হইয়া শেষ জগতে এক অপূর্বব ভগবদ্বিরক্তের অগ্নিক্ষেত্র ধৃ ধৃ করিয়া জলিয়া উঠে। প্রতি লোকস্থাদয় হইতে গুপ্ত প্রেমপ্রবাহ ছুটিয়া বাহির হইয়া সে অগ্নিপ্রবাহ নিবারণে সচেষ্ট হইয়া পড়ে। সাধক আপনি কৃতার্থ হয়, দহামান জনমণ্ডলীও কৃতার্থ হইতে থাকে। এই সব সাধকই সাধারণতঃ মহাপুরুষ ও অবতার বলিয়া প্রসিদ্ধি লাভ করেন। যুগে যুগে, কালে কালে, বিপ্লবের আবর্ত্তনের তালে তালে এইরূপে এক একজন মহাপুরুষ সাধারণ লোকসমষ্টির হৃদয় লইয়া, আপনার হৃদয়ের সহিত তাহা সংযুক্ত করিয়া শক্তির একথানি বিরাট্ আধাব প্রস্তুত করিয়া লয়েন এবং আপনার হৃদয়ের উচ্ছুসিত ভাবরাশি দিয়া সে আধার পূর্ণ করেন।

এইরপে সাধারণ জনমণ্ডলী সাধককে অনেক সময়ে রক্ষা করে। সাধকের ফুদয়ের ভাব জনসংঘের উপর চালিত করিয়া, সাধক ও জনমণ্ডলীর মঙ্গলের হুচনা মা করিয়া দেন। মঙ্গলময়ী সাধারণের দিকে মঙ্গলদৃষ্টিতে চাহিয়া সে সাধকেরও মহামঙ্গল সংসাধিত করিয়া থাকেন।

তক্রপ আবার কোন জনসংঘ যদি কাহারও অকীত্তি ঘোষণা করে, তাহ।

হইলে জনসংঘের সেই বিরুদ্ধ কার্য্যে সাধকের অবনতি ঘটিতে পারে। পূর্বের
বলিয়াছি, স্তান্তেব মত কীর্ত্তি আমাদিগকে ধরিয়া রাখে। সময়ে সময়ে
আমাদিগের প্রাণ করিতে না চাহিলেও কীর্ত্তির মুখ চাহিয়া আমরা সংকার্য্যা
করিয়া থাকি। সাধক প্রকৃতিগর্ত স্বধর্ম না করিলে সে কীর্ত্তিরূপ স্তম্ভ যেমন
ভ্রা হইয়া যায়, সঙ্গে সঙ্গে অকীর্ত্তিরাশে ভাহার শিরে গুরুভারবং সঞ্চাপ দিয়া
ভাহার নিয়মুখী গতি সূচিত করে। স্তম্ভ ভাঙ্গিয়া গেলেও লঘু তারা, স্তম্ভের
আশ্রয়শৃষ্য হইয়াও শৃর্থ অবস্থান করিতে পারে; কিন্তু ভাহাতে অষ্য কোন
গুরুভার দিলে সে যেমন আর স্বস্থানে থাকিতে পারে না, তত্রপ স্বধর্ম
পরিত্যাগে কীর্ত্তিরূপ স্তম্ভও ভাঙ্গিয়া যাইবে এবং অকীর্ত্তিরূপ ভার স্বন্ধে
আরোপিত হইয়া আমাদিগকে স্বস্থানে প্রতিষ্ঠিত থাকিতে দিবে না।

শুধু তাহা নহে। অকীর্ত্তি—কালিমা। কীর্ত্তি যেমন আমাদিপের মনোময় কোষের দীপ্তি, অকীর্ত্তি তদ্রেপ আমাদিপের মনোময় কোষের কালিমা। স্বধর্ম পরিত্যাগে মনোময় কোষের দীপ্তি মিলাইয়া যায়, ইহা পূর্ব্বে বলিয়াছি; কিন্তু তাহা অপেক্ষা উহাতে আরও অধিক অনিষ্ট সংসাধিত হয়। দীপ্তি চলিয়া গেল, যাক; কিন্তু তাহার উপর ঘোর অন্ধকার আসিয়া উপস্থিত হয়। সৃষ্ঠ্য অন্ত গেল,—যাক; সদ্ধার অম্পষ্ট আলোক থাকিবে, কিন্তু তাহা নহে—বোরতর অন্ধকার কোথা হইতে আদিয়া তাহাকে গ্রাস করিয়া ফেলে। মনোময় কোষের দীপ্তি গেল—যাক; কিন্তু সঙ্গে কোথা হইতে কালিমা আদিয়া উহা মলিন করিয়া দেয়। পঞ্চূতাত্মক দেহের ছায়া অন্ধকারদ্ধপে মনোময় ক্ষেত্রকে আর্ভ করে—ইহাই ভূতকথিত অকীর্ত্তিরাশি। স্বধর্ম পরিত্যাগে আমাদিগের দেহাভিমান ও ভৌতিক জগৎ, মনোময় ক্ষেত্রে সমধিক ছায়া প্রক্ষেপ করে—জগৎমায়া প্রবলতরভাবে হৃদয়ের উপর আধিপত্য করে। ইহাই সাধকের মরণ, অথবা মরণাপেক্ষাও অধিক অনিষ্টকারী।

তাহা হইলে মোটের উপর আমরা এই অবস্থাগুলি পাইলাম— ১। বছ কটে আমরা মনুষ্যকুলে জন্মলাভ করিয়াছি। ২। বছ কটে আমরা সাধক বা ক্ষত্রিয়ন্থ লাভ করিয়াছি। ৩। বছ কটে মাতৃমন্দিরের উন্মুক্ত দারের সন্মুখে আসিয়া উপন্থিত হইয়াছি। ৪। মাতৃঅনুসন্ধানই আমাদিনের প্রকৃতিগত ধর্ম হইয়াছে। ৫। আমাদিগকে এই উচ্চ অবস্থায় ধরিয়া রাধিবার জন্ম কীর্তি-স্তম্ভ নিম্নে অবস্থান করিতেছে; অথবা দীপ্তি মনোময় কোষকে কালিমার হাত হইতে রক্ষা করিতেছে। এখন যদি সেই প্রকৃতিগত ধর্মে বা মায়াহননে পরাল্ব্য হই, তাহা হইলে আমাদিগের সে স্তম্ভ ভগ্ন হইয়া যাইবে; অথবা মনোময় কোষের জ্যোতিঃ বিলুপ্ত হইয়া যাইবে, স্বতরাং পতন অনিবার্য্য। তাহার উপর অকীর্ত্তির ভার চাপিবে; অথবা ভূত-জগতের ছায়া মনোময় ক্ষেত্রকে অধিক কালিমাগ্রম্ভ করিবে। তাহাতে পতন আরও ক্রতের হইবে।

কিন্তু এ অবস্থা হইতে রক্ষা পাইবার আর এক উপায় থাকিতে পারিত। কোন জিনিষ স্তন্তের দারা উর্দ্ধে ধৃত হইলেও যদি অহা কোন উদ্ধৃতির স্থান হইতে বন্ধনের দারা সে অব্যটীকে আকৃষ্ঠ করিয়া রাখা যায়, তাহা হইলে নিম্নস্থ স্তন্তেটী ভাঙ্গিয়া গেলেও এবং অন্য কোন ভারের সঞ্চাপ সে অব্যের উপর প্রদত্ত হইলেও উহা উদ্ধিতর স্থলের সেই বন্ধনের দ্বারা স্বস্থানে প্রতিষ্ঠিত থাকিতে সমর্থ হইতে পারে। সাধকের এরূপ কি কোন বন্ধন নাই ? কীর্ত্তি বা দীন্তি নই হইলে এবং অকীর্ত্তি বা কালিমা হৃদয় অধিকার করিলে, সে অবস্থায় এমন কোন বন্ধন কি উন্ধলোক হইতে প্রস্তুত নাই, যাহা সাধক্কে স্বস্থানে ধরিয়া রাধে ?

ভগবান্ পরশ্লোকে বলিতেছেন—থাকে; কিন্তু এ অবীস্থায় অর্থাৎ স্বধর্ম পরিত্যাগে ভাহাও নষ্ট হইয়া যায়। হায় হায়! সাধক সর্বদিকে উপায়হীন হইয়া পড়ে।

> ভয়াদ্রণাত্বপরতং মংদ্যন্তে ছাং মহারথা:। যেষাঞ্চ ত্বং বহুমতো ভূত্বা যাদ্যদি লাঘবং॥ ৩৫

মহারথা: তাং ভয়াৎ রণাৎ (য়ৄদ্ধাৎ) উপরতং (নির্ত্তং) মংস্তান্তে (চিন্তয়িয়ব্যন্তি); যেষাং চ ছং বহুমতো ভূজা (পুন:) লাঘবং যাস্যসি।

ব্যবহারিক অর্থ।—ভীমাদি মহারথীরা, ভয়ে রণে নির্ত্ত হইয়াছ, এইরূপ ভোমায় ভাবিবেন। যাঁহাদিগের নিকট তুমি প্রশংসার্হ ছিলে, তাঁহাদিগের নিকট ভোমার লঘুৰ প্রতিপন্ন হইবে।

মৌগিক অর্থ।—শক্রর নিকট লঘুতা প্রকাশ হইলে শক্র প্রবল হইয়া উঠে।
মায়াহননে প্রবৃত্ত হইয়া আবার যদি তাহাতে নিবৃত্ত হও, তাহারা তাবিবে,
ভয়ে তুমি নিবৃত্ত হইতেছ। তুমি যে কৃপাপরবশ হইয়া যুদ্ধে বিরত হইতেছ—
তুমি যে তাহাদের হুংখে হুঃখিত হইয়া তাহাদের হননে নিবৃত্ত হইতেছ, এ কথা
তাহারা বুঝিবে না। তোমায় ভীত ভাবিয়া তাহারা আরও প্রবল হইয়া উঠিবে।
ভোমার সম্বন্ধে তাহাদিগের ধারণা অক্সরূপ হইবে।

কিন্তু এ শ্লোকের অন্য প্রকার অর্থ সঙ্গত বুঝিতে হইবে। "মহারথাং" অর্থে "ভীমাদি" বা "মায়া" না বুঝিয়া, "মহারথাং" অর্থে "সিদ্ধয়ং" বুঝিতে হইবে। সাধারণ জনমণ্ডলীর উপর সিদ্ধর্ষিদিগের দৃষ্টি সর্বক্ষণ থাকে। তাঁহারা জীবের বিরাট্ জীবনগতির দিকে চাহিয়া থাকিয়া, কণন্ ভাহারা অন্তদৃষ্টির উপযুক্ত হয়, সেই শুভ মুহুর্ত্তের অপেক্ষা করেন; এবং অবস্থান্থক্রমে যত দূর সাধ্য, তাঁহাদের সে মঙ্গল দৃষ্টি ভাহার উর্জমুখী গতির সাহায্য করিয়া থাকে। যে যত অগ্রগামী, ভাহার শিরে তাঁহাদিগের মঙ্গল আশীর্বাদ তত অধিক পরিমাণে বর্ষিত হয়। তাঁহাদিগের মঙ্গল কর হইতে অভয়ের অমৃতধারা ভাহাদিগের হৃদয়ের ভীতি বিদ্বিত করে। কিন্তু যদি আমরা অগ্রসর হইতে হইতে আবার পশ্চাৎপদ হইয়া পড়ি, যদি আবার সাধারণ জনসংযের ভিতর প্রবিষ্ট হ ইয়া পড়ি, যদি আবার সমগ্রী জীবপ্রবাহের সহিত মিশাইয়া যাই, ভাহা হইলে বিশিষ্টভাবে আর তাঁহাদিগের মঙ্গল আকর্ষণ আমাদিগকে আকৃষ্ট করিতে পারে না। অথবা

আর বিশেষভাবে জাঁহারা উর্দ্ধগতির সাহায্য করেন না। তাঁহারা বোঝেন যে, জীবের পশ্চাৎপদ হইবার কারণ ভীতি ছাড়া আর কিছুই নহে। একমাত্র ভীতিই জীবকে সাধারণ জনসংঘের গতি হইতে অগ্রগামী হইয়া যাইতে দেয় না। শুধু ভয়েই সাধক উঠিতে উঠিতে আবার পিছাইয়া পড়ে।

সাধক হয় ত ভাবিতে পারে, বস্তুতঃ সে ত ভয়ে পশ্চাৎপদ হইতেছে না— সে ত মায়ার ভয়ে ভীত হইয়া মায়াহননে নিবৃত্ত হইতেছে না; তবে জাঁহাদিগের এরপ ধারণা করিয়া লইবার কারণ কি ? মায়াকে কেন হনন করিব, মায়া-হননে বস্তুতঃ আমি কি লইয়া আমার "আমিদ্ব"কে রক্ষা করিব, আমার অক্তিদ কিলে প্রতিবিশ্বিত হইবে, এই চিস্তাতেই আমি নির্ত্ত হইতে চাহিতেছি; ভয়ে বা পারিব না বলিয়া ত নিবৃত্ত হইতেছি না, তবে তাঁহারা আমাকে ভীত ভাবিবেন কেন ? শক্তিমান তাঁহারা, আমি পশ্চাংপদ হইলেও আমার হৃদয়ের ভাব বুঝিয়া কেন তাঁহারা আমায় বিশেষভাবে আকর্ষণ করিবেন না ? ইহার উত্তর, তুমি যে কারণেই নিবৃত্ত হও না কেন, তাহার মূলে ভীতি আছে, ইহা তাঁহাদিগের তীক্ষ্ণ চক্ষে প্রতিফলিত হইয়া পড়ে। তুমি অরির শক্তির ভয়ে ভীত হইতেছ না, ইহা সত্য ; কিন্তু আপনার অস্তিত্ব হারাইবার ভয়ে ভীত হইয়াছ। তোমার আত্মপ্রতিষ্ঠা শুস্তবং, অমুভূতিহীন, বুঝি অস্তিম্বহীন অবস্থাবিশেষমাত্রে পর্য্যবদিত হইবে-এই ভয়ে আকুল হইয়াছ এবং সেই ভয় হইতেই মায়ার উপর-শক্তর উপর তোমার মায়া পডিয়াছে। তোমার নিজ স্বার্থনাশভয়ই <mark>তোমায় এইরূপ</mark> শক্রকে ভালবাসারপ পরার্থপরতায় উন্মুখী করিয়াছে। পূর্ণ স্বার্থপরতাই পূর্ণ নিঃস্বার্থতা: এইটা পরে বলিতেছি। স্বার্থরক্ষা সকলেই করিতে প্রয়ত্ত্ব করে ও করিয়া থাকে। সেজন্ম স্বার্থরক্ষাজনক এ সংগ্রামে তোমার দোষ নাই। वतः ইহাই সমাকভাবে বুঝিতে পারিলে একমাত্র ধর্ম বলিয়া বিবেচিত হইবে। কিন্তু তাই বলিয়া স্বার্থনাশের ভয়ে ভীত হইলে চলিবে না। ভয়ের নাম-গন্ধ থাকিলে চলিবে না—যে আকারেই হউক, অথবা যে ধরণেই হউক, ভয়ের স্পর্শমাত্র প্রাণকে কলুষিত করিলে চলিবে না। ভয় যে আকারেই আত্মক না কেন, বুঝিতে হইবে, উহা সন্দেহের গর্ভ হইতে সঞ্চাত—আমি যে নিভ্য চিরস্থায়ী অব্যয়, এ জ্ঞানের বিরোধী। এ জ্ঞানকে আগে পূর্ণভাবে স্বীকার করিয়া সওয়া চাই; পূর্ণভাবে বিশ্বাস করা চাই। ডার পর ইহা আপনা হইতে প্রতিপাদিত হইবে। তোমার প্রাণে যখন "মায়াহননে কেমন করিয়া অন্তিছ থাকিবে", এ

কথা একবার ফুটিয়াছে, তখন সে সিদ্ধর্ষিরা বৃঝিয়াছেন, আর্থার স্বরূপে তোমার সন্দেহ আছে; এবং সেই কারণেই তুমি মায়ার মায়ায় ছঃখিত বা কৃপাপরবশ হইয়াছ। তুমি বলিতেছ, আমি হত হই, সেও ভাল, তবু মায়া থাক্। এ কথা অতি উচ্চ। এ কথায় হয় ত ভয়ের লেশমাত্র নাই, এবং যথার্থ পরার্থপরতা বা যথার্থ স্বার্থপরতা, যথার্থ ভগবংভালবাসা প্রকাশ হয় ত হইয়াছে। ইহা অপেকা উচ্চ অবস্থা বৃঝি ছল'ভ, ইহা অত্যন্ত সত্য। কিন্তু ইহাতে তোমার তুমিষ ও মায়া, ইহাদিগকে এক চক্ষে পরিদর্শন করা হয় দাই। আপেনা অপেকা মায়াকে ভালবাসিয়া ফেলিয়াছ; মতরাং ইহা মাহ। যথার্থ পরার্থপরতা বা যথার্থ স্বার্থপরতা উভয় দিক্ ঠিক সমান করিয়া দেয়। কোন দিকে আকর্ষণের উচ্চ-নিম্নতা লক্ষিত হয় না। তোমাতে তাহা লক্ষিত হয় না। তোমাতে তাহা লক্ষিত হয় না। গুলয়া বল।—

যথার্থ স্বার্থপরতা ও পরার্থপরতা, ইহা একই জিনিষ। পরার্থপরতা অর্থে-সম্পূর্ণরূপে **স্বার্থপরতা। স্বার্থপ**রতা এ জগতের মন্ত্র—স্বার্থপরতা এ জগতের অতিত। আপনার উদ্দেশ্যে কৃত কর্ম সাধারণতঃ স্বার্থপরতার লক্ষণ, এবং আত্মের উদ্দেশ্যে কৃত কর্ম্ম পরার্থপরতার বাহ্যিক লক্ষণ। কিন্তু বিবেচনা করিয়া দেখিলে কি দেখিতে পাওয়া যায় ? কার্য্যের উদ্দীপক কারণ কি ? বস্তুতই ধ্বন অমরা পরত্বংথে কাতর হইয়া সহাত্মভূতি প্রকাশ করি, বিপর্যকে বিপদ হইতে উদ্ধার করিতে আপনার স্বার্থে জলাঞ্চলি দিই – নিঃস্হায়কে আপনার স্বার্থের অংশ দিয়া সহায়তা করি, তথন বাহাতঃ আমরা সেই বিপন্ন ও নিঃসহায়ের ছইয়া কার্য্য করিলেও আমরা কার্য্যতঃ তাহার মুখ চাহিয়া কার্য্য করি না। ঐ **পরার্থপর**তার কারণ আমার আনন্দ। আমি এরপ কার্য্য করিয়া আনন্দ পাই বলিয়া-এরপ কার্য্যে আমার চিত্তের সাধারণ গতি বলিয়া আমি না করিয়া থাকিতে পারি না। আমার প্রকৃতি ঐরপ কার্যো উমেষিতা হন বলিয়া পরার্থ-পরতা আমাতে বিকশিত হয়। আমার প্রকৃতি ঐরপ কার্য্য করিয়া আনন্দ পান বলিয়া আমার দ্বারা এরপে কার্য্য অনুষ্ঠিত হয়। সদানন্দমুখী প্রকৃতি ভির্মৃত্তিপাতে চাহিয়া অহর্নিশ ছুটিয়াছে। সে আনন্দ উল্লাসের গতিতে কখন স্বার্থময়ী-কথনও পরার্থময়ী সাজিতেছে। যথন যেখানে আনন্দোল্লাস, প্রকৃতি নিজ অবস্থা অনুযায়ী সেইখানে সেইরপ বেশ পরিবর্ত্তন করিতেছে। আপনার

প্রয়োজন মত আপীন সাজিতেছে—আপনার স্বার্থ আপনি পুরণ করিতেছে। প্রকৃতি আপনার মহা স্বার্থ লক্ষ্য করিয়া যুগে যুগে ছটিয়াছে। এ গতি ক্রমশঃ বিস্তৃতা—ক্রমশঃ ব্রহ্মাণ্ডব্যাপিনী—ক্রমশঃ ব্রহ্মগ্রাসিনী হইতেছে। সংকীর্ণ অবস্থায় ইহা জগৎচক্ষুতে স্বার্থপরতারূপে প্রতিফলিত; বিস্তীর্ণ অবস্থায় পরার্থ-পরতারূপে অভিহিত। প্রকৃতপক্ষে প্রকৃতি আপনার স্বার্থ কখনও ভূলে নাই— কখনও ভূলিবে না। দয়াবান্ দয়া করিয়া আনন্দ পান, তাই দয়া প্রকাশ করেন এবং জগতে দয়াময় বলিয়া প্রতিষ্ঠা লাভ করেন। ক্রুর ক্রতায় আনন্দ পায়, তাই তাহার দারা ক্রুরতার অনুষ্ঠান; পরহিতে আনন্দ পায় বলিয়াই পরহিতত্রতাচারীর পরহিত অমুষ্ঠেয়। হৃতরাং পরার্থপরতা কোথায় ? পরার্থপরতা বলিয়া জগতে যাহা অভিহিত, তাহা স্বার্থপরতার অক্সাবিশেষ মাত্র।

জগতের চক্ষে যেরপেই প্রতিফলিত হ'উক না কেন, উর্দ্ধলোক-সকলে আমাদিগের কার্যাসকল পূর্কোক্তরপেই বিশ্লেষিত হইয়া থাকে। কার্য্যের মূল অংশটুকুই উদ্ধিলোকে পরিদৃষ্ট ও আলোচিত হয়। স্বতরাং তুমি সাধক, তুমি যে আজ শক্রর ছ:থে ছঃখিত হইতেছ, মায়াকে হনন করিতে দয়াপরবশ হইতেছ, ইহা তোমার প্রকৃতিগত আনন্দবিশেষ মাত্র। ইহাতে ভোমার জগতে গৌরব থাকিলেও উদ্ধলোকে গৌরবের কিছই নাই। উদ্ধলোকে গৌরব ও নিন্দা বলিয়া কোন জিনিয় নাই। একমাত্র অভয়ই উদ্ধিলোকের কিরণ। যার হৃদয় যত ভয়শুন্ত, সে তত উদ্ধলোকের সমীপবর্ত্তী, অথবা যে যত উদ্ধলোকের সমীপবর্ত্তী, বুঝিতে হইবে, ভাহার হৃদয় তত অভয়কিরণে রঞ্জিত। ভূমি যখন আপনার অন্তিম হারাইবার আশঙ্কা করিয়াছ, মায়া ছাড়িলে কি লইয়া থাকিবে, এ কথা যথন তোমার প্রাণে উদয় হইয়াছে, তখন বুঝিতে হইবে, তুমি ভীত হইয়াছ বা ভোমার প্রকৃতিতে ভয়ের কালিমা রহিয়াছে। যথন তুমি বলিয়াছ,আমার অন্তিত্ব বিলুপ্ত হয় হউক, তবু যাহাদের দ্বারা আমি উপকৃত, তাহাদিগকে আমি হনন করিতে পারিব না—তখন তোমার প্রকৃতিতে সঙ্কীর্ণ আনন্দ হারাইবার ভীতিই অধিকতররপে প্রকটিত হইয়াছে। তোমার প্রকৃতি উর্দদিক্ হইতে ফিরাইয়া নিম্ন দিকে দৃষ্টি স্থাপিত করিয়াছে। তুমি অবিভার আনন্দকে ভালবাদিয়া ভাহার হননে 🗷 তিনিবৃত্ত হইতেছ না। তুমি মায়ার পূর্ব্ব উপকার স্মরণ করিয়া, সেই উপকারের ক্বডজ্ঞতা প্রকাশ করিতে গিয়া, অথবা সেই মায়ার কার্য্যের মোহে পড়িয়া তুমি ভাহাকে ভালবাসিতেছ, স্মুভরাং ভোমার প্রকৃতি কলুষিত। ঐ কলুষ ভয়ের লক্ষণ।

আসাদিগের প্রকৃতি সময়বিশেষে এমন অবস্থায় আসিয়া পাড়, যথন উদ্ধানির দিকে চাহিতে সে ভীতা ও সঙ্কৃচিতা হইয়া পড়ে; এবং শুধু তখনই এই প্রকারের মোহাচ্ছন্ন বিচারসকল হৃদয়ে সমুখিত হয়। আমরা বিচারের ভান করিয়া—পাণ্ডিত্যের ছল করিয়া সময়ে সময়ে এইরপে আপনাকে আপনি প্রবঞ্চিত করি। উহা আমরা নিজেরা বুঝিতে পারি না, কিন্তু উহার মূল কারণ যে ভয়, ইহা রঞ্জিত হইয়া পড়ে। স্থতরাং তুমি যে ভয়ে যুদ্ধে উপরত হইতেছ, ইহা সিদ্ধিদিগের চক্ষে প্রতিফলিত হইবে এবং তাঁহাদিগের অভয় দৃষ্টির পথ হইতে সাধারণ জনসংঘের ভিতর প্রবেশ করিয়া আপনি বঞ্চিত হইবে। তোমার প্রকৃতি এখনও তাঁহাদিগের সে অভয় কিরণে রঞ্জিত হইবার উপযুক্ত হয় নাই, এইরপই তাঁহাদিগের ধারণা হইবে।

পূর্ব্বে বলিয়াছি, আমাদিগকে উদ্ধে ধরিয়া রাখিবার স্তম্ভ ভাঙ্গিয়া গেলেও এবং আমাদিগের গুরুষ বাড়াইয়া দিয়া আমাদিগের নিম্নগতির পথ উন্মুক্ত করিয়া দিলেও যদি কোন শক্তি উদ্ধা হইতে আমাদিগকে উত্তোলিত করিয়া রাখে, তাহা হইলে আমাদিগের অধঃপতন না ঘটিতেও পারে—আমাদিগের স্বহানে আমরা অবহান করিতে পারি। কিন্তু হায়! স্বধর্ম ছাড়িলে আমরা চারি ধার হইতে সর্ববিপ্রকারে আক্রান্ত হইয়া পড়িব। আমাদিগের কীর্ত্তিরপ স্কন্ত ভাঙ্গিবে, অকীর্ত্তির গুরুষ আমার ভার বর্দ্ধিত করিবে, তাহার উপর সিদ্ধর্যিদিগের অভ্যুদৃষ্টির আকর্ষণ ছিন্ন হইয়া যাইবে; স্মৃতরাং আমার পতনের প্রশ্বরভা সহজেই অনুমিত হইতে পারে।

কিন্তু শুধু তাহা নহে, স্বধর্ম ছাড়িলে শুধু তোমার পতনের পথ এইরূপে স্বিস্তৃত হইরাই ক্ষান্ত হইবে না; পড়িয়াও যদি কোন গতিকে বাঁচ, এই আশক্ষায় যেন অধর্ম-রাক্ষসী তোমার ধ্বং সের আর একটি ব্যবস্থা করিয়া দিবে। সেটা নিম্নশ্লোকে ব্যক্ত।

অবাচ্যবাদাংশ্চ বহুন্ বদিঘ্যন্তি তবাহিতাঃ। নিন্দন্তস্তব সামৰ্থ্যং ততো ফুঃখতরং মু কিং॥ ৩৬

তব অহিতাঃ শত্রবঃ বহূন্ নানাপ্রকারান্ অবাচ্যবাদান্ বদিয়ন্তি; ততঃ ছঃখতরং সু কিং।

ব্যবহারিক অর্থ।—তোমার শক্ররা নানাপ্রকার অকথ্য বাক্য কহিতে থাকিবে। ভোমার সামর্থ্যের নিন্দা করিবে। ইহা অপেক্ষা কন্টদায়ক আরু কি আছে ?

যৌগিক অর্থ। 🗕 বাক্য কি 📍 নাক্য ভাবের অভিব্যক্তি । বাক্যশৃষ্ঠ ভাব ২ইতে পারে না। যেখানে ভাব, সেইখানেই বাক্য। এমন কোন বস্তু মামুষ জানে না, যে বিষয় সে ভাবিতে পারে, অথচ তৎসন্বন্ধে একটা বাক্যও তাহার জ্বানা নাই। কোন জিনিষ ভাবা অর্থে প্রাণের ভিতর অদ্বস্তুসংক্রাম্ভ বাক্যগুলি উদ্বোধিত হওয়া। কোন বস্তু ভাবিতেছি বলিলে এই বুঝায় যে, সেই বস্তু সম্বন্ধে কতক-গুলি শব্দ উদ্দীপ্ত করিতেছি। মনে কন, আমি একটী কাল পদার্থ ভাবিতেছি। হইতেছে কি ? আমার প্রাণে "কাল" এই ভাবটী ফুটিয়া উঠিতেছে ও সঙ্গে সঙ্গে আমার মন "কাল" এই বাক্যটি পাঠ করিতেছে। বাক্যই বাহির হইতে ভিতরে ভাব শইয়া আমে—বাকাই ভিতর হইতে ভাব বাহিরে চালিত করে। বাকা যদি না থাকিত, ভাষা যদি না থাকিত, জগং ভাবশৃত্য হইত, জগদনুভূতি লুপ্ত হইত—জগতে ভাব নিরাকার হইত। আমরা বাক্যের দ্বারা ভগবান্কে অবেষণ করি। মহয়ত-জগতের কাছে যেমন শিক্ষা করিয়াছি, জ্বগং আবহমান কাল হইতে যেমন ভাবের মূর্ত্তি বাক্যের আকারে গঠিত করিয়া রাখিয়াছে, আমরা তাহারই ভিতর দিয়া তাঁহাকে না খুঁজিয়া প্রথমতঃ থাকিতে পারি না; কেন না, আমরা মন্তুয়। যেমন কাপড়ে আপাদ-মস্তুক আরুত করিয়া বসিয়া উদ্ধে হাত বাড়াইলে একটা বস্তাবৃত হাত মাত্র পরিলক্ষিত হয়, তদ্ধেপ মনুষ্যুজ্গৎ ভাবে আবৃত থাকিয়া ভগবশাখী হয়: এবং ভাব-আবরণযুক্ত একটা উদ্ধগতি মাত্র পরিলক্ষিত হয়। বস্তুতঃ "নেতি নেতি"ও ভগবান নহে, "সোহহং" ও ভগবান मरह, "मिरवादर" ও আমার মায়ের স্বরূপ নহে। ব্রহ্মা, শিব, হরিও ভগবান্ নহে বা ভগবানের স্বরূপ নহে: ও সকলই আমাদের ভাবের স্বরূপ—আমাদের বাক্যের স্বরূপ। প্রত্যেক জিনিষ মাত্রেই, প্রত্যেক পদার্থমাত্রেই এই এক কথা। এক পদার্থ দেখিলাম এবং চিনিলাম, বস্তুতঃ কি সেই পদার্থটি আমার পরিজ্ঞাত হওয়া হইল ? তাহা নহে---আমার প্রাণে সেই বস্তু-সংক্রান্ত যত প্রকার ভাব ছিল, সেইগুলি প্রতিভাত হইল: সেইগুলি বিশেষ করিয়া দেখিতে দেখিতে তৎসম্বন্ধে আরও কতকগুলি অনুষ্ঠপূর্ব্ব জ্ঞান বা অজ্ঞাত ভাব প্রকটিত হইয়া উঠিবে; কিন্তু বস্তুতঃ তাহাতেই সে বস্তুর স্বরূপ জানা যায় না। আমাদের হৃদয়ের গুপ্ত অপ্রকাশিত ভাবসকল প্রকাশিত হইয়া পড়ে মাত্র। কোন বস্তু বিশেষ করিয়া দেখা, পরীক্ষা করা, ধ্যান করা অর্থে—আমার নিজের হৃদয়ের ভিতর দেখা, পরীক্ষা করা, ধ্যান করা। কোন বস্তুর গুণ অধেষণ করা অর্থে—

আমার হৃদয়ের গুণ অবেষণ করা। বস্তু এক হুজের ঝতীত কিছুই নহে।
সমস্তই সেই এক হুজের। আমার হৃদয়ও সেই এক হুজের। যেমন শুক্তিতে
বালুকণা নিক্ষিপ্ত হইলে, সেই শুক্তির শরীরের রদ নির্গত হইয়া মুক্তারূপে
ঘনীসূত হয়—যেমন আতসবাজীতে কণামাত্র অগ্রিসংযোগ করিলে অগ্রির
ভারকাপুশ্ব দলে দলে বিকশিত হইয়া উঠে; পূর্বের সেই শুক্তি বা সেই আতসবাজীতে সে মুক্তা সে ভারকাপুশ্ব ছিল অথচ ছিল না, হুইই বলা চলে—তক্ত্রপ
বাহ্ম জগতের কোন পদার্থ হৃদয়ে প্রতিঘাত করিলে আমারই হৃদয়ের সেই হুজের মনতা হইতে একটা ভাব ফুটিয়া উঠে এবং সঙ্গে সঙ্গে উহার উপয়ুক্ত
বাগ্লেহ রচনা করে। স্কৃতরাং বস্তুমাত্রেরই যথার্থ স্বরূপ হুজের্র—আমার সেই
ছুজের্রা মা। এইরূপ ক্রনও যেমন একটা ভাব, মুক্তিও তক্রপ একটা ভাববিশেষ মাত্র। সে কথা পরে বলিব।

যাহা হউক, বলিতেছিলাম, ভাবের দেহ বাক্য; বাক্য না হইলে ভাব নিরাকার হইয়া পড়ে –জগতের সমস্ত ভাবের ও কেল্রের তঙ্জন্য একটা শব্দবিশিষ্ট দেহ আছে—উহার নাম প্রণব। উহাই ভাব, উহাই ভাবের প্রাণ, উহাই ভাবের আধার, উহাই ভাবের আধেয়। এই মূল ভাব, এই শব্দ সর্ব্বত্র সর্ব্ব অণুতে, সর্ব্ব পরমাণুতে প্রাণস্বরূপে অধিষ্ঠিত; সর্ব্বত্র প্রতিফলিত হইবার জন্ম, সর্বত্ত অনুভূত হইবার জন্ম, সর্বত্ত গোচরীভূত হইবার জন্ম, সর্বত্ত সর্বতে ''এই যে আমি, এই যে আমি" বলিবার জন্ম সেহভাববিমুগ্ধা মা আমার প্রণব আকারে কেন্দ্র রচনা করিওছেন। বৃক্ষে পতে, পর্কতে নির্থরে, চল্ডে কুম্বমে সূর্য্যে, সাগরে বায়ুতে প্রাণে, সর্ব্বে—সর্ববস্তুলে, মা আমার "এই যে আমি, "এই যে আমি" বলিয়া আত্ম অস্তিত্ব ঘোষণা করিতেছেন। যে মাকে আমার অবেষণ করিতেছে, তাহাকেও বলিতেছেন - "এই যে আমি": যে অবেষণ করে নাই—যদি এমন কিছু থাকা সম্ভব হয়, তবে তাহাকেও বলিতেছেন, "এই যে আমি, এই যে আমি।" "এই যে আমি"ই মায়ের আমার ভাষা -- মায়ের আমার ভাব; মায়ের আমার আখাসবাণী—প্রণব। আমার জ্ঞানে শুধু নহে, আমার সর্বাঙ্গে—তোমার প্রাণে শুধু নহে, তোমার সর্বাঙ্গে—রক্ত, রস, মাংস, মেদ, অস্থি, মজ্জা, স্নায়ু, প্রাণ, ভাব, সর্বত্ত এই শব্দ-এই আশাসবাণী বিঘোষিত। তোমার বুঝা উচিত, তোমারই দেহের প্রত্যেক পরমাণু এক একটা জীব। তাহাদের প্রত্যেকের ভিতর এই মহা মাতৃ-অন্তিম্ব নিনাদিত!

কোটি কোটি প্রাণ, কোটি কোটি জীব তোমারই অভ্যস্তরে রহিয়াছে, এই মহামন্ত্র কোটি কোটি ডন্ত্রীতে তোমার বাজিতেছে। এই সকল জীবপুঞ্চ তাহাদের অজ্ঞাতভাবে এই মহা অস্তিজের স্থরে স্থর মিলাইতে চলিয়াছে। তুমি এইরপ একটা জীবসমন্তি মাত্র। আবার তোমার মত কোটি কোটি সমন্তিও অজ্ঞাতভাবে সেই স্থরের তালে ছলিতে ছলিতে সেই মুখে চলিয়াছে; মহাসমন্তি, মহাসংঘ মাতৃমুখে ধাবিত হইতেছে। ইহাই জীবের অবস্থান পরিপোষণ। এই জন্তই জীবের অস্তিজ, জগতের অস্তিজ—ব্দ্র্যাণ্ডের অস্তিজ। মা একমুখে আমাদিগকে ডাকিতেছেন না—মায়ের যেন আপাদ-মন্তক আমাদিগকে ডাকিতেছেন ইহাই যথার্থ বাক্য।

এই বাক্য আমাদের সংস্থারে অহর্নিশ প্রতিঘাত পাইয়া নানাক্রপের শব্দ-তরঙ্গ বা ভাবতরঙ্গ রচনা করিতেছে; নানা আকার পরিগ্রহণ করিতেছে—নানা ভাব রচিত করিয়া নানা দিকে পরিচালিত করিতেছে। সর্ব্বপ্রথম যখন এই শব্দ ভাবাকারে আমুরা শুনিতে পাইয়াছিলাম অর্থাৎ যুখন সর্বপ্রথম আমাদের জীব-ভাব উলেষিত হইয়াছিল, তখন হইতে শুধু এই কেন্দ্রের দিক্নির্ণয় করিতেছি ও সেই দিকে চলিতেছি। শিশুদিগের একটি অবস্থায় আমরা দেখিতে পাই. তাহাদের আমরা আদর করিয়া ডাকিলেও, উচ্চ শব্দে আদর করিলেও তাহারা আমাদের দিকে চাহিতে পারে না, অথচ চারি ধারে মুখখানি ফিরায়; শব্দ তাহার কাণে যাইতেছে, কিন্তু কোন দিক হইতে আসিতেছে, বুঝিতে পারেনা। শিশুকে কোন জিনিয় ধরিবার জন্ম তাহার সম্মুখে ধরিলে, সে কুজ করদ্বয় প্রসারিত করিয়া ধরিতে উছ্যোগ করে, কণ্টে কম্পিত করদ্বয় দ্রব্যাভিমুখে আসিতে থাকে—কিন্তু হাত তুইখানি দ্রব্য হইতে বছ তফাতে বদ্ধ হইয়া শায়— खवाणीत निकर वारम ना। किन अपन रय १ लका चित्र रय नारे विषया। সেইরূপ ব্রিও, আমাদের জীবভাব উন্মেষের অর্থে—আমরা সেই মহা আহ্বান-শব্দ অস্পষ্ট ভাবে—বেম্মুরা, বেভাল, বিকৃতভাবাপন্ন ভাবে শুনিতেছি, এবং কোন দিক হইতে আসিতেছে, তাহার কল্পনা করিয়া কাণ বাড়াইতেছি, কিন্তু নানা দিকে কার্যাতঃ আমরা ধাবিত হইতেছি। ক্রমশঃ যত লক্ষ্য স্থির হইয়া আসে. ততই আমরা নানাথ ছাড়িতে ছাড়িতে একছের দিকে যাইতে থাকি। যখন মন্থ্য হইয়াছি, তখন বুঝিতে হইবে, আমাদের লক্ষা অনেক স্থির; এবং নানাছ আমাদের প্রায় ঘূচিয়। আসিয়াছে। এইরূপে লক্ষ্যমুখী হওয়াই প্রাকৃতিক

ধর্ম ও স্বধর্ম। কিন্তু প্রায় হইলেও সম্পূর্ণরূপে হয় নাই । তবে আমরা এমন কোত্রে বা এমন কুলে আসিয়া পড়িয়াছি, যেখানে সেই লক্ষ্য বস্তু লক্ষ্য ও করতলগত হইবে। স্বধর্ম আমাদিগকে বহুপূর্বাকাজ্ঞিত সেই লক্ষ্যে আনিয়া পৌছাইয়া দিবে। কিন্তু যদি এখন স্বধর্ম উপেক্ষা করি—এত নিকটবর্তী হইয়া যদি এখন আবার নানামুখী গতি ধরি, তাহা হইলে কার্য্যতঃ হইবে কি ? পূর্বেব বিদ্য়াছি, আবার নানাপ্রকারে সেই মহানুদ্দ বেন্দ্রা হইয়া যাইবে; অর্থাৎ বাক্য অবাক্যে পরিণত হইবে।

যেমন স্কুর লক্ষ্য করিয়া বাছ্যযন্ত্র নির্মিত হয় এবং সে বাছ্যযন্ত্রে আঘাত করিলে সে শব্দের বাহ্যিক আকার যাহাই হউক না কেন, গভীর হউক অথবা তীক্ষ হউক – গম্ভীর হউক অথবা মৃত্ হউক — বিচ্ছেদযুক্ত হউক অথবা অবিরাম হউক—বীণার মত হউক অথবা মৃদক্ষের মত হউক, কিন্তু একই স্থ্রমাত্র যেমন তাহাতে ধ্বনিত হয়, তক্ষপ জীব বা আমরা যে ভাবেই থাকি না কেন—যে ভাবেই ব্রহ্মাণ্ডে বিচরণ করি না কেন, একই হুর আমাদিগের ভিতর ধ্বনিত। যথন বেস্থুরা বাজে, তখন এ কথা বলা যায় না যে, তাহার ভিতর সুর নাই, তদ্রূপ আমরা যতই বেহুরা হই, হুর অহর্নিশ আমাদিগের ভিতর বাজিতেছে। যত আমরা বাহ্মণতের দিকে অগ্রসর হইতে থাকি, তত যেন ঐ বেহুরা ভাব ভিরো-হিত হইতে থাকে, এবং ততই স্থুর শ্রুত হইতে থাকে। বাহ্মণয় লাভ হইলে এ মহাস্তুর বা মহাবাক্য আমাদিণের জীবভাবাপয় দেহে অহর্নিশ শ্রুত হইঙে থাকে। অধর্ম আমাদিগকে সেই ব্রাহ্মণতের দিকে লইয়া চলিয়াছে: মুকরাং সেই স্বধর্ম প্রতিপালনে বিমুখ হইলে, অর্থাৎ আবার জীবভাবরূপ বাছ্যযন্ত্রকে বেমুরা করিয়া বাঁধিলে সেই মহাত্মর বেত্মরা হইয়া বাজিবে—সে মহাবাক্য অবাক্যে পরিণত হইবে। এই জম্ম ভগবান আদিশ্লোকে বলিলেন, সে মায়া অবাচ্যবাদ কহিতে থাকিবে।

স্থাপরিত্যাগের সর্বাপেক্ষা গুরুতর অনিষ্ট ইহাই। এই মহাবাক্যের স্বের দিকে লক্ষ্য করিয়াই আমরা অগ্রসর হইতেছি। ব্রহ্মাণ্ডের নানারপ শব্দ শুনিয়া শুনিয়া সে শব্দ শুনিবার অধিকারী হইয়াছি। ব্রহ্মাণ্ডের বিচিত্র ভাব-বাহী বাক্য বা শব্দসকল জন্মজন্মান্তর ধরিয়া শুনিয়া, শেষ এই মহাবাক্য শুনিবার উপযুক্ত ভাবে এই মনুষ্যদেহরূপ যন্ত্র প্রস্তুত করিয়া লইয়াছি। এইবার সেই মহাবাক্য শুনিব। শিশু বেষন মারের মুখের "মা" আহ্বান শুনিয়া মাকে

''মা'' বলিতে শিক্ষা করে, তজ্ঞপ এত দিনের পর মায়ের সেই স্বেহময় আহ্বান শুনিয়া, তবে তাঁহাকে সেইরূপে আহ্বান করিতে শিক্ষা করিব। কিন্তু আবার এখন যদি প্রবণ-যন্ত্র অমুপযুক্ত হইয়া পড়ে, তবে জগতের শব্দকোলা-হলের অসার গর্জন ছাড়া আর কিছু শুনিতে পাইব না-মাতৃ-আহ্বান কাণে পৌছিবে না—মাকে 'মা' বলিতে শিক্ষা করিব না। আমাদিগের যে নিজের শিখিবার কোন শক্তি নাই। মা ছগ্ধ দিয়াঁ পুষ্ট করিয়া তুলিতেছেন। মায়েরই ত্রগ্ধ পান করিয়া এবণযন্ত্র শব্দপ্রবণোপযোগী হইডেছে। আবার মাই 'মা' বলিয়া ডাকিয়া আমাদিগকে মা বলিয়া ডাকিতে শিক্ষা দিতেছেন। তাঁহাকে কি বলিয়া ডাকিতে হয়, তাহা ত আমরা জানি না—কি বলিয়া তাঁহাকে ডাকিলে তাঁহার প্রাণের আকাজ্ফা পূর্ণ হইবে, তাহা ত আমরা বলিতে পারি না-কোন্ সম্ভাষণে তাঁহাকে সম্ভাষণ করিলে তাঁহার (আমার ?) প্রাণের আকুল পিপাসা নিবারিত হুইবে, ভাহা যে আমরা এখনও শিখি নাই। যদি সে মন্ত্র শিথিতে চাও--যদি তাঁর সে আকুলতা বিদূরিত করিতে চাও, তবে ডোমার মুখের দিকে চাহিয়া—তুমি যখন যে দিকে মুখ ফিরাইতেছ, সেই দিকে তথনই দাঁড়াইয়া— তোমাকে কি বলিয়া ডাকিতেছেন শুন! এ বিরাট ব্রক্ষাণ্ডের তুমি যথন যে দিকে মুখ ফিরাইতেছ, চন্দ্র সূর্য্য পৃথিবী, যে দিকে যাহা অমুভব করিতেছ, সে অমু-ভূতির ভিতর হইতে কি বলিয়া তিনি ডাকিতেছেন, শুনিবার জ্বন্স কাণ বাড়াইয়া দাও। তুমি সে মহা আহ্বান শুনিবার জন্ম অধীর হইয়া থাক। ছাড়িলেই—অধীরতা কমিলেই জগতের ভাবহীন কোলাহলের ঝল্লারমাত্র. যাহা আবহুমান কাল শুনিয়া আসিতেছ, তাহাই শুনিবে। সে মহা আহ্বান শুনিতে পাইবে না-সে মহা আহ্বান শিক্ষা করিতে পারিবে না-মাকে মা বলিয়া ডাকিতে শিখিবে না। মায়ার মোহের অবাক্যই শুনিতে পাইবে। সে অবাকাসকল আরও বর্দ্ধিত হইবে—আরও বহুরূপে ঘোষিত হইতে থাকিবে।

অর্থাৎ মনুষ্য জীবন পাইয়াছ,—মনুষ্যোচিত জ্ঞান পাইয়াছ; কিন্তু তাহার ভিতর যদি ভগবানের জন্ম অধীরতারূপ স্বধর্ম না থাকে, তাহা হইলে সে জ্ঞানরাশি তোমার চক্ষে অন্ধকার আরও বাড়াইয়া দিবে, তোমাকে নান্তিকতার দিকে ছুটাইয়া লইয়া যাইবে। যত প্রকারের অবাচাবাদ শুনিতেছিলে, তাহা অপেক্ষা বহুতর পরিমাণে শুনিতে পাইবে মাত্র। মায়ার কুল্মাটিকা আরও ঘোরতর হুইবে—আরও ছুর্ভেম্ম বিলয়া প্রতীয়মান হুইবে।

বস্তুতঃ যে সমস্ত জ্ঞান লাভ করিয়াছ, তাহার ভিতর এ অধীরতা না থাকিলে উহা জ্ঞালমাত্র বৃঝিও, এই জ্ফুই এই শ্লোকে "বহুন্ বদিষান্তি" কথাটা ব্যবহৃত হইয়াছে।

শ্বধর্ম পরিত্যাগ করিয়া মায়াহননে নিবৃত্ত হইলে যে যে প্রকারে তোমার অনিষ্ট সাধন হইবে, তাহা বলিলাম। স্থতরাং তোমার যদি আত্মসঙ্গলে যথার্থ দৃষ্টি পড়িয়া থাকে, তবে যুদ্ধে অগ্রসর হওয়া যে একান্ত কর্ত্তব্য, ইহা স্পষ্ট বুঝিতে পারিভেছ। এ যুদ্ধের ফলও অমোঘ, শুধু যুদ্ধে জয়ী হইলেই যে তোমার মঙ্গল হইবে, তাহা নহে; যুদ্ধে অগ্রসর হইলেই ফল প্রাপ্ত হইবে। পরশ্লোকে ইহাই বলিভেছেন।

হতো বা প্রাপ্স্থাদি স্বর্গং ঞ্জিত্বা বা ভোক্ষ্যদে মহীং। তত্মাত্রতিষ্ঠ কৌন্তেয় যুদ্ধার কৃতনিশ্চয়ঃ॥ ৩৭

হতঃ বা স্বৰ্গং প্ৰাপ্সসি, জিলা বা মহীং ভোক্ষাসে; কৌন্তেয়, তন্মাৎ যুদ্ধায় কুতনিশ্চয়ঃ সন্ উত্তিষ্ঠ।

ব্যবহারিক অর্থ।—যুদ্ধে যদি হত হও, স্বর্গ লাভ করিবে, যদি জয়ী হও, পৃথিবী ভোগ করিবে। সেই জন্ম বলিতেছি, কৌন্তেয়, যুদ্ধে কৃতনিশ্চয় হইয়া উথিত হও।

যৌগিক অর্থ।—সংধর্ম পরিত্যাগে কিরপে আমাদিগের ধ্বংস ঘটিতে পারে, ভাহা বৃথাইবার পর স্বধর্ম গ্রহণে কি ভাবে আমাদিগের মঙ্গল ঘটে, তাহাই ভগবান্ বৃথাইতেছেন। স্বধর্ম পরিত্যাগে আমরা আশ্রয়বিচ্যুত হই—আমাদিগের আসন ভাঙ্গিয়া যায়—আমাদিগের নিম্নগি প্রবেশতর করিবার জন্ম স্বন্ধে অকীর্ত্তির ভার আরোপিত হয়—আমাদিগেক উর্দ্ধ হইতে যে আকর্ষণী শক্তি ধরিয়া রাখিতে সমর্থ, তাহা হইতে আমরা বঞ্চিত হই; এবং ভাহার উপর নিম্নে অভল-তলে নিক্ষিপ্ত হইলেও যদি জীবিত থাকি, এই আশস্কায় যেন কোন অহ্বর আমাদিগের মহাবাক্য অবাক্যে পরিণত করিয়া, আমাদিগের সংস্কারদেহটীকে কীট্জীর্ণ করিয়া দেয়। পড়িবামাত্র যাহাতে বিচ্পিত হইয়া যাই, যেন ভক্রপ ব্যবস্থা করিতে ভাহারা কৃতসংকল্প, ইহা পুর্বে বিশদভাবে বৃথাইয়াছি। ভার পর শুধু সেই স্বধর্ম পূর্ণভাবে করিতে না পারিলেও আমাদিগের মহামঙ্গল অফুন্তিভ হয়। করিতে পার বা না পার, করিবার জন্ম উন্মুখী হইলেও উহা মহা-

মঙ্গলপ্রদ, ইহাই এই শ্লোকটীর তাৎপর্যা। এই শ্লোকে প্রথম এইটি লক্ষিত হয়—ভগবান্ বলিভেছেন, এ যুদ্ধে হত হইলেই স্বর্গপ্রাপ্তি হইবে, জয়লাভ করিলে মহী সম্ভোগ করিবে।

সাধারণ ভাবে দেখিতে গেলে দেখিতে পাই, যেন হত হইলে অধিকতর লাভ। কেন না, ভগবান্ বলিতেছেন, হত হইলে অর্গপ্রাপ্তি ঘটিবে, এবং বিজয় লাভ করিলে পৃথিবী ভোগ হইবে। কিন্তু বস্তুতঃ তাহা নহে; হত হইলে অর্গপ্রাপ্তি হইবে, সমগ্র স্বর্গ ভোগ হইবে না বা সমগ্র স্বর্গের উপর আধিপত্য স্থাপিত হইবে না। কিন্তু বিজয়ী হইলে সমগ্র মহীর উপর আধিপত্য লাভ হইবে, সমগ্র মহী সম্ভোগে আসিবে। উভয়ের মধ্যে এই প্রভেদ।

মনকে জয় করিতে গেলে, অথবা মনোময় কোণের উপর আধিপত্য বিস্তার করিতে হইলে যেরূপ সাধনার প্রয়োজন হয়—যেরূপ ভাবে মাতৃ-অম্বেষণের প্রবল তৃষ্ণা প্রাণের ভিতর ফুটাইয়া তুলিতে হয়—জ্ঞানের বিজলী আলোককে উপেক্ষা করিয়া, অন্ধকারের ভিতর দিয়া, নির্জ্জনতার ভিতর দিয়া, জগৎ চিরিয়া যেমন করিয়া "মা মা" করিয়া ছুটিতে হয়, তেমন করিয়া ছুটিতে গিয়া যদি কেহ বিফলমনোর্থ হয়—যদি কেহ স্থলিতচর্ণ হয়, তাহা হইলে ভাবিও না, তাহার সে উভ্তম ব্যর্থ হইয়াছে। একবার 'মা' নাম যাহার কঠে ধ্বনিত হইয়াছে—এক মুহুর্ত্তও যার প্রাণ "মা" খুঁজিতে জগৎ ভেদ করিয়া চক্ষুং বাড়াইয়া দিয়াছে, নিত্য সাধনা নহে, শুধু একবার - এক নিমেয মাত্র যার প্রাণ মাতৃঅভাবের বৃশ্চিক-দংশন বুকে সহা করিয়াছে, বুঝিও—ভাহার জন্ম ধর্মের দার উন্মুক্ত। আমাদিগের ব্যষ্টি দেহে যেমন মন বা মনোময় কোষ, বিরাটের সমষ্টিদেহে স্বর্গই তক্ষপ মনোময় কোষ। মনোজয়ে, মাতৃঅৱেষণে বা আজু প্রতিষ্ঠার জন্ম মনের উপর আধিপতা বিস্তার করিতে গিয়া যদি কেহ ভগ্ন-মনোর্থ হয়, তাহা হইলেও বিরাটের মনোময় কোষে সে আশ্রয় পাইবে। অর্থাৎ দেহাস্তে বা সাধনার মাত্রানুসারে এই দেহে থাকিয়াই সে অন্তর্জগতের ছবি দেখিতে পাইবে। সময়ে সময়ে সাধকেরা দেবলোকস্থ দৃশ্যসকল প্রচ্ছন্দে দর্শন করিতে পারেন— ভবিম্যতের অথবা মৃত আত্মা ও মুক্ত বা সিদ্ধ পুরুষদিণের ঘটনাবলী তাহাদিগের চক্ষে প্রতিফলিত হইয়া উঠে, ইচা বোধ হয়, সকলেই জ্ঞানেন। ইহার কারণ আর কিছুই নহে, এ মনোবিজয়ে আংশিক চেষ্টাই ইহার রহস্ত। সাধকদিগের এরপ ঘটনা দেখিয়া অনেকে বিশ্মিত হইয়া থাকেন; কিন্তু কার্য্যতঃ ইহাতে বিদ্দয়ের কিছুই নাই। সাধারণ জগতের লোকচক্ষু জগতেঁর অতি অল্লাংশনাত্র দেখিতে শুনিতে পায়। সাধারণ ইন্দ্রিয় লইয়া—সাধারণ জ্ঞান লইয়া যাহা আমরা অন্থভব করিতে ও শিখিতে সক্ষম হই, বৃঝিও—তাহা সম্বামধ্যে এক বিন্দু বারির মত। সাধারণ মনুয়োর অধিকার ইহাই। কিন্তু যে "মা" বলিতে আরম্ভ করিয়াছে, তাহার ইন্দ্রিয়সকলের কার্যাক্ষেত্র, শিক্ষাক্ষেত্র দৃর ইতে দূরতর দেশ পর্যান্ত বিস্তৃত হইয়াছে। একটা মাত্র মাতৃআহ্বান—একটিনাত্র 'মা' নামের তেউ ব্রহ্মাণ্ডের কত দূর অবধি যে তরঙ্গিত করিয়া তুলে, তাহা সাধারণ লোকের জ্ঞানাতীত। মাতৃনামের তরঙ্গ একটা উথিত হইলে, রাজাকে যেমন সম্ভ্রমে লোকে পথ ছাড়িয়া দেয়, তেমনই ভাবে পঞ্চ ভূত হইতে আরম্ভ করিয়া দেবতা অবধি সমন্ত্রমৈ সরিয়া দাড়াইয়া, সে তরঙ্গকে পথ উন্মুক্ত করিয়া দেয়—ব্রন্ধাণ্ডের অন্তন্তলে প্রবেশ করিবার জন্ম অবনতমন্তকে সে তরঙ্গের সম্মুথ হইতে সরিয়া দাড়ায়। আহ্বানকারীর হৃদয়ে ব্রক্ষাণ্ডের দৃশ্যসকল তাই ফুটিয়া উঠিতে থাকে। ইহাই বিরাটের মনোময় কোষে স্থানলাভ।

পূর্ব্বে বলিয়াছি, এ অবস্থা সাধনা বা সংগ্রাম আরম্ভের সঙ্গে সঙ্গেই হইতে থাকে। জয় করিতে না পারিলেও এবং জয় করিতে গিয়া পশ্চাৎপদ হইলেও ইহার আংশিক আভাস পাওয়া যায়। মনোজয়েয় অসমর্থ হইলেও এরূপ স্বর্গপ্রাপ্তি—এরূপ অপূর্ব্ব অনুভৃতি তোমার অধিকারে আসিবে। যদি এত দ্রও না হয়, জীবিতাবস্থাতে এরূপ অনুভৃতি হইবার পূর্ব্বে যদি তোমার দেহত্যাগ হয়, তাহা হইলেও দেহাস্তে বিরাটের মনোময় কোষে বা স্বর্গলোকে উপস্থিত হইয়া এইরূপ দর্শনাদি করিতে পাইবে। এ জগতে যেমন আপন অস্তিম্ব অমুভব করয় তেমনই ভাবে বা তাহা অপেক্ষা অধিক ঘনীভৃত ভাবে অস্তিম্ব অনুভ্তিসকল পাইতে থাকিবে। পূর্বের্ব বলিয়াছি, মৃত্যুর পর মমুস্থামাত্রেই স্বর্গলোকে যায়। সাধারণ মন্থা সেখানে যাহা দর্শনাদি করে, তাহা স্থগবেং। অতি নিকৃষ্ট ব্যক্তি স্বন্ধ অপেক্ষাও মলিনভাবে অথবা অজ্ঞানাবস্থায় স্বর্গলোক ভেদ করিয়া যায়। সাধ্দিগেব জ্ঞান স্বর্গলোক এই দেহের মত প্রবল্ধ অথবা তাহা অপেক্ষাও প্রবল্ভরভাবে প্রকৃটিত থাকে। এমন কি, স্ক্রাদপি স্ক্র বিজ্ঞানময় কোষ অবধি তাঁহাদিগের অমুভৃতি অটুট থাকে।

আর যদি মনোবিজয়ে সমর্থ হও, তাহা হইলে এ স্থল জগৎ তোমার সম্ভোগে

আসিবে—সম্পূর্ণরূপে তুমি এই পঞ্ভূতাত্মক জগংকে সম্ভোগ করিতে সমর্থ হইবে। সাধারণ মনুয়া যে ভাবে জ্বগৎ ভোগ করে, ইহা উপভোগ মাতা। শিশুকে যেমন মা ত্রগ্ধ পান করান বা আপনার রুচি অমুযায়ী আহার্য্য দেন, তেমনই ভাবে তোমরা জগং ভোগ করিতেছ মাত্র। তোমরা যখন যাহা ইচ্ছা কর, তখন তাহা পাও না। অশেষ প্রকার চেষ্টা করিয়া তবে তোমাকে জগতে একট। পদার্থ তৈয়ারী করিয়া বা সংগ্রহ করিয়া লইতে হয়। অনন্ত অধ্যবসায় —অনস্ত যত্ন—অনস্ত পরিশ্রমেও তোমার হৃদয়ের সকল আশা ইহ জগতে সফল হয় না। যেন কে ভিতর হইতে ভোমার যেটুকু মাত্র প্রাপ্য, সেইটুকু-মাত্র দিতেছে, এইরূপ ভাবে জ্বগদ্যোগকে তোমরা দেখিয়া থাক। একটা পুষ্পের আবশ্যক হইলে বুক্ষের নিকট ভিক্ষা করিতে হয়—একটু পানীয়ের আবশ্যক হইলে স্রোতশ্বতীর নিকট ধার করিতে হয় – কুধাতুর হইলে প্রকৃতির অন্নভাণ্ডার কাহার গৃহে সঞ্চিত হইয়াছে, সেইখানে প্রার্থনা করিতে হয়। সহস্র সহস্র অভাবে অহর্নিশ প্রপীড়িত হইয়া রহিয়াছ—সহস্র অভাবের একটা হয় ত পুরণ হইতেছে, বাকি সমস্ত প্রাণে অতৃপ্তির অগ্নিশিখা জালিয়া দিতেছে— অভাবের পীড়নে তুমি অহর্নিশ পীড়িত—জগৎ অভাবময় বলিয়া ডোমার চক্ষে প্রতি-ফলিত-অভাবের তাড়নায় তুমি জর্জরিত। কিন্তু যদি মনোবিজয়ে সমর্থ হও, তাহা হইলে এই স্থল জগৎ পূর্ণভাবে তোমার অধিকারে আসিবে। চেষ্টা, যতু, অধাবসায়, এ সকলের সাহায্য তোমায় লইতে হইবে না। তোমার ইচ্ছামাত্তে — তোমার সঙ্কল্পমাত্রে সিদ্ধি ছুটিয়া আসিবে। অমাবস্থায় তুমি চম্দ্র দেখাইতে সক্ষম হইবে—মৃত তরুতে তুমি ফুল ফুটাইতে সক্ষম হইবে। তোমার ইচ্ছামাত্তে রাজার ভাণ্ডার তোমার সম্মুখে আসিয়া উপস্থিত হইবে—তোমার স্পর্শমাত্তে পথের ধূলি আহার্য্যে পরিণত হইবে—মৃত মহয়া সঞ্জীবিত হইয়া উঠিবে। বিরাটের পঞ্চ ভূত হইতে তোমার ইচ্ছামাত্রে তোমার অভীষ্ট দ্রব্য নির্শ্বিত ছইবে। স্থান কালের ব্যবধান তোমার নিকট হইতে দূরে পলাইবে। তুমি একই মুহুর্ত্তে পৃথিবীর উভয় প্রান্তে ইচ্ছা করিলে বর্ত্তমান থাকিতে পারিবে— মুহূর্ত্ত মধ্যে পৃথিবীর এক প্রান্ত হইতে অন্থ প্রান্ত বিচরণ করিতে পারিবে—সঙ্কল্পমাত্রে এক স্থানে অদৃশ্য হইয়া অস্থ্য স্থানে লোকচক্ষে প্রতিভাত হইবে ।

এমন কত বলিব—মনোবিজ্ঞয়ের ফল কত বলিব। সাধুদিগের অলৌকিক

কার্য্যাবলী দেখিলে ইহার কথঞিং আভাস পাওয়া যায় সাত্র। ইহার নাম মহীভোগ বা স্থুল জগৎ সম্ভোগ।

মোট কথা, মনোবিজয় করিতে গিয়া হত বা পরাভূত হইলেও দেবলোকসকলের সন্ধান ইহ জগতে থাকিয়াই পাওয়া যায়। এবং দেহত্যাগে সেই সমস্ত লোকে অবস্থান ও দর্শনাদি করিবার শক্তি জন্মে। সিদ্ধর্ষিলোকের মহাপুরুষদিগেরও কুপাদৃষ্টির সন্ধান পাওয়া যায়। এবং মনোবিজয় হইলে সেরপ শক্তি ভ লাভ হয়ই, তাহার উপর এই পঞ্ভূতাত্মক জগতের উপরে পূর্বোল্লিখিত আধিপত্য জন্মায়। স্মৃতরাং এ সংগ্রামের সূচনা হইতে শেষ অবধি সর্বাবস্থাতেই অপূর্বে লাভ।

বিরাট্ জগতের উপর এইরপ আধিপত্য বিস্তার সাধনার যেমন একটা ফল, তদ্রেপ আপনার ক্ষুত্র দেহ-ব্রহ্মাণ্ডের উপর আধিপত্য লাভ ইহার অক্সতম ফল। সাধনার স্টুচনা করিয়া যদি কেহ বিজয়ী হইতে না পারে বা সাধনাচ্যুত হয়, তাহা হইলেও তাহার মনে সময়ে সময়ে অপরের চিত্তের ভাবসকল প্রতিবিশ্বিত হইতে থাকে এবং চিদাকাশের সন্ধান সময়ে সময়ে লাভ হয়। মনোজয় করিলে এই দেহকে এবং দেহযন্ত্রকে যথেচ্ছভাবে নিয়ন্ত্রিত করিতে পার। যায়। অর্থাৎ দেহস্থ ক্ষিতিতত্বের উপর সম্যক্ অধিকার লাভ হয়। ক্ষিতিতত্বের কেন্দ্র মূলাধার চক্র। সমস্ত তত্বের এক একটী চক্র আমাদিগের দেহাভাস্তরে নিহিত। ক্ষিতি, অপ্, তেজঃ, মকং, ব্যোম ও মন, এই ছয়টী তত্বের কার্য্যকারী কেন্দ্রস্থলকে আমাদিগের ষট্চক্র বলে। ক্ষিতিতত্ব হইতে আমাদের দেহের স্থল অংশ নির্দ্বিত হয়। আমি পূর্কেব বলিয়াছি, আমরা আমাদিগের মন অন্থায়ী দেহ রচনা করি। স্করাং মনোবিজয় হইলে যে আমাদিগের দেহের উপর সম্যক্ অধিকার আদিবে, তাহা স্পন্ট বুঝা যায়। ইহাকে মূলাধারগ্রন্থি ভেদ বলে। বিভৃতি-লাভ বিচারের সময় এ কথা স্পন্ট করিয়া বলিব।

তাই ভগবান্ সাধনা হইতে বিরত হইলে কি কি অনিষ্ট সংঘটিত হয়, সে কথা বলিয়া, তার পর সাধনার সূচনামাত্রেই কিরূপে অলৌকিক ক্ষেত্রের সহিত আমাদিগের সম্বন্ধ স্থাপিত হয়, সেই কথা বলিয়া সাধনায় কৃতনিশ্চয় হইতে উৎসাহ দেন। সাধক। বুঝিয়া দেখ, স্বর্গদার ভোমার সম্মুখে উন্মুক্ত কি না ? শন্দেহের মোহে অভিভূত থাকিও না—''মা মা" করিয়া ছুটিয়া চল। মুহুমান ইয়া পড়িয়া থাকিও না। বিচার করিয়া পা বাড়াইতে হইবে না। নির্ধিচারে

মাতৃত্বসুসন্ধানে ধাবিস্ত হও — নিঃসন্দেহে, অনস্ত উৎসাহে, আনন্দে প্রাণ পূর্ণ করিয়া তোমার মহাকার্য্যে অগ্রসর হও। মাতৃলাভের মহামল্ল গ্রহণে কৃতনিশ্চয় হও। তোমার আর কিছু দেখিবার আবশ্যক নাই।

> স্থক্ত:থে সমে কৃত্বা লাভালাভো জয়াজয়ো। ততো যুদ্ধায় যুজ্যস্থ নৈৰং পাপমবাপ্সদি॥ ৩৮

স্থহ:খে সমে কৃষা, লাভালাভৌ জয়াজয়ে (চ সমৌ কৃষা) ততঃ যুদ্ধায় যুদ্ধায়, এবং পাপং ন অবাঙ্গ্যাসি।

ব্যবহারিক অর্থ।—সূথ ছঃখ, জয় পরাজয়, এ সমস্তের দিকে না চাহিয়া, এ সমস্তকে সমজ্ঞান করিয়া যুদ্ধে উচ্চোগী হও। পাপ ভোমায় স্পর্শ করিবে না।

যৌগিক অর্থ।—মাতৃ অমুসন্ধানে প্রাণ যখন উন্মুখী হইয়াছে, তখন আর তোমার জয় পরাজয়, লাভ অলাভ দেখিবার কোন আবশ্যক নাই। মাতৃহারা শিশু মা মা করিয়া যখন ছুটিতে থাকে, তখন যেমন তাহার পথের বিচার আসেনা, পথ সুগম কি ছুর্গম, এ সমস্ত তার প্রাণ বিচার করে না—একমাত্র মা ছাড়া তার যেমন আর কোন দিকে লক্ষ্য থাকে না, তেমনই ভাবে তুমি 'মা মা' করিয়া ছুটিতে থাক। বিচার ততক্ষণ, যতক্ষণ মাতৃ-তৃষা প্রাণে ফুটিয়া না উঠে। শুভাশ্ড নির্ঘণ্ট ততক্ষণ, যতক্ষণ না প্রাণ মাতৃহারা-ভাব প্রাপ্ত হয়। যাহার প্রাণে ভগবদ্বিরহ অমুভূত হইয়াছে, তাহার প্রাণ আর কোন দিকে চাহে না—লাভ অলাভ, এ সমস্ত তাহার প্রাণ দেখে না—স্থ ছঃখ, এ সকল ক্ষুদ্র ক্ষুদ্র মানাসক তরঙ্গ তাহার প্রাণ দেখে না—স্থ ছঃখ, এ সকল ক্ষুদ্র ক্ষুদ্র মানাসক তরঙ্গ তাহার প্রাণকে অভিভূত করে না—জয় পরাজয়, এ সমস্তের দিকে তাহার প্রাণ চাহে না; এক লক্ষ্যে—একমুখে সে দৃঢ়পদবিক্ষেপে চলিতে থাকে। তাহার চক্ষ্; শুধু মাকে দেখিবার জয়্ম চাহিয়া থাকে; তাহার কর্ণ, শুধু মাতৃ-আহ্বান শুনিবার জয়্ম উন্মুখী হইয়া থাকে, তাহার হস্তত্ম, মাতৃ-চরণ পরশের জয়্ম উর্দ্ধোন তোলিত থাকে—তাহার জিহ্বায় মাতৃধ্বনি ছাড়া আর কিছুই উচ্চারিত হয় না।

সাধনাত্যাগে অনিষ্টের কথা বলিলাম—সাধনা-স্চনায় লাভের কথা বলিলাম। তোমার হৃদয়ের তেজঃ উদ্দীপ্ত করিয়া দিবার জন্ম ভবিষ্যতের চিত্র আঁকিয়া দেখাইলাম। কিন্তু যে সাধক বলিয়া আপনাকে চিনিয়াছে, সাধনার দিকে যাহার লক্ষ্য পড়িয়াছে, তাহার প্রাণ ওসব দেখিতে চাহে না—স্থ্য-ছংখের বিশিষ্ট ভাব ভাহার প্রাণকে সংঘাত করে না; লাভ অলাভ, সিদ্ধি অসিদ্ধি, এ

সব তাহার চক্ষে সমান হইয়া যায়। একমাত্র আত্মন্থতিষ্ঠা বা মাতৃলাভই তাহার হৃদয়ের উপর আধিপত্য করে। স্কুতরাং তুমি ও সমস্তের দিকে চাহিও না। যথার্থ মাতৃভাব হৃদয়ে ফুটাইয়া তুলিয়া এই মনোবিজয়ে অগ্রসর হও। জানিও, এ মনোবিজয় শুধু মনের উপর আধিপত্য করিবার জন্ম নহে; এ মনোবিজয় শুধু লাভ অলাভের খাতিরে নহে-—এ মনোবিজয়, মাতৃচরণ পরশের জন্ম—এ মনোবিজয়, মাতৃরাজ্য প্রতিষ্ঠার জন্ম—এ মনোবিজয়, সংহারিণীর সংহার-মন্ত্র ফুটাইয়া তুলিয়া তাহার অক্ষে স্থান পাইবার জন্ম। এ মনোবিজয় সংহারিণীর বিরাট্ সংহার—খেশা মাত্র।

তোমার ইহাতে পাপ নাই—তুমি ইহাতে কলুষিত হইবে না। কেন না, যাহার ভাবে তোমার প্রাণ পূর্ণ—যাহাকে পাইতে তোমার প্রাণ উল্ভোগী, তাহাকে পাপ পূণোর ছায়া স্পর্শ করিতে পারে না। যে মুহূর্ত্তে তাঁহার কথা প্রাণে জাগিয়া উঠে, সে মুহূর্ত্তে মনুষ্য পাপপূণ্য দক্ষের অতীত হয়। তুমি প্রতিমুহূর্ত্তে যদি মাতৃলাভ চিন্তায় বিভোর থাক, তাহা হইলে সর্ক্ষণই তুমি পাপ-পূণ্যের অতীত থাকিবে।

"সুখতুংখে সমে কুছা" অর্থে—সুখ তুঃখকে সমান করিয়া লইয়া। তাই যদি তুমি প।রিবে, ভাষা হইলে আর তোমার রণের আবশ্যক কি ? যদি সুখ ছঃখ সমান জ্ঞান হয়—লাভ থলাভ যদি সমান জ্ঞান হয়—জয় পরাজয় যদি সমান জ্ঞানই হয়, তাহা হইলে ত কার্যা স্বসম্পন্ন হইয়া গিয়াছে বলিতে হইবে। সমে কুত্বা অর্থে—উভয়েব মধ্যে সম শক্তির দর্শন মাত্র। একই শক্তির তর্ম—একই মেহের উচ্ছাস—একই করুণার আলোক অমাদিগের স্থদয়ের অবস্থা**ক্রনে** ত্মুখ হুঃথ আদি নানাপ্রকারে সংঘাত উপস্থিত করে। সেই সংঘাত গুলি যত দিন আমাদিগের হৃদয়ে একভাবাপন্ন না হইবে, তত দিন বহুরপের তরঙ্গভঙ্গ রচনা করিবে। আমাদিগের হৃদয় যদি একমুখী হয়, তাহা হইলে মাতৃ-স্নেহের সেই অফুরস্ত স্রোত সেই একই রূপে অমূভূত হইবে মাত্র। সুথ তুঃখাদিকে এইরূপে একই প্রকারে অন্থভব করিবার জন্ম হৃদয়কে একমুখী করা আবশ্যক, তাহা হইলেই হ্রখ-ছঃখ দমান হইয়া যাইবে। অর্থাৎ কোন ভাবের তরক্ষই আর শ্ব্যজনক বা হঃখজনক বলিয়া অনুভূতিতেই আসিবে না। কিন্তু ততটা সমজ্ঞান ইন্দ্রিয়াদির অমুভূতি থাকিতে আসিতে পারে না। ততটা দৃঢ়তা আমাদিগের চিত্ত এখনও পায় নাই। স্থতরাং আমাদিগের পক্ষে সমান করিয়া লওয়া অর্থে—উভয়ের মধ্যে সমান জিনিষ দর্শন করিতে অভ্যাস করা। বস্তুতঃ সুখ

ও তৃঃখ বলিতে "খ" বা আকাশের বৈচিত্র্য বুঝায়। অন্তরাকাশ যেখানে তুর্ল ভ, তাহার নাম হংখ এবং যেখানে অন্তরাকাশ স্থলভ, তাহার নাম হংখ । অন্তরাকাশেব সঙ্কোচনই "তৃঃখ" এবং প্রসারণই "সুখ"-পদবাচ্য। প্রকৃত স্থখতঃখ বলিতে অন্তরের সঙ্কোচ ও প্রসারকেই লক্ষ্য করা হয়। যখন উভয়ই একই
শক্তিরে তরঙ্গভঙ্গ, তখন তদ্রেপ ভাবে দেখিলে সমজ্ঞান আসিতে পারে। হংখ
তঃখ, লাভ অলাভ, জয় পরাজয়, এ সমস্ত স্নেহময়ীর স্নেহময় উচ্ছাস বলিয়া
জানিও। যে ভাব যখন আসিবে,—জগতের বিচিত্রতা তোমার প্রাণে যখন যে
ভাব রচনা করিবে, তাগকে মায়েরই স্নেহ-তরঙ্গের রঙ্গভঙ্গমাত্র বলিয়া
বৃষিও। স্থখতঃখদায়ক হইলেও তাহা প্রাণের উপর অশান্তি বিস্তার
করিতে পারিবে না।

পূর্বেবে ভোমায় বলিয়াছি, যুদ্ধ না করিলে অধোগামী হইতে হইবে, ভোমার শক্তির নিন্দা করিবে, অর্থাৎ ভোমার শক্তিকে নিম্নে চালিত করিবে। নিন্দাকরা অর্থে—নিম্নমুথে সঞ্চালিত করা। যাহা আমাদিগের শক্তিকে নিম্নমুখী করিয়া দেয়, ভাহাই নিন্দা। যাহা হউক, এইরূপে ভোমার শক্তি নিম্নমুখী হইবে, এই ভয়ে অথবা যুদ্ধ একবার স্টিত হইলে পরাজিত হইলেও লাভ বিজয়ী হইলেও লাভ, এই আশায় যে তুমি যুদ্ধ করিবে, ভাহা বলা শুরু আমার উদ্দেশ্য নহে। আমি ঐরপ বিচার করিয়া যুদ্ধে কৃতনিশ্চয় হইতে বলিয়াছি। যুদ্ধ করাই যে শ্বির সিদ্ধান্থ, এইরূপ নিশ্চয় জ্ঞান প্রাণে উদ্বোধিত করিতে বলিয়াছি। কিন্তু যথার্থ যুদ্ধে উদ্যুক্ত হইতে হইলেও সব দিকে চাহিলে চলিবে না। ভাল হইবে, কি মন্দ হইবে—মুখ হইবে, কি হঃখ হইবে—লাভ হইবে, কি অলাভ হইবে, এরূপ অসম জ্ঞান যুদ্ধি উল্ডোগীর প্রাণে থাকে না।

যুদ্ধার্থ উল্লোগী হইতে হইলে সমস্ত তরঙ্গকে একই মাতৃ-শক্তি বলিয়া বুঝিতে হয়। শুধু তাহা হইলেই পাপের হাত হইতে আমরা পরিত্রাণ পাই। পূর্ব্বোক্ত প্রকারে স্থখ হংখ, লাভ অলাভ, জয় পরাজয়, এ সকলের বিচার প্রাণে ততক্ষণ আদে, যতক্ষণ না আমরা কার্য্যে কৃতনিশ্চয় হই। কৃতনিশ্চয় হইবার পর, তখন সে কার্য্যের কোন অংশই আর সন্দেহজনক, ছংখজনক বলিয়া যেমন বিবেচিত হয় না, তেমনই সাধনা সম্বন্ধে কৃতনিশ্চয় হইবার পর, মাকে পাইতে হইবে, এই ধারণা বুকে দৃঢ়তর হইবার পর, হুখ হুংখ, জয় পরাজয়, এ সমস্ত একই মাতৃশক্তি বলিয়া প্রাণে ফুটিতে থাকে। প্রাণ সাধনার জন্ম আপনা

হইতে উত্থক হইয়া উঠে—সমস্ত কর্মই পুণাময় হইয়া যায়। সেই জ্বন্থ ভগবান্ আগে সাধনায় কৃতনিশ্চয় করিবার জন্ম, সাধনা না করিলে কি কি অনিষ্ট হইতে পারে, এবং সাধনার স্চনায় কি কি মঙ্গল হইতে পারে, তাহা বিশেষ করিয়া বলিয়াছেন।

মুখ ছংখ, লাভ অলাভ, জয় পরাজয়, এ সমস্ত মনে করিলেই সমান ভাবে দেখা যায় না—মনে করিলেই জগতের ভাবসকলকে উপেক্ষা করা যায় না—মনে করিলেই মান অপমানকে তুচ্ছ জ্ঞান করিতে সাধারণ ময়য়য় পারে না। যে মাতৃ-অমুসদ্ধানে কৃতনিশ্চয় হইয়াছে, কেবলমাত্র মাকে চাই, এ প্রতিজ্ঞা যাহার প্রাণে দূঢ়বদ্ধ হইয়াছে, সেই ঐ সকল ভাবকে, ঐ সকল তরঙ্গকে উপেক্ষা করিতে সমর্থ হয়। এবং সে উপেক্ষা আসিবার কারণ, সমস্ত তরঙ্গই মাতৃশক্তি বলিয়া ভাহার চক্ষে প্রতিকলিত হওয়া। এই জয়ই সে তরঙ্গের বাহ্যিক মান অপমানরূপ আঘাতগুলি ভাহার চিত্তকে কলুবিত করে না।

আমি পূর্বেব বলিয়াছি, এ বিশাল ব্রহ্মাণ্ডে স্থুল জগং হইতে কুদ্রাদপি কুন্ত কল্পনাটি পর্যান্ত-নামটি রূপটি পর্যান্ত কিছুই মিথ্যা নহে। প্রত্যেক কার্য্যের-প্রত্যেক বস্তুর প্রত্যেক কণাটী লইয়া দেখিলে উহাকে চিরসভ্য বলিয়া চিনিতে পারা যায়। প্রতোক পদার্থকে বিশ্লেষিত করিয়া দেখিলে উহাকে একমাত্র নিত্যসত্য মায়ের আমার নিত্য-সত্য বিকাশ বলিয়া চিনিতে পারা যায়। মায়াবাদ এ সমস্তকে একীকৃত করিয়াও যে মিথ্যার আভাস রাখিয়া গিয়াছেন. গীতা সে মিখাটুকু মিথ্যা বলিয়া স্বীকার করেন না। সে কথা এখানে অবাস্তর হইবে। এখানে শুধু চিত্তের ভাবসকলের সম্বন্ধে এইটুকু মাত্র জানা আবশ্যক, যে ভাৰই প্ৰাণে উঠুক না কেন, নীচ হইতেও নীচ, উচ্চ হইতেও উচ্চ, যে ভাৰই ভোমার প্রাণের উপর আধিপত্য করুক না কেন, বুঝিও—উহা ভোমার জননী। প্রতি ভাবই যেখানে তোমাকে অভিভূত করিয়া ফেলে, বুঝিও—বিশ্বেরী মা আমার তোমায় ক্রোড়ে ধরিয়া তোমার জন্ম সেইখানেই অমৃতের সন্ধান করিয়া দিভেছেন। যেখানে মাতৃ-অঙ্গে বিরাট্ ব্রহ্মাণ্ড গ্রাথিত হইতেছে, সেই বিরাট্ মন্দিরের আলোকলীলা দেখাইবার জক্ষ তোমাকে অঙ্কে ধরিয়া নানা ভাবে ভাবময়ী হইয়া মা আমার ফুটিতেছেন। মা নিজ্য-স্থিরা হইয়াও, নিজ্য সন্তান-সরিধানে থাকিয়াও সস্তানকে উদ্বন্ধ করিতে ভাবরূপ নানা মৃত্তি পরিগ্রহণ করিয়া মুহুর্বে মুহুর্বে যেন নৃতন হইয়া আসিতেছেন, এই জক্তই মায়ের একটা নাম

মহামায়া। তুমি প্রত্যেক ভাবকে মা বলিয়া পরিজ্ঞাত হও, পাপ তোমায় স্পর্শ করিবে না। ভাবের বাহ্যিক ভাবাংশে মোহিত হইও না, ভাবের ভিতর মায়ে মোহিত হও—মহামায়ায় মুগ্ধ হও— মায়াতীত রূপের অধিকারী হইবে।

এষা তেহভিহিতা সাংখ্যে যুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু। বুদ্ধাা যুক্তো যয়া পার্থ কর্মবন্ধং প্রহাদ্যসি॥৩৯

সাংখ্যে পরমার্থবস্তুবিবেকবিষয়ে এষা তে অভিহিতা বৃদ্ধি: জ্ঞানং
সাক্ষাৎ শোকমোহাদিসংসারহেত্দোষনিবৃত্তিকারণং যোগে তৃ তৎ প্রাপ্ত্যুপায়ে নিঃসঙ্গতয়া দ্বন্ধপ্রবিক্ষ্ ইশ্বরারাধনার্থে কর্মাযোগে কর্মান্তপ্তানে
সমাধিযোগে চ ইমামনন্তরমেব উচ্যমানাং বৃদ্ধিং শুণু। তাঞ্চ বৃদ্ধিং স্তৌতি
প্রবোচনার্থং — বৃদ্ধ্যা যয়া যোগবিষয়য়া যুক্তঃ পার্থ, কর্মবন্ধনং প্রহাস্যসি।

ব্যবহারিক অর্থ।—প্রকৃতি-পুরুষ-বিবেকবিষয়ে তোমার নিকট এই অবধি কীর্ত্তন করিলাম। এক্ষণে তৎপ্রাপ্তির উপায়ম্বরূপ কর্মান্তুষ্ঠানের জন্ম প্রজ্ঞাটুকু জ্ঞাত হও, যাহা লাভ করিলে তুমি কর্মবন্ধন ইইতে মুক্তি লাভ করিবে।

যৌগিক অর্থ।—সাধক হইতে হইলে সর্বাত্যে ব্রহ্মের স্বরূপ উপলবির জন্ম পূর্ব্বক্থিত জ্ঞানগুলি স্থীকার করিয়া লইতে হয়। সাধনার দ্বারা উপলবি হইবার পূর্ব্বে নিতা ও অনিতা, অথবা চিং ও অচিং, এই হই প্রকারে সমগ্র তত্ত্ব বিভক্ত হইয়া প্রতিফলিত হয়। সমস্ত তত্ত্ব, সমস্ত ব্রহ্মাণ্ড ভাঙ্গিয়া হুইটা স্তর্বনাত্র পরিলক্ষিত হয়—নিতা ও অনিতা বা আত্মা ও প্রকৃতি। ভগবান্ সেই জন্ম ঐ হুইটির স্থুলতঃ বিচার করিয়া বলিলেন, বস্তুতঃ উহা হুই নহে—একই। অসং বা অচিং বলিয়া পরমার্থতঃ কিছু নাই। যাহাকে অনিতা বলিয়া বিবেচিত হয় ও যাহাকে নিতা বলিয়া ধারণা হয়, উহার মধ্যে প্রভেদ নাই। একই তত্ত্ব সতা ও মিথ্যা ইত্যাদি ভাবে প্রকাশিত হইতেছে মাত্র। পারমার্থিক সত্য যাহা—যথার্থ সত্য যাহা, তাহা বাক্য দ্বারা বুঝাইতে পারা যায় না। তবে সেইরূপ না বুঝিলে যে সাধনা হইবে না, এরূপ নতে। যাহার যেরূপ জ্ঞান আছে, যাহার যেরূপ ধারণা আছে, সে তাহা লইয়াই সাধনায় কৃতনিশ্চয় হউক। তাহা হইতেই সে সেই নিত্য সর্ব্বগত অব্যক্তের সন্ধান পাইবে।

যাহা হউক, যভক্ষণ একছে ভোমার পরিণাম না হয়, তভক্ষণ নিত্য অনিত্য, এই ভাবে সমস্ত ভন্তকে বিভক্ত করিয়া পরিদর্শন কর, এবং আপনার মূলটুকুকে

নিতা অপরিণামী বিশ্বাস করিয়া কার্য্যে অগ্রসর হও। যে**টুকু** অনিত্য ব**লিয়া** ধারণা আসিতেছে, ভাহাও অনিত্য নহে, তবে তাহাতে পরিণাম দেখিতে পাইতেছ বলিয়া যদি অনিভা ধারণা আসে, তাহাতেও ক্ষতি নাই। সমস্তে নিভা ধারণা আসে নাই, মূলটিতে নিতা বলিয়া বিশ্বাস স্থাপন করিলেও তুমি কার্যো অগ্রসর হইতে পারিবে। শিক্ষার্থী যেমন অক্ষরাদিকে শিক্ষকের কথামুযায়ী নামরূপে বিশ্বাস করিয়া বিভালাভ করিলে, তার পর অক্ষর-বিজ্ঞান বুঝিতে পারে, ভদ্রেপ যভটুকুতে হউক, নিত্য অপরিণামী, এই বিশ্বাস স্থাপন করিয়া সাধনায় অগ্রসর হইলে তখন নিত্য পদার্থকে কার্য্যতঃ বুঝিতে সক্ষম হইবে। ব্রহ্মাণ্ডময়, চিত্তক্ষেত্রময় নানা পরিণাম এখন ভোমার লক্ষিত হইতেছে, সেই সমস্তকে নিত্য বলিয়া বৃঝিতে এখন পারিহব না। কিন্তু অনিত্য বৃঝিলেও ভোমার সাধনা করা কর্ত্তব্য: সাধনা না করিলে তোমার সে অনিতাভাবকলুষিত প্রাণে তাহা অধঃ-পতনরূপে ফুটিয়া উঠিবে ; ভূমি কালসকল্লের মধ্যে থাকিয়া কালাতীত অবস্থার ধারণা করিতে পার না, স্থতরাং বহু কাল, বহু জন্মাদির ভিতর দিয়া পরিভ্রমণ করিতেছ বলিয়া তোমার যে ধারণা আছে, সে ধারণার চক্ষে, আবার বহু পশ্চাতে, বছ নিম্নে তোমার গতি হইল, সাধনা না করিলে এইরূপ তোমার বোধ হইবে। ভোমার প্রাণ অমুতাপের কল্পনায়, যন্ত্রণার স্বপ্নে, অধঃপতনের মর্ম্মদাহে পুড়িতে थाकिरव । व्यावात माधनाग्र कुडिनिन्छग्र रहेरलहे, माधनात्र मुहना कतिरलहे (डामात নিভাত্বের দিকে গতি খরতর হইতেছে বলিয়া বুঝিতে থাকিবে; ১খ ছঃখাদি হইতে আরম্ভ করিয়া অনিভারপে কল্পিভ ভাবগুলি ক্রমশ: সমতের দিকে ধাবিত হইতে থাকিবে।

তবে এই সাধনারপ মহাকার্য্য বা স্বধর্ম কি প্রকার প্রজ্ঞার সহিত করিলে তোমার বন্ধন বা ওই অনিত্য কল্পনা হইতে তুমি বিমুক্ত হইবে, তাহাই এইবার বলিব। পূর্ব্বে বলিয়াছি, সাধনায় ক্ত-নিশ্চয় হইলেই ত্ম্থ ছঃখাদি ভাবসকল আর প্রাণের উপর আধিপত্য বিস্তার করিতে পারে না। তুমি ক্ত-নিশ্চয় হইয়া সেই প্রজ্ঞাটুকু অবগত হও।

এই অবধি যাহা বলিলাম, তাহার ভিতর সাংখ্য-মতের অবতারণা আছে, সাংখ্যের মূল তবটুকু লইয়া দেখিলেই তাহা বুঝিতে পারা যায়। সাংখ্যে মূলতঃ এই তিনটি জ্বিনিষ প্রতিপাদ্য। প্রথম, পুরুষ বা আত্মা অপরিণামী নিত্য; বিতীয় প্রকৃতি বা পরিণামী নিত্য; তৃতীয়, ঐ পুরুষ বহু। সাংখ্য আত্মা বা পুরুষকেও নিত্য বলেন, প্রকৃতিকেও নিত্য বলেন। তবে পুরুষ অপরিণামী, প্রকৃতি পরিণামী। তবেই প্রকৃতি ও পুরুষের মধ্যে নিত্যভূকু সাধারণ। মায়াবাদ এই সাধারণ অংশটুকু লইয়া একীকরণ করিয়াছে, কিন্তু পরিণামরূপ অংশটুকু মায়ারূপে বা আন্তিরূপে পর্যাবসিত হইয়াছে এবং সাংখ্যের আত্মার বহুত্ব ভাঙ্গিয়া বেদাস্তে এক হইয়া গিয়াছে। পরিণামরূপ গুণটুকু "সত্যও নহে, মিথ্যাও নহে—এক প্রকার" এইরূপ ভাবে মায়াবাদে স্থান পাইতে বাধ্য হইয়াছে। কিন্তু গীতায় "নামরূপ" আকারীয় পরিণতিটুকুও সত্য বলিয়াই গৃহীত হইয়াছে।

যাহা হউক, সাধারণতঃ মান্ত্যের জ্ঞান এই সাংখ্যবাদ অনুযায়ী থাকে, অথবা না থাকিলেও আধ্যাত্মিক জগতের দিকে নিরীক্ষণ করিলে ঐকপেই প্রতিফলিত হয়। সেই জক্মই ভগবান্ সেই প্রকার জ্ঞানকে ভিত্তি করিয়াই সাধনার স্চনা করিতে বলিয়াছেন। কেন না, জ্ঞান যে অবস্থাতেই থাকুক না কেন, সাধনার তাহাতে অনিষ্ট হইতে পারে না।

এইরূপ সাধারণ জ্ঞানের একটা স্থুল সামঞ্জয় করিয়া, তার পর পরিণাম যে ক্ষণস্থায়ী, তাগতে আত্মার কোন হ্রাস-বৃদ্ধি নাই, আত্মা যে অজ, অব্যয়, সে দিকে লক্ষ্য বা বিশ্বাস স্থাপন করিতে বলিয়া সাধনা করিতে উপদেশ দিয়াছেন। আত্মা বহু বলিয়া মনে হইতেছে, প্রাকৃতিক পরিণাম বা জন্ম-মৃত্যু আদি বন্ধনরূপে পরিদৃষ্ট হইতেছে, হউক ; কিন্তু ঐ আত্মাকে অজ নিত্য বলিয়া ধারণা করিয়া লও। প্রাকৃতিক পরিণাম অবশান্তাবী বলিয়া মনে হইলেও, উহার অভ্যন্তর দিয়া যে স্বধর্ম বা আত্মহিমা তোমার কল্যাণের দিকে তে:মায় লইয়া চলিয়াছে, সেই-টুকু জানিয়া, সেই প্রাকৃতিক পরিণামকেই অবলম্বন করিয়া যে নিত্যুত্বের সন্ধান পাওয়া যায়, তাহাতে বিশ্বাস কর। বিশ্বাস করিয়া স্বধর্ম পালনে কুতনিশ্চয় হও। স্বধর্ম পালন না করিলে, প্রাকৃতিক ধর্মের ভিতরের এই মঙ্গল গতি না দেখিলে, মঙ্গলময়ী মায়ের মঙ্গল-কিরণের জ্যোতিঃ প্রাণকে আলোকিত করিতেছে. এ আদর্শ বুকের ভিতর না লইলে গতি খরতর হইবে না। প্রকৃতি নামে সম্ভাষণ কর, ক্ষতি নাই : কিন্তু জানিও, উনি পরমাত্মার প্রকৃতি এবং তাঁহার কর্তৃত্বে, তাঁহার মঙ্গল ইচ্ছায় সন্দিহান হইও না। জন্ম মরণ, ত্ব হুংখ আদি যভ প্রকারের মূর্ত্তি ধরিয়াই তিনি তোমার প্রাণে প্রতিফলিত হউন না কেন, তুমি তোমার সে মাতৃ-ধর্ম্মের আদর্শ ভূলিও না, স্নেহময়ী মায়ের আদর্শ দেখিতে কখনও বিস্মৃত হইও না। কেন না, বস্তুতঃ যে নামেই, যে প্রকার জ্ঞানেই তাঁহাক্লে তুমি ভাব, ভাহা চিমায়ী মাতৃভাবাপনা সেই একই চিরনিতা, একই পদার্থ—সেই মা।

এই আদর্শ গঠিত করিয়া লইয়া, এই আদর্শে প্রাণ পূর্ণ করিয়া লইয়া সাধনায় কৃতনিশ্চয় হও। আত্মা বছ হয় হউক, পরিণামরূপ অংশ ও অপরিণামরূপ
অংশ বিভিন্ন হয় হউক, ভাহাতে ভোমার সাধনার ব্যতিক্রম হইবে না। কেন না,
নিত্যত্বের অপলাপ কেহ করে নাই। ভোমার জ্ঞানের ভিতর ওই তিনটী
ভারের মধ্যে সাধারণ যে "নিত্য সত্য," সেইটুকু আদর্শ ধর, সেইটুকু প্রাণে প্রাণে
গাঁথ, সেইটুকু উপলব্বির জন্ম সেই দিকে ভোমার সাধনা চালাও বা স্বধর্ম
পালন কর। ভোমার সাংখাভারের জ্ঞান বলে,—আত্মা বছ অথচ "নিত্যসত্য,"
প্রকৃতি পরিণামী অথচ নিত্য সত্য। এই নিত্য সত্য ভাব ভোমার জ্ঞানের
প্রত্যেক শাখাতেই যখন স্বীকৃত, তখন সেইটুকুই অবলম্বন করিয়া, সেইটুকুই
আদর্শ করিয়া সাধনায় উত্যক্ত হও। ভাহা হইলেই ভোমার স্বধর্ম সূচনা
করা হইবে।

আদর্শ সমুখে রাখিয়া, আদর্শের দিকে লক্ষ্য স্থাপন করিয়া, আদর্শের দিকে যাইতে ক্তনিশ্চয় হও। তাহা হইলেই প্রাণ সাধনায় উভোগী হইবে; তাহা হইলে মা মা করিয়া প্রাণের সুক্ষাদিপি স্ক্র প্রবাহ তাড়িতবেগে ছুটিতে থাকিবে। প্রত্যেক পরমাণু তোমার ব্যোমে বিশ্ব-ব্রহ্মাণ্ডের মত দপ্দপ্ করিয়া জ্ঞানা উঠিবে। তোমার সর্বাঙ্গ মা মা রবে সাড়া দিবে।

তুমি নিত্য, এ কথা কখনও ভূলিও না; তোমার মা যে নিত্যা, এ কথা বৃক হইতে মুছিও না। সাংখ্য এই প্রকৃতিকে জড় বলিয়াছেন। আমরা সাধারণতঃ জড় বলিতে যাহা বৃঝি, সেরপ জড় বলিয়া কোন পদার্থের অন্তিম্ব নাই। তবে এই যে জড়রূপে প্রতিপন্ন প্রপঞ্চ, ইহা কি ? ইহাও সেই চিন্ময়ী মা। চৈতক্ষ যেখানে অচিদ্বোধময়, সেই স্থলেই জড়রূপের প্রকাশ। যেখানে চৈতক্ষ 'অহং' প্রভৃতি জ্ঞানক্রিয়া-প্রকাশময় বা বৈশিষ্ট্যপ্রকাশী, সেইখানেই চৈতক্ষ আত্মহারা, সেইখানেই চৈতক্ত ক্রিয়াশক্তিরূপে বিশ্বিত। চৈতক্তের ইহাই জড়ম। যেখানে চৈতক্ত স্বীয় কর্মনায় আত্মহারা—সেইখানেই জড়। চিতক্ত সম্বর্মকুক হইলেই তাহার নাম শক্তি—তাহাই স্পি। তাহাতে যেখানে আত্মহারা ভাব, সেইখানেই জড়। আ্রতন্তবাধের সঙ্গে চৈতন্যের জড়দর্শন লুপ্ত হয় এবং জীব শ্বরূপজন্তী হয়। অথবা আত্মতন্তবাধের যত বিকাশ হয়, ততই জড়াত্মক ভাবের

উপর জীবের আধিপত্য বিস্তৃত হইতে থাকে। পূর্ণ বিকাশ হইলে আপনার জড়াত্মক দেহের উপর পূর্ণ আধিপত্য লাভ হয়; তখন ব্রহ্মবোধে আত্মহারা হয় এবং বিরাট ব্রহ্মাণ্ডের অধিপতির সহিত একত উপলব্ধি করে।

আমরা যখন কোন জিনিষকে প্রাণ দিয়া ভালবাসি, তখন ভাহাতে আমরা **আত্মহারা হইয়া যাই। যতক্ষণ আ**ম্বা ভাহাতে আত্মহারা ভাবে থাকি, ততক্ষণ **আমরা সেখানে জড়।** আমাদের প্রাণ জুড় ভাবে তাহাতে লাগিয়া থাকে। **অন্য** সহস্র শক্তির তাড়নাকে উপেক্ষা করিয়া আমাদের প্রাণ সেইটিকে জড়াইয়া ধরিয়া থাকে। জগতের সমস্ত পদার্থের প্রলোভন আমাদিগের সে আত্মহারা ভাব, সে জড়তা সহসা ভাঙ্গিতে পারে না। ইহা তোমরা প্রতিমুহুর্ত্তে দেখিতে পাও। জগতের খেলাঘরে যে কোন একটা তৃচ্ছ পদার্থকে লইয়া তোমরা ব্রহ্মাণ্ডে-খরীকে কেমন করিয়া ভুলিয়া রহিয়াছ ? জান, মাতৃক্রোড়ের স্থামুভূতি অতুলনীয়। জগতে এমন কোন স্পর্শ নাই, যাহা তাহার শতাংশের একাংশ সুখ প্রদান করিতে পারে। অথচ তোমরা গোমাদের কুদ্র আনন্দে এত আত্ম-হারা, এত জড়ভাবাপর যে, কোন প্রকারে তোমাদের সে ধারণা তোমাদের প্রাণকে সে ক্ষুত্র আনন্দ হইতে সরাইতে পারিতেতে না। আরও ক্ষুত্র দৃষ্টান্ত ধর ; প্রায় সকল মনুষ্যের প্রত্যেকেরই আহার, শহন, কথন, গমন আদি দৈনিক কার্য্যাবলীর ভিতর এমন এক একটি সংস্কার থাকে, যাহা তাগার একাস্ত প্রিয়, **যাহাতে সে সম্পূর্ণভাবে আরহারা। সহস্র চেপ্তাতেও সে উহা তাাগ করিতে** পারে না। কেন এমন হয় ? তাহার প্রাণ তাহাতে জড়ত্ব পাইয়াছে বলিয়া। মা সন্তানকে ভালবাসে, জগতে এমন কোন পদার্থ মা খুজিয়া পায় না, যাংগ ভাহাকে পুত্রাপেক্ষা অধিকতর আকর্ষণ করে। কেন ?—মায়ের প্রাণগতি ওই পুত্রে জড়ম লাভ করিয়াছে—ওই পুত্রে গিয়া আত্মহারা হইয়াছে। গঙ্গার যেমন জলধারা সমুদ্রে আত্মহারা হয়, মাতৃভালবাসা সেই পুত্রে তদ্রপ আত্মহারা হইয়া ভাহার গতি হারাইয়া ফেলিয়াছে, ম। পুত্রে জড় ইইয়াছে। আমরা যথন কোন ভাবে মগ্ন হই, তথন আমরা তাহাতে জড়্য প্রাপ্ত হই। যদি আমাদের জগ-শাভার মত শক্তি থাকিত, অর্থাৎ যদি আমরা তাঁর মত বেগে আত্মহারা হইতে পারিতাম, তবে আমাদের ভাবগুলি সঙ্গে সঙ্গে জড়রূপে মূর্ত্তি পরিগ্রংণ করিত, ৰগংচকে উদ্ভাসিত হইয়া উঠিত।

এ জগৎ মহামায়ার স্নেহের জড় বিকাশ মা**ন**। এ ব্রহ্মাণ্ডের প্রত্যেক

প্রমাণুটি, আমার দেহের প্রত্যেক প্রমাণুটী মাতৃত্বেহ ব্যতীত আর কিছুই নহে। চিন্মরী মা আমার স্নেহরূপিণী হইয়া জড়রূপে ভোমাকে বেষ্টন করিয়া আছেন। তোমার প্রত্যেক পরমাণু চৈতক্ষ, ব্রহ্মাণ্ডের প্রত্যেক পরমাণু চৈতন্ত। আপনাকে অপনার ভালবাসা বুঝাইতে গিয়া—আপনার স্বরূপ দেখিতে গিয়া এ মাতাপুত্র ভাব পরিকল্পিত হইয়াছে, এক পদার্থ ছইরূপে এতিভাসিত হইয়াছে। বস্তুত: জ্ঞড় বলিয়া স্বতন্ত্র কিছু নাই। তুমি অণুতে অণুতে এ মাতৃমেহ সম্ভোগ করিতে শিক্ষা কর। তোমার প্রত্যেক প্রমাণু মায়ের স্নেহে নিমজ্জিত, এইরূপ ধারণা কর। রক্ত মাংদের মা, যাহার হৃদয়ে এই মহামায়ার কণামাত্র অধিষ্ঠিত, সে যদি সেই কণামাত্র মায়ার আবেগে পুত্রে এরূপ আত্মহারা হইতে পারে, তবে যিনি মহামায়া, মহামায়াই যাঁহার মহিমাম্বরূপ, তত মায়া বুকে লইয়া দে বন্ধাণ্ডের মা কতটা আত্মহারা ২ইতে পারে, কতটা জড়ত্ব পাইতে পারে, ভাবিয়া দেখ। তোমার রক্তমাংস-গঠিত মা এক বিন্দু মায়া বুকে ধরিয়া, তোমার জ্ঞস্ত যদি সমস্ত জ্বাংকে উপেক্ষা করিতে পারে, ভোমার সৌন্দর্য্যে যদি অন্ধ হইতে পারে, তবে মহামায়া স্বয়ং তোমাতে মাতৃম্বেহে কতটা অন্ধ, একবার কল্পনা কর! এ ছবি একবার ভাবিয়া দেখ। স্নেহোম্মাদিনী এলোকেশীর পুত্র বুকে ধরিয়া এ উন্মাদনার ভাব একবার প্রাণ ভরিয়া দেখ। তোমার সমস্ত ঘোর ছুটিয়া যাইবে—তুমি আপনাকে মায়ের ক্রোভে দেখিয়া নিশ্চিম্ভ इट्टें(व ।

তোমরা মায়া কথাটা লইয় বড় গোলে পড়িয়া যাও। মায়া অর্থে—
সাধারণতঃ তোমরা প্রান্তি কথাটা ধরিয়া লও। ভগবান্ শঙ্করের বেদাস্কভাষ্য
ইহাই শিখাইয়া গিয়াছে। দেশের উপর এই ভাবটা প্রবল আধিপত্য
করিতেছে। এই সংস্কার দেশে বদ্ধ্যল। কিন্তু এ প্রান্তি যে কি, তাহা বুঝিতে
চেষ্টা কর না। জ্ঞানের তীব্র আলোক বিকীর্ণ করিতে গিয়া শুধু ভেজের
সহায়তা গ্রহণ করিয়া, শঙ্কর স্থেয়্র মত উত্তাপ দেশে ছড়াইয়া গিয়াছেন।
মাতৃ-ছয় পানে পুই বলীয়ান্ পুত্র, মাকে যাহারা শুধু স্বার্থসিদ্ধির জন্ম উৎপীড়িতা
করে, কর্মফলরপ স্বর্গাদি লাভই যাহাদের চরম লক্ষ্য, মাতৃ- এশ্বর্যাই যাহাদিগের
ভঙ্করবৎ উদ্দেশ্য, তাহাদিগের দমনের জন্ম তাহাদিগের সেই সকল এশ্বর্যাকে
অকিঞ্চিৎকর বলিয়া ভাজিয়া দিয়াছেন। এশ্রজালিক যেমন নানাবিধ স্বব্য
করতল হইতে বাহির করিয়া দর্শকর্লের হাতে দেয়, এবং দর্শকর্লে সেই সমস্ক

বস্তু লইয়াই মুগ্ধ হঁয়, ঐশ্রজালিকের দিকে চাহিয়া দেখে না; অজ্ঞানমুগ্ধ কর্মান্থরাগীদিগের তদ্রপে ব্যবহার রোধ করিতে মা আমার শঙ্করররপে 'কিছু নাই," "আমি আছি" বলিয়া একটা হাততালি দিয়াছেন। অমনই সমস্ত ভ্রান্তি বলিয়া দর্শকর্বদ বুঝিয়াছে। আবার 'কিছুই নাই" বলিয়া যে সকল শৃত্যবাদী পূর্বে হইতে চীৎকার করিতেছিল, ঐ হাততালিতে 'আমি আছি" এই কথা ঐশ্রজালিকের দিকে তাহাদের লক্ষ্য ফিরাইয়া দিতেছে। এইরপে শৃত্যবাদী ও থও কর্মফলবাদীকে পূর্ণবাদের দিকে এক হাততালিতে ফিরাইয়া প্রতিষ্ঠিত করিয়া গিয়াছেন। ঐশ্রজালিকের মোহন-মন্তে শৃত্যবাদীরা তাহার অন্তিত ভূলিয়া গিয়াছিল, ঐশ্রজালিকের স্বর্গাদি ফল বা যাত্ত্রব্যসকলের মোহে খুও কর্মবাদীরা আপনাদিগকে ভূলিয়া গিয়াছিল। তাই ঐশ্রজালিক শঙ্করবেশে এক হাততালিতে উভয়ের দৃষ্টি আপনাদিগের দিকে ফিরাইয়া দিয়া গিয়াছেন। কিন্তু বৃক্তিও, বিচাররূপ রণ-প্রাঙ্গণে নায়াই অপ্রক্রপিণী হইয়া শঙ্করকে ঐরপে রণবিজয়ী করিয়াছেন মাত্র। রণের সময় মায়ের আমার ঐ রণ-মূর্ত্তি, ভোগের সময় নহে। মায়ের উহা রণমূর্ত্তি –ভোগমূর্ত্তি নহে।

মায়া অর্থে ভালবাসা। মহামায়া অর্থে বিরাট্ ভালবাসা। প্রপঞ্চ অর্থে প্রান্তি বৃষিত্ত না, ভালবাসা বৃষিত্ত। যথন তৃমি কাহাকেও ভালবাস, তথন তোমার সমস্ত মৃত্তি যেমন ভালবাসাময় হইয়া উঠে, এ স্প্ত্যাদি ব্যাপার তক্ষ্রপ মায়ের আমার মহামায়া বা ভালবাসাময় মৃত্তি। তোমরা আপনাদিগকে অনিত্য ভান্তিতে বদ্ধ আছ বলিয়া মনে করিও না, মায়ের ভালবাসার অঞ্চলে বিজ্ঞাতি, এইরূপ ভাব। তোমাদের অঞ্চলেই-নিগড় বদ্ধ নহে, মায়ের আলিঙ্গনের কোমল পীড়নে তোমরা পীড়িত। তোমরা মায়ের মুখের দিকে চাহ না, নিম্নদিকে চাও, বহিন্দিকে চাও, সেই জ্ব্যু তোমাদের এত শিরঃপীড়া হয়—সেই জ্ব্যু তোমরা সত্য মিথ্যা, আন্তি অভ্যান্তি, নিত্য অনিত্য, ইত্যাদি ব্যোমতরঙ্গসকল প্রত্যক্ষ কর; যেগুলি তোমার দৃষ্টির সম্মুখ হইতে অপসারিত হয়, সেগুলিকেই অনিত্য বলিয়া তোমাদের ধারণা হয়। যথন তোমরা গুণাতীত অবস্থায় যাও, তখন তোমরা গুণসকলকে মিথ্যা বলিতে কুন্টিত হও না। যথন গুণের মধ্যে দৃষ্টি থাকে, তখন নিশুণ অবস্থাটী উপলব্ধি করিতে পার না। জানিও, এ উভয় অবস্থার কোন্টিও পুর্ধাবন্ধা নহে। উভয়ই অবস্থাবিশেষ মাত্র। মায়াই নিগুণরূপে তোমায় উপলব্ধি করায়—মায়াই সপ্তণরূপে তোমায় বিশ্বিত করায়;—মহামায়াই মৃক্তি-

রূপে ফুটিয়া উঠে, তুমি ভাব—মুক্ত। মহামায়াই বন্ধনরপ কল্পনা করে; তুমি ভাব—বদ্ধ। ভালবাসার সমুদ্র মা আমার যে কি, সে দিকে চাহ না, অবস্বাগুলির দিকে ভোমবা চহিয়া থাক। তোমাদের কোন্ কথাটা ঠিক ? দেখ, সাধারণতঃ ভোমাদের শির যে দিকে থাকে, সেই দিক্টিকে তোমরা উদ্ধিদিক্ বলিয়া অভিহিত কর। দিবাভাগে আকাশের যে দিক্ তোমরা উদ্ধি বল, নিশাকালেই সেই দিক্টাই তোমরা নি<mark>ন্ন বল।</mark> ভারতে বসিয়া বা পৃথিবীর এক প্রান্তে বসিয়া যে দিক্টাকে যে স্ফুর্তে উর্দ্ধিক্ বলিতেছ, আমেরিকা বা পৃথিবীর অপর অংশে বসিয়া ভোমারই মত মনুষ্য দেই দিক্টাকেই দেই মুহূর্তে নিম্ন দিক্ ভাবিতেছে। **অবস্থার** ধান্ধার দিকে চাহিলে এইরপই ঘটিয়া থাকে। তোমরা আপন আপন অবস্থার চক্ষে মাকে দেখ, মায়ের চক্ষে আপনাকে দেখ না। কাহারও স্বরূপ অবগত হইতে হইলে আপনার চকে দেখিলে চলে না। তাহার চক্ষে তাহাকে দেখিতে হয়, ভাহার অবস্থার ভিতর নিজেকে কল্পনা করিয়া **লইয়া, ভাহা**র অবস্থার ভিতর দৃষ্টি চালাইয়া দিয়া, তাহার অবস্থায় আপনি দাঁড়াইয়া, তবে তাহাকে বুঝিতে বা সম্যক্ হৃদয়ঙ্গম করিতে পারা যায়। তোমরা মাকে আমার আপনার চক্ষে অহর্নিশ দেখিতে চেষ্টা কর। আপনাদিগের ক্ষুদ্র জীবনগতির মাপকাঠি দিয়া মায়ের অবস্থা-সকলের পর্য্যালোচনা করিলে ঐরূপই ঘটিয়া থাকে। উর্ক্ন অধঃ বলিয়া বস্তুতঃ যেমন একই ক্ষেত্র আমাদিগের অবস্থার তারতম্যে অভিহিত হয়, বিশাল ব্যোমমণ্ডল যেমন এরপ দিক্-কল্পনার ক্ষেত্র মাত্র, তেমনি এ ক্রন্ধাণ্ড মহামায়ার স্বেহভরা স্থাদয়ক্ষেত্র ছাড়া আর কিছু নহে। নিত্য অনিতা, সত্য মিথ্যা, এইরূপ নানা কল্পনায় মাতৃ·ম্বেহই কল্লিত হয়। তুমি স্নেহ·সমূদ্রের যে দিক্টাকে আপন অবস্থানুসারে নিগুণি বলিতেছ, অপর একজন দেই স্নেহ-সমুদ্রের সেই দিক্টাকেই সগুণ বলিতেছে। উদ্ধি অধঃ যেমন একই ব্যোম, সগুণ নিশুণ, সত্য মিথ্যা বা নিত্যা-নিতা সেইরূপ একই স্নেহময়ী মা।

তাই বলিতেছিলাম, মহামায়া মাকে আমার—মায়াতীতারূপে যিনি অকৈত-বাদীর চক্ষে প্রত্যক্ষীভূত হয়েন, সেই মাকে আমার – মায়ামণ্ডিতা বলিয়া যিনি বৈতবাদীর চক্ষে উদ্ভাসিতা হয়েন, সেই মাকে, সেই মায়াকে ভোমরা অনিত্য, আন্তি, অজ্ঞান বলিও না। উহা অজ্ঞান নহে, ভালবাসিয়া অজ্ঞান; উনি কড় নহেন, ভালবাসিয়া । উদি ছই নহেন, ভালবাসিতে গিয়া ছই। সে ভালবাসা যেখানে তোমাদিগের দৃষ্টিতে প্রতিফলিত হইতেছে না, সেইখানেই তোমরা ভ্রাম্ভি নাম দিতেছ—মায়ের অস্তিত্ব অপলোপ করিতেছ, মায়ের ক্রোড়ে শুইয়া, মায়ের দারা পরিগত হইয়া, সেই মাকেই অবজ্ঞা করিতেছ, সেই মাকেই রাক্ষসী বলিতেছ, সেই মাকেই পদতলে নিষ্পেষিত করিতে উপদেশ দিতেছ। "কিছু নাই---প্রপঞ্চ মায়া মাত্র, উহা স্বপ্স—উহাকে পবিচারের পদতলে ফেলিয়া বীরের মত দাঁড়াও।" মায়ের অঙ্কে থাকিয়া যে এত বড় কথা বলে, ভাহাকে অশু অবস্থা হইতে অকৃতজ্ঞ দেখা যায়। মাকে যে রাক্ষসী বলে, তাহার জিহ্বায় উত্তপ্ত লোহ-শলাকা বিদ্ধ করা উচিত – যে মিত্রভাবে সাধনা করে, তাহার হৃদয়ে এইরূপ ধারণা আসিয়া পডে। কিন্তু কার্য্যতঃ আমাদের বলিধার কিছু নাই। কেন না. স্বেহময়ী মা আমার ভাঁহার প্রয়োজনাত্মযায়ী তাহাকে দিয়া এরপ বলাইতেছেন মাত্র। স্বতরাং তাহার অবস্থার পক্ষে উহা ঠিক। উহা শক্রভাবের সাধনা। সে কথা পরে বলিব। মায়ের স্লেহের আমার ব্যতিক্রম কোথাও নাই। যাহাদিগের ধারণা যেরূপ, তাহাদিগের বুঝা উচিত, কে তাহাদিগের মুখ দিয়া এরূপ কথা বাহির করিতেছে। সে কি জ্ঞান নহে ? জ্ঞান কি—সে কি মহাশক্তি নহে ? মহাশক্তি কি—সে কি মায়া নহে ? মায়া কি—সেই জ্ঞান, সেই শক্তি কি, তার আদরের, তার প্রিয়, তার প্রাণের একমাত্র সেই সময়ের উপাস্থ নহে 🕆 সময়ে সে যখন সেই জ্ঞানের পূজা করিতেছে—সেই সময়েই সেই জ্ঞান দিয়াই, যেখান হইতে সে জ্ঞান অভারপে মূর্ত্ত, সেইখানেই পদাঘাত করিভেছে। ইহারই নাম জগতে মত-স্থাপন! মাতৃবক্ষে থাকিয়া মায়ের এক চরণে পুষ্পাঞ্জলি, অন্ত চরণে লগুড়াঘাত, ইহাই জগতের বাদপ্রতিষ্ঠা! ইহা লইয়াই ধর্মবীর-সকলের এত গৌরব। তাই মা আমার হাসিয়া অধীরা। তাই মায়ের আমার মুখখানি হইতে হাসির রেখা নিমিষের জন্ম অন্তর্হিত হয় না। শিশুদিগকে এইরূপ ক্রীড়া করিতে দেখিয়াই মা আমার স্মেরাননা।

তবে এইরপ করিতে করিতেই বালক উভয় চরণেরই বৈশিষ্টা ভোলে; সগুণ নিশুণ, সত্য মিথ্যা, জ্ঞান অজ্ঞান, এই উভয় পদেই তথন শিশু পুস্পাঞ্চলি দেয়, উভয় চরণ ধরিয়াই, শিশু তথন মায়ের মুখের দিকে চাহিয়া পদতলে লুটালুটি করিতে থাকে; তথন শিশু সব ভূলিয়া যায়—তথন শিশু ভোলানাথ হয়— বিশেশর হয়—চকু খূলিয়া যায়—ব্যোস্ ব্যোম্ শব্দে আনন্দের উচ্ছাস ফুটিয়া উঠে, মায়ের চরণ ফ্রন্য়ে প্রতিষ্ঠিত হয়। "মা" "মা" করিয়া শিশু আপনাকে হারাইয়া ফেলে। যে, যে চক্ষু দিয়াই দেখুক—মা ভিন্ন কাহাকেও কেহ কোথাও কখন দেখে নাই!

তাই আধার বলি, মায়া অর্থে—ভ্রান্তি বুঝিও না। উহা মতবাদ। যে যাহা বলিবে, সকল কথার সকল মতের মূল অর্থ সেই মা ব্রিবে। লোকে এইট কু করে না বলিয়া কোন মতেরই ভিতর হইতে মূল মর্ম্ম গ্রহণ করিতে পারে না। দেখ, শঙ্কর বিশাল অদৈত-জ্ঞানে জগৎ উজ্জ্বল-কিরণ-জ্বালাময় করিয়া যাইবার পর, মহাপ্রভু চৈতন্ত, প্রেমের তরঙ্গে—প্রাণের তরঙ্গে কেমন সে দেশ প্লাবিত করিলেন। সর্বান্থ মায়ে সমর্পণ করিয়া—প্রেমের বন্সায় ভাসাইয়া জ্যোভিশ্ময় মাতুমন্দিরের সম্মুখে দেশফে লইয়া গিয়া উপস্থিত করিলেন। তাঁহারা মাতৃ-অঙ্গে মিলাইয়া গেলেন। তাঁহাদিগের সে আলোকমন্দির সম্ভোগ হইল। কিন্তু সহযাত্রীরা আলোকের ক্ষেত্রে দাঁড়াইয়া, আলোকের দিকে চাহিয়া না থাকিয়া, আপনাদিগের দিকে চাহিল। মায়া, অনিত্য, মিথ্যা অথবা পাপ তাপ যন্ত্রণা ইত্যাদি সংস্থাররূপ আপনাদিণের পরিচ্ছদের দিকে তাহাদের দৃষ্টি ধীরে ধীরে নমিত হইল। তাহারা সে আলোক অপেক্ষা আপনাদিগের মতকে ভালবাসে— দেখিল, তাহাদের পোষাক মলিন, ছিন্ন, শত গ্রন্থিযুক্ত পোষাক। আর আলোকের নিকট যাইতে পারিল না। "আমি পাপী," "আমি তাপী," "আমি দীন হীন," অথবা "জগৎ মিথ্যা—কর্ম মিথ্যা" আজ তাই কঠে কঠে প্রতিধ্বনিত। আপনার পোষাক দেখিতেই কাঁদিয়া আকুল।

কোন লোক বর্ষাত্রিরূপে একবার তাহার প্রতিবাসীর পুত্রের বিবাহে নিমস্ত্রিত হইয়াছিল। বরের শোভাষাত্রার সঙ্গে সঙ্গে যথন সে যাইতেছিল, তথন
অনুজ্জ্বল আলোকে তাহার আপন পরিচ্ছদের দোষ সে তত দেখিতে পায় নাই।
গৃহ হইতে বহির্গত হইবার সময় যদিও সে জানিত যে, তার পোষাক ঈষৎ মলিন,
তবু এক প্রকারে চলিয়া যাইবে, এইরূপই সে মনে করিয়াছিল। তার পর ষথন
বিবাহ-বাড়ীতে গিয়া উপস্থিত হইল, তথন সে সভার আলোকমালার তীত্র
উজ্জ্বল আলোকে সে আপনার দিকে চাহিয়া দেখে, তাহার পরিচ্ছদ অভিরিক্ত
মলিনরূপে প্রতিফলিত হইতেছে। সকলের পোষাক পরিচ্ছদ পরিষ্কার, তাহার
পোষাক বড় মলিন। পোষাকের মলিনছ আলোকের উজ্জ্বলভায় স্ফুটতর
হইয়া উঠিয়াছে। তথন তার আর সে সভা দর্শন করা হইল না—সে আপকার

পোষাক ঢাকিতে বৃ্হিরে বাহিরে লুকাইয়া ঘ্রিতে লাগিল। পোষাক—পোষাক করিয়া আপনাকে শত ধিকার দিতে দিতে অশান্তিপূর্ণচিত্তে গৃহে প্রত্যাবর্ত্তন করিল।

আন্ধ মনুষ্যকুলকে সেইরূপ ব্যবহার করিতে দেখিতে পাইতেছি। প্রপঞ্চ মিথাা, এইরূপ ধারণাবদ্ধ জীবের হৃদয়ে মহাপুরুষের প্রেমের বস্থা যথন লাগিল, তথন প্রেমিক ভাসিয়া চলিয়া গল, কিন্তু যে সে প্রেম পায় নাই—সে সেই মিথাার আবর্জনা বুকে লইয়াই আবদ্ধ হইয়া রহিল। মিথাাই সত্যরূপে তাহাকে ধরিয়া রাখিল। "আমি দীন হীন, আমি মহাপাপী, আমি হেয়, তৃণাপেক্ষা তৃচ্ছ," এই কথা বলিতেই তাহাদিগের অনুকরণ-করা প্রেম ফুরাইয়া যাইতেছে – সে মহাপুরুষ যে প্রাণের আলোক-তরঙ্গ সম্মুখে ধরিয়া গিয়াছেন, সহযাত্রীরা সে আলোকে আপনাদিগের পোষাক দেখিতেই ব্যতিব্যস্ত হইয়া পড়িয়াছে। সে মহাপুরুষ্বের মত সে আলোকে—সে অমৃত-সাগরে ঝাঁপাইয়া পড়িতে কেহ পারিতেছে না। সভা সন্দর্শন হইতেছে না, পোষাক পরিদর্শন হইতেছে মাত্র!

এইরপই ঘটিয়া থাকে। পরের মতে কাজ করিতে গেলে এইরপই সংঘটিত হয়। শ্রীশঙ্কর গিয়াছেন—সে তেজ কয় জন হৃদয়ে ধারণ করিতে আজ সক্ষম ? কয় জন কার্যাতঃ তাঁহার শক্তিতে উজ্জীবিত ? তাঁহার মত-রূপ খোলসটুকু লইয়া দস্তে শঙ্কর সাজিতেছে। শ্রীচৈত্য গিয়াছেন—কয় জন প্রেমে তাঁহার মত আত্মহারা—কয় জন তাঁহার মত আত্মহারা—কয় জন তাঁহার মত আত্মহারা—কয় জন তাঁহার মত আত্মহারা—কয় জন তাঁহার থোলস পরিতে ব্যব্য।

তাই বলি, যখন তুমি "সোহহং" বল, "প্রপঞ্চ মিথ্যা" বল, তখন "স" ভুলিয়া, মাতৃ-পীড়করূপে প্রতিপন্ন হও। যখন "দীনহীন, পাপী তাপী" বল, তখন আত্মপ্রবঞ্চকরূপে প্রতিপন্ন হও। কিছু বলিতে হইবে না। খোলসের দিকে চাহিও না। শঙ্করের প্রাণ লও—মহাপ্রভুর প্রেম লও। শঙ্করের তেজে দশুায়মান হও— চৈতন্তের প্রেমে প্রেমিক হও। যদি দেখিতে চাহ,— তাঁহাদিগের স্বরূপ দেখ—তাঁহাদিগের পোষাক লইয়া গোলমাল করিও না। তাঁহাদের মত দেখিতে যাইও না। আগে টানে পড়িয়া টান অনুভব কর, তার পর বলিও। আগে মায়ের বা মায়ার পূজা কর—তার পর বর পাইয়া তোমার যথার্থ মত স্কৃটিয়া উঠিবে। তুমি কি অবলম্বন করিয়া কোন্ মতে চলিতেছ, বুঝিবে।

এইরপ মায়ের পোষাক লইরা আগে গোলমাল করিও না—আপনার

পোষাক লইয়া আগে বিমনা হইও না। জলও ভাসাইয়া লইয়া যায়, বারুও উড়াইয়া লইয়া যায়; ভোমরা জল কি বারু, বিচার করিতে বসিও না। ভাহাদের সেই টানটা লক্ষ্য কর। মাকে টানিয়া বুকে লইয়া আপনি মা হও; আর্ধাৎ শহরের মত সোহহং জ্ঞানময় হও। অথবা আপনাকে মায়ে ঢালিয়া দিয়া মায়ে মিলাইয়া যাও—বা শ্রীচৈতক্ষের মত আত্মনিবেদন কর—একই কথা। শহর চৈতক্য একই—নিগুণ সগুণ একই—সত্য ভাস্তি একই—তুমি মা বলিতে মত বিস্মৃত হও, তখন বুঝিবে।

সাধকের পক্ষে ভ্রান্তিযুক্ত অর্থে—আপনাকে ভূলিয়া যাওয়া, আত্মহারা হইয়া ভ্রমণ করা। ভ্রান্তি আত্মহারা করে! মাতা পুত্রে আত্মহারা হক—পুত্র মায়ে আত্মহারা হক, মা আমার ভ্রান্তিময়া। ভ্রান্তিই যদি জগৎকারণ হয়, তবে এ ভ্রান্তি অমূল্য! এ ভ্রান্তি শুধু মাতা-পুত্রের ভোগ্য। এ ভ্রান্তি দেবতার ভোগ! মায়াবাদ এ ভ্রান্তিরই অপব্যবহার! এ ভ্রান্তিকে বিশ্বক্রমাণ্ড সন্ত্রাসে পথ ছাড়িয়া দেয়। মা ভ্রান্তিময়ি! তবে একবার আয় মা—এই কোটি কোটি পুত্রকে এক ভ্রান্তিতে ডুবাইয়া, আপনি তাহাদের সঙ্গে ভ্রান্তিতে ডুবিয়া, মা মা করিয়া ভ্রান্তিরে একবার শুনিতে দি মা! একবার মা মা রবে মন্ত্র্যা-জগত্তের প্রবণ-কৃহর পূর্ণ করিয়া দে ভ্রান্তিময়ি! তোর ভ্রান্ত পুত্র ভ্রান্ত ধারণায় বিভ্রান্ত হইয়া তোর ভ্রান্তিতে আপনাকে হারাইয়া ফেলুক!

আমরা মূল কথা হইতে বহু দূরে আসিয়া পড়িয়াছি। মায়া সম্বন্ধে আলোচনা করিবার সময় ইহা বিশদভাবে বলিব। এখন জীবসকলে যে বছভাব আছে, স্প্তি সম্বন্ধে যে প্রকৃতি ও পুরুষ জ্ঞান আছে, যে জড়গুণ ও জড়াতীত চৈতন্য জ্ঞান আছে, তাহা লইয়াই কার্য্য আরম্ভ করিতে হইলে যেরূপ প্রজ্ঞার সহিত কার্য্য করিতে হয়, তাহাই বলিতেছি। সেই প্রজ্ঞাটুকুর কথা ভগবান্ পূর্ব্ব পূর্ব্ব শ্লোকের ভিতর আভাষ দিয়াছেন, এবং পর শ্লোকগুলিতেও আভাস দিবেন। সেটা স্থুলত: আর কিছুই নহে, ভগবানে বুদ্ধিযুক্ত হওয়া—বুদ্ধির ঘারা মাকে জড়াইয়া ধরা। ভোমরা এখন ভেদ বুদ্ধি লইয়া আছ, স্থতরাং সেই সেই ভেদ-বুদ্ধির সাহায্যেই ধরিতে হইবে। অর্থাৎ এখন ভোমরা প্রত্যেক জিনিয়কে বিভিন্নরূপে একই জিনিয় তোমাদের চক্ষে প্রতীয়মান হইতেছে— একই শক্তি বিভিন্নরূপে

তোমাদের হৃদয়ে নাচিতেছে —একই মা আমার বিভিন্ন বিভিন্ন রূপে ভিন্ন ভিন্ন সময়ে তোমায় বুকের ভিতর জড়াইয়া ধরিতেছে। তুমি সেই প্রভাক ভিন্ন শক্তি বা ভাবটীকে মাতৃ-বৃদ্ধির দারা জড়াইয়া ধর। এখন বৃক্ষ লতা, চন্দ্র সূর্য্য, আকাশ, মহায় পঞ্জ, এ সকল বিভিন্ন রূপ তোমার চক্ষে প্রতিফলিত না হইয়া ছাড়িবে না। এখন কাম ক্রোধ, লোভ মোহ, ভক্তি প্রেম, স্নেহ ভালবাসা, এই সকল বিভিন্ন ছল্লবেশ পরিধান করিয়া মা আমার আসিতেছেন এবং আসিবেন। এখন কাম তোমায় অভিভূত করিবে, ক্রোধ তোমার বৃদ্ধি ধ্বংস করিবে, মোহ তোমায় আচ্ছন্ন করিবে, ভক্তি তোমায় বিগলিত করিবে—স্নেহ ভোমায় লৌহ-নিগড়বং জড়াইয়া ধরিবে। এখন কর্ণ, শব্দ বলিয়া মাকে আনিবে—জিহ্বা, রস বলিয়া মাকে আনিবে। এ সকলের দারা বিভিন্ন বিভিন্ন ভাবে তোমায় এখন অভিভূত হইতেই হইবে। ভগবান্ বলিতেছেন, যখন আসিব, তখন ত তোমাকে মুগ্ধ করিবই, কিন্তু আসিয়া চলিয়া যাইবার পর যে মুর্ত্তিতে আসিয়াছিলাম, যখন আবার সেই মূর্ত্তিটী স্মরণে আসিবে, তখন আমিই সেই মূর্ত্তিতে আসিয়াছিলাম, এই বুদ্ধি বুকে ফুটাইয়া তুল। ক্রোধ আসিয়া যখন ভোমার বুকে আধিপত্য করিবে, তখন ত অভিভূত হইবেই, কিন্তু ভার পর যখন সেই ক্রোধের কথা মনে পড়িবে, তখন ভাবিও, মা-ই আমার ঐ মূর্ত্তিতে আসিয়াছিলেন। কাম আসিয়া যখন চিত্তক্ষেত্রকে উদ্রিক্ত করিবে, তখন ভ তুমি অন্ধ হইবেই, কিন্তু যখন সেই কাম পাছু ফিরিবে, তখন মা'ই আমার ঐ মূর্ত্তিতে আসিয়াছিলেন বলিয়া তাঁহাকে প্রণাম কর। ছল্পবেশিনী যত রকম ছদ্মবেশে ভোমায় নাচাইবে, সে ছদ্মবেশিনী চলিয়া যাইবার সময় ভাহার পশ্চাতে মা বলিয়া প্রণাম করিও। যে ভাব ইন্দ্রিয়সকল বহন করুক না কেন, যে ভাব হৃদয়কে বিচলিত করুক না কেন, তুমি বৃদ্ধির দারা এই অভ্যাস কর, প্রত্যেকটীকেই যেন অস্ততঃ চলিয়া যাইবার পরও একবার মা বলিয়া পূজা क्रिंदि भात । इन्नादिश्मिनीत भग्नादि भग्नादि এই तभ व्याप कत -- निया যাইবার পরও তাহাকে এইরূপে চিন। বুকের কবাটে ধাকা মারিয়া অপদারিত হইবার পরও মা বলিয়া তাহাকে সম্ভাষণ কর। দেখিবে, ছদ্মবেশিনী আর বহু দিন ছদ্মবেশ ধারণ করিয়া থাকিতে পারিবে না, হাসিয়া অচিরে একদিন ভোমার ললাট চুম্বন করিবে। কাম আসে আমুক, তুমি পরক্ষণেই বল —'জ্বয় মা'; ক্রোধ আদে আত্মক, তুমি পরক্ষণেই বল—'জয় মা'; ভক্তি আসে আত্মক,

তুমি পরক্ষণেই বল 'জয় মা'; বিবেক আসে আস্ক, তুমি পরক্ষণে বল —'জয় মা'; চল্র স্ব্যা, আকাশ পাতাল, অন্ধকার আলোক, দ্বেষ হিংসা, স্নেহ প্রেম, যাহা আসে আস্ক, তুমি পরক্ষণে কেবলমাত্র 'জয় মা' 'জয় মা' বলিতে থাক। বিজয়া মা আমার ভুবনমোহিনী মৃত্তিতে—স্থিরা সনাতনী মৃত্তিতে তোমার অবসাদ দূর করিয়া দিবেন।

তোমরা প্রাণায়াম, প্রভ্যাহার, ধারণা, ধ্যান, সমাধি ইত্যাদি লইয়া মাথা ঘামাও; ডোমরা গুণ, মায়া, প্রপঞ্চ ইত্যাদি হইতে দূরদেশে অবস্থিত কোন এক জিনিষকে ধরিয়া গুণাতীত হইতে চেষ্টা করিয়া থাক; তোমরা উপস্থিত অন্ধ পরিত্যাগ করিয়া অনুপস্থিত অন্নের জন্ম প্রয়াস কর। তাই ভগবান্ বলিতেছেন, আগে এইরূপে বুদ্ধির দারা আমাতে যুক্ত হও। যাহাকে খুঁদ্ধিতে চেষ্টা করিতেছ, তাহার স্বতন্ত্র গৃহ নাই, অথবা স্বতন্ত্র গৃহ থাকিলেও তাহার সে গৃহে সন্ধান করিয়া যাইবার প্রয়োজন এখন নাই; সে তোমার দারে প্রতি মুহূর্তে আসিভেছে, তুমি আপনার দ্বারপ্রাস্থে তাহাকে ধরিবার জম্ম উচ্চোগী থাক। তুমি যেন তোমার গৃহে বসিয়া আছ, আর মা যেন ক্লণে ক্লনে নৃতন নৃতন ছল্পবেশ পরিধান করিয়া ভোমার দারে আসিতেছেন। তুমি বার বার ঠকিতেছ। তুমি আর নাঠক—আর নাবঞ্চিত হও; অন্ততঃ চলিয়া যাইবার পরও তাঁহাকে মা বলিয়া পরিজ্ঞাত হও। ছই বার, দশ বার, শতবার অথবা সহস্র বার এইরূপ কর। ছন্মবেশিনী প্রতিবারে বঙ্কিম নয়নে, আভে আড়ে ভোমার এই ব্যবহার প্রভাক্ষ করিবেন। তখন ধীরে ধীরে হাসির উৎস তাঁর প্রাণে ফুটিবে—তখন একবার আসিয়া হাসিয়া ফেলিয়া ধরা পড়িয়া যাইবে। ইহারই নাম বুদ্ধিযুক্ত হওয়া—ইহাই প্রজ্ঞা।

> নেহাভিক্রমনাশোহস্তি প্রত্যবায়ো ন বিছতে। স্ক্রমপ্যস্থ ধর্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ॥ ৪০

ন ইহ কর্মযোগে অভিক্রমনাশঃ অন্তি, প্রত্যবায়ঃ ন বিছতে; স্বর্ম্ অপি অস্ত ধর্মস্ত মহতো ভয়াৎ তায়তে।

ব্যবহারিক অর্থ।—এইরপ কর্মযোগের আরস্তে কখনও বিদ্ব নাই, প্রভাবায়ও নাই; ইহার স্বল্পমাত্র অসুষ্ঠিত হইলেও মহৎ ভয় হইতে পরিত্রাণ পাওয়া বা।

যৌগিক অর্থ।—কামি পূর্ব্বশ্লোকে যে ভাবে যুক্ত হইতে বলিয়াছি, উহা সমস্ত দিবারাত্রির কার্য্যের পক্ষেও যেমন, এবং একবার ঈশ্বরচিস্তা করিতে বসিলেও তদ্ধেপ করণীয়। অর্থাৎ তোমার সারাদিনের কার্য্যসকলকে ঐ ভাবে যুক্ত করিতে চেষ্টা ত করিবেই, নিত্যক্রিয়ারূপে যখন ঈর্থর আরাধনা করিতে সচেষ্ট হও, তখনও ঐ ভাবে যুক্ত হইতে সচেষ্ট হইবে। মুদিতনয়নে নিৰ্জ্জনে শুদ্ধচিত্তে বসিয়া যখন ভূমি মায়ের আমার চরণ তুথানি হৃদয়ে আঁকিতে ব্যস্ত হও, ধীর স্থির সংযত উল্লমের সহিত যথন তুমি তোমার উপাস্থ দেবতার সিংহাসন রচনায় নিযুক্ত হও, তখন তোমার সংস্কারের ছায়াবাজী ঘুরিয়া ঘুরিয়া আসিয়া তোমার সে চরণ-চিত্র মৃছিয়া দেয়—তোমার সে সিংহাসন ভাঙ্গিয়া দেয়। তুমি কত সাধে—কত যত্ত্বে—কত আকুলতার সহিত তোমার সংস্কারের কাদামাটি লইয়া ইফদৈথকে গড়িতেছিলে, সহসা কোথা হইতে কলিমরাশি আসিয়া সে মূর্ত্তি বিকৃত করিয়া দিল। তুমি কোন জ্যোতিঃ কল্পনায় তোমার ইউমূর্ত্তি ফুটাইয়া তুলিতে নির্জ্জনে বুকের ভিতর গিয়া স্থসংযতভাবে উল্লম করিতেছ, কোথা হইতে অহা কি বর্ণচ্ছটা আসিয়া তোমার সে মূর্ত্তি ঢাকিয়া দিল। তোমার প্রতিমা নির্মাণ হইল না—তোমার পূজা হইল না, তুমি আকুলভাবে কাঁদিয়া, শক্তিহীন ভাবিয়া প্রণাম জানাইয়া জগতের কার্য্যে নিযুক্ত হইলে। এইরূপ সাধারণতঃ ঘটিয়া থাকে।

কিন্ত এবার ফুটাইয়া তুলিব, এইরূপ কৃতনিশ্চয় হইয়া তুমি পূর্ব্বোক্ত প্রকার বৃদ্ধিযোগের অনুষ্ঠান কর অর্থাৎ ইষ্ট চিন্তা করিতে বিদয়া প্রাণের ভিতর যে ভাব, যে ছবি উদয় হউক না কেন, তুমি সেইটিকেই ছদ্মদেশী ইষ্টদেবতা বলিয়া ভাব। যে চিত্র প্রাণে ফুটুক না কেন, সেইটারই পদে তোমার প্রাণের পূপাঞ্চলি দাও। এক মূর্ত্তি যাইতেছে, অন্ধ মূর্ত্তি আসিতেছে। মূর্ত্তির পর মূর্ত্তি—চিত্তের পর চিত্র—ভাবের পর ভাব, কত রূপ তোমার হৃদয়ক্ষেত্রে ফুটিয়া উঠিতেছে—উঠুক, তুমি প্রত্যেকটীর চরণে প্রণাম করিবার জন্য বৃদ্ধিযুক্ত হইয়া থাক। প্রত্যেকটীর চরণে যেন তোমার অর্থ্য প্রদত্ত হয়, তোমার ভক্তির গন্ধান্থলেপন না মাথিয়া কোনটা যেন ফিরিয়া না যায়। যাহা সাধ্য, যতগুলি ছবিকে পার—যতগুলি ভাবকে পার, এইরূপে পূজা করিও। আঁকিতেছ শিব, হয় ত সর্পমূর্ত্তি দেখিলে, তুমি ঐ সর্পমূর্ত্তিকেই ছন্মবেশী দেবতা বলিয়া প্রণাম দাও। তুমি জানিও, যথনই তুমি ক্রদয়-সিংহাসনে তোমার দেবতাকে বসাইবার

জন্ম কৃতসঙ্কল্প হইয়াছ, তখনই সে হৃদয় দেবতার অধিকারে, গিয়াছে ' ব্রহ্মাণ্ডে এমন কেহ নাই, যে আর তখন ঐ সিংহাসন স্পর্শ করিতে পারে। যেরূপ আস্থারিক ভাবই তোমার হৃদয়-সিংহাসন অধিকার করুক না কেন,—যেরূপ চিত্র আসিয়াই তোমার হৃদয়-ক্ষেত্র মণ্ডিত করুক না কেন, জানিও, তোমার দেবতাই ঐরূপ ছ্মবেশে আসিয়াছেন; তুমি পূজা কর। কিছুক্ষণ এইরূপ করিতে পারিলে সে ছ্মবেশ পরিত্যাগ করিয়া দেবতা ভোনার ফ্টিয়া উঠিবে। ছ্মাবেশের খেলা হাসিতে হাসিতে সরাইয়া দিয়া, ভোমার দেবতা স্বরূপে সিংহাসনে অধিষ্ঠিত হইবেন। চতুরা মায়ের লুকাচ্রি খেলা ভাঙ্গিবে। তখন পূজায় প্রীতা হইয়া মা তোমায় মাক্ষরূপ বা সমাধিরূপ আর এক খেলাঘরে প্রেশে করিতে দিবেন।

এইরপ প্রারম্ভের নাশ নাই—বিফলতা নাই—বিদ্ন নাই। ইহার স্বল্পমাত্র অনুষ্ঠিত হইলেও তোমার ক্রন্থের ত্রস্ত অভাব বিনষ্ট হইবে, তুমি তোমার দেবতার সন্ধান পাইয়া জন্মসূত্যুকপ মহাসঙ্কট হইতে পরিত্রাণ পাইবে। তোমার এ আরম্ভের নাশ নাই; কেন না, কালভয়বারিনী মাতৃলাভই তোমার সঙ্কল্প। তোমার এ আরস্ভে বিদ্ধ নাই; কেন না, সর্কবিদ্ধবিনাশিনী জননীই তোমার লক্ষ্য। আরম্ভ মাত্রই তোমার মহাভয়ের পরিত্রাতা; কেন না, অভয়া জননী তোমার উপাস্ত।

যদিও কর্মমাত্রেই সিদ্ধি—যদিও কোন কর্মই বৃথা যায় না—যদিও যতটুক্
মাত্র কর্মা, ততটুক্ মাত্রই সিদ্ধি; কিন্তু অম্য কর্ম অপেক্ষা ইহার একটু সাতস্ত্রা
আছে। কর্মাত্র বৃথিতে গেলে আমরা দেখিতে পাই, কর্ম্মের তিলমাত্র বিফল
নহে। কর্মাই ঘনীভূত হইয়া ফলরূপে আমাদিগের অমুভূতিতে আসে। কারণ
পুঞ্জীভূত হইয়াই কার্যা হয়। যাহা কিছু দেখিতে শুনিতে বা উপভোগ করিতে
পাই, আমারই পূর্ব্ব পূর্ব্ব সঞ্চিত কর্মাই এরপে প্রস্কৃতিত হইডেছে মাত্র। কর্ম্ম
আলোচনার সময় এ সম্বন্ধে বিস্তৃতভাবে আলোচনা করিব। এখন কেবলমাত্র
বিশ্বের কথা, আরম্ভ, নাশের কথা বলি। প্রতি কর্ম্ম আরম্ভেই ফল পাই না
কেন, প্রতি কর্ম্ম আরম্ভ মাত্রেই ফলরূপে ফুটিয়া উঠে না কেন? কালরূপ
একটা ক্ষেত্রে আমরা সম্বন্ধের দারা আবদ্ধ বলিয়া—কালের দিকে আমাদের
লক্ষ্য থাকে বলিয়া; অর্থাৎ কর্ম্মটা এন্ডক্ষণ হইল, এতটা হইল, এইরূপ
একটা ধারণা থাকে বলিয়া। আমাদিগের জন্মমরণরূপ মোহ এইরূপে

একটা কালের গুণ্ডী আঁকিয়া দিয়াছে বলিয়া, আমরা এইরূপ একটা কালের সাপেক্ষতা দেখিতে পাই। কিন্তু এই অপূর্বে বৃদ্ধিযোগে এ কাল-সাপেক্ষতা দাঁডাইতে পারে না। কেন না, যে জিনিষ এ যোগের লক্ষ্য, সে জিনিষে ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান মিলাইয়া গিয়াছে—সে জিনিষে অতীত ও ভবিশ্বং বর্ত্তমানরূপে চিরপ্রতিষ্ঠিত। সেই জ্বল্ল যতটুকু মাত্রাতেই আমরা এ কর্ম্মের স্টুচনা করি না কেন, আমাদিগের এ কালকল্পনা সর্ব্বাগ্রেই তিরোহিত হইবে। আমরা পদে পদে ব্ঝিতে পারিব, জন্মরণরূপ বা জীবন মরণভয়রূপ মহাশঙ্কট অপসারিত হইয়া যাইতেছে। যে মুহূর্তে তুমি মা বলিয়া একবার ডাক, সেই মুহুর্ত্তেই দেখিতে পাও, তোমার অবসাদ বিদূরিত হইয়া যায়—সেই মুহুর্তেই দেখিতে পাও, প্রাণ যেন কেমন একটা চিরবর্তমান ক্ষেত্রে গিয়া লাগিয়া যায়-প্রাণ যেন কি একটা চিরদিনের আশ্রয়, অবলম্বন পাইয়া কুভার্থ হয়। মহাত্মা শঙ্করাচার্য্য বলিতেন,—মা গো! তোমায় ডাকিতে হয় না: ভোমায় ডাকিব, এই কথাটুকু স্মরণ হইবামাত্র ভূমি সন্তানকে নিজ অঙ্কে ভূলিয়া লও-তুমি আপন অঙ্গে যুক্ত করিয়া লও-তুমি সাযুজ্য-পদ প্রদান কর। মাত্ত-সম্ভানের এ মহাবাক্য মাতৃ-সম্ভানমাত্রেই অমুভব করে—মাতৃ-সম্ভানের এ অপূর্ব্ব সম্বোগপুর্ব আশ্বাসবাণী প্রতি সম্ভানকে আনন্দে আত্মহারা করিয়া ভূলে। মাতৃহারা ভাব ভূলিয়া প্রতি সস্তান মাতৃভাবে আত্মহার। হয়। প্রতি সন্তান আপনাকে মায়ের বরপুত্র বলিয়া বিবেচনা করে।

তাই ভগবান্ বলিয়াছেন, এ বৃদ্ধিযোগের তিলমাত্র অনুষ্ঠিত হইলেও মহাভয় বিদ্বিত হইয়া যায়—একবার মা বলিতে পারিলেও প্রাণটা অমরত্বের দিকে ছুটিয়া চলিয়া যায়। জীব! সাধক! ভীত হইও না—এ অমোঘ আশাসবাণী প্রাণ হইতে মুছিও না—মায়ের এ অপূর্ব স্বেহের উৎসাহবাক্য বুকে গাঁথিয়া রাখ। স্বল্লমাত্র অনুষ্ঠিত হইলেও মহাভয় যে আমাদিগের ঘুচিবে, এ চিরসিদ্ধান্ত প্রাণে প্রতিষ্ঠিত কর। দৈনন্দিন কার্য্যমধ্যেও যেমন এবং ঈশ্বর উদ্দেশ্যে নিভ্যক্রিয়া সপ্তদ্ধেও ইহা তক্ষপ!

ৰ্যবসায়াজ্মিকা বৃদ্ধিরেকেই ক্রুনন্দন! ৰহুশাখা হ্যনন্তাশ্চ বৃদ্ধয়োহ্ব্যবসায়িনাম্॥ ৪১

ব্যবসায়ান্মিকা (নিশ্চয়স্বভাবাঃ) একৈব বৃদ্ধিঃ, কুরুনন্দন। অব্যবসায়িনাং বৃদ্ধয়ঃ বৃদ্ধশাথা বহুভেদা ইতি এতংপ্রতিশাখাভেদেন হি অনস্থাশ্চ। ব্যবহারিক অর্থ।—নিশ্চয়াক্সিকা বৃদ্ধি একমাত্র হইয়া থাকে। এই প্রজ্ঞা বিষয়ে সংশয়রহিত হইলেই বৃদ্ধি একমুখী হয়। কিন্তু অনিশ্চয়াত্মিকা বৃদ্ধি অনস্ত, বহু শাখাবিশিষ্ট। যোগে সংশয়যুক্ত ব্যক্তিদিগের বৃদ্ধি বহুমুখী।

যৌগিক অর্থ।—ভগবান্কে চাই, এরপ কৃতনিশ্চয় হইলে এবং পুর্বেজ প্রকারের প্রজা হৃদয়ে ধারণ করিলে তখন বুদ্ধি একমুখী হইয়া যায়; হৃদয়ে সমস্ত চিত্তবৃত্তির আবির্ভাবকে ভগবান্ বলিয়া চিনিলে অথবা চিনিবার জয় কৃতনিশ্চয় হইলেও বুদ্ধি নিশ্চয়াত্মিকা হইয়া যায়—বৃদ্ধির গতি চারি ধার হইতে গুটাইয়া অসিয়া একমুখে ছুটিতে থাকে। প্রাণের দেবতাকে লক্ষ্য করিয়া সমস্ত বুদ্ধি তন্ময় হইয়া যাইতে থাকে। বুদ্ধি তখন যথাৰ্থ বুদ্ধি নামের উপযুক্ত হয়। অন্তঃকরণের নিশ্চয়াত্মিকা বুত্তির নামই বৃদ্ধি, এবং অনুসন্ধানাত্মিকা বৃত্তির নাম চিত, সঙ্কল্পবিকল্পাত্মিক। বৃত্তির নাম মন। মনকে দিয়া একবার সঙ্কল্প করাইয়া লইতে পারিলে তথন চিত্ত বা অমুসন্ধানাত্মিকা বুত্তি ফুটিয়া উঠে। তথন পূর্ব্বোক্ত প্রজ্ঞা অবলম্বন করিয়া প্রত্যেক বস্তুর ভিতর মাকে অম্বেষণ করিতে সে বৃত্তিসকল ধাবিত হয়। এবং তখন নিশ্চয়ই সে আরাধ্য বস্তু পাইব, এইরূপ সংশয়রহিত ভাব প্রাণকে উৎসাহপূর্ণ করিয়া তুলে। প্রাণে আর সংশয় ফুটে না—সন্দেহ আসিয়া প্রাণকে আর বিচলিত করে না। সমস্ত অন্তঃকরণটুকু পূর্ণ বিশ্বাদে রঞ্জিত হইয়া উঠে। কিন্তু যাহারা কুতনিশ্চয় নয়, যাহাদিগের মন সম্বল্প করে নাই, অথবা যাহাদের সঙ্কল্প মুহুর্ত্তে মুহূর্ত্তে বিকল্পে পরিণত হইয়া যায়, তাহাদিগের অনুসন্ধানাত্মিকা বৃত্তিও বা চিত্তও আচ্ছন্ন হইয়া পড়ে—বৃদ্ধিও নিশ্চয়াত্মিকা হয় না। সে বুদ্ধি বুদ্ধি নামের যোগ্যই নহে। তোমাদিগের যে বুদ্ধি আছে—যে বুদ্ধি লইয়া তোমরা ঘর কর, উহা বুদ্ধি নামের উপযুক্ত নহে। কেন না, মনের বিকল্প ধর্ম্মের দ্বারা চিত্তবৃত্তি পরিবর্ত্তনশীলা এবং দেই পরিবর্ত্তনশীলা চিত্তরভির তাড়নায় তোমাদিগের নিশ্চয়াত্মিকা রুভিও মুহুর্ত্তে মুহুর্ত্তে ভাঙ্গিয়া যায়। আজ যাহাকে এক রকম দেখিতেছ, কাল তাহা অস্তরূপ দেখ—আজ মায়ের সম্বন্ধে যেরপ ধারণা আছে, কাল তাংা অক্সরূপে পরিবর্ত্তিত হয়। নানা প্রকার উভ্তমের দিকে তোমাদিগের বুদ্ধি বা নিশ্চয়াত্মিকা বৃত্তি ধাবিত थाक ।

বৃদ্ধির দর্শনশাস্ত্রোক্ত নাম মহতত্ত্ব। এই মহত্তের সহজাত আর একটী তব

আছে, যাহার নাম অহংতর। এই মহতার বা বুদ্ধিতরেই মহামায়া পূর্ণরূপে প্রতিবিশ্বিত হন। এই মহতার যতক্ষণ না এক প্রকার অনুসন্ধান দারা একরপে ওরক্ষিত হয়, ততক্ষণ মা আমার ইহাতে বিশ্বিত হইতে পান না, এবং ততক্ষণ তাহার সহজাত অহংতর বা আমাতে ও সে মায়েতে সম্বন্ধের পূর্ণ অনুভূতি আসে না। মহতারে বা মহামায়ার অঙ্কে আমি আছি, ইহা সত্য; কিন্তু উহা অলক্ষ্য। মহতার স্থিরীকৃত হইলে আমি বা ঐ অহংতর লক্ষ্য হয়। এই বৃদ্ধি বা মহতার ব্যক্ত স্থার বা হিরণাগর্ভ।

ভাই বলিভেছিলাম, মা মা করিয়া ভোমার অনুসন্ধানরতি ভোমার প্রাণের প্রত্যেক ভাবের ভিতর চুকিতে থাকুক—প্রভ্যেক ভাবের চরণে মা মা করিয়া পুটাইয়া পড়িতে থাকুক। তখন ভোমার ঐ মহত্ত্ব এক প্রকার অনুসন্ধানে, এক প্রকার নিশ্চয়াত্মিকা বৃত্তির দ্বারা একই প্রকার তরঙ্গে উদ্বেলিত থাকিবে। এবং তখনই সে দেবতা উহাতে প্রভিবিশ্বিত হইবেন। যতক্ষণ বছ প্রকারে ভোমার ঐ নিশ্চয়াত্মিকা বৃত্তি পরিচালিত থাকিবে, ততক্ষণ মাকে পাওয়া হুরহ। তাঁহাকে চাই, এইরূপ নিশ্চয়াত্মিকা বৃত্তি প্রাণের উপর আধিপত্য করা চাই। এরপ আধিপত্য করাইবার জন্ম প্রত্যেক চিত্তবৃত্তির ভিতর চক্ষু বাড়াইয়া দেওয়া চাই, এবং এরপ চক্ষু বাড়াইয়া দিবার জন্ম রতসক্ষর হওয়া চাই।

চিত্তবৃত্তিসকলের কার্য্য যাহাই হউক না, ভাহাদিগের উদ্বোধনে ভোমাদিগের প্রাণ যেরূপ ফলই প্রাপ্ত হউক না, ভাহাদিগের সাময়িক মূর্ত্তি যেরূপ ভাবই ধারণ করুক না, ভোমরা সে দিকে চাহিয়া থাকিও না। সে দিক্ হইতে যত শীঘ্র সম্ভব, চক্ষ্ ফিরাইয়া শুধু ভাহার অন্তর্গত মহাশক্তি দর্শন কর—সেই শক্তির চরণে নমস্বার কর—সেই শক্তিকে আরাধনা কর—সেই শক্তিকে মা বলিয়া চিনিতে অভ্যাস কর।

যামিমাং পুজ্পিতাং বাচং প্রবদস্ত্যবিপশ্চিত:।
বেদবাদরতাঃ পার্থ নান্তদস্তীতিবাদিনঃ॥ ৪২
কামাত্মানঃ স্বর্গপরাঃ জন্মকর্মফলপ্রদাম্।
ক্রিয়াবিশেষবস্থ্নাং ভোগেশ্বর্যগতিম্প্রতি॥ ৪৩
ভোগেশ্ব্যপ্রসক্তানাং তয়াপক্তচেত্সাম্।
ব্যবসায়াত্মিকা বৃদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে॥৪৪

পার্থ! অবিপশ্চিতঃ মৃঢ়াঃ বেদবাদরতা বেদে যে বাদ' অর্থবাদাঃ বাদফলসাধনপ্রকাশকের বেদবাক্যের রতাঃ প্রীতাঃ অন্তং ঈশ্বরো বা মোক্ষঃ বা নান্তি,
ফর্গধনাদিফলসাধনেভাঃ কর্মভাঃ নাক্তং অন্তি ইতি বাদিনঃ কামাত্মানঃ বাসনাকল্মিতচিত্তাঃ স্বর্গপরাঃ জন্মকর্মফলপ্রদাং ভোগৈশ্বর্যাগতিম্প্রতি ক্রিয়াবিশেষবহুলাং যাম্ ইমাং পুম্পিতাং বাচং প্রবদন্তি, তয়া অপদ্রতচেতদাং ভোগেশ্বর্যাপ্রসক্তানাং তেষাং ব্যবসায়াত্মিকা বৃদ্ধিঃ সমাধো ন বিধীয়তে।

বাবহারিক অর্থ।—পার্থ! যাহার। বেদের খণ্ড কর্মফলবাদে পরিতৃষ্ট, অর্থাৎ যাগয়ন্দ্রাদি কর্মসকল স্বর্গ, ধন, সিদ্ধি আদি প্রাপ্তির উপায়শ্বরূপ, ঐরপ প্রাপ্তি ব্যতীত ঈশ্বরতত্ত্ব বা মোক্ষতত্ত্ব কিছু নাই,—জন্মকর্মফলপ্রদ ভোগৈশ্বর্যা প্রাপ্তির উপায়শ্বরূপ যজ্ঞাদি কর্ম্ম পদ্বন্ধে কামাত্ম। স্বর্গপরায়ণ যে মৃঢ্গণ এইরূপ পুলিত বাক্য কহিয়া থাকে, অপক্রতচিত্ত এবং ভোগৈশ্বর্য্যে আসক্ত তাহাদিগের নিশ্চয়াত্মিকা বৃদ্ধি সমাধির যোগ্য নহে।

যৌগিক অর্থ।—প্রত্যেক কর্ম হইতে আমরা তুইরূপ ফল প্রাপ্ত হই। একটা মুখ্য বা আপাতলক্ষ্য ফল এবং অক্সটা উহার সংস্কারাত্মক গৌণ ফল। প্রত্যেক কর্মের ভিতর এই গৌণ ফলট এক অর্থাৎ আমাদিগের মোক্ষসাধক। কর্মমাত্রেরই গৌণ ফল ক্রমশঃ আমাদিগকে মাতৃরাজ্যের সমীপবর্তী করিতেছে। প্রতি কর্ম্মের ভিতর দিয়া একটা স্লেহের আকর্ষণ অন্তঃসলিলা ফল্পনদীর মত প্রবাহিত হইয়া আমাদিগকে মাতৃমুখী করিয়া তুলিতেছে। কিন্তু এই ফলটি গৌণ: কর্মমাত্রেরই এইটুকু প্রধান লক্ষ্য হইলেও আমবা সাধারণতঃ কর্মের এই ফলের দিকে—এই স্রোতের দিকে চাহিয়া থাকি না। আমরা কর্মের অম্রতম ফলটার প্রতি লক্ষ্য করিয়া সাধারণতঃ কর্ম্ম করিয়া থাকি. আপাতভোগ্য ফলটি সাধারণতঃ আমরা লক্ষা করিয়া থাকি, এবং উহাই আমাদিগের নিকট প্রধান ফল বলিয়া পরিগণিত হয়। আমাদিগের এই অন্ধ দৃষ্টি ফিরাইবার জন্ম আপাতভোগ্য ফলটীকে উপেক্ষা করিয়া, উহার অভ্যস্তরস্থ মোক্ষপথ অমুবর্ত্তক ফলনীতে আমাদিগের লক্ষ্য স্থাপিত করাইবার জম্ম বেদে কর্মকাণ্ডের উল্লেখ হইয়াছে। সাধারণ কর্ম-সকলের ভিতর দিয়া ঈশ্বরাভিমুখে আমরা ধাবিত হইলেও উহার বাহ্যিক বা আপাতভোগ্য ফলগুলি আমাদিগের আশা সম্যক্রপে পরিপূর্ণ করিতে পারে না। অভাবের যন্ত্রণা আমাদিগের বুকের ভিতর क्षिशिश जूटन, এवः इःथमग्र कर्ष्मवद्भातनत्र निगष् निर्माण करत्। अहे कस्र त्यम

এমন কতকগুলি কর্মে উদ্ভাবন করিয়া গিয়াছেন, যেগুলি সম্পাদন করিলে আমাদিগের দৃষ্টি কর্মমাত্রেরই অভ্যন্তরস্থ ঐ ভগবৎমুখী গতির দিকে স্থাপিত হয়, এবং উহাদিগের বাহ্য ফল কর্ম্মবন্ধনকে কভকটা সুখময় করিয়া ফুটাইয়া সাধারণ কর্মের বাহ্য ফল-সকল আমাদিগকে সকল সময় মাতৃমুখে আকর্ষণ করিতে পারে না বলিয়া—ঔষধের তিক্ততা যেমন সময়ে সময়ে রোগীকে বিরক্ত করিয়া ভূলে, তেমনি ভাবে সাধারণ কর্মসকল আমাদিণের বিরক্তিকর হইয়া উঠে বলিয়া—সেই কর্মসকলকে মধুময় করিয়া তুলিবার জন্ম বেদ কতকগুলি কর্ম্মেব ব্যবস্থা করিয়া গিয়াছেন। যেমন তিক্ত ঔষধ মধু সহযোগে পাইলে বালক সে ঔষধ পানে আর অনিজ্ঞা প্রকাশ করে না, বরং সাগ্রহে পান করিতে থাকে ওদ্রেপ বৈদিক কর্মসকল স্বর্গ, সিদ্ধি আদি মধুময় ভোগ-সংযুক্ত ছওয়ায় সাধারণ শিশুবৎ জাবমগুলী কর্ম অবলম্বন করিবে, এবং প্রধানতঃ সেই কর্ম্মের ভিতর দিয়া ভগবংলোকাভিমুখে ধাবিত হইবে, এই উদ্দেশ্যে যজ্ঞাদি কর্মাদকলের অবতরণিকা। কিন্তু মধুপান মুখ্য উদ্দেশ্য নহে—ঔষধ সেবনই উদ্দেশ্য। কর্মের প্রধান লক্ষ্যটুকু বিস্মৃত হইলে চলিবে না ; কর্মের মূল লক্ষ্য— আমাদিগকে মাতৃ-সানিধ্যে নিয়ম্থিত করা। এ লক্ষ্যের ব্যতিক্রম ঘটিলে হৃদয়ে বিপর্যায় ভাব-সকলের প্রবলতা আসিবে। অনেকে এমন আছেন. যাঁহারা বৈদিক কর্ম-সকলের অভ্যন্তরম্ব এই মহালক্ষ্য ভুলিয়া, উহাদিণের সিদ্ধি আদি বাহ্য ফলের দিকে সম্পূর্ণরূপ নির্ভর করেন, এবং বৈদিক কর্ম্মের জিতর ঐরপ মর্গাদি লাভ ছাড়া আর কোন ফল নাই, ঐরপ মর্গাদি লাভই বেদের লক্ষ্য, মুতরাং স্বর্গাদি লাভই সামাদিণের লক্ষ্য হওয়া উচিত, এইরূপ ধারণায় আসিয়া পডেন। বেদ বলিয়াছেন, যজ্ঞ করিলে তাহার ফলরূপে কোন অমানুষিক ভোগলাভ হইবে, স্থুতরাং ঐ অমামুষিক ভোগই আমাদিগের লক্ষ্য হত্তয়া উচিত, এইরূপ ধারণার বশবর্ত্তী হইয়া অনেকে কর্ম্ম করিয়া গিয়াছেন এবং এখনও পর্যাম্ভ করিতেছেন। ইহাঁদিগকেই ভগবান বেদবাদরতা বলিয়া উল্লেখ করিয়া গিয়াছেন; ইহাঁদিগকেই আমি খণ্ড কৰ্ম্মফলবাদী বলি।

বেদের কর্মকাশুবাদের উপর এইরপে সম্পূর্ণরূপে আস্থা স্থাপন করিয়া তাঁহাদিগের কেহ কেহ বলেন, ঈশ্বর বা মোক্ষ বলিয়া কিছু নাই। কর্মাই যখন সমস্ত ফল বহন করে, তখন ঈশ্বর থাকিলেও ঈশ্বরের স্বতন্ত্র কর্ত্ত্ব কোথায় এবং সেই কর্ত্ত্বের অভাববশতঃ কর্ম-সকলের এই আপাতলক্ষ্য ফলেরই উপাসক

হওয়া আমাদিগের উচিত। কিন্তু কর্মা কি প্রকারে ফলরূপে পরিণত হয় বা আমরা কর্মফল বলিয়া কোন্ জিনিষটা উপলব্ধি করি, সে কথা ব্ঝিলে এরূপ খণ্ড কর্মফলবাদ অবলম্বন করিতে হয় না; কর্ম-রহস্ত সম্বন্ধে পরে আলোচনা করিব। এখন শুধু মূল গতি বা মূল লক্ষ্যের কথা বলি।

বিদ্ ধাতু হইতে বেদ শব্দের উৎপত্তি, এবং বিদ্ ধাতু হইতে বেদন শব্দের উৎপত্তি। স্থতরাং জানা ও বেদন বা অন্নভব করা, একই বিদ্ ধাতুর অন্তর্গত। জানা অর্থে বেদনা, অনুভব করা। যাহা আমাদিগের বেদনা বা অনুভৃতির ভিতর আসিয়া পৌছায়, তাহাকেই আমরা জ্ঞান বলি। ভগবদ্জান অর্থে ভগবান সম্বন্ধে অনুভূতি। যে জ্ঞান হৃদয়ের ভিতর সম্যক্ অনুভূতি জন্ম ইতে অক্ষম, তাহা জ্ঞান-পদবাট্য নহে। জ্ঞান ও অনুভূতি একই জিনিষ, সুতরাং ভগবদ্জান ও ভগবদ্মভূতি একই জিনিষ। এই জন্ম যে জ্ঞান বুকের ভিতর স্পান্দন জন্মাইতে অক্ষম, যে জ্ঞানের বেদনা নাই, তাহাকে জ্ঞান বলা যায় না। পক্ষীর মত কণ্ঠস্থ করিয়া—্যে জ্ঞান লইয়া সাধারণ লোকসকল জ্ঞানী বলিয়া আপনাদিগের আত্মপরিচয় প্রদান করে, তাহা জ্ঞান নহে, শন্দভঙ্গি-মাত্র। ঐ বেদন বা অনুভূতি বেদপদবাচ্য, জ্ঞান উহার খাস্তরিক বিকাশ, কর্ম বাহ্য বিকাশ। ভগবান্কে জানিয়াছি বলিলে এই বুঝায়, ভগবান্কে অনুভব করিয়াছি, এবং ঐ অনুভূতি হইতে যে আসক্তি জন্মায়, তাহারই নাম ভক্তি। জ্ঞান, ভক্তি ও কর্ম একই জিনিষ, বেদনার তিমূর্ত্তি মাত্র বা বেদের বিভাগত্রয়। সময়ে সময়ে জ্ঞান, ভক্তি ও কর্মা, এই শব্দগুলি লইয়া তোমরা বিষম গণুগোলে পড়িয়া যাও। (कर वन, ब्लान ना रहेला रहेरव ना, रकर वन, ब्लिंग ना रहेरन रहेरव ना, কেহ বল, কর্ম না হইলে হইবে না। কিন্তু ঐ তিনই যে একই জিনিষ হইতে জনায়, তাহা তোমরা ভূলিয়া যাও। যেমন অগ্নিশিখা—উহার উত্তাপ, উহার রূপ ও উহার ব্যাপকতা, এ তিন লইয়া তবে শিখা-পদবাচ্য অথবা যেমন শিখা বলিলে ঐ তিন জিনিষই আমরা বুঝিতে পারি, এ তিনের একটিকেও বাদ দিলে যেমন শিখা বলিয়া কোন জিনিষ খুঁজিয়া পাওয়া যায় না, তেমনই ভগবদ্বেদনা বলিতে গেলে এ তিন সম্বলিত একটি জিনিষ বুঝিতে হয়। ঐ বেদ বা ভগবদমূভূতি অন্ত:করণে ভক্তিরূপে, মনে জ্ঞানরূপে এবং দেহে কর্মারূপে বিশ্বিত হয়।

যাহা হউক, এই বেদন মাতৃ-আলিঙ্গনের মুখ মাত্র। যেমন একটা জলকণা

অনস্ত জলকণার দারু৷ ওতপ্রোতভাবে আলিঙ্গিত হইয়া থাকে, তেমনই আমরা মাতৃ-আলিঙ্গনে আবদ্ধ। সেই আলিঙ্গনেব স্নেহময় পীড়ন আমাদিগের অস্তঃকরণে ভাবরূপে ফুটিয়া উঠে। সেই আলিঙ্গন ক্রমশঃ আমাদিগকে পূর্ণত্বে মিশাইয়া লইবার জন্ম অহর্নিশ সচেষ্ট। এখন উহা ইচ্ছারূপে আমাদিগের উপর ক্রিয়া-শীল থাকিয়া আমাদিগকে উদোধিত করিয়া রাখিতেছে। এক এক **প্রকারের** ইচ্ছা যখন ঘনীভূত অবস্থা প্রাপ্ত হয়, তথন উহা আমার অধীনে আসিয়া পড়ে— তখন উহাতে আর ইচ্ছাশক্তির অনুপ্রেরণা না থাকিলেও উহা স্বভঃ কন্মরূপে বিকশিত হইতে থাকে। যথন যে ইচ্ছাশক্তির যে শাখাটী ঘনীভূত বা জড়ত্ব প্রাপ্ত হয়, তখনই উহা আমার সম্পূর্ণ করায়ত্ত হইয়া পড়ে। যতক্ষণ না হয়, ততক্ষণ উহা ঘনীভূত হইবার জন্ম বার বার হৃদয়ে •উদ্বোধিত হইতে থাকে। শুরু এইরূপেই আমর। দেহাদি ও ইন্দ্রিয়বর্গ লাভ করি। এইরূপে ক্রমশঃ আমরা ইচ্ছাময় হইয়া উঠিতেছি। এখন যেমন দেহের কতকগুলি অংশের উপর আমাদিগের আধিপত্য আসিয়াছে, কতকগুলি মানসিকও শারীরিক কর্ম যেমন ইচ্ছাশক্তির চালনা না থাকিলেও এখন আপনা হইতে কার্য্যকারী, ভদ্রপ কালে আমাদিগের সমস্ত দেহের উপর এইরপ আধিপত্য আসিবে। এখন আমি এই কুল্ত মনুয়া-দেহটা সম্পূর্ণ আয়ত্তাধীনে আনিতে পারি না, কালে আমার বিরাট দেহ আমারই আয়ত্তাধীনে আসিয়া পড়িবে। আমাদিগের এই মনুষ্য-দেহটা বিরাটের আদর্শে গঠিত। এই দেহটা হইতে ক্রমশঃ আমরা আধিপত্যবিস্তার শিক্ষা করিতেছি। যত এইরূপে ইচ্ছাশক্তি আমাদিগের অধীনে আসিয়া পড়িবে, তত আমরা বিরাট্ ব্রহ্মাণ্ডকে আমাদিগের দেহ বলিয়া ধারণা করিতে সক্ষম হইব। তথন আমি পূর্ণ ইচ্ছাময় হইব এবং আমি বুঝিতে পারিব, অগ্নি আমারই ইচ্ছায় প্রদীগু—বায়ু আমারই ইচ্ছায় প্রবাহিত—আকাশ আমারই ইচ্ছায় ব্যাপ্ত । মাতৃ-আলিঙ্গন এই প্রকারে ইচ্ছারূপে আমাদিগের ভিতর ফুটিয়া, ক্রমশঃ ঘনীভূত অবস্থা লাভ করিয়া, আমাদিগের কর্তৃতাধীনে আসিয়া পড়িয়া আমাদিগকে পূর্ণত্বের দিকে লইয়া চলিয়াছে।

শুন! এ আলিঙ্গন তোমরা অমুভব করিতে শিক্ষা কর। জ্ঞানকে শুধ্ মনের একটা সিদ্ধান্ত না বুঝিয়া, অন্তরের একটা অনুভূতি বলিয়া, একটা বেদন বলিয়া বুঝ—কর্মকে একটা আপাতভুখতুঃখাদি-ফলবাহা মাত্র না বুঝিয়া, মাতৃ-আলিঙ্গনের বেদন বলিয়া হদয়ে অমুভব কর। মা আমার তোমায় দেহের

একটা দ্বার দিয়া আপন অঙ্গে টানিয়া লইতেছেন; এবং মুঙ্গে সঙ্গে বেদনারূপ আলিঙ্গনের একটা সুখ, একটি পীড়ন ভোমায় অমুভব করাইতেছেন। তুমি যখন মাতৃ-গর্ভে ছিলে, ভোমার দেহটী তখন একটী উন্থনের দারা আবৃত ছিল। সেই উন্ন বা ফুল মাতৃ-শরীরে সংযুক্ত থাকিয়া, মাতৃ-শরীরস্থ প্রাণাদি শক্তি বহন করিয়া, ভোমার নাভিদেশ দিয়া ভোমার শরীরে প্রবেশ করাইয়া ভোমায় রক্ষা করিত। তোমার নাভিস্থলটী, মাতৃ-শরীরস্থ শক্তি তোমার দেহে প্রবিষ্ট করাইবার একমাত্র দার। তুমি সর্ব্বাঙ্গীনরূপে সেই যুলটী বা উন্নটিতে পরিব্যাপ্ত থাকিতে। যেমন কুমুম-কোরকের ভিতর বীজকোষ বা যেমন ফলের মধ্যে বীজ থাকে. তেমনই ভাবে তুমি ঐ উল্লন্টির দারা আবৃত থাকিয়া ভাষার দারা পরিপুষ্ট হইতে। তার পর যখন তুমি পুষ্ট হইলে অর্থাৎ তোমার নাভিদার এমন পরিপুষ্ট হইল যে, বিরাট্ জগৎ হইতে প্রাণশক্তি আকর্ষণ করিয়া লইতে পারে, তখন তুমি মাতৃ-গর্ভ হইতে বহিষ্কৃত হইয়া ভূমিষ্ঠ হইলে। জীবের নাভিদ্বার যত দিন এ বিরাট্ ব্রহ্মাণ্ড হইতে প্রাণশক্তি টানিয়া লইবার উপযুক্ত না হয়, তত দিন জীব মাতৃ-গর্ভে থাকিতে বাধ্য থাকে এবং নাভিদ্বার এরপ শক্তিশালী হইলে তবে ভূমিষ্ঠ হয়। প্রাণ প্রবেশের এই একটা মাত্র দার।

যাহা হউক, যখন আমরা ভূমিষ্ঠ হই, তখন ব্ঝিতে হইবে, আমাদিগের নাভিন্নার মায়ের বিরাট্দেহ হইতে শক্তি আকর্ষণ করিবার উপযুক্তরূপে উন্মুক্ত হইয়াছে অর্থাৎ আমরা তখন ক্ষুদ্র মাতৃ-গর্ভস্থ উন্ধান বা ফুলটা হইতে বহির্গত হইয়া, বিরাট্ ব্রহ্মাণ্ডরূপ উন্ধান বা ফুলটার মধ্যে আসিয়া পড়ি। বিরাট্ মাতৃ-গর্ভস্থ ব্রহ্মাণ্ডরূপ এই ফুলটার ভিতর পড়িয়া আমি আমার নাভিন্নার দিয়া প্র্বেবং প্রাণশক্তি আকর্ষণ করিয়া লইতেছি। নাভিরূপ দার দিয়া ক্রমাণত মা আমার প্রাণশক্তি আমাদিগের ভিতর প্রবিষ্ট করাইয়া দিতেছেন। তুমি বিশ্বের্যরী মায়ের গর্ভে থাকিয়া এমনই ভাবে পুষ্ট হইতেছ। তুমি বিশ্বজ্ঞননী মায়ের আমার ব্রহ্মাণ্ড-গর্ভে এইরূপে অমৃত সংগ্রহ করিতেছ, তাই তুমি সঞ্জীব—তাই তুমি শক্তিচেতনাশীল। মূর্থ শিশু। কিছু দেখিও না, এই মাতাপুত্র ভাব উল্লোধিত কর, তুমি অমর হইবে।

এই জন্ম হিন্দুর নিত্যক্রিয়ায় নাভিস্থলে ধ্যান ধারণা করিতে হয়। এই জন্ম যোগিমাত্রকেই নাভিস্থলের ক্রিয়া করিতে হয়। করেন সত্য, কিন্তু তাঁহা-

দিগের মধ্যে অন্যেকেই জানেন না, নাভিন্থলের ক্রিয়া কিসের নিমিত্ত করণীয়। ইহা অপ্রকাশ্য হইলেও আমি খুলিয়া লিখিলাম। যদি ইহা হইতে মাভাপুত্র সম্বন্ধ ছই দশ জনেরও ফুটাইয়া তুলিবার জন্য আকুলতা আসে—মাকে আমার মা বলিয়া চিনিবার জন্য ব্যপ্রতা যদি পাঠকবর্গের হৃদয়ে জাগিয়া উঠে, তাহা হইলে আমার এ অপ্রকাশ্য জিনিষ প্রকাশ করার ক্ষোভ হৃদয় হইতে বিদ্বিত হইবে। তোমরা নাভিন্থলে ঈশ্বরের ধ্যান আরাধনা কর—তোমরা নাভিক্রিয়া * করিয়া যোগী সাজ, কিন্তু তাহার সঙ্গে এই ভাবটী সংযুক্ত করিয়া লইও, তোমাদিগের ক্রিয়া অমৃতময়ী হইবে। শুধু অন্ধের মত ক্রিয়া করিলে সম্যক্ ফল লাভ করিতে পারিবে না। এ ভাব সংযুক্ত করিবার উপায় আছে।

यादा रुष्ठेक, नाज्यिल निया त्यमन मा जामात व्यागमिक करण श्रविष्ठा दन, তত্রপ একাদশ ইন্দ্রিয়পথ দিয়া মায়ের ঐ শক্তি মায়ের অঙ্কে চলিয়া যায়। আমরা ইন্দ্রিস্থপথে যখন কার্য্য করি অর্থাৎ দেখি, শুনি, আম্বাদন করি, স্পর্শ করি, চিন্তা করি, আঘ্রাণ করি, কিম্বা কর্মেন্দ্রিয়-সকলকে পরিচালিত করি, তথন ঐ সকল ইন্দ্রিয়পথে উক্ত প্রাণশক্তি বায়িত হয় এবং তৎপরিবর্ত্তে একটী একটী অমুভূতি বা বেদন বা মায়ের আলিঙ্গনের স্নেহময় পীড়ন লাভ করি। প্রাণ-শক্তির এইরূপ প্রবেশ ও বহিগমিনের ভিতর দিয়া আমাদিগের অবস্থার বিপর্য্যয় ঘটিতে থাকে। অতিরিক্ত ভাবে ইন্দ্রিয়দার-সকলকে তোমরা পরিচালিত কর বলিয়া ঐ দারসকল অপরিমিত ভাবে উন্মুক্ত বা প্রসারিত হইয়া পড়ে অর্থাৎ যে পরিমাণে ব্যয় করিলে প্রবেশের সহিত সামপ্তব্য রক্ষা হইড, তাহা অপেকা অধিক পরিমাণে বায় হইয়া যায়। প্রবেশের পথে বা নাভিস্থলে সমাক্ কার্যা না করাবশতঃ প্রবেশের দার সঙ্কীর্ণ হইয়া যায়। ইন্দ্রিয়রূপ ব্যয়ের দার অধিক চালনা করা নিবন্ধন খরচের মাত্রা বাড়িয়া যায়, তাই আমরা ক্রমশ: বার্দ্ধক্যে ও জরায় উপনীত হই। এইরূপে আমাদিগের মৃত্যু আদে বা দেহ-পরিবর্ত্তন আবশ্যক হইয়া পড়ে। দেহরূপ যন্ত্রটীর আয়দার অপেক্ষা ব্যয়ের দার প্রসারিত হইয়া পড়িয়া যন্ত্রটীকে অকর্মণ্য করিয়া তুলে ও ইহার পরিত্যাগ আবশ্যক হইয়া উঠে। তাই আমরা মরি।

নাভিক্রিয়া বলিয়া সাধারণ যোগীরা যাহা করে—তাহা অসম্পূর্ণ; ক্রিয়াব বাহ্ অঙ্গ
মাত্র । উহার অস্তবঙ্গ কাহার কাহার আপনা হইতে সাধিত হইয়া য়য় বলিয়া তাহারা ফল
পায়—সকলে পায় না ।

এখন এ অবধি যাহা পাইলাম, তাহাতে এই বুঝা থেল, যদি এই আয়ের দার বা নাভিন্থল, প্রক্রিয়া দারা সম্যক্রপে প্রসারিত করিতে পারি এবং ব্যয়ের মাত্রা কমাইতে পারি, তাহা হইলে আমর। মাতৃদত্ত প্রাণশক্তিকে ধরিয়া রাখিতে সক্ষম হইতে পারি। এই আয়ের দার প্রসারিত করিবার পন্থা একান্ত অপ্রকাশ্য—ইহা লিখিয়া বলা চলে না। মাতৃভাবে সম্যক্ বিভোর না হইলে ইহা অদেয়।

যাহা হউক, ব্যয়ের কথা বলি। আমরা ইন্দ্রিয়পথে প্রাণশক্তির যে ব্যয় করি, উহা প্রত্যেক ইন্সিয়ের তত্তৎকার্যাজনিত অন্নভূতিটুকুকে লক্ষ্য করিয়াই করিয়া থাকি। স্থতরাং আমাদিগের ঐ প্রাণশক্তির বহির্গমনরূপ তাড়নাটুকু স্থখত্বঃখাদি-রূপ অনুভূতি-তরঙ্গই ফুট¦ইয়া তুলে। কিন্তু যদি ঐ অনুভূতিগুলির আভান্তরীণ মর্মাটুকু গ্রহণ করিতাম অর্থাৎ ঐ অনুভূতিগুলিকে যদি মাতৃম্প্রেহের পীড়ন বলিয়া বুঝিতাম—মায়ের আদর বলিয়া যদি ধারণা করিতাম, তাহা হইলে ঐ অনুভূতিসকল স্থুখত্বঃখাদিরূপে তরঙ্গ উৎপন্ন না করিয়া স্নেহ-আদরের অমৃততরঙ্গে পরিণত হইত। কার্যাতঃ যে প্রাণশক্তি আমাদিগের আয়ের দার দিয়া প্রবিষ্ট হইতেছে, আমাদিণের ঐ ইন্দ্রিয়প্রবাহরূপ তরঙ্গুলি সেই প্রাণশক্তির সমুদ্রেই তরঙ্গ উৎপাদন করিত, তাহা হইলে তাহাতে এ প্রাণশক্তি-সমুদ্র উদ্বেলিত হইয়া প্রবেশের মাত্রা আরও বাড়িয়া যাইত। যেমন স্থলচর জীব জলনিম্প্র হইলে সে সেই জলাভান্তরে থাকিয়া খাসপ্রখাস ক্রিয়ার পরিচালন করিতে পারে না, ভাহার শ্বাসে বায়ু এবিষ্ট না হইয়া জলমাত্র প্রবিষ্ট হইতে থাকে, কিন্তু জলচর মংস্ত সেই জলের অভান্তর হইতেই যেমন বায়ু গ্রহণ করিয়া স্বচ্ছন্দে জীবনকার্য্য সম্পন্ন করে, ভদ্রেপ আমরা এ বিশাল ব্রহ্মাণ্ডস্পন্দনে ড্বিয়া শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধরূপ জলমাত্র যেন খাদে খাদে পাইতেছি, কিন্তু যদি ব্রহ্মাণ্ড-স্পন্দন-সমুদ্রের ভিতর মাতৃত্রেহরূপ বায়ু অনুভব করিতে পারিতাম, তাহা হইলে ইহা অপূর্বে মুখের হইত। জগতের যে কোন অবস্থার ভিত্তর স্বচ্ছনেদ বিচরণ করিতে পারিতাম।

শব্দ, স্পর্শ, রূপ, রস আদি ভোগ-সকলকে মাতৃম্নেহের কোমল পীড়ন বলিয়া ধারণ। কর; ওঁই সকল অনুভূতির অভ্যন্তরস্থ সেই মূলা শক্তি বা বেদনই বেদ। সমস্তের মধ্যে এক অপূর্ব্ব স্বেহসতার যে উপলব্ধি, তাহার বিজ্ঞানই বেদ। মা যখন সন্তানকে আদর করিয়া ডাকেন, মায়ের সেই আহ্বানের ভিতর ততপ্রোত ভাবে য়েমন স্বেহতরঙ্গ বর্তমান থাকে, তেমনই ব্রহ্মময়ী মায়ের আমার প্রণবন্ধপ স্বেহময় আহ্বানের ভিতর এই বেদন বা বেদরপ স্বেহতরঙ্গ প্রবাহিত। প্রণবের মধ্যেই বেদ বিরাজিত। আমি পূর্বেব বলিয়াছি, সেই উত্তমপুরুষ বা মা অবিরাম প্রণবন্ধপ স্বেহের আহ্বানে আমাদিগকে ডাকিতেছেন। জগতের মা যেমন ক্ষুদ্র শিশুটার মুথের দিকে চাহিয়া ভাহাকে "মা মা" বলিয়া ডাকে ও শিশু সেই আহ্বান শিক্ষা করিয়া যেমন সেই ভাবের প্রভার্পণস্বরূপ মাকে মা বলে, তদ্ধপ জীবসজ্য বিশ্বেশ্বরীর ওই আহ্বান শুনিয়া তাঁহাকে ডাকে। তাঁহার সে অনস্তদিগ্বিস্তৃত স্বান্থিতি-লয়াত্মক আহ্বান ব্রিগুণাত্মক জীবের উপর তিন প্রকারে প্রতিঘাত করে—জীব তিন প্রকারে মা মা করিয়া আকুল হয়। ঐ তিন প্রকার প্রতিঘাতের নাম জ্ঞান, ভক্তি ও কর্ম্ম। ইন্থারা যেন মাতৃ-আহ্বানের বা প্রণবের ভিন মাত্রা। ইহাই ব্রাহ্মণের ব্রিবর্গা গায়ত্রী। ইহা হইতে শত ধারায় সে আহ্বান ফুটিয়া উঠে। সহস্র সহস্রপ্রকারে সে স্বেহবিকাশ জীবের চারি ধারে বেদন বা বেদ মুখ্রিত করে, এই জন্ম গায়ত্রী বেদমাতা নামে অভিহিতা।

যাহা হউক, এই বেদন বা এই অপরিচ্ছিন্ন বেদ হইতে আমাদিগের ইচ্ছাশক্তি উদ্বন্ধা হয়েন, অর্থাৎ ওই বেদন হইতে আমাদের প্রাণে একটা স্পান্দন সঞ্জাত इयः (मर्टे म्लान्सन्टे अভाব, मिटे म्लान्सन्टे डेप्डा, (मर्टे म्लान्सन्टे खगरत्राता। বেদনা হইতে অভাববোধ, অভাব বোধ হইতে আকাজ্ঞা—অনুসন্ধান—জ্ঞান. জ্ঞান হইতে ভাব এবং ভাব হইতে ক্রিয়া বা স্থাষ্টি। এইরূপ চলিয়াছে : এইরূপে অহনিশি সেই নিতা সনাতন বেদ হইতে আমরা আমাদিগকে পরিণমিত করি-তেছি। এই অপূর্ব্ব অসীম বেদনা আমাদিগকে কেন্দ্রের দিকে, পূর্ণছের দিকে ছুটাইয়া লইয়া চলিয়াছে: আমরা এই বেদনের তাড়নায় জন্মের পর জন্ম, অবস্থার পর অবস্থা, সোপানের পর সোপান অতিক্রম করিতেছি। এই বেদন যখন যেরূপ ইচ্ছায় পরিণত হইতেছে, তখনই সেইরূপ অবস্থা, সেইরূপ কর্মক্ষেত্র, সেইরূপ ভোগ-দেহ রচনা করিয়া লইতেছি; আমরা তাই ইচ্ছাময়। আমারই ইচ্ছায় আমি আপনাকে গড়িতেছি। যেখানে ইচ্ছা ঘনীভূত অবস্থা লাভ করি-তেছে, সেইখানেই উহা জড়দেহ বা দেহাংশরূপে প্রকটিত হইয়। পড়িতেছে। আবার যেখানে সেই ইচ্ছা পূর্ণ ঘনীভূত অবস্থা পাইতেছে, সেইখানে উহা আর আমার ইচ্ছার তাড়না না পাইলেও স্বত: ক্রিয়াশীল। মনে কর, আমার এই স্থুল দেহ। হৃৎপিও, ফুস্ফুস্, সায়ু, অনৈঞ্ছিক পেশী, এ সকল ইচ্ছা না করিলেও

আপনা আপনি কার্য্যে নিরত থাকিয়া শারীরিক ক্রিয়া সম্পাদন করিতেছে। কিন্তু হস্তপদাদি অপর কতকগুলি অংশ যখন ইচ্ছা করি, তখনই সঞ্চালিত হয়, অক্ত সময়ে কার্য্য করে না। আবার আমি অহর্নিশ যেরূপ চিন্তায় নিযুক্ত থাকি, যেরূপ কার্য্যে রত থাকি, আমার দেহের গঠনাদি তৎকার্য্যোপযোগিরূপে গঠিত হইয়া যাইতেছে। এই তিনটি অবস্থা ভাবিয়া দেখিলে আমরা ইচ্ছাশক্তির তিনটি স্তর দেখিতে পাই। সামুষের মুখ দেখিলে বুঝিতে পারা যায়, কিরূপ চিন্তায়, কিরূপ ইচ্ছায় তাহার প্রাণ চালিত; অর্থাৎ ইচ্ছাশক্তি এরপে মুখাদির উপর নিজ মূর্ত্তি ফুটাইয়া তুলিয়া তাথাকে আপনার প্রতিমূর্তি করিয়া গড়িতেছে। এইটি ইচ্ছাশক্তির প্রথম বিকাশ। এইরপে কার্য্য করিতে করিতে দেহকে পঠন করিয়া তুলিয়া ও তাহার উপর অহর্নিশ গতি চালাইয়া, দেহকে ইচ্ছাশক্তি এমন করিয়া ভোলে যে, ইচ্ছামাত্রেই উহা তদুসুযায়ী কার্য্য করিতে সমর্থ হয়। ইহা ইচ্ছাশক্তির দিতীয় অবস্থা। এবং এরপ ইচ্ছা দারা চালিত হইয়া কার্য্য করিতে করিতে এমন অবস্থা প্রাপ্ত হয় যে, ইচ্ছা না করিলেও বা স্বতম্ত্র ইচ্ছ। চালনা না করিলেও উহা কার্য্য করিতে থাকে. আর ইচ্ছার দ্বারা উহাদিগকে চালিত করিতে হয় না। দৃষ্টান্তস্বরূপ হৃৎপিণ্ডাদির কথা বলিয়াছি। ইহা তৃতীয় অবস্থা।

তবে কার্যাতঃ হইতেছে কি ? ঐ হৃৎপিণ্ডাদির কার্য্যের দিকে চাহিলে মনে হয় যে, আমার ঐ অংশে আমি সম্পূর্ণ স্বাধীন। শক্তির নব প্রয়োগ না করিলেও উহারা আমার কার্য্যে নিযুক্ত। আমি যেন ইচ্ছাময়, আর ঐ সকল অংশ আমার এত অনুগত যে, আমার ইচ্ছার অপেক্ষা না রাখিয়াই আপনা আপনি কার্য্যকারী। তাই ওই অংশে যেন আমি পূর্ণ স্বাধীন, নিশ্চিন্ত; ইচ্ছার মুখাপেক্ষী নহি।

এইরপে অসীম ইচ্ছাশক্তি আমায় ক্রমশঃ আপনার উপর কর্তৃত্ব অর্পন করিতেছে। আরু যেমন স্থংপিণ্ডাদি আমার ইচ্ছার অপেক্ষা না রাখিয়াই কার্য্যে নিযুক্ত, তেমনি আমার ইচ্ছার অপেক্ষা না রাখিয়াই একদিন অনস্ত বিশ্ববদ্ধাণ্ডের ভোগ আমার ভোগরূপে ফুটিয়া উঠিবে, বিরাজ করিবে, লয় হইবে। অর্থাৎ তখন আমি পূর্ণ ইচ্ছাময়ত্ব লাভ করিব। আমি স্বাধীন হইব।

স্বাধীন হইব সত্য; কিন্তু এখন বস্তুতঃ আমি হুৎপিণ্ডাদির উপর পূর্ণ ইচ্ছাময়ত্ব লাভ করিতে পারি নাই। এখন অমি ইচ্ছামাত্রে উহাদিগকে বা উহাদিগের কার্য্যকে বন্ধ করিতে পারি না। ইচ্ছামাত্রে উহাদের গতি, কমাইতে বাড়াইতে আমি অক্ষম। আমার দেহের যে সকল অংশ স্বতঃক্রিয়াশীল, সে সকল কার্য্যতঃ আমার ইচ্ছার ঘনীভূত অবস্থা হইতে রচিত হইলেও এখন যেন আমার অধীন নহে, যেন তাহারা স্বাধীন। দেনাপতি দেশ জয় করিতে রাজ্যালি লইয়া বিদেশে গিয়া দেশ জয় করিয়া, সেখানে যেমন সে নিজে রাজ্যা হইয়া আপনাকে স্বাধীন বলিয়া ঘোষণা করে, সেইরূপ যেন আমার ইচ্ছাশক্তি ঐ হৃৎপিণ্ডাদি রাজ্য স্থাপিত করিয়া, আপনার স্বাধীনতা ঘোষণা করিয়াছে; যেন উহাদের উপর আমার কোন কর্তৃত্ব নাই। অথবা যেন উহা স্বায়ন্ত শাসন লাভ করিয়া নামে মাত্র আমার অধীন। স্বতরাং এখন আমি ঐ সকল অংশেও পূর্ণ ইচ্ছাময় নহি। ইহার কারণ, আমি আমার স্বরূপ জানি না। আমি জানি না, "মা-ই" আমিরূপে আবিভূতি।। খণ্ডবোধ আছে বলিয়াই আমার ইচ্ছার দারা আমি পরাভূত।

এই সকল অংশকে নিজ কঠ়ত্বের অধীনে লইয়া আসাই যোগমার্গের বিভূতিবিশেষ। এই সকল অংশের উপর আমার ইচ্ছার পুনঃপ্রতিষ্ঠা করিতে হইবে,
অর্থাৎ ইহারা যেমন কার্য্য করিতেছে, তেমনি স্বতঃ কার্য্য করিবে, কিন্তু আমার
ইচ্ছামাত্রে ইহাদিগের কার্য্য হ্রাস বৃদ্ধি অথবা এককালীন রোধ প্রাপ্ত হইবে।
ইচ্ছামাত্রে ইহাদিগের অস্তিত্ব অবধি লোপ হইবে। যথন এইরূপ অবস্থা লাভ
করিতে পারিব, তথন যথার্থ আমি ইচ্ছাময় হইব।

এইরপে স্বায়ন্তশাসন ভারপ্রাপ্ত ইচ্ছাশক্তি-সকলকে পুনঃ অধীনে লইয়া আসা ও যে সকল বিষয় আমার কার্য্যকরী শক্তির অধীনে এখনও আসে নাই, সেই সকলকে ক্রমশঃ করতলগত করা—এই ছই দিক্ লক্ষ্য করিয়া ইচ্ছাশক্তির প্রেরণাই হঠযোগ। যোগীরা ইচ্ছামাত্রে কোন স্থানে অদৃশ্য ও অক্য স্থানে দৃষ্ট হয়েন, ইহা এইরপ ইচ্ছাশক্তি চালনার ফল মাত্র। এ বিষয় বিভূতি-যোগ বলিবার সময় বিশেষ করিয়া বলিব। এখন স্থূলতঃ এই মাত্র বলিতেছি যে, অসীম অনস্ত বেদন বা বেদ ইচ্ছারূপে আমাদের প্রাণে ষ্কৃটিয়া আমাদিগকে ইচ্ছাময় করিয়া তুলিতেছে।

তাই বেদ অপৌরুষেয়। বেদ কতকগুলি জ্ঞানসমষ্টি নহে। বেদ কতকগুলি কর্মবিধান মাত্র নহে বাবেদ সরল ভক্তির অভিব্যক্তি মাত্র নহে। ঐ সমস্তের ভিতর দিয়া যে মাতৃবেদন বা মাতৃ উপলব্ধি প্রবাহিত, তাহাই বেদ। জ্ঞান, কর্মা, ভক্তি ইহার তিন প্রকার অভিব্যক্তি।

এইবার আমরা আমাদের মূল কথা বলিব। সাধারণ লোকে বেদের এই আভ্যন্তরীণ মূর্ত্তি প্রত্যক্ষ করে না। তাহারা বেদের বাহ্য ফল বা কর্ম সকলের উপস্থিত ইন্দ্রিয়ভোগ্য ফল লক্ষ্য করিয়া কর্ম্মযজ্ঞ সম্পাদন করে। তাহারা কর্ম্মের আংশিক ফলমাত্র লক্ষ্য করিয়া কার্য্যে নিযুক্ত হয়। ভোমাদের প্রাণে যখন কোন জ্ঞান আধিপত্য বিস্তার কর্নে অর্থাৎ কোন জ্ঞানের দ্বারা পরিচালিত ছইয়া কার্য্য কর বা বাচনিক বিচার কর, তখন সেই স্থুল জ্ঞানটুকুরই কর্তৃত্ব ভোমাদের হৃদয়ে দেখিতে পাওয়া যায়। কিন্তু সেই জ্ঞানের সৃক্ষশরীর বা আত্মা কি--সে দিকে তোমাদের লক্ষ্য বড পড়ে না। অর্থাৎ তথন তোমরা ভাবিয়া দেখ না, কেন ওই জ্ঞান তোমার দ্বদয়ের উপরে আধিপত্য করিতেছে: কেন তুমি ওইরূপ জ্ঞানের দ্বারা পরিচালিত হইতেছ, ওই জ্ঞানের আভ্যস্তরীণ মর্ম্ম কি ? তোমার হৃদয়ের অবস্থা তখন ওইরূপ জ্ঞানের দ্বারা পরিচালিত হইবার উপযুক্ত হইয়াছে বলিয়াই জ্ঞান ওইরূপে কার্য্যকারী; তোমার ওইরূপ জ্ঞানপথ্যের আবশ্যক হইয়াছে বুঝিয়া, স্নেহময়ী মা আমার ওইরূপ জ্ঞানপথ্যের ব্যবস্থা করিতেছেন, এ কথা ভোমরা ভাবিয়া দেখনা। আমরা আহার করি, কিন্তু রসনেব্রিয়ের মুখ সম্পাদনের জক্ত নহে, আমাদিগের শরীর-বিধানের সমাক পোষণের জন্ম আমরা আহার করি; সেই পোষণটুকু লক্ষ্য করিয়াই স্থেহময়ীমা আমার ক্ষ্ধারতে "দে অর, দে অর" বলিয়া চীংকার করেন। জগতের মা যেমন শিশু পুত্রকে কোলে দাইয়া তাহাকে খাওয়াইয়া দেয়, তেমনই মা আমার, তোমার মুখের দিকে চাহিয়া, কুধারপিণী মূর্ত্তি পরিপ্রহণ করিয়া, কুধারূপিণী মূর্ত্তিতে তোমায় ক্রোড়ে ধরিয়া, তোমার জ্বন্থ অন্ন প্রার্থনা করিতেছেন। তুমি যথন কুধায় অভিভূত হও, বুঝিও—মা আমার কুধারূপিণী মূর্ত্তি পরিগ্রহণ করিয়া তোমায় ক্রোড়ে করিয়াছেন।

এই আহারজাত রসনেন্দ্রিয়েরস্থটুকু প্রধান লক্ষ্য নহে, প্রধান লক্ষ্য আমার শরীরবিধান; পোষণ না হইলে দেহরূপ কার্য্যক্ষেত্র ধ্বংস হইবে, মাতৃআহ্বান-রূপ মহাকার্য্য সম্পাদন করিতে পারিব না, সেইটুকু লক্ষ্য করিয়াই মা আমাকে আহারে নিযুক্ত করিতেছেন। রসনার স্থটুকু অবাস্তর বা অপ্রধান লক্ষ্য। ডেজ্রপ সমস্ত বিষয়ে ব্রিও;—সমস্ত বৃত্তি, সমস্ত শারীরিক, মানসিক ভাব সম্বন্ধে

এইরূপ উপলব্ধি করিও। আধিভোতিক, আধিদৈবিক, অধ্যাত্মিক সমস্ত পরি-বর্তনেই এইরূপ দৃষ্টি স্থাপিত কর। ধর্ম সম্বন্ধেও ওইরূপ বৃঝিও। বৈদিক যাগ-যজ্ঞাদি কার্য্য সম্বন্ধেও ওইরূপ বৃঝিও। প্রধান লক্ষ্য, ওই মাতৃ-আহ্বান, অমুপান
—স্থ ছঃখ সিদ্ধি ইত্যাদি।

যাহারা কিন্তু এই মূল লক্ষ্যের দিকে দৃষ্টি না রাখিয়া কার্য্য করে, তাহাদিগকেই ভগবান বেদবাদরতা বলিয়াছেন। বেদের বাক্যাংশগত স্থুল যে অর্থ বা
ভাব, শুধু সেইটুকু মাত্র ঘাঁহারা লক্ষ্য করেন, তাঁহারাই বেদবাদরত। কিন্তু প্রকৃত্ত
বেন সেইটুকু, যেটুকুর সত্তা প্রাণকে স্পন্দিত করিয়া, উক্ত বাক্যসকল ক্ষুরিত
করাইয়াছে। প্রকৃত জ্ঞান বা আত্মজ্ঞান সেইটুকু, যেটুকু আপনার এই সত্তা
উপলব্ধি করায়। তাই আত্মজ্ঞান ও বেদ অভিন্ন। বেদরত ও বেদবাদরত, এই
ছইয়ে অনেক প্রভেদ। মূল ধরিতে পারিলে বস্তুতঃ উভয়ই এক—অভিন্ন; কিন্তু
সাধারণতঃ তাহা হয় না। সাধারণতঃ কভকগুলি জ্ঞান কর্মাদিতেই অনেকের
বেদ পর্যাবসিত হয়। সেই জন্ম ভগবান্ "বেদবাদরতদিগকে" "বেদরত" হইতে
পৃথক্ করিয়া দেখাইয়া দিলেন।

আরও খুলিয়া বলি । অনেকের মধ্যে আত্মজ্ঞান ও উপাসনা লইয়া মত-ভেদ দেখিতে পাওয়া যায়। অনেকে জ্ঞানমাগা সাজিয়া উপাসনা প্রভৃতির নিম্প্রয়েজনীয়তা ব্রাইতে চেষ্টা করেন। উপাসনা পূজা প্রভৃতি শুধু চিত্তশুদ্ধির উপায়য়রপা, চিত্তকে জ্ঞানধারণোপযোগী করিবার কৌশল মায় , স্থতরাং জ্ঞান হইলে আর পূজাদির আবশ্যকতা নাই—এইরপ বলিতে অনেককে শুনিতে পাওয়া যায়। কিন্তু জ্ঞান ও উপাসনা পূজাদি যে একই জ্ঞিনিষ, এ কথা তাঁহারা ব্রিয়া দেখেন না। পূজা উপাসনা, এ সমস্ত কি ? ভগবন্থাবাদিকে উপলক্ষ্য করিয়া, তাহাতে আপনার চিত্তবৃত্তি বা আপনাকে অর্পণের নাম—উপাসনা। আমাদিগের প্রাণ অহর্নিশ যেন কি একটা আশ্রয় পাইবার জ্লয়্য লালায়িত; কক্ষচ্যুত নক্ষত্রের মত যেন কাহারও উপর কোথাও গিয়া ঝাঁপাইয়া পড়িতে চাহে। যেন কাহারও অঙ্কে স্থান পাইবার জ্লয়্য, কোথাও নিত্য অবস্থানোপযোগী আসন পাইবার জ্লয়্য দিশাহারার মত এ দিক্ ও দিক্ চাহিতে চাহিতে ছুটিতে থাকে। প্রাণের এই যে গতি, এই যে নিত্য-আসন পাইবার স্বভঃসিদ্ধ আকুলতা, ইহাই জ্ঞীবসজ্ঞকে চারি ধারে ঘুরাইয়া লইয়া বেড়ায়, জীব যেন পদার্থ-সকলের—রূপ রস্থাদির ছারে জারে প্রের আইরপ একটা নিত্য আসন পাইবার জ্লয়্য ঘুরিয়া

বেড়ায়। কিন্তু কোথাও সে নিত্য আসনের সন্ধান পায় না; নিতা কোথাও বসিয়া থাকিতে পায় না ; নিত। কোন পদার্থকে বুকে জড়াইয়া ধরিয়া রাখিতে পারে না। ক্ষণকাল রাখিবার পরই তাহাতে যন্ত্রণা আসে, বিরক্তি আসে। বিরক্তি, ঘর্ষ-জনিত ফল। তুই পদার্থ ঘর্ষণ করিলে যেমন তাহাতে উত্তাপ জন্মায়, এও যেন তজ্ঞপ ; বুকে আবেগে কিহুক্ষণ ধরিয়া রাখিলেই প্রতি পদার্থ হইতে তাপ বহিৰ্গত হয়—প্ৰাণ অমনি দে জিনিষ ফেলিয়া অন্ত দিকে ছুটিতে আরম্ভ করে। এইরূপে নিত্য-আসনের, নিত্য অঙ্কের সন্ধান করিতে না পারিয়া, জীবের প্রাণে নিত্য-আগন সম্বন্ধে কল্পনা পরিক্ষুট হইতে থাকে। প্রাণ যেন ক্রুমশঃ বুঝিতে থাকে, কোন এক নিত্য-আসনের আশায় তার প্রাণ এরপ জ্বলিতেছে—আকুল হইতেছে। তথন কল্পনায়—দে সেই নিত্য-আসন আঁকিতে থাকে, প্রাণ সেই মিত্য-আসনের স্বপ্নে বিভার হইতে থাকে। তথন সেই নিত্য-আসন কিরূপ— তাহাই যেন দেখিতে, যেন তাহার স্থুখ সম্ভোগ করিতে একটা উপ-আসন রচনা করে; করিয়া তাহাতে বিশ্রাম, তাহাতে নিশ্চিন্ততা, তাহাতে নিত্য-সত্তার স্ফুরণ ভোগ করে। এই উপ-আসন স্থাপনের নাম উপাসনা। সেই আসনের চরণতলে সমস্ত—তার সমস্ত স্মৃতি, তার সমস্ত ভালবাস। আনিয়া ঢালে। যেখানে যেখানে তার প্রাণের ভালবাসা একটু আধটু জড়াইয়া আছে, পত্র পুষ্প ফলই হউক, দ্বী পুঞাদি হউক, জ্ঞানাদি হউক—ভালবাসাটুকু পাছে অম্বত্ত অপব্যয়িত হয়, এই সাধে, যেন সেই পদার্থগুলি শুদ্ধ আনিয়া সেই আসনের তলে অপণ করে। অর্থাৎ তার সমস্ত ভাব সে সেই আসনের তলে নিবেদন করে। ইহারই নাম উপাসনা। পদার্থগুলি ভাবরাশি মাত্র, এ কথা যেন স্মরণ থাকে।

আত্মপ্রানীও তাহাই করে। সেও জ্ঞান-স্বপ্নে সেই নিতা আসন কল্পনা করিয়া, সেই নিতাত্বের একটা কল্পিত বা উপ-আসন রচনা করিয়া, তাহাতে তার সমস্ত বৃত্তি অর্পণ করে। আত্মজ্ঞানী যখন বলে "সোহহং", তখন "সং"এর একটা উপ-আসন তৈয়ারী করিয়া লয়; এবং তাহারই উপর বেগে ঝাঁপাইয়া পড়িতে থাকে। কন্মী যখন কাত্র হইয়া "কই" "কই" করিয়া ভাব সকলকে কর্মের আকারে ফুটাইয়া তুলে, তখনও সেই নিত্য-আসনের একটা উপ-আসন রচনা করিয়া লয়। বাক্যে, কার্য্যে, ভাবে, যাহাই হউক, আসলে ওই একখানি উপ-আসন রচনা করিয়া লয়। বাক্যে, বাত্তীত আর কিছুই নহে। জ্ঞানীও উপাসক

মাত্র—কর্ম্মীও উপাসক মাত্র—প্রভেদ কিছু আসলে নাই। প্রতিচিত্তে পিতৃ-পূজার মত উপ-আসনে নিত। আসনের বেদন :

এ উভয়ই নিবেদন মাত্র। বেদন হইলেই নিবেদন হইবে। নিবেদন অর্থে ''জানান।" তাহা হইতে অর্পণ করায় দাঁড়াইয়াছে : জ্ঞাপন করা ও অর্পণ করা যে একই জিনিষ, ইহা আমাদের ভাষার চরমোন্নতির পরিচায়ক। আমরা যখন কাহারও সন্মুখে যাই, শুধু হাতে যাই না—কিছু না কিছু লইয়া যাই। অন্ততঃ প্রাণের কিছু ভাব লইয়া গিয়া তাহাতে ঢালিয়া দিই। ইচ্ছা করিয়া কোন জিনিষ বা মনুষ্যাদির সমীপে উপস্থিত হইলেও আমনি কোন না কোন ভাব ক্ষায়া উঠে; সেই ভাব দিয়া যেন তাহার সহিত সম্বন্ধ হাঁপন করি। সেই ভাব যেন সেই পদার্থে দিয়া, যেন তাহার সহিত আলাপ করি। ইহা হইতে নিবেদন অর্থে অর্পণ হইয়াছে। আমি যথন কোন জিনিষ জানিতে চেষ্টা করি, তখন কার্যান্তঃ আমি আপনাকে জানাইয়া ফেলি। কেন না, আমি আমারই ভাবের সাহায্যে তাহাকে দেখি মাত্র—আমি আপনারই কতকগুলি ভাব ফুটাইয়া ফেলি মাত্র। আমি জানিতে গিয়া, আপনি জানান দিয়া বিস। তাই বলিতেছি, —বেদন ও নিবেদন একই। জানা ও জানান একত্র সম্বন্ধ।

এইবার উপাসনার কথা ভাবিয়া দেখ। তুমি যখন উপাসনা কর, সাকার অথবা নিরাকার যাহাই হউক না কেন, অদৈত অথবা দৈত, যে জ্বানের দারা পরিচালিত হও না কেন, কার্যাতঃ তুমি অপনারই স্বরূপ পরিদর্শন করিতেছ। অদৈত জ্ঞানে বিভার হইয়া যখন স্বরূপে অবস্থান করিতে প্রয়াস পাও, তখনও তুমি আপনাকে এক চিম্ময় আদর্শে নিবেদন করিয়া, আপনি বেদন পাইতেছ, দৈত-জ্ঞানে যখন বিভোর থাক, তখনও তুমি এক চিম্ময় আদর্শে আপনাকে নিবেদন করিয়া বেদন অন্তত্তব করিতেছ। মনে করিতে পার, হৈতজ্ঞানে সাধনায় যেন চিম্ময় হইতে পৃথক হইয়া পড়িবার আশঙ্কা থাকে। কিন্তু পূর্বের্ব বলিয়াছি, নিবেদন আপনারই বেদনমাত্র। তুমি হৈতভাবে ভাবিলেও তোমার আদর্শকে ত সমস্ত চিময় ভাব দিয়া সাজাও;—কার্যাতঃ হয় কি ? যেমন দর্পণত্ব স্বীয় প্রতিবিত্বে তিলক পরাইতে গেলে, সে তিলক আপনারই নাসাত্রে অঙ্কিত হয়, তজ্ঞপ তোমার ওই আদর্শতে চিয়য় ভাব ঢালিতে বা নিবেদন করিতে গেলে কার্যাতঃ আপনিই সেই চিয়য় হইয়া পড়—আপনিই সে বেদন অম্বভব কর।

পূর্ণভাবে চিত্তবৃত্তি যখন অপিত হয়, তখন উপাস্থা ও উপাসক 'এক হয়; সোহহং চিস্তাও অসম্পূর্ণ ভাবে যতক্ষণ থাকে, ততক্ষণ হৈতভাবই কার্য্যকারী থাকে। সুতরাং কি অহৈত জ্ঞানে, কি হৈতজ্ঞানে কার্য্য একই হয়—নিবেদন ও বেদন—অর্পণ ও গ্রহণ।

ভগবছদেশে যাহাই দাও—তাহাই তোমার প্রাপ্তি হয়। একগুণ দিলে সহস্রগুণ হয়। স্থল জবাদি অবধি, যাহাই মাকে আমার ঢালিয়া দাও, মা আমার সহস্র গুণে তাহাকে পরিবর্দ্ধিত করিয়া তোমার জ্বন্ম রাখিয়া দেন। বলিতে পার, তবে মায়ে কর্মফল অর্পণ করিলে কি প্রকারে কর্ম-সকলের বন্ধন-রূপ সাধারণ ফল হইতে নিস্তার পাওয়া যায় ? অগ্নিতে যাহাই অর্পণ কর না কেন, তাহা যেমন অগ্নির স্বরূপ পরিগ্রহণ করে, তাহার নিজ্জ যেমন অগ্নিতে মিলাইয়া যায়, তদ্রুপ মায়ে আমার যে ভাবই অর্পণ কর না কেন, তাহা বাহ্য বস্তু সূহ হউক অথবা বাহাবস্তুবিহীন হউক, তাহা তাহার নিজৰ ছাড়িয়া মাতৃমেহে পরিণত হয়; মায়ের ফ্রদয়ে স্নেহ-সমুদ্রমাত্র উদ্বেলিত হয়; মাতৃ-প্রাণের বেদন-মাত্র ছুটিয়া তোমার প্রাণের উপর ঝরিতে থাকে, বস্তু অথবা ভাব, সকলেরই মূল উপাদান মাতৃ-স্নেহ-মাতৃ-বেদন; এ বন্ধাণ্ড মায়ের আমার স্নেহারুভৃতি বাতীত অন্ত কিছু নহে; স্নেহের স্পন্দন—স্নেহের বেদন, এত বিভিন্ন রূপে প্রতিফলিত হইতেছে মাত্র। স্বতরাং যাহাই মায়ে অর্পণ কর, উহা বেদনরূপ মূল স্বরূপে পরিণত হইয়া পড়ে। উহা উহার বিশিষ্ট ভৌতিক অবস্থারূপ স্পান্দন হারাইয়া, মহাসমুদ্রের মহাস্পন্দনের সঙ্গে মিলাইয়া যায়। স্থুতরাং বন্ধনরূপ সংকীর্ণতা উহাতে থাকে না। উহা বেদে উৎপত্তি-লাভ করিয়াছিল, বেদেই পর্যাবসিত হয়। কিন্তু তোমার প্রিয় বস্তুগুলি বা ভাবগুলি যদি প্রিয়বোধে তাঁহাকে দিয়া থাক, তবে তিনিও সেই প্রিয়বোধ অবলম্বনে তাহা শতগুণে বর্দ্ধিত করিয়া প্রত্যর্পণ করেন। আর যদি নির্ভির জক্ত দিয়া থাক, তবে তাহাতে নির্ত্তিরূপ ফলই দান করেন।

এ উপাসনা—এ অর্পণ ও গ্রহণ—এ নিবেদন ও বেদন অবিরাম চলিয়াছে।
এই নিবেদন ও বেদনের ভিতর দিয়াই আমরা মাতৃ অঙ্ক লাভ করিব। সমস্ত
ব্রহ্মাণ্ড আপনার অনুভ্তির, আপনার বেদনের অন্তর্ভুক্ত করিয়া লইব;
আমিড, মাতৃত এক অনির্বিচনীয়তে পরিণত হইবে। ভোগমাত্রেই উপাসনা—
অর্থাৎ যখন যেরূপে যে বিষয়ে উপ-আসন রচনা করিয়া লই, তখন তাহাতে

সেইরপে ভোগ প্রাপ্ত হই। গাভীর সর্ব্বশরীরে ছগ্ধ বিস্তৃত থাকিলেও, ভাহার অন্তস্থ ক্ষত আরোগ্য করিতে যেমন ভাহার ছগ্ধের দোহন ও মন্থন আবশ্যক হয়, দোহন ও মন্থনের দ্বারা নবনী সঞ্জাত হইলে, তবে যেমন উহা ভাহার ক্ষতে অনুলিপ্ত হইয়া ক্ষত আরোগ্য করিতে সমর্থ হয়, শরীরের অভ্যন্তরে থাকিয়া যেমন উহা ক্ষত আরোগ্য করিতে অক্ষম, আমাদের শান্ত বলেন, ওদ্ধেপ ব্রহ্মময়ী মা আমার আমাতে ওতপ্রোত ভাবে আছেন সভ্য; কিন্তু যতক্ষণ না উপাসনারূপ দোহন ও মন্থন সম্পন্ন হয়, ততক্ষণ আমার অক্ষন্থ বিভাগরূপ ক্ষত আরোগ্য হয় না। যথন যেরূপ তাপ কর্মনা করি, তথনই সেই তাপ হইতে পরিত্রাণ পাইবার জন্ম তন্তাবীয় উপ-আসন রচনা করি ও ক্ষণিক ভোগের দ্বারা সে তাপ হইতে আপনাকে রক্ষা করি। এইরূপে উপ-আসন ও ভাহা হইতে উপভোগ অবিরাম চলিয়াছে। আসনের উপত্ব যখন ঘূচিবে, ভোগেরও উপত্ব তথন দূর হইয়া যাইবে। অর্থাং এইরূপ উপ-আসন করিতে করিতে যখন নিত্য-আসনের সন্ধান লাভ করিব, তথন উপভোগ ফেলিয়া যথার্থ সম্ভোগ প্রাপ্ত হইব।

তবে কি সেই ভোগই আমাদিগের লক্ষ্য ? ভোগের জন্মই আমরা কি মাতৃঅনুসন্ধানে ছুটিয়াছি ? ভোগের আশাতেই কি আমরা "মা মা" করিয়া কাঁদিতেছি ?
এখন তাই—বস্তুতঃই ভোগেচ্ছা-প্রণোদনেই জীবসজ্ম মাতৃমুখে ধাবিত। মাতৃভোগ, মাতৃ-মিলন-আনন্দ আমাদিগকে ছুটাইয়া লইয়া চলিয়াছে। শিশু মাতৃস্তন
লক্ষ্য করিয়াই মা মা রবে কাঁদে। তার পর মাতৃচক্ষে চক্ষ্ স্থাপিত করিয়া যখন সে
আত্মহারা হইতে অভ্যন্ত হইয়া পড়ে, তখন কেন সে মাকে চাহে, জানে না অথচ
মাকে না পাইলে থাকিতে পারে না। মাতৃ-চক্ষ্ হইতে এক মুহূর্ত্তের জন্ম চক্ষ্
কিরাইতে চাহে না। ভোগের ভিতর দিয়া, স্তন পানের ভিতর দিয়া, স্নেহের
বাঁধন, ভোগাপেক্ষা স্থমিষ্ট, জন্ম অপেক্ষা স্থাময় মায়ের স্নেহধারার আস্বাদ
তাহাকে এইরূপে মাতৃ-মুখী করিয়া তুলে। তাই বলি, ভোগই এখন লক্ষ্য,
ভোগের ভিতর দিয়া স্নেহের আস্বাদ যত দিন না পাই, তত দিন ভোগই জীবকে
মাতৃ-মুখে লইয়া চলিয়াছে। ভোগের ভিতর দিয়া স্নেহের পূর্ণ আস্বাদ যত দিন
না পাইবে, তত দিন জীবের গতি রোধ হইবে না। পূর্ণ আস্বাদ পাইবামাত্ম গতি
রোধ হইবে—জীব আপনাকে হারাইবে—মাতৃত্ব লাভ করিবে।

ভবে যত দিন ভোগের ভিতর ঐ স্মেহের সন্ধান না পাইব, যত দিন না

ভোগৈশ্বর্যার ভিতর দিয়া মাতৃ- হৃদয়ে দৃষ্টি স্থাপিত হইবে—মায়ের প্রাণ যত দিন না আমাদের লক্ষ্য হইবে, তত দিন ঐ উপ-আসনে উপ-আসনেই ঘুরিয়া বেড়াইতে হইবে—তত দিন জীবের বৃদ্ধি মাতৃ-যুক্ত হইতে পারিবে না—জীব মায়ে আত্ম-হারা হইতে শিখিবে না—তত দিন জীব সাযুজ্য লাভ করিবে না। তাই ভোগৈশ্বর্যাপ্রসক্ত—ভোগৈশ্বর্যার দারা অপহৃত-চিত্ত ব্যক্তির মাতৃ্যোগে নিশ্চয়াত্মিকা বৃদ্ধি ঘটে না; মূল শ্লোকে এইরপ বলা হইয়াছে।

যাহা হউক, যাহারা বেদের এইরূপ পরিচর এখনও পায় নাই, যাহাদিগের হৃদয়ে এখনও বেদন অন্নুভৃতি হয় নাই, তাহারা শুধু বেদবাদী মাত্র। জ্ঞান, ভক্তি, কর্ম্ম আদি বেদের অর্থের বিশ্লেষণ ও কর্মাদির আপাতভোগ্য ফল লইয়াই তাহারা বাস্ত। সেই বেদবাদরত হইতে স্কুচনা করিয়া নান্তিকতা অবধি কেবল সাধারণ জীবসকলের অবস্থাবিভাগ মাত্র। সাধারণ জীবসেশা কর্ম্মসকলের স্থুল ফলেই অহনিশ আসক্ত। যেন আর কিছু নাই, এইরূপ ভাবেই তাহারা জীবন যাপন করে। স্থুল জগতে স্থুল ভোগ ছাড়া আর কিছু তাহাদের চক্ষে প্রতিফলিত হয় না, তাহাদিগের প্রাণ যেন কিছুর অন্তিম্ব স্থীকার করে না। তাহারা প্রায় সকলেই 'নাক্সন্তীতিবাদী'; ইহাদিগের ভিতর যাঁহারা ঈশ্লরপরায়ণ, ভোগৈশ্বর্যা স্বর্গাদি লক্ষ্য করিয়াই তাহারা ঈশ্লর অন্তেম্বণ করেন; আপনার বাসনার পরিভৃত্তির জক্ত ঈশ্লবের শরণাগত হন। তাঁহাদিগের চিত্তের গতি ভোগেশগোর দিকেই স্থাপিত। এই সাধারণ জীবশ্রেণীর নিশ্চয়াত্মিকা বৃদ্ধি সনাধির যে গ্য নহে। এখনও ভগবদ্যোগ প্রান্তির অবস্থা তাঁহাদিগের হয় নাই।

ভগবান্ এইখানে জীবশ্রেণীকে যেন ছই ভাগে বিভক্ত করিয়া দেখাইলেন। বেদরত অর্থাৎ যাহারা ভগবদ্বেদনে অর্থনিশ স্পন্দিত, তাঁহারা এক শ্রেণী; এবং বেদের অর্থবাদী, কর্মকাগুবাদী, যাহা পূর্ব্বে বলিয়াদি, উহা হইতে সূচনা করিয়া নাস্তিক অবধি এই এক শ্রেণী। বেদরত এক শ্রেণী এবং 'বেদবাদরত'' হইতে "নাম্মদন্তীতিবাদী" এই পর্যান্ত এক শ্রেণী। এই দ্বিতীয় শ্রেণীর ভিতর মলিন ভাবে যে সামান্ত ঈশ্বরান্তভূতি দেখিতে পাওয়া যায়, তাহা কামনা-প্রণোদনে সঞ্জাত। ইহাদিগের ভিতর যাগয় পূজাদি কর্ম্মরত যাঁহাদিগকে দেখিতে পাওয়া যায়, তাঁহারা সিন্ধির তাড়নােই ঈশ্বরারাধনায় নিবিষ্ট। কিন্তু প্রথম শ্রেণীর জীবের ভিতর যে যাগ্যক্ত আদি ক্রিয়া দেখিতে পাওয়া যায়,

তাহা কামনা-প্রণোদনে নহে, তাহা বেদনের ফুটনে। প্রথম শ্রেণীর জীব অহর্নিশ ভগবদ্যুক্ত, আর দ্বিতীয় শ্রেণীর জীব ভগবদ্যুক্ত হইবার বৃদ্ধি এখনও পায় নাই, কালে পাইবে। সর্কনিকৃষ্ট নাক্তদন্তী ভিবাদী বা অক্স কথায় নাস্তিক জীব ক্রমশঃ তাহাদিগেরই কামনার তাড়নায় বেদবাদরত হইয়া পড়িবে। কর্মের আপাতভোগ্য ফল লক্ষ্য করিয়া নৈদিক কর্মাদিতে রত হইবে—বেদের অর্থবাদ পরিগ্রহণ করিতে অভ্যস্ত হইবে। ক্রমশঃ জ্ঞান, ভক্তিও কর্ম্ম আদি বেদন-বিভাগত্রয় অবলম্বন করিয়া ঈশ্বরাভিমুখী হইবে; এবং পরে যথার্থ বেদর হপদবাচ্য হইবে।

মূল শ্লোকে "বেদবাদরতাঃ" ও "নাক্তদন্তীতিবাদিনঃ" ইহা যেন একই শ্রেণীর লোক বুঝাইবার জ্বন্স বলা হইয়াছে। বস্তুতঃ একই শ্রেণীর হইলেও সেই শ্রেণীর মূল ও শেষ ছই প্রাস্ত ধরিয়া আমি ছই ভাগে বিভক্ত করিয়াছি। বেদের কর্মকাণ্ডই বা কর্মের স্থুল আবরণই যাহাদের লক্ষ্য, কর্মের ঐ স্থুল আবরণ ছাড়া যাহারা অক্স কিছু ঐশ্বরিক সন্তা উহাতে উপলব্ধি করে না, তাহাদিগকেই মূল শ্লোকে নাক্তদন্তি ইতি বাদিনঃ বলিয়া উল্লেশ করা হইয়াছে। এইরূপ অর্থ যুক্তিসঙ্গত। কিন্তু আমি যে ভাবে পূর্ব্বে বিভাগ করিয়া দেখাইলাম, উহাও যুক্তিবিক্তম নহে। স্থুল জগং, স্থুল ভোগ ব্যতীত আর কিছু নাই এবং বেদের কর্মকাণ্ড ব্যতীত বা তত্তংকর্মজনিত ফল ব্যতীত অক্স কিছু নাই, এই ছুয়ের মধ্যে পার্থক্য নাই বলিলেও অত্যুক্তি হয় না।

যাহা হউক, আমরা এই মূল শ্লোকগুলি হইতে এই মর্মাটুকু পাইলাম যে, জীবের লক্ষ্য সাধারণ কর্ম্মসকলেই হউক অথবা বেদের কর্ম্মবাদেই হউক, স্থুলটুকুর উপর যতক্ষণ থাকে, যতক্ষণ না তাহারা প্রত্যেক কর্মের ভিতর, জগতের প্রত্যেক স্থুল আবর্ত্তনের ভিতর ঐশ্বরিক বেদনের দিকে লক্ষ্য করে, ততক্ষণ ভগবদ্যুক্ত হইবার সম্বন্ধে তাহাদিগের নিশ্চয়াত্মিকা বৃদ্ধি আসে না। সেই জ্যুই পূর্বেশ্লোকে প্রজ্ঞা বা বৃদ্ধিযোগের কথা বলিয়া, তার পর এই শ্লোক কয়টী বলা হইল। স্থুল জগতের ভিতর ভগবদ্বেদন লক্ষ্য করিতে না পারিলে বৃদ্ধিযোগ হইবে না; ব্যবসায়াত্মিকা বৃদ্ধিযোগ পাইতে হইলে ভোগাদির ভিতর দিয়া মায়ের সহিত সম্বন্ধ ফুটাইয়া তৃলিতে হইবে। ইহাই স্থুল তাৎপর্য্য।

বেদের কর্মকাণ্ড সম্যক্রপে প্রতিপালন করিলেও ভাবিও না, তোমার সমস্ত কার্য্য স্থচারু সংসিদ্ধ হইতেছে—ভাবিও না, ঐ কর্মসকল হইতে তুমি ভগবংলাভে সমর্থ হইবে—ভাবিও না, কর্মসকলের এমন প্রভাব আছে, যাহা তোমার বুকে মাতৃ-অকুভূতি বা বেদন ফুটাইয়া না দিয়াই তোমায় মাতৃ-অক্ষে যুক্ত করিবে। তুমি যোগী অথবা যাগযজ্ঞশীল হও—তুমি ব্রহ্মগাদী অথবা ব্রহ্মচারী হও—তুমি বৈতবাদী অথবা অবৈতবাদী হও—বুঝিও, যে পরিমাণে বেদন বা মাতৃভাবের স্পন্দন বা ভগবদন্মভূতি তোমার কর্মে থাকিবে, শুধু সেই পরিমাণেই ভূমি ভগবংসালিধ্য লাভ করিবে; ভোমার স্থুল ভাব বা স্থুল কার্য্যসকল যে পরিমাণে ঈশ্বরবেদন ফুটাইয়া তুলিতে সক্ষম হইবে, শুধু সেই পরিমাণেই ভূমি মাতৃত্যঞ্জল ধরিতে সমর্থ হইবে।

ত্ৰৈগুণ্যবিষয়া বেদা নিস্তৈগুণ্যো ভবাৰ্চ্ছন। নিৰ্দ্য নিত্যদত্তম্থো নিৰ্যোগক্ষেম আত্মবান্॥ ৪৫

তৈগুণাবিষয়াঃ—তৈগুণাং সংসারো বিষয়ঃ প্রকাশয়িতব্যা যেষাং তে বেদাঃ তৈগুণাবিষয়াঃ; অর্জুন ! স্বস্ত নিশ্বৈগুণাো ভব নিদ্ধামো ভব ইতার্থঃ । নিদ্ধান্তঃ— মুখহুংখহে হুঃ স্বপ্রতিপক্ষঃ পদার্থে। দক্ষণন্দাবাচ্যো ভবতি, নির্মতো দক্ষো যতঃ তথাবিধা নিদ্ধান্তা ভব, স্বং নিত্যসন্তস্তঃ সদা সন্বগুণাশ্রিতো ভব,তথা নির্যোগক্ষেমঃ— অমুপাত্তস্য উপার্জনং যোগঃ, উপাত্তস্য রক্ষণং ক্ষেমঃ, যোগক্ষেমপ্রধানস্য শ্রেয়ি প্রবৃত্তিছ স্করা ইত্যতো নির্যোগক্ষেমো ভব, আত্মবানপ্রমত্তশ্চ ভব, এষ তব উপদেশঃ স্বধ্র্যমন্তৃতিষ্ঠতঃ।

ব্যবহারিক অর্থ।—বেদবাদ সকাম ব্যক্তিদিগের কর্মফলপ্রতিপাদক। অর্জ্জুন! তুমি দ্বন্দ্বসহিষ্ণু ও যোগক্ষেমশৃত্য এবং অপ্রমাদী হইয়া নিদ্ধাম হও— আত্মবানু হও।

যৌগিক অর্থ।— ত্রিগুণই বেদের বিষয়। সত্ত্ব, রজঃ, তমঃ, এই তিন গুণ বেদের বৈভব মাত্র। এই সত্ত্ব, রজঃ ও তমোরূপ বৈভব বিভাগ করিয়া দেখিতে গিয়া বেদ বিভক্ত হইয়াছে। বেদ বা বেদন গুণিত হইয়া সত্ত্ব, রজঃ, তমঃ আখ্যা প্রাপ্ত হইয়াছে। একগুণে সত্ত্ব, তুই গুণে রঙ্গঃ ও তিন গুণে তমঃ। অর্থাৎ বেদনের প্রথম তরঙ্গ সৎ বা অস্তিত্বজ্ঞাপক, দ্বিতীয় তরঙ্গ চিং এবং তৃতীয় তরঙ্গ আনন্দ। বেদনের প্রথম বা এক গুণ ভক্তি, দ্বিগুণ হইলে কর্মা, ত্রিগুণ হইলে জ্ঞান। এই ত্রিগুণ, পরস্পরের ঘাত-প্রতিঘাতে ও সংমিশ্রণে শন্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধাদি বিষয়সকল রচনা করিয়াছে। এই ত্রিগুণ হইতেই ব্রহ্মাণ্ড-বৈচিত্র্য সমুৎপন্ন।

ব্রহ্মাণ্ডের প্রত্যেক পর্মাণুতে স্ষষ্টি, স্থিতি, লয়রূপে এই তিন গুণ প্রকটিত। মাতৃবেদনের প্রথম প্রতিঘাতে আসক্তি, দ্বিতীয় প্রতিঘাতে কর্ম ও তৃতীয় প্রতি-ঘাতে আনন্দ, লয় বা তন্ময় ভাব প্রাণে ফুটিয়া উঠে।

আমরা জীবমগুলী এই ত্রিগুণের একান্তিক সংমিশ্রণে উৎপন্ন বিষয়-সকলের অভ্যন্তরে থাকিয়া ত্রিগুণাত্মক হইয়া পড়িয়াছি। বেদ সেই জন্ম জগৎসকলকে মথিত করিয়া, জগতের অসংখ্য বৈচিত্র্যরূপ জন্ধাল সরাইয়া, প্রধানতঃ তাহার অভ্যন্তরম্থ তিনটা মৌলিক গুণ বিশ্লেষিত করিয়া দেখাইয়াছেন। কিন্তু বেদের আভ্যন্তরীণ মর্ম্ম অর্থাৎ যথার্থ বেদ গ্রহণ করিতে যতক্ষণ জীব না পারে, যতক্ষণ জীব বেদবাদরত মাত্র থাকে, ততক্ষণ বেদসকল ত্রিগুণোৎপাদক বা কর্মফল-প্রতিপাদক, এবং ততক্ষণ আমরা বৈদিক কার্য্যাদিতে রক্ত থাকিতেও ত্রিগুণম্বই লাভ করিয়া থাকি। ততক্ষণ আমরা ত্রিগুণের ছন্দের মধ্যে থাকিয়া ঘাত-প্রতিঘাত প্রাপ্ত হই—ততক্ষণ সৃষ্টি, স্থিতি ও লয় বা জন্ম, অবস্থান ও মৃত্যু, এই তিন প্রকার সংগাতে জর্জ্জরিত থাকি।

সাধারণ জীব, জগতের এই অনন্তমুখী ঘাতপ্রতিঘাতের ভিতর বিরক্ত হইয়া যথন অন্তমুখী হইতে আরম্ভ করে, তখন সে সমস্ত জাগতিক পদার্থের ভিতর শুধু এই তিনটা গুণেরই অবস্থান দেখে। এবং এই ত্রিগুণের হাত হইতে পরিত্রাণ পাইবার জন্ম সচেষ্ট হয়। মাতৃ-বেদন বহিম্মুখে ত্রিগুণিত হইয়া যেমন জগৎ রচনা করিয়াছে বা জড়র প্রাপ্ত হইয়াছে, তেমনই আবার অন্তমুখে মাতৃ-সন্নিধানে যাইতে হইলেও ত্রিগুণিত করিয়া লইতে হইবে। ত্রিগুণিত এক-বারে হয় না। অনন্ত তরঙ্গপরম্পরা মুছিয়া ফেলিয়া এক তরঙ্গ রচনা করিতে হয়; তার পর তাহাকে বিগুণিত ও তার পর তাহাকে ত্রিগুণিত করিতে হয়। অর্থাৎ জগতের সমস্ত ভোগের ভিতর আগে মাতৃ-বেদনরপ প্রথম তরঙ্গ বুকে ফুটাইয়া তুলিতে হয়, তার পর মাতৃ-অন্তভূতিরূপ কর্মা লাভ হয়—তার পর জীব মায়ে আত্মহারা হইয়া পড়ে। মাতৃ-আকর্ষণী শক্তির প্রতিলোম গতিতে জ্বাং রচিত হইয়াছিল, অন্থলোম গতিতে জীবের মাতৃলাভ সংঘটিত হইয়া থাকে। প্রতিশাম গতির পূর্ণ আত্মহারা ভাব ত্রিগুণাত্মক জড় জগৎ, অন্থলোম গতি ত্রিগুণিত হইলো মাতৃমিলন।

সেই জন্ম ভগবান্ এই শ্লোকে নিজৈগুণ্য হইবার জন্ম বলিভেছেন, অর্থাৎ প্রতিলোম গতির বা বহিমুখী গতির ত্রিগুণ্য ছাড়িতে উপদেশ দিভেছেন।

ত্রিগুণ্ড ছাডিয়া, নির্দ্ধ হইয়া একগুণী হইতে উপদেশ দিতেছেন। নিজৈগুণ্য হইয়া নিতাসবস্থ হও, ইহাই ভগবানের আদেশ। নিদ্রৈগুণ্য অর্থে ত্রিগুণের অতীত নহে; ত্রিগুণের অতীতই যদি হইবে তবে আবার সম্বন্ধ হইতে বলিবেন কেন? নিষ্ঠেখণ্য অর্থে নিষ্ঠাম হইতে পারে না, নিকাম কথাটীর সাধারণ অর্থ লইলে হইতে পারে বটে, কিন্তু নিষ্কাম শব্দটীর যথাযথ অর্থ ব্যবহৃত হইলে উহা জীবৰ থাকিতে হইতে পারে না। আত্মকামনাশৃত্য হইয়া ভগবৎকামনায় পূর্ব হওয়াকে যদি নিক্ষাম বল, তাহ। হইলে সঙ্গত হইতে পারে; নতুবা কামনার একास विलाপ भारत ना भिमाहेल इहेर्ड शास्त्र ना। निर्वेष्ठिश व्यर्थ विश्वन-বের রোধ। নিত্যসত্তম হইতে বলিবার তাৎপর্য্য এই যে, ত্রিগুণ ভুলিয়া একগুণী হও-সম্বগুণে অবস্থান কর। সং বা অস্তিত্ব, এইটুকুর উপর নির্ভর কর। মাতৃবেদনের প্রথম তরঙ্গ মাতৃ-অন্তিত্ব পূর্ণভাবে স্বীকার ও অনুভব কর, তাঁহার ক্ষেত্রে অবিরাম ধারা ব্রহ্মাণ্ডের পদার্থ-নিচয়ের ভিতর দিয়া যে ওতপ্রোত ভাবে প্রবাহিত, সেই নিতাপ্রবাহে অবস্থান করিতে অভাাস কর। নিষ্তৈগুণ্য অর্থে নিগুণিয় বুঝিলে ভাব-বিপর্য্য় ঘটিবে, তাহা হইলে এইরূপ বুঝাইবে,—ভগবান্ একবার বলিতেছেন, ত্রিগুণের অতীত হও, আবার বলিতেছেন— সম্বপ্তণে অবস্থান কর। এইরূপ অর্থবিপর্যায় ঘটিয়া যায়। শ্লোকের উদ্দেশ্য উহা নহে। গুণিত প্রাপ্তি না হইলে নির্দ্ধ হইতে পারা যায় না। তুমি যতক্ষণ ত্রিগুণের মধ্যে থাকিবে, মাতৃবেদন বা বেদ ডতক্ষণ ত্রিমূর্ত্তি ধরিয়া বা তিন গুণের বিষয়ীভূত হইয়া ভোমার ধারণায় আসিবে, এবং ঋকু আদি বেদসকলের ত্রিগুণাত্মক স্থুল মর্ম্মম এই ভোমার হৃদয়ে প্রতিফলিত হইবে।

ত্রিগুণ হইতে একগুণিত্ব লাভ করা অর্থে তুই গুণের অপলোপ ও একগুণের সংরক্ষণ নহে, তবে তুইটী গুণের প্রতিপত্তির রোধ ও একটী গুণের প্রথলতা। রক্ত ও তমোগুণের দমন ও সত্বগুণের পোষণই এ স্থলে লক্ষ্য। বেদের স্থল আবরণস্বরূপ ফলপ্রতিপাদক কর্মাদি ত্রিগুণাত্মক। সেই ত্রিগুণাত্মক কর্মসকলের ভিতর দিয়া নিত্য মহাসতার দিকে লক্ষ্য স্থাপন করাই উক্ত কর্মের লক্ষ্য। ভাব বা বেদনই কর্মসকলের আত্মা। শব্দ, নাম, মন্ত ইত্যাদি উহার স্থল দেহ, এবং বাহ্য কর্মাদিই উহার স্থল শরীর বা বিকাশ। স্থল সনাতন ভগবৎসত্তা, শব্দে বা মন্তে বিকাশ প্রাপ্ত হয়। কর্মাদির দ্বারা সে বিকাশ গাঢ়তর হয়। কর্মাদির মূল লক্ষ্য—এ ভাব বা বেদনপ্রকাশ মাত্র। কর্ম্মী যদি কর্ম্মের

ভিতর ঐ বেদন অনুভব করিতে না পারে, শব্দ বা মন্ত্রাদির ভিতর যদি ভগংং-সতার উপলব্ধি করিতে না পারে, তাহা হইলে মৃত দেহের সেবা করা হয় মাত্র। বেদামুমোদিত কর্ম্ম-সকলের ভিতর দিয়া ভগবৎসত্তার উপলব্ধিটুকু পাইবার জম্মই ভগবান অর্জুনকে নিদ্রৈগুণা হইয়া সত্ত্ব হইতে বলিতেছন। আলোক-পরমাণু যেমন সর্বত্ত সর্ববিসময়ে সঞ্চারিত, গভীরতর অন্ধকারের ভিতরেও আলো-কের ভরক্ষ যেমন ফ্রিড, মায়ের আমার অক্ষর সতাও তক্রপ ব্ল্লাণ্ডের সমস্ত বিকাশ, সমস্ত কর্মের ভিতর দিয়া প্রবাহিত। তাঁহারই বিকাশ সমস্তকে অমু-প্রাণিত করিয়া রাখিয়াছে। সুর্য্যের আলোকের দারা যেমন স্থ্য প্রত্যক্ষীভূত হন, সূর্য্যপ্রকাশের জন্ম যেমন অন্ম আলোকের প্রয়োজন হয় না, তদ্রপ ব্রহ্মাণ্ডাদি-রূপ মাতৃশক্তি বিকাশের দারাই মা আমার প্রকাশিতঃ। মাকে দেখিতে অক্স আলোকের প্রয়োজন হয় না। অন্ধকাবের ভিতর আলো আমরা দেখিতে পাই না সত্য, কিন্তু জীববিশেষের চক্ষু উহা ধরিতে সক্ষম হয়। জলের ভিতর সমীরণ আমরা শ্বাসপ্রশ্বাসরূপে গ্রহণ করিয়া জীবিত থাকিতে পারি না সত্য, কিন্তু জলমধ্যস্থ মংস্যাদি জলচর জীবসকল উহাতে স্বচ্ছন্দে জীবিত থাকে। তদ্রেপ আমরা স্ব স্থ গুণাতুযায়ী স্ব স্ব সংস্থারের অনুকূল ক্ষেত্রে অবস্থান করি-তেছি, এবং সেই ক্ষেত্রের ভিতর মাতৃ-অনুভূতি স্বচ্ছন্দে লাভ করিতে পারি। এই স্ব স্ব ক্ষে এটুকুই আমাদিগের প্রত্যেকের নিজ ধর্ম পালনোপযোগী আধার। জীবমাত্রেরই প্রকৃতি বা সংস্কার বিভিন্ন, স্থতরাং প্রত্যেকেরই ভগবদমুভূতির প্রকারও স্বতন্ত্র। সেই জন্ম স্ব স্ব ইষ্টুদেবতার সন্ধান করিয়া লইতে হয়। আমার ব্যক্তিগত ভাব, আমার নিজম্ব অবস্থা যে ধরণের, ঠিক সেই ভাব, সেই অবস্থার ভিতর মাকে আমার ফুটিয়া উঠিতে হইলে যে রূপে, যে গুণে ফুটিয়া উঠিতে হয়, ভাহাই আমার ইন্টদেবতার রূপ গুণ। ইষ্টদেবতা অর্থে ঈস্সিত দেবতা। আমি যে ক্ষেত্রে থাকি, যেমন সংস্কারের মধ্যে থাকি, যেমন গুণ ও আধারে অবস্থিত, আমার ইচ্ছাও তদমুযায়ী হয়। অথবা আমার ইচ্ছা, আমার অবস্থা, আমার সংস্কার যেরূপ—আমার কর্মক্ষেত্র ঠিক তদতুরূপ। স্থুতরাং সেই ইচ্ছা-সঞ্জাত ক্ষেত্রে আবিভূতি৷ হইতে হইলে মাকে আমার ঈপ্সিত মূর্ত্তিই ধারণ করিতে ইচ্ছাময়ীকে আমার ইচ্ছামত, আমার সংস্কারমত রূপে এণে ভূষিতা বা দাকারা হইয়া, তবে আমার নিকট আদিতে হইবে, নতুবা উহা আমার উপলব্ধিতে আসিবে না। এ জন্ম মা আমার স্বতন্ত্র স্বতন্ত্র মূর্ত্তি পরিগ্রহণ করিয়া

আমাদিগের জীবনের সার্থকতা সম্পাদন করেন এবং সেই জহুই উহা ইফ্টদেবতা নামে বিখ্যাত। ইষ্টদেবতা অর্থে ঈপ্সিত দেবতা।

কিন্তু অনেক সময়ে আমরা আমাদের ইচ্ছা যে কি, তাহা বুঝিয়া উঠিতে পারি না। আমাদের প্রাণের লক্ষ্য কিরূপ, তাহা আমরা অবধারণ করিতে সক্ষম হই না। আমাদের প্রাণ কি চায়, তাহা আমরা বুঝিতে পারি না। অনেক ক্ষেত্রে ভগবংলাভের ইচ্ছার অস্তিহমাত্রও উপলব্ধি হয় না। আমরা স্থূল কর্ম্ম ও ভাবাদি দেখিয়া সময়ে সময়ে এমন কাহাকে কাহাকে মনে করিতে বাধ্য হই, যেন তাহার প্রাণের গভীরতম অন্তঃস্থলেও ভগবৎসন্ধান নাই। কিন্তু তাহা নহে—ভগবৎসন্ধান—ভগবৎলাভেচ্ছা-শৃষ্ঠ জীব হইতে পারে না। মায়ের জন্ম আকুলতা নাই, এমন প্রাণ নাই। কেন না, আকুলতার দ্বারাই এ ব্রহ্মাণ্ড রচিত। মা—তাঁর প্রত্যেক প্রমাণুকে মাতৃভাবে আকুল হইয়া আলঙ্গন করিতে গিয়াই স্থুল জগংরূপে রচিত হইয়া পড়িয়াছেন। বংসহারা গাভী যেমন বংসের উদ্দেশে ধাবিতা হয়, এ ব্রহ্মাণ্ডও তজ্রপ মহামায়ার ধাবিত অবস্থা মাত্র। এই ধাবনই মায়া বা মায়ার বিকাশ। এক দিকে মহামায়া মা "মা মা" করিয়া ধাবিতা, অন্ত দিকে সেই মহামায়ার পরমাণু কুজ মায়ারূপী আমরাও "মা মা" করিয়া মাতৃ-মুখে অগ্রসর। এই উভয়ে যেথানে যথন মিলন হইবে, বিরাট্ যথন ক্ষুদ্রের ভিতর ঢুকিয়। পড়িবে, ক্ষুদ্র যখন বিরাটের অঙ্গে লীন হইবে, তখন 'মা মা' রব রোধ হইবে, তখন শদ বন্ধ হইবে, তখন শদ বন্ধান্মক ব্রহ্মাণ্ডের অস্তিষ সেই-থানে বিলুপ্ত হইবে, তখন সেথানে থাকিবে শুধু—যাহাকে তোমরা প্রমাত্মা— পুরুষোত্তমাদি নামে প্রকাশ করিতে বিফল প্রয়াস পাও।

তাই বলিতেছিলাম, প্রত্যেক প্রাণেই মাতৃ-অনুসন্ধানেচছা আছে। কিন্তু ইচ্ছাটীর প্রকার বা অবস্থা আমরা জানি না, সেই জন্ম গুরুর শরণাগত হই, সেই জন্ম গুরুর প্রয়োজন। গুরু আমার সেই আধ্যাত্মিক ইচ্ছার অবস্থাটুকু পর্যাবেক্ষণ করিয়া, আমাকে তদন্ত্যায়া ক্রিয়াদির বাবস্থা করিয়া দিয়া, আমার ইচ্ছা পূরণের পথ প্রসারিত করিয়া দেন। আমার অজানা, আমার জ্ঞানচক্ষের অগচোরে আমারই যে ইচ্ছা ছিল, তাহাতেই তিনি প্রতিমা গড়িয়া আমার চক্ষের সম্মুখে ধরেন। অথবা গুরু প্রত্যেক হাদয়ের অবস্থা পর্যালোচনা না করিয়াই স্বীয় শক্তিপ্রভাবে সঞ্জীবিত মন্ত্রাদি প্রদান করিয়া, তাহার বারাই ভাহার সে অন্ধকার ঘুচাইয়া দেন। শিষ্য আপনার হৃদয়ে আপনার ইচ্ছার

প্রতিমা দেখিয়া কৃতার্থ হয় ও সাধনার দারা সে প্রতিমাকে সঙ্গীব করিয়া তুলে।

যাহা হউক, প্রত্যেক জীবের ইচ্ছার ক্ষেত্র স্বতন্ত্র হইলেও তাহার অভ্যন্তরে মাতৃবেদন যে প্রবাহিত, ইহা স্থির সিদ্ধান্ত। সেই বেদনকে সাবয়বছ দিতে গিয়া বেদ হইয়াছে। বেদে সেই বেদন সাকারত্ব লাভ করিয়াছে। বৈদিক জ্ঞান ও কর্মাদিতে সেই বেদন ইন্দ্রিয়াছায় জড় শরীর লাভ করিয়াছে। সেই বেদন ব্রিগুণাত্মক হইয়া পড়িয়াছে। স্বতরাং পূর্বের যেমন বলিয়াছি, বৈদিক কর্মানকলের স্থল অবয়বের সেবা ও পরিপোষণ যদি উহার অভ্যান্তরন্থ ঐ বেদনকে লক্ষ্য করিয়া না হয়, তাহা হইলে ত্রিগুণাত্মক ফর্মফল মাত্র লাভ হইতে থাকে। সেই জন্ম ভগবান্ ঐ ব্রিগুণাত্মক বৈদিক কর্ম্মকলের দেহের দিকে লক্ষ্য না রাথিয়া, উহার আত্মহরূপ সেই বেদনটুকুর দিকে লক্ষ্য স্থাপন করিতে বলিতেছেন। ইংগ্রুই নাম নিত্যসন্তন্ত্ব হওয়া।

আমরা দেখিতে পাই, মাতৃ-মন্দিরের সম্মুখে পশুবলি। অগণিত মনুষ্য একত্তে দলবদ্ধ হইয়া মা মা শব্দ করিতে করিতে একটা নিরীহ পশুকে মাতৃনামে উৎ-সর্গীকৃত করিয়া যুপকাষ্ঠে ভাষাকে আবদ্ধ করে, ঘাতকের শাণিত খড়া উত্তোলিত হয়: চারি ধারে বেষ্টন করিয়া মনুষাসজ্ব মা মা শব্দে চীংকার করিতে থাকে—আর তাহাদিগের শত কঠের সে মা মা চীৎকারকেও অতিক্রম করিয়া সেই নিরীহ কুদ্র মাতৃসন্তানটীর মা মা শব্দ দিল্লগুলে ধাবিত হয়। শত শত মহুষ্য মা মা করিয়া চীৎকার করে, সে পশুও মা মা করিয়া চীৎকার করে— সে ঘাতকও মা মা করিয়া চীৎকার করিতে থাকে। আর বুঝি, আর একজন— যার চকু সর্ব্বত্র বিস্তৃত,— যাহার ফুদয়ের উত্তাল স্নেহ সর্ব্বত্র সঞ্চারিত, মা নামের ঐ বিরাট তরঙ্গ একমাত্র যাহার প্রতি প্রযোজ্য, যে সেই মা, বুঝি সেও সেইখানে অন্তরালে থাকিয়া প্রদীপ্ত চক্ষে আকুলহুদয়ে কর প্রসারণ করিয়া "মা মা" শব্দ করিতে থাকে। শত পুত্র মিলিত হইয়া একটা পুত্রকে ধরিয়া যুপবদ্ধ করিতেছে—মা সেইখানে দাঁড়াইয়া! বুঝ মায়ের প্রাণ! বুঝ মায়ের সেই সময়ের ভাবের সংঘাত—বুঝ, মাতৃ-প্রাণের তৎসাময়িক আন্দোলন! মনুষ্য ডাকে—মা—মা। পশু ডাকে মা—মা। পশুও ছেদিত হয়। মাকে পায় কে 📍 মনে হয়, মাকে বুঝি ওই ছাগশিশুই পায়—মনুষ্য মাংস লইয়া গৃহে याय ।

তাহা নহে। বলির সময়ে সেই পশুকে যদি শিবস্বরপ**্অনুভব করা হই**য়া থাকে, যদি যজ্ঞকারী শিব ও শক্তির সমন্বয় করিতে সক্ষম হইয়া থাকে, ভাহা হইলে সে বলি সার্থকতা লাভ করিয়াছে। মাতৃলাভ মনুষ্যেরই হয়, পশুর স্বর্গলাভ বা উর্দ্ধস্তরীয় জীবন লাভ সম্ভবপর। কিন্তু তাহা হয় না। পশু, প্রাণের দিকে লক্ষ্য রাখিয়া মা মা করে। মনুষ্য মাতৃরূপার দিকে—আপন সিদ্ধি পূরণের দিকে লক্ষ্য রাখিয়াই মা মা করেন। স্কুডরাং পশু প্রাণ মাত্র পায়, মনুষ্য সিদ্ধিমাত্র পায়। বৈদিক কার্য্যাদি ও জগতের সমস্ত ভোগ সম্বন্ধে এইরূপ বুঝিতে হইবে। ভোগমাত্রেই বলি—কর্মমাত্রেই বলিদান। কর্মরূপ বলিদান দিয়া উদ্দেশ্যসফলতারূপ সিদ্ধি লাভ করি। ভৌতিক সাহায্য বাতীত কোন কার্য্যই সংসাধিত হয় না। একটা কর্ম্মের অমুষ্ঠান করিলেই কভকগুলি সমষ্টির পরিবর্ত্তন সংসাধিত করিতে হয়। যখন আমি আহাররূপ কার্যাটী সপ্পা-দন করি, তখন অন্ধরূপ ভূত পরিবর্তিত হইয়া যায়। অর্থাৎ অন্ধের অন্নত্ত সূচিয়া আমার শরীরপোষণকারী অফ্ররপ ভৌতিক দেহ ধারণ করিতে সেগুলি বাধ্য হয়। যখন আমি চিন্তা করি, আমার মস্তিক-প্রমাণু ধ্বংসিত হয়। এইরূপ স্থূল কর্ম হইতে সুক্ষা চিন্তা অবধি পর্য্যবেক্ষণ করিলে আমরা ভৌতিক বলিদান মাত্র দেখিতে পাই। সর্বত্ত সর্বক্ষেত্রে সর্বসময়ে এ ব্রদ্ধাণ্ডে এইরপ বলিদান চলিতেছে। এ বলিদানের সময় সর্বাত্ত সর্বাসময়ে কম্মী ও কর্ম উভয়ই মা-মা শব্দ করিতেছে। কর্মী স্বীয় অভীষ্ট পূরণের জন্য স্বীয় ইচ্ছারপ জননীর মুখ চাহিয়া কশ্বরূপ বলি অপ্রণ করিতেছে; এবং কশ্ব আত্মরুকার্থ তাহার ইচ্ছা-রূপ জননীর মুখ চাহিয়া চীৎকার করিতেছে। যদি কর্মী কর্ম করিবার সময় সেই কর্মকে শিবময় করিয়া লইতে পারে, অর্থাৎ সেই কর্মের অভ্যন্তরে নিত্য-মঙ্গলময়, নিতা সত্যা, নিতাসতার উপলব্ধি করিতে পারে, তাহা হইলে কর্ম ও কর্ম্মী উভয়ে শিবত্ব লাভ করিতে সমর্থ হয়। নতুবা ইচ্ছারূপ জননীকে উদ্বেলিতা করিয়া মাত্র আমাদিগের কর্মসকল পর্যাবসিত হয়—কর্ম খীয় বাহাঙ্গ অনুযায়ী ফল মাত্র অপণ করে। কন্সী ত্রিগুণাত্মক ফলের দিকে লক্ষ্য করিয়া সে কর্ম সাধনা করে বলিয়া স্থষ্টি ও লয়যুক্ত বা জন্ম ও মৃত্যুক্ত ফলসকল পাইয়া থাকে।

পূর্বেব বলিয়াছি, প্রতিলোমক্রমে আমরা জড় জগতের মধ্যে আসিয়া পড়িয়াছি। অর্থাৎ মায়ের আমার সম্পূর্ণ বহিম্মুখী আত্মহারা ভাবের দারা

এখন আমরা পরিধৃত। জড় জগৎ যে মাতৃম্নেহের বহিমুখী অমুভূতির অবস্থা, ইহা যেন মনে থাকে। এইরূপ জড়ত্ব পাইতে মা যে তিন গুণের বা বিশক্তির শ্বরণ করিয়াছেন, আমাদিগকে মায়ের স্বরূপে গিয়া এখান হইতে মিলিত হইতে হইলে, সেই তিন প্রকার শক্তি ফ্ররিত করিতে হইবে। এবং সেই **তিন** শক্তি বিলোমক্রমে একগুণ, তুইগুণ, তিনগুণ প্রাপ্ত হইলে, তবে বরূপে আত্ম-হারা ভাব বা মাধুর্য্য বা তম্ময়তা লাভ হইবে। মাতৃস্লেহের প্রথম বহিমুখী ফ্রুবে অর্থাৎ সম্বন্তুণ বিকাশে যেমন মা স্নেহময়ীরূপে নিজ অন্তিত উপলব্ধি করিয়াছিলেন, আমাদেরও প্রথম অস্তর্শুখী ক্ষুরণে তদ্রপ সম্বন্থ হইতে হইবে। অর্থাৎ অহর্নিশ আমি যে মাতৃমেহের সমুদ্রে নিমজ্জিত, নিতাজননীর নিতা ক্রোড়ে আমি যে অবস্থিত, ইহা ধারণা করিতে হইবে। আমি নিশ্চিন্ত, উদ্বেগশৃষ্ঠ হইব, প্রাণ এক প্রকার অনমুষ্টতপূর্ব্ব স্বাধীনতার ভাবে মগ্ন হইবে। তখন তাহা হইতে সেই ভাব দ্বিগুণিত অর্থাৎ রজত্ব প্রাপ্ত হইবে। সৃষ্টিকালে মায়ের বহিমুখী ক্রণের দিতীয় অবস্থায় মা যেমন রঞ্জ প্রাপ্ত হয়েন, মাতৃত্রেহ যেমন দিঞ্চণিত হইয়া ক্রিয়ারপ পরিপ্রহণ করেন, তদ্রপ আমাদেরও অফুলোম গতির দ্বিগুণিত অবস্থায় আমরা কার্য।ময় হইয়া পড়ি। আমরা আমাদের প্রত্যেক কার্য্যকে মাতৃ-চরণে নিবেদন করিয়া দিতে ব্যগ্র হইয়া পড়ে। আমর। আহার, নিজা, চিত্তবৃত্তির বৈচিত্র্যময় অভিব্যক্তি-সকল মায়ে অর্পণ করিতে থাকি। ছটি ফুল পাইলে মায়ের চরণ উল্লেখে নিক্ষেপ করি। একটু জল দেখিলে মাতৃচরণ প্রকালনের জন্ম উহা নিবেদন করি। আহার্য্য পাইলে মাকে **অর্প**ণ করিয়া প্রসাদ গ্রহণ করি। চিত্তে যখন যে ভাব জাগে, তখন তাহা মায়েরই বিকাশ ভাবিয়া, মায়ে মিশাইয়া দিতে প্রয়াস পাই। তখন কার্য্যতঃ নির্যোগ-ক্ষেম হইয়া পড়ি। তখন প্রাপ্ত বস্তুর উপর আর অভিলাষ থাকে না। কি আছে, দেখিবার অবসর প্রাণ পায় না। কি নাই, কি প্রয়োজন, এ সকলের জন্ম প্রাণ ব্যাকুল হয় না। লব্ধ বস্তুর রক্ষণে ও অপ্রাপ্ত বস্তুর সংগ্রহে প্রাণ বিব্রত থাকে না। যাহা সম্মুখে আসিয়া উপস্থিত হয়, যাহা কিছু স্বাধিকারের মধ্যে দেখিতে পায়, তাহাই, মাতৃ চরণে ঢালিয়া শান্তি লাভ করে। গ্রাসাচ্ছাদন পर्यास्त यथानकालात्व मण्यन्न इटेराज थारक। देशहे असम्पूर्वी तकार ।

তার পর তৃতীয় অবস্থা। স্টের সময় মাতৃত্বেহ ত্রিগুণিত হইয়া যেমন তম:
আখ্যা প্রাপ্ত হয়—মা যেমন স্বীয় কার্য্যের উপর আত্মহারা হইয়া পড়েন,

আত্মাহারা হইয়া মা যেমন জড়ত্ব প্রাপ্ত হয়েন, তদ্রুপ ভাবে কার্যা-সকলকে মাত্চরণাভিমুখে প্রেরণ করিতে করিতে যেন মায়ের চক্ষে আমাদের চক্ষ্ সংযুক্ত হইয়া পড়ে। মায়ের আমার স্বরূপ লক্ষ্যে আসিয়া পড়ে। মায়ের দর্শন পাই। হাতের ফুল হাতে থাকে—চক্ষে আর পলক পড়ে না, নাসিকায় আর শ্বাস বহে না, হুৎপিও আর স্পন্দিত হয় না, প্রাণে আর ভাবপ্রবাহ থাকে না; মায়ে আমার আমিত্ব মিলাইয়া যায়। তখন শুধু আমার মা থাকে। ইহার নাম আত্মবান্ হওয়া। ইহার নাম অন্তশ্মুখে তমোগুণপ্রাপ্তি বা ত্রিশুণিত হওয়া। ইহাই শিবতের লক্ষণ। মহেশ্বর তমোগুণের দেবতা, প্রতিলোমক্রমে বহিমুখী বিকাশের সময় তুমোগুণ ভূতনাথ বা পঞ্চভূতাত্মক পঞ্চানন। অন্তমুখি বিকাশের সময় তুমোগুণ ভূতনাথ বা পঞ্চভূতাত্মক পঞ্চানন। অন্তমুখি

রজঃ প্রধান ত্রিগুণাত্মক ভাবে কর্ম্মসকল সম্পাদন করিলে ত্রিগুণাত্মক ফলই লাভ হইয়া থাকে অর্থাৎ সে কর্মসকল জন্ম ও মৃত্যু বহন করে। একের ধ্বংস ও অন্তোর সৃষ্টি। এক কর্মের বিলোপ ও অহা কর্মের আরম্ভ—এই ভাবে কর্ম্মসকল চলে। স্থতরাং সে সকল কর্মের ভিতর দিয়া আমরাও জন্ম ও মৃত্যু পাইয়া থাকি। মাতৃশক্তি হুই ভাবে কার্যা করে, ইহা পূর্কে বলিয়াছি। বহিমুখী ও অন্তমুখী—বিপ্রকর্ষণী ও আকর্ষণী। বহিমুখে যখন কার্য্য করে, অর্থাৎ যখন বিপ্রকর্ষণী শক্তি ক্রিয়াশীলা থাকে, তখন উহা রজঃপ্রধান এবং অন্তমুখে যখন কার্য্য করে, অর্থাৎ যখন আকর্ষণী শক্তিরূপে ক্রিয়াশীলা হয় বা অন্তশ্মুখী হয়, তখন উহা সম্বপ্রধান। রজঃপ্রধান অবস্থায় কর্মই প্রধান পরিণাম। রদ্ধোগুণ কর্ম্মরপেই প্রকটিত হয়। এক কর্ম্মের সংসাধন করিতে হইলে অক্স কর্ম্মের ধ্বংস প্রয়োজন। স্বতরাং এই রক্ষঃপ্রধান অবস্থায় অর্থাৎ বহিমু'থী অবস্থায় আরম্ভ ও নাশযুক্ত কর্মসকল অমুষ্ঠিত হইতে থাকে। সেই সকল কর্মের অহর্নিশ সংসাধনে যত্নবান্ থাকিয়া আমরা রজঃপ্রধান কর্মী বলিয়া আরম্ভ ও নাশ ব। জ্বন্ম-মৃত্যুরূপ উপাধি বার বার পাইতে থাকি। অন্তশ্মু খী হইলে অর্থাৎ সম্ব্রপ্রধান হইলে এই জন্ম-মৃত্যু-বিপর্যায় কমিতে থাকে। সম্বন্তন অন্তিত্ব-প্রধান। অন্তন্মু খী অবস্থায় নিজ সতা বা ভগবৎসতা মূল লক্ষ্য। স্থুতরাং সম্বর্থধান হইয়া তাহার উপর রজোগুণাত্মক কর্মসকল অমুষ্ঠিত হইলেও উহা ভগবংসতারই পোষকতা করে। তাই অস্তমুখী গতিতে অর্থাৎ সৰপ্রধান অবস্থায় জন্ম-মৃত্যুর বেগ হ্রাস হয়। সেই জন্মই ভগবান নিত্যসন্থ হইতে বলিতেছেন।

তমোগুণ উভয় অবস্থারই চরম। রজঃপ্রধান অবস্থাও তমে গিয়া শেষ হয়, সম্বপ্রধান অবস্থাও তমে গিয়া লয় হয়।

> যাবানর্থ উদপানে সর্বতঃ সংপ্লুতোদকে। তাবানু সর্বেয়ু বেদেয়ু ব্রাহ্মণস্থ বিজানতঃ॥৪৬

সর্বেষ্ বেদোক্তেষ্ কর্মান্থ যামু।ক্তান্তনন্তানি ফলানি, তানি নাপেক্ষন্তে চেৎ, কিমর্থং তানি ঈশ্বায়েতানুষ্ঠিয়ন্ত ইত্যাচাতে। যথা লোকে কৃপতড়াগাদ্য-নেকস্মিন্ উদপানে পরিচ্ছিরোদকে যাবান্ যাবৎপরিমাণঃ স্নানপানাদিরর্থঃ ফলং প্রয়োজনং, স সর্বেহির্থঃ সর্বতঃ সংপ্লুতোদকে অপি যোহর্থঃ, তাবান্ এব সম্পদাতে তব্রান্তর্ভবিতি ইত্যর্থঃ। এবং তাবান্ তাবৎপরিমাণ এব সম্পদাতে সর্বেষ্ বেদেষ্ বেদোক্তেষ্ কর্মান্থ যথ কর্মান্তলং সেহির্থঃ ব্রাহ্মাণস্য সয়াসিনঃ পরমার্থতিবং বিজ্ঞানতো যঃ অর্থো যথ বিজ্ঞানফলং সর্বতঃ সংপ্লুতোদকস্থানীয়ং তিস্যাংস্থাবানেব সম্পচ্চতে তব্রৈবান্তর্ভবিতি ইত্যর্থঃ।

ব্যবহারিক অর্থ।—সমস্ত স্থান জলপ্লাবিত গ্রহা গেলে কৃপতড়াগাদি কুদ্র কুদ্র জলাশয়ে যে পরিমাণে প্রয়োজন থাকে, ব্রাক্ষণের সমস্ত বেদে তত্টুকু মাত্র প্রয়োজন।

যৌগিক অর্থ।—যিনি বেদ জানেন, তাঁহাকে ব্রাহ্মণ বলে। পূর্ব্বোক্ত বেদ যিনি অনুভব করিয়াছেন, তিনিই ব্রাহ্মণ। সমস্ত কর্ম্মের ভিতর, সমস্ত পদার্থের ভিতর, সমস্ত প্রদানের ভিতর যিনি এই এক স্পান্দন—এই এক বেদ অনুভব করিয়াছেন, তিনিই ব্রাহ্মণ-পদবাচ্য। মাতৃমেহের অবিরাম ফুরণ যিনি চারি ধার হইতে অবিশ্রাস্ত উপলব্ধি করিয়াছেন, তিনিই ব্রাহ্মণ। যিনি আপনাকে নিভ্য মাতৃ-ক্রোড়ে সমুপ্রিষ্ট বলিয়া ভাবিতে পারেন, তিনিই ব্রাহ্মণ। ব্রাহ্মণ ভূদেবতা, ব্রাহ্মণ সর্বলোকপূজ্য, ব্রাহ্মণ দেবতা অপেক্ষাও মাতৃ-প্রেয়। মাতৃ-মেহের পূর্ণ পরাকাষ্ঠা একমাত্র ব্রাহ্মণেই দেদীপ্যমান। বৃঝি, ব্রাহ্মণরূপ অপূর্ব্ব সন্তান প্রদর্শনই মায়ের এ বিশাল ব্রহ্মাণ্ড রচনার হেতু। ব্রাহ্মণ মাতৃ-অন্ধ-সংযুক্ত শিশু—ব্রাহ্মণ ব্রহ্মালপ্ত — ক্রেছা। তাই বিফুবক্ষে ব্রাহ্মণের চরণ চিহ্নিত। সন্তানের কদর একমাত্র মা যেমন অনুভব করেন, তেমন আর কেইই পারে না। ব্রাহ্মণকে চিনিতে মনুষ্যের শক্তি নাই; দেবতারা ব্রাহ্মণের গৌরব আংশিক বুঝেন। ব্রহ্মই ব্রাহ্মণের গৌরব জাংশিক বুঝেন। ব্রহ্মই ব্রাহ্মণের গৌরব জাংশিক বুঝেন। ব্রহ্মই ব্রাহ্মণের গৌরব

জানেন। মা যেমন ছেলে জানে, ছেলে যেমন মাকে জ্লানে, এইরূপ মাতা-পুত্রে জানাজানি আর কোথাও প্রতিফলিত হয়ন।। ব্রাক্ষণ ও ব্রক্ষে তক্ত্রপ সম্বন্ধ।

এই ব্রাক্ষণৰ জীব যত দিন না পায়, যত দিন না জীব, জগতের প্রভ্যেক পদার্থে মাতৃ-সত্তা উপলব্ধি করিতে পারে, তত দিন সেই সত্তা উপলব্ধি করিবার জস্ত বিশিষ্ট কর্ম তাহাকে অবলম্বন করিতে হয়--বিশিষ্ট বিশিষ্ট প্রকার জ্ঞান, বিশিষ্ট বিশিষ্ট প্রকার ভাবের দ্বারা তাহাকে চালিত হইতে হয়। সেই ভাব, সেই জ্ঞান, সেই কর্মসকল বেদরূপে জগতে প্রচলিত। ভূমগুলের অভ্যস্তরস্থ সর্ববত্র সঞ্চারিণী জলধার। পাইতে হইলে ভূপৃষ্ঠস্থ জীবকে যেমন কৃপ ভড়াগাদি খনন করিতে হয়, কুপাদি কাটিয়া যেমন ভূগর্ভস্থ বারিপানে জীব কৃতার্থ হয়, তজ্ঞপ সাধারণ জীবকে এ জগতে ঐ সকল বৈদিক কর্মাদির অনুষ্ঠান করিয়া তবে মাতৃ-স্নেহের আভাস পাইতে হয়। মাতৃম্নেহ ব্রহ্মাণ্ডের ভিতর দিয়া ওতপ্রোতভাবে প্রবাহিত সত্ত্বেও যাহারা উহা উপলব্ধি করিতে এখনও পারে নাই, তাহাদিগকে এইরূপে কম্মাদিরপে কৃপ তড়াগাদির সাহায্য লইতে হয়। কিন্তু যে সর্বত্র এ স্নেহের সন্ধান পাইয়াছে, সর্বকর্মে মাতৃ-সত্তা যে উপলব্ধি করিয়াছে, তাহার পক্ষে ঐ বিশিষ্ট বিশিষ্ট কৃপ তড়াগাদির প্রয়োজনীয়তা অতি অল্প। সমস্ত ভূমণ্ডল সলিলাপুত হইলে কৃপ ভড়াগাদির অম্বেষণ যেমন নিষ্প্রয়োজন হইয়া পড়ে— কুপ ভড়াগাদির বিশিষ্টতা যেমন ঘুচিয়া যায়, ভজ্রপ মাতৃ-স্নেহ-সলিলের পরি-প্লাবন সর্বত্ত অহুভূত হইলে ঐ সকল বৈদিক কম্ম ভাবাদিও নিশ্পয়োজনীয় হইয়া পড়ে, উহাদিগের বিশিষ্টতা তেমনই ঘুচিয়া যায়। স্নেহের কুলপরিপ্লাবি স্রোতে ভাহার বিষয়াদি সমস্ত জ্ঞান নিমগ্ন হইয়া যায়; সে প্রবাহে প্রবাহে, স্পন্দনে স্পন্দনে, ভাবে ভাবে একমাত্র মাতৃ-স্নেহ উপলব্ধি করে। তখন তাহার নাম ব্ৰাক্ষণ হয়।

পূর্বে যে প্রজ্ঞার কথা বলিয়াছি, সেই প্রজ্ঞার সম্যক্ অনুশীলনে জীব বাক্ষণত্ব লাভ করে। এইরপ বাক্ষণত্ব লাভই জীবের উদ্দেশ্য — এইরপ বাক্ষণত্ব লাভের জন্মই ব্রক্ষাণ্ডে গতি নিয়ন্ত্রিত। ইহাই প্রত্যেক পরমাণুর লক্ষ্য, ইহা প্রভ্যেক জীবাণুর আদর্শ, ইহাই জীবের চরম গতি। ইহা পাইতে হইলে পূর্ব্ব-শ্লোকপ্রতিপাদিত নিত্যসত্বস্থ ভাব, নির্যোগক্ষেম ভাব অবলম্বনীয়। যতক্ষণ জীব বাক্ষণ না হয়, ততক্ষণ মন্ত্র, যাগ-যজ্ঞ, সাধনা, সিদ্ধি ইত্যাদির আবশ্যকত

থাকিতে পারে; কিন্তু জীব ব্রহ্মনিষ্ঠ হইয়া পড়িলে একমাত্র ব্রহ্মেই, একমাত্র মায়েই সে সব পায়। তাহার সমস্ত আশার কুত্র কুত্র গণ্ডী ঐ বিরাট্ প্রাপ্তিতে লীন হইয়া পড়ে।

বুদ্ধিযোগ বা প্রজ্ঞার কথা হইতে সূচনা করিয়া এই অবধি ভগবান্ যাহা বলিলেন, তাহার সার মর্মা এই,—

তুমি সমস্ত ভাবের ভিতর প্রস্থা অবলম্বন কর। অর্থাৎ সমস্ত ভাবের ভিতর মাতৃ-স্নেহ দর্শনের জন্ম হাদ্য বাড়াইয়া দাও। এই ধর্মা অল্পমাত্র অফুষ্ঠিত হইলেও ইহা মহাভয় হইতে তোমায় রক্ষা করিবে। মাতৃ-মেহ সর্বাত্র যে প্রস্তুত, এইরূপ নিশ্চয়াত্মিকা বৃদ্ধি অবলগ্ধন কর, তোমার অনস্ত শাখাযুক্ত অনিশ্চয়াত্মিকা বৃদ্ধিকে এই প্রজ্ঞাভিমুখী কর : করিলে তবে তুমি মাতৃযুক্ত হইতে সক্ষম হইতে পারিবে। যে সমস্ত জ্ঞান ও কর্মাদির অনুশীলনের বিধি আছে, সেই সকল অমুশীলনের ফলগুলিতে যত দিন তোমার কামনা থাকিবে, তত দিন তোমার জন্ম মৃত্যু লাভ করিতে হইবে—তত দিন তুমি মাতৃস্থ হইতে সক্ষম হইবে না। এ সকল অনুশীলন বিধিযুক্ত হইলেও উহারা ত্রিগুণাত্মক। তুমি উহাদিগের আরম্ভ ও ফল বা রজঃ ও তমঃ, এই তুইটি অংশ যেন বাদ দিয়া, <mark>উহার অভ্যস্তরস্থ সত্বগুণটুকুতে মাত্র লক্ষ্য স্থাপিত কর। অর্থাৎ যে কর্ম্ম</mark> সম্মুখে উপস্থিত হইবে, তাহার ফলের দিকে লক্ষ্য করিয়া কর্মের আবাহন করিও না বা এই কর্ম হইতে এই লাভ করিব, এইরূপ ভাবিও না। তবে আগত কর্মের ভিতর নিত্যসত্ত্ব ভাব অর্থাৎ সকল কর্মের ভিতর মাতৃ-সত্তা বা মাতৃ-অস্তিত্ব অথবা নিজ সন্থা বা নিজ অস্তিত্ব, এইটুকু মাত্র অনুভব কর। নির্যোগ-ক্ষেম হও অর্থাৎ প্রাপ্ত বস্তুর রক্ষণে যত্নবানু হইও না—অপ্রাপ্ত বস্তু প্রাপ্তির জম্ম উদ্গ্রীব হইও না। আত্মবান হও।

নিতাসম্বস্থ হইলেই নির্যোগক্ষেমত্ব আসিয়া পড়ে। কর্মের মধ্যে শুধু নিত্যাসম্বস্থ হইতে হইলে, এক মহাসত্তার অনুসন্ধানতংপর হইলে, তখন বর্মফলস্বরূপ প্রাপ্ত বস্তুসকলের উপর আর লক্ষ্য থাকে না। ভগবংসত্তার বিকাশ
প্রাণের উপর নিত্য আধিপত্য লাভ করিলে, তখন আর স্থুল ভৌতিক অন্তিত্ব ও
তাহার সংরক্ষণের উপর চিত্ত অনুলিপ্ত থাকে না; প্রাপ্ত বিষয়াদির রক্ষণ ও
অপ্রাপ্ত বিষয়াদির অর্জ্জনের জন্ম প্রাণ চিস্তিত থাকে না; অর্থাং তখন নির্যোগক্ষেম হইয়া পড়ে। তার পর ক্রেমশ্য সাধক আত্মবান্ হয়—আত্মার স্বরূপ

উপলব্ধি করিতে পারে। এই জন্ম মূলশ্লোকে অগ্রে নিত্যসত্তম্ভ, তার পর নির্যোগেক্ষম, তার পর আত্মবান্, এইরূপে এই অবস্থাত্তম সন্ধিবিষ্ট হইয়াছে।

বাহ্যিক স্থুল বিষয়াদিতেও যেরপে, মানসিক ক্ষেত্রেও ঠিক তজ্ঞপ অবস্থা পরিলক্ষিত। চিত্ত ভগবৎসতায় মিশিতে আরম্ভ হইলে তখন জ্ঞান, বুদ্ধি, সিদ্ধি ইত্যাদি কি আছে বা পাইয়াছি—কি থাকিবে বা প্রাপ্ত হইব, এ দিকে তাহার লক্ষা থাকে না। পক্ষী যেমন চঞ্চুদ্ধারা আবর্জনারাশির মধ্য হইতেও বাছিয়া বাছিয়া আহার্য্য উঠাইয়া লয়, তজ্ঞপ সে তখন অক্সান্থ মানসিক চিস্তা আবর্জনাবং সরাইয়া, শুধু ভগবদম্বেষণে তৎপর থাকে ও ক্রেমশঃ আত্মবান্ হইয়া উঠে।

যাহা হউক, এইরূপ দেখিতে দেখিতে ক্রমশঃ সমগ্র চিত্ত ভগবদ্ভাবাপ্পুত হইয়া যায়। মাতৃভাবে বাহ্য জগৎ ডুবিয়া যায়—মাতৃভাবে হৃদয় অহর্নিশ প্লাবিত হইয়া থাকে। জলপরিপ্লাবনে কৃপ তড়াগাদির যেমন আর স্বতন্ত্র অস্তিত্ব পরিল্পিত হয় না, তক্রপ এক মাতৃভাব ছাড়া অক্স কোন চিন্তা তাহার হৃদয়-ক্ষেত্রে পরিদৃষ্ট হয় না। স্থূল স্ক্ষ সমস্ত ক্ষেত্রে সে এক বিবাই স্নেহ-সমুজের সন্তামাত্র অন্থভব করে। অর্থাৎ পূর্বক্লোকে "আত্মবান্ হও" বলিয়া যে অবস্থার কথা বলা হইয়াছে, তাহাই যথার্থ প্রকটিত হয়। সেই আত্মবান্ অবস্থাটী বিশেষ ভাবে বুঝাইবার জন্মই যেন "যাবানর্থ উদপানে" ইত্যাদি প্লোকটী বর্ণনা করা হইয়াছে।

এইরূপে প্রজা হইতে সূচনা করিয়া জীব কিরূপে ব্রাহ্মণ**ছ লাভ** করে, তাহাই দেখান হইল।

> কর্মাণ্যেবাধিকারন্তে মা ফলেছু কদাচন। মা কর্মফলহেতুভূর্মা তে সঙ্গোহস্তকর্মণি॥১৭

কর্মণি এব অধিকারঃ, তে তব তত্রচ কর্ম কুর্বেতো মা ফলে অধিকারঃ অস্ত কর্মফলতৃষ্ণা মাভ্ৎ কদাচন কস্থাঞ্চিদপি অবস্থায়াং ইত্যর্থঃ। যদা কর্মফলে তৃষ্ণা তে স্থাৎ, তদা কর্মফলপ্রাপ্তেহে তৃঃ স্থাৎ এবং মা কর্মফলহেতৃভৃঃ, যদাহি কর্মফলতৃষ্ণাপ্রযুক্তঃ কর্মণি প্রবর্ততে, তদা কর্মফলস্থৈব জন্মনো হেভ্রুবেং। যদি কর্মফলং নেয়তে, কিং কর্মণা ছঃখরূপেণেতি মা তে তব সঙ্গোহস্ত। অকর্মণি অকরণে প্রীতিমাভূং। জ্ঞানাধিক।রিণোহপি কর্মত্যাগপ্রসক্তিং

নিবারয়তি কর্মণি এষ তে অধিকারং আহ, ন ত্যাগে ইতি। নহি তত্র ব্রাহ্মণস্ত অধিকারঃ সিধ্যতীত্যর্থঃ।

ব্যবহারিক অর্থ।—কর্মে তোমার অধিকার হউক, কর্মফলে যেন না হয়—
কর্মফলে যেন ভোমার আসক্তি না জন্মায়। তুমি কর্মফলার্থী হইও না, ফল
যেন ভোমার কর্মাসক্তির হেতু না হয় এবং কর্ম করিব না—এরূপ আসক্তিও
যেন ভোমার না থাকে। অথবা ফলযুক্ত কর্মে যেন ভোমার সঙ্গ না হয়।

যৌগিক অর্থ।—পূর্বশ্লোকে কর্মসকল ফলপ্রদ ও জন্মগৃত্যুবন্ধনযুক্ত বলায় কর্মসকলে অনাস্থা আসিতে পারে। নির্যোগক্ষেম হইতে বলায়, সে আশক্ষা আরও দৃঢ় হইয়াছে। প্রাহ্মণের বেদে অথবা বেদবিহিত কর্ম্মে অতি সামাস্থ প্রয়োজন বলায়, আরও প্রবলভাবে আশক্ষা উৎপাদন করা হইয়াছে। প্রাপ্ত বস্তুর রক্ষণে ও অপ্রাপ্ত বস্তুর আগরণে অনাসক্ত হইতে বলায়, সাধক মনে করিতে পারে, তবে কর্মের আবশ্যকতা কি? ভোগ-সকল যখন জন্মগৃত্যুর কারণ—কর্মমাত্রই যখন ভোগপ্রদ এবং ব্রাহ্মণত্ব লাভ হইলে যখন বস্তুতঃ কর্মসকলের আবশ্যকতা নাই, তখন কর্ম ছাড়িয়া দিলেও ত কার্যা সিদ্ধ হইতে পারে? সেই আশক্ষা নিরাকরণার্থ ভগবান এই শ্লোকে বলিতেছেন, কর্ম্মে অধিকার হউক, ফলে অধিকার যেন না হয়।

পূর্ব্বোক্ত শ্লোকগুলির যথার্থ মর্মার্থ সাধক যখন প্রাণের ভিতর গ্রহণ করে—যখন সাধক কর্ম সম্বন্ধে ঐরপ আশস্কায় ভীত হয়, তখন বিশেষভাবে অনুসন্ধান করিয়া দেখিলে সাধক বৃঝিতে পারে, কর্ম্ম-সকলের ফলটুকুর উপর মার দোষ পরিদৃষ্ট হয়; কিন্তু কর্ম্মের উপর ত কোন দোষ আসে না ? সাধক দেখে, কর্ম্মে তাহার অধিকার সম্পূর্ণ বর্ত্তমান। যাহার উপর প্রাণ পূর্ণমাত্রায় বিরাজ করে, তাহাই আমার অধিকারভূত। জীবমাত্রই এইরপ কর্মাধিকারে বর্ত্তমান। চিন্তা, বিষয়াদি গ্রহণ, এ সমস্ত জীবমাত্রের হৃদয়ে স্বতঃসঞ্জাত, উহার জন্ম জীবকে সচেষ্ট হইতে হয় না। কর্ম্মসকল আপন। হইতে জীবহৃদয়ে উদ্ভূত হইতে থাকে। স্পতরাং জীবের কর্মে অধিকার আছে, ইহা স্বতঃসিদ্ধ। তবে জীবের ফলে অধিকার নাই। কর্ম্ম করিলেও আমরা তৎকর্ম্মের লক্ষ্যাভূত ফল সকল সময়ে পাই না। কর্ম্ম যত দিন না পূর্ণমাত্রায় ঘনীভূত হয়, তত দিন উহা ফল প্রস্বক করে না এবং কর্ম্ম এইরূপ ঘনীভূতি লাভ করিতে যেন আমার বাহিরে অন্ত কোন শক্তির মুখ চাহিয়া অপেক্ষা করে। কর্ম্মে অধিকার আছে

সত্য, কিন্তু কথন্ কোন্ কর্ম আমার দ্বারা কৃত হইবে, সে বিষয়ে আমি অনিশ্চিত। কর্মসকল যেন কোন দুর্গম গুহা হইতে ফুটিয়া উঠেও কালপূর্বে আমাকে ফলে অভিষিক্ত করে। জীব কোন্ মুহুর্ত্তে কি কাজ করিয়া ফেলিবে, কোন মূহুর্ত্তে কিরপ চিন্তায় নিযুক্ত হইয়া পড়িবে, ভাহা তৎপূর্ব্বমূহুর্ত্তেও নির্দ্ধারিত করিয়া বলিতে পারে না। কর্ম প্রতি মূহুর্ত্তে আসিতে পারে সত্য, মূহুর্ত্তে মূহুর্ত্তে কর্ম অসিয়া বিষয়-ভোগরূপ ফল আমার উপর ঢালিয়া দিতেছে সত্য; কিন্তু কোন্ নির্দিন্ত কর্ম কোন্ নির্দিন্ত ফল লইয়া আসিবে, ভাহা জীবের বৃদ্ধির অতীত। সাধারণ জীবের শব্দ, স্পর্শ রূপ, রস, গন্ধাদি গ্রহণরূপ কর্মাণ্ডলি ছাড়িয়া দিলেও বিশিষ্ট বিশিষ্ট কর্মের ভিতরও ইহা সর্ব্বসময়ে প্রত্যক্ষ হয়। এই যাহাকে ঈশ্বর-চিন্তায় রত দেখিতেছি, পরমূহুর্ত্তেই ভাহাকে পাপাসক্ত দেখিতে পাই—এই যাহাকে দ্বর্ত্ত বলিয়া পরিগণিত করিতেছি, পর মূহুর্ত্তে হয় ত ভাহাকে "মা মা" করিয়া ধ্ল্যবলুন্টিত দেখিতে পারি—এই মূহুর্ত্তে যে সমাজের ঘোরতর বিপ্লবকারী নান্তিকরূপে আমাদের চক্ষে প্রতিফলিত হইতেছে, পর মূহুর্ত্তে হয় ত সেই সমাজের শীর্ষাসন গ্রহণ করিয়া ধর্ম্ম প্রচারে কৃতসক্ষর। কর্মের এ গতি বৃঝি ছুপ্তের্জয়।

এইরপ চিন্তা প্রাণের ভিতর প্রবল হইলে ও স্থিরভাবে চিংশক্তি উহার উপর চালিত করিলে, আমরা স্পাইই দেখিতে পাই—আমরা স্পাইই বৃঝিতে পারি, আমাদিগের শক্তি কর্মারপে অবিশ্রান্ত বিকশিত হইতেছে ও হইবে। কিন্তু কোন্রপ অবস্থায় ফুটিবে—কি প্রকারে ঘনীভূত হইয়া কোন্রপ ফলের মূর্ত্তি পরিগ্রহণ করিয়া বা কোন্রপে ফলবান হইয়া উহা আসিবে, তাহা যেন আমার অধিকারের বহিভূত। শক্তির বিকাশ অনিবার্যা; কিন্তু বিকাশের ক্রেম, মার্রা, অবস্থা ও ধর্মা, ইহা যেন জীবের অগোচর। কর্মারপে শক্তিরপিণী মা আমার অহর্নিশ আমার চিত্তক্ষেত্র রঞ্জনা করিতেছেন—ইহা স্থির; কিন্তু সিদ্ধি, বর, আশীর্বাদ অস্থির—ইহা মাতৃ-ইচ্ছান্তভূক্তি, ইহা যেন আমার শক্তির বাহিরে। তবে প্রধানতঃ ইহা হইতে এই দেখিতে পাইলাম—কর্ম্মের কর্মাংশে আমার অধিকার আছে সত্য, কিন্তু ফল আমার অধিকারের বাহিরে।

কর্ম্মের কর্মাংশে দোষ নাই, ফলাংশে মাত্র দোষ। স্থুতরাং ভোগরূপ কর্মফলের দিকে চাহিয়া কর্ম না করিলে, বন্ধন আশহা তিরোহিত হয়। কিন্তু এমন মনে হইতে পারে, এত গোলমালে না গিয়া কর্মরোধ হইয়া গেলেও ত ক্ষতি ছিল না ? কম্মরোধ করিয়া দিলেই ত গওগোল চুকিয়া যায় ? কিছ তাহা হয় না,—কম্মের ভিতর ইহা একটা গুঢ় রহস্ত। কম্মের ফলের দিকে না চাহিলে, আপাতভোগ্য ভোগসকলের দিক্ হইতে দৃষ্টি ফিরাইলে কম্মের শক্তি বর্দ্ধিত হয়। যেমন জলস্রোতের সম্মুখে শিলাখণ্ড থাকিলে, উহাতে স্রোভ রোধ প্রাপ্ত হইয়া তরঙ্গরূপ ফল রচিত হয় ও স্রোতের গতি আংশিক ভাবে প্রতিক্ষন্ধ হইয়া থাকে, কিন্তু সে প্রস্তরখণ্ড অপসারিত করিলে সে তরঙ্গ ঘুচিয়া <mark>যায় ও</mark> স্রোত প্রবলতর হয়, তদ্রপ আমার শক্তির বিকাশরূপ কন্মস্রোতের মুথে ফলা-কাজ্মারূপ শিলাখণ্ড-সকল সরিবেশিত থাকায় উহাতে জন্মসূত্যুরূপ তরঙ্গ রচিত হইতেছে—বন্ধনরূপে আমার সে শক্তিস্রোত মন্দীভূত হইতেছে। যদি কন্মের আপাতভোগ্য ফলরূপ ঐ শিলাখণ্ড-সকল আমার কম্মান্তের মুখ হইতে অপসারিত করিয়া ফেলি, তাহা হইলে সে স্রোত দ্বিগুণ মাত্রায় পরিবর্দ্ধিত হইবে—কম্প্রবাহ বর্দ্ধিত ব্যতীত হ্রাস প্রাপ্ত হইবে না। দিঙ্মগুলের, ভাব-মণ্ডলের, ব্রহ্মাণ্ডমণ্ডলের কোন স্থানে বাধা প্রাপ্ত না হইয়া, ব্রহ্মাণ্ডব্যাপিনী, সর্ব্ব-দিক্পুসারিণী, দিখসনা, ভাবময়ী মায়ের আমার সর্বাঙ্গ আমার কম্ম প্লাবিত করিবে। তরঙ্গের দিক্ হইতে লক্ষ্য ফিরাইয়া মূল স্রোতের দিকে স্থাপিত করিলেই কম্ম বা আমার বিকাশ বিস্তৃত হইয়া পড়িবে। প্রাণ যেন উল্লাসে পরিপূর্ণ হইয়া পড়িবে, স্বাধীনতার অমৃতময় আস্বাদন প্রাণের ভিতর ফুটিয়া উঠিবে। মনে হইবে, আমার ফ্রন্থের অস্তন্তলে কোন মঙ্গলময়ী মহাশক্তি দাঁডাইয়া, মঙ্গলময় কর প্রসারিত করিয়া আমায় আশীর্কাদ করিয়া বলিতেছেন.—

> "কর্মণ্যবাধিকারন্তে মা ফলেরু কদাচন। মা কর্মফলহেতুতুর্মা তে সঙ্গোহস্তকর্মণি॥"

"তোমার কম্মে অধিকার হউক, ফলাভিসন্ধি ঘুচিয়া যাউক, ফলের দিক্ হইতে লক্ষ্য অপস্ত হউক — কম্মহীনতার সঙ্গ দূর হউক।"

যত দিন ফলের দিকে যে পরিমাণে লক্ষ্য থাকে, তত দিন সেই পরিমাণে আমরা কম্মহীনতা প্রাপ্ত হই। যে পরিমাণে ভোগরূপ ফলের দিক্ হইতে লক্ষ্য ফিরাইয়া লইতে সক্ষম হই, সেই পরিমাণে কম্মাধিকার পরিবর্দ্ধিত হয়। ইহা কম্মের একটী অপূর্ব্ব গুপ্তরহস্ত ।

"অকন্মণি"—অকন্ম অবস্থা বা কন্মহীনতাকে লক্ষ্য করিয়া বদা হইয়াছে।

ফলাকাজ্ঞা রহিত হইলে, কম্বাহীনতা আসিয়া পড়িতে পারে। ফলই আমাদিগকে ক্ষের দিকে ছুটাইয়া লইয়া যায়। স্তরাং ফলে আসক্তি না থাকিলে কম্মতি রোধ হইবে—এইরপ আশকা থাকিতে পারে। সেই আশকা তিরোহিত করিবার জন্মই ভগবান্ বলিতেছেন,—"তোমার যেন কর্মহীনতার বা অকর্ম অবস্থার সঙ্গ না হয়।" ফলের উপর লক্ষ্য থাকিবে অথচ কর্মরোধ হইবে না, এইরপ উভয় বিপরীত ভাবের সামঞ্জন্ম রক্ষা হইবার একমাত্র উপায়, পূর্ব্বোক্ত প্রকারে নিত্যস্বস্থ হওয়া। নিত্য অস্তিষ্ঠ অন্থভবের জন্ম, নিত্য-আশ্রয়ের সন্ধানের জন্ম প্রাণে প্রগাঢ় আসক্তি থাকিলেই, উহা কর্ম্মস্কলের বাহ্য ফল হইতে দৃষ্টি ফিরাইয়া, কর্ম্মের মধ্যেই তৃষ্ণা মিটাইবার জন্ম লালায়িত হইবে। কর্মসকল আর ক্ষুদ্র কৃপবৎ মনুশ্ব-হদয়ের তরঙ্গমাত্র বলিয়া না বুঝিয়া, বিরাট্ সমুদ্রের আনন্দলহরী বলিয়া তখন জীব বুঝিতে থাকিবে। তাহার স্বার্থের গণ্ডী কর্ম্মের সামানির্দেশ করিবে না, অসীম উদার আকাশবং ব্রহ্মক্ষেত্র তাহার কর্মক্ষেত্ররূপে প্রতিফলিত হইবে।

'অকর্মণি' শব্দটি ব্যবহার করিবার আর একটা উদ্দেশ্য আছে। কর্মমাত্রই যদি ভগবং-সন্ধানাভিমুখী হয়, তবেই উহা কর্ম্মপদবাচ্য; নতুবা অকর্মরূপে পরিগণিত। আমাদিগের জীবন-যাত্রার প্রত্যেক কর্ম-অনম্ভ জীবনের প্রত্যেক পদক্ষেপই যদিও আমাদিগকে মাতৃসন্নিধানে ছুটাইয়া পইয়া চলিয়াছে, ভত্রাচ যতক্ষণ ঠিক ওই চক্ষে কর্ম্ম-সকলকে উপলব্ধি না করি, যতক্ষণ না কর্ম্মরপ প্রতি পদবিক্ষেপে, তীর্থযাত্রীর চক্ষের মুদুর তীর্থমন্দিরের চূড়ার মত মায়ের আমার হিরণ্ময় মন্দির ক্রমশঃ স্মুস্পষ্ট হইয়া প্রতিভাত হইতে থাকে, ততক্ষণ ওই কর্মসকল অকর্ম-পদবাচ্য। তীর্থযাত্রী পথ-ধূলির দিকে যভক্ষণ লক্ষ্য রাথে, পথ-পর্যাটনের সাময়িক ক্লান্তি শ্রম আদির দিকে যতক্ষণ চাহিয়া থাকে. ততক্ষণ যন্ত্রণা অমুভব করে, অবসাদ ভোগ করে, বিশ্রামের জন্ম চঞ্চল হয়, পথ-কষ্টসকল অমুভবে আইসে। কিন্তু হৃদুর তীর্থ-মন্দির যথন মনে পড়ে অথবা ভাহার ঈষং অংশমাত্রও যখন প্রত্যক্ষ হয়, তখন প্রপর্য্যটন-ক্লেশ, অবসাদ লক্ষ্যে আদে না। তখন চরণ ক্রত হয়, তখন আনন্দে প্রাণ ফুলিয়া উঠিয়া ভাহার পদক্ষেপের মাত্রা পরিবর্দ্ধিত করে। সেই জম্ম আমাদিগকে আপাত-ভোগ্য ফলসকলের দিক্ হইতে লক্ষ্য তুলিয়া নিত্য-মঙ্গলময়ী মায়ের দিকে লকা স্থাপিত করিতে বলা হইয়াছে।

ইহাকেই সাধারণতঃ নিজাম অবস্থা বলে। কর্মসকলের বিশিষ্ট বিশিষ্ট ফলের দিকে যভক্ষণ দৃষ্টি থাকে, সাধারণ কথায় ভতক্ষণ উহা সকাম এবং ঐরপ ফলাভিসন্ধি ঘুচিলেই উহা সাধারণ নিজামপদবাচ্য।

এখন আমরা বৃঝিলাম, সকল কর্মই অকর্ম হইতে পারে, আবার সকল অকর্মণ্ড কর্ম হইতে পারে। সমাজে মহাপাপ বলিয়া যাহা পরিগণিত, ভাহাও হয় ত অবস্থাবিশেষে কর্ম বা স্থকর্মারপে প্রতীয়মান হইয়া উঠে, আবার যে কার্য্য সর্বাপেক্ষা অধিক পুণ্যময় ও ধর্মযুক্ত বলিয়া জানি, অবস্থাবিশেষে ভাহাও অকর্মারপে পরিগণিত হয়। যত নিকৃষ্ট কর্মাই হউক, মাতৃসন্ধান থাকিলেই ভাহা কর্মা—যত উৎকৃষ্ট কর্মাই হউক, মাতৃ-সন্ধান ভাহাতে না থাকিলে ভাহা অকর্ম।

"ম। তে সঙ্গোহস্বকর্মণি"—তোমার যেন অকর্মের বা কর্মহানতার সঙ্গনা হয়, ইহা বলায় আমরা বৃঞ্জিলাম, মা পূর্ব্বে যে "কন্মণোবাধিকারস্তে"—কর্মেতোমার অধিকার হউক বলিয়াছেন, সেই কথাই বলবং করিয়াছেন। কর্মেতোমার অধিকার বিস্তৃত হউক, কর্মহানতার কবল হইতে তুমি পরিত্রাণ পাও, তোমার সকল কর্ম্ম মাতৃভাবময় হউক, ইহাই মায়ের আণীর্ব্বাদ। এইরূপ হইবার উপায়—ফলের উপর অধিকার বিস্তারের দিকে লক্ষ্ম না থাকা। ফলে তোমার অধিকার যেন না হয়, ফলসকল যেন তোমার কর্ম্মসকলের হেতুনা হয়, তাহা হইলেই অকর্মন সঙ্গ হইতে পরিত্রাণ পাইবে।

পূর্বেব যে "তৈগুণ্যবিষয়া বেদাঃ" ইত্যাদি শ্লোক আছে, এই শ্লোকটী ভাহারই আরও বিস্তৃত মর্ম্ম বলা যাইতে পারে। "নিত্যসম্বস্থ হও" এই কথাটি উক্ত শ্লোকে কথিত হইয়াছে এবং নিত্যসম্বস্থ হইলেই কর্ম্মাধিকার সম্বন্ধে যেরূপ অবস্থা হইবে, তাহা বলাই এই শ্লোকের অভিপ্রায়।

"তৈগুণ্যবিষয়া বেদাং" এই আদিলোকে আর একটা কথা আছে, "আত্মবান্ হও।" নিতাসত্তম্ব হইলে, কর্মাধিকার এইরূপে ব্রহ্মাণ্ডব্যাপকতা পাইলে, তবে আত্মবান্ হইতে পারা যায়। আত্মবান্ হওয়ার ইহাই লক্ষণ। যথন এইরূপে আত্মবান্ হইবে, যথন সর্বত্তি এইরূপে আত্মাধিকার বিস্তৃত হইবে, সর্বকর্ম-কেন্ত্রের অভ্যস্তবে ফল্পনদীর মত যে মাতৃত্তবেষণ আছে, সেই সর্ববিস্থার সাধারণ স্রোত যথন তুমি অবলম্বন করিতে পারিবে, তথন তুমি সর্বব্যাপকতা প্রাপ্ত হইবে, তথন সর্বত্র মাতৃ-স্নেহোদকের যে পরিপ্লাবন আছে, তাহাতে অবগাহন করিতে সমর্থ হইবে—তথন তুমি ব্রাহ্মণ হইবে—তথন কর্মরপ তরঙ্গ আর তোমাতে থাকিবে না, অথবা সে তরঙ্গ তোমার উপলব্ধিতে আসিবে না। কিন্তু এখন যত দিন না সে ব্রাহ্মণত তুমি লাভ কর—তত দিন এইরপে কর্মাধিকার বাড়াইতে হইবে। "যাবানর্থ উদপানে" আদিশ্লোকের সহিত এই শ্লোকের এইরপ সমন্বয়। অর্থাৎ নিত্যসত্ত্ব হওয়া—কর্মাধিকার বিস্তৃত করা, ইত্যাদি মাতৃ-স্নেগ অনুভূতির জন্ম সচেন্ট হওয়া মাত্র। আত্মবান্ হওয়া, বাহ্মণ হওয়া সেই মাতৃস্নেহ, সেই মাতৃ-বেদন লাভ করা। আত্মবান্ হইলে তবে ব্রাহ্মণ হওয়া যায়। এখন তুমি ত ব্রাহ্মণ হও নাই, এখন সাধনার সর্বোচ্চ শিখরে তুমি ত আরোহণ করিতে সমর্থ হও নাই। এখন কর্মেই তোমার অধিকার বিস্তারের প্রয়োজন।

তাহা হইলে 'অকর্মণি' শব্দটির কর্মহীনতা অর্থ পাইলাম। কর্মহীনতা, সাধারণ কর্মের অভাব হইলে হইতে পারে। আবার কর্মের অভাব না হইলেও কর্মহীনতা আসিতে পারে। কেন না, ভগবদ্বেদনশৃত্য কর্মাও অকর্ম। আমাণষ প্রাপ্তির পূর্বক্ষণ অবধি কর্ম্মরক্ষার প্রয়োজন। কেন না, কর্ম্মরপ ক্ষেত্রেই মাতৃবেদন ফুটিয়া উঠিয়া তবে প্রাণে অনুভূতি জ্ল্মাইবে। স্কুতরাং সে কর্ম্মর জ্ল্য পূর্বেকিক আশক্ষা তিরোহিত করা আবশ্যক। উহার উপর নিত্যসবৃদ্ধ হওয়া।

কর্মে তোমার অধিকার হউক—এই কথা বলায় মনে হয়, কর্মে বুঝি আমার অধিকার নাই। বস্তুতই এখন যেন কর্মে আমার অধিকার নাই। এখন তুমি কর্ম্বা ভাবিও না। যত দিন মাকে মা বলিয়া না চিনিবে, তত দিন কর্ম্মেরই আমার উপর অধিকার বিশ্বমান। আমার দ্বারা কর্ম্ম এখন চালিত নহে—কর্ম্মের দ্বারা এখন যেন আমি চালিত। কর্মের উপর আমার আধিপত্য নাই, আমার উপর কর্মের আধিপত্য। কর্মা তাহার মনোমুগ্ধকর ফলটি আমার চক্ষের সম্মুখে ধরিয়া আমায় ভূলাইয়া ভূলাইয়া লইয়া চলিয়াছে। আমি সেই সৌন্দর্যরাগময় ফলটির দিকে চাহিয়া ছুটিয়াছি। লক্ষ্ম লক্ষ্ম কর্ম্ম, লক্ষ্ম লক্ষ্ম এইরূপ ফল ধরিয়া আমার সম্মুখে। আমি সে সৌন্দর্য্যছটায় বিভোর—আত্মহারা। চাহিয়া ছুটিয়াছিছ্যা চক্ষ্ম: ঝলসিয়া যাইতেছে, যন্ত্রণায় চক্ষ্ম: ফাটিয়া রক্ত পড়িতেছে, তবু মুদিত চক্ষে একবার বিশ্রাম লাভ করি, এমন অবসর ত পাইতেছি না ? তীত্র যন্ত্রণায়

ভাড়নায় একবার এক্লবার মা মা করিয়া কাঁদিয়া উঠি সভ্য, কিন্তু সে চক্ষের यञ्जभाष नरह—तम कुन्तन, तम यञ्जभा—कन शालित अजारत। राज वाष्ट्रीया কোন একটা ফল যখন করায়ত্ত করিতে না পারি, তথনই কাঁদি। কোন অভ্যের শক্তির সাহায্যের জ্বন্য তখন একবার চারি ধারে চক্ষুঃ ফিরাই। আবার ফলের দিকে লক্ষ্য পড়ে—আবার ছটি, আবার হাত বাড়াই। যে ফলগুলি পাই, তাহাই খাই—তাহাই আবার ছুটায়। ছুটিতে ছুটিতে ক্রমশঃ ক্লান্তি অবসাদ, গতি প্লথ করিয়া দেয়: তখন এই ফলফুলময় কর্মমণ্ডল মরীচিকা विनया (वाध रय - जान्ति, जमात यन्नगातयः विनया धातगाय जारम। कन মিথ্যা—কর্ম মিথ্যা—জগৎ মিথ্যা—প্রাণ মিথ্যার ছবিতে পূর্ণ হইয়া যায়। কিন্তু গতি বন্ধ হয় না—ছোটা কমে না। তখন মিথ্যার বেষ্টনের ভিতর হইতে বাহির হইবার জন্ম ছুটি। দূরে তথন সত্যফলযুক্ত কর্ম্ম যেন দেখিতে পাই— তখন সেই "সত্যফল" ''সত্যফল" করিয়া প্রাণপণে ধাবিত হই। হায়। বুঝি না—তথনও কর্মাই আমার উপর আধিপতা বিস্তার করিয়া আমায় ছটাইয়া লইয়া চলিয়াছে। মিথ্যা ও সত্য, এই ভাবিতে ভাবিতে প্রাণের প্রদীপ-মিখা মলিন হইয়া যাইতেছে। কর্মের প্রবল আধিপত্য আমার উপর পূর্ববৎ প্রতিষ্ঠিত রহিয়াছে। ''অশোচান্যশোচন্তং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে'—গীতায় ভগবানের এই সর্ব্বপ্রথম বাণীটি বুকে তথন স্মুস্পট প্রতিফলিত—পণ্ডিতের মত কথা কহি সত্য, সত্য সম্বন্ধে আলোচনা করি সত্য, কিন্তু কার্য্যতঃ অশোচ্যের জন্ম শোক করি: সমস্ত মিথ্যা বলিয়া, সে মিথ্যামণ্ডলের বাহিরে সত্য বলিয়া কল্পনা-মণ্ডল রচনা করিয়া, তৎপ্রাপ্তির জন্ম শোকাভিভূত হই।

কিন্তু ভরসা আছে, চিরদিন এমন করিয়া কাটিবে না। একদিন—প্রাণ যে দিন দেখিবে—বিরাম বিরাম করিয়া যাইতেছি, কিন্তু আমার গতির বিরাম নাই, যে দিন দেখিবে, আমার কল্লিত মিখ্যার মধ্যে যখন ছুটাছুটি করিতাম, তখনও কর্ম্মগতির দ্বারা চালিত, এখন কল্লিত সত্যমুখে যে ছুটিতেছি, এখনও কর্ম্মগতির দ্বারা চালিত, —কর্ম্মের দ্বারা সর্ক্রসময়ে পরিচালিত হইতেছি; যে দিন প্রাণ বলিয়া উঠিবে, কে মা — কে মা তুমি, বাহিরে বন্ধন মুক্তি আদি নানাবিধ ফলরূপে প্রতিফলিত হইয়া আমায় ছুটাইয়া লইয়া চলিয়াছ কে মা তুমি? কখনও ফলরূপে আদর্শ সাজিয়া, আকাজ্ফারূপ গতি হইয়া, কখনও ফলগুতা বা মুক্তিরূপে আদর্শ সাজিয়া, নিরাকাজ্ফ হইবার আকাজ্ফারপে

গতি হইয়া কে মা ভূমি আমার বুকের উপর নৃত্য করিতেছ ? আশারূপে মনোমোহিনী মূর্ত্তি পরিগ্রহণ করিতেছ, আবার হতাশে দীর্ঘধাস-সংক্রুরা হইয়া মানমুখে শোকাকুলা দীনা লুষ্টিভার মত, ভিখারিণীর মত ছল ছল আঁখিতে আমার বুকে শোকের প্রতিমা ধরিতেছ কে মা তুমি ? দূরে হরিহরবিরিঞ্চি-সেবিভচরণা, জ্যোতিজালাময়ী, আনন্দোল্লাসময়ী, রাজরাক্তেশরী মূর্তিতে ফুটিয়া উটিতেছ কে মা তুমি ? বাহিরে ভোগরূপে, অন্তরে লালসারূপে, মনে আদর্শরূপে, প্রাণে তৃষ্ণারূপে, আবার মনে স্বাধীনতার কল্পনা মুক্তির ছবিরূপে, প্রাণে তংপ্রাপ্তির আকুলতারূপে মুহূর্তে মুহূর্তে ফুটিয়া ফুটিয়া উঠিতেছ, কর্ম্মরূপে আমায় ছুটাইয়া লইয়া চলিয়াছ—আমায় ছুটাইতেছ, কি আপনি ছুটিতেছে, বুঝিতে পারি না, কিন্তু ছোটাছুটি দেখিতে পাইতেছি—গতিরূপিণী—শক্তিরূপিণী কে মা তুমি ? সেই দিন শুনিবে যাহাকে মিথ্যা বলিতেছিলে, তাহাও সত্য-যাহাকে সত্য বলিতেছিলে, তাহাও সত্য--আর সে সত্য-মিথ্যার অতীত দেশেও মহাসত্য বিরাজিত। আমার হৃৎপিণ্ডের সঞ্চালন — আমার স্বাসপ্রশ্বাসরূপ কর্ম হইতে সূচনা করিয়া সমস্ত কর্ম্মই ব্রহ্মযজ্ঞ, সমস্ত কর্মই এক মহালক্ষ্যে সংসাধিত হইতেছে। সে লক্ষ্য মাতৃ-যজ্ঞ—ত্রহ্মমন্ত্রীর ত্রহ্মযজ্ঞ। সমস্ত কর্ম্ম— সমস্ত গতি মা! সমস্ত কর্ম সেই মহাযজের দিকে আমার লক্ষ্য করাইবার জ্ঞনু, মাতৃ-বিকাশ দেখিয়া মাতৃ-বেদন পাইবার জ্ঞাই অমুষ্ঠিত হইতেছে। এই লক্ষ্য স্থাপিত হইলেই তখন কর্মসকল আমার অধিকারে আসিবে—কর্মসকল আমার দারাই নিয়ন্ত্রিত হইতেছে বুঝিতে পারিবে। আমার আমিয়—সে মহা-শক্তিময়ী মায়ের আমিত্বে একীভূত হইবে।

শুন—সমস্ত কর্মের মধ্যেই সেই ব্রহ্মযজ্ঞ সংসাধিত হইতেছে। এই যজ্ঞই কর্মসকলের প্রাণ, যজ্ঞই কর্ম, কর্মমাত্রই যজ্ঞ, কর্মমাত্রই মহাসত্যের মহাস্ত্রণ—বিকাশ। তুমি তোমার শ্বাস-প্রশাসরূপ ক্রিয়াটিতে অবধি এই যজ্ঞ দর্শন কর। শ্বাসে শাসে মাতৃ-ফুরণ প্রাণে ফুটিয়া উঠুক। হৃৎপিণ্ডের প্রত্যেক স্পন্দনকে যান্ত্রিক পরিচালনা মাত্র না ভাবিয়া, ব্রহ্মযজ্ঞের আছ্তি ভাব — তোমার উপর হইতে কর্মের আধিপত্য বিদ্বিত হইবে—তুমি যজ্ঞপতি হইবে, কর্মতোমার অধিকারে আসিবে। যে পরিমাণে তুমি মাতৃ-বেদন অমুভব করিবে, সেই পরিমাণে কর্মসকলকে তোমারই অধীন বলিয়া চিনিতে সমর্থ হইবে।

দেখ, মহাশক্তিরাপিনী মা আমার, আমাদের শিরে মঙ্গল আশীর্কাদ বর্ষণ করিবার জন্য বরাভয় কর ত্ইখানি বাড়াইয়া, দাঁড়াইয়া ওই সম্মুখে বলিতেছেন,—
"কর্মণোবাধিকারস্তে বা ফলেষু কদাচন। মা কর্মফলহেতুর্ভূর্মা তে সঙ্গোহস্তকর্মণি।" লও কুমার—কর্মাধিকার গ্রহণ কর, প্রজাপতি হও, যত্তপতি
হও, এক্ষ হও, মাতৃপদরজের রাজ্ঞটীকা ললাউমগুলে চিহ্নিত করিয়া, মা বলিয়া
প্রাণের একটী বেদন শব্দাকারে রচিত কর—দেখিবে, সে শব্দ-এক্ষ—এক্ষাণ্ড
রচনা করিবে। সে মা নামে এক্ষাণ্ডপুঞ্জ ঝলসিয়া উঠিবে। অনস্ত ফল সে মা
নাম প্রস্ব করিবে।

কিন্তু ফলে তোমার অধিকার কদাচ যেন না হয়। এখন ড নাই ; কর্ম্মেই যখন অধিকার নাই, তখন ফলে অধিকার কেমন করিয়া থাকিবে? রক্ষে অধিকার নাই. ফলে কেমন করিয়া থাকিবে ? তুমি প্রতিমুহুর্ত্তে যেন কাহার তাড়নায় পড়িয়া নূতন নূতন কর্ম সাধন করিতেছ, এক কর্মে নিযুক্ত থাকিতে তুমি এখন অক্ষম। মুভরাং কর্ম্ম ও কর্মাফল, ছই ভোমার অধিকারের বাহিরে। কিন্তু কর্ম্মে যখন অধিকার আসিবে, তখনও ফলে যেন অধিকার না আসে; অর্থাৎ কর্মা তোমার এখন আয়ন্তাধীন কার্য্যতঃ না হইলেও তাহাতে তোমার অধিকার আছে, এরূপ ভাবিতে পার ও ভাবিতে থাক এবং সেই অধিকার লাভের জন্ম পূর্বেক্তি প্রকারে কর্ম্মধ্যে যজ্ঞ পরিদর্শন কর। কিন্তু ফলে অধিকার আছে, এরূপ কখনও ভাবিও না। এখনও নহে, यथार्थ कर्माधिकाती इटेलिও নহে। "कर्माठन" কথাটি ব্যবহার করিবার ইহাই অভিপ্রায়। কর্মাধিপতি হইয়াও ফলের দিকে চাহিও না। সে কর্মা বাহ্যে কিরূপ ভাবে পরিণত হইতেছে, সে দিকে দৃষ্টি রাখিও না। প্রাণ, কর্ম্মে কর্ম্মে ব্রহ্মযজ্ঞ দর্শন করুক, কিন্তু মনে সে কর্ম্ম কিরুপে প্রতিফলিত হইতেছে, তাহা দেখিও না। এই জীবত্ব হইতে ব্রহ্মত্ব অবধি যত প্রকার অবস্থার মধ্যেই থাক না কেন, কখনও কর্ম্মফলের ফলত্বের দিকে সন্ধান রাখিও না। বিশেষ বিশেষ কর্ম্মের বিশেষ বিশেষ ফলগুলিকেও কর্মমাত্র বলিয়া বুঝিও এবং যজ্ঞ বলিয়া ধারণা করিও। কেন না, বস্তুতঃ ফল—কর্ম্মেরই ঘনীভূত অবস্থাবিশেষ ছাড়া আর কিছুই নহে, ইহা পূর্বেব বলিয়াছি। বন্দ তাঁহার কর্মের এ ব্রহ্মাণ্ডরূপ ফলকে যজ্ঞসাত্ররূপে দর্শন করেন-স্বসম্বেদন বলিয়া অন্নভব করেন, ব্রহ্মাণ্ড বলিয়া দর্শন করেন না। ইহাই তাঁহার ব্রহ্মত্বের প্রধান লক্ষণ। প্রতি কর্ম্মের বিশেষ বিশেষ ফলকে চিরদিন তাই তোমায় উপেক্ষা করিতে হইবে। মাতৃ- বেদনকে যদি ফল বল, তবে একমাত্র সেই ফল তোমার সভোগে আসিবে। শোকে ফল কথাটি ওই বিশেষ বিশেষ ফলগুলিকে লক্ষ্য করিয়া ব্যবহৃত ইইয়াছে।

তাহা হইলে প্রধানতঃ আমরা এই বুঝিলাম, তুমি কার্যাতঃ কর্ম্মের অধিপতি না হইলেও—এখন তাহাতে তুমি বঞ্চিত হইলেও তোমার তাহাতেই স্থায্য দাবী আছে ও তোমার সেই অধিকার উদ্ধার করিয়া লইতে হইবে। তার পর সে সমস্ত তোমার অধিকারের মধ্যে আসিয়া পড়িলে, তখন তাহার জন্ম তোমার সংগ্রামাদি করিতে হইবে না—নিশ্চিন্তে স্বতঃ ব্রহ্মযজ্ঞরূপ স্বসম্বেদন তুমি পাইতে থাকিবে। এখন তুমি কর্মহীনতার সঙ্গ পাইলে, তুমি সে কর্ম্মরূপ যজ্ঞ বিষয়ে চিরবঞ্চিত থাকিয়া যাইবে।

ইহা হইতে উক্ত শ্লোকের এই প্রকার অর্থ আসিয়া পড়ে। তুমি এখন ব্রাহ্মণ নহ, কর্মাধিকারী মাত্র। ব্রাহ্মণের বৈদিক কর্মসকলে বা সাধারণ কর্মসকলে সামাত্রমাত্র প্রয়েজন হইলেও তুমি কর্মসকলৈ বা সাধারণ কর্মসকলে সামাত্রমাত্র প্রয়েজন হইলেও তুমি কর্মসকী জীব। তুমি এখন কর্ম পরিত্যাগ করিয়া, কর্মহীনতার সঙ্গ করিতে পার না। কর্মের ফল—জ্ঞান। সমস্ত কর্মই জ্ঞানে পর্যাবসিত হয়। আমরা যে কর্মই করি, সে কর্ম্ম যত দিন না তংসম্বন্ধীয় সমাক্ জ্ঞানটুকু ফুটাইয়া তুলিতে সমর্থ হয়, তত দিন তাহা সংস্থারে থাকিয়া বার বার আমার আমিছরপ ক্ষেত্রে ক্ষুরিত হইয়া উঠিতে থাকে। অর্থাৎ যত দিন না জ্ঞানী হই, তত দিন কর্মসকল স্বতঃ উদ্বোধিত হয়। তুমি এখন জ্ঞানী নহ, সমাক্ জ্ঞান হইতে এখনও দ্রে, স্কুতরাং কর্ম ফুটিবেই এবং ফুটুক, তুমি কর্মাধিকারী হও। পূর্বে ব্রাহ্মণের কর্ম্মে প্রয়োজন নাই বলিয়াছি বলিয়া তোমার মত কর্মসঙ্গী বা ক্ষত্রিয় জীবের প্রয়োজন নাই, এরপ ভাবিও না। তুমি অকর্মী হইও না। তবে সেই কর্মসকলের ভিতর দিয়াই জ্ঞানের দিকে, সত্তম্ব হইবার দিকে, ব্রাহ্মণডের দিকে লক্ষ্য ধরিয়া রাখ। ইহাই পূর্ব-শ্লোকসকলের সহিত এই শ্লোকের সামঞ্জন্ত।

কর্ম্মে তোমার অধিকার হউক অর্থে—সর্বকর্মের অভ্যন্তরন্থ মাতৃবেদন ভোগ করিয়া, তুমি মাতৃত্ব লাভ করিয়া, স্বীয় স্বাধীনতা সম্ভোগ কর। কিন্তু এ কোন্ কর্মা? কোন্ কর্মের উপর ভোমার অধিকার বিস্তারের কথা বলিতেছেন? কর্মে ভোমার অধিকার আছে বা হউক অর্থে এমন নহে যে, তুমি যে ক্ষেত্রে, যে অবস্থায়, যে তরে থাক না কেন, ভদপেক্ষা উচ্চ স্তারের কর্মে তোমার এখনই অধিকার আছে, তুমি তাহা কর।

তুমি তোমার নিজ অবস্থা উপযোগী নিজ ক্ষেত্রবিহিত কর্মে অধিকার লাভ কর। তুমি ক্ষত্রিয়স্তরীয় হও, অথবা বৈশ্যস্তরীয় হও, সে বিচার তোমার আবশ্যক নাই, তমি ব্রাহ্মণস্তরীয় কর্ম্ম অবধি করিতেপার, উহাতে তোমার অধিকার আছে. ইহা শ্লোকের উদ্দেশ্য নহে, বরং তদিপরীত ভাবই এই শ্লোকে সমর্থিত। তোমার কর্মে অধিকার হউক, ফলে যেন না হয়। ইহার অর্থ, সর্বদা তোমার নিজ ক্ষেত্ৰ-বিহিত কৰ্ম্মে তোমার অধিকার প্রতিষ্ঠিত হউক। তৎকর্ম্ম-সাধনোপলক ফলম্বরূপ যে উচ্চন্তরীয় কর্মা বা উচ্চন্তর, তাহাতে যেন তোমার কর্মাসজ্জি না আসে। কদাচ তুমি অনুপযুক্ত অবস্থায় উচ্চাধিকার গ্রহণ করিও না--নিঞ অবস্থা উচিত অধিকার অপেক্ষা উচ্চাধিকার লাভ করিতে প্রয়াস পাইও না। তোমার আজ যাহা কর্মক্ষেত্র, দেই ক্ষেত্রের কর্মসকলের ফলই উচ্চতর ক্ষেত্র বা স্তর। উপস্থিত অবস্থার কর্মা যথোচিত সম্পাদন করিলে, তবে সেই কর্ম্মের ফল বা উর্ন্নতর অবস্থা লাভ হয়। স্থতরাং তুমি যথন যে অবস্থায় থাক, শুধু সেই অবস্থার কর্মে অধিকার বিস্তার কর, কিন্তু কদাচ তুমি তাহার ফলের উপর বা উচ্চাবস্থার উপর অধিকার বিস্তার করিতে যাইও না। তুমি কদাচ **"কর্মফলহেতু"** হইও না, তোমার কর্ম্মকল যেন ভোমার বর্তমান অবস্থার ফলস্বরূপ যে উচ্চা-বস্তা, সেই অবস্থার কর্মকে কারণস্বরূপ করিয়া অনুষ্ঠিত হয় না: তাহা হইলেই উহা অকর্ম্ম হইবে। আজ যে ক্ষেত্রে আমি আছি, সেই ক্ষেত্রোচিত কর্ম্মসকল यथात्रीि मञ्लापन किंदिल, তবে পরবর্তী উচ্চ অবস্থা লাভ হইবে। কেন না, পূর্বের বলিয়াছি, কর্মাই ফলরূপে ব। অবস্থারূপে ঘনীভূত হয়। তুমি সাধনার নিম্নাধিকারে থাকিয়া উচ্চতর অবস্থার কর্ম্ম অবলম্বন করিতে পার না। তোমার উপস্থিত অবস্থা সে কর্ম্মের ভাব ধারণ করিতে সক্ষম নহে। নিম্মতলে থাকিয়া কর প্রসারণ করিলে দ্বিতলের জ্ববাদি লাভ হয় না, দ্বিতলের জ্ববাদি পাইতে হইলে দ্বিতলে আরোহণ করিয়া, তবে কর প্রসারণ করিতে হয়।

আমি পূর্বেব বিলয়ছি, প্রত্যেক কর্ম ছই প্রকারের ফল বহন করে। এক, বিশিষ্ট বিশিষ্ট কর্মের বিশিষ্ট বিশিষ্ট ফল এবং দিতীয়, ভগবদ্বেদন বা আদ্ম-বেদনরূপ সমস্ত কর্মের সাধারণ ফল। মূল শ্লোকে যে ফল শব্দ ব্যবহৃত হইয়াছে, সেই ফল শব্দের মর্মা ওই প্রথম অর্থটি হইলে, অর্থাৎ বিশিষ্ট বিশিষ্ট ফলকে লক্ষ্য করিয়া "ফল" শব্দটি ব্যবহৃত হইয়াছে বলিলে, এ পর্যান্ত যেরূপ অর্থ করিলাম, ভাহা সঙ্গত। কিন্তু ফল শব্দটিকে যদি মাতৃবেদনরূপ সর্ব্বকর্মের

সাধারণ ফল অর্থে লই, তাহা হইলে অর্থ অক্সরূপ হইবে। "কর্মণ্যেবাধিকার-স্তে"—কর্ম্মেত তোমার অধিকার আছে, কিন্তু 'মা ফলেযু কদাচন'—ফলেও যেন তোমার "কদাচ" মাত্র অধিকার না হয়; অর্থাৎ সর্বাদা অধিকার হয়। কর্মে যেমন তোমার অধিকার, সেই সমস্ত কর্মের মধ্যে মাতৃ-বেদনরূপ ফলেও তোমার অধিকার হউক, তুমি সর্বাদা উহা প্রাপ্ত হও—উহা যেন কদাচিৎ মাত্র প্রাপ্ত না হও।

"মা কর্মফল-হেতুভূ;"—কিন্তু তাই বলিয়া মাতৃ-বেদন পাইব—ভাই এই কাজ করিতেছি, এরপে ভাব যেন না হয়; কেন না, তাহা হইলে অতি সামায় মাত্রাতে হইলেও ফলাকাজ্ঞা রহিয়াছে বলিয়া, উহা অকর্মে পরিণত হইবে— তোমার অকর্মের সঙ্গ করা হইবে। ছুষ্ট ক্ষুধা আর যথার্থ ক্ষুধা, এ ছুই অবস্থার আহারে যথেষ্ট প্রভেদ। ক্ষুধার ভাড়নায় খাওয়া, আর খাইতে বেশ, স্থুতরাং কুধা হউক, আমি খাই—এ উভয়ে স্বৰ্গ মৰ্ত্ত ভেদ। কুধাজনিত আহারে পোষণ ও লোভের আহারে রোগ লাভ হয়। ভগবদ্বেদনের তাড়নায় যে কর্ম অনুষ্ঠিত হয়, তাহাতে এবং ভগবদ্বেদন পাইবার আশায় কর্মে তদ্রপ প্রভেদ। প্রথম প্রকারে স্বাধীন আনন্দমাত্র এবং দ্বিতীয় প্রকারে ঈষৎ মাত্রাতে হইলেও বন্ধন লাভ হইয়া থাকে। সুর্য্য—আলোক বিস্তারের জন্ম উদিত হয়েন না, সূর্য্যোদয়ে কিরণ-মালা আপনা আপনি বিকীর্ণ হইতে থাকে। বিদ্যুৎপ্রভা মেঘ হইতে মেঘাস্তরে ছুটিবার জন্ম গতি প্রাপ্ত হয় না, আকর্ষণশক্তি প্রাপ্ত হয় বলিয়া ছুটাছুটি করে। আমাদিগের কর্মসকল যেন সেই প্রকারে অনুষ্ঠিত হয়: মাত-বেদনে প্রাণ শক্তিপূর্ণ হইলে, উহা কর্ম্মরূপে ক্ষুরিত হইয়া পড়িবে। সাধনারূপ কর্ম-সকল বেদনের বিকাশরূপে সম্পাদিত হইবে। কর্ম্ম করিয়া বেদন লাভ করিব, এরপ কর্ম সাধারণ কর্ম অপেক্ষা উৎকৃষ্ট হইলেও শ্রেষ্ঠ কর্ম নহে, উহাও অকর্ম পদবাচ্য। জ্ঞানচকুর বিকাশ হইলে বেদন প্রাণে স্বতঃ জাগিবে এবং সেই বেদনে তোমার সমস্ত কর্ম অভিষিক্ত হইবে। একমাত্র সেই বেদনই তোমার কর্মরূপ বিকাশের কারণমাত্র হইবে। অবশ্য এরূপ অবস্থা সংসা হয় না, কিন্তু ভগবান সেই আদর্শ অবস্থার কথাই এ স্থলে উল্লেখ করিতেছেন। তুমি কর্ম্মে কর্মে সেই বেদনরূপ ফল লাভ করিয়া, এইরূপ আদর্শ অবস্থা প্রাপ্ত হও—ইহাই লোকের অভিপ্রায়। ভোমার সর্বাদা সেই মহাফললাভ হউক, এবং ভাহা হইতে ভোমার উপস্থিত "কর্দ্ম-ফলহেতু" কর্ম্মরূপ অবস্থা দুরীভূত হইয়া, অকশ্মসদ স্ইতে মুক্ত হইয়া—আদর্শ বেদন-হেতৃ কর্ম " অবস্থা লাভ হউক।

এই স্থলে আর একটা প্রশ্ন হইতে পারে। মূল শ্লোকে "ফলেমু" অর্থাং ফল শব্দ বছবচনে ব্যবহৃত হইয়াছে। কর্মানকলের সাধারণ ফল—মাতৃ-বেদন; যদি তাহাই ধরা যায়, তবে একবচনাস্তক ফল শব্দ ব্যবহৃত হইত। কিন্তু মাতৃ-বেদন একই জিনিষ হইলেও উহা ব্যক্তিবিশেষে বিশেষ বিশেষ ভাবে প্রকাশিত হয়। যেমন একই ভড়িংশক্তি টেলিগ্রাফ, টেলিফোন আদি যন্তে, যন্তের ভারতম্যে কোথাও গতিরূপে, কোথাও আলোকরূপে, কোথাও বাক)াকারে, কোথাও শব্দা-কারে প্রকাশ পায়, তক্রপ একই মাতৃ-বেদন ভিন্ন ভিন্ন জীব-হৃদয়ে ভিন্ন ভাবে বিকাশ পাইয়া থাকে। সেই সকল বিভিন্ন,বিকাশকে লক্ষ্য করিয়াই বছবচন ব্যবহৃত।

যেমন বাহ্য কর্ম্ম সম্বন্ধে, তজ্ঞপ মনোময় ক্ষেত্র সম্বন্ধেও বুঝিতে হইবে : মনে চিন্তা-তরঙ্গ-প্রবাহ অহর্নিশ আমাদিগকে নানা দিকে ভাসাইয়া লইয়া যায়; কোন্ মুহুর্ত্তে কি ভাব উদ্বেলিত হইয়া, কোথায় কোন্ আবর্ত্তে আমায় নিকেপ করিবে, তাহা আমি জানি না। হয় ত তুমি মাতৃ-সাধনায় উন্মুখী, হয় ত তুমি মায়ের প্রতিমাথানি নির্মাণ করিয়া, কৃতাঞ্চলি হইয়া, মাতৃ-সম্মুখে দাঁড়াইয়া, মনে মনে আপনাকে কৃতার্থ ভাবিতেছ, সহসা ভোমার অজ্ঞাতসারে মুহুর্ত পরে দেখিলে, তুমি মাতৃ-প্রতিমা ভাঙ্গিয়া, আপনার কন্সার ছবিখানি বুকে ধরিয়াছ— তোমার সাধনার সাধ সুরাইয়াছে! কেন এমন হয় ? তলদেশে লক্ষ্য নাই বলিয়া, সত্তম্ভ নহ বলিয়া--কর্মাধিকার এখনও পাও নাই বলিয়া, আপনার কর্ম আপনার অধিকারভুক্ত হয় নাই বলিয়া। বড় বড় অর্ণবিঘান স্রোতের টানে ভাসিয়া চলিয়া যায়, কিন্তু কুদ্র বয়া ঠিক থাকে। কারণ, তাহার তলদেশে লক্ষ্য আছে, তলার সহিত তাহার সম্বন্ধ স্থাপিত হইয়াছে। স্রোত যে প্রকারের হউক, যত প্রবল ইউক, তাহাকে ভাসাইয়া লইয়া যাইতে পারে না, তাহার কর্মা-ধিকার আসিয়াছে। সে স্রোতের তালে তালে নাচে স গ্র, স্রোতের ধরগতি তাহাকে একটু সঞ্চালিত করে সভ্যা, যখন যেমন ভরদ্ধ, সেইরূপ ভাবে সে আলোড়িত হয় সতা, কিন্তু ভাসিয়া চলিয়া যায় না। সে বড় বড় জাহাজ ধরিয়া রাখে। সেই জন্ম ভগবান নিত্যসৰ্স্থ হইতে বলিয়া কর্মাধিকার গ্রহণ করিছে বলিয়াছেন। তোমার মনঃকেত্র হইতে লক্ষ্যরূপ একটা মোলর তলমুখী করিয়া ঝুলাইয়া রাখ; তোমায় ভাব-তরঙ্গসকল ভাসাইয়া লইয়া যাইতে সমর্থ হেইবে না, তুমি কর্মাধিকার প্রাপ্ত হেইবে, তুমি সাধনায় অধিকারী হাইবে। কিন্তু এ অধিকার ততক্ষণ থাকিবে, যতক্ষণ ফলের দিকে লক্ষ্য না পড়ে। সাধনারূপ কর্মা, ফলের দিকে লক্ষ্য রাখিয়া করিও না। সাধনা করিয়া কি হাইল না হাইল, তাহা দেখিও না। প্রাণের তাড়নায় ভগবান্কে ডাক, ডাকিলে এই ফল হাইবে, এরূপ ভাবিয়া ডাকিও, না। ছরস্ত রৌদ্রে বউচ্ছায়ায় গিয়া যেমন স্থামুভব করিয়া। তোমার মুখ হাইতে আরামসূচক "আ" শব্দ নির্গত হয়, সে শব্দে যেমন স্থামুভতি প্রকাশ বাতীত অক্স ভাব থাকে না, তক্ষেপ তোমার প্রাণে সাধনারূপ কর্মা ফুটুক, সাধনার সেই অপূর্বব অনুভূতি কর্মারূপে মনে বিকাশ প্রাপ্ত হউক।

আমি পূর্বেব বলিয়াছি, বিশিষ্ট বিশিষ্ট ফলে লক্ষ্য না থাকিলেই উহা কর্মপদবাচ্য বা সাধারণ কথায় উহা নিক্ষাম কর্ম। তবে তাহা হইতে আমরা এই বুঝিলাম, কর্মে অধিকার হউক অর্থে—নিদ্ধাম কর্মে অধিকার হউক। এই প্রকাণরের কর্মের মধ্যে প্রাণ-কর্ম একটা নিক্ষাম কর্ম্ম বলিতে পারা যায়; হুতরাং নিক্ষাম কর্মে অধিকার বলিলে প্রাণ কর্মে অধিকার আহ্বক—ইহাও বুঝায়। পূর্বেব যোণশক্তির আয় ও ব্যয়ের কথা বলা হইয়াছে, সেই কার্য্যে তোমার অধিকার হউক, ইহাও বুঝা যায়। এখন তাহাতে অধিকার নাই। এখন ব্যয়ের উপর তোমার কর্তৃত্ব নাই—তুমি উপার্জ্জন অপেক্ষা বর্জনে সমধিক ব্যাপৃত। তাই মা আমার তোমায় সেই অধিকার প্রাপ্তির জন্ম আশীর্বাদ করিতেছেন।

সেই প্রাণ-কর্মের একটা উদ্দীপক অংশ অমাদিগের শ্বাস প্রশ্বাস। শ্বাসে শ্বাসে, প্রশ্বাসে প্রদীসে যদি মাতৃ-অর্ভূতি না ফুটে তবে উহা কর্মই নহে—অকর্ম। নাভিকৃতে স্থা-বহ্নি ভেজ স্থাপিত; সেই অগ্নিকৃতে মহাহোম-ক্রিয়া সাধকরপ জীবের কর্ম। যদি প্রতি শ্বাস গ্র্মাসরূপ বায়ুর তাড়নায় সে কৃত্ত হইতে শিখা লক্ লক্ করিয়া জলিয়া না উঠে, যদি সেই বায়ুর প্রতি হিল্লোলে স্থা-কিরণের মত আলোকছেটা স্বচ্ছনেদ বিকীর্ণ না হয়, তবে এ শ্বাস প্রশ্বাস অকর্মরূপে পরিগণিত হইবে। তোমার প্রতি শ্বাস মাতৃ-নামরূপ আছতিবাহী হইয়া, সেই অগ্নিতে অর্পিত হউক, প্রতি প্রশ্বাস—মাতৃনাম তোমার স্বায়ুতে সায়ুতে বহন করুক, প্রতি আহতি ইপ্তদেবতার মূর্ত্তি গঠিত করিয়া, তোমার সে জ্যিকৃত্ত শোভিত করুক; সেই দেবতা তোমায় কর্মাধিকার অর্পণ করিবেন।

ভোমার দেহের প্রভ্যেক তন্ত্রী মা নামে বাজিয়া উঠিবে। ভোমার দেহ কোটি সাধকের সাধনামগুলৈ পরিণত হইবে।

> যোগন্থ: কুরু কর্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয়। সিদ্ধাসিদ্ধো: সমো ভূতা সমত্বং যোগ উচ্যতে॥ ৪৮

যদি কর্মফল প্রযুক্তেন কর্মান কর্ত্বীং, কথং তর্হি কর্ত্ব্যমিত্যুচাতে। যোগস্থঃ সন্ কর্মাণি কুরু, কেবলমীশ্বরার্থং তত্রাপীশ্বরো মে ত্যাবিতি সঙ্গং ত্যক্ত্বা। ধনঞ্জয়, ফলতৃষ্ণাশ্নোন ক্রিয়মাণে কর্মণি স্বশুদ্ধিজা জ্ঞানপ্রাপ্তিলক্ষণা সিদ্ধিঃ তদিপর্যায়জা অসিদ্ধিস্তয়োঃ সিদ্ধাসিদ্ধ্যোরপি তুলো ভূষা কর্মাণি কুরু। তৎ সমহং যোগ উচাতে।

ব্যবহারিক অর্থ।—ধনঞ্জয় ! তুমি কামনা-সঙ্গ তাগি করিয়া, সিদ্ধি ও অসিদ্ধিতে সমভাবাপন্ন হইয়া, যোগাবস্থিত হইয়া কর্ম কর। সিদ্ধি ও অসিদ্ধিতে এই সমভাবই—যোগ।

যৌগিক অর্থ।—ফলপ্রযুক্ত কর্ম কর্ত্তব্য নহে, তবে কর্ম কি প্রকারে করিবে?
সে কথার আভাস আমরা পূর্ব-শ্লোকে পাইয়াছি। যোগস্ত হইয়া কর্ম করিবে।
ভগবানে যুক্ত হইয়া থাকার নাম যোগস্ত হওয়া। তাহার বাহ্যিক লক্ষণ কি?
সিদ্ধি ও অসিদ্ধিতে সমদর্শন। এ সমদর্শন, এ সমত, এ সমভাবাপয়তা
কি প্রকার, কেমন করিয়া হইতে পারে?

বালক যখন আনন্দোল্লাসে মগ্ন হইয়া ধূলি আদি যাহা তাহার সম্মুধে পায়, তাহাই নিক্ষেপ করিতে থাকে, লোট্র. কি কাঞ্চন, এ বিচার না করিয়া যাহা তাহার নয়নসম্মুখে উপস্থিত হয়, তাহাই সে যেমন নির্কিকারে আপনার আনন্দ-তাড়নায় নিক্ষেপ করে—তাহার প্রাণের আনন্দস্কুরণ যেমন ভাহাকে ওইরপ নিক্ষেপরপ কার্য্যে নিযুক্ত করিয়া রাখে, বস্তুতঃ সে নিক্ষেপের কোন গৃঢ়তর উদ্দেশ্য থাকে না, অথবা সে নিশিপ্ত পদার্থসমূহের ইতরবিশেষ জ্ঞান যেমন তাহার প্রাণে প্রতিফলিত হয় না—তক্রপ ভগবদ্ভাবপ্রণোদিত হইলে সাধক সে আনন্দোল্লাসে মাত্র মগ্ন থাকে। যে কর্ম্ম সম্মুখে বা ইন্দ্রিয়পথে আসিয়া উপস্থিত হয়, তাহাই আনন্দোল্লাসের তাড়নায় ফুটিয়া পড়ে। সেক্ম কি ফল বহন করিবে, সেক্ম সিদ্ধ হইবে, কি অসিদ্ধ হইবে, তাহার

আনন্দের সহিত এ সকলের কোন সম্বন্ধ নাই; বালকের মত সে সংসার-খেলাঘরে আনন্দের স্ফুরণে অহর্নিশ মত্ত থাকিয়া ক্রীড়াম্বরূপ কার্য্যসকল সম্পাদন করিতে থাকে। জগতের কর্মাকর্ম-সকল, অবস্থান্তরসকল, স্ব স্থ বিশিষ্ট ভাবে তাহার প্রাণে প্রতিফলিত হয় না, লীলাময়ী মায়ের বিরাট এ ব্রহ্মাণ্ড ও ইংার প্রত্যেক পদার্থ বা ভাব ক্রীড়ণকবং তাহার চক্ষে প্রতিভাত হয়, সে সেই ক্রীড়াময়ীকে ক্রীড়া করিতে দেখে, আর সঙ্গে সঙ্গে আপনি ক্রীড়ায় মত হয় ক্রীডার ছলে যে কর্ম অবলম্বন করে, সে কর্মে সিদ্ধি হইলেও তাহার যেমন আনন্দ, সে কর্ম সমাক অমুষ্ঠিত না হইলেও তাহার তত্রপ আনন্দ: নিতানন্দময়ীর নিতানন্দ সে সন্তান, আনন্দের অপলাপ কোথাও एमिरा भाषा ना। (थनाय बकाछ उठिछ ; म एमरथ, रथनाय मृर्धा-महन्य प्रभा করিয়া ক্রীড়াময়ীর অঙ্গ হইতে করিত হইয়া জলিয়া উঠিয়াছে, খেলায় জীবসংঘ ব্রন্মাণ্ডে উপবিষ্ট হইয়া, ভেলায় চড়িয়া বালকেরা যেমন সম্ভরণ দেয়, তেমনি ভাবে এ অসীম শক্তি-সমূত্রে সম্ভরণ করিতেছে, খেলায় এ জ্যোতিছ-দল ছুটিতেছে, ঘুরিতেছে, উল্লুক্তন দিতেছে; আনন্দময়ী নিতা৷ স্থিরা সনাতনী ফলভারনমা পল্লবময়ীর মত মধ্যস্থলে। ফল-পল্লব-মণ্ডিত শাখাসকল তুলিতেছে. উঠিতেছে—পড়িতেছে—রুক্ষ স্থির! এই ক্রীড়ায় দে সাধক মত থাকে। প্রাণে সঙ্কোচ নাই--আশকা নাই, স্বাধীন অসীম প্রাণ, অসীম থেলাঘর-অসীম আদর্শ। অসীম আনন্দের অসীম লীলা-নিকেতন। এই ছবি সে সাধকের প্রাণে ক্ষুরিত। এছবি বুকে লইয়া সে মাতৃযুক্ত, সে যোগন্ত। এই ভাবে তার কর্ম্মকল তাহার দারা কৃত। ইহাই সমধের লক্ষণ।

ভগবান্ ধনঞ্জয় বলিয়া এইখানে সর্বপ্রথম অর্জ্ঞ্নকে সম্ভাষণ করিয়াছেন।
ধনঞ্জয় শক্টি এখানে ব্যবহার করিবার তাৎপর্যা কি ? মহাভারতে অর্জ্ঞ্ন,
বিরাটপুত্র উত্তরকে যেখানে নিজ পরিচয় প্রদান করিতেছেন, সেইখানে তিনি
বলিতেছেন,—"আমি সমস্ত জনপদ জয় করিয়া, ধনমাত্র গ্রহণ করিয়া অবস্থান
করি, এই জন্ত আমার নাম ধনঞ্জয়।" অর্জ্জ্ন সমস্ত দেশ জয় করিলেও সে সমস্ত
পরিগ্রহণ করিতেন না—ধনমাত্র গ্রহণ করিতেন। তাঁহার সেই গুণকে লক্ষ্য
করিয়া ভগবান্ এ স্থলে অর্জ্জ্নকে সম্বোধন করিলেন। এ সম্বোধনের এ স্থলে
উদ্দেশ্য, তিনি যেন বলিতেছেন,—'সেখা। তুমি যেমন সমগ্র জনপদ জয় করিয়াও
সে সমস্ত গ্রহণ কর না, ধনমাত্র গ্রহণ কর, ভত্তপে জগতের সমস্ত কর্মে

তোমার অধিকার রিস্তৃত হইলেও তুমি সে সমস্ত বিশিষ্ট বিশিষ্ট কর্ম্মল প্রহণ না করিয়া, সার ধনরূপ তাহার অভ্যন্তরন্থ ভগবদমুভ্তিটুকু মাত্র পরিপ্রহণ কর। প্রতি কর্মের অভ্যন্তরে আমাতে যুক্ত হওয়ারূপ ফলটির মাত্র সঙ্গ কর, আর কিছুর সঙ্গ করিও না। জনপদসকল জয় করিয়া যেমন তাহাদিগের ইতর্বশেষ তোমায় প্রলুক বা বিরক্ত করিতে সমর্থ হয় নাই, তুমি যেমন সমভাবাপর থাক, তদ্ধেপ তুমি কর্মসকলেরও সিদ্ধি অসিদ্ধিতে অনুরক্ত বা বিরক্ত না হইয়া সমভাবাপর থাক —ভগবদ্বেদনযুক্ত থাক। এই সে সমন্থ, এই বেদনাযুক্ত অবস্থা—ইহাই যোগ। এইরপে যোগস্থ হইয়া, এইরপে বেদনযুক্ত হইয়া তুমি কর্ম কর।" মা এই জন্মই অন্ত কোন নামে অর্জ্জনকে এখানে সংগাধন না করিয়া, ধনঞ্জয় বলিয়া সম্ভাবণ করিলেন। এখানে অন্ত কোন শব্দ এরূপ যুক্তিসঙ্গত অর্থযুক্ত হইতে পারিত না।

প্ৰস্লোকে বলা হইয়াছে, যে কৰ্মে ভগবদমূভূতি প্ৰাপ্ত হওয়া যায়, তাহাই কর্ম এবং যাহাতে ভগবদন্মভূতি নাই, তাহাই অকর্ম এবং সেইরূপ কর্মেই যেন তোমার অধিকার বিস্তৃত হয়— ওরূপ অকর্মের সঙ্গ যেন না হয়। কিন্তু 'ভগবান্ সন্তুষ্ট হইবেন, তাঁর সন্তোষ বিধানের জন্ম কর্মসকল করিব, ইহাও ভগবদ্ভাবযুক্ত কর্ম"— এইরূপ কেহ কেহ মনে করেন। সেইটুকু নিরাকরণ করিবার জ্ঞাই পুনরায় এই শ্লোকটী বলিবার একটা মুখ্য অভিপ্রায়। ভগবান প্রীত হইবেন. এই উদ্দেশ্যে কর্মা করিতেছি, এ ভাব যোগস্থ ভাব নহে। সেখানেও ফলাভিসন্ধি রহিয়া যায়, দেখানেও ভগবদ্যুক্ত না হইয়া ফলাভিসন্ধিযুক্ত কর্ম হইয়া যায় : শ্বতরাং তীক্ষ্ণ দর্শনে উহাও প্রায় অকর্মপদবাচ্য হইয়া পড়ে। উহাও ঠিক কর্মানহে। সেই জন্ম "যোগন্ত হইয়া কর্মাকর" এ কথাটী স্পাষ্ট করিয়া এই শোকে কথিত হইয়াছে। ভগবদ্বেদনের লক্ষণ—স্বাধীন আনন্দরূপ প্রাণের এক প্রকার অফুরস্থ উদ্বেশন। সে অবস্থায় লক্ষ্য কোন দিকে থাকে না। কোন দিক্বিশেষে, কোন ভাব বা বিষয়বিশেষে তাহার দৃষ্টি সীমাবদ্ধ থাকে না। ভগবান্ সম্ভষ্ট হইলেন, কি অসম্ভণ্ট হইলেন, যুক্ত পুরুষের লক্ষ্যে তাংগ পড়ে না। আনন্দে উৎফুল্ল বালক মাতৃক্রোড়ে কূর্দ্দন করে। মায়ের সস্তোষ বিধান হইতেছে, কি মা বিরক্তা হইতেছেন, বালক তাহা ভাবিয়া দেখে না। আমার যাহা ইব্ছা করিব, আমি আমার মায়ের কোলে, আমি শঙ্কাশৃত্র, নির্ভীক, নিত্য, অমর— ইহাই সাধকের ভাব।

তবে কি সাধক যথেচ্ছাচারী হইবে ? জীব যদি যথেচ্ছাচারের স্বাধীনতা পায়, তাহা হইলে সে ত পশুত লাভ করিবে। উদ্দাম ইক্রিয়াদি যথন যে দিকে লইয়া যাইবে, মোহান্ধ হইয়া সেই দিকেই জীব ধাবিত হইলে উচ্ছু অলতার বীভংস দৃশ্যে জগং পরিপূর্ণ হইবে, হিতাহিত জ্ঞানশৃত্য পশুর আবাসক্লে মুস্ধা-সমাজ পর্য্যবসিত হইবে। সাধারণ জীব স্বাধীনতা পাইলে এ আশঙ্কা অমৃদক হইত না। কিন্তু সাধকের স্বাধীনতা লাভে জগতের এরূপ বিষময় পরিণাম হইতে পারে না। তাহার প্রাণ, তাহার ইন্সিয়, একমাত্র মায়ে ছাড়া অক্স কোণাও কোন ভোগ্য বস্তুর আশা করে না। আনন্দের অফুরস্ত ক্লুরণ তাহার ইঞিয়া-দিকে নিমজ্জিত করিয়া রাথে। সে মাতৃময় হইয়া যায়—তার সমস্ত **শক্তি** চারি ধার হইতে কেন্দ্রীভূত হইয়া, আনন্দের উদ্বেলনে পরিপূর্ণ হইয়া যায়। ইন্দ্রিয় ইন্দ্রিয়ত হারাইয়া ফেলে, আনন্দন্যীর আনন্দময় সন্তান সর্বত্ত আনন্দের অসুরস্ত লহরী পরিদর্শন করে। কুন্তু বলিয়া যাহা কিছু, সে সমস্ত অন্তিত হারাইয়া ফেলে। একটা পৌরাণিক দৃষ্টান্ত দিই। দশানন, রামচন্দ্রের বধের জ্বন্থ অসময়ে যখন কুন্তকর্ণের নিজাভঙ্গ করিয়াছিলেন, তখন কুন্তকর্ণ সীতা-হরণ-সম্বলিত আমৃল বৃত্তাস্ত শ্রবণ করিয়া, রাবণকে ধিকার দিয়া এই মর্মে বলিয়াছিলেন,—"দশানন, তুমি দশটী মস্তিদ্দালী পুরুষ হইয়াও এমন মূর্থের মত কাজ কেন করিলে? তুমি মায়াবী, স্বীয় মায়ায় তুমি যদৃচ্ছা মূর্ত্তি পরিগ্রহণ করিতে পার; মায়ায় তুমি ভিকু সয়্যাসিমৃতি পরিগ্রহণ করিয়া, সীতাকে ছলে হরণ করিয়াছ—মায়ায় তুমি রামচক্তের মূর্ত্তি পরিগ্রহণ করিয়া সীতা-সমীপে কেন গেলে না ? সীতা-সম্ভোগে যদি এতই ইচ্ছুক হইয়াছিলে, তবে মায়াবলে সন্মাসী না সাজিয়া, রামচন্দ্র সাজিয়া, বচ্ছন্দে আপন উদ্দেশ্য সিদ্ধ করিতে পারিতে 📍 সীতাকে এমন করিয়া হরণ করিয়া আনিয়া, সমগ্র লঙ্কা-পুরীকে বিপর্যাস্ত করিবার কোন প্রয়োজনই হইত না।" তখন দশানন তাহার উত্তরে এক মহাসত্য প্রকাশ করিয়াছিলেন। তিনি বলিয়াছিলেন,—"ভাই, সে যুক্তি আমি জানিতাম; আমি অনায়াসে রামচন্দ্রের মূর্ত্তি পরিগ্রহণ করিতে পারিভাম। কিন্তু তুমি ত জান, যে মূর্ত্তি আমাদিগকে ধারণ করিতে হয়, সেই মূর্তির চিস্তা করিলে, তবে সেইরূপে প্রকটিত হইতে পারি। রামনামের এমন গুণ, রামরপের এমন মহিমা, রাম চিন্তনের এমন শক্তি যে, তাহা স্মরণমাত্তে প্রাণে আর কু অভিসন্ধি থাকে না, ইন্দ্রিয়চরিভার্থতার আবিল মোহ কোথায়

দূর হইয়া যায়; রামমূর্ত্ত্বি পরি গ্রহণ করিতে গেলে দীতা-সম্ভোগের ইচ্ছা প্রাণে থাকিত না। তাই রামমূর্ত্তি পরি গ্রহণ করি নাই।"

বস্তুতই তাই। সাধক তাহার আরাধ্য দেবতার চিন্তনে অহর্নিশ নিযুক্ত থাকে বলিয়া, তাহার প্রাণ সর্বত্র তার সে প্রাণের জিনিষের বিকাশ দেখিয়া, তাহা-তেই উৎফুল্ল থাকে বলিয়া, সে স্বাধীনতা পাইলেও তাহার প্রাণে কুইচ্ছা উদিত হয় না। তাহার যথেচ্ছা --সিচ্ছা মাত্র, তাহার কর্ম যোগবিকাশ মাত্র, তাহার কর্ম্বতি শিশুর লীলাচাপল্য মাত্র।

কর্মসঙ্গ কি, তাহা পূর্ব্বে বলিয়াছি। বিশেষ বিশেষ কর্ম্মের দিকে বিশেষ বিশেষ প্রকারে লক্ষ্য থাকিলেই কর্মসঙ্গ হয়। স্বতরাং এই পর্যান্ত আমরা এই ব্ঝিলাম, কর্মফল ভোগ করিব, এইরপ যতক্ষণ লালসা থাকিবে, ততক্ষণ যোগস্থ হওয়া যায় না; এবং ততক্ষণ সকল কর্মাই অকর্মা। কর্মা যাহাই হউক না কেন, তোমার কুলধর্ম বা অধর্ম যাহাই হউক না কেন, তাহাতে কিছু আসে যায় না—ক্ষত্রিয়ই হও, বাহ্মণই হও, যে ক্ষেত্রেই থাক না কেন, তাহাতে কিছু অন্তরায় দটে না, শুধু যোগস্থ হইয়া উপস্থিত কর্মসকল করিতে পারিলেই হইল। যোগস্থ হইতে হইলে সক্ষয় হইতে হয়, অর্থাৎ মায়ের অন্তিত্ব সর্বেক্ষণ সর্ব্বত্র পরিদর্শন করিয়া সত্ত্রণের উদ্বোধন করিতে হয়; তাহা হইলেই কর্মাধিকার লাভ হয় অর্থাৎ কর্মসকল তথন ভগবদ্বেদন অহর্নিশ প্রাণে ক্ষ্মরত করিতে থাকে ও কার্য্যমাত্র তথন অকর্ম না হইয়া, যথার্থ কর্ম্মে পরিণত হয়। এইরপে কর্মসকল করিয়া যাও। যথন দেখিবে, কর্ম্মের সিন্ধির বা অসিন্ধির দিকে ভোমার লক্ষ্য নাই, সিন্ধি হইলেও আনন্দ, না হইলেও আনন্দ, তথন ব্ঝিবে, তুমি যোগস্থ হইয়াছ। ইহাই যোগের লক্ষণ বা ইহাকেই থে:গন্ধ হইয়া কর্ম্ম করা বলে।

সাধারণ কর্ম-প্রবাহেও যেমন, ঈশ্বর-চিন্তা করিতে প্রয়াস করিবার কালে অর্থাৎ যথন নিত্য-ক্রিয়াদি করিতে বসিবে, তথনও ঠিক তদ্ধপ। শাক্ষসম্মত উপাসনাদি অথবা গুরুনির্দিষ্ট নিশেষ কর্মাদি করিবার সময়েও ঠিক এই ভাব অবলম্বন করিবে। কি ফল হইতেছে, কি না হইতেছে, সে বিষয়ে চিন্তা করিবে না। এই কর্মাটুক্কেই সার্থকতা ভাবিবে। পূর্ণ সার্থকতার ভাবে বিভোর থাকিয়া কর্ম্ম করিতে থাকিবে। করিতে করিতে দেখিবে, এক অব্যক্ত সাম্যা-বস্থায় গিয়া উপস্থিত হইয়াছ—যেখানে ধ্যেয় বস্ততে ও তোমাতে পার্থক্য

নাই, যেখানে ভাবের তরঙ্গ-সকল মিলাইয়া গিয়া, এক নিস্তরঙ্গ আনন্দসমুদ্রের নিতা অস্তিহ দেদীপ্যমান—যেখানে মাতা ও পুত্রে এক—সেই হিরণ্ময় ক্ষেত্রে তুমি উপস্থিত হইবে। উহাই চিদাকাশের সমতল ক্ষেত্র—উহাই সামাবিস্থা।

চল, এইরূপে কর্ম করিয়া চল। মায়ের ইহাই ইঙ্গিত। শুধু মায়ের দিকে চাহিয়া, শুধু আনন্দময়ীর অভয় কর উত্তোলিত দেখিয়া, শুধু তাহার আনন্দ-ক্রোড়ে তুমি অবস্থিত, এই উপলব্ধি প্রাণের ভিতর জাগাই য়া তুমি চলিতে থাক। অবসাদকে প্রাণে দাঁড়াইতে দিও না,—বিষাদকে আর হৃদয়ে আধিপত্য করিতে দিও না,—মলিনতাকে বুকে জড়াইয়া রাখিও না। যেখানে যখন যে অবহায় থাক—তুমি মাতৃচকুর তলে, তুমি মাতৃ-অঙ্কে—এ ধারণাকে প্রাণে বদ্ধমূল কর। সহস্র প্রকার বাধা আসিতে পারে, পদে পদে বিল্ল আসিয়া তোমায় মোহে দিশাহারা করিতে পারে, লক্ষ লক্ষ ভাব—যাহাকে সাধারণতঃ আবিলতা বলে, আসিয়া মাকে ভুলাইয়া দিতে পারে। কিন্তু যথনই একবার মনে পড়িয়া যাইবে, যথনই মায়ের কথা একবারমাত্রও ফুটিয়া উঠিবে, তৎক্ষণাৎ সে সমস্ত ভাবকে, দে সমস্ত মোহকে শববং হাদয়ে শায়িত করিয়া, তাহার উপর দণ্ডায়মান হও; মা যেমন শ্বরপী মহেশ্বরের হৃদ্যে উল্লাসভরে দীড়ায়, তেমনি করিয়া, মা যেমন পঞ্চাননের বক্ষ পদদলিত করে, তেমনি করিয়া তোমার পঞ্-ভৃতাত্মক ভাবসক-লের বক্ষ পদদলিত করিয়া দাঁড়াও—"মা ভৈঃ" শব্দ তোমার স্থদয়ের দিক্প্রান্থে প্রতিধ্বনিত হইতে থাকুক, তুমি মাতৃময় হইয়া উঠ। একবারে হইবে না, বার বার অভ্যাস কর -- বার বার এই ধারণা প্রাণে ফুটাও, অবসাদ কথাটা ভুলিয়া যাও, হতাশ কথাটা প্রাণ হইতে মুছিয়া ফেল,—ইহাই সবস্থ হওয়া ; ইহাই ভোমায় ক্রমশঃ পূর্ণ সমত্বে পৌছিয়া দিবে।

বার বার এইরপে – চল এই ভাবে ছুটি। আর নগণ্য, হেয়, দীন, আর্ত্ত জীব বলিয়া আপনাকে ভাবিব না, আর পীড়িত পতিত পাতকী জীব বলিয়া আপনাকে ধারণা করিব না, আর জগতের অবস্থা ব৷ কর্মের তাড়নায় আমার চরণ কম্পিত হইবে না। আমি মায়ের সন্ধান পাইয়াছি, আমি মায়ের বিশাল ক্রোড়ে আপনার অবস্থিতি হৃদয়ঙ্গম করিডেছি, আমি সম্বস্থ, ইহা বৃঝিয়াছি,—জগণ্আনন্দময় আনন্দ-নিকেতনে পরিণত হইয়াছে—প্রাণের সাধারণ ভাব-সকল শবত্ব পাইয়া মাড়চরণে লুঞ্ভিত হইয়াছে—সে শব শিবত পাইয়াছে। যাহাকে জ্ঞালময় বলিডেছিলে, যে স্কল ভাব বা অবস্থা বা কর্মকে মোহ বলিডেছিলে,

এখন আর তাহা মোহ নহে, এখন তাহাই শিব; মাতৃচরণ পরশ মাত্রে শব শিবত লাভ করিয়াছে; যেগুলিকে উপেক্ষা করিতে, পরিত্যাগ করিতে কত দিন প্রয়াস পাইতেছিলে, তাহাই মহেশ্বরক্লণে প্রতিপন্ন হইয়াছে—"শবরূপ-মহা-দেবহৃদয়োপরি সংস্থিতা" মাকে আমি কর্ম্মে কর্মে দেখিতেছি, অভয় নাদের গস্তীর সাগরগর্জনে প্রাণ আমার পূর্ব, শান্তির নিবিড় শ্যাম-জলদ কান্তিতে হৃদয় আমার ভরা, মহাশক্তির রক্তচরণ আকিঙ্গনে আমার সমস্ত চিত্তর্ত্তি মহেশর!ইন্দ্রিয়াধিষ্ঠাতৃ দেবতাবর্গ চারি ধারে মাতৃস্তোত্র-গীতিতে বিভোর—এস এস মাতৃসন্তানগণ, এস—মাকে দেখ—চরণে পুল্পাঞ্জলি দাও—শবকে শিব কর, শবসাধনায় নিযুক্ত হও।

দূরেণ হ্যবরং কর্ম বুদ্ধিযোগাৎ ধন্ঞ্জয়। বুদ্ধো শ্রণমশ্বিচ্ছ কুপণাঃ ফলহেতবং॥ ৪৯

দূরেণাতিবিপ্রকর্ষেণ অত্যস্তমেব হি অবরং অধমং নিরুফীং কর্ম। বুদ্ধিযোগাৎ ফলার্থিনা ক্রিয়মাণং কর্ম অত্যস্তং অপকৃষ্টং। হে ধনপ্লয়, ততঃ বুদ্ধৌ সাংখ্য-বুদ্ধৌ শরণমাশ্রয়মভয়প্রাপ্তিকারণমন্বিচ্ছ প্রার্থয়ন্ব, পরমার্থশরণো ভব। কুপণাঃ দীনাঃ ফলহে ৩বঃ।

ব্যবহারিক অর্থ।—পূর্ব্বোক্ত প্রকারে ভগবানে বৃদ্ধিত্ব হইয়া কর্ম করা অপেক্ষা ফলার্থ কর্মসকল অত্যস্ত অপকৃষ্ট। সেই জন্য ধনঞ্জয়, তুমি বৃদ্ধি দারা এইরপে যুক্ত হও। ফলকামীরা অত্যস্ত দীন।

যৌগিক অর্থ।—ফলার্থ কর্মসকলে, আর এইরপ ভাবযুক্ত হইয়া অবস্থান করিয়া যে সকল কার্য্য স্বতঃ অন্তুষ্ঠিত হয়—এ উভয়ের মধ্যে বহু প্রভেদ। পিঞ্জরের মধ্যে পক্ষীর সঞ্চলন ও নীলকান্তি বিশাল গগনে ভাহার ক্রীড়া—এ উভয়ে যেমন প্রভেদ, পূর্ব্বোক্ত কর্মপ্রণালীমধ্যেও তদ্ধাপ প্রভেদ। কেন কাম্য কর্মসকল এত নিকৃষ্ঠ? আমি পূর্ব্বে বলিয়াছি,—ছই প্রকারের শক্তি এ বন্ধাতের সর্বত্র ক্রিয়াশীলা—বিপ্রকর্ষণ ও আকর্ষণ। এক শক্তির দ্বারা আমাদিগকে মাতৃ-অক্ষে যুক্ত করিয়া রাখে, আর এক শক্তি সে দিক্ হইতে বিভাজ্তিত করিয়া, ভোগের দিকে আমাদিগের গতি নির্দিষ্ট করে। যতক্ষণ ভোগের দিকে আমাদিগের লক্ষ্য থাকে, ততক্ষণ আমাদের হৃদয়, প্রাণ মন

সক্ষিত হয়; কুজ কুজ গণ্ডীর মধ্যে আপনাদের সীমা আমরা নির্দেশ করিয়া লই। যথন প্রাণ কোন ভোগ—কোন ফলপ্রান্তির দিকে চাহে, তখন প্রাণের গতি অস্ত সমস্ত দিক হইতে সন্ধৃতিত হইয়া, সমস্ত ব্ৰহ্মাণ্ডকে যেন উপেক্ষা করিয়া, সেইটির দিকে চাহিয়া থাকে। যেমন কোন সম্বর্ণন করিতে হইলে, আমরা আমাদিগের চক্ষু অত্যস্ত সন্ধৃচিত করিয়া উহা পরিদর্শন করি, তব্জপ ভোগ্য ফলেড় দিকে যখন আমরা চাহি, তখন আমা-দিগের প্রাণের গতি, প্রাণের চক্ষু সঙ্কুচিত হইয়া যায়। আর সাগর, ভূধর, আকাশ ইভ্যাদি কোন বিশাল পদার্থ দেখিতে গেলে যেমন চক্ষু বিস্তৃত—বিস্ফারিত হয়, তক্ষপ ঈশ্বর-ভাব যখন প্রাণে আবি ভূত হয়, তখন প্রাণ যেন বিস্তৃত হয়, হৃদয় যেন বিকাশযুক্ত হইতে থাকে, প্রাণশক্তি যেন প্রক্ষুরিত হইয়া উঠে—ইহা সকলেই প্রত্যক্ষ করিয়া থাকে। লক্ষ্য যত ক্ষুত্র হয়, ফল যত নিরুপ্ত হয়, আমা-দিগের শক্তিও তত কুত্রত লাভ করে। আমি পূর্বে বলিয়াছি, জগতে যত প্রকার শক্তির সন্ধান পাওয়া যায়, উহা মাতৃশক্তি – উহা মা। হৃদয়ে - অন্তঃ-করণে যত প্রকার শক্তি উপলব্ধি করিতে পারা যায়, উহা মা। করুণাময়ী মা সর্ব্বত্র, প্রত্যেক শক্তিকণাটি পর্যাম্ব—মা। মুতরাং প্রত্যেক শক্তিকণাটি অনম্ভ অপরিমেয়। আমার ইচ্ছাত্মযায়ী সেই মহাশক্তি কখনও কুত্র, কখনও বিরাট্ ভাবে আমাদিগের হৃদয়ে প্রতিফলিত হয়েন। আমার সংস্কারামুযায়ী তিনি মূর্ত্তি পরিগ্রহণ করেন; যখন চিস্তা কুজ, নিকৃষ্ট, সংকীর্ণ, সীমাবদ্ধ, তখন প্রাণশক্তি কুজ, কুঞ্চিত, ফুরণহীন হইয়া পড়ে, আমাদিগের স্থুল সুক্ষাদি শরীরের প্রত্যেক পরমাণুও সঙ্কৃচিত, অবরুদ্ধ হইয়া পড়ে, তাহাদিগের অভান্তরে প্রাণপ্রবাহ প্রবাহিত হইতে পায় না। দেহত্তয়ের প্রত্যেক অংশ এইরূপ জ্যোতিহীন, প্রবাং-শৃষ্য শুষ্ক স্রোতস্বতীবং হইয়া তমত্ব বা কড়ত্ব প্রাপ্ত হয়; ভাবের আঘাতে আর ঝন্ধার করিভে পারে না, প্রাণ-প্রথাহের অমৃতধারায় আর নিষিক্ত হইতে পায় না; মুভরাং ভরঙ্গহীন, উন্মেষণহীন, বন্ধত্ব পায়। এইরূপে প্রত্যেক কুন্ডাদপি কুন্ত চিন্তা আমাদিগের দেহত্রয়কে ক্রমশঃ আবদ্ধ, জ্বড়ীভূত ও বশীভূত করে। ইহারই সাধারণ নাম বন্ধন। এই বন্ধন ২ইতে মুক্ত হইতেই এত হাঙ্গামা। চিস্তা যত উদার হয়, যত বিস্তৃত হয়, কারণ, সূক্ষ্ম, স্থূল আদি দেহত্রয়ের পরমাণুসকলও তত উদারভাবে, বিস্তৃতভাবে, শ্রেসারিত সীমার মধ্যে কার্য্য করিবার অবসর, স্থান ও স্থবিধা পায়। সে পরমাণুসকলের অভান্তরে ভাব বা প্রাণশক্তি প্রবিষ্ট হইয়া, তাহাদিগকে তরঙ্গিত্ব, অমুপ্রাণিত করিতে যেন তত সক্ষম হয়; পরমাণুসকলও তত কাঠিত লাভ না করিয়া তরলভাবে থাকে, স্তরাং বন্ধনও প্রথ থাকে, অল্লায়াসে মোচন করিতে পারা যায়। ভগবচিন্তায়, ভগবদ্ভাবে এ বন্ধতা—এ জড়তা—এ নিস্তরক্ষতা মোটেই থাকিতে পারে না—কেন না, মা অনস্থা, মাতৃ-চিন্তা আমাদিগের সৃক্ষাদি দেহপরমাণুসকলকে অনন্ত মুখে, অনন্ত দিকে ফু বিত করে; দেহের প্রত্যেক পরমাণুকে প্রসারিত করে, প্রত্যেক পরমাণু কার্যাশীল, শক্তিমান্ হয়। অনন্তে বায়ু যেমন বিস্তার-ধর্ম্মী, আকাশ যেমন প্রসারশালী, সে পরমাণুসকলও তত্ত্রপ ব্যাপকতামুখী হয়। অর্থাৎ বন্ধনের দিক্ হইতে মুক্তাবন্থার দিকে প্রত্যেক পরমাণু ছুটিতে থাকে। ঈশ্বরচিন্তায় যাঁহারা অভ্যন্ত, তাঁহাদিগের দেহ নীরোগ হইবার ইহা একটী কারণ!

যাহা হউক, আমাদিগের প্রমাণুসকল ভগবচ্চিন্তা ভিন্ন অক্স চিন্তার সময় এই যে বন্ধনরূপ ক্ষুদ্রত্ব পায়, সেই ক্ষুদ্রত্ব ঘটে বলিয়া উহা যে আমাদিগের দেহ হইতে বিচ্যুত হইয়া মাতৃষুক্ত হইবার সমধিক অবসর পায়, এমন নহে। প্রমাণু-সকল সঙ্কৃতিত, ফারণহীন, কুজ হয় বলিয়া বিরাট্ মাতৃশক্তির আকর্ষণ সেই অমুপাতে অধিক পায়, এমন নহে। বিরাট ফ্রেহাকর্ষণ-শক্তি প্রমাণুসকলের উপর সমাক কার্য্য করিতে পায় না। পৃথিবী সূর্য্যের আকর্ষণে আকৃষ্ট থাকা সত্ত্তে পৃথিবী-বক্ষম্ব ধূলিকণাদি যেমন সে পৃথিবীর উপরই অবন্থিত থাকে, সুর্য্যে গিয়া যুক্ত হয় না, ইহাও তজপ। স্থ্য হইতে আকর্ষণশক্তি প্রস্ত হইয়া পৃথিবীকে অহর্নিশ আকর্ষণ করিতেছে। হতরাং সে হিসাবে পৃথিবী-বক্ষস্থ ধুলিকণা-সকল স্ব ক্ষুত্রতানিবন্ধন আকৃষ্ট হইয়া সুর্য্যে গিয়া সংযুক্ত হওয়া সম্ভবপর হইত। কিন্তু পৃথিবীর স্বীয় আকর্ষণ সে ধূলির উপর যে পরিমাণে কার্যাকারী, সুর্য্যের বিরাট শক্তি ভাহার উপর সে পরিমাণে কার্য্য করিতে পায় না বলিয়া, যেমন উহা পৃথিবীবক্ষেই সংশ্লিষ্ট থাকে, সূর্য্যে যুক্ত হইবার অবসর পায় না, তদ্ধপ আমাদিণের ওই সকল পরমাণু ক্ষুত্রত পাইলেও উহাদের উপর আমাদিগের বিপ্রকর্ষণশক্তির দারা রচিত দেহের শক্তি সমধিকভাবে প্রবল থাকে বলিয়া ক্ষুদ্রত্ব পাইয়াও উহারা মাতৃত্যক্ষে গিয়া সংযুক্ত হইতে পায় না; कुखरवत्र स्विधाहेकू भाग्र ना।

এই সকল কারণে সাধারণ কর্মসকল অবর—নিকৃষ্ট। বুদ্ধি দারা ভগবদ্যুক্ত হইয়া যে কার্যা করা যায়, তাহাতে ও ফলাকাজ্জাযুক্ত হইয়া যে কর্ম করা যায়, ভাহাতে—এই প্রভেদ। তুমি যদি ভগবংসাধনা করিতে গিয়াও ফলাভিমুখী হইয়া থাক, তাহা হইলেও ভোমার দেহত্রয় ঐরপ সঙ্কুচিত হইবে, প্রাণশক্তি সক্তন্দে পরমাণুসকলে প্রবিষ্ট হইতে পারিবে না—বিপ্রকর্ষণশক্তির বশে থাকিয়া ক্রমশঃ অকর্ম্মণ্য ও জড়তা প্রাপ্ত হইবে। ভোমার উদার ক্লুরণ-শক্তি অবরুদ্ধ হইবে; যাহাকে বন্ধন করে, তুমি সেই অবস্থা প্রাপ্ত হইবে। এই জ্লুগ এ প্রকার কর্মা অবর—নিকৃষ্ট। আর এই, জ্লুগ বৃদ্ধির দারা ভগবানে যুক্ত হইয়া কর্মা করা সর্বতোভাবে কর্ত্তব্য। ফলহেতু কর্মাসকল এই জ্লুগ দীনতার পরিচায়ক।

সাধারণতঃ আমরা যাহাকে ভাল কর্ম বলিয়া বুঝি, অর্থাৎ ঈশ্বরের সস্টোষ-বিধান আদি ধর্ম্ম-কর্ম্মসকল—তাহাও বন্ধনের কারণ। কর্মমাত্রই যতক্ষণ না উহা শুধু ভগবদ্বেদনের তাড়নায় কৃত হয়, ততক্ষণ স্থ-ই হউক বা কু-ই হউক, আমা-দিগকে সঙ্কৃচিত ও আবদ্ধ করে। বন্ধনের তারতম্য অবশ্য থাকিতে পারে, কিন্তু বন্ধন ছাড়া অম্ম কিছু নহে। সাধক, কর্ম্মের এ বাহ্য অবস্থা লক্ষ্য করিবে না। আমি পূর্বে বলিয়াছি, শাস্ত্রসমূহ কু ও স্থ রীতিমত বিচার করিয়া, কু হইতে দূরে যাইতে আদেশ করিয়াছেন, গীতা এই কুকেও স্থ করিয়া লইতে বলিয়াছেন, অথবা কু ও স্থ বলিয়া যে পার্থক্য সে পার্থক্য মুছিয়া ফেলিয়াছেন-সে পাথ ক্য মুছিবার একমাত্র উপায় ভগবদ্বেদন লাভ। ভগবদ্বেদন লাভ হইলে সর্বত্র একমাত্র অমৃতপ্রবাহের সন্ধান পাওয়া যায়। সাধারণতঃ যে সকল ইন্দ্রিয়-বিষয়াদিকে অনিত্য বা কু বলিয়া উপলব্ধি করি, সাধক ভাহাকে সে ভাবে দর্শন করে না। সাধক উহাতেও মায়ের অন্তিত্ব, মায়ের আনন্দ-ক্রীড়া প্রত্যক্ষ করে। মায়ের কাছে যে পৌছায়, মাতৃভাবে যথার্থ যার প্রাণ বিগলিত হয়, তাহার চক্ষে আর কোন অবস্থাই ঘূণ্য, ত্যাজ্য বলিয়া বিবেচিত ২য় না। আমরা যেমন সমাজে ব্যবহার করিবার সময় কু, তুর্বলতা ইত্যাদিকে আচ্ছাদন করিয়া. ম্ব-এর ছদ্মবেশ অহর্নিশ ধারণ করিয়া বিচরণ করি, কাহারও সঙ্গে ভাবের আদান-প্রদান করিবার সময় আপনাকে বিশেষভাবে সংযত করিয়া, শুধু আপনার বাছা বাছা সন্তাবগুলিকে প্রকাশ করিতে সচেষ্ট থাকি অর্থাৎ যেমন জগতের সর্বত আমরা স্থ সাজিতে যতুশীল, মায়ের কাছে সেরপ স্থ সাজিয়া যাইতে হয় না। ্বালক যেমন ধুলা কাদা মাথিয়াই মায়ের নিকট যায়, ভাহাতে সে কুঠিত হয় না— সাধনা সম্বন্ধেও তজ্প। তুমি মনে করিও না, ভগবংসাধনা করিতে হইলে বা ভুগবদুবেদন পাইতে হইলে অগ্রে রীতিমত বৈরাগ্য আদি লাভ করিয়া, হৃদয়কে

সম্পূর্ণরূপে রীতি নীতির দারা সংযমিত করিয়া, ইন্দ্রিয়াদিকে সম্পূর্ণরূপে বশীভূত করিয়া লইলে ওবে ভগৰৎসাধনার উপযুক্ত ২ইতে পারিবে। সময়ে সময়ে আমরা মনে করি, শান্তীয় বিধানস চলের সম্যক্ত বে যত দিন না অমুশীলন করিয়া হৃদয়কে মার্জ্জিত করিতে পারিব, তত দিন সাধনারূপ কর্মের সূচনা হইতে পারিবে না বা সূচনা করা যুক্তিবিক্লন। উপমাধরপ সময়ে সময়ে শুনিতে পাই, ক্ষেত্র তৈয়ারী না হইলে বীজ বপঁনে কোন ফল ১য় না, এইরূপ কেহ কেহ বলেন। কিন্তু বস্তুতঃ সাধনাকপ কর্মাই যে ক্ষেত্রকে কর্ষণ করে, এ কথা আমরা বুঝিয়া দেখি না। ভগবান্ই বীজ এবং তাঁহাব শরণই কর্ষণ। সাধনা সৃচিত হইলে সঙ্গে স্থার কৈত্র তৈয়ারী হইয়া যায়। কেত্র তৈয়ারীর জন্ম অপেকা করিয়া বসিয়া থাকিলে, ইংজন্মে ক্ষেত্রও তৈয়ারী হয় না, বীজ বপনও ঘটে না। কি শান্ত্রনির্দিষ্ট কর্মসকলের অনুশীলনের আবশ্যকতা নাই ? বিশেষ আব-শ্যকতা আছে । বিদ্যাশিক্ষার্থীর পুস্তকের যেরূপ প্রয়োজন, ঈশ্বরার্থীর শাল্তেও ए जान প্রয়োজন। কিন্তু বিদ্যাশিকার্থী পুস্তকরাশির মধ্যন্থলে উপবিষ্ট থাকিলেই যেমন তাহার বিক্যালাভ ঘটে না, তাহার স্বীয় সংস্কার-জনিত বিক্যালাভের আগ্রাহ না থাকিলে বা না জাগিলে যেমন সে পুস্তকসকল অকিঞ্ছিৎকর, তেমনই ভগবদ্বেদন প্রাণে না ফুটলে শান্তনির্দিষ্ট বিধিনিষেধসকল অকিঞিৎ-কররপে পরিণত হয়। ভগবদ বেদন প্রাণে থাকিলে তথন শাস্ত্রীয় বিধিনিষেধ-সকল স্বতঃ তাহার কার্থ্যে প্রতিফলিত হইতে দেখা যায়। তাহার প্রাণের গতি শাল্রমুখী হয়। শাল্রসকল হুধু বৃদ্ধি-পরিমার্জিত যুক্তিপূর্ণ কল্পনার সাহায্যে প্রণয়ন করা হয় নাই। ভগবদ বেদন পাইয়া ঋষিদিগের আচার ব্যবহার, বৃদ্ধি জ্ঞান, চিস্তা বা স্ক্রম ও স্থূল দেহ যে ভাবে, যে প্রকারে পরিবর্ত্তিত হইয়া গিয়া-ছিল, সেই পরিবর্ত্তনসকল প্রত্যক্ষ করিয়া, তদ্ধপ ভাব অবলম্বন করিতে জনসমূহকে শিক্ষা দিয়া গিয়াছেন। পুস্তকাদি লইয়া থাকিলেই বিভালাভ হয় না সত্য, কিন্তু যে কেহ অন্তাবধি বিভালাভ করিয়াছে, সকলকেই পুস্তকাদির সাহায্য লইতে হইয়াছে দেখিয়া যেমন আমরা এই সিদ্ধান্তে উপস্থিত হইয়াছি যে, বিভালাভের জক্ত পুস্তকাদির প্রয়োজন ও সেই জক্ত যেমন পুস্তকাদির প্রণয়ন আবশ্যক, তজপ শাস্ত্রবিহিত বিধিনিষেধপন্থা লইয়া থাকিলেই ভগবংলাভ হয় না সত্য, কিন্তু যে কেহ ভগবংলাভ করিয়াছে, তাহারই জীবনগতি শান্তীয় গতির অমুরূপ চইয়া উঠে দেখিয়া, শান্ত উহাই লিপিবর করিয়াছেন। স্থুলভঃ সকল সময়ে সকল

সাধকের লক্ষণ শাস্ত্রাহ্ররপ দেখিতে না পাইলেও, তাহার আভ্যন্তরিক অবস্থা পর্যাবেক্ষণ করিলে, কার্যাতঃ ওই প্রকারের পরিবর্তন তাহাতে দেখিতে পাওয়া যায়। যোগাদি ব্যাপারও ঠিক এইরপ। ঈশ্বর চিন্তা করিতে বসিলে ও মন ক্রমশঃ কেন্দ্রীভূত হইতে থাকিলে তাহার স্থুল স্ক্রাদি দেহে যে প্রকারের পরিবর্তন, যে প্রকারের লক্ষণ-সকল প্রকৃতিত হইয়া পড়ে, যোগশাস্ত্রে সেইগুলিই যোগাঙ্গরূপে অমুষ্ঠেয় বলিয়া উল্লিখিত হইয়াছে। যোগাঙ্গগুলির সম্যক্ অমুষ্ঠান করিলেই যে যথার্থ যোগ নিশ্চয় হইবে, তাহা নহে, তবে খাঁহারা যুক্ত হইতে সমর্থ, তাঁহাদের লক্ষণসকল ওই প্রকারের হয়, স্মৃতরাং এইগুলিতে নিবিষ্ট থাকিলে যোগ হইতে পারে। কিন্তু মূল কথা হইতে দূরে আসিয়া পড়িয়াছি।

আমি বলিভেছিলাম, আমাদিগের মূল লক্ষ্য যেন বাহ্যিক এই সকল শাস্তামুশীলনেই পর্যাবসিত না হয়, আর আমার তুর্বলতা-সকলকে ঘুণা করিয়া, সেগুলির কবল হইতে পরিত্রাণ পাইবার জন্মই যেন আমাদের চেষ্টাশক্তি নিযুক্ত না
থাকে; তুর্বলতা-সকলকে দূর করিতে পারি না বলিয়া যেন আমি বিষাদাছয়
হইয়া জীবনকে অহর্নিশ পীড়নের আগার করিয়া না তুলি। মায়ের কাছে চল,
মাড়-চক্ষের স্বেহধারা পড়িলেই সমস্ত তুর্বলতা দূর হইয়া যাইবে; সমস্ত "কু"
"মু" হইয়া যাইবে। মায়ের কাছে "মু" হইয়া ঘাইব বলিয়া অপেক্ষা করিতে
হইবে না।

দক্ষা আমাদিগের বসনের স্বরূপ। আমরা অহর্নিশ ঐ বত্র সাহায্যে আমাদিগের হুর্বলতা-সকলকে আজ্ঞাদন করিয়া রাখিয়া জগতে চলাফিরা ফরি। এই বদ্রের সাহায্যে আমরা সভ্য সাজি; এই বদ্রের আজ্ঞাদনের ভিতর আমাদের সমস্ত হুর্বলতাকে পুঞ্জীভূত করিয়া রাখিয়া, আমাদিগের স্থভাবগুলিকে অযথা বাড়াইয়া বা বাহির করিয়া রাখি। এমন কি, যেগুলি ক্ষুত্র ক্ষুত্র অগ্রাহ্য "সু," সেগুলিকেও অভিব্যক্তি ও গুণকীর্ত্তন দারা আমরা বৃহৎরূপে প্রতিপন্ধ করিতে প্রয়াস পাই। জগৎ দিন দিন যত অসভ্য হইতেছে, ততই তাহাতে এই হুই ভাব প্রবলতর ভাবে বিস্তৃত হইতে দেখিতে পাইতেছি। বাহ্যাস আবরণের জন্ম যত নৃতন নৃতন পদ্ধতি ও প্রয়াস দেখিতে পাই—আমি তত জগৎ অসভ্য হইয়া যাইতেছে বলিয়া বৃঝি। অন্তরঙ্গ আবরণ করিবার জন্ম যত "ভজোচিত ব্যবহার" কথাটার পরিচালন শুনিতে পাই, আমি তত জগতে "অভ্যতার" পরিচয় দেখিতে পাই। কৃষ্ণ কৃত্র "সু" গুলির যত অধিক সম্মান দেখিতে পাই, তত জগৎ ক্রু" মুণ্ণে

ধাবিত হইতেছে, ইহা আমি উপলব্ধি করি। আজ দেখিতে পাই, মুষ্টিভিকা দেওয়াও একটা স্থ্যাতিকর কার্যো পরিণত! বিপরকে সাহায্য, পীড়িতকে ঔষধ দান, বিছার্থীকে বিভাশিক্ষা দেওয়া, এ সমস্ত যেন এক একটা বিরাট অব্যমেধ যজ্ঞরূপে আজকাল জগতে বিঘোষিত হইয়া পড়ে। চরিত্রবান্ হওয়া যেন আজ জগতে একটা প্রকাণ্ড কীর্ত্তিকাহিনী ৷ যত আমরা অসভ্য বা আধ্যান্থিক হর্বেল হইতেছি, তত আমাদের লজ্জার আবরণ পরিবর্দ্ধিত হইতেছে—তত **আমাদের** ব্যবহার সঙ্গোচ্যুক্ত, হৃদয়হীন, মৌখিক আদানপ্রদান মাত্রে পর্যাবসিত হইতেছে। এই পুঞ্জীভূত হুর্বলভাসকল লজ্জার আবরণে আচ্ছাদন করিয়া মায়ের সমীপস্থ হইতে চেষ্টা করিলে চলিবে না; অর্থাৎ মাতৃভাব প্রাণের প্রত্যেক গতির উপর স্থাপিত করিতে হইবে। ভাবই মায়ের চরণ। মাতৃচরণ পরশে সমস্ত প্রাণ পুণ্যময় হইয়া উঠিবে। আর কতকগুলি বিশিষ্ট বিশিষ্ট ভাব লইয়া, সেইগুলি দিয়া মায়ের সঙ্গে হৃদয়ের আদান-প্রদান করিলে, হুর্বলভাগুলি আপাততঃ আচ্ছাদিতই থাকিয়া যাইবে। শুনিয়াছি, গান্ধারী হুর্ষোধনের মৃত্যু-ভয় রোধ করিবার জন্ম ব্রত করিয়াছিলেন। সে ব্রতের ফল এই যে, গান্ধারীর দৃষ্টি যাহার উপর পতিত হইবে, তাহাই লোহময় হইয়া যাইবে। ছর্ষ্যোধন মাতৃসন্মুখে উলঙ্গ হইয়া না গিয়া, কটি ও উরুদেশ বস্তাচ্ছাদিত করিয়া গিয়াছিল; এখানেই সাধারণ জীবের ছুর্বলতা, তাই বল্লের ব্যবহার সমাজে প্রচলিত। ছুর্যোধনের সর্বাঙ্গ লোহ নয় হইয়াছিল, শুধু ওই উরুদেশ—যে অংশের উপর গান্ধারীর দৃষ্টি পতিত হয় নাই, সেইটুকু দৃঢ় হয় নাই—সেইটুকুমাত্রই হুর্যোধনের পরাজয়ের হেতৃ হইয়াছিল। আমরাও তদ্রেপ যদি মায়ের দৃষ্টির সম্মুথে তুর্বলভাগুলি না ধরি, তবে সেই তুর্বলতাগুলি থাকিয়া যাইবে, আমাদের সৈ সমস্ত সংস্কার পরিশুদ্ধ, অমৃতময় হইবে না। সেইগুলি হইতে পুনরায় আমাদের পতন সংঘটন হয় ত সম্ভবপর থাকিয়া যাইবে। ছর্য্যোধন তাহার শরীরের যে অংশ লজ্জায় বস্ত্রাবৃত করিয়াছিল অর্থাৎ যে অংশ মাতৃসম্মুখে অনাবৃত করিতে সঙ্কৃচিত হইয়া, লজ্জার স্থুল প্রতিনিধিরূপ বসনের ব্যবহার করিয়াছিল—সেই ভাব-ত্র্মল অংশ যেমন তুর্বলই থাকিয়া গিয়াছিল, আমাদেরও অবস্থা তজ্ঞপ হইবে। মায়ের নিকট উলক্ষ শিশুটিবং খাঁইতে হইবে। মায়ের চক্ষুর তলে নগ্ন বালকের মত বিচরণ করিতে হইবে। মায়ের চক্ষের স্নেহ-কিরণ যাহাতে আমাদের হৃদয়ের অন্তক্ত্রদ অবধি পতিত হয়, সেইরূপ অবস্থা প্রাপ্ত হইতে হইবে।

এই হলে দুইটী প্রশ্ন উঠিতে পারে। ভোগ সম্বন্ধে প্রশ্ন হইতে পারে,— সমস্তই যথন মা. তবে আমি যে ভাবেই বিচরণ করি না, আমার চিত্ত যে প্রকার ভোগ লইয়া মত্ত থাকুক না, সর্বত্ত কেন না মাতৃকরুণা প্রাপ্ত হইব, আমার সে সকল দুৰ্বলতা কি মাতৃদৃষ্টির বাহিরে ? তবে সমস্ত ভোগ হইতেই কেন অমৃত না পাইয়া, বিষ পাইব ? তবে আমার চিত্তের তুর্বলতাগুলি প্রকাশ না করিলেও কেন উহারা তুর্বল থাকিবে ? এবং দ্বিতীয় প্রশ্ন এই যে, যে ভাবগুলি আমরা সাধারণ মহয়ের নিকট প্রকাশ করিতে কুষ্ঠিত, সেইগুলি রাজরাজেশ্রীর সম্মুখে বা মাতৃসম্মুখে কেমন করিয়া প্রকাশ করিব ? এই জন্ম এইখানে সাধারণ জগতের ভোগরাশি ও মন, এই চুইয়ে কি ভাবে কাণ্য হয়, সেই সম্বন্ধে আলোচনা করিতেছি। বস্তুতঃ এ জগতে এমন কিছু নাই, যাহা মা হইতে ভিন্ন। কিন্তু সাধারণতঃ আমরা জগৎকে যেন ভগবানের একটা ছলনার মন্দির বলিয়া বুঝি। যেন জগতের সমস্ত সৌন্দর্যনাদি ভোগ শুধু আমাদিগকে ছলনা করিতেই রচিত হইয়াছে। রূপ, রস, গন্ধাদির মোহে মুগ্ধ করিয়া, আমাদিগকে ইহাদিগের অকিঞ্চিৎকরতা শিক্ষা দিবার জয় এবং নিত্যত্বের দিকে লক্ষ্য স্থির করিবার জয় যেন পঞ্চ ভূতের রচনা। যেন ছলে ভূলাইয়া, আমাদিগকে আবদ্ধ করিয়া, ভাহার ভিতর অনস্ত জ্ঞানাদি দিবার অভিপ্রায়ে সংসাররূপ রূপ-রস-গন্ধময় মায়াগৃহ রচিত,—এইরূপ চক্ষে কেহ কেহ জগংকে দেখে—জগতের ভোগসকলকে এই ভাবে পরিদর্শন করে! বস্তুতঃ কি তাই ? বস্তু ঃ কি জগতেব সৌন্দর্যারাশি বকের ভিতর গরল লইয়া আমাদিগকে প্রবঞ্চিত করিবার জক্ত অগ্রসর ? বস্তুত: কি স্লেহ, ভক্তি, প্রেম ইত্যাদি রসপ্রবাহ শুধু উপরে আনন্দের জ্যোৎস্না মাথিয়া, জল-প্রবাহের মত গর্ভে নিবিড প্রাণ্ঘাতী অন্ধকার লইয়া সংসারে প্রবাহিত ? বস্তুতঃ কি সৌন্দর্য্য, সৌন্দর্য্য নহে—প্রবঞ্চনা ? বস্তুতঃ কি রস রসহিল্লোল নহে—প্রবঞ্দা ? কুহুমের গন্ধ তৃপ্তিদায়ক ভোগ নহে—প্রবঞ্চনা ? আত্মীয়ের প্রীতি-সম্ভাষণ, সমূত্রের ও জলদের গভীর গর্জন, পুত্রের মাতৃ-আহ্বান, পক্ষি-কৃজন, এ সমস্ত রূপোল্লাসময়ী বিজ্ঞলী মাত্র ?—প্রবঞ্চনা ? রূপ, রস, শব্দ, স্পর্ম, গন্ধ, এ সমস্তে কি কেবল প্রবঞ্চনা ভরা 📍 ভগবানের অনস্ত বিজ্ঞান, জীব-সংঘের উন্নতির সংকল্পে প্রবঞ্চনা ছাড়া আর কোন উপায় খুঁ জিয়া পাইলেন না ? প্রবঞ্চনা ছাড়া কি ব্রকাণ্ডে কিছু নাই ? ভগবান্ প্রবঞ্চক, আত্মা প্রবঞ্চক, আত্মা আত্মাকে বঞ্চনা ভারা শিক্ষা দিবে—শুরু শিক্সকে প্রবঞ্চনার ভারা সংপথে চালিত

করিবে ? প্রবঞ্চন। স্পৃত্তির মূল-মন্ত্র ? প্রবঞ্চনা পরমাজার মূল অবলম্বন ? শিক্ষার অক্স উপায় নাই। পূর্ণানন্দে পৌছিবার অক্স পথ খুঁ জিয়া পাওয়া যায় না ?

হায় ! হায় ! আমরা বঞ্চনা বঞ্চনা করিয়া আপনাদিগকে বঞ্চিত করিতেছি।
সমাজের সঙ্কীর্ণ চক্ষে, ভোগমাত্রই বঞ্চনাত্রপে প্রতিফলিত হয়। যেমন সত্যই
অনিত্যরূপে পরিদৃষ্ট, তেমনি মাতৃ-আকর্ষণ বঞ্চনারূপে প্রতিফলিত।

বহু কাল হইতে মনুষ্য-জগতে এই ধঁনধা চলিতেছে। বহু পূর্বেব যেন ব্রহ্মা-তের অভ্যন্তরে এই বিরাট বঞ্চনার আবিষ্কার করিয়া মনুষ্য-সমাজ আপনাকে জ্ঞানগর্বে গর্বিত করিয়া তুলিয়াছে! বহু কাল ধরিয়া সেই জ্ঞান-গর্বের মদে মত্ত হইয়া মানব অহর্নিশ চীৎকার করিতেছে, প্রবঞ্চনা—প্রবঞ্চনা—সাবধান! এ পথে যাইও না—সমুদ্রের এ ধারে তরণী লইয়া আসিও না—এখানে তলে পর্বত অবস্থিত—তরণী বিচূর্ণ হইবে, পালাও পালাও—জ্ঞান-সমুদ্রের গর্ভে বিরাট্ পর্বতশৃঙ্গ উচ্চশির করিয়া আছে, দ্রে যাও—দ্রে যাও! এ চীৎকার জগতের জ্ঞানকেন্দ্র জ্ঞানকেন্দ্র সুখ্রিত!

সংকীর্ণ চক্ষে এইরূপই প্রতিফলিত হয় সত্য। একই মা আমার আমাদিগের চক্ষের তারতমে। বিবিধরতে বিশ্বিত। জ্ঞানচক্ষু যখন যে প্রকারে থাকে, তখন সেই প্রকারে আমরা জগৎ ভোগ করি। মায়ের ক্ষুদ্র ক্ষুদ্র অংশ পরিদর্শন করিতে যত আমরা চক্ষুকে তত্তপযুক্তরূপে সঙ্কুচিত করি, তত দৃষ্টি সেই অংশময় হইয়া উঠে ; সেই অংশ ছাডা অন্য কিছু দেখিতে, অন্য কিছু ভোগ করিতে পাই না। প্রধানতঃ জন্ম হইতে মৃত্যু অবধি একটা যে জীবন, সেইটুকুকে মাপকাঠি করিয়া, সেইটুকুর ভিতর দিয়া আমরা সমস্ত জগৎ বুঝিতে চাহি; ভাই এইরূপ ঘটে। অনন্তা মাকে দেখিতে হইলে আমার অসংখ্য জন্ম-মরণ-চিহ্নিত যে বিরাট্ জীবন, সেই জীবন দিয়া মাকে দেখিতে হইবে, নতুবা জল-বিম্বের সমুদ্র দর্শনের মত মাকে দেখা হইবে। একটা বিম্ব উদ্বন্ধ হইয়া উঠে; কখনও তরঙ্গময় ক্ষেত্রে, কখনও ঘূর্ণাবর্ত্তনের মধ্যে, কখনও প্রচণ্ড স্রোতের উপরিভাগে, কখনও অগভীর স্থানে, কখনও সুগভীর বারিবিস্তারে, কখনও ঘন অন্ধকারে, কখনও রবিকর-तक्षिक व्यानत्म, यथन यथारन रकार्ट, यथन रयथारन छेष्विण इस, यिन रम বিস্বের জ্ঞান-চক্ষু থাকিত, তবে সে যেমন বার বার জলধিবক্ষকে সেইরূপ বিভিন্ন বিভিন্ন প্রকারে পরিদর্শন করিত, আমরাও তক্ষপ এক এক বার স্থুলে ফুটিয়া উঠিতেছি, যেরূপ জ্ঞানচকু লইয়া ফুটিতেছি, সেই ভাবে চারি ধার দর্শন করিতেছি—ব্রক্ষাণ্ডকে, ব্রক্ষাণ্ডময়ী মাকে সেই রকম বলিয়া বর্ণনা করিয়া, মাকে তদাকার বলিয়া বিঘোষিত করিয়া আগার ড়বিতেছি। যতক্ষণ এই স্ক্রেড ডুবিয়া যাওয়া ও স্থুলে ভাসিয়া উঠা বা মৃত্যু ও জ্ব্মকে এক বলিয়া ধারণা করিতে না পারিব, ততক্ষণ মাতৃ-রহস্য বৃথিয়া উঠা অসম্ভব। তাই বলিতেছিলাম, জন্ম মরণের দ্বারা খণ্ডিত ক্রুড জীবনের মাপকাঠি হাতে ধরিয়া মাকে মাপিতে যাওয়া চলে না। অপরিচ্ছিন্না মাকে মাপিতে হইলে ভত্পযুক্ত অবিচ্ছিন্ন মাকে মাপিতে হইলে ভত্পযুক্ত অবিচ্ছিন্ন মাকে মাপিতে হইলে ভত্পযুক্ত অবিচ্ছিন্ন আছে—যাহাতে জন্ম মৃত্যুরূপ গ্রন্থি সহস্র সহস্র বিভ্যান, সেই মাপকাঠি বৃঝিয়া লইতে হইবে। তবে বৃঝিবে, এ জগৎ প্রধানতঃ কি প্রকার। ইহার পরমাপুতে পরমাপুতে খোহাই থাকুক, ইহার ক্ষুদ্র চরণ-নথরে, কিয়া ইহার একটা লোমকৃপে যে চিহ্নই থাকুক, ইনি প্রধানতঃ কি প্রকার, ভবে বৃঝিতে পারিব। একটা লোমকৃপে যদি একটা চিহ্ন থাকে, তাহা দেখিয়া যেমন একটা মন্বন্থের সর্ধান্ধ কল্পনা করিতে যাওয়া বাতুলতা মাত্র, তজেপ ক্ষুদ্র জ্ঞানের সংহায়ে মাতৃ-অঙ্কের ক্ষুদ্র একটা পরিণাম বা বিকার অনুভব করিয়া, মাকে তজেপ বলিয়া বৃঝিতে চেষ্টা করা বুখা হাস্যাম্পদ হওয়া মাত্র।

যাহা হউক, এই বপে মুখে আমরা ভোগকে দূর করিয়া দিতে চাহি সতা, কিন্তু কার্য্যতঃ কেহ পারি না। বার্য্যতঃ ভোগের দিকেই আমরা ছুটি। জগতের সাধারণ মন্ত্র্যু, সাধারণ জীবসংঘ মাত্র নহে—যাঁহারা জগতের শ্রেষ্ঠ স্থান অধিকার করিয়া আছেন অর্থাৎ যোগী, তাঁহারাও তাই। সাধারণ জীবসংঘ না হয়, সাধারণ ভোগার্থে লালায়িত, যোগীরা এক অনির্বেচনীয় পরিতৃপ্তি বা শান্তি ভোগের জক্ত সচেন্ট; ভগবৎপ্রয়াসী ভগবান্কে ভোগ করিবার জক্ত ব্যস্ত। ভোগই স্পত্তির মূলমন্ত্র; মা পুত্রকে ভোগ করিতে চাহে, পুত্র মাকে ভোগ করিতে চাহে—ইহাই ব্রহ্মাণ্ড রচনার আদি কারণ, এ কথা পূর্ব্বে বলিয়াছি। ভোগ—বঞ্চনা নহে, ভোগ যথার্থই ভোগ, ভোগ যথার্থই আনন্দ। ভোগে যদি আনন্দ না থাকিতে, তবে আমরা জগতে থাকিতাম না বা থাকিতে পারিতাম না, আক্সঘাতী হইতাম। ভোগের গর্ভে কোন প্রবর্গনা লুকায়িত নাই। সৌন্দর্য্য বস্তুতঃ সৌন্দর্য্য ছাড়া অন্ত কিছু নহে। শব্দ, স্পর্শ, রূপ, রঙ্গ, বস্তুতঃ কোন বন্ধনে আবদ্ধ করিবার উদ্দেশ্যে কল্পিত নহে, উহা ভোগ উদ্দেশ্যেই কল্পিত, উহা আমাদিগের ভোগশক্তি পরিবর্জিত করিবার জন্তই রচিত। শিশুকে যেমন মা

একটু একটু "মুখচার" খাওয়াইয়া অন্নাদি খাওয়াইতে শিখায়, শিশু যেমন ক্রমশঃ পাঁচ রবম দেখিয়া শুনিয়া তাহার ইন্দ্রিয়-সকলকে পরিপুষ্ট করিয়া লইয়া, জগং ভোগ করিবার উপযুক্তভাবে ইন্দ্রিয়-সকলকে রচিত করিয়া জগদ্ভোগে সক্ষম হয়, এ সমস্ত শব্দস্পর্শাদি ভোগও তজ্ঞপ। ওই সমস্ত ভোগ করিতে করিতে ভোগস্পৃহা বলবতী হয় ও ক্রমশঃ উচ্চ হইতে উচ্চাঙ্গের ভোগের দিকে আমরা ছুটি ও পাই। আমাদিলের বিরাট্ জীবনের চক্ষু দিয়া দেখিলে ইহাই আমরা স্পষ্ট দেখিতে পাই। এই আমি, এই জগং কত দিনের ? কিন্তু এই আমি এই জগতে কত বার কত প্রকারে আসিয়াছি, কত বার কত প্রকারে ইহাকে দেখিয়াছি, ভোগ করিয়াছি! এই একই জগং কত ভিন্ন ভিন্ন জন্মে, ভিন্ন ভিন্ন ক্রেনে, ভিন্ন ভিন্ন জীবকুলে ভিন্ন ভিন্ন রূপে প্রভিভাত হইতেছে, আমায় ভিন্ন ভিন্ন প্রকারের ভোগ দিয়াছে। আমি যখন যেরূপ ভোগশক্তি লইয়া আসিয়াছি, তখন সেইরূপ ইন্দ্রিয়-সকল ফুটাইয়া সেইরূপে ইংকে ভোগ করিয়াছি। তারতম্য জগতের বড় নহে, তারতম্য আমার শক্তির, আমার ভোগাধিকারের। যখন যেরূপ অধিকার পরিবর্দ্ধিত হইয়াছে, তখন সেইরূপ উচ্চাঙ্গের ভোগ লাভ করিয়াছি।

এই অধিকার লইয়া যত গণ্ডগোল। মহাভোগ আমাদিগের লক্ষ্য বলিয়া, সেই মহাভোগে শীঘ্র শীঘ্র পৌছাইজে প্রাণ চাহে বলিয়া, আমরা শীঘ্র শীঘ্র ভোগাধিকার চাহি। আমার যেরপ ভোগে অধিকার, আমি ভাহাতে সম্ভন্ত না হইয়া, "তার পরের ভোগ", "তার পরের ভোগ" সদা সর্ব্বদা অপেক্ষা করি— আমার পার্শ্বের উচ্চতর ভোগাধিকারীর ভোগ পাইতে ব্যতিব্যস্ত হইয়া পড়ি, আপনার ভোগ্য 'ভাল নহে" 'ভাল নহে" বলিতে বলিতে ভোগ করি। আমার অধিকার, আমার শক্তির উপযুক্ত ভোগে আমি সম্ভন্ত নহি। জগতে যাহা কিছু দেখিতে পাই, তাহাতে আমার অধিকার থাক বা না থাক, তাহার জন্ম লালায়িত হইয়া পড়ি। আমরা ভোগ অপেক্ষা অধিকার পাইতেই অধিক ব্যস্ত। সাধারণ আচার ব্যবহারে দেখ, লোক অর্থভোগ অপেক্ষা অর্থ-সঞ্চয়ে অধিক নিবিষ্ট; জ্ঞান কার্য্য-বিরেরপে ফুটাইয়া তোলা অপেক্ষা অধিক জ্ঞান লাভ করিবার জন্ম লালায়িত। অধিকার পাইবার জন্ম অহর্নিশ আমরা ব্যাকুল; সেই জন্ম ভোগসকল অপ্রিয় হইয়া উঠে, সেই জন্ম ভোগসকলকে আমরা ক্রমশঃ বিষময়, বন্ধন ইত্যাদিরপে ব্রিতে থাকি। ক্রমশঃ আমরা এইরপে জগৎকে

তিক্ত করিয়া তুলিয়াছি, আনন্দনিকেডনকে কারাগার ভাবিতেছি শাস্তি কুঞ্চকে সংগ্রামস্থলে পরিণত করিয়া ফেলিয়াছি। আমি যদি নিজ অধিকারভুক্ত ভোগে সম্ভষ্ট থাকিতাম, তাহা হইলে, তাহা হইতেই পরম পরিকৃপ্তি লাভ করিয়া, ভোগ প্রদায়িনী মাকে চিনিতে পারিতাম। আমাদিগের যতটুকু ''অধিকার", ততটুকু "ভোগে" সম্ভুষ্ট না হইয়া, আমাদিগের অধিকারের "বহিভূত" ভোগ অধিকারের জম্ম আমরা লাসায়িত বলিয়া, আমাদিগের কর্মের লক্ষ্য অধিকারের দিকে থাকে না—গুধু অধিকার-বহিভুতি ভোগের দিকে বা গোণ ফলের দিকেই থাকে। আমি পূর্কে বলিয়াছি, আজি যাহা অধিকার, তাহার সম্যক্ ভোগ হইলে, তবে তাহার ফলস্বরূপ উচ্চতর অধিকার প্রাপ্ত হই। স্বতরাং আমাদিণের কর্ম্মদকল এখন উচ্চতর বা আমার অধিকারসীমার বহিভূতি ফলের দিকে চাহিয়া সম্পাদিত হয়, উহারা "ফলহেতু কর্মা"—"অধিকার-বিহিত" কর্মানহে; এবং সেই জন্ম ওই সকল কর্মা, ভোগকে নীরস করিয়া দেয়, ভোগশৃত্য কুপণ কর্মমাত্রে পর্যাবসিত হয়। আমরা ভোগের মধ্যে থাকি, ভোগের জন্তই ছট্ফট্ করি, অথচ "ভোগ ভয়াবহ," "ভোগ বিষময়" বলিয়া চীংকার করি। ব্রহ্মাণ্ডে ভোগার্থী সকলেই, অথচ ভোগী ত দেখিতে পাই না—সঞ্চয়ী মাত্র পরিদৃষ্ট হয়। সেই জন্ম ভোগসকল অমৃতপ্রদ না হইয়া বিষপ্রদ হইয়া উঠে। আমরা ভোগে অমৃত না পাইয়া বিষ পাই; তৃপ্তি না পাইয়া অতৃপ্তি পাই; তৃষা না থামিয়া পরিবর্দ্ধিত হয়।

তবে কি "ভোগ ভোগ" করিয়া ছুটিব ? তাহা হইলে সমাজ ত পশুসমাজে পরিণত হইবে ? না—বরং ঠিক বিপরীত। ভোগের জন্ম আমি যাহা পাইয়াছি, আমার যাহাতে স্থায্য অধিকার আছে, যতটুকু শক্তি আছে, ততটুকুমাত্র ভোগেই তৃপ্তি লাভ করিব ; ভোগে পরিতৃপ্তি লাভ করিলেই সে ভোগ যাহার দ্বারা আমার অধিকারভুক্ত হইয়াছে, কৃতজ্ঞতায় হৃদয় তাঁহার দিকে ছুটিবে। তখন যদি আবশ্যকীয় কোন ভোগের অভাবও হয়, আহার্যাদির সংগ্রহ পর্যাস্ত যদি না হইয়া উঠে, তব প্রাণ কৃতজ্ঞতাতেই পূর্ণ থাকিবে, বিদ্রোহী হইবে না। বাহাপ্রকৃতির শোভা, তখন মাত্র শোভারপে ভোমার প্রাণে প্রতিফলিত হইবে না, তাহার ভিতর অন্নপূর্ণেশ্বরী স্মেরাননা মাকে দেখিতে পাইবে; বায়ু, জল, অনল, শুধু প্রয়োজনীয় জীবনম্বরূপ পদার্থ বিলয়া বিবেচিত হইবে না, মাতৃ-স্নেহের বিমল ধারা ভাহার তরঙ্গে তরঙ্গে ব্রিতে পারিবে। বাহাপ্রকৃতি

চৈতক্সময়ী বলিয়া তোমার প্রাণ তখন অন্নভব করিবে। আকাশে অথবা ধরণীবক্ষে যে দিকে দৃষ্টি ফিরাইবে, স্নেহের উৎস, চৈতত্ত্যের উৎস, হৃদয়ের আদানপ্রদান ছাড়া অন্য কিছু উপলব্ধিতে আসিবে না। তুমি ব্ঝিবে, যথার্থই মা
কেমন করিয়া ভোমায় ধারণ করিয়া আছেন। ভোমার প্রাণের সকল কপাট
আপনি উন্মোচিত হইয়া যাইবে, তুমি শিশুবং অকপটহাদয় নগ্ন প্রাণের
স্বাধীনতা পাইবে।

কিন্তু আমরা তাহা করি না। আমাদের মন আমাদের প্রাণকে সে ভাবে নিশ্চন্তে তৃপ্তিতে ভোগ করিতে দেয় না। প্রাণের ধর্ম—ভোগ ও তৃপ্তি এবং সেই তৃপ্তি হইতে ধর্ম-রাজ্য প্রতিষ্ঠা বা মাকে চেনা। মনের ধর্ম—সংগ্রহ—অধিকার। ব্রহ্মাণ্ডে যেখানে যাহা পায়, মন তাই সঞ্চয় করে, সংগ্রহ করে, প্রাণের ভোগটুকু বিষময় করিয়া দেয়, প্রাণকে ভোগ করিবার অধিকার ও অবসর দেয় না, প্রাণের ভাষ্য অধিকার নত্ত করে, আপনি ভোক্তা হইয়া পড়ে। প্রাণকে বিশুদ্ধ, নিজীবিত, উচ্ছেদিত, নির্কাসিত করে। একটু চিন্তা করিয়া দেখিলে স্পষ্ট বুঝিতে পারি, আমরা প্রাণে ভোগ পাই না। মনেই ভোগ পর্যবসিত হয়। প্রাণতোষিণী তৃপ্তি আমরা কয়টী পদার্থ হইতে প্রাপ্ত হই গ্রমনের জালায় আমরা ভোগ পাই না। ভোগ ভোগ করিয়া মরি। মন আপনার ঐ ত্বর্কলতা আচ্ছাদন করিয়া রাখে।

প্রত্যেক ভোগের নিকট হইছেই আমরা তৃপ্তি পাইতাম, এবং সেই তৃপ্তি আমাদিগকে সবল, দৃঢ়, পুট করিত; ভোগরূপিনী মা—আমাদিগের সকল তুর্বলতা বিদ্রিত করিতে সমর্থা হইতেন, কিন্তু প্রয়োজন না থাকিলেও আপন তুর্বলতাবশতঃ মন যাহা দেখে, তাহাতেই আরুষ্ট হয়, ভোগের মোহরূপ গান্ধারীর নিকট সে তুর্বলতা ছলে চাপা দিয়া উপস্থিত হয়। আপনার সে তুর্বলতা আরুত করিয়া—যেন কত আবশ্যক আছে—যেন না হইলে চলিবে না, যেন ভোগ্য পদার্থ বা বিষয়াদি সংগ্রহ না করিলে কোন প্রকারে চলে না, এই ভাবে আমরা জগতে হুড়াছড়ি করি; ভোগের মোহের দারে এই ভাবে আপনাকে আপনি বঞ্চিত করিয়া গিয়া উপস্থিত হই। স্থতরাং অপরিমিত ভোগ্য পদার্থ সংগ্রহ হইলেও সে তুর্বলতা থাকিয়া যায়; ভোগের মোহ আমাদিগের তুর্বলতা ঘুচাইতে পারে না, বরং আমাদিগকে সমধিক সংগ্রহ-কার্য্যোপযোগী দার্চ্য প্রদান করে।

তাই বলিতেছিলাম, তুর্বলতা আবৃত করিও না; যাহ' আছে, যেরূপ ভোগক্ষেত্র পাইয়াছ, তাহাতেই তৃপ্তি লাভ কর—''ফলহেঙু" কর্মী না হইয়া, তৃপ্তিদায়িনী মায়ে আকৃষ্ট হও; সর্বত্র তৃপ্তির ভাবে প্রাণ নিমজ্জিত করিয়া মাকে পরিদর্শন করিতে যত্নবান্ হও। ফলহেঙু কর্মসকল কৃপণ, ভোগ দেয় না—সঞ্যু মাত্র হয়। উহা নিকৃষ্ট অবর।

> বুদ্ধিয়ুকো জহাতাহ উত্তে স্কৃতভূদ্ধতে। তক্ষাৎ যোগায় যুজ্যস্ব যোগঃ কর্মস্থ কৌশলম্॥৫০

বৃদ্ধিযুক্ত:—বৃদ্ধ্যা যুক্তো বৃদ্ধিযুক্তঃ ইহ অশ্মিন্ লোকে ইহৈব জন্মনি উভে সুকৃত-ছৃদ্ধতে জহাতি পরিভাজতি, তস্মাৎ যোগায় যুজ্যস্ব; যোগঃ হি কর্মান্থ কৌশলম্। কর্মণাং বন্ধসভাবহাৎ তদমুষ্ঠানে বন্ধাবস্থা স্যাৎ ইত্যাশস্ক্য কৌশল-মেব বিশদয়তি।

বাবহারিক অর্থ।—বৃদ্ধি দারা যুক্ত হইলে, ইহ জন্মেই জীব সুকৃত চুদ্ধৃত পরিত্যাগ করিতে সমর্থ হয়। অতএব তুমি এইরূপে যুক্ত হইয়া কর্ম কর, অর্থাৎ কর্মযোগ অবলম্বন কর, বন্ধনধর্মী কর্মসকলই মোক্ষ সাধন করিবে,— ইহাই চাতুর্যা।

মৌগিক অর্থ।—যে কর্ম্ম বন্ধনের কারণ, তাহাই আবার স্থুকৌশলে করিতে পারিলে বন্ধন মোচন করিয়া দেয়। অন্তের দারা যেমন আত্মরক্ষা করা যায়, আবার আত্মঘাতীও হইতে পারা যায়, অগ্নির দারা যেমন গৃহদাহ উপস্থিত করিতে পারা যায়, আবার ব্রহ্মযজ্ঞও সম্পাদন করিতে পারা যায়। বারি দারা যেমন তৃষ্ণা নিবারণ করিয়া জীবন রক্ষা করা যায়—আবার ইচ্ছা করিলে তাহাতেই আত্মবিসর্জনও অসম্ভব নহে; কর্ম্মও তদ্রপ। কর্ম্ম দারা শুভাশুভ ফল লাভ হয় সত্য, কিন্তু সেই কর্ম্মের দারাই আবার শুভাশুভের অতীত অবস্থা প্রাপ্ত হইতে পারা যায়। শুধু প্রয়োগকৌশলের উপর ফলাফল নির্ভর করে। সেই জন্য যোগ আর কিছুই নহে—কর্মের প্রয়োগকৌশল মাত্র বলিয়া ভগবান্ উল্লেখ করিলেন।

বৃদ্ধির দারা ভগবানে যুক্ত হইয়া কর্ম করিলে "মু" "কু" দূর হইয়া যায়— ইহা বৃদ্ধিযোগের একটা প্রধান লক্ষণ। আমরা সাধারণতঃ কর্মের বাহাকে দেখিয়াই 'কু' 'মু' বিচার করি। কিন্তু বস্তুতঃ আমার কর্মের বাহাকে আমার 'কু' 'মু' ধিরীকৃত হয় না। কিরূপ বৃদ্ধির দারা সে কর্ম অনুষ্ঠিত হইয়াছে, ভাহারই উপর আমার ফলাফল বিশেষরূপে নির্ভর করে। একই কর্ম সঙ্করের ভারতম্যে পুণ্য অথবা পাপজনক হইতে পারে। যে সকল মানসিক বৃত্তি আমরা সাধারণতঃ "কু" বলিয়া জানি এবং পরিত্যাগ করিতে প্রয়াস পাই, ভাহাই যদি সুকৌশলে প্রয়োগ করা যায়, তাহা হইলে আমার সদগতির কারণ হইতে পারে। সুকৌশলে প্রয়োগ অর্থে ভগবানে লক্ষ্য করিয়া অনুষ্ঠিত হওয়া। ভাগবতে ইহা স্পাই করিয়া উদ্লিখিত হইয়াছে।

"গোপাঃ কামাং ভ্য়াং কংসঃ দ্বেষাং চেন্তাদয়ো নৃপাঃ" ইতাাদি লোকে বলা হইয়াছে কামবৃত্তি ভগবানে অর্পণ করিয়া গোপীরা, ভয় দ্বারা কংস, দ্বেষের দ্বারা চেদিরাজ উদ্ধার প্রাপ্ত হইয়াছেন। তাই বলিতেছি, তোমার কর্মবিচার লইয়া এখন তত মাথা ঘামাইতে হইবে না; তুমি ভোমার, প্রাণের যে কোন একটা বৃত্তি, যে কোন কর্ম দ্বারা ভগবানে যুক্ত থাক, যে কোন ভাবের দ্বারা তাঁহাকে স্পর্শ করিয়া থাকিতে অভ্যাস কর; যাহা তোমার সম্মুখে আছে, যাহাতে তুমি অভ্যন্ত, সেই ভাব, সেই কর্মা তুমি লও। কর্মা, ভাব, এ সকল তোমার অঙ্কে অহর্মিশ ক্ষুরিত, এ সকলের অভাব ত তোমার কখনও হয় নাই, তবে তোমার যখন যে ভাব, যে কর্ম মনে পড়িয়া যাইবে, তাহারই ভিতর দিয়া ভগবানে লক্ষ্য স্থাপন করিবে।

ভগবানের উদ্দেশ্যে কি কর্ম করিব, কোন্ বিশেষ কর্মের অমুষ্ঠান করিলে ভগবদ্যুক্ত হইতে পারিব—কোন্ প্রকার প্রক্রিয়ার অমুষ্ঠান করিলে ভবে তাঁহার সহিত সম্বন্ধ স্থাপিত হইবে, তাঁহাকে পাই 4—এই চিন্তায় প্রায় মনুষ্যমান্তকেই সময়ে সময়ে বাস্ত থাকিতে দেখিতে পাওয়া যায়। শুধু এই চিন্তা করিতে করিতেই অনেকের জীবন অবসান হইয়া যায়। কর্মের প্রবল স্রোতে ভাসিয়া চলিয়াছে, অথচ কর্ম খুজিয়া পায় না। মংস্থের জলত্বার স্থায় ইহা অলীক। এরপ স্থলে সাধারণতঃ আমরা আহার্য্যের অভাব দেখিতে পাই না, ক্ষ্ধার মাত্র মভাব দেখিতে পাই। ক্ষ্ধিত ব্যক্তি অন্ধ ব্যঞ্জনাদি পাইলে সর্বপ্রথম যে ব্যঞ্জন থায়, তাহাই যেমন তাহার পক্ষে সর্বাপেক্ষা স্থাত্ব বলিয়া বিবেচিত হয়, যতে উদরপূর্ত্তি হইয়া আইসে, তত যেমন ব্যঞ্জনাদির মিইতা তাহার মুখে হ্রাস প্রাপ্ত হয়, কর্মন্ত ঠিক তক্রপ জানিবে। তাঁহাকে পাইবার আকুলতা যতক্ষণ প্রবন্ধ থাকে, ততক্ষণ যে কর্মাই সম্মুখে উপস্থিত হউক, সে কর্ম্ম করি।ই তাহার প্রাণ সম্যক্ পরিত্থি লাভ করে। আকুলতার হ্রাস হইলে আর উহা ভাল

লাগে না, অন্য প্রকার কর্মের জন্ম প্রাণ বাতিবাস্ত ইইয়া পড়ে। তোমার শীয় ক্ষেত্রে যে সকল স্বাভাবিক কর্মা তুমি পাইয়াছ, সেই সকল কর্মা এবং তংসঙ্গে গুরুকর্তৃক যদি কোন পছা পরিদৃষ্ট ইইয়া থাকে, সেই কর্মা আকুলতার সহিত কর। তাহাতেই তোমার অভীষ্ট সিদ্ধ হইবে। তুমি স্কৃতি ও হৃদ্ধৃতির হাত হইতে পরিত্রাণ পাইবে। কোন বিশিষ্ট কর্মের সহিত যুক্ত হইবার জন্ম তত ব্যস্ত হইও না, কিন্তু কর্মসকলকে বৃদ্ধি দ্বারা ভগবানে যুক্ত করিবার জন্ম মধ্যে ব্যস্ত হও।

স্কৃতি ও ছৃষ্তির হাত হইতে কেমন করিয়া পরিত্রাণ পাওয়া যায় ?—মনে কর, আমি একটা পদার্থের দিকে চ'হিয়া আছি। যতক্ষণ আমি সেই পদার্থ টার দিকে চাহিয়া থাকি, ভতক্ষণ আমার সমস্ত প্রাণশক্তি ঐ পদার্থ মুখে ধাবিত হইতে প্রয়াস পায়। সমস্ত প্রাণশক্তির উপর আমার এখন সম্যক্ কর্তৃহ নাই বলিয়া যদিও আমি সমাক্রপে প্রাণশক্তিকে ঐ পদার্থে চালিত করিতে পারি না, কিন্তু অংশতঃ উহা চালিত হয়; এবং ঐ পদার্থ ক্ষুত্র সদীম বলিয়া আমার সে প্রাণ-প্রবাহ সঙ্কুচিত হইতে থাকে। আকাশাদি কোন বিস্তৃত পদার্থের চিন্তায় করিলে উহার বিস্তার আমাদিগের প্রাণশক্তিকেও বিস্তৃত করে, বিরাট্ চিন্তায় প্রাণশক্তি বিস্তৃত হয়, ইহা পূর্কে বলিয়াছি। ভগবংচিন্তায় ইহা সর্কাপেক্ষণ অধিক বিস্তার লাভ করে। প্রাণশক্তি দেহের প্রত্যেক পরমাণুর ভিতর ক্ষুরিত হইতে থাকে। অনস্তে বিস্তৃত হইয়া পড়া আর শ্বির হইয়া যাওয়া, একই কথা। তখন আর কোন দিক্বিশেষে প্রাণশক্তি চুটে না বা ছুটিবার অবসর পায় না। কেন না অনস্ত অর্থে সর্ক্দিক্ ব্যাপিয়া যে বিশাল বিস্তৃতি, উহার ব্যাপ্তিহীন মূলদেশ অর্থাৎ আত্মা। স্থতরাং প্রণশক্তি সন্ধুচিত অথবা বিস্তৃত, কোনরূপ গতিই প্রাপ্ত হয় না। ইহাই কু ও স্কুর বহিত্তি হওয়া।

যাহা হউক, এখন দেখা যাউক, কি উপায় অবলম্বন করিলে, সকল কর্ম বৃদ্ধিযুক্ত হইয়া করা যাইতে পারে। আমরা দিনে লক্ষ লক্ষ করি, কিন্তু সকলগুলি লক্ষ্যহীন অথবা নিম্নলক্ষ্য। বাহ্যিক এমন কোন উপায় কি নাই, যাহার
অভ্যাসের দ্বারা কর্মসকল সম্পাদনকালে আমাদের লক্ষ্যের কথা মনে পড়িবে
এবং তখন তাঁহার মুখ চাহিয়া সে কর্ম সম্পাদন করিব ? কি কৃত্রিম উপায়
অবলম্বন করিলে কর্মে কর্মে আমরা মাতৃ-সন্ধিননে অগ্রসর হইব—মাতৃ দর্শনে
কৃত-কৃতার্থ হইব ? সে উপায় জ্প। সে কথা পরে বলিব। কাঠে কাঠে

ঘর্ষণ করিলে তাহার, অভাস্তরম্থ নিগৃঢ় অগ্নি যেমন প্রকাশিত হইয়া পড়ে, তথ্রপ দেহ বা প্রাণ ও মন্ত্রে বা বীজে অহর্নিশ ঘর্ষণ অভ্যাস করিলে কর্ম্মসকল ভগবং-তাপে তাপিত হয় এবং সহসা সে নিগৃঢ় সভ্য বিকাশ প্রাপ্ত হইয়া হাদয়কে আলোকিত করে।

> কর্মজং বৃদ্ধিযুক্তা হি ফলং ত্যক্ত্য মনীষিণঃ। জন্মবন্ধবিনিমুক্তাঃ পদং গচ্ছন্ত্যনাময়ম্॥ ৫১

বৃদ্ধিযুক্তাঃ মনীষিণঃ হি নিশ্চিতং কর্মাজং ফলং ত্যক্ত্যা জন্মবন্ধবিনিমুক্তাঃ সন্তঃ অনাময়ং পদং গচ্ছন্তি।

ব্যবহারিক অর্থ।—বৃদ্ধি দারা এরপে যুক্ত হইতে থাকিসে মন্থয়, কর্মজাত ফলসকল পরিত্যাগ করিয়া, জন্মরূপ বন্ধন হইতে মুক্ত হইয়া, অনাময় পদ বা মোক্ষ লাভ করেন।

থৌগিক অর্থ।—পূর্বেব বলা হইয়াছে যে, ভগবানে বৃদ্ধি দ্বারা যুক্ত হইলে এই জন্মেই জীব স্থকৃত-ছেম্বতের বাহিরে চলিয়া যায়। কিন্তু সে যাওয়া কি শুধু এই জন্মের মত ? পুনরায় কি তাহাকে জন্ম পরিগ্রহণ করিতে হইবে ? ভাহার পূর্ব্ব পূর্ব্ব যে সমস্ত পুঞ্জীভূত সংস্থার আছে, সেগুলির উপায় কি ? সেগুলি কেমন করিয়া বিদুরিত হইবে ৷ উপস্থিত আর না হয় নুতন বন্ধন বা সংস্কার জন্মিয়া তাহাকে আবদ্ধ ও আবৃত করিতে পারিবে না, কিন্তু পূর্ব্ব-সংস্থার ! সেই আশস্কা দূর করিবার জন্মই এই শ্লোকের অবভরণিকা; নতুবা এ শ্লোক বলিবার ভগবানের অন্ম তাৎপর্যা নাই। ঐ আশঙ্কা দুর করিতে ভগবান্ বলিতেছেন, তাহার জন্ম-বন্ধন ঘুচিয়া যাইবে, কর্মজাত ফলসকল পরিত্যাগ করিয়া সে জীব পুনজ'মের কবল হইতে পরি াণ পাইবে। বেগযুক্ত শর যেমন পত্রাদি ভেদ করিয়া গিয়া আকাশে উপস্থিত হয়, সেই প্রকার মাতৃ-আবেগযুক্ত প্রাণ, পত্রাদিভেদের স্থায় জন্মাদি উপজ্বে বা কুক্মটিকা-সকল ভেদ করিয়া, উপস্রবরহিত অনাময় পদে প্রতিষ্ঠিত হইবে। শাস্ত্রে ইহার এই প্রকার তুলনা আছে যে, যেমন দশ কুড়িখানি পত্র একত্রে ধরিয়া, তাহার ভিতর দিয়। একটি সূচি বেগে প্রবর্ত্তিত করিলে মনে হয়, যেন স্থুচিটি একেবারে এক সঙ্গে পত্রগুলি বিদ্ধ করিয়াছে; কিন্তু বস্তুতঃ যেমন সমস্ত পত্রই একটার পর একটা করিয়া সূচি বিদ্ধ করে, ইহাও ঠিক তজপ। মাতৃ-আবেগে প্রাণ পূর্ব হইলে গতি অসম্ভব মাত্রায় পরিবর্দ্ধিত হয়। আমাদিগের সংস্কার-

ক্ষেত্রে পর পর আমাদিগের জন্ম ও কর্মশৃত্বলা সাজান আছে, আমাকে নিশ্চয়ই সেইগুলির ভিতর দিয়া যাইতে হইবে। কিন্তু সেগুলি যদি একত্রে পুঞ্জীভূত করিয়া, বেগে ভেদ করিয়া চলিয়া যাইতে পারি, তাহা হইলে সে ক্ষেত্রগুলি আর ভোগ হয় না। বাজীকরেরা যেমন অগ্নির ভিতর দিয়া লাফাইয়া যায় অথচ অগ্নির দারা দক্ষ হয় না, তজপ সে ক্ষেত্রগুলির ভিতর ভোগ প্রাপ্ত না হইয়াই আমরা মাভৃত্রোড়ে গিয়া উপস্থিত হইতে পারিব। যে পরিমাণে আমরা মাভৃত্রোড়ে গিয়া উপস্থিত হইতে পারিব। যে পরিমাণে আমরা মাভৃত্রোকে হইবেই, তাহা ছাড়া মাভৃত্রাকর্ষণ ও পরিবর্জিত হইবে, এবং সেই জন্ম এই উভয় দিকের আকর্ষণের চাপে মধ্যস্থ আমার সংস্কার-ক্ষেত্র কুঞ্চিত, পুঞ্জীভূত হইয়া যাইবে। তখন মনে হইবে, সকল জন্মগুলি যেন এক সঙ্গে এক মুহুর্ত্তে ভেদ করিয়া পরিভ্যাগ করিয়া চলিয়া যাইলাম। মেল ট্রেণ যেমন মধ্যবর্ত্তী সকল ষ্টেসনে না থামিয়া বেগে বহির্গত হইয়া যায়, তজপ ভাবে ভূমি ইহজন্মেই একান্ত শেষ না হয়, বড় বেশী এক আধ অন্ম—এই পর্যান্ত।

আনেক জন্মের কর্মফলগুলি এক জন্মেই ভোগ হইয়া নিঃশেষিত হইয়া
যাইতে পারে, ইহাই মাতৃ-আবেগের একটা অপূর্বি লক্ষণ। আমরা সময়ে
সময়ে অনেক ধার্ম্মিক লোককে দারিজ্যাদি বিবিধ উপজবের ধারা প্রপীড়িত
হইতে দেখিতে পাই। ইহার অন্তম কারণ, ওই এক জন্মের ভোগ-ক্ষেত্রমধ্যে অস্থান্থ পরবর্তী জন্মের ভোগগুলি আসিয়া পড়া। আবার অনেক
বিরাগযুক্ত পুরুষকে ধনকুবের হইয়া থাকিতেও দেখিতে পাওয়া যায়,ইহাও
পূর্বোক্ত কারণেই হইয়া থাকে। অনেক সিদ্ধপ্রায় পুরুষ অপ্রের দারা এক
একটা জন্ম অভিক্রম করেন। একদিন দিবাভাগে কোন মহাপুরুষ আহারাদির
পর আপনার প্রিয়শিয়া সহ বিশ্রাম করিতেছিলেন। শিয়া গুরুষসেবা করিয়া,
গুরুর আদেশ অমুসারে তাঁহার অনভিদ্রে শায়িত ছিল। গুরুও উপবিষ্ট
থাকিয়া শিষ্যের ভবিষ্যৎ দর্শন করিতেছিলেন। শিষ্য শুইয়া থাকিতে থাকিতে
কাবলা মধ্যে ঘুমাইয়া পড়িল। নিজিভাবস্থায় হুরস্ত বিভীষিকাপূর্ণ স্বপ্নে ভাহার
প্রোণ কম্পিত হইতে লাগিল; সর্বাঙ্গ ঘর্ম্মে অভিষিক্ত হইতে লাগিল। ক্রমশঃ
সে স্বপ্নের মানা এত প্রগাড় ভীতিপ্রদ হইল যে, শিষ্য সেই স্বপ্নাবস্থাতেই "গুরু
রক্ষা কর, গুরু রক্ষা কর" বিলয়া চীৎকার করিতে লাগিল; সে চীৎকার মনে

মনে নহে, বাহু জগতেও সে শব্দ শুনা যাইতে লাগিল। প্রুক্ত বসিয়া বসিয়া হাসিতেছেন, এমন সময় অন্ত এক শিষ্য সেখানে আসিয়া, এই দৃশ্য দেখিয়া কিছু ব্বিতে না পারিয়া, একবার গুরুর মুখের দিকে চাহিয়া, ক্রত সেই স্বপাবিষ্ট শিষ্যকে ধরিবার উপক্রম করিল; কিন্তু গুরু হাসিয়া তাহাকে স্পর্শ করিতে নিষেধ করিলেন। দ্বিতীয় শিষ্য স্তম্ভিত হইয়া পার্শ্বে দাঁড়াইয়া রহিল। আর সেই নিদ্রিত শিষ্য সেই ভাবে অনেক ক্ষণ ধরিয়া অস্ফূট আর্ত্তনাদাদি করিতে লাগিল।

ক্ষণকাল পরে তাহার নিজাভঙ্গ হইল। উঠিয়া দেখিল. গুরুদেব হাসিতে-ছেন এবং তাহার সমবয়স্যও গুরুর দেখাদেখি হাসিতেছে। সে উঠিয়া ক্রেড সেই সমবয়স্যের নিকট একট জল প্রার্থনা করিল ও তাহাকে হাসিতে দেখিয়া উত্তেজিত হইয়া বলিতে লাগিল,—"আমি স্নপ্নে মরিতে বসিয়াছিলাম, আর তুমি হাসিতেছ, আমাকে ডাকিতে পার নাই।"

গুরু হাসিয়া বলিলেন,—"বংস, তুমি মর নাই—তুমি সৌভাগ্যবান্—একটা জন্ম তোমার অর্দ্ধ ঘণ্টার মধ্যেই বহিয়া চলিয়া গেল। তোমার শুভদিন আগতপ্রায়।" শিশুদ্বয় গুরুর হাসোর কারণ উপলব্ধি করিল।

যাহা হউক, এইরপে বিনা ভোগে অথবা স্বপ্নয় ভোগে আমরা আমাদিগের ভবিষ্যুৎ জন্মগুলিকে অগ্রাহ্য ভাবে পরিত্যাগ করিয়া ক্রত মাতৃ সরিধানে গিয়া উপস্থিত হইতে পারি। স্বর্থ রাজার এইরপে লক্ষ জন্ম মুহূর্তে অভিক্রম করিবার দৃষ্টাস্ত আছে। শুনিতে পাই, স্বর্থ রাজা লক্ষ বলি দিয়া মাতৃপূজা সমাধান করিবার পর যথন তিনি মাতৃলাভে কতার্থ হইয়াছিলেন, তখন সহসা তিনি দেখি লেন, সেই লক্ষ পশু ঘাতকের মত তাঁহাকে হনন করিতে উন্নত হইয়া ছুটিয়া আসিতেছে। লক্ষ ঘাতক-বেষ্টিত স্বর্থ "মা মা" করিয়া মাতৃচরণে লুটিত হইল। লক্ষ অন্ত এক সঙ্গে এক মুহূর্তে মাতৃ-ইঙ্গিতে স্বর্থের শিরে পড়িল। স্বর্থ লক্ষ মৃত্যু একবারমাত্র মৃত হইয়াই মাতৃকুপায় অভিক্রেম করিলেন।

মাতৃ-আবেগ প্রাণে ফুটাইতে পারিলে তাহার ফলস্বরূপ এত হৃবিধা আমরা প্রাপ্ত হইয়া থাকি।

> যদা তে মোহকলিলং বুদ্ধিৰ্ব্যাতিতরিষ্যতি। তদা গন্তাসি নিৰ্বেকিং শ্ৰোতব্যস্থ অত্তস্য চ ॥৫২

যদা তে বৃদ্ধিঃ মোহকলিলং ব্যতিভরিষ্যতি, তদা শ্রোতব্যস্য শ্রুতস্ত চ নির্বেদং গন্তাসি।

ব্যবহারিক অর্থ।—এইরূপে যখন তোমার বৃদ্ধি মোহকলিল সমাক্রুপে অতিক্রেম করিবে, তখন তুমি শ্রোতবা ও শ্রুত বিষয়ে নির্বেদ ভাব প্রাপ্ত হইবে।

যৌগিক কর্থ।— বৃদ্ধির ধারা, কল্পনার ধারা মায়ে পূর্ব্বোক্ত প্রকারে যুক্ত হইয়া চলিতে চলিতে যখন সম্যক্রপে তৃমি সমস্ত মোহকলিলের বাহিরে গিয়া পড়িবে, যখন মাতৃশ্মরণে তোমার প্রাণের গতি সহস্রগুণে পরিবর্দ্ধিত হইয়া. তোমাকে ক্রত ভাবে ভোমার সংস্কারাত্মক মোহসকল ভেদ করিয়া লইয়া, মোহের বাহিরে গিয়া উপস্থিত হইবে, তখন তৃমি ভোমার একমাত্র যাহা শ্রোতব্য এবং যাহা তৃমি অকুট ভাবে, বিক্বত ভাবে, আভাস ভাবে শুনিয়াছ, সে বিষয়ে নির্কেদ অবস্থা প্রাপ্ত হইবে।

আমি পুর্বেব বলিয়াছি, ভগবদবেদনই প্রাণকে ছুটাইয়া লইয়া যায়: উহাই বেদ। বেদন যত বলবান্ হয়, গতি তত বৰ্দ্ধিত হয়। বুদ্ধির দারা সেই বেদন আরম্ভে উপল নি করিতে হয় এবং উহার নামই বুদ্ধির দ্বারা মায়ে যুক্ত হওয়া। ঐ ভাবে বৃদ্ধির দারা মাতৃভাব প্রাণে ফুট।ইয়া যত প্রথরতরভাবে মায়ের দিকে প্রাণ ছুটিবে, তত ক্রমশঃ একমাত্র যাথা আমাদের শ্রোতব্য, সেই মাতৃ-আহ্বান আভাসে আমরা শুনিতে পাইব। সে মহা মাতৃ-আহ্বানের নাম প্রণব। সেই প্রণবের স্থগভার অনন্তদিগ বিস্তৃত ধ্বনি প্রাণে ফুটিয়া উঠিতে থাকিবে। শুন. গুরু দ্বারা কোন প্রকার পন্থা যদি তুমি এখন পর্যাস্ত না পাইয়া থাক, যদি এখন প্রয়ম্ভ ভগবহুদ্দেশ্রে কোন বিশেষ ক্রিয়া অনুষ্ঠান করিবার অবসর ভোমার না আসিয়া থাকে,—নিরাশ হইও না; তোমার সাধারণ কর্ম্মসকল যে ভাবে সম্পন্ন করিতে বলিয়াছি, সেই ভাবে বুদ্ধিযুক্ত হইয়া সম্পন্ন কর, ক্রমশঃ অভ্যাসের দ্বারা যত পার, কর্মসকলকে মাতৃমুখী কর ; দেখিবে, ক্রমশঃ একটী উদার ভাব তোমার প্রাণে ফুটিয়া উঠিতেছে, ক্রমশঃ যেন তোমার প্রাণটা প্রসারতা লাভ করিতেছে: এবং সেই সঙ্গে এক একবার নিস্তব্ধ অবস্থায়, বহু দূরে—দিক্প্রাস্ত হইতে যেন কি একটা অক্ষুট—বিরামহীন আহ্বান আসিতেছে, এইরূপ ভোমার মনে ছইবে। বুদ্ধির দারা যুক্ত হওয়া যত গাঢ়তর হইবে, সে আহ্বান তত ক্টুডর ও ভঙ ঘন ঘন তুমি পাইতে থাকিবে। ক্রমশঃ সে শব্দ নানাপ্রকার বিকৃত ভাবে

উপলব্ধি হইবার পুর —কখনও ঘণ্টাশ্বনিবং, কখনও সাগরগর্জ্বনবং, কখনও বংশীনিনাদবং, কখনও বিহঙ্গমকৃজনবং—এইরূপ নানা ভাবে তোমার অমুভবে আসিবার পর—উহা প্রণবোকারণের মত বা প্রণবের মত তোমার কাণে বাজিবে। ব্রিবে, উহা মাতৃআহ্বান। সাগরের গর্জন যেমন জড়বাদীরা অর্থহীন মনে করে, বারুর মর্মার শব্দ যেমন অর্থহীন বলিয়া বিবেচিত হয়—ওই শব্দকে সেরূপ বিরাট্ ব্রহ্মাণ্ডবিবর্ত্তনের একটা বিরাট্ অর্থহীন শব্দ বলিয়া মনে করিও না। মনে করিও না, উহাও কোন নৈসর্গিক শব্দতরঙ্গ মাত্র। বিশেষ করিয়া বলিতেছি, উহাকে মাতৃআহ্বান বলিয়া ধারণা করিতে অভ্যাস করিও; উহাকে আকুল স্নেহপূর্ণ জানিও—উহার পশ্চাতে মৃর্তিমতী মায়ের মুখমণ্ডল কল্পনায় দেখিও; তবে গতি আরও খরতর হইতে থাকিবে—তবে বেদন প্রাণে আরও গভীরভাবে বিদ্ধ হইতে থাকিবে, তবে বেদ প্রাণে আরও অনমুভূতপূর্ব্ব ভাবে প্রকটিত ইইতে থাকিবে এবং তবে মোহ-সাগরের পরপার তোমার নিকটম্ব হইতে থাকিবে। তখন নির্মাল চিদাকাশ অন্তর্বাহ্য ব্যাপিয়া ভাসমান হইবে।

আর যদি সদ্গুরু লাভ হইয়া থাকে, যদি তাঁহার নিকট বিশেষ প্রক্রিয়া পাইয়া থাক, তাহা হইলেও সেই ক্রিয়ান্তুষ্ঠানের ফলস্বরূপ যথন সেই অনাহত নাদ পূর্ব্বোক্ত নানাপ্রকার বিরুতভাবাপর অবস্থার পর প্রণবাকারে ক্রেত হইবে — সেই একমাত্র শ্রোভব্য অনাহত নাদ যখন প্রাণকে কেদনপূর্ণ করিবে, তখন তাহাকে ওইরূপ মাতৃত্যাহ্বান বলিয়া উপলব্ধি করিও; নিকটে মাতৃত্যাহ্বার স্কৃতৃ আশ্বাস প্রাণের সে বেদনকে যাহাতে গভীরতর করিয়া তুলে, সে দিকে দৃষ্টি রাখিও।

যাহা হউক, এইরপে গুরুদন্ত প্রক্রিয়া ও সাধারণ কর্মসকল, এই উভয় সাহায্যে বা যে কোনটার সাহায্যে ক্রমশঃ এইরপে শুনিতে শুনিতে অগ্রসর হইয়া, সময়ে এমন এক মহা অবসর আসিবে, যখন তোমার বৃদ্ধি মোহকলিলের বাহিরে গিয়া উপস্থিত হইবে, বৃদ্ধির কর্মনার সাহায্যে এই ভাবে ছুটিতে ছুটিতে একদিন যখন তৃমি সমস্ত মোহজঞ্চাল অতিক্রম করিবে, তখন সম্পূর্ণ ভাবে তৃমি এই আহ্বান চেতনক্ষ্ট বলিয়া বৃঝিয়া কৃতার্থ হইবে; এ নাদকে যথার্থই মাতৃ-আহ্বান বলিয়া উপলব্ধি করিয়া পরিতৃপ্তি লাভ করিবে। শুধু এ আহ্বান নহে—শাগ্রা-দিতে যাহা শুনিয়াছ, এবং যাহা জীবমাত্রের একাস্ত শ্রোতব্য, সেই সমস্ত তখন সীমাংসিত হইয়া যাইবে; যাহা কল্পনার সাহায্যে মীমাংসা করিতে কত প্রশ্নাস

পাইয়াও সমাক্ হৃদয়ঙ্গম করিতে পার নাই, যাহার মূল মীমাং সা করিতে অসংখ্য অসংখ্য জীবন ব্যয়িত করিয়াছ—দেই মহাতত্ত্ব—দেই মহাসত্য জানিয়া—দেখিয়া উপলব্ধি করিয়া প্রাণের বেদন দূর হইবে। শব্দ শব্দমাত্র নহে, উহা চিতিশক্তির ঈশ্বরী বা অক্ষরা মৃর্ত্তির ক্ষৃতি বা ক্ষরণ—উহাই মায়ের স্প্টিশ্তিতিলয়াত্মক হৃদয়প্রকাশ বা আদান-প্রদানময় লীলাবিলাস—উহা স্বাধীন স্ব-স্বেদন—বেদ। বেদ লইয়া ছুটিতে আরম্ভ করিয়াছ—বেদনের বলে ছুটিয়াছ—দে বেদন পূর্বভাবে পাইবে। পূর্বত্ব পাওয়া ও নির্বেদ হওয়া একই কথা। তোমার পুত্র হারাইয়া গেলে তোমার স্নেহের যেমন চাঞ্চল্য উপাস্থত হয়, আবার সেই পুত্রের পুনঃ প্রাপ্তিতে সে ক্ষেহ-চাঞ্চল্য যেমন দূর হইয়া যায়, কিন্তু চাঞ্চল্য দূর হইলেও প্রাপ্তির পর যে ক্ষেহ থাকে না, এমন নহে, তবে তখন উহা যেমন বেদনপ্রদ থাকে না, ইহা তক্রেপ সম্পূর্ণ পরিতৃপ্তি—বেদনহীন।

চড়াতেই বাণ ডাকে, এ বেদনও তদ্ধপ বুঝিবে; গভীর জল প্রশাস্ত, এ নির্বেদও তদ্ধপ।

আইতিবিপ্রতিপন্না তে যদা স্থাস্যতি নিশ্চলা।
সমাধাবচলা বুদ্ধিস্তদা যোগমবাপ্স্যদি॥ ৫৩

শ্রুতিবিপ্রতিপন্নাতে বৃদ্ধিং যদা সমাধৌ নিশ্চলা অনাকৃষ্টা অচলা স্বান্ততি, তদা যোগম্ অবান্দাসি।

শ্রুতিবিপ্রতিপন্ন। শ্রুতিভিন্নোলৌকিকবৈদিকার্থশ্রবণৈর্বিপন্ন। ইতঃপূর্ব্বং বিক্ষিপ্তা সতী তব বৃদ্ধিঃ যদা সমাধৌ স্থাস্যতি, তদা যোগমবাপ্সুসি।

ব্যবহারিক অর্থ।—যখন বেদন বা প্রণব দারা বিশেষরূপে প্রতিপন্ন ভোমার বুদ্ধি ভগবানের অক্সত্র অনার্গ্ট হইয়া অচল ভাবে অবস্থান করিবে, তখন তুমি যোগ প্রাপ্ত হইবে। অথবা শাস্ত্রার্থসকল নানা প্রকারে শুনিয়া শুনিয়া খোমার যে বুদ্ধি এত দিন বিক্ষিপ্ত ছিল, পূর্ব্বোক্ত প্রকারে ভগবানে নিশ্চল ভাবে অবস্থান করিতে যখন সক্ষম হইবে, উহার তখন যোগপ্রাপ্তি ঘটিবে।

যৌগিক অর্থ।—অভ্যাদের দ্বারা মাতৃ-আহ্বান শুনিতে পাইবে সতা, কিন্তু একবার শুনিলেই তাহাতে যে অবস্থান করিতে সমর্থ হইবে, এমন নহে। প্রথমতঃ বছ িলম্বে বিলম্বে একবার একবার হয় ত শুনিতে পাইবে, কিন্তু ওংক্ষণাৎ ইন্দ্রি-য়াদি পথে আকৃষ্ট হইয়া নামিয়া পড়িতে হইবে, সে ধ্বনি হারাইয়া ফেলিবে। মুহুর্তমাত্রও হয় ত সে অবস্থায় অবস্থান করিতে সমর্থ হইবে না। বিজ্ঞানী-

রেখার স্থায় সে শব্দ-তরঙ্গ শুনিতে না শুনিতে মিলাইয়া যাইবে। কিন্তু অন্যাস যত ঘন হইতে থাকিবৈ, তত এ শব্দ শীঘ্র শীঘ্র তুমি পাইবে, এবং তত উহা স্থায়িত্বও লাভ করিবে। ক্রমশঃ হুই মিনিট চারি মিনিট কাল তুমি আত্মহারা হুইয়া, সেই ধ্বনির ঝল্কারে মগ্ন হইয়া থাকিতে সমর্থ হুইবে, কিন্তু তার পরই যেন চমক ভাঙ্গিয়া গেল, যেন কোন স্থপরাজ্যে গিয়াছিলাম, যেন সহসা অনা কোন ব্রহ্মাণ্ড হুইতে নামিয়া পড়িলাম, এইরূপু ভাব তোমার জন্মিবে। বার বার এই-রূপে ওই ধ্বনিতে অভ্যন্ত হুইবার পর যখন আর তুমি নামিয়া পড়িবে না, যখন ইন্দ্রিয়াদির পথে আকৃষ্ট হুইয়া তোমার বৃদ্ধি বিচ্যুত হুইবে না, তুখন সেই অচল অবস্থায় তুমি যোগ প্রাপ্ত হুইবে।

এত দিন তুমি যে যুক্ত হইতেছিলে, উহা বৃদ্ধির দারা, উহা ঠিক যুক্ত হওয়া নহে, উহা যুক্ত হওয়ার নকল মাত্র, শিক্ষালাভ মাত্র—যথার্থ যোগ এইবার হইবে। এত দিন বিদ্ধির দারা যুক্ত হইতেছিলে, এইবার আগার দারা যুক্ত হইবে। ইহাই যথার্থ যোগ—ইহাই মনুষ্য-জাবনের সার্থকতা। এ যোগ তুই প্রকারে হইতে পারে,—এক আত্মাতে ; অন্য বৃত্তিতে ; অথবা অন্তরে ও বাহিরে। বস্তু হ: অন্তর ও বাহির বলিয়া ভিন্ন ভিন্ন কিছু পরমার্থতঃ নাই : বিশেষতঃ সে সময়ে থাকে না। কিন্তু তবু আমাদিগের সাধারণ কথায় আমরা বিভেদ পরিদর্শন করি। সেই জন্য বলিতেছি, তুই প্রকারে উহা উপলব্ধি হইয়া থাকে। গুরুনির্দিষ্ট কেবল কোন বিশেষ মন্ত্র বা নাদ্যুক্ত প্রক্রিয়া দ্বারা আকাশ প্রকাশ করিয়া, শুদ্ধ অস্মিবোধে বিরাজ করিয়া, পরে তাহা বিলান করিয়া সে হোগ প্রাপ্ত হওয়া সাক্ষাংভাবে অন্তরেই বা আত্মাতেই ঘটিয়া থাকে। এবং শুরুনিদ্দিষ্ট বা নিজ প্ররোচনাজনিত বুদ্ধির দ্বারা সর্ব্ব কর্ম্মের ভিতর দিয়া তাঁহাতে যুক্ত হইবার জন্ম যে যত্ন করে, সে দ্বৈতবোধে তাঁহাকে দেখিতে দেখিতে সারূপ্য-বোধ লাভ করিয়া বাহিরেও যুক্ত হয়। বাহিরে বৃত্তিতে ইন্সিয়ের উপলব্ধি-यোগ্য হইয়া ইন্টদেবতা আবিভূতি হয়েন। তখন জীবন সার্থক হয়, যেমন সার্থক ধ্রুব প্রহলাদ হইয়াছিল, তেমনই স্বার্থকতাতে প্রাণ ভরিয়া যায়—দেহের প্রত্যেক পরমাণু যেন তখন চৈতম্মময় দেবতা হইয়া আমার প্রাণকে আলিঙ্গন করিতে থাকে, কোন চিম্ময়ে যুক্ত হইয়া তাঁহার সহিত আলিঙ্গনে বদ্ধ হওয়া যে কি, ভাহা একমাত্র তখনই উপলব্ধি হয়। আমাদিণের জাগতিক व्यामिकत्न (परहत्र तात्थान थारक : म व्यामिकतन এ वात्थान चूहिया यात्र।

বাকোর দারা বা লেখনী দারা সন্মোগ বর্ণনা করা অসম্ভব। তার পর সে অমূল্য যোগের বিচাতি ঘটিলেও, প্রজ্ঞা তাহাতে অবস্থান করে। এত দিন প্রাপ্তির পূর্বের চেষ্টা করিয়া যেমন বৃদ্ধি দারা কর্মে কর্মে যুক্ত হইতে হয়, এখন আর চেষ্টা করিয়া তেমন বৃদ্ধিযুক্ত হইতে হয় না। বৃদ্ধি অপেক্ষা নিশ্চয়াত্মিকা যে প্রজ্ঞা, ত ভার দারা সে মগপুরুষ সভত সে অঙ্কে যুক্ত থাকে। এই যে বাহিরে যোগস্থ হওয়ার কথা বলিলাম, ইহাকে সম্প্রজ্ঞাত অবস্থা এবং আত্মাতে বলিয়া যাহা বলিলাম, তাহা অসম্প্রজ্ঞাত নামে যোগশান্তে কথিত।

ভোগের পর যে পরিভৃত্তি, নিশ্চয়াত্মিকা প্রজ্ঞা সেই। সম্যক্রপে সন্তোগের পর ভৃত্তির যে স্লিগ্ধ ভাব প্রাণে জাগে, ইহা সেই ভাব। জগতের ভোগে সে পরি-মাণে তৃত্তি পাওয়া যায় নাণ, কেন না, এই সকল সামাবদ্ধ ভোগে, সীমাবদ্ধ তৃত্তি-মাত্র প্রদান করে; তাই কালক্রমে মুহুর্ত্তে উহা ক্লয় হইয়া যায়; অস'মের ভোগে অসীম পরিতৃত্তি, তাই উহার ক্লয় নাই। জগতের ভোগ উপভোগ মাত্র—ইহা সন্তোগ। পূর্বের যে উপাসনা, উহা উপ-আসন মাত্র, ইহা যথার্থ আসন। এই আসনে প্রতিষ্ঠিত ইলে, তবে যথার্থ জীব প্রতিষ্ঠাবান্ বলিয়া অভিহিত হইবার যোগ্য হয়।

আমি পূর্বের যে ভোগের কথা বলিয়াছি, তাহা এই ভোগ। জগতের যে কিছু পদার্থের মধ্যে আমরা ভোগ্য বলিয়া যাহা পাই, তাহা সেই পদার্থের নিজস্ব ভাবিয়া আমরা ভৎপদার্থ সঞ্চয়ে যতুবান্ হই; কিন্তু বস্তুতঃ সেটুকু কিন্তের, সেটুকুর যথার্থ অধিকারী কে, তাহা আমরা অন্থেষণ করিয়া দেখি না। একটি কল্পর ফুল দেখিলে সে সৌল্পর্যাটুকুকে আমরা ফুলেরই সৌল্পর্যা বলিয়া বৃঝি; কিন্তু যখন ভোমার ক্রীড়াচপলা বালিকা কণ্যাটি, মুক্ত কুন্তুলরাশি নাচাইকে ন'চাইতে ভোমার নিকট খেলা ছাড়িয়া দৌড়াইয়া আসে, হয় ত তার সেই গতিটুক্ ভোম'র চক্ষে সহস্র জগতের সৌল্পর্যা আনিয়া মাখাইয়া দেয়, তুমি বালিকাকে ক্রোড়ে কর। বল দেখি—ক্রোড়ে করিলে কাহাকে, সেই গতিকে, না ভোমার বালিকা কন্সাকে? ভোমার কন্সার প্রভাকে হাব ভাবটি, হুন্তের উল্পম-চাঞ্চলাটুকু তোমার প্রাণে মনোমোহিনী ছবি ফ্টাইয়া দেয়, তুমি প্রত্যেক বার কন্সাকে বুকে ধর; বল দেখি, তুমি বার বার কাহাকে বুকে ধরিতেছ ? কন্সাকে, না কন্সার সেই প্রকৃতিকে ? বালিকার প্রত্যেক লীলাভঙ্গি বালিকাকেই ভোমার হলয়ে মধ্ময় করিয়া ভোলে। বালিকার দেহটুকু বালিকাকেই

ভেমার পক্ষে মধ্যা হয় না; তাহা হইলে মৃতদেহ কেহ ফেলিয়া দিত না। তদ্ধপ জগতের প্রত্যেক ভোগ্য পদার্থ — রূপ, রস, গন্ধ, শন্দ, স্পর্শ কার্যান্তঃ জগজ্জননীকেই ভোমার জনয়ে মধুময় করিয়া দিত, যদি তৃমি ভোমার কন্সার মত ভাহাকে ভালবাসিতে। ফুলের সৌন্দর্যাটুকু বস্তুতঃ ফুলের নহে, আমার সেই কন্সা যোগেশ্বরীর; গগনের নীল-কান্তি বস্তুতঃ গগনের নহে, আমার সেই শ্যামাঙ্গিনীর; সাগরের শ্যামকান্তি বস্তুতঃ সাগরের নহে আমার সেই শ্যামাঙ্গিনীর; সাগরের শ্যামকান্তি বস্তুতঃ সাগরের নহে আমার সেই শ্যামাঙ্গিনীর; বাজার চক্ষে প্রতিফলিত হইত, যদি তৃমি ফুলটা ফলটী, মুজাটী প ইবার ধান্ধায় ব্যতিব্যস্ত না হইয়া, যথার্থ অধিকারীকে বুকে ধরিতে সচেষ্ট হইতে।

আমি পূর্ব্বে বলিয়াছি, আমরা ভোগ করি না, সঞ্চর্টীয়র জন্য ব্যতিশৃস্ত থাকি।
বস্তুত: ভোগ করিব কি, ভোগ্য পদার্থ ত পাঠ না, রসনা মাত্র লোভে সিক্ত
করিয়া মরি। আমরা শব্দ,স্পর্শ, রূপ, রুস, গন্ধকে বিষয়-সকলের নিজ্প ভাবি,
বিষয়-সকলকেই উহার যথার্থ অধিকারী ভাবে এবং তাহাই গ্রহণ করিতে, সঞ্চয়
করিতে ব্যতিবাস্ত হইয়া পড়ি। কেন না, ওই সমস্ত বিষয় স্বচ্ছন্দে অন্তে আমায়
বঞ্চিত করিয়া অধিকার করিতে পারে। পদার্থকেই অধিকারী ভাবি, পদার্থের
পশ্চাতেই ধাবিত হই।

কিন্তু আমরা বুঝি না, উহাতে মাতৃ-অধিষ্ঠানবশতই উহা আমার চিত্ত আকর্ষণে সমর্থ। আমার দেহে আত্মা অবস্থান করিয়া, তবে যেমন আমাকে জগতের অক্সাক্ত মন্থয়ের সহিত সম্বন্ধবন্ধ করিয়ে। রাখে, তক্ষপ বিষয়-সকলে মা আমার অধিষ্টিতা থাকিয়াই আমাদিগকে মুগ্ধ করিতেছেন ও আমাদিগকে আপ-নার দিকে আকৃষ্ট করিতেছেন। মোট কথা, আমি স্বচ্ছনেদ ভোগ করিব, কিন্তু ভোগকে পদার্থ-জ্ঞাত ভোগ বলিয়া ভোগ করিব না, মাতৃ-অঙ্গসম্বন্ধ ভোগ বলিয়া ভোগ করিব। পদার্থ-জাত ভোগকে পদার্থ-জাত বলিয়া জ্ঞানিয়া যে ভোগ, তাহাই শাস্ত্রে নিবারিত, মাতৃ-অঙ্গধর্ম বলিয়া যে ভোগ, তাহাই মায়ের উদ্দেশ্য।

বাল্যে গল্প শুনিতাম, কোন রাজকল্মা হাসিলে মুক্তা ঝরিত। কোন রাজপুর সে কল্মাকে বিবাহ করিতে চাহিলে, সে তাহাকে বলিত,—ভোমার যত ইচ্ছা,তুমি মুক্তা লইয়া গৃহে যাও, আমায় পাইবে না। কিন্তু রাজপুর তাহাতে স্বীকৃত হইত না; বালিকা তত হাসিত, তত মুক্তা ঝরিত—রাজপুর তত সে মুক্তারাশি সরাইয়া, সেই বালিকাকে পাইবার জন্ম অধীর হইত। তদ্রপ মা ভালবাসা প্রকাশ করিতে গিয়া, ভালবাসিয়া আমাদিগকে হৃদয়ে পোষণ করিতে গিয়া ভোগরূপ মিদ্মুক্তা ছড়াইয়া পড়িয়াছে; উহাদিগের কার্য্যই মায়ের দিকে আকৃষ্ট করে; মায়েতেই যত তুমি ওই সকল উপলব্ধি করিবে, ততই মা প্রিয় অপেক্ষা প্রিয়তর হইয়া তোমার প্রাণকে আকুল করিবেন, ততই মাকে পাইবার জন্ম তোমার প্রাণ অধীর হইবে; তুমি মুকা কুড়াইতে ব্যস্ত থাকিবে না; তুমি মাড়ক্রোড়ের জন্য লালায়িত হইবে।

শুন, মা আমাদিগকে মুগ্ধ করিতেছেন ও করিবেন; যত আমরা মা মা করিয়া ছুটিতে ছুটিতে ভাঁচার নিকটস্থ হইব, তত হাস্তোলাসময়ী হাসিয়া একটু পিছাইবার ভাণ করিবেন, তত সিদ্ধি আদি মণিমুক্তা চারি ধারে ঝরিয়া পড়িবে; তত মুগ্ধ হইব, তত অগ্রসর হইব, তত মাতৃঅঙ্গ আন্দোলিত হইবে। মা মা করিয়া আনন্দে বক্ষঃ স্ফীত হইতে থাকিবে; আনন্দতেজঃপূর্ণ গর্জ্জন করিয়া তত মাতৃমুখে ছুটিব। ইন্দ্রিয়সকল, হান্দ্রয়াধিছাত্রী দেবতাবর্গ সম্রমে সন্তাসে বিশ্বয়ে মাতাপুত্রের এ ক্রাড়া পরিদর্শন করিয়া স্তব্ধ থাকিবে। যত দিন না যোগ প্রাপ্ত হওয়া যায়, তত দিন এ মাতাপুত্রের ক্রীড়া, আনন্দময়ীর এ আনন্দোলাস কে বিবিবে পুপুত্র যত মাকে ধরিতে চায়, মা তত মুগ্ধা হন, মা আমার তত মোহাছেলা হন, মা আমার তত আনন্দ সস্তোগ করেন। শিশু পুত্রকে লইয়া মা যেমন ক্রীড়া করেন—এ তক্ষপ। মা হাত বাড়াইয়া দাঁড়াইয়া, পুত্র মায়ের মুখ চাহিয়া ছুটিতেছে; যত নিকটস্থ হয়, মা একটু হাত কৃঞ্চিত করেন, বালকের প্রোণে তত আবেগ বন্ধিত হয়, তত সে বেগে অগ্রসর হইতে প্রয়স পায়। বৃদ্ধিযোগ হইতে যোগে পোঁছান এই ভাব। এ ভাব চণ্ডীতে আরও বিশদভাবে প্রকটিত। মা পুত্রকে বলিতেছেন,—

"গৰ্জ্জ গৰ্জ্জ ক্ষণং মৃঢ় মধু যাবৎ পিবাম্যহং। ময়া ত্বয়ি হতেত্তিব গৰ্জ্জিগুস্ত্যাশু দেবতাঃ॥"

ডাক, মুগ্ধ শিশু। আরও ক্ষণকাল ডাক, আরও ক্ষণকাল অপেক্ষা কর; তোম'য় যে ক্রোড় দিতেছি না, তোমায় যে ধরিতেছি না, ইহা আমার মধুপান। আ ম তোমার এ কূর্দ্দিনে মোহাচ্ছনা হইতেছি, আনন্দের মদিরায় আমি মতা হইতেছি। আনন্দের তেজে তুমি গর্জন কর, আরও ক্ষণকাল গর্জন কর, মাতৃত্বেহমুগ্ধ মাতৃত্কোড়-অধিকার-লাভবাগ্র বংসটি আমার! এখনই তোমায় ক্রোড়ে লইব, এখনই তোমার তৃমিত্ব হত্যা করিব, এখনই তোমায় ক্রেয়াড়ে ধরিয়া আমাতে আত্মহারা করিয়া ফেলিব; সেই অপূর্ব আনন্দমিলনের শুভ মুহুর্তে তোমার ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবতাবর্গ এ অপূর্বে আনন্দে বক্ষঃ ফীত করিয়া প্রাবি গর্জনে দিগস্ত মুখরিত করিয়া উঠিবে!

শুন—আমরা যতক্ষণ মাকে না পাই, যতক্ষণ আমরা মাতৃ-আঙ্কে গিয়া ঝাঁপাইয়া পড়িতে না পারি, ততক্ষণ চল—কূর্দ্দনভরে ছটি। চল, মাকে মৃথ্য করি। উত্তাল আনন্দমধুপানে মা প্রমন্তা হইতেছেন—ক্ষেত্রের পর ক্ষেত্র মা পিছাইতেছেন—মহ, জন, তপঃ, সত্য আদি লোকের পর লোকসকল আমার চক্ষে উত্তালিত হইতেছে, চল মাকে ধরি। ইন্দ্রিয়-ধর্মে তুমি মগ্ন আছ—জানিও ইহা মায়ের আমার মধুপান। কুটিল বাসনায় ভোমার প্রাণ পূর্ণ বিলয়া হতাশ হইও না,—জানিও, মা আমার মধুপান করিতেছেন। মাকে ডাক—মা আরও মধুপান করিবেন। মায়ের মধুপান তখন পূর্ণমা কার হইবে, মা মুহ্মমান। হইয়া পড়িবেন, আর দ্বির থাকিতে পারিবেন না। খেলার মোহ আর ধরিয়া রাখিতে সমর্থ হইবে না। আপনার প্রাণের তাড়নায় আপনি অধীরা হইয়া ডোমার বক্ষঃ আক্রমণ করিবেন। তখন তুমি অচল হইবে—তদা যোগমবাপ্স্তাস—ভখন তুমি যুক্ত হইবে। এত দিন বৃদ্ধির দ্বারা যুক্ত হইতেছিলে, এইবার কায়মনঃপ্রাণে আজায় যুক্ত হইবে।

যাহা হউক, নানা প্রকার শান্তার্থ, নানা মত, নানা পাছা শুনিয়া শুনিয়া চিত্ত এত দিন বিক্ষিপ্ত হইয়া ইতন্ততঃ ছুট ছুট করিতেছিল, সেই চিত্ত যখন এইরূপে বৃদ্ধিযোগের দারা নিশ্চল হইয়া যাইবে, তখন যে কোন পদ্বা, যে কোন মত, যে কোন যুক্তি তোমার স্মুখে উপস্থিত, তুমি তাহারই মধ্যে সত্য নিহিত দেখিতে পাইবে। তখন জানিবে, তুমি যোগ প্রাপ্ত হইয়াছ।

এই যে বুদ্ধির দারা যুক্ত হইবার কথা বলিতেছি, ইহা হইতে কি প্রকারে ভগবংলাভ হয় ? কোন্ আধ্যাত্মিক বিজ্ঞান অবলম্বন করিয়া আমাদিগের ইষ্টদেব সুক্ষাদিপি সুক্ষ বুদ্ধিমাত্রের দারা আকৃষ্ট হইয়া আমা-দিগের জীবন চরিতার্থ করিতে সমর্থ হন ? আমাদিগের দেহ পর পর পাচটী কোষের দারা গঠিত, ইহা পূর্বেব বলিয়াছি। এই পাঁচটী কোষের মধ্যে আনক্ষময় কোষ স্ব্বাপেক্ষা সুক্ষ। বিজ্ঞানময় কোষ—প্রজ্ঞা হইতে নিক্ষা-

ত্মিকা বৃত্তি বা বৃদ্ধি পর্যান্ত যাহার বৃত্তি, সেই কোষ আমাদিগের আনন্দময় কোষ ব্যতাত অস্থান্থ কোষ অপেক্ষা সূক্ষাতর। সুক্ষা জিনিষ স্ক্ষের সহিত অতি সহজে মিশাইয়া যায়। ধূলা ধূলার সহিত যেমন মিশে, জল জলের সহিত তদপেক্ষা আরও সহজে মিশিয়া যায়। বায়ুজলাপেক্ষাও ফুক্স বলিয়া মিশ্রিত আরও সহজে হয়। আমাদিগের বৃদ্ধিময় কোষ বা বৃদ্ধি সৃন্ধতানিবন্ধন ভগবানে যুক্ত হইতে মন অপেক্ষা সহজে সক্ষম হয়। মনে কর, তুমি বাহিরে একটী রক্ষে অথবা একটী প্রতিমায় ভগবদ্বৃদ্ধি আরোপ করিতেছ; তুমি বৃদ্ধির দ্বারা অহর্নিশ সেইটাকেই ভগবান্ বলিয়া ধারণা করিতেছ। অথবা অন্তরে তুমি ভোমার ইষ্টদেবতার মূর্ত্তি গঠিত করিয়া, হৃদয়ে তাহাকে ধারণ। করিবার জক্ত যদ্ধ করিতেছ। বুদ্ধির দারা এই প্রকারে যত্ন যখন তোমার ঘনীভূত ইংবে, তখন তোমার সে কল্পনা মনোময় কোষে প্রতিফলিত হইবে; তোমার মনোময় কোষ, বুদ্ধি বা বিজ্ঞানময় কোষ অপেক্ষা ঘন বলিয়া, যত দিন না বুদ্ধিবৃত্তি খুব ঘনভাবে কার্য্য করে বা বুদ্ধিবৃত্তির চালনা খুব ঘনীভূত হয়, তত দিন চঞ্চল মনোময় কোষে প্রতিফলিত হইবার উপযুক্ত উহা হয় না। ধারণা যত স্থূল হইতে থাকে, তত তুমি তোমার অন্তরে সেই মূর্ত্তি স্থির ও সম্পূর্ণ স্থগঠিতভাবে ধারণ করিতে সমর্থ হও। অথবা বাহিরে তোমার ঐ যে বৃক্ষে বা মূর্ত্তিতে ঈশ্বরধারণা, উহার সাহায্যেও তুমি তোমার ইষ্টদেবতার মূর্ত্তি সম্যক্রপে প্রত্যক্ষ করিতে পার। এই শিলাময় মূর্ত্তি আমার দেবতা, বুদ্ধির দ্বারা এইরূপ ভাবিতে ভাবিতে তোমার অন্তরেই উনি অবস্থিত, এইরূপ তোমার কল্পনায় আসিবে। অর্থাৎ কার্য্যতঃ তথন তুমি মনোময় কোষের দারা যুক্ত হইয়াছ বুঝিতে হইবে। কিস্তু অস্তরের ঐ মনোময় মৃত্তিতে তথন তুমি সজাব ভাব উপলব্ধি করিতে পারিবে মনে মূর্ত্তি স্থুগঠিতভাবে দেখিতে পাইবে সতা, কিন্তু যেন উহা নিজ্জীব, যেন উহা পাষাণে নির্মিত, যেন উহাতে প্রাণশক্তি নাই, যেন মাটির প্রতিমা। বাহিরের মত ওই মূর্ত্তিতে নিজ্জীব প্রাণহীন ভাবমাত্রই উপলব্ধি হইবে। কিন্তু দৃঢ় অধ্যবসায়ের ধারা ক্রমশঃ যখন ভোমার ঐ চিস্তা আরও ধনীভূত হইবে, তখন আরও তোমার কল্পনা স্থূলত প্রাপ্ত হইবে। তখন মনে হইবে, ভোমার ঐ অস্তরের ভগবন্মূর্ত্তি যেন তুমিই অর্থাৎ কার্য্যতঃ তথন তোমার সেই মনোময় মূর্ত্তি তুমিময় হইয়া উঠিয়াছে বা তুমি তৎসারপ্যবোধে যুক্ত হইয়াছ। স্ক্র বুদ্ধিময় কোষ ২ইতে যুক্ত হইতে আরম্ভ করিয়া স্থুলভর প্রাণময় কোষের

দ্বারা ভগবদ্যোগ লাভ করিয়াছ। আমরা সময়ে সময়ে আবেশ, ভাবসমাধি প্রভৃতির কথা যাহা শুনিতে পাই, তাহা এই অবস্থার ঘটনাবিশেষ মাত্র।

যাহা হউক, তার পর তোমার ঐ যোগ আরও প্রগাঢ় হইলে, স্ক্ষুত্ম বৃদ্ধিময় কল্পনা আরও স্থুলহ লাভ করিলে, তখন কখন কখন তৃমি দেখিবে, ভোমার অন্তরের বা বাহিরের সেই দেবতী স্থূলরপে তোমার সম্মুখে বিরাজিত। তোমার অন্তরের সেই মৃর্তিকে আর ভাবমাত্র বলিয়া একেবারেই মনে হইবে না। তৃমি উহাকে তোমার মত স্থুল শরীরধারী, সঙ্গীব, সর্বেক্সিয়সমন্বিত মৃর্তিতে সম্বোগ করিয়া কৃতার্থ হইবে। অর্থাৎ কার্যাতঃ তখন তৃমি অন্তময় কোষের দ্বারা তাঁহাতে সংযুক্ত হইবে। ইহারই নাম বাহ্যে যোগ প্রাপ্তি। বৃদ্ধির দ্বারা এইরূপে যুক্ত হইতে আরম্ভ হইয়া, অবশেষে সৃক্ষ্যতম কোষ অবধি তৃমি ত হাতে যুক্ত করিতে সমর্থ হইয়া কৃতার্থতা লাভ করিবে। ভাবুক সাধকদিগের এইরূপ দেবতাদর্শন প্রায়ই হয়। কিন্ত উহা সর্বেচ্চ লাভ মনে করিও না।

বুদ্ধির দারা বা বিজ্ঞানময় কোষের দারা যথন যুক্ত হইতে আরম্ভ করিয়াছিলে. তখন তোমার চিত্ত বিক্ষিপ্তভাবে থাকায় মূর্তি বা ভগবন্তাৰ খণ্ড, বিক্ষিপ্তভাবে উদয় হইত। ভাব স্থূলতর হইয়া যখন মনের দারা তাঁহাতে যুক্ত হইলে, তখন আর সে ভাব খণ্ডিত হইত না, সম্পূর্ণভাবে মনে বিরাজ করিত। আরও ক্সল হইয়া যথন প্রাণময় কোষে যুক্ত হইলে, তখন সে ভাব বা মূর্ত্তি প্রাণময় হইয়া উটিল, অন্নময় কোষে যখন যুক্ত হইলে, তখন উহা স্থুল ইন্দ্রিয়ময় হইয়া তোমার ভোগে আসিল। অথবা যতক্ষণ তুমি তোমার দেবতার মূর্ত্তি বা ভাব কোন পদার্থের উপর বা ভোমার হৃদয়ের অভ্যন্তরে সর্বাঙ্গীনভাবে ফুটাইয়া তুলিতে না পার, তত দিন জানিবে, তুমি মনোময় কোষের দ্বারা যুক্ত হইতে পার নাই। যত দিন তোমার হৃদয়ে দৈ মূর্ত্তি সর্ব্বাঙ্গীন গঠিত হইলেও নির্ম্পীব পাষাণ-গঠিতের মত অবস্থান করে, তত দিন জানিবে, তুমি মনোময় কোথের দারা যুক্ত হইলেও প্রাণময় কোষের দ্বারা যুক্ত হইতে পার নাই। যত দিন না সেই দেবতা স্থুল সঙ্গীব ভাবে ভোমার সহিত ভাবের আদান প্রদান করেন, তোমার স্থল ইব্রিয়ের দ্বারা যত দিন তাঁহাকে ভোগ করিতে সমর্থ না হও, তত দিন জানিবে—তোমার অন্নময় কোষ যুক্ত হয় নাই বা তোমার সম্যক্ সম্প্রজাত যোগপ্রাপ্তি ঘটে নাই। অসম্প্রভাত যোগের কথা পরে বলিব।

ি স্থিতপ্ৰজ্ঞস্য কা ভাষা সমাধিস্থস্য কেশব। স্থিতধী: কিং প্ৰভাষেত কিমাসীত ব্ৰন্ধেত কিম্॥ ৫৪

বিতপ্রজন্ত (প্রতিষ্ঠিতোহহনিম ক্রন্সেতি প্রজা যন্ত, স বিতপ্রজ্ঞ: তন্ত্র)
বাভাবিকে সমাধৌ বিতস্য কা ভাষা, লাষাতে অনয়েতি ভাষা লক্ষণং। কেশব!
বিতধী: স্বয়ং বা কিং প্রভাষেত কিমাসীত ব্রজেত কিং,কথং ভাষামাসনং ব্রজনঞ্চ কুর্য্যাদিত্যর্থ:।

বাবহারিক অর্থ।—অর্জ্জুন কহিলেন, কেশব! সমাধিস্থ স্থিতপ্রজ পুরুষের লক্ষণ কি ? তাঁহার বাক্য, উপবেশন, গমন আদি কি প্রকার ?

যৌগিক ব্যাখ্যা।—অৰ্জ্জুন প্ৰশ্নকৰ্ত্তা। পাৰ্থ সৰ্ব্বদা জগতে মঙ্গলামুষ্ঠান করিতেন বলিয়া তাঁহার নাম অর্জুন। আমাদিগের সর্বতোভাবে মঙ্গলাকাজ্ফী প্রাণশক্তিধরপ অর্জুন অংনিশ মঙ্গলমূথে ধাবিত এবং মঙ্গলামুগানই তাঁহার ধর্ম। মঙ্গলময়ী মায়ের আমার মঙ্গলদৃতস্বরূপ এই প্রাণশক্তি কল্যাণের পথে চির অগ্রসর। যেখানে মঙ্গলের অভিব্যক্তি, যেখানে মঙ্গল প্রতিফলিত, যেখানে মঙ্গল প্রতিষ্ঠিত, প্রাণশক্তি সেইখানেই বিমুগ্ধ হয়; উদার, সরল আনন্দে সেই-খানেই বিভোর হইয়া পড়ে। মঙ্গলক্ষেত্রের সন্ধান পাইলে যেন তাহার প্রত্যেক পরমাণুর ভিতর অনুপ্রবিষ্ট হইবার জন্ম আসক্ত হয়। সেই জন্ম আমাদিগের মঙ্গলময় প্রাণ স্থিতপ্রজ্ঞ পুরুষের কথা শুনিয়া, বিমুগ্ধ হইয়া,উদার সরল বালকের মত হইয়া পড়ে এবং সেই জন্ম অৰ্জুন জিজ্ঞাসা করিতেছেন,—"তিনি কি রকম কথা কহেন, কেমন করিয়া চলেন, কেমন করিয়া উপবেশন করেন ?" প্রশ্নটিতে সরল শৈশব ভাব পূর্ণভাবে প্রকটিত। মহামঙ্গলে যে পুরুষ স্বাভাবিক ভাবে যুক্ত, সেই স্থিতপ্রজ্ঞ ব্যক্তির নাম শুনিয়া অর্জুন যেন বিগলিত হইয়া পড়িয়া-ছেন। তাঁহার নিজের নাকি উহাই আদর্শ, উহাই লক্ষ্য, ঐ অবস্থাকেই নিজম্ব করিবার জন্ম তিনি সর্ব্বদ। নাকি উন্মুখী, সেই জন্ম স্থিতপ্রত্ত শব্দটি অর্জ্জনের প্রাণকে মধুময় করিয়া তুলিয়াছে। বস্তুতই সাধকের প্রাণ নিত্য-মঙ্গলের সান্নিধোর কথা শুনিলে বিমুগ্ধ সরল বালকটীর মত হইয়া পড়ে,অজুনির এই প্রশ্নে সেই জন্ম শৈশব ভাব। কিন্তু বাহ্যত: প্রশ্নটী সামাত্ত সরল ভাবের অভিব্যঞ্জক হইলেও উহা তীক্ষ দর্শনের পরিচায়ক। সভাবাদী মহাপুরুষের মুখ হইতে নির্গত বাক্য-মাএই যেমন সত্য হয়, অসম্ভব হইলেও সত্য হইয়া পড়ে, অৰ্জুনের মৃত্ সাধকের মুখনির্গত এ প্রশ্নটিও সরল হইলেও গভীর ভাব. যুক্তি ও বিজ্ঞান-সম্মত । বিত-প্রজ্ঞ পুরুষ কি প্রকার কথা কহেন, কেমন করিয়া চলেন, কেমন করিয়া উপ-বেশন করেন, এ প্রশ্নগুলি শুনিতে অতি সামাপ্ত হইলেও আনরা তুইটা প্রধান লক্ষণ ইহাতে সন্নিবিষ্ট দেখিতে পাই। একটা উক্ত স্থিতপ্রজ্ঞ অবস্থার উপর প্রাণের একান্ত অনুরাগ এবং দিশায়—দেই অনুবাগ শতঃ প্রশ্নটা বাহ্যতঃ সরল সামান্তবৎ প্রতীয়মান হইলেও উহার দ্বারা উক্ত অবস্থার নিগৃত্ মন্মান্ত্রসন্ধান । প্রবল অনুরাগতুকুই এ প্রশ্নের মুখ্য উদ্দাপক কারণ। অনুরাগবলেই এ প্রশ্ন অর্জুনমুধ হইতে নির্গত, কিন্তু তত্রাচ তাহার মত মহামঙ্গলময় পুরুষের প্রশ্ন বলিয়া উহা গভীর অর্থযুক্ত হইয়া পড়িয়াছে। যেগানে প্রাণ জিল্ডান্ড, আত্মা নীমাংসক—দেখানে এ অপূর্ব্ব ভাবই সন্নিবিন্ট হইয়া থাকে।

প্রাণ বা মঙ্গলময় পুক্ষ অর্জুন প্রশাক্তা, আবার সয়ং কেশব ইহার উত্তরকর্ত্তা। প্রাণের এ প্রশ্ন অপাত্রের নিকট উত্থাপিত হয় নাই, কেশবকে জিজ্ঞাসা কৰা হইতেছে। কেশৰ বলিয়া ভগৰানুকে সম্বোধন অৰ্জুন করিলেন কেন ? অর্জ্জনের মুখ দিয়া এ স্থলে ভগবানের কেশব নাম কেন উচ্চারিত হইল
স্কারণবারিতে শয়ন করিয়া থাকেন বলিয়া মারের আমার একটী নাম কেশব। মহাপ্রলয়ে সমস্ত যথন কারণ-বারিতে লীন গ্রহা যায়, যখন ব্রহ্মাণ্ড বলিয়া আর কিছু সুল থাকে না তখন সেই কারণ সমুদ্রে নিশ্চয়াত্মক ভাবরূপ বটপত্রে যিনি মাতৃক্রোড়ে শিশুবং অবস্থিত থাকেন, সেই মহাশিশু অবস্থার নাম কেশব। সমস্ত কারণের একমাত্র যিনি জ্ঞাতা, প্রশ্নের সমাক্ মীমাংসা করিতে তিনিই পারদর্শী। সেই জ্ঞা অর্জুনের মুখ দিয়া কেশব নাম উচ্চারিত হইল। মায়ের নিকট যখন আমাদের যেরপ প্রয়োজন, সেইরূপ ভাবে. সেইরূপ নামে মাকে ডাকিলে, মা আমার সেই-রূপ গুণে গুণময়ী মৃত্তিতে অধির্ভূতা হইয়া প্রার্থীর প্রার্থনা পূর্ণ করেন, ইহা একটা সাধনা-রহস্ত। এ স্থলে আত্মস্তরূপ মহানু অবস্থার পর্য্যালোচনা করিতে হইবে বলিয়া, মহাকারণে প্রতিষ্ঠিতরূপে মাকে ভাবিয়া অর্জুন প্রশ্ন করিলেন। মায়ে নিত্য-প্রতিষ্ঠিত পুরুষের কথা ভাবিতে গেলেই এই সক্রিয় স্টি অবস্থার অতীত লয় অবস্থার কথা স্বতঃ প্রাণে আসিয়া পড়ে। কেন না, স্থিতপ্রজ্ঞ অবস্থা লয় ষ্মবস্থাকেই বিশেষ ভাবে লক্ষ্য করে। প্রজ্ঞায় প্রতিষ্ঠিত অবস্থা লয় অবস্থারই অহরপ। স্বতরাং জীব যখন মায়ে লীন হইয়া থাকে, মায়ে যখন বিভোর হইয়া

অবস্থান করে, যখন তাহার সমস্ত বৃত্তি, সমস্ত ভাব মায়ে মিলাইয়া যায়, যখন জীবের সমস্ত ভাব কারণ আকারে মিলাইয়া গিয়া, একমাত্র বিশ্বকারণ-সত্তা প্রতিষ্ঠিত থাকে, তখনকার লক্ষণ-সকল জানিতে হইলে সেইরপ গুণে গুণময়ী মাকে ভাবিতে হয়। অর্থাৎ প্রলয়াবস্থায় কেশবমূর্তিই এরপ প্রশের মীমাংসক। কেশব বলিয়া সম্বোধন করিবার ইহাই তাৎপধ্য।

কিন্তু পূর্বেব বলিয়াছি—অর্জুন সরলভাবে প্রশ্ন করিলেও তাঁহার মত মঙ্গলমুখী মহাপুরুষের প্রশ্ন অসত্য বা অপাত্রে আরোপ হইতে পারে না। মহাপুরুষ
মিথ্যা বলিলেও সত্য হইয়া দাঁড়ায়। তদ্রুপ অর্জুনের ভাবাবেশের এ মহাপ্রশ্ন
শৈশবোচিত হইলেও, উহা গভীর তলদৃষ্টিসম্পন্ন যথোপযুক্ত ভাবে উত্থাপিত
হইয়াছে।

প্রশ্নী কিরূপে মহাপ্রশ্ন হইয়াছে, এইবার তাহা বলি। প্রশ্নটীতে তুইটা ভাগ আছে—হুই ভাগে ইহা বিভক্ত। ''স্থিতপ্ৰজ্ঞস্ত কা ভাষা<mark>" এইটুকু</mark> এক অংশ, এবং "স্থিতধীঃ কিং প্রভাষেত কিমাসীত ব্রজেত কিম্" এইটুকু দ্বিতীয় অংশ। স্থিতপ্রজ্ঞ ব্যক্তির সাধারণ লক্ষণ কি ? এইটু**কু প্রথম অংশ** এবং তিনি কি রকম কথা কংহন, কি প্রকার উপবেশন বা অবস্থান করেন, কি প্রকারে গমন করেন. ইহাই দ্বিতীয় অংশ। কোন মন্ত্র স্মরণকালে যেমন মন্ত্রার্থ ও তাহার চৈত্যুশক্তি অবগত না থাকিলে উহা সিদ্ধি প্রদান করিতে পারে না বা উক্ত মন্ত্র শ্মরণ করিতে করিতে যত দিন না মন্ত্রার্থ ও মন্ত্রহৈতকা জানিতে পারা যায়, তত দিন যেমন উহা সিদ্ধিপ্রদ হইতে পারে না, তদ্রপ স্থিতপ্রজ্ঞ শব্দটির বা অবস্থাটীর সাধারণ মর্ম্ম এবং উহার চৈত্তখশক্তি না জানিলে, উহার সম্যক্ উপলব্ধি হইতে পারে না। 🤏ধু মস্তের নহে, সমস্ত ভাষা ও বাক্যাদির ভিতর হইতে এইরূপে ভাব আমরা গ্রহণ করিয়া থাকি। সে কথা পরে বলিতেছি। মন্ত্রচৈতন্ত অর্থে মন্ত্র।ধিষ্ঠিত বা মন্ত্র-প্রতিপাছ দেবতা বা শক্তি। "স্থিত প্রজ্ঞের লক্ষণ কি ?" এই কথায় অর্জ্জন স্থিতপ্রজ্ঞের মর্মার্থ জিজ্ঞাসা করিতেছেন। "স্থিতধী কি প্রকারে কথা কহেন, কি প্রকারে অবস্থান করেন; কি প্রকারে গমন করেন," এই অংশে অর্জ্জন স্থিতপ্রজ্ঞের চৈতন্ত্র-শক্তি সম্বন্ধে প্রশ্ন করিয়াছেন, এই জন্ম ইহা একটা সমাক শাল্প, ভাব ও বিজ্ঞান-সম্বলিত মহাপ্রশ্ব—অতি স্থন্দর, অতি যুক্তিযুক্ত মহাবিজ্ঞের প্রশ্ন।

প্রথম অংশের বারা যে সাধারণ মন্মার্থ উল্লেখ করা হইয়াছে—ইহা সহজেই

জানা যায়—"স্থিতপ্রজ্বাপ" মন্ত্রটির অর্থই যে জিজ্ঞাসিত হটয়াছে, ইহা বেশ হৃদয়ঙ্গম হয়। স্থিতপ্রজ্বের ভাষা বা লক্ষণ কি ? ইহাই প্রথমাংশ। ভাষাতে অনয়েতি ভাষা—স্থতরাং অর্থই লক্ষ্য। অর্থ ও লক্ষণ একই কথা। স্থতরাং স্থিতপ্রজ্ব পুরুষের লক্ষণ কি জিজ্ঞাসা করায়, স্থিতপ্রজ্ঞ শব্দ বা মন্ত্রের অর্থই জিজ্ঞাসা করা হইয়াছে।

প্রত্যেক শক্তি তিন প্রকারে কার্য্য করিয়া থাকে বা প্রত্যেক শক্তি-বিকাশে তিন প্রকার পরিবর্ত্তন দেখিতে পাওয়। যায়,—সৃষ্টি, স্থিতি ও লয় : উৎপত্তি, অবস্থিতি ও বিলয় বা নাশ। শক্তিবিকাশের ক্রমপরম্পরা সর্বব্রই এই ভাবে দেখিতে পাওয়া যায়। স্থি, স্থিতি ও লয়, এই তিন প্রকার কর্মাবস্থাকে সাধারণতঃ যেন পরস্পর বিপরীতধর্মী বলিয়া মনে হইন্ডে পারে; কিন্তু বস্তুতঃ উহা ক্রমপরম্পরামাতা; উহা একই শক্তির মাতার বিভিন্নতা মাতা। লয়কে কার্যাতঃ বিপরীত ধর্ম বলিয়া মনে হইলেও বস্তুতঃ তাহা নহে ; লয় বা ধ্বংস বলিয়া যাহা আমরা বুঝি, উহা সজনের বা পরিবর্তনের পূর্বে অবস্থ। মাত্র। যাহা হউক, প্রত্যেক শক্তির বিকাশ এই তিন প্রকারে কার্যা করে বলিয়া মন্ত্র-চৈ**তম্য-শক্তিও** উক্ত তিন প্রকারে কার্য্য করিয়া থাকে। মন্ত্র স্মরণাদি করিতে করিতে ভাষাতে সে চৈতক্য-শক্তির আবির্ভাব, অবস্থান ও পূর্ণতা বা চরম গতি, এই তিন প্রকার অবস্থা পরিলক্ষিত হয়। অর্জুন সেই জন্ম স্থিতপ্রজ্ঞ অবস্থা-টিকে লক্ষ্য করিয়া জিজ্ঞাসা করিলেন, উক্ত অবস্থ। জীবছাদয়ে যখন আসে, তখন উহার কি প্রকার লক্ষণ, যথন অবস্থান করে, তখনকার লক্ষণই বা কি প্রকার এবং যথন সেই পুরুষকে লয়ে বা চরম তত্ত্বে লইয়া যায়, তখনকার অবস্থাই বা কি প্রকার ? কিং প্রভাবেত, কিমাসাত, কিম্ রছেত,—এই তিন প্রশ্ন অজ্জুন क्रिंत्रन। উक्त अदशात आविष्ठांव, अवस्रान ए भ्या क्रिया वा नर्य नहेग्रा যাওয়া কিরুপ—ইহাই অর্জ্জনের জিজ্ঞাস্য।

স্থিতপ্রস্তা অবস্থাটী অর্জ্বন এত প্রিয় বলিয়া বোধ করিলেন, স্থিতপ্রস্তা অবস্থাটির স্মরণ মাত্র তাঁহার প্রাণকে এতই বিমুদ্ধ করিয়া তুলিল যে, তিনি ও শব্দটীকেই একটা চৈতক্সবাহী মন্ত্রবিশেষ বলিয়া যেন বোধ করিলেন; বিমুদ্ধ-প্রাণে সেই অবস্থা সম্বন্ধে প্রশ্ন করিলেন; প্রাণের উদার সরল ভাব সে প্রশ্নকে মহাসত্যমুখী, বিজ্ঞানময় প্রশ্নে পরিণত করিয়া তুলিল।

খুলিয়া বলি। দেবতার ও মন্ত্রের মধ্যে সম্বন্ধ কিরূপ, তৎসম্বন্ধে এই স্থলে

একটু আভাস দিই। যথন কোন উদ্দেশ্য অন্তরে লইয়া, কোন সাধক ভগবানে অভিনিবিষ্ট হইয়া পড়ে, প্রাণ একান্ত ভাবে নায়ের দিকে যখন ধা বিত হইতে থাকে, মায়ের সিংহাসন সাধকের ভাবের অন্তরূপে তথন বিচলিত হয় : সাধক যে প্রকার সম্বল্প প্রাণে লইয়া মাকে ডাকে, চিদ্রাপিণী সেই সম্বল্লোচিত গুণে গুণময়ী রূপে রূপময়ী হইয়া উঠেন। তথন মায়ের সাধারণ অবস্থার যে প্রণব-বাচক রূপ, তাহাও সাধকের হৃদয়ের অবস্থানুসারে অক্স ভাবে পরিবর্তিত ইইয়া তাহার অনুভবে আমে। প্রণবের সাধারণ শব্দ "ওম্" এই প্রকার **এবং অর্থ**— স্ষ্টি-স্থিতি-লয়কর্ত্রী। সাধক যথন মাকে ডাকে, মায়ের এ স্লেচময়ী আকর্ষণী শক্তি তখন আরও উদ্দীপ্তা হইয়। উঠিয়া সাধকের প্রাণে গিয়া আঘাত করে; কিন্ত সাধকের জদয়ের অবস্থাক্রমে অর্থাৎ সঙ্কল্পের ও ভাবের তাবতমা, উহাই স্থীং শ্রীং ইত্যাদি যে রূপের বাচক, সেই রূপে পরিবর্ত্তিত হইয়া প্রাণেব ভিতর ফুটিতে থাকে। সেই শব্দ শুনিয়া বা রূপ দেখিয়া সাধক বৃবিতে পারে—ইহাই তাহার দেবী বা মন্ত্র। সেই শব্দ হৃদয়ে ধরিয়া থাকিতে থাকিতে মা আবিভূতা হুইতে থাকেন। সে বাজ বা মন্তের জপের সঙ্গে সঙ্গে সাধক তংসারূপ্য লাভ করে এবং অচিরে মাতৃ-লাভে কৃতার্থ হয়---ম। তাহার ভাবানুযায়ী মূর্ত্তিত আবিভূতা হন। তবেই বিশেষ বিশেষ প্রকার সঙ্কল্পের জন্স মায়ের আমার মূর্ত্তি বিশেষ বিশেষ প্রকারে প্রকটিত হয়, এবং সেই বিশেষ বিশেষ প্রকার মূর্ত্তির বিশেষ বিশেষ প্রকার বীজ বা মন্ত্র রচিত হয়। সে সাধক আবার ভাঁহার প্রিয় জনকে সেই বীজ সাধন করিতে শিক্ষা দেন ব। সেই বীজ অক্সান্ত ক্ষেত্রে রোপিত করেন। এই প্রকারে বীজ ও মূর্ত্তি আদি প্রচার ইইয়া পড়ে। পূর্কে দেবতারন্দ ও সিদ্ধবি আদি হইতে সূচনা করিয়া মন্ত্রগুচ্ড়ামণিরা পর্যান্ত যে যে প্রকারের বীজ ও মূর্ত্তি পাইয়াছেন, সেই সকলই আমাদিগের শান্তে বর্ণিত হইয়া র'হয়াছে।

যাহা হউক, না আমার এই প্রকারে কাতর সন্তানকে দীক্ষিত করেন ও দর্শন দেন। ইহারই নাম প্রকৃত দীক্ষা লাভ। তবে যে সকল সিদ্ধ পুরুষ এই প্রকারে দীক্ষা লাভ করিয়া সি দ্ধ লাভ করিয়াছেন, তঁহাদিগের রূপা হইলে, তাঁহাদিগের সাধনা দ্বারা সঞ্জীবিত ঐ বীজ যদি কাহাকেও দেন, তাহা হইলেও সহজে মাতৃলাভ ঘটিতে পারে; কেন না, তাঁহাদের ঐ বীজ চৈততাযুক্ত। নতুবা যিনি উক্ত বীজের সাধনা করেন নাই. সে প্রকার ব্যক্তি হইতে বীজ লাভ করিলে—ভাহাতে, আর আপনি পুস্তকাদি দেখিয়া বীজ লইয়া সাধনা স্টনা করায় ইতর-

বিশেষ নাই। দর্শনশাস্ত্রে বৃক্ষ হইতে বীজ, কি বীজ হইতে বৃক্ষ—এই প্রকারের একটা প্রশ্ন আছে। দর্শন ইহার যেরপে মীমাংসাই করুক, আমরা দেখিতে পাইলাম, কি প্রকারে বীজ ও বৃক্ষ সম্বন্ধযুক্ত। বীজ ও বৃক্ষ— একই তত্ত্বের হুই প্রকার অভিব্যক্তি মাত্র।

যাহা হউক, মন্ত্র বা বীজ লাভ হইতে আরম্ভ করিয়া দেবতার আবির্ভাব বা সিদ্ধি লাভ অবধি সাধকের সাধনার যে অবস্থাটুকু, উহা তিন ভাগে বিভক্ত। সেই মন্ত্র চৈত্রযুক্ত হওয়া অর্থাৎ সেই দেবশক্তির সারপা লাভ করিয়া তাহার আভাস পাওয়া, সেই চৈত্রযুক্ত অবস্থায় স্থিতি ও তাহার চরম ফলস্বরূপ — সিদ্ধি। মন্ত্র উচ্চারণ মাত্রে সাধক যদি জন্মভব করে যে, যেন কি একটা জ্যোতির আভাসের মত মন্ত্রোচ্চারণের সঙ্গে সঙ্গে ফুটিয়া ফুটিয়া উঠিতেছে ও সে আপনিও তাহাই হইয়া যাইতেছে, আবার মিলাইয়া যাইতেছে, যেন অভীষ্ট দেবতা কি একটা আবরণের প*চাতে রহিয়াছেন, অথচ যেন আমিও তিনিই, তখন বুঝিতে হইবে, মন্ত্র চৈত্রশক্তিবিশিষ্ট হইতেছে ; ইহাই প্রথম অবস্থা। তার পর যখন ওইরপ সারপ্যবোধ ফুটতর হইতে থাকিবে ও আর নিলাইয়া যাইবে না এবং উক্ত প্রকারের তেজ স্থায়িভাবে সঞ্চারিত হইতে থাকিবে, প্রাণ যেন কি একটা শক্তির প্রভাবের মধ্যে ঠিক অবস্থান করিবে, তখন বুঝিতে হইবে, দ্বিতীয় বা থিতি অবস্থা। এবং তার পর সঙ্কল্ল পূরণ বা তৃতীয় অবস্থা, অর্থাৎ আভাস-সারপ্য হইতে দেবতরে গমন। এই তিনটি অবস্থাকেই "কি বলেন," "কি প্রকারে অবস্থান করেন" এবং "কি প্রকারে গমন করেন" বলিয়া অর্জুনের প্রশ্নে উল্লিখিত হইয়াছে। "কিং প্রভাবেত" অর্থে কি প্রকারে তাঁহার ভাব-সকল বিকশিত হইতে থাকে; "কিমাসীত" অর্থে কি প্রকার ভাবে প্রতিষ্ঠিত থাকেন, "ব্রজ্ঞেত কিম্'' অর্থে—কি প্রকারে অভাষ্টতত্তে বিচরণ করেন; এই অভাষ্ট কোন দেব-তত্ত্ব হ'ক বা ব্ৰহ্মতত্ত্ব হ'ক।

হিত প্রজ্ঞ অবস্থার কথা শুনিবামাত্র প্রাণশক্তিরূপী অর্জুন, তাহাকেই সাধনার মন্ত্রস্বরূপ মূলাবান্ বিবেচনা করিয়া বিমুদ্ধ হইয়াছেন, এবং মন্ত্রের চৈতক্তশক্তির তিধা ক্ষুরণের মত হিতপ্রজ্ঞ অবস্থার তিধাক্ষুরণ সম্বন্ধেও তিনি । জজ্জান্ম হইয়া পড়িয়াছেন। যত দিন স্থিত প্রজ্ঞ অবস্থার কথা শুনিয়া আমাদিগের প্রাণ এমনই ভাবে তাহার জন্ম মুদ্ধ না হইবে, তত দিন বুঝিব, সাধনায় আমরা অগ্রসর হইতে পারি নাই—বিলম্ব আছে। ইহা একটা সাধারণ স্থল লক্ষণ বলিয়া বুঝিও।

অর্জন স্থিত প্রজ্ঞ পুরুষের স্মরণে যে প্রকার বিমুগ্ধতা ও নির্মাল সান্ধিক ভাব প্রকাশ ক্রিয়াছেন, সাধারণ লোক হিতপ্রজ্ঞ পুরুষকে সাক্ষাৎ দর্শন করিলেও বোধ হয়, সে প্রকার আনন্দ প্রকাশ করিতে পারে না। আমরা নির্জীব প্রায়—প্রাণ নাই—প্রাণের সে মাত্-লালসা নাই—স্থতরাং মাত্লাভোন্মুখী সন্তানের কথা স্মরণে সে নির্মাল বেদনও নাই। বেদনময়ী বেদমাতার ইচ্ছা।

সাধকের প্রাণে যখন মাকে ভাকিতে ভাকিতে বৃদ্ধিযোগের কথা উদয় হয়, অর্থাৎ সারথিরপে মা আমার যখন বৃদ্ধিযোগ সম্বন্ধে জ্ঞান প্রাণে ফু টাইয়া দেন, তখন ক্রমশঃ তাহার এই স্থিতপ্রজ্ঞ অবস্থার কথা মনে পড়ে; তাহার যেন আভাস পাইতে থাকে; এবং সে অবস্থা কি প্রকার—এই রক্ষের প্রশ্ন স্বতঃ তাহার প্রাণের ভিতর ফুটিতে থাকে। তার পর ক্রমে ক্রমে সেই অবস্থার আভাস পায়; সে অবস্থাগুলি কি প্রকারের, অবস্থাগুলির লক্ষণ কি, সেইগুলি মা প্রাণে ফু টাইয়া দেন। এখানে সেই অবস্থার কথাই আলোচিত হইতেছে। প্রাণ এ অবস্থায় দ্বির, স্থানুর অস্তস্ত্রপে প্রবিষ্ট হইয়া তবে প্রশোত্তর পায়—এই জন্ম কেশব শব্দ ব্যবস্থাত পূর্কে বিলিয়াছি।

যাহা হউক, সাধনা বলিয়া বিশিষ্ট কার্য্যকালের কথা ছাড়িয়া দিয়া, সাধারণ জীবনযাত্রার মধ্য দিয়া কেমন করিয়া স্থিতপ্রজ্ঞ হওয়া যায়, ইহা জানিবার আকুলতা আসে এবং সেই আকুলতার আবেশেও জিজ্ঞান্ম হইতে হয়। স্থুতরাং সার্ধ্ব-জনীন ভাবেই অজ্জুনির মুখে আমরা চারিটি প্রশ্ন পাইয়াছি। প্রথম, স্থিতপ্রজ্ঞ অবস্থার সাধারণ লক্ষণ কি ? দিতীয়, স্থিতপ্রজ্ঞ অবস্থার যে শক্তি সঞ্জাত হয়, তাহা কি প্রকারে প্রথম বিকাশ পায় ? তৃতীয়, কি প্রকারে তাহা ঘনীভূত হইয়া প্রাণে অবস্থান করে ? চতুর্থ, কি প্রকারে তখন সাধক মাতৃঅঙ্কে লীন হইতে থাকে ? এইবার একে একে প্রশ্নগুলির উত্তর দিতেছেন।

শ্ৰীভগবান্ উবাচ।

প্ৰজহাতি যদা কামান্ সৰ্ব্বান্ পাৰ্থ মনোগতান্। আত্মতোৰাত্মনা তুফী: স্থিতপ্ৰজ্ঞতদোচ্যতে ॥৫৫

পার্থ, আত্মনি এব আত্মনা তুষ্টঃ যদা মনোগতান্ সর্বান্ কামান্ প্রজ্ঞহাতি, তদ্মা স্থিতপ্রজ্ঞ উচ্যতে। ব্যবহারিক অর্থ।—পাথ'। আত্মাতে সন্তুষ্ট হইয়া যখন কেহ আপনার মনোগত সমস্ত বাদনা পরিত্যাগ করিতে সমর্থ হন, তথন তিনি স্থিতপ্রভ্রু বিশয়। উক্ত জন।

যৌগিক অর্থ।—এইটি স্থিত প্রজ্ঞ পুরুষের সাধারণ লক্ষণ। আমি পূর্বের বিলয়ছি, মন্ত্র্য ভোগী অপেক্ষা সঞ্চয়ী অধিক। মন্ত্র্য যদি যথার্থ ভোগী ইউড, তাহা হইলে অভাব বলিয়া কোন জিনিব মন্ত্র্যাকে ভোগ করিতে হইড না। মা আমাদিগকে এমন জিনিব দিয়াছেন, যাহা আমাদিগকে কল্পতক্ষর মত সমস্ত ভোগই অ্যাচিত ভাবে সমর্পণ করিত, অথবা বিশ্বব্যাপিনী মা আমার নিত্য ভোগরূপে ব্যাপিয়া থাকায় আমার অন্য ভোগস্পৃহা আদিত না। জীব যত্ত্ব মাতৃমুখী হইতে থাকে, তত সে আপনার ভিতর আপনারই অক্ষে ভোগ-সমস্ত খুঁজিয়া পায়, অথবা ভোগ্য কোন বস্তু বাহ্য নহে,আমার নিজ সন্তাতে ভোগ-সকল জাত, ইহা যত বুনিতে পারে, তত বহির্জ্জগতের দিক্ হইতে তাহার ইন্দ্রিয়সকল প্রতিনিবৃত্ত হইতে থাকে। এইরপে যখন পূর্ণভাবে জীব আপনার ভিতর সমস্ত সম্যোধ লাভ করে —চিত্ত যখন আনন্দে আপনাতেই বিভোর হইয়া ভোগ-সমস্ত মিটাইতে থাকে, যখন তাহার ভোগের জন্ম আব তাহাকে বহির্জ্জগতের মুখাপেক্ষী হইতে হয় না, তখন তাহার স্থিত প্রজ্ঞ অবস্থা লাভ হয়, অথবা সেই অবস্থাকেই বিভেগ্ত প্রজ্ঞ অবস্থা বলে।

তখন কার্যাতঃ হয় কি ? তাহার মনোগত সমস্ত বাসনা নির্ত্তি হইয়া যায়।
একমাত্র চিৎসমুদ্রে সে ভাসমান থাকে। আমাদিগের বিবিধ বাহ্ন বিষয়ে
বাসনা উৎপত্তি হইবার কারণ, চিৎসাগরের অনভিজ্ঞতা ব্যতীত আর কিছুই
নহে। চিৎসমুদ্রে অহর্নিশ সর্বভোগ রক্ষিত — অনস্ত দিল্পথে ফুটনোগ্নুখ। যেমন
স্রোতের মুথে উপলথও পতিত হইলে, সেখানে সে স্রোত তরক্ষিত ও উদ্বেলিত
হইতে দেখিতে পাই; তদ্রেণ জগতের বিষয়-সকল আসিয়া আমাদিগের সেই
চিৎসমুদ্রে সংঘাত দেয় বলিয়া বিবিধ কামনারূপে সে স্রোত উথলিয়া উঠে।
যাহা কিছু আমাদিগের ইন্দ্রিয়গোচর হয়, আমরা তাহাকেই আমাদিগের
ভোগদাতা বলিয়া অজ্ঞানতাবশতঃ বুঝিয়া লই। তাই সেই বাহ্য বস্তু অধিকার
করিতে প্রয়াস পাই, এবং সেই জন্মই আমরা জগৎমোহে আবদ্ধ হইয়া পড়ি।
আমরা যদি জানিতাম, যাহা কিছু বাহে দেখি, সে সমস্তই প্রজ্ঞাতে ও অস্তরে
আছে, তাহা হইলে শব্দ স্পর্দ, রূপ রস গন্ধাদি যাহাই আমাদের সন্মুধ্

উপস্থিত হইত, তাহাতেই মৃগ্ধনা হইয়া, আমরা তাহারই ভিতর দিয়া অনস্ত চিৎসমুদ্ররূপিনী মাকেই পরিদর্শন করিতাম; এবং আমাদের চিত্ত কুদ্র বাহ্য বিষয় ছাড়িয়া প্রজ্ঞাতে বিস্তৃত হইয়া পড়িত। অর্থাৎ কার্য্যতঃ আমাদের স্থুল বাসনাসকল দ্র হইত বা আমরা বাসনাত্যানী হইতাম। এইরূপে বাসনাত্যানীকেই স্থিত প্রজ্ঞ পুরুষ বলা যায়। স্থুলতঃ ইহাই স্থিত প্রজ্ঞ অবস্থার সাধারণ লক্ষণ। প্রজ্ঞাতেই যে নিজ সন্তা হইতে সমস্ত ভোগ ও ভোগ্য পর্যান্ত প্রভিষ্ঠিত দেখিতে পায়, তাহাকে স্থিত প্রজ্ঞ বলে।

ছু:থেষকুদিগ্নমনাঃ স্তথেষু বিগতস্পৃহঃ। বীতরাগভয়ক্রোধঃ স্থিতধামুনিক্লচ্যতে॥ ৫৬

ছংখেষু অনুদ্বিমনাঃ স্বথেষু বিগতস্পৃহঃ বীতরাগভয়কোধঃ মুনিঃ থিতধীক্ষচাতে।

ব্যবহারিক অর্থ।—যাঁহার চিত্ত ছঃথে উদ্বিগ্ন হয় না, স্থথের জন্ম স্পৃহা বাঁহার প্রাণে জাগে না, অন্থরাগ, ভীতি, ক্রোধ ঘাঁহার প্রাণ হইতে দূরীভূত হইয়াছে, তাঁহাকেই স্থিতধী মূনি বলা যায়।

> যঃ সর্ববোনভিম্নেহস্তত্তৎ প্রাপ্য শুভাশু নৃম্। নাভিনন্দতি ন দ্বেষ্টি তস্ত প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৭

যঃ সর্বত্ত অনভিমেহঃ তত্তংশুভাহুভং প্রাপ্যন অভিনন্দতিন দেটি, তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা।

ব্যবহারিক অর্থ।—যিনি সকল বিষয়ে স্নেহশৃত্য, স্থতরাং শুভ অশুভ প্রাপ্ত হইয়াও যিনি আনন্দিত ও বিষাদিত হন না, তাঁহার প্রজ্ঞা প্রতিষ্ঠিত হইয়াছে বৃঝিতে হইবে।

যৌগিক অর্থ।—এই শ্লোক তুইটি দ্বিতীয় প্রশ্নের উত্তর। স্থিত প্রজ্ঞ পুরুষ কি বলেন, ইহাই অর্জুনের দ্বিতীয় প্রশ্ন। সেই প্রশ্নের উত্তরে ভগবান্ এই শ্লোক তুইটা বলিলেন। বাক্য ভাবের প্রকাশক মাত্র। প্রাণের ভাব যথন উথলিত হয়, তথনই উহা বাক্যাকারে প্রকাশ হইয়া পড়ে। প্রাণের ভাব সাধারণতঃ অনুরাগ, ভয়, ক্রোধ, আনন্দ ও দ্বেষ, এই কয়টা বৃত্তির দ্বারা উথলিত হইয়া থাকে। যিনি অনুদ্বিয়ে এবং বীতস্পৃহ, তাঁহার চিত্তে অনুরাগ, ভয় বা ক্রোধ আসিতে পারে

না। তক্রপ বাঁহার অমুবাগ, ভয় বা ক্রোধ নাই, তিনি মুখে বা ফুথে বিচলিত হন না। যাঁহার স্নেহ বাহাঁ জগতে কোথাও বিজড়িত নহে, তিনি শুভাশুভে আনন্দ্*বা*-দ্বেষ প্রকাশ করেন না। তজ্ঞপ যিনি শুভ প্রাপ্তিতে আনন্দ প্রকাশ, অশুভ প্রাপ্তিতে বিদ্বের প্রকাশ না করেন, তিনিই জগতে সর্বত্র মমতাশৃত্য ভাবে বিচরণ করিতে সমর্থ হয়েন। স্থতরাং যাঁহার অনুরাগ, ভয়, ক্রোধ, আনন্দ ও বিদ্বেষ নাই; ভাঁহার মুখে বাক্যকুত্তি হয় না। যাহার সমস্ত অনুরাগ মায়ে অপিত হইয়াছে,সেহময়ী মা আমার যাহার হৃদয়ের সমস্ত প্লেহ আকর্ষণ করিয়া লইয়াছেন, জগতের পদার্থবৃন্দে অর্পণ করিবার জন্ম অনুরাগবিন্দু সে কোথায় খুঁ জিয়া পাইবে ? অভয়া মা আমার অভয় কর প্রসারণ কবিয়া যাহার শিরোদেশে অহর্নিশ অভয় আশীর্কাদ বর্ষণ করিতেছেন,—যাহার চক্ষে মুহুর্ম্মুহু মাথের অভয়া মূর্ত্তি প্রতি-ফলিত হইতেছে—যাহার কর্ণকুহরে মাতৃমুখনিঃস্ত অভয়বাণী নিনাদিত, তাহার আবার ভয়ের সম্ভাবনা কোথায় ? যাহার সমস্ত কামনা একমাত্র মাতৃলাভ উদ্দেশ্যে মাতৃমুখে ধাবিত, যে প্রাণে প্রাণে, মর্মে মর্মে বুরো, মা আমাদিগের তিলমাত্র লাল্সা প্রত্যাখ্যান করেন না, তাহার প্রাণে ক্রোধ কেমন করিয়া জন্মা-ইবে १ কামনা হইতে ক্রোধ জন্মে। কামনা যেখানে প্রতিরোধ পায়, সেইখানেই উহা ক্রোধের আকার ধারণ করে। সাধক ক্রোধের কবলে পড়ে না : কেন না. তাহার হৃদ্ধের সমস্ত আদান প্রদানই মায়ের সঙ্গে; এবং সে মাকে নিত্য মঙ্গলময়ী মা বলিয়াই সর্বাদা হৃদয়ঙ্গম করে। স্কুতরাং তাহার প্রাণে কোন কামনা-বিশেষ থাকে না ও তাহাকে প্রতিরোধের সংঘাতে ক্রোধাভিভূত হইতে হয় না। যিনি অহর্নিশ মাকে আমার প্রত্যক্ষবৎ অনুভব করেন, ব্রহ্মাণ্ডের চ রিধারে প্রত্যেক পদার্থে যিনি মাতৃ উপলব্ধি করেন, শুভঙ্করী মাকে আমার মা বলিয়া যিনি প্রাণে যথার্থ বিশ্বাস ও অমুরাগ ফুটাইয়া তুলিতে সমর্থ হয়েন, জগতে এমন শুভ কি আছে, যাহার জন্ম তাহার প্রাণ চঞ্চল হইবে ? সর্বাশুভনাশিনা মা যার হদয়েশ্বরী, ভাহার চক্ষে অশুভ বলিয়া প্রতিপন্ন হইবার কি থাকে? স্তরাং স্থিতপ্রজ্ঞ পুরুষ এ সকল ভাবের ধারা পরিচালিত হয়েন ন।। তাঁহার হৃদয় ওই সকল ভাবের দ্বারা আচ্ছন্ন হইয়া কোন প্রকার বাক্য প্রকাশ করিবার অবসর পায় না। তিনি মুনি হইয়া নিরুদ্বিগ্নে জীবন অতিবাহিত করেন।

ধর্ম্মাধর্ম জানিয়া, ভগ দ্ভাবে বিভোর হইয়া যিনি মনেই অবস্থান করেন, বাক্যাকারে আর ভাবাদি প্রকাশ করেন না, তাঁহার নাম মুনি। মোনত্ব বা বাক্- সংযামই মুনির প্রধান লক্ষণ। মাকে জানিলে, মাকে হাদয়ে বসাইলে বাক্য বহিশুবিধ না ছুটিয়া অন্তর্শ্ম থেই ধাবিত হয়। এই জন্ম সাধারণতঃ যাহারা বাক্যসংযম
ক্ষিয়া থাকে, তাহাদিগকে মৌনী বলিয়া অভিহিত করা হয়। মুনির বাহ্যিক ভাব
সে পায় বলিয়াই তাহাকে মৌনী বলি। স্থিত প্রজ্ঞ অবস্থায় বাক্যসকল অন্তর্শ্ম খেই
থাকে। অন্তন্ম খেই তাহার বাক্যসকল ধাবিত হয়, সেই জন্ম স্থিতধী ব্যক্তির অন্ত
নাম—মুনি।

অন্তর্মুথে মায়ের সঙ্গে কথা কহিও —অন্তর্মুথে আকাশের দিকে লক্ষ্য করিয়া এক একবার মা বলিয়া ডাকিও আর কান বাড়াইয়। উত্তরের অপেক্ষা করিও—আবার ডাকিও। এই ভাবে অন্তর্মুথে কার্য্য হইলে তথন বাহিরের বাক্য রোধ হইয়া আদিবে, বহির্জ্জগতের ক্ষুত্র কথায় তোমার মন আর অভিভূত হইবে না। বহি-মুথের একটি কথা ১০৷২০ হাত তফাতের বেশী আর শুনা যায় না; আমাদের শ্রেরার কে শক্তরঙ্গ আর ধরিতে সমর্থ হয় না; কিন্তু অন্তর্মুথের কথা বহু দ্র অবধি শুনিতে পাওয়া যায়; এমন কি, একটা শক্ষ যত ক্ষণ ইচ্ছা, অনুভব করা যাইতে পারে; বাহিরের ব্যোমক্ষেত্র অপেক্ষা চিত্তক্ষেত্র স্ক্ষা, স্থতরাং ভাহার বিকম্পনও বহুক্ষণস্থায়ী।

দিতীয় প্রশ্নের উত্তরে ভগবান্ বলিলেন যে, স্থিতপ্রজ্ঞ পুরুষ মুনি হন— মৌনিপ্রায় হইয়া পড়েন, তাঁহার বাহিরে কথাবার্তার বড় একটা কিছু থাকে না। তার পর কি প্রকারে তিনি অবস্থান করেন, এই তৃতীয় প্রশ্নের উত্তর দিতেছেন।

> যদা সংহরতে চায়ং কৃর্দ্মোহঙ্গানীর দর্ববশঃ। ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥৫৮

কৃশাঃ যথা অঙ্গানি স্বভাবেনৈব আকর্ষতি, তদং যদা অয়ং ইন্দ্রিয়ার্থেভ্যঃ ইন্দ্রি-ক্লানি স্বর্বশঃ সংহরতে স্বভাবেনৈব আকর্ষতি, তদা তস্য প্রেক্তা প্রতিষ্ঠিতা।

ব্যবহারিক অর্থ।—কূর্ম্ম যেমন স্বীয় অঙ্গসকল আপনার অভ্যস্তরে গুটাইয়া ব্যায়, ষেইরূপ বিষয়-সকল হইতে স্বভাবতঃ যাহার ইন্দ্রিয় সংস্থাত হইয়া যায়, ভাহার প্রক্রা প্রতিষ্ঠিত বলিয়া বুঝিবে।

যৌগিক অর্থ। পূর্বেশক্ত বৃদ্ধিযোগ অবলম্বন করিয়া কার্য্য করিতে করিতে করিতে করিছে ক্রীবের ক্রেমশঃ বিষয়ের দিক হইতে দৃষ্টি সঙ্কৃচিত হইয়া পড়ে; তাহার ইন্দ্রিয়মক্ষের স্বাভাবিক গতি পরিবর্তিত হইয়া যায়, তাত্র তীক্ষতা লাভ করে—

প্রত্যেক বিষয়াভান্তরম্ব সূক্ষ্ম তথের ভিতর সংযুক্ত হয়; পদার্থসকলের স্থুল শরীর, স্থুল গুণ ভাস্থার গতি রোধ করিতে সমর্থ হয় না। আমাদিগের ইঞ্জিব-স্কল সাধারণতঃ বিষয়-স্কলের স্থুল অবস্থায় আমাদিগকে মুগ্ধ করে। ' আমারা পদার্থ-সকলের শব্দ-স্পর্শ-রূপ-রূস-গন্ধ,এই তন্মাত্রা-সকলে মৃদ্ধ হই, কিন্তু ভন্মাত্রা-সকলকে ভেদ করিতে পারি না; তুমাত্রাসকলের সূক্ষ্মতা হৃদয়ঙ্গম করিতে পারি না। শব্দ আসে, শব্দ অনুভব করি, কিন্তু শব্দ কি প্রকারে ব্যোম হইতে উৎপ্রতি লাভ করে, তাহা ইন্দ্রিয়গ্রাহ্য হয় না। রূপ দেখি, কিন্তু রূপ, তেজ হইতে কি প্রকারে সঞ্জাত হয়, তাহা দেখিতে পাই না। তেজের ধর্মাই রূপ, এইরূ**ল মিছাস্ত** ধরিয়া লই। গন্ধ আত্রাণ করি, পৃথিবীর গুণ গন্ধ **জানি, কিন্তু ক্ষিতিত্ব হই**তে গন্ধ কিরাপ বিশ্লেষণে আমাদিণের ইন্দ্রিয়ের অনুভূতিতে আসে,তাহা জানি না; আমরা ক্ষিতিতত্ত্বের গুণ গন্ধ, এই সিদ্ধান্ত জানিয়াই নিশ্চিন্ত থাকি। ইন্দ্রিয় স্কা হইলে, সুক্ষা তথ্যে প্রবেশ লাভ করিতে সমর্থ হইলে তথন আদিতত্ব বা এই সকলের সুক্ষা কারণতত্ত্ব আমাদিগের উপলব্ধিতে আদে; আমাদিগের ইন্দ্রিয়সকল সংকীর্ণ স্থল বিষয়সকলের ভিতর উদার বিস্তৃত কারণসমুদ্র দেখিয়া প্রাণকে বিস্তৃত করিয়া দিতে সমর্থ হয়। আমরা এখন একটি সুগন্ধি কুসুম পাইলে, তাহার পদ আণেন্দ্রিরের দারা পাইয়া, "স্থন্দর" এইটুকু মাত্র পরিতৃপ্তি পাই; ।কন্ত ইন্দ্রির স্ক্রম লাভ করিলে, গন্ধের ও গন্ধটুকু আমাকে মুগ্ধ করিতে সমর্থ হয় মা; তাহার অভ্যন্তরস্থ সূক্ষা গদ্ধতমাত্রা আমাদিগের উপলব্ধিতে আসিয়া. উহা অপেক্ষা সহস্রগুণ অধিক তৃত্তি প্রদান করে। এই**রূপ সমস্ত**িন্**ষয় সম্বন্ধে।** বিষয়সকলের যে সকল গুণ এখন আমাদিগের প্রাণকে আকর্ষণ করে. ইন্দ্রিয়সকল সুক্ষর লাভ করিলে আর ওই সকল গুণ আমাদিগকে মুশ্ধ করিতে পারিবে না; ওই সকলের অভ্যন্তরম্ব এক মহান্ তথ প্রত্যেক বিষয়ের ভিতর আমাদিগের প্রত্যক্ষীভূত হইবে। দেখিব, যে তত্ত্ব-সমুদ্র হইতে ই। ক্রয়-সকল উৎপত্তি লাভ করিয়াছে, সেই তত্ত্ব-সমূদ্র হইতেই বিষয়সকল উৎপত্তি লাভ করিয়াছে। গ্রাহ্য ও গ্রাহক এক বলিয়া তথন অমুক্তৰ করিব। এখন গন্ধ বা রূপ বা রুস যেমন একটা মাত্র সংকার্ণ ইন্সিয়দার দিয়া প্রবিষ্ট হইয়া মনকে উদ্বেলিত করে, তথন আমার সর্ব্বাঙ্গ, আমার সমস্ত দেহ সেইরূপ সুখায়ু ভূতিতে পূর্ণ হইবে। একটা প্রচলিত উদাহরণ শুনিতে পাই, অনেকে বলিয়া থাকেন, ["]চিনি হওয়া ভাল নহে, চিনি খাওয়া ভাল।" কথাটা সংকীৰ্ণ কথা। চিনিতে যদি

ভোগশক্তিসংযুক্ত চৈতন্ত-শক্তি থাকিত—নিজের আগাদ যদি নিজে বৃথিত, তাহা হইলে চিনি থাওয়া অপেক্ষা চিনি হওয়া যে সহস্রগুণে শ্রেষ্ঠ, এ কথা চিনি সহস্র বার বলিত। তাহা হইলে চিনি আপনার সর্ব্বাঙ্গে, আপনার প্রত্যেক পরমাণুতে তাহার চিনিত্ব আস্বাদ করিয়া কৃতার্থ হইত। আমি যে অবস্থার কথা বলিতেছি, ভাহা এই চিনি হওয়ার অবস্থা। স্থিতপ্রক্ত অবস্থা লাভ হইলে ইন্দ্রিয়বিশেষন্মাত্র আর স্থাবিশেষনাত্র উপলব্ধি না হইয়া, আপনার সর্বাঙ্গ সর্বস্থাৎ-সমন্বিত এক অবৃর্ব পরিভৃত্তিতে পূর্ণ হইয়া থাকিবে। প্রজ্ঞা প্রতিষ্ঠিত হইলে ইন্দ্রিয়সকল বিষয়সকলকে ভেদ করিয়া, সেই সূক্ষাবস্থার ভোগ লাভ করে।

কিন্তু বিষয়াদি হইতে ইন্দ্রিয়সকলের এই সঙ্কোচন কি প্রকারে করিতে হইবে ? বছ যত্ন করিয়া শুধু ইন্দ্রিয়ুগ্রাহ্য বিষয়সকল হইতে বেগের দারা ইন্দ্রিয়সকল রোধ করিয়া কি স্থিতপ্রজ্ঞ অবস্থা লাভ করিতে হইবে ? তাহা বলা ভগবানের অভি-প্রায় নহে। বুদ্ধিযোগে থাকিতে থাকিতে স্বতঃ এইরূপ অবস্থা লাভ হইবে। শ্বভাবতঃ ইন্দ্রিয়সকল যথন সূক্ষ্মুখী হইয়া পড়িবে, তথন বুঝিতে হইবে, স্থিত-প্রজ্ঞ অবস্থা লাভ হইয়াছে। ইহাই গাতার অভিপ্রায়। পরবর্ত্তী তিনটি শ্লোকে সেই কথাই বিশেষ করিয়া বলিয়া—ভগবান্ স্বিতপ্রজ্ঞ পুরুষের "অবস্থান" কিরূপ্ তাহা বুঝ ইয়াছেন। স্থিতপ্রজ্ঞর লাভ হইলে বিষয়সকলের অভান্তরে সূক্ষা ক্ষেত্রে পুরুষ অবস্থান কর। ইন্দ্রিয়সকল বিষয়সকল হইতে তাহার অভ্যন্তরে প্রবিষ্ট হইয়া যায়। ইন্দ্রিসকল ইন্দ্রিয়ার্থসকলের গ্রাহক আর থাকে না। বিষয়ের সহিত সংস্রাবে আসিলেই িষয়ের আম্বাদ না পাইয়া ইন্দ্রিয়সকল আপনারা কিরূপে বিষয়াঘাতে বস্কার করিয়া উঠে স্ব স্ব সেই আস্বাদনেই মত্ত হয়। কিন্তু মায়ে যুক্ত না হইয়া শুধু ইন্দ্রিয় নিগ্রহ করিবার প্রয়াস রুখা। অনেকের ধারণা, ইন্দ্রিয় নিগ্রহ না করিলে ভগবদ্ভাব প্রাণে আ স না, স্বভরাং মায়ের দিকে লক্ষ্য না রাখিয়া ইন্দ্রিয় নিগ্রহ লইয়াই তাঁহারা ব্যস্ত থাকেন—ঐটিই ত হাদের প্রধান লক্ষ্য হইয়া পড়ে। ভগবান্ বলিতেছেন, উহা ভগবদভাবে যুক্ত হওয়ার লকণ-বিশেষ মাত্র। নতুবা ইন্দ্রিয় নিগ্রহ করিলেই স্থিতপ্রজ্ঞ হওয়া যায় না।

> বিষয়া বিনিবর্ত্তন্তে নিরাহারস্য দেহিন:। রসবর্জ্জ: রসোহপ্যস্য পরং দৃষ্ট্য নিবর্ত্ততে ॥৫৯.

্বিষয়াননাহরতঃ আতুরস্য অপি ইন্দ্রিয়াণি নিবর্ত্তন্তে, ন তু তদ্বিষয়ো রাগঃ।

নিরাহারসা অনাহ্রিয়মাণবিষয়স্য দেহিনঃ দেহাভিমানিনঃ ভগবদ্ভাবহীনস্য রসবর্জ্য বিনিবর্ত্তি । ভগবদ্ভাবহীনঃ যঃ হি বিষয়প্রবণঃ ন ভবতি, ডস্য অপি বিষয়াঃ বিনির্ত্তিক্তে, তথাপি রাগঃ অবশিষ্যতে । অস্যা স্থিতপ্রজ্ঞস্য ভগবদ্ভাব-যুক্তসা রসোহপি রাগোছপি পরং পরমাত্মানং দৃষ্ট্য নিবর্ত্তে ।

ব্যবহারিক অর্থ।— আহারাদি বিষয়-সম্ভোগে অসমর্থ ব্যক্তি ইন্দ্রিয় দারা বিষয় গ্রহণ না করিলে বিষয়ানুভব নিবৃত্তি পায় সত্য, কিন্তু বিষয়ানুরাগ নিবৃত্তি পায় না। ভগবদ্ভাবহীন ব্যক্তি বিষয় গ্রহণ রোধ করিলেও বিষয়রাগটুকু অবশিষ্ট থাকে; কিন্তু স্থিতপ্রজ্ঞ ভগবদ্যুক্ত পুরুষের সে অনুরাগটুকু অবধি স্বতঃ নিবৃত্ত হইয়া যায়।

যৌগিক অর্থ।—মায়ে যুক্ত না হইলে, সমস্ত অনুবাগ মা আকর্ষণ করিয়ানা লইলে, শুধু বিষয় হইতে ইন্দ্রিয়কে ধরিয়া রাখিলে কাজ হয় না। মাধুর্যাদি বড় বিধ রস একরসে পরিণত না হইলে হুল্মাংছে অবস্থান হয় না। ইন্দ্রিয় নিরোধ করিতে যাঁহারা অধিক মনোযোগী, ইন্দ্রিয়-ভয়ে ভীত হায়া যাঁহারা অহনিশ তাহাদিগের কবল হইতে মুক্তি পাইবার জন্ম বিষয় হইতে দূরে অবস্থান করিতে চাহেন, তাঁহাদিগের অভ্যস্তরে প্রবাহিত সে রস মরিবে না। প্রাণপণে ইন্দ্রিয়জয়ে অভ্যস্ত হও—জানিও, সে রসাকাজ্জা তোমার অভ্যস্তরে সঞ্চিত আছে ও আবহমান কাল থাকিবে; সে রসের প্রবাহ একদিন ছুটিবেই, একদিন আবার তোমায় বিষয়ের পশ্চাৎ পশ্চাৎ ছুটাইবেই। তোমার সহস্র অধ্যবসায় বন্ধামুথে বালুকান্তুপের মত ভাসিয়া যাইবে।

এ রদের কবল হইতে একমাত্র বৃদ্ধিযোগাবলম্বী ব্যক্তি পরিত্রাণ পাইতে পারে। একমাত্র রদে প্রাণকে পূর্ণ করিলে, তবে উহা তোমার পক্ষে বিষ না ইইয়া অমৃত হইতে পারে। তবে তুমি নীলকণ্ঠ মহেশ্বরের মত সে রস-হলাহল পানে মৃত্যুঞ্জয় হইতে পার ; নতুবা রুণা তোমার অধ্যবসায়, রুণা তোমার জ্ঞান্বিচার, রুণা তোমার কঠোর তপক্যা। যেমন গ্রাক্ষান্তর্গত সূর্য্যরশ্মিরেশা কাচ ভেদ করিয়া গৃহে প্রবিষ্ট হইয়া বিবিধ বর্ণরঞ্জন। আমাদিগের চক্ষে প্রতিফলিত করে, কিন্তু উন্মৃক্ত আকাশে যেমন দীপ্ত শুক্ত জ্যোতি মাত্র পরিদৃষ্ট হয়, ভক্রপ যতক্ষণ আমরা মুক্তকেশী মায়ের মুক্ত অক্ষের দিকে চাহিয়া না দেখিব, ভঙ্কণ মাতৃ-অঙ্গনিঃস্ত রসপ্রবাহ ইন্দ্রিয়াদিরূপ গ্রাক্ষপণে বিচিত্র বর্ণে

আমাদিগের গৃহে প্রবেশ লাভ করিবে। গ্রাক্ষমধ্য দিয়া যে রশ্মিপ্রবাহ আসিভেছে, তাহ। রোধ করিতে প্রথাস পাইও না, সেই গ্রাক্ষের ভিতর দিয়া মৃক্ত আকাশের দিকে চাহিয়া থাক, বর্ণরঞ্জনা দ্র হইবে; নতুব। নহে। পর খ্রোকে ইহাই বলবং করিয়া ব্ঝাইতেছেন।

যততো হৃপি কৌন্তেয় পুরুষদ্য বিপশ্চিত:। ইন্দ্রিয়াণি প্রমাধীনি হরন্তি প্রদত্ত নন:॥৬০

কোন্তেয়, যততঃ বিপশ্চিতঃ অপি পুরুষসা মনঃ প্রমাণীনি ইন্দ্রিয়াণি প্রসভং হরম্ভি।

ব্যবহারিক অর্থ।—প্রমাথী ইন্দ্রিরণণ যতুশীল বিবেকী পুরুষেরও মন কলপূর্বক হরণ করে।

বৌলিক অর্থ।—এই শ্লোকটীকে মহাত্মা শঙ্কর হইতে আরম্ভ করিয়া অনেকেই ইন্দ্রিয় সংযমের প্রাধান্ত দেখাইবার জন্ম কথিত হইয়াছে বলিয়া মত প্রকাশ করেন। কিন্তু বস্তুতঃ ঠিক তাহাব বিপরীত ভাব ইহাতে স্পষ্ট প্রতিভাত। একমাত্র ভগবদ্ভাবে যুক্ত হওয়া ছাড়া অন্ত কোন উপায় নাই, যাহা দারা প্রেরাজ প্রকারে জীব, ইন্দ্রিয়সকল ও বিষয়সকলের সৃক্ষ্ণ তত্বে প্রবেশ লাভ করিয়া স্থিতপ্রক্ত হইতে পারে, এ শ্লোকটা এ স্থলে উল্লেখ করায় ইহাই স্পষ্টরূপে ভগবান্ বলিতেছেন বলিয়া বুঝা যায়। যত্নশীল—এমন কি,বিবেকী পুরুষের পর্যান্ত মন স্থল বিষয়ে অপহাত হইয়া পড়ে। স্থতরাং মাকে না দেখিলে আর গতান্তর নাই, এবং একমাত্র বৃদ্ধিযোগ অবলম্বন করিয়া দেখিতে প্রনা করিয়া, তবে স্থিতপ্রক্ত ইতিতে পারা যায়। এই পন্থাই একমাত্র অবলম্বনীয়। বাহ্য হইতে ভিতরে যাইবার জন্ম ইন্দ্রিয়াদি নিরোধের যে পথ, উহা অপেক্ষাকৃত সন্ধীর্ণ, ইহা বলাই ভগবানের অভিপ্রায়। বিষয়সকল—রসসকল ভেদ করিয়া, তবে ইন্দ্রিয়সকল স্বতঃ ক্ষদ্ধ হইবে, ইহাই তাৎপর্যা।

তানি সর্বাণি সংযম্য যুক্ত আসীত মৎপরঃ। বশে হি যম্মেন্দ্রিয়াণি তম্ম প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥ ৬১

যুক্ত: মংপর: (সন্) তানি সর্বাণি ইন্দ্রিয়াণি সংযম্য আসীত; হি যস্ত ইন্দ্রিয়াণি বশে, তম্ম প্রজা প্রতিষ্ঠিতা। ব্যবহারিক অর্থ।—্যোগী মংপরায়ণ হইয়া, ইন্দ্রিয়সকল সংখত করিয়া। অবস্থান করিবেন। এই প্রকারে যাঁহার ইন্দ্রিয়সকল বশে আসিয়াছে, ভাঁহার প্রজ্ঞা প্রতিষ্ঠিত হইয়াছে।

যৌগিক অর্থ।—"কিমাসীত" প্রশার উত্তর এইখানে শেষ হইল। বৃদ্ধিষ্ভ অবস্থা হইতে সূচনা করিয়া যখন জীব এই প্রকারে ক্রেমশঃ স্ক্র তত্তে প্রকেশ করিয়া ইপ্রিয়াদি সকলকে আপনার অধীনে পায়, যখন রাজরাজেশরের মন্ত আপনার ইন্দ্রিয়-রাজ্যের উপর অধিকার লাভ করিয়া সানন্দে অবস্থান করিছে সমর্থ হয়, সেই অবস্থাকেই স্থিতপ্রজ্ঞ অবস্থা বলা যায়।

তাহা হইলে আমরা স্থিতপ্রজ্ঞ পুরুষের সাধারণ লক্ষণ তাঁহার বাক্যাবলি বা ভাব প্রকাশ এবং তাঁহার অবস্থান সম্বন্ধে উত্তর পাইলাঁম। স্থিতপ্রজ্ঞ পুরুষের কামনাসকল আপনাতেই মিটিয়া যায়—জগতের মুখাপেক্ষী হইতে হয় না; ইয়া সাধারণ লক্ষণ। তাঁহার ভাবসকল আপনার প্রাণের ভিতরই আবদ্ধ থাকে, বাক্যাকারে প্রকাশ পায় না; বাক্যসংযমরূপ বাহ্যিক লক্ষণ তাঁহাছে প্রকটিত হয়; তিনি মাতৃপরায়ণ হইয়া অবস্থান করেন বলিয়া, তাঁহার প্রাণ ইন্দ্রিয়সকলে বিচরণ না করিয়া, ইন্দ্রিয়সকলের অভ্যন্তর দিয়া সূক্ষ্ম তত্ত্বর দিকে প্রসারিত হইয়া থাকে; ইন্দ্রিয়গ্রাহ্য স্থুল বিষয়সকল হইতে সম্কৃতিত হইয়া স্ক্র অন্তর্দেশ দর্শন করিতে থাকে; স্বতরাং বাহ্যিক লক্ষণরূপে ইন্দ্রিয়সংযম উইাতে পরিলক্ষিত হয়। এই প্রকারে তিনি অবস্থান করেন।

এইবার "ব্রজেত কিম্" প্রশ্নের উত্তর দিতেছেন। কি প্রকারে স্থিত প্রজ্ঞ পুরুষ বিষয়সকলে এবং ব্রহ্মে বা স্থুলে স্থাম্মে বিচরণ করেন, তাহাই ভগবান্ নির্দেশ করিতেছেন।

ধ্যায়তো বিষয়ান্ পুংস: সঙ্গন্তেষ্পজায়তে।
সঙ্গাৎ সঞ্জায়তে কাম: কামাৎ ক্রোধোহভিজায়তে॥
ক্রোধাৎ ভবতি সম্মোহঃ সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ।
স্মৃতিভ্রংশাৎ বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি॥ ৬৩

ধ্যায়তঃ চিন্তয়তঃ বিষয়ান্ শব্দাদিবিষয়বিশেষান্ পুংসঃ পুরুষ সঙ্গঃ উপকায়তে উৎপত্ততে,সঙ্গাৎ কামঃ তৃষ্ণা সঞ্জায়তে, কামাৎ (এতিহতাৎ অভাবাৎ বা) ক্রোধঃ অভিবায়তে (প্রতিরোধনপ্রণাশেন বা প্রতিহতিঃ) ক্রোধাৎ

(প্রতিহতাং) সম্মোহঃ ভবতি ; সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ (ভবতি), স্মৃতিভ্রংশাৎ বুদ্ধিনাশঃ ভবতি, বুদ্ধিনাশাৎ প্রণশ্রতি।

ব্যবহারিক অর্ধ।—বিষয় চিন্তা করিলে পুরুষের বিষয়সঙ্গ করা হয়; বিষয়সঙ্গ হইতে তাহার জন্ম কামনা বা তৃষ্ণা সঞ্জাত হয়। কামনা হইতে (কামনার প্রতিরোধ বা কাম্য বস্তুর অভাবে) ক্রোধ জন্মাইয়া থাকে। ক্রোধ হইতে মোহ, মোহ হইতে স্মৃতিবিজ্ঞম, স্মৃতিবিজ্ঞম হইতে বুদ্ধিলোপ ঘটে এবং বুদ্ধিলোপ হইতে বিনাশ সংঘটিত হয়।

যৌগিক অর্থ ৷—ভগবান, স্থিতপ্রজ্ঞ পুরুষ কি প্রকারে ব্রহ্মে ও বিষয়ে বিচরণ করেন বলিতে গিয়া, প্রথমে জীবের বিষয়সঙ্গের বৈজ্ঞানিক বিশ্লেষণ করিয়া দেখাইতেছেন। বিষয়সকল কি প্রকারে বন্ধন সংঘটন করে, অথবা ব্রহ্মই যখন বিষয় হন,—ভগবান্ই জীবের যখন বিষয়স্বরূপ হন, তখন তাহা কি প্রকারে মুক্তিদান করে, ইহাই দেখাইবার অভিপ্রায়ে ভগবান্ বিষয়সঙ্গের ক্রিয়ার ক্রমপরম্পরাগুলি উল্লেখ করিয়া দেখাইতেছেন। এই ছুইটা শ্লোকে এই ছই ভাবের অর্থ উপলব্ধি হয়। বিষয় যথন বিষয়মাত্র, তথন উহা যে প্রকারে বন্ধন করে,বিষয় যখন জ্রন্ম হন অর্থাৎ বিষয়সকলকে যখন জীব জ্রন্ম বলিয়া স্বীকার করিয়া লয়, তথন উহা সেই একই প্রকারেই তাহাকে সাযুজাপদ প্রদান করে; অথবা জীব যখন অন্ত বিষয়ে অভিনিবিষ্ট না হইয়া, ভগবানেরই ধ্যাননিরভ হয়,তখন সেই এ ই প্রণালী অবলম্বনে তাহাকে আপন অঙ্গে যুক্ত করিয়া লয়েন, ইহাই ভগবান দেখাইতেছেন। অর্থাৎ বিশক্ষপিণী জগজ্জননী মাকে আমার মা ना विनया—विषय विनया धावें। कवितन छेटार आमता रा युक्त ट्टे, छोटा अन বৈষ্য্তিক যোজনা, এবং তাহাই বন্ধনপদবাচ্য; আবার এই বিষয়সমস্তকেই মা বলিয়া উপলব্ধি করিলে, অথবা বিষয় দর্শন ছাড়িয়া মাতৃদর্শনে প্রাণ নিযুক্ত করিয়া রাখিলে, তাহাতেও আমরা মায়ে নিযুক্ত হই; ডাহা আত্মিক যোজনা, তাহার নাম মুক্তি – সাযুজ্য। বস্তুতঃ বিষয়সকল ত্রন্ধাতিরিক্ত পদার্থ নহে, আমাদিগের প্রাণ যে ভাবে তাহাতে যুক্ত বা আসক্ত হইয়া পড়ে, মা আমাদিগকে সেই ভাবে আকর্ষণ করিয়া রাখেন।

এখানে আর একটা কথা বলিয়া, তবে শ্লোকটীর অর্থ আলোচনা করিব। শ্লোকটিতে "ক্রোধ" শব্দটীর উল্লেখ আছে। গীতার এই স্থলে ভগবান্ স্থিতপ্রজ্ঞ পুরুষের দক্ষণ-সকল বর্ণনা করিতে প্রধানতঃ বাহ্যিক কর্মসকলের অপকর্ষতা,

এবং আন্তরিকতাট্কুই যে উৎকৃষ্ট এবং প্রধান, তাতা বিশেষ করিয়া কলিতেছেন 🔊 পূর্বে হইতে এ আভাস আমনা বিশেষ ভাবে পাইয়া আসিতেছি। এবং এ স্থলে. কেমন করিয়া প্রধানতঃ স্থিকপ্রজ্ঞ হইয়া বন্ধনমুক্ত হইতে পাবা যায় ভাহাই বর্ণনা করিতেছেন। এই শ্লোক তৃইটীতেও স্ততবাং ঠিক সেইরূপ লক্ষা যে ভগবানের আছে. ইহা স্থির সিদ্ধান্তকপে গ্রহণ করা যাইতে পাবে। বিষয়সঙ্গ ও ব্রহ্মসূক্ত, এই তুই সঙ্গ বঝান উদ্দেশ্য না কবিজেও কেমন করিয়া বিষয়সঙ্গ হইতে আমরা. বন্ধন প্রাপ্ত হই, ইহা প্রধান ভাবে এ শ্লোকের মর্ঘ বলা ববং সমীচীন হুইয়া, পড়ে; किन्न क्लांध भक्तीन माधान। वर्ण গ্রহণ করিলে সে প্রধান উদ্দেশ্য হইছে দরে গিয়া পড়িতে হয়। ক্রোধ হইতে কি কবিয়া বদ্ধিনাশ হয় সে কথা এ স্থলে আলোচনা করিবাব কোন আবশ্যকতাই ছিল না। ধাান হইতে বিষয়সঙ্গ হয়, বিষয়-সঙ্গ হইতে কামনা হয়, কামনা হইতে মোহ মোহ হইতে বদ্ধিনাশ, বদ্ধিনাশ গুটাতে বিনাশ, এইরূপ বলিলেই যুক্তিসঙ্গত গুটত, কিন্তু মধ্যেব ক্রোধ শব্দীর সাধারণ অর্থ গ্রহণ করিলে ক্রোধ হইতে কি প্রকাবে বিনাশ হয়, ইহাই যেন বিশদভাবে বর্ণিত হুইয়াছে বলিয়া মনে হয়। ক্রোধ হুইতে বিনাশ পাপ্ত হওয়ার বৈজ্ঞানিক তব আলোচনা কবিবাব অভিপ্রায় এ সলে দেখিতে পাওয়া যায় না। স্মৃতরাং ক্রোধ শব্দ ঠিক ক্রোধ অর্থে না লইযা, ক্রোধেব কারণ-মূলক উদ্বেলন অর্থে গ্রাহণ করিয়া মর্শ্মের ভাবসংলগ্নতা রক্ষা কবাই যুক্তিসঙ্গত।

বিষয়ের ধ্যান বা চিন্তনে বিষয়-সঙ্গ কবা হয়। বিষয় ভোগ করিলেই যে বিষয়-সঙ্গ হয় ভাগা নহে। অনুচিন্তনের দ্বাবাও সঙ্গ হইয়া থাকে। আমি পূর্পে বিলয়াছি, আহার্য্যাদিব দ্বাবা যেমন আমাদিগের সুল দেহ পরিপুঞ্চি লাভ করে, চিন্তা দ্বারা তদ্ধপ আমাদিগের মনোময় কোষ পুন্দ হয়। চিন্তা মনোময় কোষের আহার। যাহা কিছু আমরা চিন্তা কবি না কেন, উহা আমাদিগের মনোময় দেহের অঙ্গাভ্ত হইয়া যায়। সভবাং উহা আমাদিগের উপর আধিপতা বিস্তার করিতে থাকে। বার বাব কোন বিষয়ের চিন্তা করিলে, উহার আধিপতা ক্রমশঃ প্রবলতর হইয়া কামনারূপে ফুটিয়া উঠিতে থাকে। তত্তং বিষয় প্রাপ্তির জন্ত প্রাণে তৃষ্ণা জাগাইয়া দিতে থাকে। কামনা—সেই তৃষ্ণা মাত্র। উপর্যুপরি চিন্তনের দ্বারা তৃষ্ণা ফুটাইয়া তোলা যাইতে পারে। এই জন্তও অন্ততঃ ঈশ্বরনাম শ্বরণ ঈশ্বর চিন্তা নিত্যক্রিয়ারূপে আমাদিগের করণীয়। আনেকে তৃঃথ প্রকাশ করিয়া থাকেন, ভগবানের দ্বন্ত প্রণ কাঁদে না—আকুলতা আসে না,

কি করিব ? তাঁহারা অন্ততঃ যদি ভগবদ্বেদন পাইবার জন্ম আকুল তৃষ্ণা প্রাণে ফুটাইতে ইচ্ছুক হইয়া থাকেন. তাহা হইলে, শ্রন্ধা যেরূপেই হউক, কর্ত্ত-ব্যের অনুরোধেও নিত্যক্রিয়াদি করিতে করিতে সে তৃষ্ণা পাইতে পারেন।

যাহা হউক, বিষয় চিন্তন হইতে উপজাত সে তৃষ্ণা, সে কামনা, উত্তরোজর পরিবর্দ্ধিত হইতে থাকে। বিষয়ের প্রাপ্তি ও অপ্রাপ্তিতে সে তৃষ্ণা হ্রাসপ্রাপ্ত হয় না; বরং বিষয়প্রাপ্তির সঙ্গে সংক্ষ পে তৃষ্ণা পরিবর্দ্ধিত হয়, উদ্বেলিত হয়, আবার সে প্রাপ্ত বিষয়ের নাশ, অভাব বা প্রতিরোধেও সে তৃষ্ণা উদ্বেলিত হয়। এই উদ্বেলন অবস্থাই ক্রোধ-পদবাচা। কামনা হইতে প্রাণের একটি উবেলিত গতিপ্রাপ্তি অনিবার্যা। প্রাণ যখন এইরূপে উদ্বেলিত হয়, তখন তাহা হইতে মোহ আসে। তখন সে গতির আর স্বাভাবিক প্রবাহ থাকে না। স্রোতঃ-প্রবাহ যতক্ষণ নদী-গর্ভে প্রবাহিত থাকে, তত ক্ষণ উহা আপন প্রণালী অবলম্বনে বহে; কিন্তু বন্ধায় উৎক্ষিপ্ত হইলে সে উদ্বেলিত স্রোত প্রণালী অতিক্রম করিয়া দিগ্রবিদকে গ্রাম নগরাদি ভাসাইয়া ছুটিতে থাকে। তদ্রপ যখন কামনা ক্রেন্ধা হয়, অভাবে হউক, প্রাপ্তিতে হউক, প্রতিরোধ হইতে হউক, বিনাশ হইতে হউক, কামনা কোন প্রকারে যখন উৎক্ষিপ্ত হইয়া পড়ে, তখন আর কিছু তাহার চক্ষে প্রিংফলিত হয় না। তাহার সমস্ত প্রাণ সেই এক কামনাতেই অভিত্ত হইয়া পড়ে।

সেই অভিতব হইতে শৃতিবিজ্ঞম আসিয়া উপস্থিত হয়। প্রাণ মোহাভিভূত হইয়া পড়িলে তখন শ্বৃতি বিলুপ্ত হইয়া থাকে। সে কামনা পরিপ্রণের পথে যে সমস্ত প্রতিবন্ধক থাকে, তত্তং সম্বন্ধে সম্যক্ শ্বৃতি আর প্রাণকে স্ফুচিত, কুঠিও করে না। সে কামনার সঙ্গে অন্যান্য যাহাদিগের সম্বন্ধ থাকে, তাহা-দিগের ইষ্টানিষ্ট প্রভৃতি আর তাহার মনকে বিচঞ্চল করে না। হয় ত সে কামনা প্রণে কোন ব্যক্তির স্বার্থে আঘাত পড়িবে, অথবা হয়ত সে কামনা প্রণে তাহার নিজেরই মান যশঃ স্বাস্থ্য ধর্ম আদি সর্বাদা রক্ষণীয় পদার্থে আঘাত লাগিবে; কিন্তু সে সকলের শ্বৃতি লোপ হইয়া যায় অথবা বিল্রান্থভাবে প্রতিক্রিত হইতে থাকে।

এইরপ শ্বতিবিভ্রম হইতে বৃদ্ধি নষ্ট হয়। শ্বতি পূর্ণভাবে প্রকটিত থাকিলে মোহাচ্ছন্ন প্রাণ সে কামনা পূরণে হয় ও অগ্রসর হইতে পারিত না, বৃদ্ধিকে উচ্চীবিত করিয়া সে কামনা পূরণের বিপক্ষে উত্তেজিত করিত বা সে সম্বন্ধ হঠতে বিরুদ্ধ করিত; কিন্তু স্থিপ্রায় অথবা বিক্তভাবাপ্র হওয়ায় সে বুদ্ধি অবধি নই হইয়া যায়। আর কাণ্ডাকাণ্ড, কার্য্যাকার্য্য জ্ঞান থাকে না, হিতাহিত বোধ অন্তর্হিত হইয়া যায়। জীব, সমস্ত উপেক্ষা করিয়া, সমস্ত বিষয়ে সম্পূর্ণ উদাসীন হইয়া সে কামনা পূরণরূপ গহরের ঝাপ দেয়—দে পূর্ণরূপে আবদ্ধ হয়—ইহাই নাশ। বহু দিনের জন্ম তাহার প্রাণগতির এক অংশ গহরুন্মধ্যে জ্যোতের মত আবদ্ধ হইয়া নিক্ষন্ধ, গতিহান অবস্থা প্রাপ্ত হয়। এই গাত্তনীন নামই নাশ। এইরূপে আমরা বিষয়ে বিষয়ে আবদ্ধ হইয়া শক্তিহান, গতিহীন, মৃত্তের মত জন্মের পর জন্ম মোহাচ্ছন্ন হইয়া অতিবাহিত কারতেছি।

আবার এই বিষয় যখন ত্রহ্ম হন—অর্থাৎ যথন ম। আমাদিগের ধ্যেয় বিষয় হইয়া থাকেন,যখন পুণ্যবান্ সাধক,মাত্চরণরূপ পরম বিষয় ধাানে অভ্যস্ত হয়েন, তখনকার কথা বলি। তাহার নাশের প্রণালাও ঠিক এইরূপ। ধ্যান করিতে করিতে তাহার মাতৃ-সঙ্গ করা হয়। সেইরূপ সঙ্গ হইতে মাকে পাহবার **জগু,** মাকে দেখিবার জন্ম তাহার আণে কামনা বা আধুল তৃকা সঞ্জাত হহতে থাকে। ভাহার প্রাণ চারি ধারে মাকে খুজিতে থাকে। যত তাহার সঞ্চান না পায়, যত জাগতিক স্থুল বিষয়সকল বা ভত্তং সংকাৰসকল তাহার আণের গাতকে বাধা দেয়, যত তাহাকে মাতৃচরণে আশ্র লইতে না দেয়, তত সে তৃষ্ণা ক্কা, ক্রুদ্ধা হইয়া উঠিতে থাকে। অথবা যত সে মাতৃ-ানদর্শনসকল পাহতে থাকে, মাতৃ-অর্ভুতি চারি ধার হইতে যত ফুটিতে থাকে, তত তাহার প্রাণও ডর্ঘেলত **২হয়াপড়ে। ক্রমশঃ সে মায়ে মোহাচ্ছন্ন হয়। মা ছাড়া আর কিছু সে** যেন দে। খতে পায় না। পদার্থে পদার্থে সে তার লুকায়িত। মঙ্গলময়া মাকে অবিভিন্ত। বলিয়া যেন অনুভব করে। তথন যেন দারুণ কুক্সাটকার দারা ব্যাপৃত হইয়া পড়ে। তাহার জীবন নিবিড় অন্ধণারময় বালয়া বিবোচত ২য়। সে বল্পনায় সব্বত্র মাকে দেখে. অথবা তাহার প্রাণ চারি ধারে সমস্ত বিষয় উপেক্ষা করিয়া এক মাতৃ-মুখে প্রধাবিত হইতে থাকে, অথচ সম্পূর্ণরূপে তখন বিষয়-বুদ্ধি তিরোহিত হয় না বলিয়া সেই বিষয়সকলই অন্ধকার কুক্সটেকার মত তাহার মনের চারি ধার বেষ্টন করিয়া থাকে। তুযারমাণ্ডত মেধাচ্ছন্ন পর্বত-মেখলার মধ্যে পথভাস্ত সাধক যেন স্তব্ধ হইয়া আকাশের দিকে চাহিয়া আছে, তাহার প্রাণের তথন এই ভাব হয়। যেন পায় পায় অখচ পায় না— रयन क्रून विषय्र-मः क्षात्र हार्ष् हार्ष् व्यथह हार्ष् ना । यन छत्रवन् छार छारात्र

প্রাণকে চারি ধার হইতে গ্রাস করিয়া ফেলিতেছে. ব্রহ্মাণ্ডের এমন কোন পদার্থ যেন নাই — মুহুর্ত্তের জন্য একমাত্র ঐ মাতৃরূপে ছাড়া অন্য প্রকারে যাহা স্থ দিতে পারে। যাহা কিছু স্থথ শান্তি, আশা ভালবাসা, সমস্ত উপেক্ষা করিয়া তাহার প্রাণের গতি, প্রণালী অতিক্রম করিয়া বন্সার মত, অন্ধের মত, উন্মাদের মত মামা করিয়া ছুটিবার প্রয়াস পায়। সাধারণ মানুষ সংসার-মে'হে যেরূপ আবদ্ধ হইয়া ধর্মে উপেক্ষা করে, সে সাধক মাতৃভালবাসার মোহে সেইরূপ আচ্ছর হইয়া জগণকে উপেক্ষা করে। অর্থাৎ একাগ্রমুখী চিত্তক্রিয়া ক্রমশঃ সমস্ত বুদ্ধিটিকে ব্যাপৃত করিয়া তথন তাহার স্মৃতিবিভ্রম ঘটাইতে থাকে। ইন্সিয় ও বিষয়াদির স্মৃতি তাহার প্রাণ হইতে মুছিয়া যাইতে আরম্ভ করে। শব্দ-স্পর্শ-রূপ-রুস, এ সকলের বিশেষ বিশেষ অনুভূতিসকল লোপ হয়। জগতের বন্ধন-সকল ইম্মজালের মত মিলাইয়া যাইতে থাকে। হিতাহিত জ্ঞান, বৃদ্ধি, মানাপমান, যশ, লজা, সমস্তের স্মৃতি অন্তর্হিত হইয়া যায়। এই স্মৃতি-ভ্রংশ অবস্থা হইতে বুদ্ধিনাশ হয়। তথন আর অহ্য কোন নিশ্চয়াত্মিকা রুত্তি ভাহার প্রাণে থাকে না। এমন কি, যে বৃদ্ধির দারা মাকে কল্পনা করিয়া লইয়া— তাহার সাধনার স্টন। করিয়াছিল, সে বৃদ্ধি পর্যন্ত লুপ্ত হইয়া যায়। আর কোন বৃদ্ধি বা নিশ্চয়াত্মিকা বৃত্তির সাহায্যে তাগকে—তাহার প্রাণকে সঞ্জীব উত্তৈজনাপূর্ণ করিয়া রাখিতে হয় না। প্রাণ তখন বিনা সাহায্যে, বিনা কল্পনায়, বিনা উদ্দাপনায় মাতৃভাবে যুক্ত হইয়া থাকে। এইরূপে বৃদ্ধিনাশের পর তাহার নাশ হয়—তাহার বতন্ত্র অন্তিব ঘুচিয়া যায় অর্থাৎ মাতৃ-সারূপ্যবোধে সে উপনীত হয়—দে মাতৃত্বক্ষে লীন হয়, ইহাই নাশ।

নাশ, শুনিতে যত ভয়নক, বস্তুতঃ নাশ সেরপ নহে। নাশ নবজীবন লাভের অভিষেক-মন্দির। নাশ নৃতন উপভোগের সূচনা। নাশ নব প্রভাতের উষা। বিষয়ে হউক অথবা মায়ে হউক, যেখানেই আমাদিগের বৃদ্ধি নাশ হউক, যেখানেই উহা আমাদিগের গতিরোধ করুক, জানিও, উহার পশ্চাতে নবীন জীবন লুকায়িত। তবে বিষয়ে নাশ—আংশিক নাশ। মায়ে নাশ মহালয়। বিশ্লেষিত মাতৃ-অঙ্গরাপ রূপ রস আদিতে যথন বৃদ্ধি নাশ হয়, তথন উহা আংশিক বিনাশ। স্বৃত্রাং উহা বিশৃষ্ট্রলাময়, স্ব্যুত্থমিপ্রিত। উহা বিশ্লেষিত বহিন-রশ্লিবৎ বর্ণ-রঞ্জনাময়। পূর্ণ অবিচ্ছিল্লা অবিকৃতা মায়ে যথন সেনাশ ঘটে, তথন উহা শুজ রবিকিরণবৎ রঞ্জনাশৃক্ত।

যাহা হউক, বিষয় ধ্যান হউতে কি প্রকারে লয় অবধি সংঘটিত হয় ভাষা দেখিলাম। আবার যোগক্রিয়ারূপ ধ্যান অবলম্বনেও ঠিক এই ভাবে সমাধি লাভ হয়। হাদয়ে যখন আমরা সংযতচিত্তে মাকে ধ্যান করিতে বৃদি, সে ধ্যান যে মাত্রায় করিতে আমরা সমর্থ হই সেই মাত্রায় মাতৃ-শক্তি হৃদয়ে সঞ্চারিত হইতে থাকে, সেই মাত্রায় আমাদিগের মাতৃ-সঙ্গ করা হয়। ভূমি হয় ত বার বার প্রগাঢ় অভিনিবেশের স্মৃহিত মাকে ক্রদুয়ে প্রতিফলিত করিবার জন্ম প্রয়াস পাইতেছ, অথচ তোমাব বিক্লিপ্ত চিত্তে সে প্রয়াস বিচ্ছিন্ন হইয়া যাইতেছে; তাই বলিয়া ভাবিও না, তোমার সে প্রয়াস রুথা যাইতেছে। সে ধানে মাতৃ-সঙ্গ করা হইতেছে। সে সঙ্গ কখনও রুথা যাইবে না। যে পরিমাণে ধ্যান প্রগাত হয়, দেই পরিমাণে মাতৃশক্তি উদ্দীপিতা হইয়া উঠিয়া হৃদয়ে একটা শক্তির আবর্ত্তন রচনা করে। যে শক্তি আমাদিগের চিরসঙ্গিনা, যে শক্তি আমাদের চির্মঙ্গলান্ত্রবর্ত্তিনা, সেই শক্তির সঙ্গ করা হয়। ধীশক্তি আবিভূতা হট্যা আমাদিগের প্রপ্রদর্শিকা সঙ্গিনার মত দাঁডায়। যে ধীশক্তি তায়ী বিভার মল, যাহা গায়্ত্রীরূপে প্রকটিতা হইয়া আহ্মণ-ফ্রদয়ে সিংহাসন প্রতিষ্ঠা করিয়াছে, সেই ধীশক্তি উজ্জীবিতা হইয়া জীবের মঙ্গল অম্বেষণ করে। মুতরাং বুঝা উচিত, ধাান ধ্যানমাত্র নহে, ধ্যানই বেদমাতা, ধ্যানই স্রষ্টা, ধ্যানই সবিতা। ধানে ব্রহ্মা এ ব্রহ্মাণ্ড স্থজন করিয়াছেন। ধানে তুমি তোমার অবস্থা-সকল রচনা করিতেছ। ব্রহ্মাণ্ডের সর্বক্ষেত্রে—স্থুল, স্ক্ষ্ম, ভৌতিক, আধ্যাত্মিক সমস্ত তত্ত্বে আমরা যত কিছু পরিণাম, প্রকার-ভেদ, যত কিছু বিভিন্নতা উপলব্ধি করি, উহা ধ্যানের ফলম্বরূপে প্রকটিত বুঝিতে হইবে। শব্দ স্পর্শ রূপ রূদ গন্ধ ইত্যাদি ধ্যানেরই পরিণতি। স্ক্রন ধ্যানেরই পরিণাম। তবে আমরা শক্তিহীন বলিয়া আমাদের গ্যানসকল ভাবময় মূর্ত্তিভেই অবস্থান করে। ত্রন্ধাদি জগৎস্রান্টাদিগের শক্তি অতুল বলিয়া—তাঁহাদিগের ধ্যান জভমূর্ত্তি পরিগ্রহণে বা জড ভাবে আমাদের ইন্দ্রিয়গোচর হইতে সমর্থ। আমাদিগের ধ্যান প্রগাঢ়তা লাভ করিলে, আমরাও জড় স্ষ্টি করিতে সমর্থ इटेर[ा] आमता बन्नामित अम नाङ कतिर। एकन अर्थ कान क्रिनिय **এक**-বারে ছিল না, নৃতন তৈয়ারি হইল, এরপে নহে। স্জ্ধাতুর অর্থ ত্যাগ। সমস্তই আছে বা সম্বপর, অব্যক্ত জ্ঞানশক্তিরূপে অবস্থান করিতেছে; সেই অব্যক্ত অবন্থা পরিত্যাগ করিয়া ব্যক্ত হয় বলিয়া উহার নাম ত্ত্বন। ধ্যানের প্রগাঢ়ভার হারা উহা ব্যক্ত করার নাম সঞ্জন। আমরা যাহা চিন্তা করি, বাহার ধ্যান করি, তাহা এখন স্থুলরপে প্রকটিত হয় না এলিয়া কখনও হইবে । না, এমন নহে। এক দিন না এক দিন তাহ। প্রগাঢ়তা লাভ করিবেই। এক দিন না এক দিন তাহা স্থুলরপে আমার ভোগে আসিবেই আসিবে। ধ্যানশক্তির ফল অনিবার্যা। ধ্যান অপ্রকাশকে প্রকাশিত করে, ধ্যান প্রকাশকে অপ্রকাশিত করে, ধ্যান-বিচিত্র-ভাই জগদ্বিচিত্রতা। ধ্যান আমাদিগের মাতা।

यागांक्यापूर्वात्तत्र ममरत्र এই धानरे (धार वस्त्रत्त अकिए रहेशा थार्क। यथन ज्ञानित, धान जानित्वह, ७थन ज्ञानित त्य, त्याय ज्ञानवशाय। यथन দেখিবে, ভাবনাময় দেহ রচিত হইতেছে,ডখন জানিবে,তাহার স্থুল কোষ অবিলম্বে রচিত হইবে। ধ্যান যেনু কারণ-শরার। যে বস্তর ধ্যান কার, সেই বস্তর্রাপণী মাতৃশাক্ত, যেন কারণ-শরার পরিগ্রহণ করিয়া প্রকটিত হয়েন। ইহারই নাম ধ্যানের দারা বিষয়-সঙ্গ করা। তার পর উহা প্রগাঢ় হইলে সে মৃত্তির ভাবদেহ র্চিত হয়, উহা কামদা, উহার নাম কামদেহ। ইহার গাতায় "সঙ্গাৎ সঞ্চায়তে কামঃ" বলিয়া অভিহিত হইয়াছে। তার পর সে কামদায়িনী লীলা।বিলাস-চাঞ্চা লাভ করিলে উহার ভৈরবী মৃত্তি প্রকটিত হয়। রাগ-চর্চিতা সে মূর্ত্তি লীলা-প্রকটন-নত্তনশালা হয়েন, ইহাই "কামাৎ ক্রোধোহভিজায়তে।" সে ভৈরবীব তাণ্ডব নৃত্যে আমরা জগৎ সংসার ভাল। আমরা সে ভৈরবীর ভৈরব তেজে যেন দিশাহারা, যেন কেমন এক প্রকার হইয়। পড়ি। যেমন প্রবল বাত্যা এবাহিত হইলে, তাহার বিরামহীন নি.স্থনে অস্থান্ত শব্দস্কল আচ্ছাদিত হইয়া যায়, কেহ উচ্চৈ:স্বরে কোন শব্দ করিলে হঙ্গিতে বুঝিতে পারি—শব্দ করিতেছে, অখচ শুনিতে পাই না, সেইরূপ এ ভৈরব উল্লাসময়া কামমূর্ত্তি প্রাণে প্রকটিত হহলে, জগং মনে খাকিলেও, খুতিতে উহা বিরাজিত খাকেলেও, সব যেন আচ্ছাদিত হইয়া যায়। সব আছে জানি, ভাল মন্দ সব বুঝিতে পারি, কিন্তু ভত্রাচ সে ভৈরবোল্লাস হইতে চকু ফিরাইতে পারি না, কামনার व्यवन ভाবে व्याकृष्ठे दरेरा थाकि। देदा मिटे महामालक व्यापमय प्रदा তখন সে শক্তি মোহিনা মূর্ত্তি পরিগ্রহণ করেন। ইহাই "ক্রোধাৎ ভবতি সম্মোহः"। ভৈরবা ষড় রসরাগে রঞ্জিতা হইয়া মোহিনা স্থুল ধ্যেয় মৃত্তিতে সাধককে বা জাবকে বিমুদ্ধ করিয়া,ভাহার স্মৃতি-বিভ্রম উপাশ্বত করে। এত ক্ষণ জগৎ-স্মৃতি ছিল, এখন ত।হা থাকে না, ছিন্ন ভিন্ন মেঘথণ্ডের মত চিদ।কাশের কক্ষ: হইতে

সে স্থৃতিসকল ভাসিয়া ভাসিয়া উড়িয়া যাইতে থাকে বা জীবের প্রাণরসে ডুবিয়া যাইতে আরম্ভ করে। আপন আপন স্বাভন্ত। রক্ষা করা একটা জীবধর্ম। এভ ক্ষণ পর্যান্ত সে আপন বৃদ্ধির দ্বারা আপন অন্তিত অনুভব করে, তাহার সে স্বাভন্তা রক্ষিত থাকে; কিন্তু নোহিনী মূর্তিতে সেই স্থৃতিবিভ্রম হইলেই ভাহার স্বাভন্তা বৃদ্ধি ভিরোহিত হয়—তাহার লয় হইয়া যায়। তথন আর জীব আপনাকে খুঁজিয়া পায় না। জ্ঞানশৃত্য মুগ্ধ জীব জেন মোহিনীতে লীন হইয়া পড়ে।

সকল বিষয়ে সর্ব্ধ প্রকার ধ্যানে এইরপে ঘটে। এই একই নিয়মপ্রবাহ অবলম্বন করিয়া জীবের ধ্যানার্দারে মা আমার জীবকে মুগ্ধ, অঙ্কযুক্ত করেন। ধ্যানের এই প্রকারের স্তর্ব্ধলি যাঁগারা উপলব্ধি করিতে পারেন, তাঁহারা বলিতে পারেন কত দিনে কোন্ ধ্যানবিশেষ স্থূলে বা কার্য্যে পদ্ধিণত হইবে। এবং ধ্যানপ্রবাহ কোন স্তরে কোন প্রকারে শক্তির অভাববশতঃ রুদ্ধ, গতিহীন হইয়া পড়িলেও, তিনি সেই তর হইতে স্থকোশলে সে ধ্যানকে আবার বেগময়ী গতি প্রদান করিতে পারেন। যদি সাধক হইতে চাহ, যদি মায়ের জন্য প্রাণ ভোমার কাঁদিয়া থাকে, যদি ইচ্ছা হয়, মায়ের এ বিচিত্র লীলাবিলাস প্রাণুক্ষ কর।

শুধু মূর্ত্তি নতে, সঙ্গে সজে শক্তির বর্ণরঞ্জনাও পরিবর্ত্তিত হইয়া যায়। তত্ত্ব সকল পর পর আবিভূতি হইয়া বিচিত্র বর্ণবৈশে প্রাণকে মুগ্ধ করিতে থাকে। সে বর্ণরঞ্জনা দেখিতে পাওয়া যায়। ললাটক্ষেত্রে, হৃদয়ে, সর্ব্বাঙ্গে উহা পরিদৃষ্ট হয়। তত্ত্ব বিচারকালে সে জ্যোতির্গোলকের কথা সবিস্তারে কথিত হইবে। যাহা হউক, স্থিতপ্রজ্ঞ পুরুষের বিচরণ সম্বন্ধে বলিতে গিয়া, ধান হইতে কি

প্রকারে বন্ধন ও মুক্তি আসে তাহা বলিয়া হিতপ্রজ্ঞ পুরুষ বিষয়সকলে কি প্রকারে বিচরণ করেন, তাহা বলিতেছেন।

> রাগদ্বেষবিমুক্তৈস্ত বিষয়ানিন্দ্রিংশ্চরন্। আত্মবশ্রেবিধেয়াত্মা প্রসাদমধিগচ্ছতি ॥৬৪

তু রাগদ্বেষবিমূক্তিঃ (বিযুক্তিঃ ইতি বা পাঠঃ) আকর্ষণ-বিপ্রকর্ষণ-মূক্তিঃ আত্মবশ্যৈঃ ইন্দ্রিয়েঃ চরন বিধেয়াত্মা প্রসাদং অধিগচ্ছতি।

ব্যবহারিক অর্থ।—রাগদ্বেষহীন আত্মবশী ভূত ইন্দ্রিয়ের দ্বারা বিষয়ে বিচরণ করিয়াও বিধেয়াত্মা পুরুষ আত্মপ্রসাদ লাভ করিয়া থাকেন।

যৌগিক অর্থ। —পূর্ব্বশ্লোকে বিষয়-সকলের ধ্যানের তারতম্যে কিরূপে গভির

ভার ম্মা রইয়া থাকে, ভাহা বলা হইয়াছে। কিন্তু ধাঁহারা মাতৃ-ভাবে বিভার যাঁচারা অহনিশ মাজ-চিন্তনেই বাস্ত বা যাঁচারা বিষয়মাত্রেই মাজ্সভাব আভাস দেখেন, তাঁহারা কি তবে বিষয় ভোগ করিতে পারেন না ? পুর্বের যেমন বলা হইগাছে, যাহাদিগের মন স্বভাবতঃ বা বৃদ্ধিযোগের দ্বারা মায়ে যক্ত না হইয়া বিষয়রাগে মন্ত, তাহারা বিষয়-সকল হইতে দুবে থাকিলেও, তাহা-দিগের চিত্তক্ষেত্র হইতে বিষয়ান্তরাগ যায় না. ঠিক তদ্বিপরীত অবস্থা মাতৃ যুক্ত পুরুষে পবিলক্ষিত হয়। বৃদ্ধিযোগের দারা মাত্যুক্ত পুরুষ বিষয়-সকলে বিচরণ করিয়াও, বিষয় ভোগ করিয়াও শান্তি মার, আত্ম-প্রসাদ মাত্র লাভ করিয়া খাকেন: স্থিতপ্রজ্ঞ পুরুষে ও সাধারণ পুরুষে এই পার্থকা। একজন বিষয়-সকল হইতে দুরে অবস্থান কবিয়াও, তাহাদিগেব আকর্ষণের হাত হইতে মুক্তি পায় না ; আর একজন বিষয়নিবহের মধ্যে সেচ্ছামুসারে বিচরণ করিয়াও ভাহাতে লিপু সয় না : বরং ভাসা স্টুডেই শান্তি অধিক মাত্রায় লাভ কবে। এই তুই বিপরীত গতি ব্যাইবার উদ্দেশেই মূল শ্লোকে "তু" শব্দ বাবহাত হইয়াছে। বিষয়সকলকে যাহার। বিষয়রূপেই পরিদর্শন করেন এবং বিষয় বলিয়াই তাচাতে আকৃষ্ট হতেন, ব্ঝিতে চটবে, বিষয়ের বিষয়তেই তাঁচাদের অমুরাগ। বিষয়স্কলকে ব্রহ্ম বা মা বলিয়া যাঁহাদিগের ধারণা হইয়াছে, বৃঝিতে হইবে, মাতৃভাবেই তাঁহাদিগের অনুরাগ। বিষয়েব কোন দোষ বা গুণ নাই। আমাদিগের ধাানেব অবস্থা-ভেদ মাত্র। শব্দ স্পর্শাদি ইন্দ্রিয়ার্থসকলে যাঁহারা অমুরাগাপন্ন, তাঁহাদিগের পধানতঃ যেমন ভগবানে পবল অমুরাগ থাকে না **ন্থিত প্রত**্ত পুরুষ বা মায়ে য[া]হাবা অনুরাগাপন্ন, তাঁহাদিগের বিষয় সম্বন্ধীয় বুত্তি-সকলও তদ্রেপ অনুরাগশনা। বিষয়কে তাঁচাদিগের চিত্ত আকর্ষণও করে না. স্ততরাং প্রত্যাখ্যানও করে না। কোন জিনিষকে প্রত্যাখ্যান জীব তত ক্ষণ করে, যত ক্ষণ প্রাণের স্পৃহা তাহার জন্য থাকে না, বরং তাহা প্রাণের পক্ষে বিরক্তিকর বলিয়া বিবেচিত হয়: কিন্তু ইন্দিয়সকল যাহা কিছু বছন করিয়া ভিতরে আনিবে, তাহাই যদি মাত্রপ্রেরিত বলিয়া বা মাত্-সম্বন্ধযুক্ত বলিয়া বৃদ্ধিযোগাব-লম্বী গ্রহণ করে, তবে তাহা বিরক্ত না করিয়া বরং চিত্তে মাতভাব আরও প্রবলতর করিয়া দেয় এবং সে সমস্ত বিষয় ভোগেও বিষয়ে যুক্ত না হইয়া. যোগী বরং মায়েই অধিকতর আত্মহারা হইয়া উঠে। স্থতরাং তখন বিষয়সকল বিষবৎ বিবেচিত না হইয়া,পরম শাস্তিপ্রদ হইয়া সাধকের সাধনায় সহায়তা করে। আমরা কোন জিনিবকৈ যত কণ প্রত্যাখ্যান করিতে সচেষ্ট পাকি, কোন জিনিষে প্রাণেব যত কণ বিদ্বেয় থাকে, বুঝিতে হইবে, ততকণ প্রাণে সে জিনিষের সংস্থার বন্ধমূল আছে। স্থতবাং অমুবাগেব মত উহাও বন্ধনের হেতৃ মাত্র। বিষয়-সকল হইতে তফাৎ হও বলিখা যত ক্ষণ আমবা ধারণা রাখি, তত ক্ষণ আমি বিষয়ী মাত্র, এ কথা যেন স্মবণ থাকে। ত্যাগ ভাল—কিন্তু ত্যোগ পর্যান্ত যাহাব ত্যাগ হইয়াছে সেই মহাপুক্ষ —সেই হিতপ্রস্তা। যত দিন না জীব বৃদ্ধিব দ্বাবা মায়ে যুক্ত হইতে পাবে, তত দিন তাহাব প্রাণ ত্যাগ কবিয়া বাস্ত পাকে; শক্র যত ক্ষণ, তত ক্ষণ যেমন অন্তচালনা, জীবেব এ ত্যাগ ধাবণাও তদ্ধেপ। শক্র ঘৃচিয়া গেলে, বৃদ্ধিব দ্বাবা মায়ে লগ্ন হইলে, তখন আর উহাব আবশ্যকতা থাকে না। সেই জন্ম ভগবান্ অমুবাগ ও দ্বের, উভয় প্রকার সংস্কাব হইতে বিমুক্ত বলিয়া মহাপুক্ষককে বর্ণনা করিলেন।

আমবা ইন্দ্রিয়-ধর্মে আসক, ব্রহ্মমীকে আমরা ইন্দ্রিযার্থ বিষযমাত্রকপে উপভোগে সিদ্ধ, সেই জন্ম আমাদিগেব ধ্যান সাধাবণতঃ বিষয় ধ্যান মান এবং উহা বিষয়কপেই আমাদিগকে আবদ্ধ কবিতেছে। বৃদ্ধিযোগেব দ্বাবা মাতৃযুক্ত হইয়া যদি অবস্থান করিতে সক্ষম হই, তবে এ বিষয়রাগ ও বিষয়দ্বেষ হইতে বিয়ুক্ত হইয়া, ইহাব মধ্যে বিচবণ কবিয়াও মাথেই সংযুক্ত থাকিব। আবার আমার ব্রহ্মময়ী মাই যদি ধ্যেয় বিষয় হন, তাহা হইলে তাঁহাতেই যুক্ত হইব সভ্য কিন্তু তাঁহাতে যুক্ত হইলে যে বিষয়-সকলেব সহিত ইন্দ্রিয়-ধর্ম্মে বিচবণ কবিতে সক্ষম হইব , এবং ইন্দ্রিয়-তৃপ্তি থাকিলেও তাহা হইতে প্রম শান্তি লাভ করিব। "তু" শব্দ প্রয়োগে এই হুই প্রকাবে পূর্বিশ্লোকেব সহিত এ শ্লোকেব সংযোগ রক্ষা করা হইয়াছে।

যাহা হউক, কেমন, কবিয়া এ প্রকাব সম্ভব হয ? যে ইন্দ্রিয়ের স্থানোহে আমাদিগকে আবদ্ধ কবে, সেই ইন্দ্রিয়-সকল সেই সকল ভোগের ভিতর থাকিয়াও কেমন কবিয়া শান্তি লাভ করে ? কেমন কবিয়া ইহা সম্ভবপব হয ? আকর্ষণ ও বিপ্রকর্ষণ-শক্তির অভাবে। আমি স্পন্দনতত্ত্ব বৃঝাইবার সময বলিয়াছি ষে, আমাদিগের জড় তত্বসকল আকৃঞ্চন ও প্রসারণ বা আকর্ষণ ও বিপ্রকর্ষণ, এই চুই প্রকারে কার্য্য করে বলিয়া আমরা তুই প্রকাবেব ইন্দ্রিয় পাইয়াছি—জ্ঞানেন্দ্রিয় ও কর্ষেন্তিয়ে। জ্ঞানেন্দ্রিয় আকর্ষণের জন্ত এবং কর্ষেন্ত্রিয় প্রসাবণের জন্ত গঠিত

হয়। মন ওই সকল ইন্দ্রিয়ার্থ বা বিষয়ে অহর্নিশ এত আকৃষ্ট থাকে যে, ইন্দ্রিয়-সকল যেন মৃহুর্তের জন্ম নিস্তবঙ্গ থাকিবার অবসর পায় না। 'এবং যেমন প্রভু নিকটে থাকিয়া অবিরাম কার্যো ব্যাপ্ত থাকিলে ভ্রত্যেরাও কার্য্য না করিয়া নিশ্চিম্ব থাকিতে পারে না, তদ্রপ মন এইরূপে বিষয় বিষয় করিয়া লালায়িড थांटक विनया, हेन्स्या-मकल छ विषर्यत अण यन्नवः महाहे थाटक । मन विषर्य मध বলিয়া ইন্দ্রিয়গণও বিষয়েই ওইরূপে অভিনিবিষ্ট থাকে। বিষয়ের সংস্পর্শ-মাত্রেই আকৃঞ্চিত বা প্রসারিত হইয়া মনকে অভিনিবিষ্ট করিতে থাকে। কিন্তু মন যদি আবার ভগবানে যুক্ত হয়, তখন ইন্দ্রিয়-সকলও আর বিষয়ে আকৃঞ্চিত বা প্রসারিত না চইয়া, শুধু যেখানে যেখানে ভগবদভাব উদ্দীপক বিষয় বর্ত্তমান, সেই সেই ক্ষেত্রের সারিধাই আকৃঞ্চিত বা প্রসারিত হইতে থাকে। আমরা এমন অনেক সমযে উপলব্ধি করিয়াছি, যে যেকপ ভাবাবলম্বী, তাহার ইন্দ্রিয়াদি সেইরূপ বিষয়-সকলেরই সন্ধান সহব পায়: একই স্থানে যদি একজন ভগবদ্-ভক্ত ও একজন সাধারণ বিষয়ী লোক যায়, তবে সেখানে ভগবদ্ভাবোদীপক পদার্থসমূহই সর্বাণ্ডো সে সাধুর ইন্দ্রিয়গোচর হইবে, এবং স্থুল বিষয়-সকল সেই সাধারণ লোকটীর ইন্দ্রিয়ে অগ্নে প্রতিফলিত হইবে। তাহাদিগের মনকে কে যেন টানিয়া আনিয়া স্বস্থ অভ্যন্ত বিষয়ে নিযুক্ত করিয়া দিতেছে, এইরূপ সচরাচর বোধ হইয়া থাকে। ভাবিও না, সমস্তই মনেরই ধর্ম। মন প্রধান হইলেও মন অপেকা জড়াভত ইন্দ্রিয়েরও স্ব সামাক্ত শক্তি অমুযায়ী ধর্ম আছে। মন যে প্রকার ভাবে মুগ্ধ হইয়া ইন্দ্রিয-সকলকে পরিচালন করে— ইন্দ্রিয়-সকলও সেই সকল ভাবোদ্দীপক গুণে গঠিত হইয়া যায়। ইন্দ্রিয়বর্গ কেন, স্থল দেহ অবধি এইরূপে মনের গুণামুযায়ী গুণযুক্ত হইয়া থাকে। সেই জন্ত বিষয়-সকলের মধ্যে বিচরণ করিয়াও ভগবদ্ভাবাচ্ছন্ন পুরুষ অভিভূত হন না ৷

ভগবদ্ভাবাচ্ছর পুক্ষ একমাত্র ভগবানে ছাড়া অক্স কোথাও হৃদয়ের ভাব
জড়াইয়া রাখেন না, কোন বৃত্তি দিয়া বিষয়-সকলের সহিত সম্বন্ধ স্থাপন করিয়া
রাখেন না। ছেলের। যেমন খেলাঘর পাতিয়া খেলা করে, আবার পর মৃহুর্ত্তে
আনাবিল চিত্তে ভাহা পরিত্যাগ করে, সাধু পুক্ষেরা সংসারেও সেই ভাবে বিচরণ
করেন। বস্তুতঃ দোষ ওই সম্বন্ধ স্থাপনে। অনুরাগ বা বিদ্বেষ, যে প্রকার বৃদ্ধিমৃত্তির দারাই বিষয়ে লিপ্ত থাক না, জানিও—উহা বন্ধনের কারণ। একটা সম্ব

বলি। এক দিন. মহর্দ্ধি নারদ বাণাযন্ত্রে গান করিতে করিতে গোলোকে গিয়া উপন্থিত; জগৎপতির চরণ দর্শন অভিলাষ করিয়। পুরে প্রবেশ করিভেছেন। সহসা দেখিলেন, নারায়ণ ব্যস্তভাবে কোথায় চলিয়াছেন। প্রভুকে প্রণাম করিয়া মহর্ষি হাঁহার বাস্তভাবে গমন কবিবার কাবণ জিজ্ঞাসা করিলেন। নারায়ণ বলিলেন, মর্বে কোন এক ভক্ত কাতর হইয়া পড়িয়াছে, ভাহার সেবা করিছে যাইতে বিলম্ব হইয়া গিয়াছে, সেই জন্ম ক্রত চলিয়াছি। নারদ স্বস্থিত! মরলোকে এমন কে মহাপুক্ষ আছে, প্রভু স্বয়ং যার সেবা করিছে ছুটিয়াছেন। নারদ এলিলেন,—"প্রভু, যদি অনুমতি করেন, আমি সে মহাপুক্ষ দর্শন করিয়া কৃতার্থ হইতে আপনার সহিত যাই।" নারায়ণ বলিলেন,—" হুমি যদি ক্রতে বেগে আমার সহিত চলিতে পাব, এস; আমি আব বিশ্ব করিতে পারিভেছি না।" জগৎপতি চলিলেন: নাবদ পশ্চাং পশ্চাং ছুটিতে লাগিলেন।

মধ্যাফ বাল , প্রচণ্ড রোজে পৃথিবীবক্ষঃ দক্ষপ্রায়; তপ্ত বায়ু অগ্নিস্রোভের মত প্রবাহিত , নাবায়ণ চলিয়াছেন, পশ্চাতে নাবদ। বৌজে ছুটিয়া ছুটিয়া নাবদেব কণ্ঠ বিশুক্ষ হইয়াছে; ঘর্মে সর্বাঙ্গ অভিধিক্ত হইতেছে; নারদ তৃষ্ণায় কাতব হইয়া ভগবান্কে বলিলেন,—"প্রভু, ভৃষ্ণায় প্রাণ যায়, আগে এই টু জলের সন্ধান করি, আপনি ক্ষণকাল অপেক্ষা করুন।" নারায়ণ কাতরভাবে বলিলেন,—"নারদ, আমাব অপেক্ষার সময় নাই; তুমি সম্মুখস্থ ওই প্রামে গিয়া সাধু গৃহস্থদের আশ্রমে জলপান করিয়া আইস, আমি তত ক্ষণ অগ্রসর হই। তোমাব পথ ভুল হইবে না, আমি ওই দিক্ দিয়াই যাইব।" নারদ গ্রামাভিমুখে চলিলেন।

দিব্য আশ্রম; বৃক্ষ-মন্তপের মধ্য হলে হ্রন্দর হ্রপরিষ্ণ গদেবালয়; তাহারই সম্পূথে কোন ভক্ত ভাগবত পাঠ করিতেছেন, শ্রোত্মগুলী অদুরে উপবিষ্ট হইয়া বিমুগ্ধভাবে সে অমিয়ধারা পান করিতেছেন। নারদ গিয়া উপন্থিত; বৃক্ষ-ছোয়ায় নারদের দেহ স্লিগ্ধ হইল; ভগবদ্গাথা শ্রবণে নারদ তৃষ্ণা ভূলিয়া গেলেন, অশুধারায় তাহার বক্ষঃস্থল প্লাবিত হইল, ভাবিলেন, শ্রম্ম এই মহাপুরুষ, ধন্ম ইহার ভাগবত আলোচনা, ধন্ম ভক্ত; ইহার পরশে জ্বগৎ পবিত্র; বুঝি, প্রভূ আমার এই মহাপুরুষকে কৃতার্থ করিতেই আসিতেছেন; ছলনা করিয়া, আমায় অথ্রেই এইখানে প্রেরণ করিয়াছেন।

महमा এकते वानक मिह ऋल वानिया छे अञ्चल इहेन। बानकति म

সভামশুণে প্রবেশ করিয়া, চারি ধারে নিরীক্ষণ করিয়া, পাগলের মত ছুটিয়া গিয়া সেই ভক্তের সম্মুখে দাঁড়াইল। নগ্ন বালক—দেখিলে নিয়জাতীয় বলিয়া বোধ হয়। তাহার উন্মাদবং এই আচরণ দেখিয়া সকলে 'যেন কিংকর্ত্তব্যবিমৃত্ হইয়া রহিল; উন্মাদ বালক সেই ভক্তের সম্মুখে হাসি.ত হাসিতে এ দিকে ও দিকে দেখিতে লাগিল। ভক্ত তথন পর্যান্ত শুন্তিত ভাবে নিস্তর। সহসা সেহ উন্মাদ বালক, সেই ভাগবতখানির উপব একটা পদ উত্তোলন করিয়া দিল। তথন সেই ভক্ত চাংকার করিয়া উঠিলেন, 'আরে আরে, কোথা হইতে বালক আসিয়া সর্ব্বনাশ করিল। সব অপবিত্র হইল—দ্র—দ্র।" বালক ছুটেয়া পলায়ন করিল।

নারদ দেখিলেন, সে বালক অন্ত কেহ নহে, স্বয়ং নারায়ণ। তিনি এ লীলা বুঝিতে পারিলেন ন।। তিনিও বেগে বালকের পশ্চাং পশ্চাং বহির্গত হইয়া গেলেন। কছু দুরে গিয়া, নারায়ণ পাছু ফিরিয়া নারদকে ডাকিলেন; নারদ নিকটে গিয়া উপস্থিত হইয়া কিজ্ঞাসা করিলেন, "যদি ভক্তকে কুপা করিয়া দেখা দিতেই আসেয়াছিলেন, তবে এরপ ছলনায় তাহাকে প্রতারিত করিবার কি আবশ্যক ছিল? যখন গোলোকপুরী হইতে আসিয়াছিলেন, তখন আপনার ব্যস্ত ভাব দোখ্যা মনে হইয়াছিল, আজ মর্ত্তে আপনার রপায় আভনব লীলা দর্শন করিয়া কুতার্থ হইব। কিন্তু যাহা দেখিলাম, তাহাতে কুপা অপেক্ষা ছলনাই অব্ ক প্রতাক করিলাম, সেহ অপেক্ষা নিষ্ঠু বতাই উপলব্ধি হইল। চির-নেজ্র তুমি—বুঝিলাম, তোনার প্রাণে কুপার আবির্ভাব হহলেও স্বায় বভাব-দোধে নেষ্ঠু রতা প্রকাশ করিয়া ফেল। নতুবা আজ এ ভক্তের সম্মুখে ডপস্থিত হইয়াও এমন করিয়া শ্রবিঞ্চত করিবার কি উদ্দেশ্য ছিল জগনাথ!"

তখন ভগবান্ ঈষৎ হাস্ত সহকারে, তার সে প্রাণাপেক্ষা প্রিয় ভক্ত নারদের অফ্র মুছাইয়া দিয়া বাললেন,—"নারদ, যে ভক্তকে সেবা করিবরে জন্ত গোলোক হইতে মত্তে আসিয়াছি, এ সে ভত্ত নহে; তাহার নিকট অগ্রেই গিয়াছিলাম; তোমায় সঙ্গে লইয়া যাইতে বিলম্ব হইতে ছল দেখিয়া, স্থির হইঙে না পারিয়া, ভোমার প্রাণে ভৃষ্ণার সঞ্চার করিয়া দিয়া, ছলে তোমায় এখনে প্রেরণ করিয়াছ।"

"নিগুর ছলনাময়। আমায় এত কষ্ট দিয়া মর্ত্তে আনিয়া, শেব আমাকেই ভোমার সে পরম ভক্তের সঙ্গ করিতে দিলে না—বঞ্চনা করিলে? ভাহা হইবে না, এখনই আমায় পে ভক্তকে দেখাইতে হইবে। আমি কোন কথা ভনিতে চাহি না, আমি এখনি তাহাকে দেখিব। চল, আমায় লইয়া চলা।" ন বদ কাদিয়া আকুল। তখন নারদকে সজে লইয়া নারায়ণ সেই প্রিয় ভক্তের আলয় অভিমুখে চলিলেন।

কিয়দ্ব গিয়া ভাহারা দেখিলেন, এক ব্যাধ ধমুর্বাণ লইয়া শাকার উদ্দেশ্যে অরণ্য অভিমুখে চলিয়াছে। নারায়ণ নাবদকে ইঙ্গিত করিয়া বলিলেন,—"ভূমি এই ব্যাধের পশ্চাৎ পশ্চাৎ গোপনে যাও, যেন ভোমাকে ব্যাধ দেখিতে না পায় বা বুঝিতে না পারে, ভূমি ডহার অমুসরণ কবিতেছ। ব্যাধ যত ক্ষণ না কেরে, ভূমি উহার সঙ্গ ছাড়িও না আমি এইখানে রহিলাম; এই পথেই প্রত্যাগমন করিবে; ভোমার সহিত এইখানেই আমার সাক্ষাই হইবে।" নারদ প্রথমে ভাবিলেন, ভগবান্ পূর্ববারের মত তাহাকে বঞ্চনা কবিয়া, আবার তাঁর শ্রিয় শিল্পের নিকট যাইতেছেন, তিনি প্রথম ভাষণাকৃতি ব্যাধের পশ্চাৎ পশ্চাৎ যাইতে অথাকৃত হইলেন। তিন্ত অবশেষে ভগবদাদেশ শিরোধার্য করিয়া ক্ষমনে ব্যাধের পশ্চাৎ পশ্চাৎ অবণ্যে প্রবেশ কারলেন।

ব্যাধ অরণ্যে প্রবিষ্ট হইয়া, স্থানে স্থানে জাল বিস্তৃত করিয়া, ধন্থ বাব হস্তে বৃক্ষে আরোহণ করিয়া, পক্ষা আদি হত্যা কবিতে লাগেল, পিশাচের মত পক্ষার নীড় হহতে কুজ কুজ শাবক-সকল বিনঃ করিল। নৃশংসভার সে বীভংস দৃশ্য দেখিয়া মহামুনি নারদেব প্রাণ কাঁাদতে লাগিল; কি করেন, ভগবানের আদেশ। স্থতরাং পুত্লিকার মত সে নবকের প্রেতকৌড়া দোখতে লাগিলেন। ব্যাধ হাস্তময়।

ব্যাধ, সমস্ত অপরাহু এইকপে নৃশংস ভাবে পশুহত্যা করিয়া, সন্ধ্যার সময় সেই সমস্ত আহত পশু ও জাল স্বন্ধে লইয়া, ধমুব্বাণ হত্তে অরণ্য হহতে বিনিক্রান্ত হইয়া, পুনরায় সেই পথে প্রভ্যাবর্তন করিতে লাগিল; দেবধিও তাহার পশ্চাৎ পশ্চাৎ ফিরিলেন ও নিদ্ধিত স্থলে আসিয়া দেবধি ভগবানের সাক্ষাৎ পাইলেন। ব্যাধ অএসর ইইবামাত্র ভগবান নারদকে বলিলেন,—"এস আমার সঙ্গে, এই ব্যাধের অনুধাবন কর।" নারদের কৌতুহল বাদ্ধত হইল, ভাবিলেন,—"কি আশুর্যা। এই সমস্ত অপরাহু জাবহত্যা দেখিয়া দেখিয়া প্রাণদ্ম হহয়। গেল, কেরুর নৃশংস হানক্ষা। এ ব্যাধের সঙ্গ করিয়া কলুষে হ্রদয় কালিমাময় হইল, আবার ঠাকুর ইহারহ পশ্চাদ্ধাবন করিতে বলিতেছেন।" যাহা

হউক, অগত্যা় তিনি ভগবানের সঙ্গে সঙ্গে চলিলেন। অবশ্যে ব্যাধ ইহঁ।দিগকে দেখিতে পাইতেছিল না।

কয়খানি ক্ষুদ্র পর্বকৃটীর—শভচ্ছিত। দারিত্যে ও তামসিকতার জ্বলম্ভ ছবি। ব্যাধ সেই আশ্রমে প্রবেশ কবিল; কতকগুলি সন্তান-সম্ভতি ও স্ত্রী ব্যাধের পরিবার ও পোশু; শীকাবলর পক্ষী আদি নামাইয়া ব্যাধ স্নান করিতে চলিয়া গেল; ব্যাধের স্ত্রী সেই সমস্ত মাংসাদি বন্ধন আয়োজনে ব্যাপৃতা হইল।

নারায়ণ নারদকে বলিলেন,—নাবদ, চল স্নান করিয়া আসি; আজ ভক্তের প্রদত্ত অন্ন ডোমায় দিব।

নারদের প্রাণে অভিমান উথলিয়া উঠিল; বলিলেন,—"ভক্ত দেখিবার জক্ত মধ্যাফ কাল হইতে ফিরিঙেছি, নান। প্রকাব ছলনায় আমায় সে আশাপুরণে বঞ্চিত করিতেছেন। শেব এই নরকসদৃশ অপবিত্র স্থানে আনিয়া বলিতেছেন, নারদ! ভক্তপ্রদত্ত পবিত্র আহার গ্রহণ করিবে!"

নারায়ণ হাসিতে হাসিতে নারদকে সঙ্গে লইয়া, ব্যাধেব স্নানাদি সমাপনাস্তে পুনরায় সেই ব্যাধের আশ্রমে প্রভাগমন করিলেন। তখন রন্ধনাদি প্রস্তুত, ব্যাধ স্নান হইতে ফিবিয়া আহাবের জন্ম আসনে উপবিষ্ট। ক্রের ব্যাধের এই নিয়ম ছিল, যাহ। কিছু পাক করা হইবে, সমস্ত ব্যাধকে ধবিয়া দিতে হইবে, ব্যাধের আহার শেষ হইলে যাহ। অবশিষ্ট থাকিবে, তাহাই তাহার জীপুত্রাদি আহার করিবে। আহারকালে সে কুটীবে কাহারও প্রবেশ করিবার অধিকার নাই। ব্যাধন্ত্রী আহার্য্যাদি লইয় ব্যাধের সম্মুখে সাজাইয়া দিয়া গেল। শিশু পুত্রসকল প্রাঙ্গণে অপেক্ষা কবিতে লাগিল—দয়াময় পিতার আহার কত ক্ষণে সাঙ্গ হয়, এবং কতহ বা অবশিষ্ট থাকে। অন্তরীক্ষে নারদ ও নারায়ণ দিড়াইয়া। প্রভু বলিতেছেন,—নারদ। বৎস। বিলম্ব করিও না— প্রস্তুত হইয়া অপেক্ষা কর, ভক্ত এখনি আহারার্থে সম্ভাবণ করিবে। নারায়ণের চক্ষে জলধারা। নারদ অবাক্। বাক্যরহিত।

গৃহটি নিশুক, শীণ দীপের মান আলোকরশ্মিতে অন্ধকার সমাক্ বিদ্রিত হয়
নাই। সেই আলো আধারের সঙ্গমে, সেই পাপ-পুণ্যের মিলন-মন্দিরে ব্যাধ,
স্তিমিতনয়নে অন্ধসম্ভার সম্মুখে লইয়া আত্মহারা! কি বলিব—তুমি সর্ববি
সর্বোশ সর্বা-অন্ধপ, তোমার মহিমা ব্যাখ্যা করিতে গিয়া কি ধৃষ্টভার পরিচয়
দিব! সুমি আমার, তুমি সকলের—এই মাত্র জানি। তোমায় যে পাইয়াছে,

সেও ভোমায় জানে না, যে পায় নাই, সেও ভোমায় জানে না। ভোমার অপূর্বে লীলারহস্ত আমর। কি ব্বিব ? ভোমার ককণার কণামাত্র আমর। কিরপে ধারণা করিব ? ভোমার লীলারহস্ত কি বর্ণনা করিব ? নারদ দেখিলেন, জগন্নাথ বালকবেশে সেই ব্যাধের সহিত আহাব কবিতেছেন; আর সেই সমস্ত পক্ষী সঞ্জীব হইয়া, গৃহ ভেদ করিয়া অরণো পলায়ন করিতেছে। নারদ মৃচ্ছিত হটলেন।

ব্যাধ আহারাস্তে নিজিত হইয়াছে; নাবায়ণ নাবদকে বলিতেছেন,—"নারদ! আমার প্রিয় ভক্তের তুমি সঙ্গ করিয়াছ। ভক্ত এখন নিজিত, চল প্রত্যাপমন করি।" নারদ করজোডে জিজ্ঞাসা কবিলন,—"প্রভূ! আমি মোহাচ্ছন্ন, আমি কোন ক্রমে এ ব্যাধের ভক্তির লক্ষণ দেখিতে পাইতেছি না। আমায় চক্ষুদিন। আমি ব্যাধকে একবার দেখি।"

যাঁহার ইচ্ছায় লয়মোহ ঘূচিয়া সৃষ্টি সূচিত হয়, হবি-হর বিরিঞ্জি স্বপ্রোখিত হন, তাঁহার কুপায় নারদেব মোহ দূর চইল। নাবদ ব্যাধের সৃক্ষ শরীর দেখিলেন। দেখিলেন, পক্ষী ধরিয়া ব্যাধ, ত্রক্ষাঙ্গে তাহা নিক্ষেপ করিতেছে। সেই অমর আজাসকল প্রভুর অঙ্গে গিয়া আশ্রয় লইতেছে। যেন শ্রাম তরুবর অবলম্বন করিয়া বিবিধ চিত্রিত বিহঙ্গমকুল স্থাথে বিশ্রাম লাভ করিতেছে। সর্বাদা সমস্ত পদার্থ ভগবানে অবস্থিত, ব্যাধ এই ধাানে বিভোর। নারায়ণকে অবলম্বন করিয়া ক্ষুদ্রাদপি ক্ষুদ্র কীট হইতে সমস্ত জীবসজ্য অবস্থান করিছেছে। কেহ ব্রহ্মচাত নহে। কোন অবস্থায় তাতা হইতে বিচাত হইতে পারে না। কেই কদাচ কোন প্রকারে কোন জীবকে সে অভয় আনন্দময় আশ্রয় হইছে বিচ্যুত করিতে পারে না। জন্ম মৃত্যু আদি ফপে, সে আনন্দময় মন্দির হইতে জীব কখনও বিক্ষিপ্ত হয় না—হইতে পারে না। চারি ধারে অনস্ত আনন্দ-মাতৃকোড়ে 'শিশুবং সমস্ত তাঁর অকে। ইহাই ব্যাধের সাধনা। ব্যাধ দিবানিশি এই ভাবে ভগবানে যুক্ত। তাই ব্যাধের হস্তে যে সকল প্ৰ হত হইতেছে, ভাহাদিগের স্থুল কোষ অবধি বিনষ্ট হইতেছে না। ব্যাধ যেন সহস্র প্রকারের ক্রুরতা প্রকাশ করিয়াও কাহাকেও ব্রহ্মচ্যুত করিতে পারিতেছে না। ইহাই ভাহার হত্যাক্রীডা।

নারদ দেখিলেন। ভগবান্ নারদকে বলিলেন, নারদ! দেখ, আমার নিড্যবুক্ত ভক্তকে পরিদর্শন কর। ইহার হৃদয়ে জাগতিক পদার্থের জ্বন্ধ অনুরাগ

বিরাগ কিছুই সঞ্চিত নাই। সমস্ত বৃত্তি একীভূত হইয়া একমাত্র আমার রাগে রিছিত। জীবহত্যারপ নৃশংস কার্যেও ইহাব বিদ্বেষ নাই, ত্রী পুরাদি প্রিয় পদার্থে অব ধি ইহাব অমুবাগ নাই। একমাত্র আমি উহার প্রিয়, সেই জন্ম ব্যাধ আমাবত একান্ত প্রিয়। আর সেই যে ভক্তকে ভাগবত পাঠ কবিতে দেখিয়া, ভূমি আমার প্রিয় ভক্ত বলিয়া অমুমান করিয়াছিলে, তাহাব অমুবাগ আমাতে তত নহে, যত শান্তে, শান্ত-ব্যাখ্যায়। বিদ্বেষ শান্ত ছাড়া সমস্তে। শুন নারদ, শান্তাদি, অস্থান্য সমস্ত পদার্থ অপেক্ষা উৎকৃষ্ট হইলেও অমুবাগ তাহাতে জড়াইয়া থাকিলে হইবে না, বৃত্তি আমাতে অর্পত হওয়া চাই। শান্তাদি ব্যাখ্যাকালে উহার প্রাণ সময়ে সময়ে আমাতে যুক্ত হইয়া যায় সেই পুণ্যে আমি আজ্ব উহার সম্মুখে স্থুলদেহ অবলম্বন করিয়া প্রকাশ হইয়াছিলাম, কিন্তু চিনিতে পারিল না। প্রথবের সম্মুখে ব্যাম্থরূপে গিয়াছিলাম, তবু সে চিনিয়াছিল। বস্তু বা বিদ্বেষ প্রবল্গ ভাবে থাকিলে, আমাকে পাওয়া যায় না। প্রাণ আমাতে মুয়হইলে, অস্ত কোন পদার্থে বা ভাবে, অমুবাগ বা বিদ্বেষ-সম্বর্গ থাকে না। তাহাবা আমার প্রসাদ পায়—অ্পূর্বর্গ প্রসন্ধতায় সে অহর্নিশ ময় থাকে। সেরপ প্রসন্ধতা অশ্বনলে কি হয় ?

প্রসাদে সর্বভঃথানাং হানিরস্থোপজায়তে। প্রদমচেতদো হ্যাশু বৃদ্ধিঃ পর্যাবতিষ্ঠতে॥ ৬৫

প্রসাদে অস্ত সর্ব্বহংখানাং আধ্যাত্মিকাদীনাং হানির্বিনাশঃ উপজায়তে। প্রসন্ত্রচন্তসঃ হি আশু শীল্পং বৃদ্ধিঃ পর্য্যবৃতিষ্ঠতে নিশ্চলা ভবতি।

ব্যবহারিক অর্থ।—ওইরূপ প্রসন্ধতা লাভ হইলে সর্কবিধ ছঃখ তিরোহিত হয়। এবং প্রসরচেতার বৃদ্ধি অতি শীঘ্র নিশ্চলভাবে অবস্থান করিতে সমর্থ হয়।

যৌগিক অর্থ।—বাগদ্বেষ-বিমৃক্ত অবস্থায় যে প্রসন্ধতা আছে, তাহা লাভ করিলে, কোন প্রকার হঃখই আর জীবকে যন্ত্রণা দেয় না। প্রসন্ধময়ীতে বৃদ্ধির ছারা যুক্ত হইলে বিষয়-রাগ ও বিষয়-বিছেষ, এই উভয়ের কবল হইতেই বিমৃক্ত হইতে পারে। বিষয়ের মধ্যে বিচরণ করিয়াও ভাহার প্রসন্ধতার কোন বিশ্ব ঘটে না। প্রসন্ধতিত পুরুষের আধ্যাত্মিক, আধিভৌতিক এবং আহিলৈবিক, কোন প্রকার হঃখই আর উপলব্ধি হয় না। ভাহার বৃদ্ধি আঁতি লাভ মান্ত্রে সমাহিত হইয়া বায়।

পূর্বে বিষয় ধানে কি প্রকারে জীবের বন্ধন সংসাধিত হয়, তাহা বলা হই-য়াছে। এবং ধন বিষয় ত্রহ্মময়ী হইলে, তাহার দ্বারা কি প্রকারে মায়ে সন্থান नीन रय, ভাষাও ভগবান্ বলিয়াছেন। ''ধাায়তো বিষয়ান্ পুংসং'' ইভ্যাদি ল্লোকের অর্থ বাহ্যিক বিষয়-সকলের ধ্যান ও বন্ধন-কৌশলটুকু মাত্র ধরিলে, আমরা "রাগছেষবিমুক্তৈন্ত্র" শ্লোকের আর এক প্রকার অর্থ গ্রহণ করিতে পারি। অফুরাগ বা বিদেষ ইত্যাদির দ্বারা অর্থাৎ যে কোন প্রকারে অনুরাগের দ্বারাই হউক বা বিদ্বেয়ের দ্বারাই হউক, কোন রকমে—কোন বৃত্তির দ্বার "বিমৃক্ত" হইলে, অর্থাৎ বিশেষ প্রকারে মুক্ত বা ভগবানে যুক্ত হইলে, বিষয়-সঞ্চলে সঞ্চরণ করিয়াও পুরুষ সম্ভেদের প্রসন্নতালাভ করেন। বিষয়ধানে বিষয়সক হয়,সে বিষয় যখন স্থল বিষয় গাত্র, তখন তাহা হইতে বিষয়-বন্ধন স্থাচিত হয়। ধান উভয় প্রকারেই হইতে পারে। অমুরাগ অথবা দ্বেষ, তুই প্রকারে বিষয়ধ্যান সম্পাদিত হয়। অমুরাগ বা বিদ্বেষ, যে কোন প্রকারে বিষয়ধ্যান হই**লেই তাহা** ংল্পনের কারণ হয়, কিন্তু সেই অনুরাগ বা বিদ্বেষের দারা ভগবানে যুক্ত হইলে, चूल ियम्भक्ल ट्रेंट विर्मय श्रकात्त कीन विभूक रम। ज्यन विषय-मक्रलद মধ্যে বিচরণে তাহার প্রসন্ধতা লাভ হইয়া থাকে। এবং সেই প্রসন্ধতা লাভ হইলে, তবে তাহার সমস্ত হঃখের অবসান হয়। তাহার ত্রিতাপের জালা বিদ্রিত হয়। তাহার অনস্ত মর্মদাহ চিরদিনের জ্বন্ত নির্বাপিত হয়।

মায়ের আমার এমনই কুপা। মা আমার তোমার নিকট ভক্তি বা প্রেমের কাঙ্গাল নহেন। মা আমার শুধু তোমার প্রাণসমুদ্র মন্থন করিয়া যে পবিত্র নির্দাল ভক্তিটুকু সঞ্জাত হইতে পারে, সেই ভক্তিটুকুর মুখ চাহিয়া নাই। মা তোমার নিকট তোমার সর্ববিশ্রেষ্ঠ শক্তিটুকু প্রহণ করিতে চাহেন না। হায়, ভাহা হইলে আমাদিগের ভরসা বুঝি ছিল না। তাহা হইলে আজিকার এ ঘোর বিপ্লবে, মাতৃচরণ,লাভের আশা স্থানুবপরাহত হইয়া পড়িত। কঙ্গার সে অনস্ত প্রবণ, ভালবাসার সে উত্তাল সমুদ্র, ভোমার যে কোন বুল্তি দিয়া তাঁহাতে যুক্ত দেখিতে চাহেন। যাহা হয় দাও, যাহা ইচ্ছা অর্পণ কর। যাহা ভোমার শক্তিতে কুলায়, যাহা ভোমার প্রাণ চায়, সেই রকমেই তুমি আমায় যুক্ত হও। ভক্তির দারা হউক, ভয়ের দারা হউক. হিংসা, দ্বেষ, অনুরাণ, বিরাণ, যে কোন বুল্তি দিয়া, যে কোন ভাব দিয়া, তোমার প্রাণের যে কোন একটা শাণা দিয়া তুমি মাকে আমার স্পর্শ করিয়া থাক। মা আমার ভাহাতেই সন্তর্চা।

মা আমার ভাহাতেই স্থলভা। যাহা হয় একটা কিছু দিয়া তাঁহাকে স্পর্শ করিয়া থাক। বল—"মা নাই"—নাস্তিকাবাদ অবলম্বন, তাঁহাও তোমার উপেক্ষিত হইবে না; কিন্তু ধরিয়া থাকা চাই। প্রাণের বৈগ দিয়া যে কোন একটা ভাবরূপ অবলম্বনী বাড়াইয়া মায়ের দিকে চাহিয়া থাকা চাই। সেটা ভোমার অনুরাগ, কি সেটা ভোমার বিদ্বেষ, সেটা ভোমার ভক্তি, কি সেটা ভোমার বিরক্তি, সেটা ভোমার ভালবাসা বা সেটা ভোমার ঈর্ধা—মা আমার সেটা দেখেন না—দেখিতে চাহেন না। মা শুরু অপেক্ষা করিভেছেন, কেহ ভাঁহাকে স্পর্শ করিয়াছে কি না—কেহ তাঁহার দিকে চাহিয়াছে কি না। ভাল-বাসার ইহা অপেক্ষা উৎকৃষ্ট নিদর্শন আর কোথাও পাওয়া যায় কি না, জানি না।

এই প্রকারে যে কোন বৃত্তি দিয়া, রাগ বা বিদ্বেষ, যাহা ইউক দিয়া যে মায়ে আমার যুক্ত, সে পুরুষ বিষয়ের মধ্যে বিচরণ করিয়া আ রপ্রসাদ মাত্র লাভ করেন। সে প্রসন্ধতা লাভ ইইলে সমস্ত হৃংথের অবসান হয়। চিত্ত প্রসন্ধ ইইলে বুদ্ধি সম্যক্রপে মায়ে প্রতিষ্ঠিত হয়। মায়ে যে কোন বৃত্তির দারা তুমি যুক্ত হও, প্রাণপণে মায়ে আমার সেই বৃত্তি প্রবাহ ঢালিয়া দাও—তোমার স্মস্ত ধান্ধা দূর ইইবে, তোমার সমস্ত তাপ জ্লাইয়া যাইবে, তোমার সমস্ত বৃদ্ধি মায়ে চিরপ্রতিষ্ঠিত ইইয়া লাগিয়া থাকিবে।

প্রহলাদ আজন্ম সর্বত্র ভগবান্কে দর্শন করিতেন, ক লিখিতে কৃষ্ণ দেখিয়া কাদিয়া আকুল হইতেন। আদর্শ ভক্তি লইয়া, আদর্শ ভালবাসা লইয়া জগতে আসিয়া আজন্ম ভক্তির পরাকাষ্ঠা দেখাইয়াছেন —ভগবান্কে লাভ করিয়াছেন। প্রুব, কামনার তাড়নায় —প্রতিহিংসার প্রেরণায় ভগবান্কে ডাকিয়া ভগবান্কে লাভ করিয়াছেন। প্রহলাদের ও প্রবের ফলপ্রাপ্তি কিন্তু এক, সেই মাতৃ-অঙ্গে মিলাইয়া যাওয়া। অথবা যদি কিছু তাঁহাদের ফলে বিভিন্নতা থাকে, তাহা আমাদিগের মন্থ্যবৃদ্ধির অগম্য। তুমি কামনার তাড়নাতেই হউক, ভালবাসার উন্ধাদনাতেই হউক, ঈর্ধার তাড়নাতেই হউক, যে প্রকারে পার,অদম্য বেগে ভগবানের মুখাপেক্ষী হও। তুমি সমস্ত সন্দেহ সংশয়, মোহ যন্ত্রণা অবসাদ হইতে পরিত্রাণ পাইবে এবং ওইরূপে যুক্ত হইয়া থাকিতে থাকিতে তবে সম্যক্রপে তাঁহাতে যুক্ত হইতে সমর্থ হইবে। এই প্রকারে যুক্ত না হইলে, তোমার বৃদ্ধি, তোমার ভাবনা, তোমার জ্ঞান, তোমার বিচার, সমন্তই অন্র্যক্ত বিলয়া বৃদ্ধিও।

ৰান্তি বৃদ্ধিরযুক্তস্য ন চাযুক্তস্য ভাবনা। ন চাভ:বয়তঃ শান্তিরশান্তস্য কুতঃ স্থম্॥৬৬ ়

অযুক্তস্ম বৃদ্ধি: নান্তি, অযুক্তস্ম ভাবনা চ ন (বিছাতে) ; অভাবয়তঃ শান্তি: চ ন (বিছাতে), কুতঃ অশান্তস্ম স্থম্ , (ন বিছাতে ইত্যৰ্থঃ)।

ব্যবহারিক অর্থ।—অযুক্ত বাক্তির বৃদ্ধি থাকে না, ডাহার ভাবনা বা ধী-শক্তির পরিচালনাও সম্ভব হয় না। সৈরূপ ধ্যান না থাকিলে শান্তিলাভ ইয় না। শান্তিহীন মনুয়োর স্থেসপ্তাবনা কোথায় ?

যৌগিক অর্থ।—এই প্রকারে তাঁহাতে যুক্ত না হইলে, ভগবদ্বৃদ্ধি মনুষ্য লাভ করিতে সমর্থ হয় না। ভগবদ্ভাবনাই তাহার আসে না। আমরা হুখানা শাস্ত্রপ্ত অভ্যাস করিয়াই জয়চক। বাজাইতে আরম্ভ করিয়া দিই; মনে করি, বৃক্তিতে বৃথি আর বাকি নাই। কিন্তু চাঁহাতে বৃত্তির দ্বারা যুক্ত না হইলে, তৎ-সম্বন্ধে আলোচনা করিবার বৃদ্ধিই আমরা লাভ করিতে পারি না, এ কথা আমরা ভূলিয়া যাই। আমাদিগের এ বৃদ্ধি বৃদ্ধিপদবাচাই নহে। তাঁহাতে যুক্ত হইলে, তাঁহাকে স্পর্শ করিয়া থাকা অভ্যাসে পরিণত করিলে, তবে ধীরে ধীনে ধী-শক্তি—যাহার আরাধনায় ব্রাহ্মণেরা নিত্য অভ্যন্ত, সেই মহতী পবিত্রা ব্রহ্মপ্রেরতা ধী-শক্তি উদ্বোধিত হয়। তবে ভিলে তিলে আনন্দ আসে, তবে ভিলে তিলে যেন কি একটা আলোকের ছায়া প্রাণের উপর পড়িতে থাকে, তবে মা কি, যেন একটু একটু বৃন্ধিতে স্ত্রপাত করি। বৃদ্ধির দ্বারা যুক্ত হইতে না পারিলে, সে বৃথা বৃদ্ধি লইয়া কোন কাজই হয় না। একমাত্র তাঁহার দিকে প্রেরণা ছাড়া কোন চরিতার্থতা সে বৃদ্ধি আমাদিগকে দিতে সমর্থ হয় না।

অযুক্তের বৃদ্ধি থাকে না। বৃদ্ধি না থাকিলে ভাবনাও থাকিতে পারে না,
—ভাবের আবির্ভাব প্রাণে হইতে পারে না, যতক্ষণ না বৃদ্ধিকে ঘূরাইয়া মায়ের
দিকে বাড়াইয়া রাখি। প্রাণে ভাব না আসিলে, শান্তি কোন প্রকারেই লাভ
করিতে পারা যায় না। এবং শান্তি লাভ না করিলে স্থুখ কোথায় ? ভোমার
শান্তির আশা বিড়ম্বনা মাত্র, ভোমার স্থুখের আশা স্থপ্প মাত্র, যত দিন না ভূমি
অক্ত সকল প্রকার পদ্বা পরিত্যাগ করিয়া, মায়ে আমার বৃদ্ধির ভারা যুক্ত ছও।
বৃদ্ধির অপব্যবহার করিও না। যতটুকু বৃদ্ধি থাক্, যতটুকু বৃদ্ধি আমরা পাইয়া

থাকি, তাহার পরিমাণের তারতম্য লইয়া আমরা হুড়াছড়ি না করিয়া—এস, সেই বৃদ্ধি আমরা মায়ের দিকে প্রেরণা করি। সে বৃদ্ধিকে বি তর্কে রুথা অপব্যয় না করিয়া—এস, তাহাই মায়ের উদ্দেশ্যে সমর্পণ করি—তবে শাস্তি ও স্থুখ আমাদিগের করতলগত হইবে।

বৃদ্ধিযোগ অবলম্বন না করিলে, প্রাণে ভগবদ্বেদন অনুভূত হইতে আরম্ভ না হইলে, ভগবদ্বিচার ভ্রান্তি ও তর্কপূর্ণ কইয়া থাকে। বেদনের পর বিচার তর্কহীন ও ভক্তিরসাত্মক হয়। তখন মীমাংসা আপনা হইতে হইয়া থাকে। মক্তিফ খরচ করিয়া মীমাংসা করিতে হয় না। বুদ্ধিযোগ অবলম্বন না করিলে প্রাণে ভাবও উপজাত হয় না। আমি পূর্বেব বলিয়াছি, ভাবই ভগবদৃগতি। প্রাণে ভগবদভাব আসিচেছে বলিলে বুঝিতে হইবে, ভগবংচরণ প্রক্ষেপ ঘটিতেছে। তুমি কাতর প্রাণে, সভৃষ্ণ নয়নে শৃত্যের দিকে চাহিয়া, কোন অনির্দিষ্ট স্থানে চকু ও প্রাণ সংস্থাপিত করিয়া মায়ের জন্ম অপেক্ষা করিতেছ। ভাবিতেই, হয় ত প্রাণের এ অ।কাজ্জা মা আমার বুরিতে পারিতেছেন না; হয় ত আমার হুর্বল কঠের ক্ষীণ আহ্বান স্নেহময়ীর হৃদয়ে স্নেহ জ্বাইতে সক্ষম হইতেছে না। যেন কোনু হুদুর রাজে। মা আমার প্রতিষ্ঠিতা, আমার প্রাণ আমায় সেখানে বহন করিয়া লইয়া যাইতে পারিতেছে না; কিন্তু বুঝিও, মা ভোমার সম্মুখে, নিকট অপেক্ষা নিকটে ভোমার সে ভাবে উদ্বেলিতা হইতেছেন, ভোমার জম্ম তাঁহার ভাবময় দেহ রঞ্জিত হইয়া উঠিতেছে, শীঘ্রই ভোমার চক্ষে প্রতিফলিতা হইবেন। ভাবকে স্বাপ্নিক স্থথমাত্র বলিয়া বুঝিও না। ভাব যথার্থ সত্য অমৃত-প্রবাহ। এ ভাব তাঁহাতে যুক্ত না হইলে হয় না। ভাব না আসিলে শান্তি আসে না। প্রাণে শান্তি না আসিলে মুখের সন্তাবনা নাই।

শান্তি না হইলে সুখ লাভ হয় না। শান্তিতে এক পরম সুখ আছে। সে সুখ আমাদিগের জাগতিক সুখ অপেক্ষা সহস্রগুণে আনন্দদায়ক। জগতের সুখ-তৃঃখের অবস্থার অতীত অবস্থায় এক প্রকার সুখ আছে। এ সুখ উদ্বেলন-পূর্ব, তরঙ্গ-চঞ্চল, সে সুখ পূর্বতি বিধায় উদ্বেলনহীন, নিস্তরঙ্গ — প্রশান্ত। উহাই প্রকৃত সুখ, জগতের সুখ—সুথের আভাস মাত্র। অনেকে বলিয়া থাকেন, শান্তির অবস্থায় সুখ নাই; কেন না, তাহা সুখ-তৃঃখাতীত। কিন্তু বস্তুতঃ জাগভিষ স্থের অতীত হইলেও সে অবস্থায় সুখেরই সুপ্রতিষ্ঠা মাত্র উপলব্ধি হইয়া থাকে। সুখ—অনস্ত — পূর্ব—সুথের অবধি নাই—সুখই ব্রহ্মস্বরূপ।

ইন্দ্রিয়াণাং হি চয়তাং যন্মনোহতুবিধীয়তে। তদস্য হয়তি প্রজ্ঞাং বায়ুর্বাবমিবাস্তুসি॥৬১

হি বিষয়েষ্ চরতাম্ ইন্দ্রিয়াণাং যং মনঃ অমুবিধীয়তে অমুপ্রবর্ততে, তং ইন্দ্রিয়বিষয়বিকল্লেন প্রবৃত্তং মনোহস্তা পুরুষস্তা প্রজ্ঞাং হরতি, (কথং) বায়ুন্বি-মিব অস্তুসি।

ব্যবহারিক অর্থ।—বায়ু যেমন জলে ভাসমান তরণীকে আপনার গতির অভি-মূখে ভাড়না করিয়া লইয়া যায়, তদ্রপ মন, বিষয়ে বিচরণশীল ইন্দ্রিয়গণের মধ্যে যেটির অন্থ্যমন করে, সেইটিই তাহার প্রজ্ঞাকে হরণ করে।

যৌগিক অর্থ। — অযুক্ত পুরুষের মন, বায়ুতাড়নায় •কর্থারহীন শৃষ্ঠ তর্নীর মত বিষয়ে বিষয়ে চারি ধারে বিচরণ করে। বাসনার বায়ু যখন যে ইচ্ছিয়-পথে মনকে চালিত করে, সে অযুক্ত পুরুষ, সমস্ত প্রজ্ঞা উপেক্ষা করিয়া সেই বিষয়েই ধাবিত হইতে থাকে। ইপ্রিয়সকল বিষয়ে পরিপ্রমণ করে। ইস্রিয়সকল বিষয়ের সহিত অহর্নিশ সংযুক্ত থাকে। মন তন্মধ্যে যেটির অনুধাবন করে, সেই পথেই জীব আপনার প্রজ্ঞাকে চারাইয়া ফেলে। জীব আপনার সমস্ত অন্তিত্ত ক্রিয়া, সমস্ত ব্ল্লাগুকে দূরে নিক্ষেপ করিয়া, সাময়িক ভাবে তাহাতে নিমগ্ন হইয়া পড়ে। ইহাই মঙ্গলময়ী মায়ের মঙ্গল নিয়ম।

কেন এমন হয় ? কেন জীব এত সহজে বিষয়ে সংষ্কৃত হইয়া পড়ে ?
কেন জীব বিষয়ে এত অনুরক্ত ? এ নিয়ম সংস্থাপনের আবশ্যকতা কি ছিল ?
বিষয় হইতে সে অহর্নিশ পুষ্ট হয় বলিয়া। বিষয়ের দ্বারাই সে আপনার অন্তিত্ব অমুভব করে বলিয়া। বিষয় না থাকিলে সে আপনাকে খুঁ জিয়া পায় না বলিয়া। সূর্যালোক না থাকিলে যেমন জগৎ একাশ পায় না, বিষয় না থাকিলে তক্তমপ জীব-প্রকাশ ঘটে না। বিষয়ই জীবের জীবত্ব। বিষয়ের দ্বারা জীব আপনার অন্তিত্ব হালয়ক্তম করিতে করিতে তবে নিজের অপরিণামী অন্তিত্ব খুঁ জিয়া পায়। ভোগশৃত্য অন্তিত্ব হইতে ভোগপূর্ণ অন্তিত্ব লাভ করিতে জীবের এই বিষয়ান্ত্রাগ। বিষয় অন্ত কিছু নহে—মাতৃ-অনুরাগ, সে কথা পূর্বের বিলয়াছি। একাময়ী বিরাট্ আকর্ষণের দ্বারা অহর্নিশ আমাদিগকে আপন মহিমাতে সংযুক্ত করিয়া রাখিতেছেন। এ সংযোগের অপলাপ মুহুর্তের জন্ম

হইতে দেন না। এ সংযোগের ফলে যে পরিমাণে আমার ভোগশক্তি পরিবন্ধিত ও পরিবর্তিত হয়, এই বিষয়ই আমার আবশ্যক অনুষায়ী সেইরূপে প্রতিফলিত হইতে থাকে, মা অ'মার সেইকপে প্রকটিতা হইয়া আমাদিগকে স্তনধার।
পান করান। একই বিষয় সর্থাৎ মা সামার অবস্থার তারতম্যে নানারূপে
আমার প্রজ্ঞা হরণ করেন। নারায়ণ, মোহিনী মূর্ত্তি ধরিয়া মহেশরকে যেমন
উশাদ করিয়াছিলেন, ইহাও তজেপ। মাঁ আমায় চারি দিকে যখন যে প্রকারে
সম্ভব, যখন যে প্রকার আবশ্যক, যখন যে প্রকার উপযুক্ত, সেই প্রকারে আকর্ষণ
করিতেছেন। এক দিন এমন দিন আসিবে, যে দিন তুমি আপনাকে ওতপ্রোতভাবে চৈতক্সময়ী মায়ে নিমগ্র বলিয়া অনুভব করিবে। সে দিন যত দিন না
আসে, তত দিন কখনও ইঞ্জিয়ভাবে, কখনও অর্থভাবে, কখনও ধর্মভাবে, নানা
ভাবে মায়ে আমরা মুগ্ধ ইব।

এ আকুল বিষয়-সমূত্রে মাতৃ-আকর্ষণের এবল বাত্যা প্রবাহিত। মা বিষয়-রূপিণী হইয়া, অনুবাগের প্রবল বাত্যা তুলিয়া, আমাদিণের প্রজ্ঞা হরণ করিতেছেন। আনন্দসাগরের স্নেহের বাতা। হৃদয়-পালে প্রতিঘাত করিয়া জীব-তরণীকে ভাসাইয়া লইয়া চলিয়াছে। কে বলে তরণী ডুবিবে ? কে বলে তরণী ধ্বংস হইবে ? যাহারা নৃতন তরণী ভাসাইয়াছে—যাহারা নৃতন মনুখ্য হ লাভ করিয়াছে—যাহারা নৃতন কর্ণধার হইয়া, উভ্নমন্ত্রপ হাল ধরিয়া অনবরত ঝিকা মারিতেছে, তাহাদের প্রাণ তরঙ্গে আকুল হয়। তাগারা প্রাল টাঙ্গাইতে জানে না। ভাহাদের পাল এখনও খোলে নাই। ফুদয়-পালে একটু আধটু বিষয়রূপ যে মাতৃ-স্বেহ-বায়ু প্রবিষ্ট হয়, তাহা সমাক বিস্তৃত হটবার স্থান না পাইয়া উভাম-হালের ঝিকায় আন্দোলিত ত্রণীথানিকে আরও চঞ্চ করে। তাহারা হৃদয়-পাল আরও গুটায়, খুলিতে ভয় পায় - বলে, ডুবিলাম ডুবিলাম। আনেক দিন ওইরকম করিয়া ভরণী চালাইলে, ভবে দে ক্লেছ-বায়ুর প্রবাহ ধরিতে भारत । তবে পাল সে সেই দিকে ঘুরাইয়া ধরে । তবে সে পাল একবারে পূর্ণ স্ফীত হইয়া তরণীকে নক্ষত্রবেগে ছুটাইয়া লইয়া যায়। তখন আর সে বিকামারে না। উভ্তম-হালের প্রাক্তে পালের রজ্জু বাঁধিয়া, নিভাঁক চিত্তে নীলিমার সৌন্দর্যো, আনন্দ-হিল্লোলে নাচিতে নাচিতে যাইতে থাকে। ভাহার চকু ওধ্ অবভারার দিকে চাহিয়া থাকে, তাহার প্রাণ ওধু গাহিতে থাকে,— "অগাধ সলিলে ভামা ডুবা মা জনমের মত।"

আর তথন যে বিষয়ের ছন্মবেশ পরিধান করিয়াই মাতৃমেহ-বার্ আহক, তাহা পালে লাগিয়া তরণীর গতি বর্দ্ধিত মাত্র করে। ইন্দ্রিপুথে যে বায়ুট্কু হৃদয়ে চুকিয়া পড়ে, গ্রাহাই সকার্ণ প্রাণে আবদ্ধ হইয়া থাকিয়া যায়, তাহাই তীতি সঞ্চার করে। কিন্তু সম্যক্ ফুবিত-হৃদয়ে যে মাতৃভাবে অহর্নিশ সংযুক্ত, সে প্রত্যেক ইন্দ্রিং-পথ-প্রবিষ্ট বায়ুতে সাহায়ায়াই পাইয়া থাকে। ভগবান্ বলিতেছেশ, মন যে ইন্দ্রিয়-পথে প্রবিষ্ট হইবে, সেই পথেই প্রজ্ঞা অপহতে হইবে। ইহা ত তোমার অপূর্বে কৃপা! এমন করিয়া যদি না মজাইতে, এমন করিয়া যদি আলা লাগিকে মজিতে না শিখাইতে, তবে 'মজার" মজাত পাইতাম না। আজ ল্লীপুঞাদিরপে, ধর্মাধর্মারপে, শব্দম্পর্শাদিরপে মজাইতেছ একটু একটু করিয়া তোমার বাশরীর ঝঙ্কার আমার শ্রবণে প্রবিষ্ট বরাইতেছ, গ্রামটাদ! তোমার চরণের মুপুর-ধ্বনি আমার কর্ণে ধ্বনিত করিতেছ, বালিকে! একটু একটু করিয়া আমায় ভালবাসিতে শিখাইয়া আপনার ভালবাসার আম্বাদ পাওয়াইতেছ, স্মেহময়ি! এক দিন আমায় ভোনার অপরিনেয় ভালবাসার আম্বাদ দিয়া মৃচ্ছিত করিবে বলিয়া।

ইন্দ্রিয় পথে আমাদের প্রজ্ঞা হরণের এই অভিপ্রায়। হরণই তাঁহার ধর্ম। হরণই তাঁহার মূলশক্তি বলিয়া তাই মা আমার হরছনিবিলাসিনী। তাই মাতৃপদাধিকারী জীব শিবত বা হরজ লাভ কবে। প্রলয়ে হবতি ইতি হরঃ। ম যের মহাহরণ কার্যের প্রধান সহায় বলিয়া মহের্যরের নাম হর। হরণই এ ব্রহ্মাণ্ডের ধর্ম। আকাশের নীলিমায়, বায়ুর কোমল পরশে, সৃষ্টির সৌন্দর্যের, বারিধি-বক্ষে, সর্বত্র মা আমার হর হৃদে প্রভিত্তিতা— হরণকার্যে ব্যাপৃতা। কুত্ম-গন্ধবিস্তারে প্রাণ হরণ করে। বিহঙ্গমের কল কুজনে প্রাণ হরণ করে। চল্রের কৌমুদী বিলাস প্রাণ হরণ করে। বিপরের অঞ্চ প্রাণ হরণ করে। শিকু" "সু" যে পায়, আমাদের প্রাণটিকে যেন গ্রাস করিয়া লয়। যেন এটার কোন মূল্য নাই—যেন কোন কদর নাই। এ হরণ কেহ রোধ করিতে পারে নাই। এ হরণ-কার্যো কেহ কখনও বিম্ন ঘটাইতে সমর্থ হয় নাই। ভবে বথা কেন ধরিয়। রাথিবার প্রয়াস ? রুধা কেন প্রাণকে লইয়া টানাটানি ছেড়াছিড়। চল, উপকথার রাক্ষসীয় আহারের জন্ম প্রভাহ যেমন রাজা

একজন করিয়া মন্থা প্রেরণ করিত—দে প্রাণভয়ে কাভর জীব প্রাণাটুকুর
মায়া বিস্কৃত্বন দিয়া যেমন সে রাক্ষসীর সম্মুখে উপস্থিত হইত, চল, তেমনি
করিয়া আমাদের সমস্ত প্রাণটুকু লইয়া এ মহারাক্ষসীর মহা অটুহাস্ত-মুখরিত
মুখে প্রবিষ্ট হইবার জন্ম তার সম্মুখে গিয়া তাহাকে উপহার দিই। "এমন
ভিলে খিলে কেন গ্রহণ করিবে—এমন পলে পলে কেন মিলনের মেলা
দেখাইয়াও বিরহের অনলে দগ্ধ ক্রিবে? লও, বিশ্বপ্রাণ-সংহারিণি!
আমার সমস্ত প্রাণটুকু আপন। হইতে ভোমার চরণে অর্পণ করিলাম—গ্রহণ কর।" চল! মাকে আমার প্রাণ এমনই করিয়া সমর্পণ করি।

সমস্ত পদার্থের এই হরণকার্যা পরিদর্শন করিয়া সর্বত্র মাকে আমার প্রতিষ্ঠিতা দেখ। এইরূপ দেখার নাম, মায়ে যুক্ত হওয়া। এইরূপ দেখিলেই বিষয়ের বিষয়তে আর প্রাণ আবদ্ধ না হইয়া, যে বিষয়রূপিণী হইয়া আছে. ভাহাতে প্রাণ আরুষ্ট হইবে। যে বিষয়ের মধ্যে লুকায়িত থাকিয়া হরণকার্যে ব্যাপৃতা, তাহার সন্ধান পাওয়া যাইবে। যত দিন এইরূপ না দর্শন করিবে, তত দিন প্রাণ গেল—প্রাণ গেল করিয়া তোমার আর্ত্তনাদ বিদ্বিত হইবে না। চোরের হাতে পরিত্রাণ নাই। সেই জন্ম পর-শ্লোকে বলিতেছেন।

তশ্মাদ্যদ্য মহাবাহো নিগৃহীতানি দর্বশ:। ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভাস্তদ্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥ ৬৮

তশাৎ মহাবাহো, যক্ত ইন্দ্রিয়াণি ইন্দ্রিয়ার্থেভ্যঃ বিষয়েভ্যঃ সর্বশঃ নিগৃহী-তানি, তক্ত এজা প্রতিষ্ঠিতা।

ব্যবহারিক অর্থ।—স্বভরাং হে মহাবাহো। বিষয়-সকল হইতে যাঁহার ইব্রিয় সর্ববভোভাবে নিগৃহীত হইয়াছে, তাঁহারই প্রজ্ঞা প্রভিষ্টিত বলিয়া বুঝিতে হইবে।

যৌগিক অর্থ।—সমস্ত বিষয়ের অভ্যন্তর হইতে কর প্রসারণ করিয়া মা যাহার ইন্দ্রিয়-সকলকে নিগৃহীত করিয়াছেন বা সমাক্প্রকারে গ্রহণ করিয়াছেন, ভাঁহারই প্রজ্ঞা প্রতিষ্ঠিতা হইয়াছে। ভগবান্, মহাবাহো বলিয়া সাধককে সম্ভাষণ করিতেছেন। বারুতত্বের গুণ স্পর্শ, উহার জ্ঞানেন্দ্রিয় কর্ এবং কর্মেন্দ্রিয়—কর, ইহা পূর্বেব বলিয়াছি। বাছ দ্বারা আমাদিগের স্পর্শ করিবার স্পৃহা, গ্রহণ করিবার স্পৃহা চরিতার্থতা লাভ করে। মা মহাবাছ বলিয়া সম্বোধন করিয়া

সেই স্পর্শস্থাকে লুকা করিতেছেন। মা যেন বলিতেছেন,—"আরে বংস। তুমি ত ক্ত বাহুযুক্ত নহ। তুমি আমার সাস্ত বিষয়-স্পর্শেরই ক্ত ঠালে মুক্ত থাকিবার যোগ্য নহ। অনস্তর্মপিণী আমাকে স্পর্শ করিবার উপযুক্ত বাহু ভোমার আছে। তুমি কর প্রসারিত কর। মা বলিয়া হাত বাড়াও। আমি কর প্রসারণ করিয়া তোমায় অঙ্কে ধরিবার জন্ম সর্বেত্ত অপেকা করিতেছি। তুমি আমায় স্পর্শ করিতে তোমার স্পর্শ-স্পৃহা জাগাইয়া কর প্রসারণ কর। যে বিষয়ই তোমার সম্মুখে প্রতিকলিত হউক, তুমি তাহারই ভিতর দিয়া ভোমার স্পর্শস্পুহা বাড়াইয়া দাও, বিষয়-রূপ স্থলিত হইয়া পড়িবে। ইন্দ্রিয়সকল আমার দারা নিগৃহীত হইবে। আমার স্পর্শ-স্থ পাইয়া তোমার প্রজ্ঞা আমাতে প্রতিভিত্ত হবৈ। মহাবাহো বংস। কর প্রসারণ কর—ক্সামায় আলিক্ষন কর—আমার স্বেহাদ্বেলিত বক্ষে ঝাঁপাইয়া পড়।"

ইহারই নাম ইন্দ্রিয়-নিগ্রহ। ইন্দ্রিয়-নিগ্রহ অর্থে ইন্দ্রিয় ধ্বংস নহে—ইন্দ্রিয়-নিগ্রহ অর্থে ইন্দ্রিয়-শক্তির সঙ্কোচ নহে—ইন্দ্রিয় নিগ্রহ অর্থে মায়ের দারা ইন্দ্রিয় পরিগ্রহণ। সাধারণ বিষয়সকল হইতে ইন্দ্রিয়সকল অপস্ত হয় বলিয়া, বিষয়সকল হইতে মায়ের দিকে প্রায়তি ঘুরিয়া দাঁড়ায় বলিয়া সাধারণতঃ বিষয়ের দিক্দিয়া দেখিলে সঙ্কোচ, সংযম ইত্যাদিই পরিলক্ষিত হয়। নির্ত্তি অর্থে মায়ের প্রবৃত্তি। নিগ্রহ অর্থে মায়ের দ্বারা পরিগ্রহণ। বিষয়ে সঙ্কোচ অর্থে মায়ের বিস্তার।

ইহা একবারে হয় না। একটু একটু করিয়া ঘটিয়া থাকে। মা ধীরে ধীরে আমাদিগকে গ্রহণ করেন। যখন সর্পত্র সর্প্র বিষয়ের অভ্যস্তরে এইরূপে মা আমাদিগকে গ্রহণ করিবেন, তখন প্রক্রা প্রতিষ্ঠিত হইবে। তখন অচল অটল অচ্যত ভাবে তাঁহাতে সংলগ্ন থাকিব।

> যা নিশা দৰ্বভূতানাং তদ্যাং জাগতি দংয়মী। যদ্যাং জাগুতি ভূতানি সা নিশা পশুতো নে:॥৬৯

সর্বভ্তানাং সর্বপ্রাণিনাং অযুক্তানামিত্যর্থ: যা নিশা তম:স্বভাবা, তক্তাং সংষ্মী জাগতি প্রব্ধাতে, যস্তাং ভ্তানি জাগ্রতি প্রব্ধান্তে, সা পশ্যতঃ মুনেঃ নিশা।

वावदातिक व्यर्थ। -- माधातम क्रीव-मकरनत शाक्क त्य माञ्जिक। निमासद्भभ

অর্থাৎ যে মাতৃনিষ্ঠায় সাধারণ জীবসংঘ কার্যাকারী না থাকিয়াঁ প্রস্থিত থাকে, মুক্ত পুরুষ তাঙ্গাডেই জাগিয়া থাকেন—ভাহাতেই দিবাভাগের হায় কার্য্যে ব্যাপৃত থাকেন। যাহাতে সাধারণ ভূতসকল জাগ্রত অর্থাৎ যে বিষয়-নিষ্ঠায় সাধারণ জীবসকল কার্য্যক্ত থাকে, মুনির পক্ষে উহাই নিশাস্তরপ, অর্থাৎ যুক্ত পুরুষ সেই সকল বিষয়ে নিজ্ঞিয় থাকেন, সুপ্ত থাকেন।

যৌগিক অর্থ।—ইহাই মহা উদ্বে'ধন--মহা জ্ঞাগরণ। ভগবান শঙ্কর বলিয়া-ছেন, আত্মনিষ্ঠায় সাধারণ জগৎ নিদ্রিত, অলস্, নিশ্চেষ্ট। উহাই তাহাদিগের পক্ষে নিশা এব উহাতে সংঘমী জাগরিত হয়। বিষয়াদিই সাধারণ জীবসংখের দিবাস্বরূপ: কেন না. ভাঙারা উহাতেই সক্রিয় থাকে। মুনিদিগের উহাই নিশা। ভাঁহারা বিষয়াদিতেই নিজ্ঞিয়---উদাস, স্পৃহাশুম্ম। সত্যই তাই। আত্মনিষ্ঠা---মাতৃনিষ্ঠা বা ঈশ্বরনিষ্ঠা একই কথা : এই মাতৃ-নিষ্ঠায় জাত্রত-প্রবৃদ্ধ হইতে হইলে, মহানিশায় সাধন। করিতে হয়। সমস্ত ভূতের, সমস্ত প্রাণীর মৃত্যু মহা-নিশাস্বরূপ। সমস্ত প্রাণী আপন আপন সমস্ত উন্তম উদ্বোধন, সক্রিয়তা বিদ্রিত করিয়া মৃত্যুর মহানিদ্রার নিদ্রিত হইয়া পড়ে। সাধারণ জীবমণ্ডলীর ইহাই মহানিশা। সাধক এই মহানিশায় জাগরিত হয়। মরণের বিকট ছবি জদয়ে প্রকটিত করিয়া, বিভীষিকার জলস্ত মূর্ত্তি প্রাণে অন্ধিত করিয়া সাধক মহাধ্যানে নিষ্ক্ত হয়। তাহারই অভান্তরে মায়ের সন্ধান করে। মরুর মধ্যে বারি অন্বেষণের মত মরণের ভিতর সাধক, মাতৃত্বের আঝাদন করিতে চাহে। এ কুল একাণ্ড ভ মাতৃ-স্নেহে ভরা। ইহাতে মাতৃ-স্নেহ ত পূর্ণ প্রকটিত। কিন্তু মরণ ? এ স্বেংর রাজ্যে মরণ কেন ? মাতৃক্রোড় ত অবশ্বস্তাবী প্রলয় কেন ? এ সুখের জাগরণে আবার লোপ কেন ? তবে কি অন্ত কোন পিশাচ এ স্নেহ-মন্দিরকে শ্মশানে পরিণত করিতে নিতা সচেষ্ট 📍 তবে কি এই বিচিত্র জগৎ তথু ক্ষণস্থায়ী স্থাবং উদ্বোধিত হইয়াছে ? জীব-সকলের অন্তিত্ব শুধু একটা স্বপ্ন মাত্র 🕈 আমরা কি বাপিক ? আমরা কি থাকিব না ? মৃত্যু কি আমাদিগের অন্তিম্বের অবসান করিবে ? তবে আবার স্নেহ কোথায় ? তবে আবার মা কোথায় ? স্বৃত্যুর ছায়া, অবশ্যন্তাবী মৃত্যুর চিন্তা জীবকে এই প্রকারে বিশুক্ক করিয়া ফেলে বলিয়া. মাতৃভক্ত সন্তান কাঁদিয়া আকুল হইয়া মৃত্যুর ভিতর উকি মারিতে প্রয়াস পায়।

क्त्रा ७ त्यर এकाशारत थाकिए शारत ना। मतन यनि यथार्थ विलाभद्दे

হয়, তাই। ইইলে জন্নং নৃশংসতার আগার হইত। এইরপে সাধক মরণের ভিতর দৃষ্টি নিক্ষেপ করে। তথন মায়েরই কুপায় মরণের ভিতরই মাকে ফ্রটজর দেখিতে পার। মরণের ভিত্র মেঘশৃত আকাশের মত সে আনন্দ-সাগর পরিদর্শন করে। তথন সে সাধক এই মরণেই বিচরণ করিতে থাকে। মরণই ভাহার আনন্দ-ক্রীড়ার নিকেতন হইয়া পড়ে। মরণেই সে জীবন উপলব্ধি করিতে থাকে। মরণই হখনদ অমৃত বলিয়া ভাহার মরণ-সঙ্গই প্রিয় হইয়া উঠে। এই মরণই সাধারণ ভ্তসকলের নিশা, এবং মুনিদিগের দিবাস্বরূপ।

পূর্ব্বে আমি বলিয়াছি, আমরা মুহুর্ত্তে মুহুর্ত্তে মরিতেছি। আমরা একটু প্রাণ ব্যয় না করিলে মুখের সন্ধান পাই না। ম্ল্যুস্থরপ প্রাণ না দিলে কেহ মুখ আমাদিগকে দেয় না। সবারই লক্ষ্য যেন এই প্রাণটুকুর উপর। প্রতি পদার্থ আগে প্রাণ না পাইলে আমাদিগের ভোগে আসে না। ইন্দ্রিয়-পথে যাহা কিছু আমরা ভোগ করি, সমস্ত একটু একটু প্রাণ দিয়া, একটু একটু মরিয়া তবে সংগ্রহ করিছে হয়। ভাবেব দারা যে কল্লনা-মুখ অন্তুত্ব করি, তাহাতেও প্রাণ ব্যয়িত হয়, তাহাতেও একটু মরিতে হয়—না মরিলে কিছু পাই না। এইকপে মরিতে মরিতে চলিয়াছি। মরণ আশ্রয় করিয়া জন্ম মৃত্যু অভিক্রেম কবিতেছি, মাকে ভোগ করিতেছি, একটু মরণের অবসাদ না আসিলে, একটু না ঘুমাইলে, মাকে খু জিয়া পাই না। মুগ্ধ হওয়া অর্থে মরণ। মরণ অর্থে নব জাগরণ, নব জন্মের উপাদান সংগ্রহ।

এইরপে মরিতে মরিতে জাব যখন সাধক হইয়া উঠে, যখন মায়ের নিকটন্থ হয়, ভখন এই মৃত্যু সমালোচনা করিয়া দেখিতে থাকে ও এক নৃতন তবের সন্ধান পায়। যখন এক ভিল মরিলে এক ভিল আনন্দ পাই, তখন পূর্ণভাবে মরিতে পারিলে ত পূর্ণানন্দ পাওয়া যাইবে! এ পূর্ণভাবে মরি কোথায়? জাগতিক বিষয়-সকল কিছুই আমার পূর্ণভাবে মারিতে পারে না। কিছুক্ষণ মারিয়া, তার পরই ভাহার আকর্ষণ-শক্তি ফুরাইয়া যায়, অথবা ভাহাতে আর আমার প্রাণের স্রোত প্রবাহিত হয় না, বিভূক্ষা আসিয়া উপস্থিত হয়। তবে এমন কে আছে—যে আমায় পূর্ণভাবে মারিতে পারে, আমার সমগ্র প্রাণ হরণ করিতে পারে? হে মৃত্যু—তুমি আমায় পূর্ণভাবে মার। আমায় পূর্ণভাবে পরিগ্রহণ কর। সাধক, জগংময় মরণের সন্ধান করে। সাধক প্রাণ লইয়া, পত্রে পূন্দা, আকাশে নক্ষত্রে, সর্বত্র ভাহার সমস্ত প্রাণকে গ্রহণ করিতে পারে, সর্বত্র ভাহার সমস্ত প্রাণকে গ্রহণ করিতে পারে, স্বর্বত্র পারে, এমন মন্ধণের সন্ধান করে। ইংারই নাম মাতৃ-

অবেষণ দেখে, মরণ সর্বতি রহিয়াছে—অণু ইইতে মহং, 'সর্বত্র সে মহামৃত্যু বিরাজিত। তাহার নিজের অভ্যন্তরে সে মৃত্যু অহনিশ প্রতিষ্ঠিত। মেইময়ী মৃত্যু-ক্রিপিণী মা সমস্তে—সমস্তে ব্যাপৃতা। মৃত্যুক্তপে সর্বত্র অধিষ্ঠিতা থাকিয়া প্রত্যেক অণুটিকে পর্যান্ত অনন্দ প্রদান করিতেছেন। সাধক সমস্ত প্রাণটুকু লইয়া সেই মরণের শরণাগত হয়। লও মা, আমার গ্রাণ গ্রহণ কর মা। আমার সমস্ত লও মা। আমার আজা ইইতে স্চনা করিয়া বাহা কিছু আছে, সমস্ত ভোমার শান্তি-ময় ক্রোভে ত্লিয়া লও মা। তোমার নিশ্চিন্তভাময় উদ্বেগশৃগ ক্রোড়ে শায়িত করিয়া আমায় স্তনধারা দাও মা। এইক্রপে সাধক সেই মৃত্যুতেই সমস্ত ধীশক্তি পরিচালিত করে।

কিন্তু পূর্বেব বলিয়াছি. মরণ অর্থে নব জাগরণ। পূর্ণ ভাবে মরিতে যে পারে, সে আর মরে না—মৃত্যুঞ্জয় হয়। পূর্ণভাবে মরিয়াছে অর্থে পূর্ণভাবে জাগ্রত হইয়াছে। মৃত্যুসাধনায় যে যত পারদর্শী, সে সেই পরিমাণে মৃত্যুঞ্জয় হয়—সে সেই
পরিমাণে আনন্দররূপ হয়—সে সেই পরিমাণে আনন্দম্মার লীলা-নিকেতন হইয়া
পড়ে। সাধক চাহে মরণ—সজীব সচেতন। মরিয়া সঙ্গে সঙ্গে জীবন বা জাগরণ
লাভ হয়। ক্রোড়ে উঠিলেই স্তন্ত পাওয়া যায়। জয় মা!

মরণের সাধনা কর, উহারই মধ্যে মায়ের আমার বরাভয় কর দেখিতে পাইবে।
মরণের সাধনা কর, উহাতেই চিদানন্দস্বরূপ হইবে। মরণের সাধনা কর—ভোমার সমস্ত পরমাণু নব জাগরণে জাগ্রত হইবে। মরণের বিভীষিকা-মৃর্ত্তি তিরোহিত হইয়া আনন্দময় মৃর্ত্তি তোমার প্রাণে জাগিবে। সাধক এই মরণে জাগে। সাধারণ জীব মরণে নিজিত, মরণ-চিন্তা-বিশ্বত। ভয়ে ইচ্ছা করিয়া বিশ্বত হয়। মরণ যে মায়েরই আমার স্নেহ-লীলা, এ কথা বিশ্বাস করিতে না পারিয়া মরণভয়ে সকার্শভাবে ক্যুরণহান জীবন অতিবাহিত করে। আর সাধক সে ভীতি-বিভাষিকাময় মরণেরই ভিতর অভয়ার সন্ধান পাইয়া সর্ব্বভয় হইতে পরিত্রাণ পায়। সাধারণ মন্ত্র্যা মরণ স্থারেই নিজিত। আসাধারণ পুরুষ মরণেই জাগ্রত। সাধারণ মন্ত্র্যা মরণের নাম শুনিলে সে স্থান পরিত্রাগ করে, সাধ্—মরণের ধ্যানেই অহনিশ বিভোর। সাধারণ মন্ত্র্যা, শুনানক্তেকেও সংসারের মত সাজাইয়া গুছাইয়া লইতে চাহে; সাধু সংসারমধ্যেও শুধু শ্বাণানের দৃষ্টি দেখিতে প্রশ্বাস পায়। মাকে জানিয়া মরাই বাঁচা, মাকে না জানিয়া বাঁচা মরণই।

ত্তবুইহা নৰে। তথু জীবিতাৰসায় মৃত্যুধ্যান ও তাহা হইতে আত্মনিষ্ঠা वा माञ्जिष्ठ। माछ कन्ना माज, भाषात्रन ७ जनावात्रन भूकृत्व भाषेका नत्र। वल्राङः বিষয়ানন্দে, স্থপ্তিতে, মরণে আমহা মায়েতেই যুক্ত হই-শুধু দেখিতে পাই না যে, মায়েতেই আমরা ফিরিতেছি। এই দেখিতে পাওয়া ও না পাওয়াই সাধক ও সাধারণ ব্যক্তিতে প্রভেদ। বস্তুতঃ মরণের পর যখন ওই সাধারণ পুরুষ এ স্থুল শরীর পরিত্যাগ করিতে বাধ্য ২য়, তখনু তাহার 6েতনা সম্পূর্ণ লুগু ইইয়া যায়; কাহাঃও ঈষৎ চেতনা প্রেত ও স্বর্গলোক অবধি থাকে, কিন্তু প্রায় সকলেঃই অজ্ঞানাধিকার আসে। ঘোর অন্ধকারের করাল ছবি দেখিতে দেখিতে তাহার হৈতক্স গুটাইয়া আসিতে থাকে, সেই স্থগভীর আধারের মধ্যেই ইহ জন্মের <mark>মত</mark> তার চৈতত্ত নির্বাপিত হইয়া যায়। বায়ু-তাড়নায় জড়_ুধ্লিকণার মত তার **আজা** অমূভবশৃষ্ঠ অবস্থায় উদ্ধিলোক-সকল অতিক্রেম করিয়া, আধার নিম্নে— স্থুল জড়ে ফিরিয়া আসিয়া, তবে চৈততে ক্রুরিত হয়। কিন্তু মরণ-সাধনায় যিনি সিদ্ধকাম হইয় ছেন, িনি সমস্ত দেখিতে দেখিতে যান। দেহ পরিত্যাগ করিয়া বিজ্ঞানময় কোষে আনন্দের সহিত স্বায় মহিমা অমুভব করিতে করিতে গিয়া, জ্ঞানের ধারা নিজের কর্ত্তব্য অবধারণ করিয়া লইয়া, আবার কর্ম্মসাধনার জন্ম মর জগতে ফিরিয়া আসেন অথবা আর ভাঁহাকে ফিরিতে হয় না —মায়ে মিশিয়া মাড়য় লাভ করেন। তাঁহার জন্ম ও মৃত্যু, উভয়ই জ্ঞানপূর্ণ—উভয়ই আনন্দপূর্ণ—তাঁহার ইহলোক ও পরলোক উভয়ই ভীর্থ পরিভ্রমণের মত আনন্দ ও চিত্তভিদ্ধিণায়ক।

এইরপে মরণে জাগিতে হয়—এইরপে কালভয়ে আপনার ঘুম ভাঙ্গাইতে হয়। সাধক মায়ের মৃত্যুরপিণী করাল-মৃর্ত্তির সাধনায় এইরপে অমৃতের সন্ধান লাভ করিয়া কৃতকৃতার্থ হয়।

সাধক আর জাগে—মাতৃ-আকর্ষণে। পুর্বে যেমন উল্লিখিত ইইয়াছে, এই বিষয়-সকল, যাহাতে, সাধারণ লোক অহর্নিশ জাগ্রতাং সচেষ্ট—যে বিষয়-সকলের বিষয়ভটুকু সাধারণ জগংকে চঞ্চল ও সক্রিয় করিয়া রাখিয়াছে, সেই বিষয় এরপ ইন্দ্রিয়োপলন্ধ বিষয়ভ ছাড়িয়া, মাতৃরূপে পরিণত ইইয়া সাধকের চক্ষে প্রভিভাসিত হয়—বিষয়-সকল মা ইইয়া তাহাকে আকর্ষণ করে। সাধারণ জগংকে যাহা বিষয়-রাক্ষসীরূপে আকর্ষণ করিয়া মোহাবদ্ধ করিতেছিল, তাহাই সাধককে মাতৃরূপে আকর্ষণ করিয়া স্বেহাবদ্ধ করে। সাধারণ জগং নিজতে শিশুর

মত মাতৃয়েহের অনুভৃতি না পাইয়াই মাত্র বিষয়-জ্বনিত ক্ষুণিক ক্ষুণ উপলব্ধি করে এ সাধক বিষয়-ভোগের ক্ষণিক ক্ষণের উপলব্ধিমাক্র-না শবিয়া, তাহার ভিতর হইতে আর এক অপরিমেয় সেংননন্দ ভোগ করিয়া থাকে। লৌহ্বাণ্ড চুম্বকে সংঘৃষ্ট হইলে উহা যেমন চূমকত্ব লাভ করে, তদ্রেগ নে সাধক মাতৃশক্ষপন্ধ ধীরে ধীরে লাভ করিতে থাকে। তথন দিগ্দর্শন যন্ত্রের চূমকথণ্ড ক্ষাদিপি ক্ষম হইলেও উহা যেমন অহর্নিশ সর্ক্রাবস্থাতেই চুম্বকের কেন্দ্রন্থল উত্তর্নিকে অবস্থান করে, তদ্রুপ সে সাধক যত ক্ষুত্র হ উক, জগতের অবস্থাচক্রে যেরূপেই আন্দোলিত হউক, মাতৃর্নিপনী মহাচুম্বকের দিকে তাহার মুথ ফিরিয়া থাকে। পেচকান্দি জীব যেমন নিশাতেই চক্ষ্যুক্ত হয়, সাধক তেমনই মাতৃনিষ্ঠাতেই সক্রিয় ও চক্ষ্বক হইয়া পড়ে। মাতৃভোগে অনুভৃতিশৃত্য অজ্ঞানাবন্ধ জীব-জগৎ নিশাকাদীন স্থপ্ত জগতের মত ভাহার চক্ষে প্রতিভাত হয়।

সাধকের সৃক্ষদেহ সঙ্গে সঙ্গে জাগরিত হইয়া পড়ে। তাঁহার প্রাণশন্তির কেন্দ্রসকল, যাহা মূলাধারাদি চক্র নামে অভিহিত, সেইগুলি রবি-রশাসম্পাতে কুমুম-সন্তারের মঙ কুমুমিত হইয়া পড়ে। সৃক্ষ কোষে সাধারণ জীব মুপ্ত। রজননীর ঘন অন্ধকারে জীংসকল তমাচ্ছন্ন হইয়া যেমন অজ্ঞান হইয়া থাকে, সাধারণ জীব সৃক্ষ শরীরে তক্রপ তমাচ্ছন্ন—অজ্ঞান। সেখানে তাহাদিগের কর্তৃত্ব, ভাহাদিগের উভ্তম—ভাহাদিগের সক্রিয়তা তিলমাত্র থাকে না। কিন্তু সাধকের সমস্ত উভ্তম, সমস্ত কর্তৃত্ব, সমস্ত ক্রেয়াশীলতা সৃক্ষ শরীরেই হাস্ত হয়। মৃত্যুর বিভীষিকাম্যী বল্পনা বিদ্রিত হইয়া, অমানহত্বে নব অক্সণরাগ তাহার হাদয়কে আলোকিত করে।

আপূর্য্যাণমচলপ্রতিষ্ঠং সমূদ্রমাপ: প্রবিশস্তি যম্ব । তদ্ধং কামা যং প্রবিশন্তি সর্কোস শান্তিমাগ্রোতি ন কামকামী ॥৭০

আপূর্যামাণন্ অচলপ্রতিষ্ঠং সমুজন্ আপঃ সর্বতো গতাঃ প্রবিশস্তি স্বাত্ম-স্থমবিজিয়মের সন্তঃ যদং, তদং কামা বিষয়সরিধাবপি সর্বত ইচ্ছাবিশেষং যং মুনিং সমুজনিব আপঃ অবিকুর্বস্তঃ প্রবিশস্তি সর্বে আত্মন্তের প্রসীয়ক্তে ন স্বাত্ম-বশং কুর্বেন্ডি, স শান্তিম্ আপ্রোতি, ন ইতরঃ কামকামী।

বাবহারিক অর্থ। — অচলপ্রতিষ্ঠ পরিপূর্ণ সমুজে নদনদী-বাহিত জল প্রবিষ্ট হইয়াই যেমন ভাহাতে লীন হইয়া যায়, সেইরূপ যাহার হৃদয়ে কামনাসকল প্রবিষ্ট হই য়াই নীন হয়, তিনিই শান্তি লাভ করেন। কামনাণীল ব্যক্তি উহা লাভ করিতে পারে না।

ষৌগিক অর্থ।— আর তখন সমস্ত কামনা তাহার মহৎ চরিতার্থতায় লীন হইছে থাকে; জগতের বৈষয়িক কামনাসকল তাহার হৃদয়কে আন্দোলিত করিতে সমর্থ হয় না। আপ্র্যামাণ সমুদ্রে নদনদী-প্রপাতের মত বিষয়সকল বাহির হুইতে আসিলেও কোথায় হৃদয়ের অন্তব্যলীন হইয়া যায়, তাহার সন্ধান পাওয়া যায় না।

মর জগতের এ সুখত্বংখ তরঙ্গ চঞ্চল ক্ষেত্রের অভ্যন্তরে পূর্ব্বোক্ত প্রকারে যিনি ৈ হ্বা লাভ করিতে সমর্থ হয়েন, তিনি পূর্ণবের দিকে অগ্রসর বুঝিতে হইবে। পূর্ণ অচল উদ্বেলনহীন অগাধ ভাবসমুদ্রে তিনি অহর্নিশ নিমজ্জিত। মায়ের শান্তি-ময় ক্রোড়ে তিনি বিরাম-স্বর্থে বিভোর। কামনাসকল উদ্বন্ধ হইতেছে কি না, **উহ। তাঁহার অমুভবে আদে না।** তাঁহার দৃষ্টি অন্তম্মুথ হইতে বহিমুবি ফিরি**ডে** চাহে না। ওাঁহার প্রাণ অক্স রসের আস্বাদন ভূলিয়া যায়। সে দেখে শুধু মা— সে বোঝে শুধু মা-- সে অনুভব করে শুধু মা আত্মা। মাতৃ-ভাবের উদ্দীপনায় সে অহর্নিশ পূর্ব। পরিপূর্ব হৃদয়ে তাহার প্রকৃতিসিদ্ধ অন্য কোন বাসনা কখন্ উঠিল, কখন মিলাইয়া গেল, সে তাহার সন্ধান রাথে না। এ মর জগতে তাহার বাবহার কিন্তপে, কি ভাবে প্রতিফলিত হইল, তাহার প্রাণ তাহা জানিতে ব্যস্ত থাকে না। সে আপনার অনন্ত জীবনের ছবি দেখে। সে আপনার নিতা অপরি-ণামী আত্মসতার উপর দিয়া লক্ষ লক্ষ জন্ম ধরিয়া কত অবস্থা—কত ঘটনা— কত পরিণাম চলিয়া গিয়াছে—কত ঘটনা পরিণাম চলিয়া যাইতেছে ও যাইবে, ভাহাই যেন বসিয়া বসিয়া দেখে ও তমধ্যেও আপনার নিতাত অমুভব করে। শুধু ইহ জন্মের সুথ ছু:খ বা অনস্থান্তরগুলি নহে, তাহার বহু বহু পূর্বজন্মের অবস্থাগুলিও সে মনে করে, যেন কডকগুলি চিত্রের মত তাহার নয়নসম্মুখ দিয়া চলিয়া ঘাইতেছে। সে দেখে, আপনি এক পূর্ণত্তম আয়তত্তে যুক্ত; সে দেখে, আপনি যুক্ত হইতে যুক্তর হইতেছে; সে আপনার সতা এক অনির্বাচনীয় আত্ম-সভায় মিলাইয়া গিয়াছে ধলিয়া অনুভব করে। আর স্থপ ছংশ, বালা যৌবন জরা, ৰশ্ম মৃত্যু ইতাাদিকে,পৰ্বতাঙ্গ স্পৰ্শ কৰিয়া যেমন মেৰণকল বহিয়া যায়, তেমনি ভাবে বহিয়া ঘাইতেছে বলিয়া অভূভব করে। শুধু তাহা নহে, অবস্থান্তর-স্বল যত এবাহিত হয়, ওতই আপনাকেই সেই সমস্কের আশ্রয়রূপে দেখিয়া ডারার

পূর্ণৰ অধিক হৃদয়ঙ্গম হইতে থাকে। সাধারণ মহুবা সুখ দুংখ, জুন্ম মৃথু আদি অবস্থার পরিবর্ত্তনে আপনাকেই পরিবর্তিত অবস্থান্তরিত বলিয়া অনুভব করে; কিন্তু উহাদের অবস্থা ঠিক বিপরীত। এবং তখন সমস্ত কার্মনা আত্মকামতে—আপ্তকামতে পর্যাবসিত হয়।

এইরপে ক্রমশ: তিনি আপুর্যামাণ হইতে থাকেন। তাঁহার নিজ অক্তিছ ইই ফ্রীবনের ক্ষুদ্র গণ্ডী ছাড়াইয়া, সপ্ত লোক ভেদ করিয়া, পঞ্ছুভাত্মক শৃষ্টি ভেদ করিয়া, ভূত ভবিয়াং বর্ত্তমান কালস্রোত ভেদ করিয়া বিস্তৃত হইয়া পড়ে। বিরাট্ মাতৃ-সভায়—যাহাতে কাল হইতে পুচনা করিয়া ক্ষুদ্র ধূলিটা অবধি অঙ্গমালাবং সংলিপ্ত, তাঁহাতে সে আপন সন্তা অনুভব করে। এক অপূর্বে শান্তির বেদন ক্রিড থাকে।

যুক্ত পুক্ষের প্রাণে যখন কোন কামনা জাগে, সে কামনা ভাহাকে অন্তমু খেই পরিচালিত করে। সাধারণ মন্তুয়্যের প্রাণে কামনা জাগিলে সে সেই কামনা পুরণের দিকে অগ্রসর হয় ও কাম্য দ্রব্য প্রাপ্তির উপায় সন্ধান করে। যুক্ত পুরুষের প্রাণে কামনা জাগিলে, ভিনি সেই কামনাকে মাতৃশক্তি বলিয়া অমুভব করেন: এবং মা কেমন করিয়া ভাঁহাকে আকর্ষণ করিতেছেন, সেই চিন্তাভেই বিভোর হইয়া পডেন। কামনা পুরণের জন্ম তাঁহার আর প্রাণে অভাব বোধ থাকে না। কামনাসকল এইরূপে তাঁহাকে সংকীর্ণ জাগতিক বস্তুর দিকে না ছুটাইয়া, অনস্তবিত্ত মাতৃমেহের দিকে ছুটাইয়া লইয়া যায় এবং শেষ্ আত্মতত্তে উপনীত করিয়া দেয়। আমরা যখন কোন বস্তুর ধ্যান বা কামনা করি, তখন আমাদিণের প্রাণশক্তি ভিতর হইতে ইন্দ্রিয়সকল অবলম্বন করিয়া বাইম্মুখে ছুটিতে থাকে। চকুকর্ণাদিরপ ইন্সিয়খারে আসিয়া প্রাণ যেন সেই বস্তুর জন্ম অপেক্ষা করে। অন্তঃপুর হইতে অন্তঃপুরচারিণী মহিলা যেন কোন প্রিয় বস্তু লাভের জ্ঞ বহিঃপ্রাঙ্গণের ছারে আদিয়া অপেকা করিতেছে, এইরূপ বোধ হয়। কিন্তু যুক্ত পুরুষের প্রাণে যথন কামনা জাগে, তিনি তখন আরও অন্ত:প্রবিষ্ট হইয়া পড়েন। তিনি বাহিরের সেই কাম্য বস্তকে টানিয়া লইয়া মাতৃ-সরিধানে উপস্থিত চয়েন ও সেই কামনাকে আত্মারই ভিন্ন মূর্ত্তি বলিয়া ধারণা করিয়া আনন্দে আত্মহারা হয়েন।

সাধক পুল অড় জগং হইতে সূক্ষাদপি সৃদ্ধ যাহা কিছু উপলব্ধির ছারা সন্ধান পার, তাহাই অন্নপূর্ণাধরণ বলিয়া পরিদর্শন করে। অন্নপূর্ণার ছারে মহেশরের মত সে জ্বীব তখন অমৃত ভিক্ষা লাভ করে। শিবছ—পূর্ণৰ তখন ক্রমশং জীবের লাভ হয়। চিরভিক্ষ্ক জীব বিষয় ভিক্ষায় চিরপ্টু। অনস্ত জীবন ধরিয়া মায়ের নিকট শব্দ স্পর্শাদি ভিক্ষা করিয়া আসিতেছে; এত দিনে সে ভিক্ষাদায়িনীকে মোক্ষদায়িনী বলিয়া চিনিতে পারে ও মোক্ষের প্রার্থী হয়। কৌশাস্তঃক্ষরিণী জননা তখন সে শিবস্বরূপ জীবের শিরে অভিমন্ত্রিত মোক্ষবারি অভিবেক করেন। জীব শিব হয়। আপন আত্মাকেই বিশাত্মা বলিয়া হৃদয়ক্ষম করে।

তাই মহেশ্ব ভিকুক। যতক্ষণ জীব জীবনাত্র, ততক্ষণ মা আমার বিষয়-স্বরূপিণা। যথন জাব—শিব, তখন সেই বিষয়রূপিণা মা মোক্ষদায়িনী অন্তর্ণা। উভয় অবস্থাতেই জীব ভিকুক, ইহা বেন মনে থাকে। অবস্থাতেই জাব পরিপূর্ণ হইবার জন্ম সচেষ্ট। জীব হটক বা শিব হউক, যভক্ষণ নামরূপ উপাধি থাকিবে, যভক্ষণ মাতৃ-অঙ্গ হইতে বিভিন্ন সত্তা ধারণায় আসি:ব, ততক্ষণ জীব ভিকুক। তাই ব্রান্মণ ভিকুক। জীবসংঘের ভিক্ষা-বাবস্থা দেখাইয়া ত্রাক্ষণ ভিকাবৃত্তি অবলম্বন করেন। জীব-জগতের আদর্শ হইবার জ্যাই ব্রাহ্মণ সমস্ত সম্পদ্ দূরে নিক্ষেপ করিয়া ভিক্ষাব্রতী **হয়েন**। সমস্ত জী সংঘের জন্ম বিরাট জ্যোতির্ময়ীর দারে "ধী" ভিক্ষা করিতে হইবে বলিয়া, সমস্ত জাবসংঘের প্রতিনিধিস্বরূপ হইয়া সে বিরাট রাজরাজেশ্বরীর ঘারে গিয়া অমৃতজ্যোতিঃ প্রতাহ ভিক্ষা করিতে হইবে বলিয়া, অস্ততঃ তিন বার করিয়া তাঁর হিরণায় পুরের দারে গায়গ্রী আকারে সমস্ত জীবের জন্ম অমৃত ভিকা করিতে হইবে বলিয়া তাই ব্রাহ্মণ, জগতে ভিক্ষাই আপনার জীবিকাস্বরূপ অবলম্বন করেন। ব্রাহ্মণ আপনার একার জন্ম ভিক্ষা করেন না—ব্রাহ্মণ একার মোক্ষের ধারা নাথায় লইরা মাতৃদারে উপস্থিত হয়েন না। **ভ্রাহ্মণ—সমষ্টির** জম্ম ভিক্ষক। ব্রাহ্মরোর মন্ত্রে তাই সমষ্টির জম্ম প্রার্থনাই পরিলক্ষিত। সে সাম্রাজ্ঞীর দ্বারে রীতিমত ভিক্ষুক হইতে না পারিলে যাইবার উপায় নাই; ভঙ বড় দানক্ষেত্র একটা ক্ষুত্র প্রার্থনা লইয়া ব্রাহ্মণ উপস্থিত হন না। **ভ্রাহ্মণ** যখন গায়ত্রী পাঠ করেন, তখন দেখেন, অনন্ত জীব তাঁহার পশ্চাতে তাঁহার সুখ চাহিয়া অপেক্ষা করিতেছে। অনস্ত জীব-সমুদ্র অকুল বিষয়-সমুদ্রের উত্তাল ভরঙ্গে দিশাহারা—শুর । বিষয়-সমূজের আবর্তে তাহারা যেন নাথহীন, কর্ণবার-হীন—ভরসাহীন – নিমগ্লায়, শুধু বাক্ষণের আশাস্বাণী তাহাদিগকে বলে,

"ভয় নাই—আমাদিগের নাথ আছেন, কর্ণধার আছেন, —আর্মরা **অনাথ নহি।**" সে অনস্ত কোটি জীব, বাহ্মণের সে বা ীতে বিস্মিত হইয়া আশা যেন ফিরিয়। পায়। বাহ্মণ মঙ্গলজ্যোতিতে স্নান করিয়া শিশির-স্নাত ভুঁল কুসুমের মত ছদয়ধানিতে সেই অনস্তকোটি জীবের জন্ম অমৃতের প্রার্থনা ভরিয়া মাতৃ-দ্বারে প্রার্থী হয়—ভিক্ষা লাভ করে। ব্রাহ্মণ উপনয়নের সময় এ ভিক্ষা আরম্ভ করে। সংকার-শুদ্ধ কলেবর, নবসংস্থারপৃত হৃদয়, মুণ্ডিত মন্তক, কাষায় বন্ত্র পরিধৃত, যজ্ঞ দূত্রশোভিত দণ্ডধারী বা দণ্ডী চইয়া, গায়ত্রীরূপ মহাভিক্ষাব মহামন্ত্রে দীক্ষিত হইয়া পুণা দৃষ্টিতে মাতৃ-মুখপানে চাহিয়া যখন বলে,—"ভবতি, ভিক্ষাং দেহি," দাও মা, ভিক্ষা দাও , সেই পবিত্র দৃশ্য দর্শনে চক্ষ্ অঞ্চপূর্ণ হয়—ছদয় উদ্বেলিত হয়। শিশু বিরাট্ বিশ্বজননীর সম্মুখে গিয়া যে প্রকারে মহাভিক্ষা প্রার্থনা করিবে, ভাগারই নিদর্শনম্বরূপ এই ভিক্ষা যেন স্ভৃতিত হয়। এই ভিকা মহাভিক্ষায় পরিণত হয়। ত্রাহ্মণের উপনয়ন-সংস্কার অন্ত কিছু নহে, অন্নপূর্ণেশ্বরীর ঘারে মংখারের মত গিয়া অমৃত ভিকার উদ্বোধন মাত্র। মা গো! ত্রাক্ষণের এ মহাভিক্ষা পূর্ণ কর ! পূণ্য ক্ষেত্রে—পুণ্য সময়ে. পুণ্য গুরুদলিধানে – পুণা জনক-জননীর তত্তাবধানে-পুণা ব্রাহ্মণ-শিশু মহাপুণা ভিক্ষা লাভ করিবার জন্ম স্বন্ধে ভিক্ষা-ঝুলি লইয়া ভিক্ষু-জীবনের এইবাপে প্রতিষ্ঠা করে।

বান্ধণ পূর্ণে এইরপে ছড়াইয়া পড়ে, ব্রাহ্মণ এইরপে পূর্ণতম হইয়া আরপূর্ণেশ্বরীর অঙ্গে মিলাইয়া যায়। সাধারণ জীবের বিষয়ের ছারে নিজ কুত্র
বিষয়ভাবরূপ কামনা প্রণের ভিক্ষার মত বাহ্মণের ভিক্ষা নহে। সাধারণ জীব
পঞ্চ তন্মান্তার ছারে ভিখারী, নিজ ইন্দ্রিয় চরিতার্থতার জন্য ভিক্ষ্ক। ব্রাহ্মণ
পঞ্চমুগুনিবাসিনী অন্নপূর্ণেশ্বরীর ছারে ভিক্ষ্ক—জীবসমন্তির জন্য ভিখারী, পূর্ণছের
জন্য পূর্ণের দ্বারস্থ। "ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ"—ইহাই ব্রাহ্মণের ভিক্ষা। ব্রাহ্মণ
বলে—"আমাদিগকে" ভিক্ষা দাও. "আমাকে" বলে না।

এইরপে ব্রাহ্মণের মত বা যুক্ত পুরুষের মত পূর্ণে সংযুক্ত হইলে তবে পূর্ণত্ব লাভ হইতে থাকে —তবে কামনারূপ কর্দিমে শিবলিঙ্গ নির্শিত হয়। তবে শান্তি-রূপ সার্থকতা লাভ হয়। তবে অচলপ্রতিষ্ঠ হইয়া জীব আপনার চিরত্তৈর্যা লাভ করে।

আমাদিনের শিরোদেশ হইতে গুগুদেশ অবধি শ্রেণীবদ্ধরূপে কতকগুলি চক্র বা প্রাণশক্তির কেন্দ্র আছে, তাহা পূর্বের বলিয়াছি। ইন্দ্রিয়-সকল বাহির হইতে বিষয় বহন করিয়া যখন ভিতরে লইয়া আইসে, আমাদিগের শক্তি সেই বিষয়সংক্ষারকে বহন করিয়া, চক্রে চক্রে আবর্ত্তি হইয়া, সর্ব্বাপেক্ষা স্থুল ও নিম্ন চক্রে
মূলাধার অবধি প্রবাহিত হয়, যেন মূলাধার চক্রে গিয়া সেই শক্তি সঞ্চিত হইতে
থাকে। যেমন পর্বতপৃষ্ঠে বারি র্যন হইলে পর্বতাঙ্গন্থ ছিদ্রাদি প্রণালী দিয়া
সে জল পর্বতির অভ্যন্তরে তলদেশে গিয়া সঞ্চিত হয়, তক্রপে আমাদিগের শক্তি,
বিষয়সকল হইতে নৃতন শক্তি লাভ ক্রিয়া, উহাকে মূলাধারে বহন করিয়া লইয়া
যায়। তখন সেই শক্তিপ্রবাহ নিমন্থী বলিয়া চক্রেওলিও নিম্নমূখে অবদান করে।
এইরপ্রে বিষয়োদ্দা শক্তি মূলাধারে বহুল পরিনাণে সঞ্চিত হইতে থাকে।
অক্সান্থ উপরিস্থ চক্রেগুলির অন্তির তখন ব্রিতে পারা যায় না। ইহাই সাধারণ
মন্ত্র্যের অবস্থা। মূলাধারচক্রে যখন পরিপূর্ণ হইয়া পড়ে, প্রাঞ্তিক নিয়মে
তখন সে জীবের কামনাসকল হ্রাস হইতে থাকে; এবং সেই জন্ম উপর হইডে
নিম্নুখে প্রবাহিত শক্তিপ্রবাহ্ মন্দা ভূত হইয়া যায়।

যাহা হউক, মূলাধারের পুঞ্জাভূত শক্তি তথন ঐ উক্ত শক্তিপ্রবাহের দানা সকাপিত হইতে থাকে ও বহিগত হইবার পথ পাইলে দেই পথে উঠিতে আরম্ভ করে। যেমন পর্বতের তলদেশে পর্বতপৃষ্ঠ হইতে জল সঞ্চিত হইয়া, ভাহা অস্থান্য প্রণালী দিয়া প্রস্রবনের আকারে উঠিতে থাকে, উক্ত শক্তিও তক্ষেপ উঠিতে থাকে; এবং উহার উত্তেজনার চক্রসকল উর্ন্নমূখী হইতে থাকে। তথন জীবের চক্রসকল উর্ন্নমুখী হয় বলিয়া ভাহার কামনা সকলও উচ্চাংশের ও ভেদশক্তিসম্পন হয়। তথন ভাহার কামনা বিষয়ে আবদ্ধ না থাকিয়া বিষয়ের অক্তঞ্জল অবধি প্রবাহিত হয়। এই অবস্থার জীবকেই আমরা জগতে প্রতিভাসম্পন বলিয়া পরিদর্শন করে। এই উদ্ধিশ্রোত আরও প্রবল ইইলে কামনাসকল আরও তীক্ষভেদী হয়। এবং বিষয়ের অভ্যন্তবন্ধ মূল মাত্সন্তার অনুধানন করে—বিষয়ে বিষয়ের মাকে অন্নেমণ করে। বিষয়ের বিষয়েই ভাহার আকাক্রা আবদ্ধ থাকে না। এই অবস্থার জীব যোগি-পদবাচ্য।

কেই হয় ত মনে করিতে পারেন, কামনাজাত শক্তি নিমুম্থে প্রবাহিত হইয়া ও মূলাধারে শক্তি সঞ্চিত হইয়া যখন প্রপ্রবাকারে উদ্ধূমুখী হয়, তখন উচ্ছ্ভালভাবে যথেচ্ছা কামনা দ্বারা পরিচালিত হওয়াই ত স্থ্বিধাজনক। যত
কামনা দ্বারা প্রপীড়িত হইব, বিষয়-কামনা যত পরিব্দিত করিব, ততই মূলাধারে শক্তি সঞ্চিত হইবে। এবং ততই মূলাধার'ই সে শক্তি উক্ত কামনার

সন্ধানে উদ্ধান্ত প্রবাহিত হইবে ? বস্ততঃ তাহ। নহে ; কামনা, অপরিমেয়র্রপে মতঃই আমাদিগের মনোময় ক্ষেত্রে প্রবাহিত। উদ্ধাহইতে নিয়ে মূলাধারে কামনা-সঞ্জাত শক্তি প্রবাহিত হইবার ত্ইটা মাত্র প্রণালী বা পথ আছে। সে প্রণালীতে উক্ত শক্তি অতি স্ক্র ধারায় প্রবেশ করে। কেন না, সে প্রণালীর রদ্ধু অতি স্ক্র। যেমন কোন সন্ধীর্ণমুখ আধারে বারি প্রবিষ্ট করিতে স্ক্রম ধারায় জল ঢালিতে হয়, বেগে ও স্থুল ধারায় যতই ঢালা যাউক না কেন, উহা যেমন আধারে প্রবিষ্ট না হইয়া বাহিরে পাড়ে, তদ্রেপ কামনার মাত্রা অতিরিক্ত হইলে উহা বাহিরে ক্রিত হয়, সে প্রণালী দিয়া সূক্র ধারায় সামাত্য মাত্র প্রবিষ্ট হইতে থাকে। অবশিষ্ট সমস্তই বাহিরে ছ্টিয়া আগে এবং কর্মেন্দ্রিয় অবলম্বনে প্রবাহিত হইয়া আমার্দিগকে কার্যো নিয়ক্ত করিয়া ফেলে। কার্য্যের আকারে আমানের সে শক্তি ব্যয়িত হইয়া যায়; স্কুওরাং কামনা অপরিমিত বিদ্ধিত হইলে উহা মূলাধারে শক্তি সঞ্চয়ের পক্ষে অস্থ্যিধাই করিয়া থাকে।

যাহা হউক, আমরা এই বুঝিলাম যে, ম্লাধারস্থ ঐ শক্তি উদ্ধান্থ উদোধিত হইতে স্চিত হইলে তবে জীব ভগবন্মুখা হইওে থাকে। স্তরাং যদি আমরা মাতৃক্পায় কৌশলাদি অবলম্বন করিয়া উক্ত শক্তিকে উদ্ধান্থী করিতে পারি, অথবা যদি মাতৃ-অনুমহে মাতৃমুখে যাইবার জন্ম কাননা ফিরাইতে সচেষ্ট হই, ভাহা হইলে উক্ত শক্তি বেগে উদ্ধান্থী হইতে পারে ও আমাদের জীবনকে ধর্মমুখী করিয়া তুলিতে পারে। এইরূপে মূলাধারস্থ শক্তির উদ্ধাতি হইতে আমাদিগের জীবনের মাতৃমুখী গতিলাভ এবং মাতৃমুখী কাননার গতি হইতে মূলাধারস্থ শক্তির উদ্ধাতির পরিবর্দ্ধন, এইরূপে পরস্পর সাহায্যকারী সম্বন্ধ স্থাপিত হইতে পারে। এবং ক্রেমশঃ উদ্ধাতিতে আমাদের স্থেম্মা-পথ পরিপূর্ণ করিয়া, আমাদিগের চক্রসকলকে উদ্ধান্থী রাখিয়া, কামনাসকল পরিভাগে করিয়া, আমাদিগের চক্রসকলকে উদ্ধান্থী রাখিয়া, কামনাসকল পরিভাগে করিয়া, আমাদিগের চক্রসকলকে উদ্ধান্থী রাখিয়া, কামনাসকলকে একমাক্র শক্তিপ্রবাহরূপে পরিণত করিয়া লইয়া শান্তি লাভ করিতে পারি। কামনার কামনাত্ব দ্র হইয়া গিয়া, উহা আমার পরিপূরণকারী শক্তিরূপে পরিণত হইতে পারে।

উক্তরপে কামনা-সকল স্ব্যা-পথে প্রবেশ করিলে থবে জীবের শান্তি আসে; যত্কণ তাহা না হয়, তৎকণ শান্তির আশা নাই। স্ব্যা-পথের ছিল অণু অপেক্ষা কুল হইলেও ছাহার অভ্যন্তরম্ব অমুভূতি সমুদ্র বা আকাশ অপেক্ষাওঁ বিস্তৃত। সে বিস্তৃতির পরিসীমা পাওয়া যায় না; এবং উক্ত কামনাস্থাত শক্তিস্রোত উচাতে প্রবিষ্ট হইয়া, উহাকে চক্তি বা সংক্ষ্ম করিতে পারে নাঁ, সমুদ্রে নদীপ্রবাধের মত লীন হইয়া যায়।

বিহায় কামান্ যঃ সর্কান্ পুমাংশ্চরতি নিস্পৃহ:।
নিম'মো নিঃহস্কারঃ স শাক্তিস্থিগচ্ছতি ॥৭১

যঃ পুমান্ সর্কান্ কামান্ বিহায় নিস্পৃহঃ নির্দামঃ নির্হঙ্ক।রঃ সন্) চর্তি (বিষয়েসু), সঃ শান্তিং অধিগচ্ছতি।

ব্যবহারিক অর্থ।—যে পুরুষ সমস্ত কাননা পরিহার করিয়া, নিস্পৃহ নিরহ-স্কার ও মমতাশৃত্য হইয়া বিষয়-সকল ভোগ করেন, তিনিই শান্তি লাভ করেন।

যৌগিক অর্থ।—আমি পূর্নের বলিয়াছি যে, বাহির হইতে কাম বা কামনা-শক্তি একটা সূক্ষ প্রণালী অবহরন করিয়া মূলাধারে ধাবিত হয় এবং যতটুকু সম্ভব, সে চক্রে সঞ্চিত হইয়া, অঞ্চ মুখে উহা উপৰ দিকে উঠিতে থাকে এবং তাহার দ্বারাই আমাদিগের বহিরিঞ্জিয়-সকল পরিচালিত হয়। ঠিক মূলাধারের উপরে স্ব্যা নামক সৃশা ছিদ্বিশিষ্ট আর একটি সরল পথ থাকে, মূলাধার পরিপূর্ণ হইলে তবে সে ছিজ-পথে মে শক্তি উঠিবার অবসর পায়। নতুবা সে শক্তিপ্রবাহ এক দিক্ দিয়া প্রবিঃ হইয়া, অএ দিক্। দয়া বহিমুথে চলিয়া যায়। এইরূপে আমাদিপের মূলাধার চক্রকে ভাসাইয়া ভৌগলনিত শক্তি অহর্নিশ চক্রোকারে আমাদিগের প্রযুগ-পথকে বেওন করিয়া চলিয়া যাইতেছে। মূলাধারগহ্বরস্থ সঞ্চিত শক্তি উদ্বেলিত ২ইয়া মধ্যস্থ হ্যুয়া-পথে উঠিবার অবসর কোশলবিশেষ অবলম্বন করিলে এই শক্তিপ্রবাহকে স্থাগত পাইতেছে না। করিয়া, মূলাধার চক্রকৈ ভাসাহয়া দেওয়া যায়, এবং তখন সে শক্তি সুষুমাপথে অনায়াসে উঠিতে পারে। সে উপায়, যে কেন্দ্র দিয়া বাহির হইতে এই শক্তি প্রবিষ্ট হইতেছে, এবং সূলাধারে প্রভ্যাবর্তন করিয়া, পুনরার বহিমুখে গিয়া আবার ফিরিয়া নিষমুখে আসিতেছে, সেই কেন্দ্রমুখে প্রতিরোধ স্থাপন করা।

মন সেই কেন্দ্র, মনের স্থান ললাট। বুদ্ধিযোগের দ্বারা অথবা পূর্বকথিত উপায়ে ভগবানে যুক্ত হইয়া থাকিলে, এ কেন্দ্রের সঙ্কোচনাক্রয়া রোধ হইয়া যায়; স্থতরাং শক্তির এই আবর্ত্তন স্তর্ক হয়। তথন মূলাধারে শক্তিপ্রবাহ

প্রবেশও করে না, এবং বহিগ্রতও হইয়া যায় না। এইরূপে উক্ত কামনাশক্তি-প্রবাহ বৃদ্ধিক ছারা বৃদ্ধিতেই স্কুত্ত থাকিয়া শুর হইলে, তখন'দে 'শক্তি আপনার সঞ্চাপে 'স্নত্নাপথে বেগে উঠিতে থাকে। তখন পুরুষ সংসারে মমতাশৃত্য, আত্মাতে অহস্কারশৃত্য এবং সমস্ত বিষয়ে স্পৃহাশৃত্য ইইয়া জগতে বিচরণ করেন। আত্মাতেই সমস্ত, এই বুদ্ধি প্রবৃদ্ধ হইলে বিষয় সকল ভোগ করিয়াও তিনি অমুত-মাত্র প্রাপ্ত হন। ৫খন জড় জগৎকে যেন চৈতক্তমাজিবিশিষ্ট বলিয়া বোধ হয় — চৈতক্ষময় জ্বাৎকে যেন স্তব্ধ যোগযুক্ত বলিয়া বিৰেচিত হয়। তখন আকাশ যেন তাঁহাঃই শিরে ছত্র ধারণ করিয়াছে বলিয়া বোধ হয়—তখন গ্রহমণ্ডল যেন তাঁথাকেই প্রদক্ষিণ করিতেছে বলিয়া বিবেচিত হয়—তথন জলধির উত্তাল উর্ণ্মি-মালা যেন তাঁহারই চরণ পুরশের জন্ম উল্লসিত হইতেছে বলিয়া প্রতীয়মান হয়। তখন বায়ু তাঁহারই জন্ম প্রবাহিত—তখন পাদপরাজি তাঁহারই জন্ম কুমুমিত —তখন জীবসমষ্টির সমস্ত মায়া তাঁহাকেই আলিঙ্গন করিবার জন্ম ধাবিত-তখন তাঁহার নিজের দেহ নিজের বোধে থাকে না। তাঁহার নিজের সত্তাকে মনে হয়, যেন কোন দ্বৈতবিহীন সন্তাবোধের স্নেহ-পাশের আলিঙ্গন—যেন স্নেহভরে সে নিজেকেই আলিঙ্কন করিয়া রহিয়াছে। অর্থাৎ সে তখন মায়ের শাস্তি অভি-ষেচনে রাজরাজেখরের পদে অভিষিক্ত হয়।

> এষা ত্রাহ্মী স্থিতিঃ পার্থ নৈনাং প্রাপ্য বিমূহ্ছি। স্থিত্বাস্যামস্ককালেহপি ত্রহ্মনির্কাণমূচ্ছতি॥ ৭২

এষা আক্ষী স্থিতিং, হে পার্থ। এনাং ধিতিং প্রাপ্য ন বিমুহাতি, স্থিয়াস্থাং অস্তবালেহপি অক্ষনির্বাণং এক্ষণি লয়মূচ্ছতি।

ব্যবহারিক অর্থ।—ইহার নাম প্রাক্ষী স্থিতি। ইহা পাইলে আর জীবকে বিমুগ্ধ হইতে হয় না; এবং অস্তকাল পর্যান্ত অবস্থান ক্ররিতে পারিলে এক্ষে লীন হইতে পারা যায়।

যৌগিক অর্থ।—পূর্বে অর্জুন যে তিনটি প্রশ্ন করিয়াছিলেন, তাহার মধ্যে একটি প্রশ্ন ছিল, স্থিতপ্রজ্ঞ পুরুষ কিরপে বিচরণ করেন। সেই প্রশ্নের উত্তর পূর্বশ্লোকে পরিসমাপ্ত হইল।

স্থুলত: আমরা এই সাংখ্যযোগ নামক দ্বিতীয় অধ্যায় আলোচনা করিয়া ভগবানের এই উপদেশ লাভ করিলাম, মরলোক নামক এই ব্রহ্মক্ষেত্রে মা আমার জীবাস্থা ও প্রকৃতি, ছই রূপে প্রতীয়মানা হয়েন। ইহা এই লোকের কুল-ধর্ম। একটি পরিণামযুক্ত, জন্মযুত্যযুক্ত, ব্যক্তাবাক্তময় পরিবং অক্ষটি অপরিণামী, জন্মযুত্য-রহিত, নিত্য, নিজবোধরূপ। এই নিতা-প্রতিষ্ঠিত আস্মতা সাধারণকে বিনা তর্কে, বিনা বিচারে, প্রগাঢ় বিশ্বাসের সহিত প্রথমে শীকার করিয়া লইতে হইবে। তার পর প্রত্যেক পরিণামশাল বস্তু বা বিষয়ের মধ্যে সেই নিত্য অপরিণামী সত্তাটি বুজিযোগের দ্বারা অবধারণ করিতে হইবে। এইরূপ ধারণা করিতে করিতে ক্রমশঃ সাধকের চক্ষু হইতে পরিণামযুক্ত জ্বাৎ লুপ্ত হইয়া যাইবে, এক অপরিণামী বোধরূপ অন্তিহের আভাস প্রতিভাসিত হইবে। প্রথমে ইহা সামাত্য কল্পনামাত্র বলিয়া বিবেচিত হইলেও সাধক পরে দেখিবে এই ক্রেনাই মহাসত্য। পরে দেখিবে, এই ক্রেম-সত্তাই অনস্ত জগৎসত্তারূপে প্রকাশ পান ও স্বাধীন স্পন্তিস্থিতিলয়াত্মক লীলাবিলাস সত্য সত্যই এই বোধ-রূপ মহিমাতেই রচিত হয়়। জগতে অনিত্য বলিয়া, অসং বলিয়া কিছু নাই তারপর এই বোধরূপ মহিমা আত্মারই মহিমা বলিয়া জানা যায় ও ব্রক্ষবাধ প্রকাশ পায়। মহামঙ্গলের মহাক্ত্রণে জগৎ প্রকৃরিত। সাধক সেই মঙ্গল-সমুজে মঙ্গন্ধান করিয়া মহামঙ্গলময় ব্রাহ্মী স্থিতি লাভ করে।

কলনাময়ী মা আমার কল্পনার সাহায্যে সাধকের হৃদয়ে এইরপে প্রতিকলিতা হয়েন। কারণ, কল্পনা বলিয়া কিছুই নাই, কল্পনাও মহাসত্য,—মহাসতাই কল্পনা আকারে প্রতিভাত হয়। কল্পনাময়ী মা আমার, কল্পনায় আমাদিগকে নাচাইয়া নাচাইয়া, পুত্রকে যেমন জননী স্বীয় স্বেহ বেশে আদর করেন, তেমনি ভাবে বক্ষে টানিয়া লইয়া মুধ্চ্মন করেন। তাহারই স্বেহক্লান্তির ঘর্মা সাধকের চক্ষে পড়িয়া অঞ্জলরপে প্রবাহিত হয়। তাঁহারই আলিঙ্গনের স্পান্দন সাধকের দেহে কম্পন আকারে পরিলক্ষিত হয়—তাঁহারই সাদর আহ্বানের প্রত্যুত্তরে সাধকের মুখে মাতৃনাম উচ্চারিত হয়।

বক্ষময়ী মায়ের অঙ্কে এই অবস্থিতি লাভ করিলে, বুদ্ধিযোগের অফুণ্ঠান দারা বক্ষে যুক্ত হইতে অভ্যাস করিয়া যুক্ত অবস্থায় অবস্থান করা অভ্যস্ত হইলে, সেরপ ভাগ্যবান্ সন্তানকে আর মোহগ্রস্ত হইতে হয় না। সে সন্ধাসীই হউক অথবা গৃহীই হউক, তাহাকে বিমৃত্ ভাব আর পাইতে হইবে না। কোন কোন টীকাকার এই বাক্ষী স্থিতিকে সন্ধাসের লক্ষণ মাত্র বলিয়াছেন, গৃহীর এ বাক্ষী স্থিতি হওয়া তুরহ। গৃহীর বিমৃত্ হইবার অধিক সন্তাবনা বলিয়া মত

প্রকাশ করিয়াছেন ও সন্নাদেরই প্রকৃষ্টতা দেখাইতে প্রয়াস পাইরাছেন।
গীতার টাক্ট্র করিতে বসিয়া এরূপ সাম্প্রদায়িক ভাব বস্তুতই হাস্তকর।
ব্রাক্ষী স্থিতিই সন্ন্যাস সত্য— কিন্তু কর্ম্মসন্তাস , গৃহী বা গৃহত্যাগ্নী আদি জাগতিক
অবস্থা ইহার তারতম্য ঘটাইতে পারে না। কাহারও গৃহী অবস্থাতেই ঘটে,
কাহারও গৃহত্যাগ না করিলে ঘটে না। উক্ত অবস্থান্থরের কোনটির প্রকর্মতা
দেখান এ প্লোকের উদ্দেশ্য নহে। গৃহস্থের ধনাদির দারা বিমৃদ্ধ হইবার যেরূপ
আশঙ্কা আছে, সন্ত্যাসীরও ত্যাগের দারা বিমৃদ্ হইবার আশঙ্কা ভদ্রেপ প্রবল ।
এ কথা আমি পূর্ব্বে বলিয়াছি। আবার গৃহীও ত্যাগ ত্যাগ করিয়া বিমৃদ্
হুইতে পারে, সন্ত্যাসীও বিষয়াদির জন্য বিস্চৃ ইইতে পারে। বস্তুত: অন্তরের
জ্ঞানকর্মসমন্থররূপ কর্মসন্ত্যাসই এ ব্যান্ধী স্থিতি।

অথবা এ সন্ন্যাসই গৃহধর্ম। সূল জগতের সূল বিষয়সকল সাধারণ জীবকে যেমন বিমুগ্ধ করে, সূল্ম জগতের স্থ্যা বিষয়ে তঞ্জপ যোগী আপনার গৃহ রচনা করে। ভগবানকে লইয়া যোগী—সংসারী হয়। পুত্র-দারাদির সহবাদ যেমন জাবকে তাহাতে আবদ্ধ করিয়া রাখে, ভগবংসহবাসও তক্ষপ যোগীকে আবদ্ধ করে। তবে পূর্বের আবদ্ধ অবহাটা ক্ষুদ্র সীমার মধ্যে কল্লিত হয়, দ্বিতীয়টি অনস্তে-মূক্তে; স্কৃতরাং ইহা বদ্ধন নহে, এবং সেই জন্ম ইহা জাগতিক সীমাবদ্ধ পদার্থে মূঢ়তা আনিতে পারে না। উপনিষদে গৃহস্থা- শ্রমীর ব্রাক্ষী স্থিতির কথা পুনঃ পুনঃ বলা আছে।

যাহা হউক, এইরূপ অবতার অভ্যন্ত হইলে, ব্রহ্মনিষ্ঠায় দ্রীব এইরূপ কৃতনিশ্চয় হইলে —বৃদ্ধিযোগের দ্বারা দ্রাব এইরূপে মায়ে যুক্ত হইতে শিক্ষা করিলে, দেহ ত্যাগের সময় উক্ত অবস্থায় অবস্থান করিয়া দ্রীব, ব্রহ্মে লীন হইতে সক্ষম হয়। বৃদ্ধিযোগের দ্বারা মায়ে আমর। যুক্ত হইতে অভ্যাস করিয়া আমরা যে কৃতকার্য্যতা লাভ করি, অন্তকালে তাঁহাতে, দেইরূপ যুক্ত থাকিতে পারাই তাহার সার্থকতা। অভিনেত্রীরা বহু দিন ধরিয়া অভিনয়ের অভ্যাস করিয়া যে কৃতকার্যতা লাভ করে, রঙ্গমঞ্চে সে অভিনয় প্রদর্শনের সময়ই যেমন তাহার সার্থকতা, ইয়ও তত্রপ। সমস্ত জীবনব্যাপী বৃদ্ধিযোগে অবস্থান, অভিনয়ের অভ্যাসমাত্র। মৃয়ুর মহামুহূর্ত্তই এই অভিনয় প্রদর্শনের কাল। যতই অভ্যাস করিয়া থাকি না কেন, যদি ঐ মূহূর্ত্তে এই সার্থকতা দেখাইতে না পারি, তবে আমার সমস্তই রথা। সেই মহাজীবন-মরণের সঙ্গমন্থলে যদি আমার অভ্যন্ত

অভিনয় শ্রাক্রণে প্রদর্শন করিতে পারি, ডবেই মুজিরপু-মহাপুক্ষকারের অধিকারী হট্ব।

আমরা জীবনকাল বাালিয়া এই সংসারে থাকিয়া যত কিছু সংশারের বেশা আমাদিগের চিন্তকেত্রে অন্ধিত করি, সেগুলির মধ্যে যেটা অধিকতর গভীর ও স্পাইভাবে অন্ধিত, মৃত্যুর অবাবহিত পূর্বে শুধু সেটা সমধিক কার্য্যকারী থাকে। মৃত্যুদমরে স্থল হইতে আমাদিগের সূক্ষতম কোবদকলে যত আমরা প্রবেশ করিতে থাকি, ততই অজ্ঞানতা আসিয়া আমাদিগের সংস্থারের সে খাদওলিকে নাময়িক ভাবে সুবাইয়া দেয়। শুধু যেটা সর্বাপেকা প্রবল থাদ, শেষ মুহুর্ত্ত পর্যান্ত গভীরতাবশতঃ উহাই জাগিয়া থাকে, এবং উহাই আমানিগের পর্যুক্ত পর্যান্ত গভীরতাবশতঃ উহাই জাগিয়া থাকে, এবং উহাই আমানিগের পর্যুক্ত জাবনের গতি নিয়ন্ত্রিত করে। স্কুতরাং যদি আমরা জাবিতকালে ভগবদারাধনায় প্রথমিত্রায় অভান্ত হই, তাহা হইলে শেষ মুহুর্ত্ত সমন্ত চিন্তা আমার ক্ষম্বক্ষেত্র ভইতে মুছিয়া যাইবে, একমাত্র তাঁহার চিন্তায় প্রাণ ক্ষ্ত্রিত ইইতে থাকিবে। তাঁহারই মোহন ছবি প্রাণের ভিত্তর আলো করিয়া আমার সে নিরাশ্রয় অবস্থায় আশ্রয় দিবে, আমায় তাঁহার স্লেহ-অক্ষে মিলাইয়া লইবে।

অন্তকালে এক মুহূর্ত ত্রন্ধবোধে অবস্থান করিতে পারিলে ত্রন্ধনির্বাণ লাভ হইতে পারে, দারা জাবন ব্যাপিয়া যে থাকিতে পারে, ভাহার ও কথাই নাই, অনেকে এই শ্লোকে এইরূপ ইন্ধিত করেন সভ্য, কিন্ত ইহা দ্বির সভারূপে জানা উচিত যে, অন্তকালে সেই এক মুহূর্ত থাকা সমস্ত জীবনব্যাপী অভ্যাসেরই ফল-করেণ। জীবনে অভ্যাস করিলাম না, কোটি কোটি মুহূর্ত্ব্যাপী জীবন লাইয়া ভাহার দিকে একবার ফিরিয়া চাহিলাম না, পূর্ব চেত্তনাযুক্ত সমস্ত জীবনটি ভাবদ্ভাবের রেথামাত্রে অন্তিত হইল না, আর মৃত্যুকালীন সেই অজ্ঞানাচ্ছর মুহূর্ত্তে তিনি চিত্তক্ষেত্রে আসিয়া বিরাজ করিবেন, এ আশা ত্রাশা নাত্র।

মহেশর বিষ্ণুব মোহিনী মৃতি দেখিয়া বিমুগ্ধ হইয়া, তাঁহাকে লাভ করিবার জ্বাদ্ধ বেমন কাডর হইয় ছিলেন, জীব—ভূমিও মায়ের আমার এইরূপ মোহিনী মৃতি দেখিয়া কাভর হইতেছ। মা আদিয়া মহেশরকে দে মে হিনী মৃতির, বঙ্গার্থ পরিচয় দিয়া মহেশরের হৃদয়ে শান্তি ঢালিয়া দিয়াহিলেন, মা আদিয়া ভোষার ও আকাজ্ঞা-উদ্বেলিত প্রাণে শান্তিবারি সেচন করিবেন, ভূমি শিক্তরূপে ভাঁহার শ্রণাগত হও। জানিও, তাঁহার নিকট শিশ্বহ স্বীকার না করিলে ভোমার হৃদ্দের বিষাদ দ্রীভূত হইবে না; ভূমি এ পরিণামযুক্ত অনিভারণে পরিদৃষ্ট বিষয়ের

্তিকা নিতের, শ্রাম পাইবে না। স্থানি ভোষার অধ্যের অক্সার,পৃত্ব ক্ষিত্রার জন্ত, ভোষার প্রাণের অব্যান মুহাইবার জন্ত ভারার পরণাবভূ হও-ক্ষীহার শিক্তর গ্রহণ কর। তিনি ইন্টামায় ভালী হিডি প্রদান করিবেন।

জানিও না, কেনন করিয়া টাইার শরণাগত হইবে। সাংখ্যবোগে অধু ভোষার এই আজিল্ব কবিনার মাত উপবাদ এই ুষ্ট্রিবোগের নাবছা করিয়াহছন। মেবানে ইছো—বেমন করিয়া ইছো, যে পদার্থে ইছো, ভূমি নিতাসভা কলনা করিয়া লইয়া, ভাহাতেই ভোমার গুল অবস্থিত ভাবিরা, ভূমি গৈইবানে ভোষার অন্যায়র প্রার্থনা ভাল। যোগী আপনার দৈহের অভ্যন্তরে যেমন আপনার আলার মহসভান করেন, ভূমি বর্ষী ইইবে। ভূমিও উছিছে লাগন আ্লাডেই পাইবে।

শ্রন, তৃত্রি উইরে সহিত্ত সম্বন্ধ স্থাপন কর। উহিত্তে তৃতিরা থাকিয়া, উইরের ক্রেরিড আলক্ষ-সংস্থাপে মন্ত থাকিয়া ভাইতেক তৃত্রিল লা। তৃত্রি ভাইতে গ্রাহারে করিছে আলক্ষ-সংস্থাপে মন্ত থাকিয়া ভাইতেক তৃত্রিল লা। তৃত্রি ক্রেরালিকে সর্বন্ধা সম্বাদ্ধ রাখ। তৃত্রি দিবাভাগে কাল করিতে করিছে মুখ কিরাইয়া চাহিয়া দেখ, তিনি ভোমার সম্মূদ্ধ উর্জনিকে চাহিয়া দেখ, জোমার ক্রান্তিবিশিষ্ট বন্ধন্যগুল দেখিয়া ভাইরে চক্রে আল করিছেছে কি না। তৃত্রি ক্রিলাকে স্থানে আলিয়া অংবরণ কর, তিনি স্থানে ভোমার স্থানে জালিয়া ক্রেরাছেল কি না। তৃত্রি জোলার ক্রেরাছেল কি না। তৃত্রি ভোলনে আলগার সম্মূদ্ধ পাইকে একবার চারি ক্রেরাছেল কি না। তৃত্রি ভোলনে আলগার সম্মূদ্ধ পাইকে একবার চারি ক্রিরা দেখিও, জিনি ভোমার ক্র্যানিয়তি দেখিয়া লেহানকে ম্যা ইইডেকেন ক্রিনা ইরাই বৃদ্ধিয়ালাগে তৃক্ত পুরুষের বাহিন্ত গক্রণ। তৃত্রি জ্যোত্র পাইকেন।

আৰা গুলা বজিয়া উচ্চান চন্ত্ৰণে পজিয়া কাঁদি—ক্লান, ক্লিছাপ-বিশ্বক বনিয়া বখন আপনাকে কল্পনা কৰিছেছি, তখন সে তাপ নিবাৰণ কলিছে ক্লেছ-বারিন অন্ধ ভারার দিকে সভ্জ নৱনে তাহি। আমানের সমন্ত ইমুণা ব্রীভূত হইবে। আমনা ভারার অকে বান্ধা হিছি লাভ করিব। আমনা অর্জুনের মত গুলাভ করিব। আমনা আর্জুনের মত গুলাভ করিব। আমনা পার্বাদের ভিত্তর অপরিবাদের সন্তান পাইয়া শান্তিবাভ করিব। তিনি আন্ধানণে অনুধে প্রকাশ ভইরা, বিশ্বরন্ধান্ত আন্ধান্ত করিব। আমানিবংক অনুধানি ভিত্তিত ক্লিছির করিবেন।

माराज्ञानाक्षिताति जामारमद निरुत पर्विक हर्षेका।

वेजिः विकासक्षित्रस्याद्वा सीरकारवाच सीरकाः विकास व्यक्तातः स्वतः